উপনিষদাবলী।

মূল, অন্বয়, টিপ্পনী ও ভগবৎপূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করা-
চার্য্যকৃত ভাষ্যানুযায়ী অনুবাদসহিত।

ষোড়শ খণ্ড।

(বৃহদারণ্যক)

শ্রীহরিপদ চট্টোপাধ্যায়-সম্পাদিত

বঙ্গীয়-ব্রাহ্মণসভা-বিদ্যালয়াধ্যাপক—
কাব্য-ব্যাকরণ স্মৃতি সাংখ্য-বেদান্ততীর্থোপাধিক—
পণ্ডিত শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সিদ্ধান্তশাস্ত্রি-
কর্তৃক সংশোধিত।

১২নং হরীতকীবাগান, শাস্ত্রপ্রকাশ-কার্য্যালয়
হইতে সম্পাদক-কর্তৃক প্রকাশিত।

অনুবাদক
পণ্ডিত শ্রীযুক্ত যাদবচন্দ্র সাংখ্যতীর্থ।

১৩৩০।

উপসংহার।

জয় ব্রহ্ম সনাতন! তোমার অপার করুণায় চারিবৎসরব্যাপী কঠোর পরিশ্রমের পর অদ্য আমরা আমাদের সংকল্পিত ব্রত পরিসমাপ্ত করিতে সমর্থ হইলাম। এই "ইচ্ছাপূর্ণ" আমাদের নহে, হে ইচ্ছাময়! তোমারই ইচ্ছা পূর্ণ হইয়াছে। সুতরাং আমরা প্রতিমুহূর্ত্তে তোমার অক্ষুণ্ণ-সত্যজয়-ঘোষণা করি।

ব্রহ্মবিদ্যাত্মক উপনিষদ্গ্রন্থ আকারে ও অর্থগুরুত্বে অপরাপর শাস্ত্রগ্রন্থাপেক্ষা অতিশয় মহান্! সুতরাং ইহার অনুবাদাদি প্রণয়নে ও মুদ্রণাদিকার্য্যে কিঞ্চিৎকাল বিলম্ব হইয়াছে। তজ্জন্য অনেকেই ধারণা করিয়াছিলেন যে, ইহাও অন্যান্য গ্রন্থ প্রকাশকের উপনিষৎপ্রকাশের ন্যায় অসম্পূর্ণ থাকিয়া যাইবে। তাহাতে তৎকালীন তাঁহাদের বিশেষ সহানুভূতি লাভ করিতে পারি নাই। এক্ষণে সেই সহানুভূতিলাভের যথেষ্ট আশা করি। এই সম্পূর্ণ উপনিষদাবলীর প্রচার—বাংলায় সর্ব্ব প্রথম। সুতরাং ইহা সমুদায় শিক্ষিত বাঙ্গালীমাত্রেরই আদরের বস্তু। যাঁহাদের প্রিয় বস্তু, তাঁহারা সাদরে গ্রহণ করিলে আমরা আমাদের

সমুদায় অর্থব্যয় ও সকল পরিশ্রম সফল বোধ করিব। এই জটিল গ্রন্থাবলীর প্রথম প্রকাশে নানাবিধ ভ্রম-ত্রুটী থাকা অসম্ভব নহে। সহৃদয় পাঠকগণ তাহা মার্জ্জনা করিয়া আমাদিগকে জানাইলে চিরানুগৃহীত হইব।

পরিশেষে বাক্তব্য এই যে, গ্রন্থের সহিত প্রতিভাশালী নিষ্ঠাবান্ পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত অক্ষয়-কুমার শাস্ত্রী মহাশয়ের নাম সংযুক্ত থাকা নিতান্ত আবশ্যক মনে করি, কেন না তাঁহার শাস্ত্রানুরক্তিময় জীবনের কঠোর পরিশ্রম ব্যতীত আমরা এই দুরূহ কার্য্য সম্পন্ন করিতে পারিতাম কি না সন্দেহ। উপসংহারে আরও বাক্তব্য এই যে, কলিকাতার পুলিশ-কোর্টের স্বনামখ্যাত উকিল শ্রীযুক্ত বাবু যতীন্দ্রনাথ ঘোষ ও বহুবাজারের প্রসিদ্ধ বস্ত্রবিক্রেতা শ্রীযুক্ত অনুকূলচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়দ্বয় আমাকে যে ভাবে সাহায্য করিয়াছেন, তাহাতে তাঁহাদের নাম চিরস্মরণীয় বলিয়া এই গ্রন্থের সহিত সম্বন্ধ রহিল। ঈশ্বর তাঁহাদের মঙ্গলবিধান করুন।

বিনীত

সম্পাদক।

বিশেষ দ্রষ্টব্য।

পঞ্চদশ খণ্ড উপনিষদাবলী-সংক্রান্ত "আনন্দসংবাদ" বিজ্ঞাপনে বলিয়াছিলাম যে, "আমরা সম্পূর্ণ উপনিষদাবলী বাহির করিয়া উহারই একটী পরিশিষ্ট খণ্ড বাহির করিব। যাঁহার তাহা লইবার ইচ্ছা হইবে, তিনি আমাদিগকে জানাইলে তাঁহার জমার টাকা পরিশিষ্টখণ্ডে উসুল দিব।" তাহাতে এত অল্প-সংখ্যক গ্রাহক জানাইয়াছেন যে, পরিশিষ্ট খণ্ডের আগ্রহ কাহারও আছে বলিয়া মনে হয় না। তজ্জন্য আমরা উহা আপাততঃ বন্ধ রাখিয়া এই ষোড়শখণ্ডেই সকল গ্রাহকের জমার টাকা পরিশোধ করিলাম। পরে পরিশিষ্ট খণ্ড যখন বাহির হইবে, তখন পরিশিষ্টখণ্ডপ্রার্থী গ্রাহকমহাশয়দিগের নিকট

সেই খণ্ডের মূল্য ভিঃপিঃ যোগে গ্রহণ করিব। ত্রুটী মার্জ্জনীয়।

উপস্থিত সময়

আমরা "বেদান্তদর্শন" খণ্ডাকারে বাহির করিবার সংকল্প করিয়াছি। আশা করি, আমাদের উপনিষদাবলীর গ্রাহকগণ ইহারও গ্রাহকশ্রেণীভুক্ত হইয়া আমাদের উৎসাহ বর্দ্ধন করিবেন।

বৃহদারণ্যক—অধ্যায়-সূচী।

বৃহদারণ্যকোপনিষৎ।

প্রথমং ব্রাহ্মণম্।

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে ॥ পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

১। ওঁ উষা বা অশ্বস্য মেধ্যস্য শিরঃ। সূর্য্যশ্চক্ষুর্বাতঃ প্রাণো ব্যাত্তমগ্নির্বৈশ্বানরঃ সংবৎসর আত্মাশ্বস্য মেধ্যস্য। দ্যৌঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদরং পৃথিবী পাজস্যম্। দিশঃ পার্শ্বে অবান্তরদিশঃ পর্শব ঋতবোঽঙ্গানি মাসাশ্চার্দ্ধমাসাশ্চ পর্ব্বাণ্যহোরাত্রাণি প্রতিষ্ঠা নক্ষত্রাণ্যস্থীনি নভো মাংসানি। ঊবধ্যং সিকতাঃ সিন্ধবো গুদা যকৃচ্চ ক্লোমানশ্চ পর্ব্বতা ওষধয়শ্চ বনস্পতয়শ্চ লোমানি উদ্যন্ পূর্ব্বার্ধো নিম্লোচন্ জঘনার্ধো যদ্বিজৃম্ভতে তদ্বিদ্যোততে যদ্বিধূনুতে তৎস্তনয়তি যন্মেহতি তদ্বর্ষতি বাগেবাস্য বাক্ ॥

ব্যাখ্যা। বৈ (প্রসিদ্ধকালস্মারণে) মেধ্যস্য (মেধার্হস্য যজ্ঞিয়স্য) অশ্বস্য শিরঃ উষাঃ (ব্রাহ্মো মুহূর্ত্তঃ) [প্রধানত্বসামান্যাৎ] চক্ষুঃ সূর্য্যঃ [সূর্য্যাধিদৈবতত্বাৎ], প্রাণঃ বাতঃ (বায়ুঃ) [বায়ুস্বাভাব্যাৎ], ব্যাত্তং (বিবৃতং মুখম্) বৈশ্বানরঃ অগ্নিঃ [অগ্নিদৈবতত্বাৎ], আত্মা (শরীরম্) সংবৎসরঃ [অবয়বসামান্যাৎ], অশ্বস্য মেধ্যস্য ইতি সর্ব্বত্রানুসঙ্গার্থং পুনঃ গ্রহণম্] ; পৃষ্ঠং দ্যৌঃ (দ্যুলোকঃ) [ঊর্দ্ধত্বসামান্যাৎ], উদরম্ অন্তরিক্ষম্ [সুষিরত্বসামান্যাৎ), পাজস্যম্ (পাদস্যং পাদাসনস্থানম্), পৃথিবী পার্শ্বে [চত্বারঃ] দিশঃ, পর্শবঃ (পার্শ্বাস্থীনি) [আগ্নেয্যাদ্যাঃ] অবান্তরদিশঃ, অঙ্গানি (গাত্রাবয়বাঃ) ঋতবঃ [গ্রীষ্মাদয়ঃ অঙ্গসাধর্ম্ম্যাৎ], পর্ব্বাণি (দেহসন্ধয়ঃ) মাসাঃ চ অর্দ্ধমাসাঃ চ [সন্ধিসামান্যাৎ], প্রতিষ্ঠাঃ (পাদাঃ) অহোরাত্রাণি, অস্থীনি নক্ষত্রাণি [শুক্লত্বসামান্যাৎ], মাংসানি নভঃ (অন্তরিক্ষস্থাঃ মেঘাঃ) [সেচনকর্তৃত্বসামান্যাৎ], ঊবধ্যম্ (উদরস্থমর্দ্ধজীর্ণমন্নম্) সিকতাঃ [বিশ্লিষ্টাবয়বসামান্যাৎ], গুদাঃ (নাড্যঃ) সিন্ধবঃ (সমুদ্রাঃ নদ্যঃ বা) [স্যন্দনসামান্যাৎ], যকৃৎ চ ক্লোমানঃ (প্লীহা) চ পর্ব্বতাঃ, লোমানি ওষধয়ঃ (ক্ষুদ্রাঃ স্থাবরাঃ) চ বনস্পতয়ঃ (মহান্তঃ বৃক্ষাঃ) চ, পূর্ব্বার্দ্ধঃ (অশ্বস্য নাভেঃ) (উপরিভাগঃ) উদ্যন্ (উদ্গচ্ছন্) [দিবাকরঃ], জঘনার্দ্ধঃ (অপরার্দ্ধঃ) নিম্লোচন্ (অস্তং গচ্ছন্) [দিবাকরঃ], যৎ [অশ্বঃ] বিজৃম্ভতে গাত্রাণি বিক্ষিপতি) তদ্ বিদ্যোততে (বিদ্যুতঃ বিদ্যোতনম্)

[মুখঘনবিদারণসামান্যাৎ], যদ্ বিধূনুতে (গাত্রাণি কম্পয়তি) তৎস্তনয়তি (মেঘস্য স্তনিতম্) [গর্জ্জনশব্দসামান্যাৎ], যৎ মেহতি (মূত্রং পরিত্যজতি) তদ্ বর্ষতি (মেঘস্য বর্ষণং) [সেচনসামান্যাৎ], বাক্ এব অস্য (অশ্বস্য) বাক্, ইতি (হেতোঃ [নাত্র অন্যা কল্পনা] ।

অনুবাদ। যজ্ঞিয় অশ্বের মস্তককে উষা অর্থাৎ ব্রাহ্মমুহূর্ত্তকালীনে উপাসনা করিবে। চক্ষুর অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্য, এইজন্য চক্ষুকে সূর্য্য ; প্রাণাদি পঞ্চবায়ুকে সমষ্টিবায়ু ; মুখের অধিষ্ঠাত্রী দেবতা অগ্নি, এইজন্য বিস্তৃত মুখমণ্ডলকে বৈশ্বানর অগ্নি ; অবয়বের তুল্যতা আছে বলিয়া দেহকে দ্বাদশ মাস ; উর্দ্ধত্বের সাদৃশ্য আছে বলিয়া পৃষ্ঠকে দ্যুলোক ; ছিদ্র তুল্যতা আছে, বলিয়া উদরকে আকাশ ; খুরে পাদাসনের সমতা আছে বলিয়া পাদাসনের স্থানকে অর্থাৎ খুরকে পৃথিবী ; পূর্ব্বাদি চতুর্দ্দিকের সহিত পার্শ্বদ্বয়ের সম্বন্ধ হইতে পারে, এজন্য পার্শ্ব-দ্বয়কে চতুর্দ্দিক্, পার্শ্বস্থিত অস্থিসমূহকে অবান্তরদিক্ ; অবয়বাংশের তুল্যতা আছে বলিয়া অঙ্গসকলকে বসন্তাদি ঋতু ; সন্ধির সাদৃশ্য থাকায় গ্রন্থি

স্থানকে মাংস ও অর্দ্ধমাস; সমস্ত প্রাণী পাদের দ্বারা প্রতিষ্ঠিত, কালও অহোরাত্ররূপ পাদের দ্বারা প্রতিষ্ঠিত, এইজন্য পাদসমূহকে অহোরাত্র, শুক্ল ধর্ম্মের সাদৃশ্য থাকায় অস্থিগুলিকে নক্ষত্র; জল ও রক্তের সেচনধর্ম্মের তুল্যতা আছে বলিয়া দেহস্থ মাংসকে আকাশস্থিত মেঘরূপ; বিশ্লিষ্টাবয়বের তুল্যতা থাকায় উদরস্থ অর্দ্ধজীর্ণ অন্নকে বালুকা; ক্ষরণধর্ম্মের সমতা আছে বলিয়া নাড়ীসকলকে নদী; যকৃৎ এবং প্লীহাকে পর্ব্বতসমূহ; অবয়বের সমতা আছে বলিয়া, লোমসকলকে ক্ষুদ্র এবং বৃহৎ বৃক্ষ; উহার নাভির উর্দ্ধভাগকে উদীয়মান সূর্য্য; অধোভাগকে অস্তগামী সূর্য্য; ইহার গাত্রবিক্ষেপকে বিদ্যুৎসঞ্চার; শরীরকম্পনকে মেঘগর্জ্জন; অশ্ব যে মূত্র ত্যাগ করে, উহাকে মেঘের জলবর্ষণরূপে এবং উহার শব্দকে মেঘের শব্দরূপে কল্পনা করিয়া উপাসনা করিবে।

২। অহর্বা অশ্বং পুরস্তান্মহিমান্বজায়ত তস্য পূর্বে সমুদ্রে যোনী রাত্রিরেনং পশ্চান্মহিমান্বজায়ত

তস্যাপরে সমুদ্রে যোনিরেতৌ বা অশ্বং মহিমানা-
বভিতঃ সংবভূবতুঃ। হয়ো ভূত্বা দেবানবহদ্বাজী
গন্ধর্ব্বানর্ব্বাঽসুরানশ্বো মনুষ্যান্ সমুদ্র এবাস্য বন্ধুঃ
সমুদ্রো যোনিঃ॥ ইতি প্রথমং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। [অশ্বস্য] পুরস্তাৎ (অগ্রতঃ) মহিমা (তদাখ্যঃ)
অহঃ (সৌবর্ণঃ পাত্রবিশেষঃ) [দীপ্তিসামান্যাৎ] বৈ (প্রসিদ্ধৌ)
অশ্বম্ অনু (লক্ষীকৃত্য) অজায়ত, তস্য (সৌবর্ণগ্রহস্য) পূর্ব্বে
(পূর্ব্বঃ) সমুদ্রে (সমুদ্রঃ) যোনিঃ (আসাদনস্থানম্) [ভব-
তীতি শেষঃ]; পশ্চাৎ (পৃষ্ঠতঃ) মহিমা (তদাখ্যঃ) রাত্রিঃ
(রাজতো গ্রহঃ) [অবস্তত্বসাম্যাৎ] এনম্ [অশ্বম্] অনু
(লক্ষীকৃত্য) অজায়ত, তস্য (রাজতগ্রহস্য) অপরে (অপরঃ
পশ্চিমঃ) সমুদ্রে (সমুদ্রঃ) যোনিঃ (আসাদনস্থানং) উৎপত্তি-
স্থানম্ [ভবতীতি শেষঃ] এতৌ মহিমানৌ (মহিমাখ্যৌ)
[সৌবর্ণরাজতৌ গ্রহৌ] অশ্বম্ অভিতঃ (পুরতঃ পশ্চাচ্চ).
বৈ (এব) সংবভূবতুঃ (সম্ভূতৌ অভবতাম্); [এতেন
প্রজাপতিরূপাশ্বস্য বিভূতি র্ব্বর্ণিতা] । [স চ অশ্বঃ] হয়ঃ
(বিশিষ্টগমনশীলঃ জাতিবিশেষো বা) ভূত্বা দেবান্ অবহৎ
(অগময়ৎ), [তথা] বাজী (জাতিবিশেষঃ) [ভূত্বা]
গন্ধর্ব্বান্ [অবহৎ], অর্ব্বা (জাতিবিশেষঃ) [ভূত্বা] অসুরান্
[অবহৎ], অশ্বঃ [ভূত্বা] মনুষ্যান্ [অবহৎ]। সমুদ্রঃ

(সমুৎপদ্য ভূতানি দ্রবন্তি অস্মিন্ ইতি সমুদ্রঃ পরমাত্মা) এব অস্ত (অশ্বস্য) বন্ধুঃ (বধ্যতে অস্মিন্ ইতি বন্ধনং স্থিতি-কারণম্), সমুদ্রঃ [এব চ] যোনিঃ (উৎপত্তেঃ প্রতি কারণম্) [অশ্বস্য শুদ্ধযোনিত্বাদিকথনেন স্তুতিরুক্তা] ।

অনুবাদ। পূর্ব্বোক্ত যজ্ঞির অশ্বের সম্মুখে যে মহিমা-নামক সুবর্ণময় পাত্র স্থাপন করা হয়, পূর্ব্ব সমুদ্র তাহার জন্মস্থান ; আর উহার পশ্চাদ্ভাগে যে রজতময় পাত্র সংস্থাপিত হয় ; পশ্চিম সমুদ্র তাহার জন্মভূমি। উভয় পাত্রই অশ্বকে লক্ষ্য করিয়া উৎপন্ন হইয়াছে। এই মহিমাখ্য সুবর্ণময় এবং রজতময় পাত্র দুইটি অশ্বের সম্মুখে ও পশ্চাতে সংস্থাপন করা হইয়া থাকে। এতাদৃশ মহিমান্বিত অশ্বরূপী প্রজাপতি হয়-জাতীয় হইয়া দেবগণকে, বাজিজাতীয় হইয়া গন্ধর্ব্বগণকে, অর্ব্বজাতীয় হইয়া অসুরদিগকে এবং অশ্ব হইয়া মনুষ্যগণকে বহন করিয়াছিলেন। সমুদ্রই অর্থাৎ পরমাত্মাই ইহার স্থিতিহেতু, পরমাত্মাই ইহার উৎপত্তির স্থান।

প্রথম ব্রাহ্মণ সমাপ্ত।

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

১। নৈবেহ কিঞ্চনাগ্র আসীন্ মৃত্যুনৈবেদমাবৃত-মাসীৎ। অশনায়য়াশনায়া হি মৃত্যুস্তন্মনোঽকুরু-তাত্মন্বী স্যামিতি॥ সোঽর্চন্নচরত্তস্যার্চত আপোঽ-জায়ন্তার্চতে বৈ মে কমভূদিতি তদেবার্কস্যার্কত্বম্ কং হ বা অস্মৈ ভবতি য এবমেতদর্কস্যার্কত্বং বেদ॥

ব্যাখ্যা। [অথাশ্বমেধবাগোপযোগিকস্য অগ্নেঃ উৎপত্তি-রুচ্যতে] ইহ (সংসারমণ্ডলে) অগ্রে (সৃষ্টেঃ প্রাক্) কিঞ্চন (কিঞ্চিদপি নামাদ্যাত্মকম্) নৈব আসীৎ; [কিন্তু]-ইদম্ (পরিদৃশ্যমানং জগৎ) অশনায়য়া (অশিতুমিচ্ছা অশনায়া তয়া লক্ষিতেন) মৃত্যুনা (হিরণ্যগর্ভেণ) আবৃতম্ আসীৎ; হি (যতঃ) অশনায়া (অশনেচ্ছা) [এব] মৃত্যুঃ (হিরণ্যগর্ভঃ) [অশনায়ানন্তরমেব হননেচ্ছাজননাৎ]; [সঃ মৃত্যুঃ] আত্মন্বী (আত্মবান্ মনস্বী) স্যাম্ (ভবেয়ম্) ইতি [অভিমন্য] তৎ-(কার্য্যালোচনক্ষমম্) মনঃ (অন্তঃকরণম্) অকুরুত (কৃতবান্); সঃ (হিরণ্যগর্ভঃ) [সমনস্কঃ সন্ আত্মানম্] অর্চন্ (অর্চয়ন্ পূজয়ন্) [কৃতার্থোঽস্মি ইতি মত্বা] অচরৎ (চরণম্ অকরোৎ আচরিতবানিত্যর্থঃ); অর্চতঃ (পূজয়তঃ) তস্য (প্রজা-পতেঃ) [রসাত্মিকাঃ পূজাঙ্গভূতাঃ] আপঃ (পয়াংসি) অজায়ন্ত (উৎপন্নাঃ অভবন্); অর্চতে (পূজয়তে) মে

(মহৎম) বৈ কম্ (উদকম্) অভূৎ, ইতি (এবং) [যস্মাদ-মস্তত হিরণ্যগর্ভঃ] তদেব (তস্মাদেব) অর্কস্য (আশ্বমেধিক-স্যাগ্নেঃ) অর্কত্বং (অর্কত্বহেতুঃ) [অশ্বমেধীয়স্যাগ্নেঃ অর্ক-সংজ্ঞায়াঃ হেতুরিতি ভাবঃ]; যঃ (জনঃ) এতদ্ অর্কস্য (আশ্বমেধিকাগ্নেঃ) অর্কত্বম্ (অর্কসংজ্ঞায়াঃ হেতুত্বম্) এবং (উক্তপ্রকারেণ) বেদ (জানাতি); অস্মৈ (সাধকায়) কম্ (সুখং জলম্ বা) ভবতি হ বৈ (অবধারণার্থৌ) [ভবত্যেব ইত্যর্থঃ] যথোক্তনামবতোঽগ্নেরুপাসনাত্র বিহিতা।

অনুবাদ। [অশ্বমেধযাগের উপযোগী অগ্নির উপাসনার নিমিত্ত, তাহার উৎপত্তি বলিতেছেন], সৃষ্টির পূর্ব্বে, সংসারমণ্ডলে নামরূপাত্মক কোন বস্তুই ছিল না কিন্তু পরিদৃশ্যমান জগৎ ভোজন করিবার ইচ্ছোপলক্ষিত মৃত্যু দ্বারা আবৃত ছিল। [দেখা যায়, যে ভোজন করিতে ইচ্ছা করে, সে ভোজনেচ্ছার পরেই জন্তুদিগকে হনন করে। অতএব অশনায়া-শব্দের দ্বারা মৃত্যু উপ-লক্ষিত হইতেছে। এই অশনায়া, সকল জীবের ধর্ম্ম হইলেও সমুদয় অশনায়ারূপধর্ম্ম হিরণ্যগর্ভ-ব্যতীত অন্যত্র থাকিতে পারে না। সুতরাং হিরণ্য-

গর্ভকে মৃত্যু শব্দে অভিহিত করিয়া, কার্য্য ও কারণের পূর্ব্বসত্তাদ্বারা সৎকার্য্যবাদও প্রতিপাদন করিলেন। অশনায়াই মৃত্যু অর্থাৎ হিরণ্যগর্ভ। সেই মৃত্যুরূপী হিরণ্যগর্ভ "আমি আত্মন্বী অর্থাৎ মনস্বী হইব" এইরূপ ধারণা করিয়া মনের সৃষ্টি করিলেন। পরে তিনি সমনস্ক হইয়া আত্মপূজনে রত হইলেন এবং তদনুরূপ আচরণ করিতে লাগিলেন। আত্মযাজী হিরণ্যগর্ভ হইতে জল উৎপন্ন হইল। "আমি আত্মপূজক, আমার উদ্দেশেই জল উৎপন্ন হইয়াছে",—তিনি হৃদয়ে এইরূপ ধারণা করিয়াছিলেন বলিয়া অশ্বমেধ-যজ্ঞিয় অগ্নির অর্ক এই নাম হইয়াছে। যিনি অশ্বমেধ-যজ্ঞিয় অগ্নির "অর্ক" এই নাম হইবার কারণ জানেন, তাঁহার নিমিত্ত নিশ্চয়ই সুখ বা জল উৎপন্ন হইয়া থাকে।

২। আপো বা অর্কস্তদ্যদপাং শর আসীৎ তৎসমহন্যত। সা পৃথিব্যভবত্তস্যামশ্রাম্যত্তস্য শ্রান্তস্য তপ্তস্য তেজো রসো নিরবর্ত্ততাগ্নিঃ॥

ব্যাখ্যা। আপঃ (অর্চনাঙ্গভূতানি পয়াংসি) বৈ (এব) অর্কঃ (অর্কনাম্নঃ অগ্নেঃ হেতুভূতঃ); [অপ্সু অগ্নিঃ প্রতিষ্ঠিতে অতঃ অপাম্ অগ্নিকারণভাবচনম্, ন তেষাং সাক্ষাদ অর্কত্বমপ্যত্তি], তৎ [তত্র] যৎ (যঃ) অপাম্ [দধ্ন ইব মণ্ডভূতঃ] শরঃ আসীৎ, তৎ (সঃ শরঃ) [তেজসা] সমহন্যত (সজ্যাতম্ আপদ্যত)। সা (সংঘাতরূপঃ) পৃথিবী অভবৎ, তস্যাম্ (পৃথিব্যাম্ উৎপাদিতায়াম্) [সঃ মৃত্যুরূপী প্রজাপতিঃ] অশ্রাম্যৎ (শ্রমযুক্তঃ বভূব); শ্রান্তস্য তপ্তস্য তস্য (সূক্ষ্মপ্রপঞ্চাত্মক-সূত্রসংজ্ঞকাৎ প্রজাপতেঃ) তেজো রসঃ (তেজঃ এব রসঃ সারঃ) [স এব] অগ্নিঃ স্থূলপ্রপঞ্চাত্মকঃ, অণ্ডান্তর্বর্ত্তী বিড়াট্ সংজ্ঞকঃ প্রথমঃ জীবঃ) নিরবর্ত্তত (নিক্রান্তঃ অভবৎ)।

অনুবাদ। হিরণ্যগর্ভের পূজার অঙ্গভূত যে জল উৎপন্ন হইয়াছিল, তাহাই অর্ক অর্থাৎ পূর্ব্বোক্ত অর্কনামক অগ্নির কারণস্বরূপ; [অগ্নির প্রকরণ বলিয়া সাক্ষাৎসম্বন্ধে অর্ককে জল বলা হয় নাই, কিন্তু অপ্ভূতসংযোগী অগ্নিকেই জলাধিষ্ঠিতরূপে জল বলা হইয়াছে] তাহাতে যে দধির ন্যায় জলীয় শর উৎপন্ন হইয়াছিল, তাহা তেজের সাহায্যে ঘনভাব ধারণ করিয়া পৃথিবী আকারে পরিণত হইল। এই-

রূপে পৃথিবী উৎপন্ন হইলে, মৃত্যুরূপী প্রজাপতি শ্রান্ত ও উত্তপ্ত হইলেন। ' সেই উত্তপ্ত প্রজাপতি হইতে তেজের সারভূত অগ্নির উৎপত্তি হইল। [এই অগ্নিই বিরাট্ শরীরী ব্রহ্মাণ্ডান্তর্গত কারণজীব বলিয়া নির্দিষ্ট হইয়াছেন]।

৩। স ত্রেধাত্মানং ব্যকুরুতাদিত্যং তৃতীয়ং বায়ুং তৃতীয়ং স এষ প্রাণস্ত্রেধা বিহিতঃ। তস্য প্রাচী দিক্ শিরোঽসৌ চাসৌ চের্মৌ। অথাস্য প্রতীচী দিক্ পুচ্ছমসৌ চাসৌ চ সক্থ্যৌ দক্ষিণা চোদীচী চ পার্শ্বে দ্যৌঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদরমিয়মুরঃ স এষোঽপ্সু প্রতিষ্ঠিতো যত্র ক চৈতি তদেব প্রতিতিষ্ঠত্যেবং বিদ্বান্॥

ব্যাখ্যা। সঃ (প্রথমশরীরী) আত্মানং ত্রেধা(ত্রিপ্রকারম্) [বায়ুগ্ন্যপেক্ষয়া] তৃতীয়ম্ আদিত্যম্ [অগ্নিসূর্য্যাপেক্ষয়া তৃতীয়ং বায়ুম্, [বায়্বাদিত্যাপেক্ষয়া তৃতীয়ম্ অগ্নিম্] ব্যাকুরুত (ব্যভজৎ) ; সঃ এষঃ প্রাণঃ (প্রথমশরীরী ত্রেধা (অগ্নিবায়্বাদিত্যরূপেণ) বিহিতঃ (বিভক্তঃ) [বভূব]। [ইদানীং তস্য বিরাজঃ প্রজাপতেঃ বর্ণনমুচ্যতে] তস্য (প্রজাপতিরূপায়েঃ) প্রাচী (পূর্ব্বা) দিক্ শিরঃ [বিশিষ্টত্বসামান্যাৎ ; অসৌ চ]

(ঐশানী) দিক্, অসৌ চ (আগ্নেয়ী) দিক্, ঈর্মৌ (বাহু); অথ অস্য (অগ্নেঃ) প্রতীচী (পশ্চিমা) দিক্ পুচ্ছম্ (জঘন্যভাগঃ); অসৌ চ (বায়বী) দিক্, অসৌ চ (নৈঋ´তী) দিক্ সক্‌থ্যৌ (পৃষ্ঠস্থোরুতাস্থিনী) [পৃষ্ঠকোণত্বসামান্যাৎ]; দক্ষিণা চ উদীচী চ [দিক্] পার্শ্বে [উভয়দিক্‌সম্বন্ধসামান্যাৎ]; দ্যৌঃ (স্বর্গলোকঃ) পৃষ্ঠম্; অন্তরীক্ষম্ উদরম্; ইয়ম্ (পৃথিবী) উরঃ (বক্ষঃ)। সঃ এষঃ (প্রথমজঃ বিরাট্‌পুরুষঃ) অপ্‌সু প্রতিষ্ঠিতঃ; এবং (যথোক্তম্ অপ্‌সু অগ্নেঃ প্রতিষ্ঠিতত্বম্) বিদ্বান্ (জানন্) [সাধকঃ] যত্র ক চ (যস্মিন্ কস্মিংশ্চিৎ এতি (যাতি), তৎ (তস্মিন্ স্থানে) এব প্রতিতিষ্ঠতি (স্থিতিং লভতে)।

অনুবাদ। সেই প্রথমশরীরধারী প্রজাপতি অগ্নি, সূর্য্য ও বায়ু এই তিনরূপে আত্মাকে বিভাগ করিলেন। সেই মৃত্যুরূপী প্রজাপতিই প্রাণ, প্রাণই অগ্নি; ইনিই আদিত্যাদিরূপে পরিণত হইলেন। প্রজাপতিরূপী অগ্নির পূর্ব্বদিক্ মস্তক, ঈশান ও অগ্নিকোণ হস্তদ্বয়, পশ্চিম দিক্ পুচ্ছ অর্থাৎ নিকৃষ্টভাগ, বায়ুকোণ এবং নৈঋ´তকোণ উরুদ্বয়, দক্ষিণ এবং উত্তরদিক্ দুই-

পার্শ্ব, স্বর্গলোক-পৃষ্ঠ, অন্তরিক্ষ-লোক উদর এবং পৃথিবী বক্ষঃস্থল। সেই অগ্নিরূপী বিরাট্পুরুষ, জলে প্রতিষ্ঠিত আছেন। যিনি পূর্ব্বোক্ত জলে তাঁহার অবস্থান অবগত হন, তিনি যে কোন স্থানে গমন করেন, সেই স্থানেই প্রতিষ্ঠিত হইতে পারেন।

৪। সোঽকাময়ত দ্বিতীয়ো ম আত্মা জায়েতেতি স মনসা বাচং মিথুনং সমভবদশনায়া মৃত্যুস্তদ্যদ্রেত আসীৎ স সংবৎসরোঽভবৎ। ন হ পুরা ততঃ সংবৎসর আস তমেতাবন্তং কালমবিভঃ। যাবান্ সংবৎসরস্তমেতাবতঃ কালস্য পরস্তাদসৃজত। তং জাতমভিব্যাদদাৎ স ভাণকরোৎ সৈব বাগভবৎ॥

ব্যাখ্যা। [যঃ মৃত্যুঃ বিড়াজমগ্নিমসৃজত, স কিংব্যাপারঃ সন্ অসৃজতেত্যাহ] সঃ (মৃত্যুঃ) অকাময়ত; মে (মম) দ্বিতীয়ঃ আত্মা (শরীরম্) জায়েত ইতি (এবম্) [কাময়িত্বা] সঃ অশনায়া (অশনায়য়া উপলক্ষিতঃ) মৃত্যুঃ [পূর্ব্বোৎপন্নেন] মনসা বাচম্ (ত্রয়ীলক্ষণাম্) মিথুনম্ (দ্বন্দ্বভাবম্) সমভবৎ (সম্ভবনং কৃতবান্) [মনসা বেদবিহিতং সৃষ্টিক্রমম্ অবালোচয়দিত্যর্থঃ। তৎ (তত্র মিথুনে) যৎ রেতঃ (জ্ঞানকর্ম্মরূপং বীজম্) আসীৎ; [প্রথমশরীরিণঃ প্রজাপতেরুৎপত্তৌ

জন্মান্তরকৃতং জ্ঞানাদিরূপং বং কারণং দৃষ্টবান্] [তস্তাব-ভাবিতঃ সন্ অণ্ডরূপেণ পরিণতঃ] সঃ (মৃত্যুঃ) সংবৎসরঃ (সংবৎসরকালনির্মাতা প্রজাপতিঃ) অভবৎ। ততঃ সংবৎসর-নির্মাতুঃ প্রজাপতেঃ) পুরা (প্রাক্) সংবৎসরঃ ন আস (ন বভূব) হ। তম্ (প্রজাপতিম্) এতাবন্তম্ (সংবৎসর-পরিমাণং কালম্) অবিভঃ (ভৃতবান্) [মৃত্যুরিতি শেষঃ]। [ইহ] যাবান্ সংবৎসরঃ [প্রসিদ্ধঃ কালঃ অস্তি, ততঃ কিং কৃতবানিত্যাহ] এতাবতঃ (সংবৎসরপরিমাণস্য) কালস্য পরস্তাৎ (উর্দ্ধম্) তম্ (প্রথমশরীরিণং প্রজাপতিরূপম্ অগ্নিম্) অসৃজত (সৃষ্টবান্)। তং জাতম্ (প্রজাপতিরূপম্ অগ্নিম্) [ভোক্তুম্] অভিব্যাদদাৎ (মুখবিদারণং কৃতবান্); সঃ (বালঃ প্রথমশরীরী) [ভীতঃ সন্] ভাণ্ [ইত্যেবং শব্দম্] অকরোৎ। সা এব বাক্ অভবৎ।

অনুবাদ। সেই মৃত্যুরূপী হিরণ্যগর্ভ কামনা করিয়াছিলেন যে, আমার দ্বিতীয় একটি দেহ উৎপন্ন হউক। এইরূপ সঙ্কল্প করিয়া তিনি মনের সহিত বেদবাক্যের সংযোজন করিলেন অর্থাৎ বেদবিহিত সৃষ্টিক্রম মনে মনে আলোচনা করিলেন, তাহাতে যে রেতঃ অর্থাৎ প্রজাপতির উৎপত্তির প্রতি পূর্ব্ব-পূর্ব্বজন্মার্জ্জিত জ্ঞানসংস্কাররূপ বীজ (কারণ)

ছিল, তাহাই সংবৎসর কালের নির্ম্মাণকর্ত্তা প্রজাপতি হইলেন। তাহার পূর্ব্বে সংবৎসর-পরিমিত কাল ব'লয়া কোন বিভাগ ছিল না। এই সংসারে যে পরিমিত কাল সংবৎসর বলিয়া প্রসিদ্ধ আছে, তিনি তাঁহাকে সেই পরিমিত কাল অণ্ড-মধ্যে পোষণ করিয়াছিলেন। পরে তাঁহাকে সৃষ্টি করিলেন এবং সেই সদ্যোজাত প্রজাপতিরূপী অগ্নিকে ভোজন করিবার জন্য মুখব্যাদান করিলে, তাহা দেখিয়া সদ্যোজাত কুমার ভীত হইয়া "ভণ্" এই শব্দ করিলেন। সংসারে তাহাই সর্ব্বপ্রথমে শব্দ হইল।

৫। স ঐক্ষত যদি বা ইমমভিমংস্যে কনীয়োঽন্নং করিষ্য ইতি স তয়া বাচা তেনাত্মনেদং সর্বমসৃজত যদিদং কিঞ্চর্চো যজূংষি সামানি ছন্দাংসি যজ্ঞান্ প্রজাঃ পশূন্। স যদ্যদেবাসৃজত তত্তদত্তুমধ্রিয়ত সর্বং বা অত্তীতি তদদিতেরদিতিত্বং সর্বস্যৈতস্যাত্তা ভবতি সর্বমস্যান্নং ভবতি য এবমেতদদিতেরদিতিত্বং বেদ ॥

ব্যাখ্যা। সঃ (মৃত্যুঃ) ঐক্ষত (চিন্তিতবান্), যদি বৈ

[অশনায়াবান্ অহম্] ইমম্ (আদিশরীরিণং কুমারম্) অভি-মংস্যে (হিংসিষ্যে), [তর্হি, অহং মম] অন্নম্ (ভোজ্যম্) কনীয়ঃ (অল্পং) করিষ্যে ; [বীজভক্ষণে শস্যাভাবঃ ইব, তদ্-ভক্ষণে অন্নং কনীয়ঃ স্যাদেবং বিচার্য্য তদ্ভক্ষণাদুপররাম] ইতি। সঃ (মৃত্যুঃ) তয়া (ত্রয়ীরূপয়া) বাচা, তেন [এব চ] আত্মনা (মনসা) [এতয়োঃ মিথুনীভাবমালোচ্য] ইদং সর্বং (স্থাবরাদিকম্) অসৃজত—যৎ ইদং কিঞ্চ (যৎকিঞ্চেদম্) ঋচঃ (ঋগ্বেদান্), যজূংষি (যজুর্বেদান্), সামানি (সাম-বেদান্), [গায়ত্র্যাদীনি সপ্ত] ছন্দাংসি, যজ্ঞান্ (যাগান্), প্রজাঃ (মনবান্), [গ্রাম্যান্ আরণ্যান্ চ] পশূন্ [অসৃজত]। সঃ (মৃত্যুঃ) যৎ যৎ এব (ক্রিয়াং ক্রিয়াসাধনং ফলং বা) অসৃজত (সৃষ্টবান্), তৎ তৎ অত্তুং (ভক্ষয়িতুম) [মনঃ] অধ্রিয়ত (ধৃতবান্) ; [যস্মাৎ সঃ] সর্বম্ অত্তি (ভক্ষয়তি) ইতি তৎ (তস্মাৎ) অদিতেঃ (অদিতিনাম্নঃ মৃত্যোঃ) অদিতিত্বম্ (অদিতিঃ ইতি নাম প্রসিদ্ধম্)। যঃ (জনঃ) অদিতেঃ (অদিতিনাম্নঃ মৃত্যোঃ) এতৎ অদিতিত্বম্ এবম্ (উক্তরূপেণ) বেদ (জানাতি), [সঃ] এতস্য সর্বস্য (বস্তু-জাতস্য) অত্তা (ভক্ষকঃ) ভবতি; অস্য (বেদিতুঃ) সর্বম্ অন্নং ভবতি।

অনুবাদ। সেই মৃত্যুরূপী হিরণ্যগর্ভ মনে মনে চিন্তা করিয়াছিলেন, যদি এখন আমি ক্ষুধার্ত্ত

বলিয়া এই বালককে ভোজন করি, তাহা হইলে আমার প্রচুর আহারও হইবে না, অথচ আমার ভোজনীয় দ্রব্য অত্যল্প হইয়া যাইবে, অর্থাৎ ইহাকে ভোজন করিলে ভুক্ত বীজের ন্যায় ইহাতে কোন বস্তুই উৎপন্ন হইতে পারিবে না, সুতরাং ভক্ষ্য দ্রব্যের অল্পতা হইবে। তিনি এরূপ চিন্তা করিয়া তাহাকে ভক্ষণ করিতে বিরত হইলেন। পরে বেদবাক্যের ও অন্তঃকরণের দ্বন্দ্বভাব আলোচনা করিয়া অর্থাৎ বেদবাক্যগুলি হৃদয়ঙ্গম করিয়া তাহা হইতে ঋগ্বেদ, সামবেদ, গায়ত্রীপ্রভৃতি ছন্দঃ, যজ্ঞসকল, মনুষ্যসকল, ও পশুসকল সৃষ্টি করিলেন। তিনি যাহা যাহা সৃজন করিলেন, তদ্‌সমুদায়ই তাঁহার ভক্ষ্য করিলেন, অর্থাৎ উৎপন্ন বস্তুমাত্রই মরণশীল, সুতরাং সকলই তাঁহার ভক্ষ্য। তিনি সমস্ত পদার্থই ভোজন করেন বলিয়া তাঁহার "অদিতি" নাম প্রসিদ্ধ। যিনি অদিতিনামক মৃত্যুর অদিতিত্ব অবগত হন, তিনি সকল দ্রব্যের ভোক্তা; সমস্ত পদার্থই তাঁহার অন্ন বা ভোগ্য।

৬। সোঽকাময়ত ভূয়সা যজ্ঞেন ভূয়ো যজেয়েতি সোঽশ্রাম্যৎ স তপোঽতপ্যত তস্য শ্রান্তস্য তপ্তস্য যশো বীর্য্যমুদক্রামৎ। প্রাণা বৈ যশো বীর্য্যং তৎপ্রাণেষূৎক্রান্তেষু শরীরং শ্বয়িতুমধ্রিয়ত তস্য শরীর এব মন আসীৎ।

ব্যাখ্যা। ভূয়সা (মহতা) যজ্ঞেন ভূয়ঃ (পুনরপি) [পূর্ব্বজন্মবং অস্মিন্ জন্মন্যপি] যজেয় (যাগং কুর্য্যাম্) ইতি সঃ (হিরণ্যগর্ভঃ) অকাময়ত (সঙ্কল্পং কৃতবান্)। [এবং মহৎকার্য্যং কাময়িত্বা] সঃ (হিরণ্যগর্ভঃ) অশ্রাম্যৎ (শ্রমযুক্তঃ অভবৎ) [ততঃ] সঃ (হিরণ্যগর্ভঃ) তপঃ অতপ্যত (আচরিতবান্)। শ্রান্তস্য তপ্তস্য তস্য (হিরণ্যগর্ভস্য) [প্রাণলক্ষণম্] যশঃ, বীর্য্যম্ (বলম্) উদক্রামৎ (উৎক্রান্তবান্)। [অস্মিন্ দেহে] প্রাণাঃ (চক্ষুরাদয়ঃ) বৈ (প্রসিদ্ধৌ) যশঃ (খ্যাতিঃ) বীর্য্যম্। [তাদৃশেষু] প্রাণেষু (ইন্দ্রিয়েষু) উৎক্রান্তেষু (বহির্গতেষু) [সৎসু] তৎ শরীরং শ্বয়িতুম্ (উচ্ছূনভাবং গন্তুম্) মৃতবৎ অধ্রিয়ত (ধৃতবান্)। তস্য (হিরণ্যগর্ভস্য) শরীরে এব মনঃ আসীৎ [বহির্গতং নাভূৎ]।

অনুবাদ। পূর্ব্ব পূর্ব্ব জন্মে যেরূপ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলাম, এজন্মেও সেইরূপ মহাযজ্ঞের অনুষ্ঠান করিব, হিরণ্যগর্ভ প্রজাপতি এইরূপ সঙ্কল্প

করিয়াছিলেন। তিনি এইরূপ মহৎ কার্য্যের অনুষ্ঠান-কামনায় শ্রান্ত হইলেন। তাহার পর তিনি তপস্যা করিতে আরম্ভ করিলেন। ক্লান্ত এবং তপস্যাপ্রবৃত্ত হিরণ্যগর্ভের ইন্দ্রিয়সকল এবং তেজঃ অন্তর্হিত হইল। ইন্দ্রিয়সমূহই দেহের যশঃ এবং বল। সেই ইন্দ্রিয়গণ শরীর হইতে বহির্গত হইলে তাহা পূতিভাবাপন্ন হইবার ন্যায় হইল, কিন্তু তখনও তাহাতে মনঃ বর্ত্তমান রহিল।

৭। সোঽকাময়ত মেধ্যং ম ইদং স্যাদাত্মন্যনেন স্যামিতি। ততোঽশ্বঃ সমভবদ্ যদশ্বত্তন্মেধ্যমভূদিতি তদেবাশ্বমেধস্যাশ্বমেধত্বম্। এষ হ বা অশ্বমেধং বেদ য এনমেবং বেদ। তমনবরুদ্ধ্যৈবামন্যত। তং সংবৎসরস্য পরস্তাদাত্মন আলভত। পশূন্ দেবতাভ্যঃ প্রত্যৌহৎ। তস্মাৎ সর্ব্বদেবত্যং প্রোক্ষিতং প্রাজাপত্যমালভন্ত। এষ হ বা অশ্বমেধো য এষ তপতি তস্য সংবৎসর আত্মায়মগ্নিরর্কস্তস্যেমে লোকা আত্মানস্তাবেতাবর্কাশ্বমেধৌ। সো পুনরেকৈব দেবতা ভবতি মৃত্যুরেবাপ-

পুনর্মৃত্যুং জয়তি নৈনং মৃত্যুরাপ্নোতি মৃত্যুরস্যাত্মা ভবত্যেতাসাং দেবতানামেকো ভবতি ॥

ইতি প্রথমাধ্যায়স্য দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [সঃ তস্মিন্ শরীরে গতমনাঃ সন্ কিমকরোদিতি উচ্যতে] সঃ (হিরণ্যগর্ভঃ) অকাময়ত — মে (মম) ইদং (শরীরম্) মেধ্যং (যজ্ঞিয়ম্) স্যাৎ ; অনেন (দেহেন) আত্মন্বী (দেহবান্) [চ] স্যাম্ (ভবেয়ম্) ইতি [তদ্দেহে প্রবিবেশ]। যৎ (যস্মাৎ মদ্বিয়োগাৎ) [তচ্ছরীরং গত-যশোবীর্য্যং সৎ] অশ্বৎ (অশ্বয়ৎ পূতিভাবাপন্নং বভূব), ততঃ (তস্মাৎ হেতোঃ) অশ্বঃ সমভবৎ। [যস্মাচ্চ তৎপ্রবেশাৎ পুনঃ] তৎ (শরীরম্) [এব] মেধ্যম্ (মেধার্হম্) অভূৎ ইতি। তদেব (তস্য দেব) অশ্বমেধস্য অশ্বমেধত্বম্ (অশ্ব-মেধনামলাভঃ), [ক্রিয়াকারকফলাত্মকো হি যাগঃ, স এব প্রজাপতিরিতি স্তূয়তে]। যঃ (জনঃ) এবম্ (উক্তপ্রকারম্) এনম্ বেদ (জানাতি) ; স হ (এব) অশ্বমেধং জানাতি। [হিরণ্যগর্ভঃ স্বাত্মানং পশুং কল্পয়িত্বা] তম্ (পশুম্) অনবরুধ্য (অবরোধম্ অকৃত্বা) এব অমন্যত (অচিন্তয়ৎ)। [পূর্ণস্য] সংবৎসরস্য পরস্তাৎ (ঊর্দ্ধম্) তম্ (পশুম্) আত্মনে (আত্মার্থম্) আলভত (হতবান্)। [অন্যান্] পশূন্ দেবতাভ্যঃ প্রত্যৌহৎ (প্রতিসমিতবান্)।

[যস্মাৎ প্রজাপতিরেবমমন্যত]। তস্মাৎ (হেতোঃ) সর্বদেবত্যম্ (সর্বদেবতাকম্) প্রোক্ষিতং (মন্ত্রসংস্কৃতং) [পশুম্] প্রাজাপত্যম্ (প্রজাপতিদেবতাকম্) আলভন্তে (হিংসন্তি) [যাজ্ঞিকাঃ ইতি শেষঃ]। [অন্যঃ অপ্যুক্তেন বিধিনা আত্মানং পশুং কল্পয়িত্বা চিন্তয়েৎ]। এষঃ হ বৈ (নির্ধারণে) অশ্বমেধঃ, যঃ এষঃ (সূর্য্যঃ) তপতি (বিশ্বং ভাসয়তি), সংবৎসরঃ তস্য (অশ্বমেধযাগফলাত্মনঃ) সূর্য্যস্য আত্মা (শরীরম্) অয়ম্ (পার্থিবঃ) [সাধনভূতঃ] অগ্নিঃ অর্কঃ; তস্য (অগ্নেঃ) ইমে (ত্রয়ো লোকাঃ) আত্মানঃ (শরীরাবয়বাঃ); তৌ এতৌ (অগ্ন্যাদিত্যৌ) অর্কাশ্বমেধৌ (সাধনসাধ্যরূপৌ) সা উ পুনঃ কা এব দেবতা ভবতি। [কা সা ইত্যাহ] মৃত্যুঃ (প্রজাপতিঃ হিরণ্যগর্ভঃ) এব। [যঃ এবম্ এনম্ অশ্বমেধং মৃত্যুম্ একাং দেবতাং বেদ, সঃ] পুনঃ মৃত্যুম্ অপজয়তি (সকৃৎ মৃত্বা পুনর্মরণায় ন জায়তে ইত্যর্থঃ)। মৃত্যুঃ এনম্ (জ্ঞানিনম্) ন আপ্নোতি। মৃত্যুঃ অস্য (জ্ঞানিনঃ) আত্মা ভবতি। [কিঞ্চ মৃত্যুরেব] এতাসাং দেবতানাম্ একঃ ভবতি [ন কদাচিদপি মরণভয়ং বিদ্যতে ইতি ভাবঃ]।

অনুবাদ। [তিনি সেই দেহে মনসংযোগে কি করিয়াছিলেন, তাহা বলিতেছেন।] হিরণ্যগর্ভ

সঙ্কল্প করিয়াছিলেন, আমার এই দেহ যজ্ঞের উপযোগী হউক; আমি এই দেহের দ্বারা শরীরী হইব। ইহা মনে করিয়া সেই দেহে প্রবেশ করিলেন। কারণ হিরণ্যগর্ভের অভাবে অশ্ব দুর্গন্ধময় হইয়া যাইতেছিল এবং পুনঃ প্রবেশে তাহা যজ্ঞের উপযোগী হইল। অশ্বমেধনামক যজ্ঞের ইহাই অশ্বমেধত্ব অর্থাৎ অশ্বমেধনাম-লাভ। যিনি এইরূপে অশ্বমেধযজ্ঞ জানেন, তিনিই অশ্বমেধযজ্ঞ জ্ঞাত হইয়াছেন। হিরণ্যগর্ভ নিজ দেহকে পশুরূপে কল্পনাপূর্ব্বক সেই পশুকে অবরোধ না করিয়াই মনে মনে চিন্তা করিতে লাগিলেন। পরে তিনি বৎসরান্তে সেই পশুকে নিজের উদ্দেশে বধ করিয়া অন্যান্য গ্রাম্য এবং আরণ্য পশুদিগকেও অপরাপর দেবতার উদ্দেশে প্রেরণ করিয়াছিলেন; সেই জন্য যাজ্ঞিকগণ সমস্ত দেবতাত্মক মন্ত্রসংস্কৃত পশুকে প্রজাপতিদেবতা বলিয়া হিংসা করিয়া থাকেন। (অপরাপর লোকে উক্ত বিধি অনুসারে আপনাকে পশুরূপে কল্পনা করিয়া উপাসনা করিবে)। সম্প্রতি ফলভূত সূর্য্য ও

সাধনভূত অগ্নি, এই উভয়ের সহিত অভেদে উক্ত যাগ বলিতেছেন। যিনি সূর্য্যরূপে জগৎ প্রকাশিত করেন, তিনিই সেই অশ্বমেধ; বৎসর আর পার্থিব অগ্নিই তাঁহার শরীর; এই ত্রিলোক তাঁহার শরীরের অবয়ব। এই অগ্নি এবং আদিত্য অর্ক ও অশ্বমেধ নামের দ্বারা পৃথক্কৃত হইলেও উহারা এক মৃত্যুরূপিণী দেবতা। যিনি এইরূপে অশ্বমেধকে হিরণ্যগর্ভরূপিণী এক দেবতা জানেন, তিনি আর মৃত্যুযন্ত্রণা ভোগ করেন না এবং মৃত্যুও তাঁহাকে প্রাপ্ত হন না, যেহেতু মৃত্যু ইঁহার স্বরূপ হইয়া থাকেন। আর মৃত্যু অর্থাৎ হিরণ্যগর্ভ এই সমস্ত দেবতারই সমষ্টিস্বরূপ।

ইতি দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥২

তৃতীয়ং ব্রাহ্মণম্।

১। দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চ। ততঃ কনীয়সা এব দেবা জ্যায়সা অসুরাস্ত এষু লোকেষ-

স্পর্দ্ধন্ত তে হ দেবা উচুর্হন্তাসুরান্‌যজ্ঞ উদ্গীথেনা-
ত্যয়ামেতি॥

ব্যাখ্যা। প্রাজাপত্যাঃ(প্রজাপতেঃ হিরণ্যগর্ভস্য অপত্যানি) হ (প্রজাপতেঃ পূর্বজন্মাবদ্যোতনে) দ্বয়াঃ (দ্বিপ্রকারাঃ) দেবাঃ চ, অসুরাঃ চ [কে তে দেবাশ্চ অসুরাশ্চ ইত্যাহ এতস্যৈব প্রজাপতেঃ বাগাদয়ঃ প্রাণাঃ] ততঃ (তয়োঃ দেবাসুরয়োঃ মধ্যে) কানীয়সাঃ (অল্পাঃ) এব দেবাঃ (সাত্ত্বিকবৃত্তয়ঃ বাগাদয়ঃ প্রাণাঃ) জ্যায়সাঃ (মহত্তরাঃ অধিকাঃ) অসুরাঃ [অভবন্]। তে (দেবাঃ অসুরাশ্চ) এষু লোকেষু (ভোগ্যজাতেষু নিমিত্তভূতেষু) অস্পর্দ্ধন্ত (স্পর্দ্ধাং কৃতবন্তঃ)। তে দেবাঃ [অসুরৈঃ আভভূয়মানাঃ] হ (কিল) উচুঃ, হন্ত (সম্রমে) [জ্যোতিষ্টোমে] যজ্ঞে, উদ্গীথেন (জ্ঞানকর্মভ্যাং উদ্গীথকর্মণঃ কর্তৃত্বগ্রহণেন) অসুরান্ (রাজসবৃত্তীঃ) অত্যয়াম (অতিগচ্ছাম), [দ্বয়া হেত্যাদি-বাক্যম্ মন্ত্রজপবিধ্যর্থবাদপরং "য এবং বেদেতি বচনাৎ"। নাপি উদ্গীথক্রিয়াবিধায়কম্ অপ্রকরণাৎ, তস্মাৎ দ্বয়াহেত্যাদি-বাক্যং প্রাণোপাসনাবিধিপরমিতি গম্যতে]।

অনুবাদ। প্রজাপতি হিরণ্যগর্ভের অপত্য-গণ দ্বিবিধ, দেব ও অসুর। তন্মধ্যে সাত্ত্বিকবৃত্তি-সম্পন্ন বাগাদি ইন্দ্রিয়গণ দেবপদবাচ্য এবং সাত্ত্বিক-বৃত্তির অল্পত্বহেতু দেবতা অল্প; আর রাজসিকবৃত্তি-

সম্পন্ন বাগাদি ইন্দ্রিয়গণ অসুরপদবাচ্য। রাজসিক বৃত্তির আধিক্যহেতু অসুরগণ অধিক। সেই দেবগণ ও অসুরগণ পরস্পর স্পর্দ্ধা অর্থাৎ স্ব স্ব বৃত্তির উদ্ভব এবং অভিভব করিয়াছিলেন। অবশেষে অসুরগণকর্ত্তৃক (ইন্দ্রিয়গণের) আসুরী বৃত্তি-কর্ত্তৃক দেবগণ অর্থাৎ সাত্ত্বিকবৃত্তিগণ পরাভূত হইয়া বলিয়াছিলেন "আমরা জ্যোতিষ্টোমযজ্ঞে উদ্গীথের দ্বারা অর্থাৎ মন্ত্রজপ ও উপাসনারূপ জ্ঞানের দ্বারা উদ্গীথ কর্ম্মের কর্ত্তৃত্ব গ্রহণপূর্ব্বক অসুর-দিগকে পরাজিত করিয়া স্ব স্ব দেবভাব লাভ করিব।

২। তে হ বাচমূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যো বাগুদগায়ৎ। যো বাচি ভোগস্তং দেবেভ্য আগায়ৎ যৎ কল্যাণং বদতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনা-বিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং বদতি স এব স পাপ্মা॥

ব্যাখ্যা। তে (প্রাণাঃ বাগাদয়ঃ) হ (এবং বিনিশ্চিত্য)

ব্যূচম্ (বাগভিমানিনীং দেবতাম্) উচুঃ ত্বং নঃ উদ্গায় (ঔদ্গাত্রং কর্ম কুরুষ) ইতি। বাক্ (বাগিন্দ্রিয়াভিমানিনী দেবতা) তথা [ভবতু] ইতি [উক্ত্বা] তেভ্যঃ (প্রাণদেবতাভ্যঃ) উদগায়ৎ (উদ্গানং কৃতবতী)। বাচি [নিমিত্তভূতায়াং বাগাদিসমুদায়স্য] সঃ ভোগঃ (উপকারঃ), তম্ (ভোগম্) [ত্রিষু স্তোত্রেষু] দেবেভ্যঃ (প্রাণাদীন্দ্রিয়েভ্যঃ) আগায়ৎ (গানং কৃতবতী)। যৎ [নবসু স্তোত্রেষু] কল্যাণম্ (শোভনম্) বদতি (বর্ণান্ অভিনির্বর্ত্তয়তি) তৎ (কল্যাণভাষণম্) আত্মনে [আগায়ৎ]। তে (রাজসবৃত্তয়ঃ প্রাণাঃ) [বাগিন্দ্রিয়স্য ঈদৃশং স্বপক্ষপাতম্] বিদুঃ (জানন্তি); [কথম্] অনেন উদ্গাত্রা (বাগিন্দ্রিয়েণ) বৈ নঃ [স্বাভাবিকং জ্ঞানং কর্ম চ অভিভূয়] অত্যেষ্যন্তি (অতিক্রম্য গমিষ্যন্তি) [সাত্ত্বিকবৃত্তয়ঃ প্রাণাঃ ইতি শেষঃ]। ইতি (এবং) [স্থিরীকৃত্য] তম্ (বাগিন্দ্রিয়রূপম্ উদ্গাতারম্) অভিদ্রুত্য (অভিগম্য) [যেন] পাপ্মনা (নিজাসক্তিরূপদোষেণ) অবিধ্যন্ (তাড়িতবন্তঃ ইত্যর্থঃ) যঃ সঃ (প্রজাপতেঃ পূর্বজন্মাবস্থস্য বাচি স্থিতঃ ভোগদোষঃ) সঃ [হি] পাপ্মা। [কঃ অসৌ ইত্যাহ] যদ্ এব ইদম্ অপ্রতিরূপম্ (অননুরূপং শাস্ত্রপ্রতিসিদ্ধম্) বদতি [লোকঃ], সঃ এষঃ [অপ্রতিরূপবচনেনানুমিতঃ], সঃ [প্রজাপতেঃ বাগ্গতঃ] পাপ্মা [অদ্যাপি সর্বাসাং প্রাণিনাং বাচি সঃ মিথ্যাকথনাদিরূপঃ পাপ্মা বিদ্যতে।

তেন অনুমীয়তে যৎ প্রজাপতেঃ বাচি অপি এতাদৃশঃ মিথ্যা-কথনাদিরূপঃ পাপ্মা আসীৎ]।

অনুবাদ। সেই প্রাণরূপ বাগাদি-দেবতাগণ এইরূপ নিশ্চয় করিয়া অর্থাৎ বাগিন্দ্রিয়াভিমানিনী দেবতাকে বলিলেন,—তুমি আমাদিগের জন্য উদ্‌গীথ-গান কর। বাগিন্দ্রিয়াভিমানিনী দেবতা 'তাহাই হইবে',—ইহা বলিয়া তাহাদের জন্য উদ্‌গীথ-গান করিলেন। কিন্তু বাক্যনিমিত্ত যে সামান্য ভোগ অর্থাৎ উদ্‌গানরূপ বাক্যজনিত যে সাধারণ উপকার, তাহা দেবতাদিগের উদ্দেশ্যে গান করিয়া, আর যাহা কল্যাণকর উদ্‌গানরূপ বাক্যোচ্চারণ, তাহা নিজের জন্য গান করিলেন। রাজসবৃত্তি বাগাদি-প্রাণরূপ দেবতাগণ বাগিন্দ্রিয়ের এইরূপ পক্ষপাতিত্ব বুঝিতে পারিলেন এবং কিরূপে যে সাত্ত্বিক বৃত্তি-সম্পন্ন প্রাণদেবতাগণ উদ্‌গাতা বাগিন্দ্রিয়ের দ্বারা আমাদের জ্ঞান ও কর্ম্ম অভিভব-পূর্ব্বক আমাদিগকে পরাজিত করিবেন, তাহা স্থির করিয়া বাগিন্দ্রিয়কে আক্রমণ করিলেন এবং আপনাপন ভোগাসক্তিরূপ

পাপ দ্বারা তাহাকে সংযোজিত করিলেন। প্রজাপতির পূর্ব্বজন্মাবস্থায় বাক্যগত যে দোষ ছিল, তাহাই পাপ; শ্রুতি ঐ পাপের স্বরূপ বলিতেছেন,—লোকে যাহাই শাস্ত্রনিষিদ্ধ বাক্য বলে, তাহাই প্রজাপতির বাক্যগত পাপ। [ইহার তাৎপর্য্য এই যে, লোকের মিথ্যাকথনাদিরূপ বাগিন্দ্রিয়গত পাপ দেখিয়া মনে হয় প্রজাপতিরও বাক্যগত এইরূপ পাপ ছিল; তাহা না হইলে জীবের ঐ পাপ জন্মিবার কোনরূপই সম্ভাবনা ছিল না।

৩। অথ হ প্রাণমূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যঃ প্রাণ উদগায়দ্ যঃ প্রাণে-ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎ কল্যাণং জিঘ্রতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাহবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং জিঘ্রতি স এব স পাপ্মা ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) হ প্রাণম্ (ঘ্রাণেন্দ্রিয়রূপম্) উচুঃ—ত্বং নঃ উদগায় (উদ্গানং কুরুষ); ইতি

(এবম্) [উক্তঃ] প্রাণঃ (ঘ্রাণেন্দ্রিয়াভিমানিনী দেবতা) তথা [অস্তু] ইতি (এবম্) [উক্ত্বা] তেভ্যঃ (দেবতাভ্যঃ) উদগায়ৎ (উদ্‌গীথগানং চকার)। প্রাণে (ঘ্রাণেন্দ্রিয়ে নিমিত্তভূতে) [বাগাদিসমুদায়স্য] যঃ ভোগঃ (উপকারঃ), তং (ভোগম্) [উদ্দিশ্য] দেবেভ্যঃ আগায়ৎ (গানং কৃতবান্); যৎ কল্যাণম্ (শোভনম্) জিঘ্রতি, তৎ আত্মনে [আগায়ৎ] তে (অসুরাঃ) [ঘ্রাণেন্দ্রিয়স্য ঈদৃশং স্বপক্ষপাতং] বিদুঃ ; [প্রথমম্] অনেন উদ্‌গাত্রা (ঘ্রাণেন্দ্রিয়েণ) বৈ (এব) নঃ অত্যেষ্যন্তি (অতিক্রমিষ্যন্তি) [সাত্ত্বিকবৃত্তয়ঃ প্রাণাঃ ইতি শেষঃ] ; ইতি [জ্ঞাত্বা] তম্ (ঘ্রাণেন্দ্রিয়ম্ অভিদ্রুত্য (আক্রম্য) পাপ্মনা (নিজাসক্তিরূপপাপেন) অবিধ্যন্ (সংযোজিতবন্তঃ)। যঃ সঃ (প্রজাপতেঃ পূর্বজন্মাবস্থস ঘ্রাণেন্দ্রিয়গতঃ ভোগদোষঃ) সঃ [হি] পাপ্মা। [কঃ অসৌ] যদ্ এব ইদম্ অপ্রতিরূপম্ (শাস্ত্রপ্রতিসিদ্ধম্) জিঘ্রতি, স এব সঃ পাপ্মা।

অনুবাদ। ইহার পর বাগাদি দেবতাগণ ঘ্রাণেন্দ্রিয়াভিমানিনী দেবতাকে বলিলেন,—তুমি আমাদের নিমিত্ত উদ্‌গীথ-গান কর। "তাহাই হইবে" ইহা বলিয়া ঘ্রাণেন্দ্রিয়াভিমানিনী দেবতা তাঁহাদের নিমিত্ত উদ্‌গান করিলেন। ঘ্রাণেন্দ্রিয়নিমিত্ত

বাগাদি ইন্দ্রিয়ের যে ভোগ, তাহাই দেবতাদিগের উদ্দেশ্যে গান করিলেন, আর যাহা উত্তম আঘ্রাণ তাহাই আপনার জন্য গান করিলেন। রাজস-বৃত্তি অসুরগণ ঘ্রাণেন্দ্রিয়ের এইরূপ পক্ষপাতিত্ব কিরূপে যে দেবগণ উদ্গান কর্ত্তা ঘ্রাণেন্দ্রিয়-দ্বারা আমাদিগকে পরাজিত করিবে, তাহা বুঝিতে পারিয়া ঘ্রাণেন্দ্রিয়কে আক্রমণপূর্ব্বক তাহাকে স্বীয় আসক্তিরূপ পাপের দ্বারা সংযোজিত করিলেন। প্রজাপতির পূর্ব্বজন্মাবস্থাগত ঘ্রাণেন্দ্রিয়ের যে ভোগদোষ ছিল, তাহাই পাপ। সেই পাপের স্বরূপ কি? তদুত্তরে শ্রুতি বলিতেছেন; এই যে শাস্ত্রনিষিদ্ধ আঘ্রাণ, তাহাই পাপ।

৪। অথ হ চক্ষুরূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যশ্চক্ষুরুদগায়ৎ। যশ্চক্ষুষি ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎকল্যাণং পশ্যতি তদাত্মনে। তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং পশ্যতি স এব স পাপ্মা॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [তে দেবাঃ] হ চক্ষুঃ (চক্ষুরভিমানিনীং দেবতাম্) উচুঃ—ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় ইতি তথা [ভবতু] ইতি [উক্ত্বা] চক্ষুঃ (তদুপলক্ষিতা দেবতা) তেভ্যঃ (দেবেভ্যঃ) উদ্গায়ৎ। চক্ষুষি (চক্ষুরিন্দ্রিয়ে নিমিত্ত-ভূতে) [বাগাদিসমুদায়স্য] যঃ ভোগঃ (দর্শনাদিব্যাপারেণ উপকারঃ ফলমিতি যাবৎ); তম্ (ভোগম্) দেবেভ্যঃ আগায়ৎ যৎ কল্যাণং পশ্যতি; তৎ আত্মনে (স্বস্মৈ) [আগায়ৎ]। (তে অসুরাঃ) বিদুঃ (জানন্তি) [যৎ] অনেন (নেত্ররূপেণ) উদ্গাত্রা (উদ্গানকর্ত্রা) নঃ (অস্মান্) বৈ অত্যেষ্যন্তি (অতিক্রমিষ্যন্তি), ইতি [অববুধ্য] তম্ (চক্ষুরিন্দ্রিয়রূপম্ উদ্গাতারম্) অভিদ্রুত্য (আক্রম্য) পাপ্মনা (নিজসঙ্গরূপপাপেন) অবিধ্যন্ (সংযোজিতবন্তঃ) সঃ যঃ (প্রজাপতেঃ চক্ষুরিন্দ্রিয়গতঃ ভোগদোষঃ) সঃ [হি] পাপ্মা। [কঃ অসাবিত্যাহ] যদ্ এব ইদম্ অপ্রতিরূপম্ (শাস্ত্রনিষিদ্ধম্) পশ্যতি, সঃ এব সঃ পাপ্মা।

অনুবাদ। তাহার পর সেই দেবগণ চক্ষুরভিমানিনী দেবতাকে বলিলেন,—তুমি আমাদের জন্য উদ্গীথ গান কর। তাহাই করিব, ইহা বলিয়া চক্ষুরভিমানিনী দেবতা তাঁহাদের জন্য উদ্গান করিলেন। চক্ষুরিন্দ্রিয়নিমিত্ত বাগাদিসকলের দর্শনাদিব্যাপারজনিত যে ভোগ, তাহা প্রাণরূপ দেব-

গণের উদ্দেশ্যে ; আর যাহা কল্যাণজনক দর্শন, তাহা আপনার জন্য গান করিলেন। তখন সেই অসুরগণ "সুরগণ এরূপ উদ্গাতার দ্বারা" আমাদিগকে পরাজিত করিবে, ইহা বুঝিতে পারিয়া সেই চক্ষুরিন্দ্রিয়কে আক্রমণ করিয়া নিজের আসক্তি-রূপ পাপের দ্বারা তাহাকে সংযোজিত করিলেন। প্রজাপতির চক্ষুরিন্দ্রিয়গত যে ভোগ-দোষ ছিল, তাহাই পাপ। ঐ পাপকে শ্রুতি বলিতেছেন—শাস্ত্রনিষিদ্ধ যে দর্শন, তাহাই সেই পাপ।

৫। অথ হ শ্রোত্রমূচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যঃ শ্রোত্রমুদগায়দ্ যঃ শ্রোত্রে ভোগস্তং দেবেভ্য আগায়দ্ যৎ কল্যাণং শৃণোতি তদাত্মনে তে। বিদুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাবিধ্যন্ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং শৃণোতি স এব স পাপ্মা॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [তে দেবাঃ] হ শ্রোত্রম্ (শ্রোত্রাভিমানিনীং দেবতাম্) ঊচুঃ—ত্বং নঃ (অস্মভ্যম্) উদ্গায় ইতি ; শ্রোত্রম্ (শ্রবণেন্দ্রিয়াভিমানিনী দেবতা) তথ

[তথাস্তু] ইতি [উক্তা] তেভ্যঃ (দেবেভ্যঃ) উদগায়ৎ; শ্রোত্রে (শ্রোত্রেন্দ্রিয়ে নিমিত্তভূতে) (বাগাদিসমুদয়েন্দ্রিয়াণাম্) [যঃ] ভোগঃ (শ্রবণাদিব্যাপারেণ উপকারঃ ফলমিতি যাবৎ); তং (ভোগং) দেবেভ্যঃ আগায়ৎ, যৎ কল্যাণং (মঙ্গলজনকম্) শৃণোতি, তৎ (কল্যাণশ্রবণম্) আত্মনে (আত্মার্থম্) [আগায়ৎ]। তে (অসুরাঃ) বিদুঃ [যদেতৈ প্রাণাঃ] অনেন (শ্রোত্রেন্দ্রিয়েণ) উদ্গাত্রা (উদ্গানকর্ত্রা) নঃ (অস্মান্) বৈ অত্যেষ্যন্তি, ইতি [অনুধাব্য] তম্ (শ্রবণেন্দ্রিয়রূপং প্রাণম্) অভিদ্রুত্য (আক্রম্য) পাপ্মনা (নিজাসঙ্গরূপপাতকেন) অবিধ্যন্ (সংযোজিতবন্তঃ)। সঃ যঃ (প্রসিদ্ধঃ শ্রবণেন্দ্রিয়গতঃ ভোগদোষঃ) সঃ [হি] পাপ্মা। যদেব ইদং অপ্রতিরূপং (শাস্ত্রপ্রতিষিদ্ধং) শৃণোতি, সঃ এব সঃ পাপ্মা।

অনুবাদ। অতঃপর প্রাণরূপ দেবতাগণ শ্রোত্রেন্দ্রিয়াভিমানিনী দেবতাকে বলিলেন,—তুমি আমাদের নিমিত্ত উদ্গান কর; শ্রবণেন্দ্রিয়াভিমানিনী দেবতা "তাহাই হইবে" বলিয়া উদ্গান করিলেন। শ্রবণেন্দ্রিয়নিমিত্ত বাগাদি প্রাণের শ্রবণজনিত যে ভোগ, তাহা প্রাণদেবতাগণের উদ্দেশে এবং স্বীয় কল্যাণকর যে শ্রবণ, তাহা নিজের

নিমিত্ত গান করিয়াছিলেন। তাহাতে অসুরগণ বুঝিতে পারিলেন যে, সুরগণ শ্রোত্ররূপ উদ্গাতা দ্বারা আমাদিগকে পরাজিত করিবে ; এজন্য তাহারা শ্রবণেন্দ্রিয়কে আক্রমণপূর্ব্বক স্বীয় আসক্তি-রূপ দোষের দ্বারা সম্বদ্ধ করিলেন। প্রজাপতির শ্রবণেন্দ্রিয়গত যে স্বীয় আসঙ্গরূপ দোষ, তাহাই পাপ। শ্রবণেন্দ্রিয় যে শাস্ত্রনিষিদ্ধ শ্রবণ করে, তাহাও সেই পাপ।

৬। অথ হ মন উচুস্ত্বং ন উদ্গায়েতি তথেতি তেভ্যো মন উদগায়দ্যো মনসি ভোগস্তং দেবেভ্য আগায়দ্যৎ কল্যাণং সঙ্কল্পয়তি তদাত্মনে। তে বিদুর-নেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনা-হবিধ্যন্স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং সঙ্কল্পয়তি স এব স পাপ্মৈবমু খল্বেতা দেবতাঃ পাপ্মভিরুপা-সৃজন্নেবমেনাঃ পাপ্মনাহবিধ্যন্ ॥

ব্যাখ্যা। অথ হ [তে দেবাঃ] মনঃ (মনোঽভিমানিনীং দেবতাম্) উচুঃ ;—ত্বং নঃ উদ্গায় ইতি ; মনঃ তথা [ভবতু] ইতি [উক্ত্বা] তেভ্যঃ (দেবেভ্যঃ) উদগায়ৎ ; মনসি

(মনোনিমিত্তে) [বাগাদিসকলেন্দ্রিয়াণাম্] যঃ ভোগঃ তং ভোগং দেবেভ্যঃ আগায়ৎ ; যৎ কল্যাণং সঙ্কল্পয়তি (কল্যাণ-চিন্তনং করোতি) তৎ আত্মনে [আগায়ৎ]। তে (অসুরাঃ) বিদুঃ [যৎ এতে দেবাঃ] অনেন (মনোরূপেণ) উদ্গাত্রা (উদ্-গানকর্ত্রা) নঃ বৈ (এব) অত্যেষ্যন্তি ইতি (এবম্) [স্থিরী-কৃত্য] তম্ (মনোরূপং প্রাণম্) অভিদ্রুত্য (অভিগম্য) পাপ্মনা অবিধ্যন্ (সংযোজিতবন্তঃ)। সঃ যঃ (হিরণ্যগর্ভস্থ মনসিজঃ ভোগদোষঃ) সঃ [হি] পাপ্মা। যদেব ইদম্ অপ্রতিরূপং সঙ্কল্পয়তি সঃ এব সঃ পাপ্মা। এবম্ (বাগাদীন্দ্রিয়বৎ) উ (অবধারণে) এতাঃ (অনুক্তাঃ দেবতাঃ) দেবতাঃ অপি পাপ্মভিঃ উপাসৃজন্ (সংসর্গং কৃতবন্তঃ); এবম্ (বাগাদীন্দ্রিয়বৎ) [এব] এনাঃ পাপ্মনা (স্বস্বার্থসম্ভারূপপাপেন) অবিধ্যন্ (বিদ্ধবন্তঃ) [ত্বাগাদয়ঃ প্রাণাঃ ইতি শেষঃ]।

অনুবাদ। ইহার পর প্রাণদেবতাগণ মনকে বলিলেন,—তুমি আমাদের নিমিত্ত উদ্গান কর। অভিমানিনী-মনোদেবতা "তাহাই হইবে" বলিয়া তাঁহাদের জন্য উদ্গীথ গান করিলেন। মনের নিমিত্ত বাগাদি ইন্দ্রিয়গণের যে ভোগ অর্থাৎ মননক্রিয়াজন্য যে উপকার, তাহা দেবগণের উদ্দেশ্যে, আর যে মঙ্গলদায়ক সঙ্কল্প তাহা নিজের

জন্য গান করিলেন। সেই রাজসবৃত্তি অসুরগণ মনে করিলেন যে, দেবগণ মনোরূপ উদ্গাতা দ্বারা আমাদিগকে পরাভূত করিবে। তজ্জন্য তাহারা মনোদেবতাকে আক্রমণ করিয়া আপনাদের আসক্তিরূপ পাপের দ্বারা বিদ্ধ করিয়াছিলেন। হিরণ্যগর্ভের মনোগত যে ভোগদোষ, তাহাই পাপ। যাহা শাস্ত্রনিষিদ্ধ, তাহাই পাপ। বাগিন্দ্রিয়ের ন্যায় অনুক্ত-ত্বগাদি ইন্দ্রিয়গণ অস্পষ্ট দর্শনাদিরূপ পাপের দ্বারা সম্বদ্ধ হইয়াছিলেন এবং অসুরগণ তাঁহাদিগকে পাপযুক্ত করিয়াছিলেন। বাগাদি দেবগণ ক্রমশঃ পরীক্ষিত হওয়ায় দেখা গেল যে, সকল ইন্দ্রিয়ের মধ্যেই স্বীয় কল্যাণ-বিষয়ে আসক্তি এবং আসুরপাপসঙ্গ রহিয়াছে, কাজেই ইহারা উদ্গীথ গান করিতে অনধিকারী। আসক্তি ও পাপসঙ্গবর্জ্জিত অন্য প্রাণই উদ্গীথ গান করিতে অধিকারী। পাপাদিবর্জ্জিত কে এবং উদ্গীথ গানের অধিকারী কে, তাহা পরে বলিবেন।

৭। অথ হেমমাসন্যং প্রাণমূচুস্ত্বং ন উদ্গায়েতি

তথেতি তেভ্য এষ প্রাণ উদগায়ত্তে বিদুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তদভিদ্রুত্য পাপ্মনাহবিধ্যন্ স যথাশ্মানমৃত্বা লোষ্টো বিধ্বংসেতৈবং হৈব বিধ্বংসমানা বিষঞ্চো বিনেশুস্ততো দেবা অভবন্ পরাঽসুরা ভবত্যাত্মনা পরাস্য দ্বিষন্ ভ্রাতৃব্যো ভবতি য এবং বেদ ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [তে দেবাঃ] হ ইমম্ আসন্যং (আস্যেভবমাসন্যং মুখবিবরস্থং) [মুখ্যং] প্রাণম্ উচুঃ—ত্বম্ নঃ (অস্মভ্যম্) উদগায় ইতি। এষঃ প্রাণঃ তথা [ভবতু] ইতি [উক্ত্বা] তেভ্যঃ (প্রাণরূপ-দেবতাভ্যঃ) উদগায়ৎ; তে (অসুরাঃ) বিদুঃ, [যৎ] অনেন উদ্গাত্রা বৈ নঃ অত্যেষ্যন্তি, ইতি [নিশ্চিত্য] তৎ পাপ্মনা অবিধ্যন্ (যেনৈনং কর্তুং ইষ্টবন্তঃ); [অত্র বিষয়ে] সঃ (দৃষ্টান্তঃ)—যথা লোষ্টঃ (পাংশুপিণ্ডঃ) অশ্মানম্ (পাষাণম্) ঋত্বা (প্রাপ্য) বিধ্বংসেত (বিচূর্ণীভবেৎ); এবং হ বৈ বিধ্বংসমানাঃ [অসুরাঃ] বিষঞ্চঃ (নানাদিগ্গতয়ঃ বিক্ষিপ্তাঃ সন্তঃ) বিনেশুঃ (বিনষ্টাঃ অভবন্)। ততঃ (তস্মাৎ) দেবাঃ (বাগাদয়ঃ) [প্রকৃতাঃ অগ্ন্যাদিস্বরূপাঃ] অভবন্; অসুরাঃ [চ] পরাভবন্তি (পরাজিতাঃ বভূবুঃ ইত্যর্থঃ)। যঃ

(জনঃ) এবং বেদ, [সঃ] [প্রজাপতিস্বরূপেণ] আত্মনা [হিরণ্যগর্ভরূপপ্রজাপতিঃ] ভবতি; অস্য (প্রজাপতিত্বপ্রাপণস্য) দ্বিষন্ (হিংসকঃ) ভ্রাতৃব্যঃ (বৈরিঃ) পরাভবতি [নির্বৈরঃ ভবতীত্যর্থঃ]।

অনুবাদ। অতঃপর প্রাণরূপ দেবগণ মুখবিবরস্থ মুখ্যপ্রাণকে বলিলেন—তুমি আমাদের জন্য উদ্গান কর; মুখ্যপ্রাণ "তাহাই হইবে" বলিয়া প্রাণদেবতাগণের জন্য উদ্গান করিলেন। অসুরগণ বুঝিতে পারিলেন যে, সুরগণ মুখ্যপ্রাণ-রূপ উদ্গান-কর্ত্তা দ্বারা আমাদিগকে অতিক্রম করিবে। তজ্জন্য তাহারা মুখ্যপ্রাণকে স্বপাপের দ্বারা পাপযুক্ত করিতে ইচ্ছা করিলেন। এ বিষয়ে দৃষ্টান্ত আছে—যেমন লোষ্ট্র পাষাণের উপর পতিত হইয়া আপনা হইতে চূর্ণ বিচূর্ণ হইয়া যায়, সেইরূপ সেই অসুরগণ মুখ্যপ্রাণকে আক্রমণ করিতে গিয়া চতুর্দ্দিকে বিক্ষিপ্ত, বিধ্বস্ত ও বিনষ্ট হইল। তাহা হইতেই বাগাদি ইন্দ্রিয়গণ অগ্ন্যাদির স্বরূপ লাভ করিয়াছিলেন অর্থাৎ পাপ-

বশে অগ্ন্যাদি দেবতার স্বরূপ অপ্রকাশিত ছিল, অসুর পরাজিত হওয়ায় স্বীয় অগ্ন্যাদিভাব প্রকাশিত হইল। যে ব্যক্তি দেবাসুর-সংবাদের দ্বারা দেহাত্মাভিমান পরিত্যাগ করিয়া অগ্ন্যাদিরূপে প্রজাপতিকে জানেন, তিনি প্রজাপতির স্বরূপ প্রাপ্ত হন এবং তাঁহার বৈরি বিনষ্ট হইয়া যায়।

৮। তে হোচুঃ ক নু সোঽভূদ্যো ন ইত্থমসক্তেত্যয়মাস্যেঽন্তরিতি সোঽয়াস্য আঙ্গিরসোঽঙ্গানাং হি রসঃ ॥

ব্যাখ্যা। তে (মুখ্যপ্রাণেন প্রাপিতদেবতাবাঃ প্রজাপতিপ্রাণাঃ) হ উচুঃ,—যঃ নঃ ইত্থম্ (পূর্বোক্তপ্রকারেণ) অসক্ত (আত্মত্বেন দেবভাবং গমিতবান্) সঃ ক (কস্মিন্) নু (বিতর্কে) অভূৎ? ইতি [বিচার্য্য] অয়ম্ (মুখ্যঃ প্রাণঃ) আস্যে (মুখে) [যঃ আকাশঃ তস্মিন্ প্রত্যক্ষঃ বর্ত্ততে ইত্যনুভূয়তে বাগাদিভিঃ প্রাণৈঃ অস্মাভিঃ]; ইতি (হেতোঃ) সঃ (মুখ্যঃ প্রাণঃ) অয়াস্যঃ (অয়ম্ আস্যে); [অতএব] আঙ্গিরসঃ (অঙ্গানাং কার্য্যকরণরূপাণাং রসঃ সারঃ আত্মা) হি (যতঃ) [সঃ] অঙ্গানাং (কার্য্যাদিলক্ষণানাং) রসঃ (সারঃ) [তদ্বিয়োগে দেহাদীনাং শোষাদিপ্রাপ্তেঃ]।

অনুবাদ। সেই প্রজাপতির সাত্ত্বিকবৃত্তি ইন্দ্রিয়গণ পরস্পর এইরূপ কথোপকথন করিয়াছিলেন যে, যিনি আমাদিগকে উক্তরূপে দেবভাব লাভ করাইয়াছেন; "তিনি কোথায়"? পরে তাঁহারা এই রূপ বিচার করিয়া মুখের অভ্যন্তরস্থিত আকাশে মুখ্য প্রাণকে প্রত্যক্ষ অনুভব করিলেন। এইজন্যই তিনি অয়াস্য আত্মা, এবং সমস্ত দেহ ও ইন্দ্রিয়ের সারভূত বলিয়া আঙ্গিরসপদবাচ্য। [আত্মা সর্ব্বত্র বিদ্যমান থাকিলেও মুখবিবরস্থ আকাশমধ্যেই আত্মার উপলব্ধির স্থান, তজ্জন্য ইহার নাম "অয়াস্য,"] আর আত্মার সম্বন্ধাভাব হইলে দেহাদি নষ্ট হইয়া যায়, এই জন্য আঙ্গিরস বলিয়া নিরূপিত হইয়াছেন।

৯। সা বা এষা দেবতা দূর্নাম দূরংহ হ্যস্যা মৃত্যুর্দূরংহ বা অস্মান্ মৃত্যুর্ভবতি য এবং বেদ॥

ব্যাখ্যা। সা এষা (পূর্ব্বোক্তা মুখ্যপ্রাণাখ্যা) দেবতা বৈ দূর্নাম (দূরনাম্না প্রখ্যাতা); হি (যতঃ) মৃত্যুঃ (আসক্তি-লক্ষণঃ পাপ্মা সমীপস্থং মরণং বা) অস্যাঃ দূরম্ (দূরে) [গচ্ছতি,

তস্মাৎ] ; যঃ [কশ্চিৎ] এবম্ (উক্তরূপেণ মুখ্যপ্রাণস্য দূর্নামত্বম্) বেদ (জানাতি) ; অস্মাৎ [আসঙ্গাদিরূপঃ মৃত্যুঃ] দূরম্ (দূরে) ভবতি হ বৈ (এব) ॥

অনুবাদ। সেই পূর্ব্বোক্ত প্রাণদেবতা দূর্নামে অভিহিত হইয়াছেন, যেহেতু বিষয়-ভোগাসক্তিরূপ পাপ অথবা আসন্ন মরণও এই প্রাণদেবতা হইতে দূরে অবস্থান করে। এইজন্য যে ব্যক্তি মুখ্যপ্রাণের দূর্নামত্ব অবগত হন, সেই জ্ঞানী ব্যক্তি হইতে উক্ত মৃত্যু দূরে অবস্থান করে, অর্থাৎ পাপ বা মরণ তাঁহার নিকটে আসিতে পারে না।

১০। সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্য যত্রাসাং দিশামন্তস্তদ্গময়াঞ্চকার তদাসাং পাপ্মনো বিন্যদধাত্তস্মান্ন জনমিয়ান্নান্তমিয়ান্নেৎ পাপ্মানং মৃত্যুমন্ববায়ানীতি।

ব্যাখ্যা। সা বৈ (প্রসিদ্ধৌ) এষা (মুখ্যপ্রাণাখ্যা) দেবতা, এতাসাং (বাগাদীনাং) দেবতানাং পাপ্মানং (ভোগাসক্তিরূপম্) মৃত্যুম্ অপহত্য (অপচ্ছিদ্য) যত্র [যস্মিন্

অনার্য্যলোকায়তিকাদিসেবিতে স্থানে) আসাং (প্রাচ্যাদীনাং) দিশাম্ অন্তঃ (অবসানং) তৎ (তত্র স্থানে) [পাপলক্ষণং মৃত্যুম্] গময়াঞ্চকার তৎ আসাং (দেবতানাং) পাপ্মনঃ বিন্যদধাৎ (নানাপ্রকারেণ স্থাপিতবতী); তস্মাৎ (কারণাৎ)। [কশ্চিদপি] জনং (অন্ত্যং জনম্) ন ইয়াৎ (গচ্ছেৎ, সম্ভাষণাদিভিঃ সংসর্গং কুর্য্যাৎ); [তথা] অন্তং (দিগন্তশব্দবাচ্যং নাস্তিকাদিজনবাসস্থানং) ন ইয়াৎ (গচ্ছেৎ); "নেৎ" [ভয়ার্থে নিপাতঃ]; [তৎস্থানজনসংসর্গকৃতে, অহম্] পাপ্মানং মৃত্যুম্ অন্ববায়ানি (অনুগচ্ছেয়ম্)।

অনুবাদ। সেই মুখ্যপ্রাণরূপ দেবতা উক্তবাগাদিদেবতাসম্বন্ধীয় পাপরূপ মৃত্যুকে বাগাদি হইতে বিভিন্ন করিয়া, যেখানে পূর্ব্বাদি দিকের শেষ হইয়াছে, অর্থাৎ যেখানে শাস্ত্রজ্ঞানরহিত অনার্য্যনাস্তিকাদির বাসস্থান, সেইখানে প্রেরণ করিলেন। সেখানে বাগাদি ইন্দ্রিয়ের ভোগাসক্তিজনিত পাপসকল নানাপ্রকারে সংস্থাপন করিলেন; সেইজন্য কোন ব্যক্তি উক্তদেশীয় লোকের সহিত সম্ভাষণাদিদ্বারাও সংসর্গ করিবে না। "নেৎ" শব্দটী ভয়দ্যোতক, আমি

সেই লোকের এবং সেই স্থানের সংসর্গ করিলে নিশ্চয়ই পাপরূপ মৃত্যু-গ্রাসে নিপতিত হইব, এইরূপ ভয় করিয়াই সেই স্থানের লোক এবং তৎস্থানের সঙ্গে কোনরূপ সম্বন্ধ রাখিবে না।

১১। সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্যাথৈনা মৃত্যুমত্যবহৎ ॥

ব্যাখ্যা। সা বৈ এষা (মুখ্যপ্রাণলক্ষণা) দেবতা এতাসাং (বাগাদীনাং) দেবতানাম্ পাপ্মানং মৃত্যুম্ অপহত্য (অপচ্ছিদ্য) অথ (পশ্চাৎ) এনাঃ (বাগাদিদেবতাঃ) মৃত্যুম্ পাপ্মানম্) অতীত্য (অতিক্রম্য) অবহৎ (স্বং স্বম্ অগ্ন্যাদিদেবতাস্বরূপং প্রাপয়ৎ)।

অনুবাদ। সেই মুখ্যপ্রাণদেবতা, বাগাদি দেবতাগণের পাপরূপ মৃত্যুকে দূর করিয়া, পরে অমররূপে তাহাদিগকে নিজ নিজ অগ্নিপ্রভৃতি দেবভাবে উপনীত করিয়াছিলেন।

১২। স বৈ বাচমেব প্রথমামত্যবহৎ সা যদা

মৃত্যুমত্যমুচ্যত সোঽগ্নিরভবৎ সোঽয়মগ্নিঃ পরেণ মৃত্যু-মতিক্রান্তো দীপ্যতে ॥

ব্যাখ্যা। সঃ (প্রাণঃ) বৈ প্রথমাম্ (উদ্গীথকর্ম্মণি ইতরকরণাপেক্ষয়া প্রধানাম্) বাচম্ এব অত্যবহৎ (বহনং কৃতবান্, পাপ্মানম্ অতীত্য দেবত্বম্ অগময়ৎ ইত্যর্থঃ); সা (বাক্) যদা (যস্মিন্‌কালে) মৃত্যুম্ (পাপ্মরূপম্) অত্যমুচ্যত (অতিক্রম্য মোচিতা স্বয়মেব); [তদা] সঃ অগ্নিঃ অভবৎ। সঃ অয়ম্ অগ্নিঃ মৃত্যুম্ (পাপ্মলক্ষণম্) অতিক্রান্তঃ পরেণ (মৃত্যোঃ পরস্তাৎ) দীপ্যতে।

অনুবাদ। সেই মুখ্যপ্রাণ উদ্গীথ ক্রিয়ার প্রধান সাধন বাগদেবতাকেই প্রথমে দেবত্ব লাভ করাইয়াছিলেন, যখন সেই বাগ্‌দেবতা পাপাসক্তিকে অতিক্রম করিয়া তাহা হইতে মুক্ত হইলেন, তখন তিনি অগ্নিস্বরূপ হইলেন। সেই অগ্নি পাপাসক্তিকে অতিক্রম করিয়া নিষ্পাপরূপে দীপ্তি পাইতে লাগিলেন। পাপবিমোচনের পূর্ব্বে পাপাসক্তিদ্বারা আবৃত ছিল বলিয়া তাঁহার ঈদৃশ দীপ্তি ছিল না; বর্ত্তমানে পাপাবসানে দীপ্তির প্রকাশ হইল।

১৩। অথ প্রাণমত্যবহৎ স যদা মৃত্যুমত্যমুচ্যত স বায়ুরভবৎ সোঽয়ং বায়ুঃ পরেণ মৃত্যুমতিক্রান্তঃ পবতে॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [সঃ মুখ্যঃ প্রাণঃ] প্রাণম্ (ঘ্রাণেন্দ্রিয়রূপম্) অত্যবহৎ, সঃ (ঘ্রাণেন্দ্রিয়রূপঃ প্রাণঃ) যদা মৃত্যুম্ অত্যমুচ্যত [তদা] সঃ (ঘ্রাণেন্দ্রিয়রূপ প্রাণঃ) বায়ুঃ অভবৎ। সঃ অয়ং বায়ুঃ মৃত্যুম্ (পাপসঙ্গরূপম্) অতিক্রান্তঃ পরেণ (মৃত্যোঃ পরস্তাৎ) পবতে (প্রবহতি)।

অনুবাদ। অনন্তর সেই মুখ্যপ্রাণ ঘ্রাণেন্দ্রিয়কে সমস্ত পাপ হইতে বিমুক্ত করিয়া দেবভাব লাভ করাইয়াছিলেন। সেই ঘ্রাণেন্দ্রিয়রূপ প্রাণ যখন আসক্তিরূপ পাপ হইতে বিমুক্ত হইলেন, তখন সেই প্রাণদেবতা বায়ুরূপ হইলেন। সেই বায়ু পাপাসক্তিরূপ মৃত্যুকে অতিক্রম করিয়া নিষ্পাপরূপে প্রবহন ক্রিয়া সম্পাদন করিতে লাগিলেন।

১৪। অথ চক্ষুরত্যবহত্তদ্যদা মৃত্যুমত্যমুচ্যত স আদিত্যোঽভবৎ সোঽসাবাদিত্যঃ পরেণ মৃত্যুমতিক্রান্তস্তপতি॥

ব্যাখ্যা। অথ [সঃ মুখ্যঃ প্রাণঃ] চক্ষুঃ (ইন্দ্রিয়ম্) অত্যবহৎ (পাপ্মানম্ অতীত্য দেবত্বং প্রাপয়ৎ); তৎ (চক্ষুঃ) যদা মৃত্যুম্ (পাপলক্ষণম্) অত্যমুচ্যত [তদা] সঃ আদিত্যঃ অভবৎ। অসৌ আদিত্যঃ মৃত্যুম্ অতিক্রান্তঃ [ভূত্বা] পরেণ তপতি।

অনুবাদ। অতঃপর মুখ্যপ্রাণ চক্ষুরিন্দ্রিয়কে পাপরূপ মৃত্যু হইতে বিমুক্ত করিয়া দেবভাব সম্পাদন করিয়াছিলেন। যখন চক্ষুঃ পাপরূপ মৃত্যুকে অতিক্রম করিয়াছিল, তখনই আদিত্যস্বরূপ প্রাপ্ত হইয়াছিল; আদিত্য মৃত্যু অতিক্রম করিয়া নিষ্পাপরূপে তাপ দান করিতেছেন।

১৫। অথ শ্রোত্রমত্যবহত্তদ্যদা মৃত্যুমত্যমুচ্যত তা দিশোঽভবংস্তা ইমা দিশঃ পরেণ মৃত্যুমতিক্রান্তাঃ ॥

ব্যাখ্যা। অথ [সঃ মুখ্যঃ প্রাণঃ] শ্রোত্রম্ অত্যবহৎ তৎ (শ্রোত্রম্) যদা মৃত্যুম্ অত্যমুচ্যত [তদা] তাঃ দিশঃ অভবন্; তাঃ ইমাঃ দিশঃ মৃত্যুম্ অতিক্রান্তাঃ পরেণ [অবতিষ্ঠন্তে]।

অনুবাদ। তাহার পর মুখ্য প্রাণ শ্রোত্রকে পাপ হইতে বিমুক্ত করিয়া দেবভাব লাভ করাইয়াছিলেন। সেই শ্রোত্রেন্দ্রিয় যখন পাপ-লক্ষণ মৃত্যুকে অতিক্রম করিয়া বিমুক্ত হইল, তখন শ্রোত্রই দিক্‌সমূহ হইয়াছিল; এই দিক্‌ সকল মৃত্যুকে অতিক্রম করিয়া নিষ্পাপরূপে অবস্থিত আছে।

১৬। অথ মনোঽত্যবহত্তদ্‌যদা মৃত্যুমত্যমুচ্যত স চন্দ্রমা অভবৎ সোঽসৌ চন্দ্রঃ পরেণ মৃত্যুমতিক্রান্তো ভাত্যেবং হ বা এনমেষা দেবতা মৃত্যুমতিবহতি য এবং বেদ॥

ব্যাখ্যা। অথ [মুখ্যঃ প্রাণঃ] মনঃ অত্যবহৎ; তৎ (মনঃ) যদা মৃত্যুম্‌ অত্যমুচ্যত, [তদা তন্মনঃ এব] সঃ (প্রসিদ্ধঃ) চন্দ্রমাঃ অভবৎ। সঃ অসৌ চন্দ্রঃ মৃত্যুম্‌ অতিক্রান্তঃ পরেণ ভাতি। যঃ এবং (উক্তপ্রকারং বাগাদিপঞ্চকবিশিষ্টং মুখ্যং প্রাণং) বেদ; এষা (মুখ্যপ্রাণরূপা) দেবতা এবং (পূর্বযজমানবৎ) এনম্‌ (বর্ত্তমানযজমানম্‌) [অপি] মৃত্যুম্‌ (পাপ্মলক্ষণম্‌) হ বৈ অতিবহতি (অতিক্রম্য দেবভাবং প্রাপয়তি)।

অনুবাদ। অতঃপর মুখ্যপ্রাণ মনকে পাপ হইতে বিমুক্ত করিয়া দেবভাব লাভ করাইয়াছিলেন। যখন সেই মনঃ ভোগাসক্তিরূপ পাপ হইতে নিষ্কৃতি লাভ করিলেন; তখন তিনি প্রসিদ্ধ চন্দ্র হইলেন। সেই চন্দ্র উক্ত মৃত্যু হইতে মুক্তিলাভ করিয়া প্রকাশ পাইতে লাগিলেন। যে যজমান পূর্ব্বোক্ত প্রকারে বাগাদি পঞ্চ ইন্দ্রিয়বিশিষ্ট মুখ্য প্রাণকে জানেন; মুখ্যপ্রাণদেবতা পূর্ব্বযজমানের ন্যায় তাঁহাকেও পাপ হইতে বিমুক্ত করিয়া দেবভাব দান করিয়া থাকেন।

১৭। অথাত্মনেঽন্নাদ্যমাগায়দ্‌যদ্ধি কিঞ্চান্নমদ্যতেঽনেনৈব তদদ্যত ইহ প্রতিতিষ্ঠতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) আত্মনে (আত্মার্থম্) অন্নাদ্যম্ (ভোজনীয়ম্ অন্নম্) আগায়ৎ হি (যস্মাৎ) [জীবৈঃ] যৎকিঞ্চ (যৎ কিঞ্চিৎ) অন্নম্ (খাদ্যম্) অদ্যতে (ভক্ষ্যতে), অনেন (মুখ্যপ্রাণেন) এব তৎ (অন্নম্) অদ্যতে; [কিঞ্চ ন কেবলং প্রাণেন অদ্যতে] ইহ (শরীরাকারপরিণতে অন্নাদৌ) [সঃ

প্রাণঃ] প্রতিতিষ্ঠতি। [প্রাণস্য অন্নভোজনং প্রাণধারণার্থং তেন ন আসঙ্গদোষঃ]।

অনুবাদ। যেরূপ বাগাদি ইন্দ্রিয়গণ গান করিয়াছিলেন, মুখ্যপ্রাণও সেইরূপ গান করিয়া পরে নিজের জন্য ভোজনীয় অন্নের গান করিলেন। যেহেতু প্রাণিগণ যে অন্ন ভোজন করে, মুখ্যপ্রাণ তাহাই ভোজন করেন। কেবল যে তিনি ভোজন করেন, তাহা নহে, অন্ন-বিকাররূপ এই দেহেও অবস্থান করেন। মুখ্যপ্রাণের অন্নভোজন প্রাণধারণের জন্য, তাহাতে বাগাদির ন্যায় আসক্তিদোষ হইতে পারে না।

১৮। তে দেবা অব্রুবন্নেতাবদ্বা ইদꣳ সর্বং যদন্নং তদাত্মন আগাসীরনু নোঽস্মিন্নন্ন আভজস্বেতি তে বৈ মাভিসংবিশতেতি তথেতি তꣳ সমন্তং পরিণ্য-বিশন্ত। তস্মাদ্যদনেনান্নমত্তি তেনৈতাস্তৃপ্যন্ত্যেবꣳ হ বা এনꣳ স্বা অভিসংবিশন্তি ভর্তা স্বানাꣳ শ্রেষ্ঠঃ পুর এতা ভবত্যন্নাদোঽধিপতির্য এবং বেদ য উ হৈবং-বিদꣳ স্বেষু প্রতিপ্রতির্বুভূষতি ন হৈবালং ভার্য্যেভ্যো

ভবত্যথ য এবৈতমন্নুভবতি যো বৈ তমন্নুভাগীয়ান্ বুভূর্ষতি ন হৈবালং ভার্য্যেভ্যো ভবতি ॥

ব্যাখ্যা। তে (বাগাদয়ঃ দেবাঃ) [মুখ্যং প্রাণম্] অব্রুবন্, ইদং সর্ব্বম্ এতাবৎ [এব] বৈ [কিম্ ইত্যাহ লোকে প্রাণরক্ষার্থম্] যৎ অন্নম্ [অদ্যতে,] তৎ (অন্নম্) আত্মনে আগাসীঃ (আগীতবান্ অসি); [বয়ম্ অন্নং বিনা স্থাতুং ন শক্তাঃ ভবামঃ, অতঃ] অনু (পশ্চাৎ) নঃ আভজস্ব (আভাজয়স্ব অন্নভাগিনঃ কুরু) ইতি; [মুখ্যঃ প্রাণঃ আহ] তে (যূয়ম্) বৈ (যদি) [অন্নার্থিনঃ ভবত তর্হি] মা (মাম্) অভিসংবিশত (সমন্ততঃ নিবিশত) ইতি [উক্তবতি প্রাণে, বাগাদয়ঃ] তথা [অস্তু] ইতি [উক্ত্বা] তং (মুখ্যং প্রাণম্) পরিসমন্বম্ (পরিসমন্তাৎ সর্ব্বতঃ) ন্যবিশন্ত (নিশ্চয়েন আবিশন্ত প্রবিষ্টবন্তঃ ইত্যর্থঃ)। তস্মাৎ (হেতোঃ) অনেন (প্রাণেন) যদ্ অন্নম্ অত্তি [লোকঃ ইতি শেষঃ]; তেন (অন্নভোজনেন) এতাঃ (বাগাদ্যাঃ দেবতাঃ) তৃপ্যন্তি। যঃ (জনঃ) এবং (বাগাদ্যাশ্রয়ং প্রাণং) বেদ, এনং (উপাসকং) হ বৈ স্বাঃ (জ্ঞাতয়ঃ) এবম্ (বাগাদয়ঃ ইব) অভিসংবিশন্তি (আশ্রয়ং কুর্ব্বন্তি), স্বানাম্ (জ্ঞাতীনাম্) [স্বান্নেন] ভর্ত্তা ভবতি; [তথা] শ্রেষ্ঠঃ [তুষ্টা] পুরঃ (অগ্রতঃ) এতা (গন্তা (ভবতি) [তথা] অন্নাদঃ (অন্নভক্ষকঃ)

অধিপতিঃ (পালয়িতা) ভবতি। [কিঞ্চ] যেষু (জ্ঞাতিষু) যঃ উ হ এবংবিদঃ (প্রাণবিদঃ প্রতি), প্রতিঃ (প্রতিকূলঃ) বুভূষতি (প্রতিস্পৰ্দ্ধী ভবিতুমিচ্ছতি) [সঃ] ভার্য্যেভ্যঃ (ভরণীয়েভ্যঃ) ন হ এব (নৈব) [ভর্ত্তুম্] অলম্ (সমর্থঃ) ভবতি। অথ [পুনঃ] যঃ এব এতম্ (প্রাণবিদম্) অনু (অনুগতঃ) ভবতি; যঃ বা এতম্ (প্রাণবিদম্) অনু (অনুবর্ত্তয়ন্) [এব] ভার্য্যান্ (ভরণীয়ান্ আত্মীয়ান্) বুভূর্ষতি (ভর্ত্তুমিচ্ছতি) সঃ হ এব ভার্য্যেভ্যঃ (ভরণীয়েভ্যঃ) [ভর্ত্তুম্] অলম্ (সমর্থঃ) ভবতি।

অনুবাদ। সেই বাগাদি দেবতাগণ মুখ্যপ্রাণকে বলিলেন,লোকে প্রাণরক্ষার জন্য যে অন্ন ভোজন করে, তাহাই তুমি আত্মার্থে গান করিতেছ। আমরা অন্নব্যতীত অবস্থান করিতে পারি না, অতএব ইহার পর আমাদিগকে তোমার অন্নের ভাগী কর। মুখ্যপ্রাণ বলিলেন, যদি তোমরা অন্নপ্রার্থী হইয়া থাক, তবে সর্ব্বতোভাবে আমার আশ্রয় গ্রহণ কর। প্রাণদেবতা এই কথা বলিলে বাগাদি ইন্দ্রিয়গণ "তাহাই হইবে" বলিয়া, সর্ব্বতোভাবে সেই মুখ্যপ্রাণে প্রবিষ্ট হইলেন। সেই হেতু প্রাণিগণ প্রাণের দ্বারা

যাহা ভোজন করে, তাহাতে বাগাদি ইন্দ্রিয়গণ পরিতৃপ্ত হন। যে ব্যক্তি বাগাদির আশ্রয়রূপে মুখ্য-প্রাণকে জানেন, তাঁহার জ্ঞাতিগণ বাগাদির ন্যায় তাঁহাকে আশ্রয় করেন। তিনিও স্বীয় জ্ঞাতি-গণের পোষণকর্ত্তা, শ্রেষ্ঠ ও অগ্রণী হইয়া অন্নভক্ষক এবং পালনকর্ত্তা হন। পরন্তু স্বীয় জ্ঞাতিগণের মধ্যে যিনি প্রাণবিদ্ ব্যক্তির উপর প্রতিকূল হইয়া স্পর্দ্ধাযুক্ত হইতে ইচ্ছা করেন, তিনি কখনও পোষ্যবর্গকে পোষণ করিতে সমর্থ হন না। পুনরায় যিনি এই প্রাণবিদ্ ব্যক্তির অনুগত এবং অনুবর্ত্তী হইয়া পোষ্যবর্গকে ভরণ করিতে অভিলাষী হন, তিনি নিশ্চয়ই ভরণীয় আত্মীয়দিগকে পোষণ করিতে সমর্থ হন।

১৯। সোহয়াস্য আঙ্গিরসোঽঙ্গানাং হি রসঃ প্রাণো বা অঙ্গানাং রসঃ প্রাণো হি বা অঙ্গানাং রসস্তস্মাদ্‌যস্মাৎকস্মাচ্চাঙ্গাৎ প্রাণ উৎক্রামতি তদেব তচ্ছুষ্যত্যেষ হি বা অঙ্গানাং রসঃ॥

ব্যাখ্যা। সঃ অয়াস্যঃ আঙ্গিরসঃ অঙ্গানাং হি রসঃ, প্রাণঃ বৈ (এব) অঙ্গানাং রসঃ, হি প্রাণঃ বৈ অঙ্গানাং রসঃ [দ্বিরুক্তিঃ, প্রাণঃ এব আত্মা স চ দেহেন্দ্রিয়াণাং সারঃ ইত্যস্য দৃঢ়তাপ্রতিপাদনায়]। তস্মাৎ (হেতোঃ) যস্মাৎ কস্মাৎ চ (যতঃ কুতশ্চিৎ) অঙ্গাৎ প্রাণঃ উৎক্রামতি তদেব (তত্রৈব) তৎ (প্রাণরহিতম্ অঙ্গং) শুষ্যতি, হি (যতঃ) এষঃ (মুখ্যঃ প্রাণঃ) বৈ অঙ্গানাং রসঃ। [বাগাদীন্ অপাস্য মুখ্যঃ প্রাণঃ এব উপাস্যঃ ইতি সমুদয়ার্থঃ]।

অনুবাদ। সেই মুখ্য প্রাণ, মুখবিবরস্থিত আকাশে আছেন বলিয়া "অয়াস্য" এবং সমুদায় অঙ্গের সারভূত বলিয়া আঙ্গিরসপদবাচ্য হইয়াছেন। মুখ্য প্রাণই দেহেন্দ্রিয়াদির সারভূত আত্মা; তিনিই অঙ্গসমষ্টির একমাত্র রস, সেইজন্য প্রাণ যে কোন অঙ্গ পরিত্যাগ করেন, সেই অঙ্গই শুষ্ক হইয়া যায়।

২০। এষ উ এব বৃহস্পতির্বাগ্ বৈ বৃহতী তস্যা এষ পতিস্তস্মাদু বৃহস্পতিঃ॥

ব্যাখ্যা। এষঃ (মুখ্যঃ প্রাণঃ) উ এব বৃহস্পতিঃ। [কথম্? ইত্যাহ] বাক্ বৈ বৃহতী (বৃহতীছন্দঃ ষট্‌ত্রিংশদক্ষরা) তস্যাঃ (বৃহতীচ্ছন্দোরূপায়াঃ ঋগাখ্যায়াঃ বাচঃ) এষঃ (মুখ্যঃ প্রাণঃ) পতিঃ (নির্বর্তকঃ)।

অনুবাদ। এই প্রাণই বৃহস্পতিপদ-বাচ্য ; কারণ ঋক্‌মন্ত্ররূপ বাক্যই ষট্‌ত্রিংশৎ-অক্ষরাত্মক বৃহতীচ্ছন্দঃ এবং প্রাণ সেই বৃহতীচ্ছন্দোনিবদ্ধ ঋক্‌মন্ত্রসমুদায়ের উচ্চারণ সম্পাদন করেন বলিয়া তাহার পতি বা নির্ব্বাহক। তিনি তাহার সম্পাদক বলিয়াই বৃহস্পতিশব্দে অভিহিত হইয়াছেন।

২১। এষ উ এব ব্রহ্মণস্পতির্বাগ্‌ বৈ ব্রহ্ম তস্যা এষ পতিস্তস্মাদু ব্রহ্মণস্পতিঃ॥

ব্যাখ্যা। তথা যজুষামপি আত্মা প্রাণঃ ইত্যাহ]। এষঃ (মুখ্যঃ প্রাণঃ) উ এব ব্রহ্মণস্পতিঃ [কথম্‌ ইত্যাহ] বাগ্‌ বৈ ব্রহ্ম (যজুঃ) [তচ্চ বাগ্বিশেষঃ ততঃ বাগেব যজুঃ], তস্যাঃ (যজুরূপায়াঃ বাচঃ) পতিঃ তস্মাৎ (হেতোঃ) উ [অয়ং প্রাণঃ] ব্রহ্মণস্পতিঃ (ব্রহ্ম-যজুঃ তস্য পতিঃ নির্ব্বর্ত্তকঃ) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। এরূপ যজুর্ব্বেদীয় মন্ত্রসমূহেরও আত্মা প্রাণ, মুখ্যপ্রাণই ব্রহ্মণস্পতি। বাক্‌ই যজুঃ এবং তিনিই সেই যজুর্ব্বেদীয় মন্ত্রসকলের

সম্পাদক। সুতরাং মুখ্যপ্রাণই ব্রহ্মণস্পতি অর্থাৎ ব্রহ্মযজুর্ব্বেদ তাহার সম্পাদক।

২২। এষ উ এব সাম বাগ্ বৈ সামৈষ সা চামশ্চেতি তৎসাম্নঃ সামত্বম্। যদ্বেব সমঃ প্লুষিণা সমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভির্লোকৈঃ সমোঽনেন সর্ব্বেণ তস্মাদ্বেব সামাশ্নুতে সাম্নঃ সাযুজ্যং সলোকতাং জয়তি য এবমেতৎ সাম বেদ॥

ব্যাখ্যা। [তথা সাম্নামপি আত্মা প্রাণঃ ইত্যাহ]: এষঃ (প্রাণঃ) উ এব সাম [কথম্ ? ইত্যাহ] বাগ্ বৈ চ সা এষঃ (প্রাণঃ) চ অমঃ [সর্ব্বপুংশব্দাভিধেয়বস্তুবিষয়ো হি অমশব্দঃ] ইতি [বাক্প্রাণাভিধানভূতঃ অয়ং "সাম" শব্দঃ]; তৎ (তস্মাৎ) সাম্নঃ সামত্বম্ (তৎপ্রগীতত্বম্) [ভুবীতি শেষঃ]। যৎ (যতঃ) উ এব [প্রাণঃ] প্লুষিণা (পুত্তিকাশরীরেণ) সমঃ, মশকেন সমঃ, নাগেন সমঃ, [কিং বহুনা] এভিঃ ত্রিভিঃ লোকৈঃ (প্রাজাপত্যেন ত্রৈলোক্যশরীরেণ) সমঃ; অনেন (জগদ্রূপেণ) সর্ব্বেণ (হৈরণ্যগর্ভেণ) সমঃ; তস্মাৎ (হেতোঃ) উ এব সাম (সামশব্দবাচ্যঃ প্রাণঃ)। যঃ (সাধকঃ) এতৎ সাম এবং (সামাখ্যং প্রাণম্) বেদ; [সঃ] সাম্নঃ (প্রাণস্য) সাযুজ্যং সলোকতাম্ অশ্নুতে (ব্যাপ্নোতীত্যর্থঃ)।

তোহয়াস্য আঙ্গিরসোহন্যেনোদগায়দিতি বাচা চ হ্যেব স প্রাণেন চোদগায়দিতি ॥

ব্যাখ্যা। তৎ (তত্র উক্তে অর্থে) হ অপি (আখ্যায়িকাপি) [শ্রূয়তে ইতি শেষঃ] চৈকিতানেয়ঃ ব্রহ্মদত্তঃ (তন্নামধেয়ঃ মুনিঃ) রাজানং (যজ্ঞিয়ং সোমং) ভক্ষয়ন্ উবাচ, [ময়া] অয়ং (ভক্ষমাণঃ চমসস্থঃ) রাজা (সোমঃ) ত্যস্য (তস্যমম) মূর্দ্ধানং (মস্তকং) বিপাতয়তাৎ (বিস্পষ্টং পাতয়তু); যৎ (যদি) অয়াস্য আঙ্গিরসঃ (উদ্গাতা) [সঃ চ পূর্বর্ষীণাং যজ্ঞে মুখ্যপ্রাণাভিধায়কেন অয়াস্যাঙ্গিরসশব্দেনাভিধীয়তে], ইতঃ (অস্মাৎ বাক্‌সংযুক্তাৎ প্রাণাৎ) অন্যেন (দেবতান্তরেণ) উদগায়ৎ ইতি।

অনুবাদ। উক্ত বিষয়ে এইরূপ একটী আখ্যায়িকাও আছে, যথা—চিকিতায়ন ঋষির পৌত্র ব্রহ্মদত্তনামক মুনি যজ্ঞিয় সোমরস পান করিতে করিতে বলিয়াছিলেন, যদি উদ্গাতা এই বাক্‌সংযুক্ত প্রাণব্যতীত অপর কোনও দেবতাবিষয়ে উদ্গান করিয়া থাকেন, তাহা হইলে এই চমসস্থিত সোম-রস, সোমপায়ী আমি, আমার শিরঃপাত করুন।

২৫। তস্য হৈতস্য সাম্নো যঃ স্বং বেদ ভবতি

হাস্য স্বং তস্য বৈ স্বর এব স্বং তস্মাদার্ত্বিজ্যং করিষ্যন্ বাচ স্বরমিচ্ছেত তয়া বাচা স্বরসম্পন্নয়ার্ত্বিজ্যং কুর্য্যাত্তস্মাদ্ যজ্ঞে স্বরবন্তং দিদৃক্ষন্ত এবাহথো যস্য স্বং ভবতি, ভবতি হাস্য স্বং য এবমেতৎ সাম্নঃ স্বং বেদ ॥

ব্যাখ্যা। যঃ (জনঃ) তস্য হ এতস্য সাম্নঃ স্বং (ধনং) বেদ; অস্য (প্রাণধনবিজ্ঞাতুঃ জনস্য) হ (নিশ্চয়ে) স্বং (ধনং) ভবতি। তস্য বৈ স্বরঃ (কণ্ঠগতং মাধুর্য্যম্) স্বং (ধনং) [ভবতি]; তস্মাৎ (হেতোঃ) আর্ত্বিজ্যং (ঋত্বিক্কর্ম উদ্‌গানং) করিষ্যন্ [উদ্‌গাতা] বাচি (বাগ্-বিষয়ে) [বাগাশ্রিতং] স্বরম্ ইচ্ছেত (ইচ্ছেৎ) [উদ্‌গাতা সাম্নঃ ধনবত্তাং স্বরেণ চিকীর্ষুঃ সুস্বরত্বং সাধয়েৎ]। তয়া স্বর-সম্পন্নয়া (মাধুর্য্যযুক্তয়া) বাচা আর্ত্বিজ্যং কুর্য্যাৎ [উদ্‌গাতা ইতি শেষঃ]। [যস্মাৎ তেন স্বরেণ ভূষিতং সাম] তস্মাৎ এব যজ্ঞে স্বরবন্তং (উৎগাতারম্) দিদৃক্ষন্তে (দ্রষ্টুমিচ্ছন্তি) [জনাঃ ইতি শেষঃ]। অথো যস্য স্বং (ধনং) ভবতি [তং ধনিনং দ্রষ্টুমিচ্ছন্তি, যথা তথা ইত্যর্থঃ]। যঃ সাম্নঃ এতৎ স্বম্ (স্বরমাধুর্য্যম্) এবম্ (উক্তপ্রকারেণ) বেদ; [তস্য] অস্য (বেদিতুঃ) হ স্বং (ধনং) ভবতি।

অনুবাদ। স্বরের মাধুর্য্যই প্রাণের ধন; যে ব্যক্তি সেই সামশব্দবাচ্য প্রাণের ধন

জানেন; তাঁহার নিশ্চয়ই ধনপ্রাপ্তি হয়। যিনি উদ্‌গানরূপ ঋত্বিক্ কর্ম্ম করিবেন, তিনি নিশ্চয়ই বাক্যে স্বরমাধুর্য্য সম্পাদন করিতে যত্নবান্ এবং মাধুর্য্যযুক্ত বাক্যদ্বারা ঋত্বিক্ কর্ম্ম করিতে সমর্থ হইবেন। এইজন্য লোক যজ্ঞে সকলেই সুস্বরযুক্ত উদ্‌গাতাকে দেখিতে অভিলাষী হন। লোকেও বলিয়া থাকে যে, যাঁহার ধন আছে, তাঁহাকে যেরূপ সকলেই দেখিতে ইচ্ছা করেন, ইহাও সেইরূপ। যিনি সামের ধন অর্থাৎ স্বরমাধুর্য্য উক্তরূপে জানেন, তিনি স্বরমাধুর্য্যধনে ধনী হইয়া থাকেন।

২৬। তস্য হৈতস্য সাম্নো যঃ সুবর্ণং বেদ ভবতি হাস্য সুবর্ণং তস্য বৈ স্বর এব সুবর্ণং ভবতি হাস্য সুবর্ণং য এবমেতৎ সাম্নঃ সুবর্ণং বেদ ॥

ব্যাখ্যা। [অথ অস্যঃ গুণঃ বিধীয়তে] যঃ (জনঃ) তস্য এতস্য (পূর্ব্বোক্তস্য) সাম্নঃ (প্রাণস্য) হ সুবর্ণং (সুস্বরতাং) বেদ; অস্য (বিজ্ঞাতুঃ) হ সুবর্ণং (লৌকিকঃ বর্ণসৌষ্ঠবং) ভবতি। তস্য (সাম্নঃ) বৈ স্বর এব সুবর্ণম্। যঃ

এবং (উক্তরূপেণ; বেদ; অস্য (বিজ্ঞাতুঃ) হ স্বুবর্ণং ভবতি।

অনুবাদ। যে ব্যক্তি পূর্ব্বোক্ত প্রাণরূপ সামের সুস্বরতা জানেন, তাঁহারও বর্ণের সৌন্দর্য্য লাভ হয়। স্বরই তাঁহার সুবর্ণ। যিনি উক্তরূপে সামের সুস্বরতা অবগত হন, তাঁহার বর্ণের উৎকর্ষ সাধিত হইয়া থাকে।

২৭। তস্য হৈতস্য সাম্নো যঃ প্রতিষ্ঠাং বেদ প্রতি হ তিষ্ঠতি তস্য বৈ বাগেব প্রতিষ্ঠা বাচি হি খল্বেষ এতৎ প্রাণঃ প্রতিষ্ঠিতো গীয়তেঽন্ন ইত্যু হৈক আহুঃ॥

ব্যাখ্যা। যঃ (জনঃ) তস্য এতস্য সাম্নঃ (প্রাণস্য) প্রতিষ্ঠাং বেদ, [সঃ] হ প্রতিতিষ্ঠতি (প্রতিষ্ঠাম্ আপ্নোতি) [কা প্রতিষ্ঠা? ইত্যতঃ আহ] বাক্ এব হ তস্য (সাম্নঃ) বৈ প্রতিষ্ঠা [হি যতঃ] এষঃ প্রাণঃ বাচি (বাঙ্নিমিত্তে) খলু প্রতিষ্ঠিতঃ [সন্] এতৎ (গানং) গীয়তে; একে (অপরে) হ অন্নে [প্রতিষ্ঠিতঃ সন্ গীয়তে] ইতি উ আহুঃ।

অনুবাদ। যে ব্যক্তি সেই সামরূপ প্রাণের প্রতিষ্ঠা অর্থাৎ আশ্রয়স্থান জানেন, তিনি প্রতিষ্ঠা লাভ করেন। বাক্ই তাঁহার প্রতিষ্ঠা।

কেননা এই প্রাণ বাক্‌-নিমিত্তই প্রতিষ্ঠিত হইয়া গান করেন। কেহ কেহ বলেন যে, অন্ননিমিত্ত প্রতিষ্ঠিত হইয়া গান করেন।

২৮। অথাতঃ পবমানানামেবাভ্যারোহঃ স বৈ খলু প্রস্তোতা সাম প্রস্তৌতি স যত্র প্রস্তুয়াত্তদেতানি জপেদসতো মা সদ্‌ গময়, তমসো মা জ্যোতির্গময় মৃত্যোর্মামৃতং গময়েতি স যদাহাসতো মা সদ্‌-গময়েতি মৃত্যুর্বা অসৎ সদমৃতং মৃত্যোর্মামৃতং গময়া-মৃতং মা কুর্বিত্যেবৈতদাহ তমসো মা জ্যোতির্গময়েতি মৃত্যুর্বৈ তমো জ্যোতিরমৃতং মৃত্যোর্মামৃতং গময়ামৃতং মা কুর্বিত্যেবৈতদাহ মৃত্যোর্মামৃতং গময়েতি নাত্র তিরোহিতমিবাস্তি। অথ যানীতরাণি স্তোত্রাণি তেষ্বাত্মনেঽন্নাদ্যমাগায়েত্তস্মাদু তেষু বরং বৃণীত যং কামং কাময়েত তং স এষ এবংবিদুদ্গাতাত্মনে বা যজমানায় বা যং কামং কাময়তে তমাগায়তি তদ্ধৈত-ল্লোকজিদেব ন হৈবালোক্যতায়া আশাস্তি য এব-মেতৎ সাম বেদ ॥

ইতি প্রথমাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্‌ ॥

ব্যাখ্যা। অথ অতঃ (অস্মাৎ) পবমানানাম্ (পবমানাখ্যানাং ত্রয়াণাং যজুর্মন্ত্রাণাম্) অভ্যারোহঃ (অভি আভিমুখ্যেন আরোহন্তি অনেন জপকর্মণা দেবভাবম্ আত্মানম্ ইত্যভ্যারোহঃ মন্ত্রজপকর্ম) [করণীয়তয়া বিধীয়তে]। সঃ বৈ প্রস্তোতা (স্তুতিপাঠকঃ) খলু সাম প্রস্তৌতি (পঠতি); সঃ (প্রস্তোতা) যত্র (যস্মিন্‌কালে) [সাম] প্রস্তুয়াৎ (স্তোতুম্ আরভেত) তৎ (তদা) এতানি (ত্রীণি যজূংষি) জপেৎ (১) অসতঃ (অশাস্ত্রীয়াৎ কর্মণঃ জ্ঞানাচ্চ) ম (মাং) সৎ (শাস্ত্রীয়কর্ম্মবিজ্ঞানে) গময় (আপাদয়); (২) তমসঃ (অজ্ঞানাৎ) মা জ্যোতিঃ (জ্ঞানং) গময় (প্রাপয়); (৩) মৃত্যোঃ (তমসঃ) মা অমৃতম্ (জ্ঞানম্) গময় ইতি। সঃ (মন্ত্রঃ) যৎ আহ (উক্তবান্) অসতঃ মা সদ্ গময় ইতি; [কোঽসাবর্থঃ ইত্যাহ—] মৃত্যুঃ (মৃত্যুনিমিত্তভূতে ব্যাবহারিকজ্ঞানকর্মণী) বৈ অসৎ [অসৎফলজনকত্বাৎ]; অমৃতম (মৃত্যুনিবর্ত্তকে শাস্ত্রীয়জ্ঞানকর্মণী) সৎ [অমরণহেতুত্বাৎ]; [তস্মাৎ] মা মৃত্যোঃ (স্বভাবাসিদ্ধাৎ জ্ঞানাৎ কর্মণশ্চ) অমৃতং গময়, মা অমৃতম্ (অমরণধর্মাণং) কুরু ইত্যেব এতৎ (ব্রাহ্মণম্) আহ। তমসঃ মা জ্যোতিঃ গময়ঃ ইতি [কোঽসাবর্থঃ ইত্যাহ—] মৃত্যুঃ বৈ তমঃ (অজ্ঞানম্) [মরণহেতুত্বাৎ], জ্যোতিঃ (জ্ঞানম্) অমৃতং [অবিনাশিত্বাৎ]: [তস্মাচ্চ] মৃত্যোঃ (অজ্ঞানাৎ) মা অমৃতং গময়, মা অমৃতম্

অমরণধর্মানং) কুরু ইত্যেব এতৎ (ব্রাহ্মণম্) আহ। মৃত্যোঃ (অজ্ঞানাৎ) মা অমৃতম্ গময়—অত্র তিরোহিতমিব নাস্তি। অথ যানি ইতরাণি (শিষ্টানি) স্তোত্রাণি [বিদ্যন্তে], তেষু অন্নাদ্যম্ (অন্নপ্রাপ্তিফলকম্ স্তোত্রম্) আত্মনে (আত্মার্থম্) আগায়েৎ (প্রাণবিদ্ উদ্গাতা প্রাণবদেব উদ্গানং কুর্য্যাৎ)। [যস্মাৎ] সঃ এষঃ উদ্গাতা আত্মনে বা যজমানায় বা যং কামং কাময়তে তম্ (কামম্) আগায়তি (আগানেন সাধয়তি); তস্মাৎ (হেতোঃ) তেষু (যাজমানেষু স্তোত্রেষু) [প্রযুজ্যমানেষু] উ [যজমানঃ] যং কামং কাময়েত তং বরং বৃণীত (প্রার্থয়েত] যঃ এতৎ সাম (প্রাণম্) এবম্ বেদ ; [তস্য ফলম্ উচ্যতে] তৎ এতৎ (কর্মবিযুক্তং প্রাণদর্শনম্) হ লোকজিৎ (প্রাণরূপাত্মলোকসাধনম্) এব [ভবতি], [কদাচ] অলোক্যত্বায় (অলোকার্হত্বায় প্রাণাত্মলাভাভাবায়) আশা (আশংসনং প্রার্থনম্) নৈব হ অস্তি।

অনুবাদ। অতঃপর যজুঃসম্বন্ধীয় মন্ত্রত্রয়ের দেবত্বদায়ক জপরূপ কর্মের বিষয় বলা হইতেছে। স্তুতিপাঠক সামবেদীয় প্রস্তাবনামক মন্ত্র পাঠ করিয়া থাকেন ; তিনি যে সময় স্তুতি পাঠ করিতে আরম্ভ করিবেন, সেই সময় যজুর্ব্বেদীয় এই মন্ত্র তিনটী জপ করিবেন, (১) অশাস্ত্রীয় কর্ম্ম ও জ্ঞান হইতে আমাকে

শাস্ত্রীয় জ্ঞান ও কর্ম্ম লাভ করাও, (২) অজ্ঞান হইতে আমাকে জ্ঞানালোকে লইয়া যাও, (৩) মৃত্যুর কারণস্বরূপ অজ্ঞান হইতে আমাকে অমৃতত্ব প্রদান কর; [প্রথম মন্ত্র দুইটীর অর্থ অবোধ্য বলিয়া শ্রুতি স্বয়ং তাহার ব্যাখ্যা করিতেছেন] স্বাভাবিক জ্ঞান-কর্ম্মই অসৎ [ইহার ফল জন্ম ও মৃত্যু] আর মুক্তির হেতুভূত শাস্ত্রীয় জ্ঞান কর্ম্মই [মৃত্যুর নিবর্ত্তক বলিয়া] সৎ; অতএব আমাকে স্বাভাবিক জ্ঞানকর্ম্ম হইতে শাস্ত্রীয় জ্ঞানকর্ম্ম প্রদান করিয়া অমর কর। অজ্ঞানের কার্য্য মৃত্যু, এইজন্য অজ্ঞানকেই মৃত্যু বলা হইয়াছে; জ্ঞানই অবিনাশী অমৃত, অতএব আমাকে অজ্ঞানরূপ মৃত্যু হইতে অমৃতরূপ জ্ঞানে লইয়া যাও এবং অমর কর। দ্বিতীয় মন্ত্রের এই অর্থ ব্রাহ্মণ বলিলেন। অতঃপর যে সকল অবশিষ্ট স্তোত্র আছে, তন্মধ্যে, প্রাণবিদ্ উদ্গাতা নিজের জন্য অন্নপ্রাপ্তিফলরূপ স্তোত্রের উদ্গান করিবেন। যেহেতু সেই প্রাণবিদ্ উদ্গাতা নিজের অথবা যজমানের জন্য যে কামনা সাধন

করিতে ইচ্ছা করেন, সেই কামনা গানের দ্বারাই সাধন করিতে পারেন। সেইহেতুই যজমানসম্বন্ধীয় স্তোত্রগুলির পাঠকালে যে কামনা করিবেন, সেই বিষয়েই বর প্রার্থনা করিবেন। যিনি এই প্রাণকে যথোক্তরূপে অবগত হন, তিনি মুখ্যপ্রাণলোক লাভ করিয়া থাকেন। কখনও তিনি প্রাণাত্ম লাভাভাবের জন্য প্রার্থনা করেন না।

প্রথম অধ্যায়ের তৃতীয় ব্রাহ্মণ সমাপ্ত।

চতুর্থং ব্রাহ্মণম্।

১। আত্মৈবেদমগ্র আসীৎ পুরুষবিধঃ সোঽনুবীক্ষ্য নান্যদাত্মনোঽপশ্যৎ সোঽহমস্মীত্যগ্রে ব্যাহরত্ততোঽহংনামাভবত্তস্মাদপ্যেতর্হ্যামন্ত্রিতোঽহময়মিত্যেবাগ্র উক্ত্বাথান্যন্নাম প্রব্রূতে যদস্য ভবতি স যৎপূর্বোঽস্মাৎ সর্বস্মাৎ সর্বান্ পাপ্মন ঔষত্তস্মাৎ পুরুষ ওষতি হ বৈ স তং যোঽস্মাৎ পূর্বো বুভূষতি য এবং বেদ।

ব্যাখ্যা। ইদম্ (পরিদৃশ্যমানং জগৎ) অগ্রে (সৃষ্টেঃপ্রাক্) পুরুষবিধঃ (পুরুষপ্রকারঃ প্রথম-শরীরী) আত্মা (প্রজাপতিঃ)

এব আসীৎ; সঃ (প্রথমশরীরী) অনুবীক্ষ্য (অন্বালোচনং কৃত্বা) আত্মনঃ অন্যৎ ন অপশ্যৎ। সঃ অগ্রে (স্থূলপ্রপঞ্চোৎপত্তেঃ প্রাক্) অহম্ [সর্বাত্মা] অস্মি ইতি ব্যাহরৎ (উচ্চারিতবান্); ততঃ (অহমিতি উচ্চারণাৎ) "অহম্" [ইতি] নাম অভবৎ; তস্মাৎ এতর্হি অপি (এতস্মিন্ অপি কালে) আমন্ত্রিতঃ (কঃ ত্বম্ ইতি জিজ্ঞাসিতঃ সন্) অগ্রে অহম্ অয়ম্ ইতি এব উক্ত্বা অথ অন্যৎ নাম প্রব্রূতে (বদতি) অস্য (সম্বোধিতজনস্য) যৎ নাম ভবতি। যৎ (যস্মাৎ) অস্মাৎ সর্বস্মাৎ (বস্তুনঃ) পূর্বঃ (পূর্বোৎপন্নঃ) [সন্] সর্বান্ পাপ্মনঃ [জ্ঞানকর্মণোঃ সংস্কারবলেন] ঔষৎ (অদহৎ); তস্মাৎ পুরুষঃ [ইতি নাম অভবৎ]। যঃ এবম্ বেদ, অস্মাৎ (বিদুষঃ) যঃ পূর্বঃ বুভূষতি (ভবিতুম্ ইচ্ছতি) সঃ (এবংবিৎ জনঃ) তং (অনেবংবিৎ জনং) হ বৈ (এব) ওষতি (দহতি)

অনুবাদ। এই সৃষ্টির পূর্ব্বে প্রথমশরীরী প্রজাপতিই বিদ্যমান ছিলেন; তিনি দেখিলেন যে, আমাব্যতীত অপর কিছুই নাই। তখন তিনি এইরূপ শব্দ প্রকাশ করিয়াছিলেন যে, আমিই সকলের আত্মা। ইহার উচ্চারণে "আমি" এই নাম হইল। সেই নিমিত্ত এখনও লোকে 'তুমি কে ?'

জিজ্ঞাসা করিলে, "এই আমি" বলিয়া পরে নিজ নাম প্রকাশ করিয়া থাকেন। যখন প্রথমশরীরী প্রজাপতি এই সকল দৃশ্য বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে নিজে উৎপন্ন হইয়া, স্বীয় সমুদায় পাপ দগ্ধ করিয়াছিলেন; তখন "পুরুষ" এই নাম হইয়াছিল। যে ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারে প্রথমশরীরী প্রজাপতিকে জানিয়া প্রথমপুরুষ প্রজাপতি হইতে ইচ্ছা করেন, সেই পুরুষজ্ঞ ব্যক্তি অপুরুষজ্ঞ ব্যক্তিকে দগ্ধ করেন।

২। সোঽবিভেত্তস্মাদেকাকী বিভেতি স হায়মীক্ষাং চক্রে যন্মদন্যন্নাস্তি কস্মান্নু বিভেমীতি তত এবাস্য ভয়ং বীয়ায় কস্মাদ্ধ্যভেষ্যদ্দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি।

ব্যাখ্যা। সঃ (প্রজাপতিঃ) অবিভেৎ (ভীতবান্); তস্মাৎ (হেতোঃ) [অন্যোঽপি] একাকী (জনঃ) বিভেতি। সঃ অয়ম্ (প্রজাপতিঃ) হ ঈক্ষাং (আলোচনাং) চক্রে (কৃতবান্) যৎ মদন্যৎ নাস্তি, [তস্মাৎ] কস্মাৎ নু বিভেমি ইতি। ততঃ

(যথাভূতাত্মদর্শনাৎ) এ বঅস্য ভয়ং বীযায় (বিস্পষ্টম্ অপগত-বৎ)। কস্মাদ্ অভেষ্যৎ ; হি (যতঃ) দ্বিতীয়াৎ বৈ ভয়ং ভবতি।

অনুবাদ। প্রজাপতি ভীত হইয়াছিলেন, সেইজন্য আজও লোক একাকী থাকিতে ভীত হয়। তখন তিনি আলোচনা করিয়াছিলেন যে, যখন আমাব্যতীত অপর কিছুই নাই, তখন আমি কাহা হইতে ভীত হইব ? তাহার পরেই তাঁহার ভয় দূরীভূত হইল। কেননা দ্বিতীয় ব্যক্তি হইতেই ভয় জন্মিয়া থাকে ; কিন্তু তৎকালে তিনি ভিন্ন অপর কেহই ছিল না ; সুতরাং তাঁহার আর ভয় কি।

৩। স বৈ নৈব রেমে তস্মাদেকাকী ন রমতে স দ্বিতীয়মৈচ্ছৎ। স হৈতাবানাস যথা স্ত্রীপুমাংসৌ সংপরিষ্বক্তৌ স ইমমেবাত্মানং দ্বেধাঽপাতয়ত্ততঃ পতিশ্চ পত্নী চাভবতাং তস্মাদিদমর্ধবৃগলমিব স্ব ইতি হ স্মাহ যাজ্ঞবল্ক্যস্তস্মাদয়মাকাশঃ স্ত্রিয়া পূর্যত এব তাংং সমভবত্ততো মনুষ্যা অজায়ন্ত।

ব্যাখ্যা। সঃ (প্রজাপতিঃ) বৈ [যতঃ দ্বিতীয়রহিতঃ

সন্] স এব রেমে, তস্মাৎ (হেতোঃ) [ইদানীমপি কশ্চিৎ জনঃ] একাকী [সন্] ন রমতে ; সঃ (প্রজাপতিঃ) [তস্যাঃ অরতেরপনোদায়] দ্বিতীয়ম্ (অরত্যপনোদনসমর্থং স্ত্রীবস্তু) ঐচ্ছৎ (অকাময়ত)। সঃ হ এতাবান্ (এতৎপরিমাণঃ) আস (বভূব) ; [কিংপরিমাণঃ ইত্যাহ] যথা [লোকে] সংপরিষক্তৌ (সম্যগ্‌রূপেণ আলিঙ্গিতৌ) [যৎপরিমাণৌ] স্ত্রীপুমাংসৌ [স্যাতাং] সঃ (প্রজাপতিঃ) [তৎসমমেব] ইমম্ এব আত্মানম্ দ্বেধা অপাতয়াৎ (বিভক্তং কৃতবান্.) ততঃ (দ্বিপ্রকারেণ বিভাগকরণাৎ) পতিঃ চ পত্নী চ অভবতাম ; [যস্মাৎ আত্মনঃ দেহার্দ্ধঃ এব স্ত্রী] তস্মাৎ (হেতোঃ) ইদম্ (শরীরম্) স্বঃ (আত্মনঃ) অর্দ্ধবৃগলম্ (অর্দ্ধবিদলমিত্যর্থঃ) ইব ইতি যাজ্ঞবল্ক্যঃ আহ স্ম। [যস্মাৎ] অয়ম্ (পুরুষার্দ্ধঃ) আকাশঃ (স্ত্র্যর্দ্ধশূন্যঃ), তস্মাৎ স্ত্রিয়া (অর্দ্ধাঙ্গরূপিণ্যা শতরূপাখ্যয়া) পূর্য্যতে (সম্পুটীকরণেনেব পূর্ণঃ ভবতি) এব। [মনুসংজ্ঞকঃ প্রজাপতিঃ] তাম্ (শতরূপাখ্যাং কন্যকাম্) সমভবৎ (মৈথুনম্ উপগতবান্) ততঃ মনুষ্যাঃ অজায়ন্ত (অভবন্)।

অনুবাদ। এইরূপে প্রজাপতি একাকী থাকায় প্রীতি অনুভব করিতে পারিলেন না ; সেই জন্য বর্ত্তমান সময়েও কেহ একাকী থাকিতে

ভাল বাসে না। তখন তিনি স্বীয় প্রীতির নিমিত্ত স্ত্রীপ্রাপ্তির কামনা করিলেন। অতঃপর তিনি সাধারণ স্ত্রীপুরুষের ন্যায় অবস্থান করিতে লাগিলেন। পরিশেষে আপনাকে স্ত্রীও পুরুষ দুই ভাগে বিভক্ত করিলেন। তাহাদের নাম পতি ও পত্নী হইল। যাজ্ঞবল্ক্য ঋষি বলেন দেহার্দ্ধই স্বী, এই দেহ শস্যবীজের অর্দ্ধভাগের ন্যায়, অপর দেহার্দ্ধ স্ত্রীশূন্য পুরুষ। তাহা স্ত্রীরূপ অর্দ্ধাংশে মিলিত হইয়া পূর্ণতা প্রাপ্ত হইয়া থাকে। মনুনামক প্রজাপতি শতরূপানাম্নী কন্যাকে বিবাহ করিয়া কামভাবে তাহাতে উপগমন করিয়াছিলেন; তাহা হইতে মনুষ্যগণ সমুৎপন্ন হইল।

৪। সা হেয়মীক্ষাং চক্রে কথং নু মাত্মন এব জনয়িত্বা সংভবতি হন্ত তিরোহসানীতি সা গৌরভবদৃষভ ইতরস্তাং সমেবাভবত্ততো গাবোহজায়ন্ত বড়বেতরাভবদশ্ববৃষ ইতরো গর্দভীতরা গর্দ্দভ ইতরস্তাং সমেবাভবত্তত একশফমজায়তাহজেতরাভবদ্বস্ত ইতরোহবিরিতরা মেষ ইতরস্তাং সমেবাভ-

বত্ততোঽজাবয়োঽজায়ন্তৈবমেব যদিদং কিঞ্চ মিথুনমাপিপীলিকাভ্যস্তৎ সর্বমসৃজত।

ব্যাখ্যা। সা (পূর্বোক্তা) ইয়ম (শতরূপাখ্যা কন্যকা) উহ (বিতর্কণে) ঈক্ষাং চক্রে (আলোচনাং চকার), নু (বিতর্কণে) মা (মাং) [প্রথমশরীরিণঃ প্রজাপতেঃ] আত্মনঃ (স্বস্মাৎ) এব জনয়িত্বা (উৎপাদ্য) কথম্ [মনুরূপধারী প্রথমশরীরী প্রজাপতিঃ] সম্ভবতি (উপগচ্ছতি)? হন্ত (আক্ষেপে) [অহমিদানীম] তিরোঽসানি (জাত্যন্তরেণ তিরস্কৃতা ভবানি) ইতি [মনসি স্থিরীকৃত্য] সা (শতরূপা), গৌঃ অভবৎ [গোরূপা ভবতীতি বিদিত্বা] ইতরঃ (মনুঃ) ঋষভঃ (বৃষভঃ) [সন্] তাম্ (গোরূপাং শতরূপাম্) এব সমভবৎ (উপগতবান্); ততঃ (তস্মাৎ উপগমাৎ) গাবঃ অজায়ন্ত; [ততঃ] ইতরা (শতরূপা) বড়বা (অশ্বা) অভবৎ ইতরঃ (মনুঃ) অশ্ববৃষঃ (অশ্বশ্রেষ্ঠঃ); ইতরা (শতরূপা) গর্দভী, ইতরঃ (মনুঃ) গর্দভঃ [ভূত্বা] তাম্ (শতরূপাম্) এব সমভবৎ; ততঃ একশফম্ (একখুরম্ অশ্বাশ্বতরগর্দভাখ্যং ত্রয়ম্) অজায়ত; ইতরা (শতরূপা) অজা অভবৎ, ইতরঃ (মনুঃ) বস্তঃ (অজঃ); ইতরা (শতরূপা) অবিঃ (মেষী) ইতরঃ (মনুঃ) মেষঃ; [এবংরূপেণ মনুঃ] তাম্ এব সমেবাভবৎ, ততঃ অজাবয়ঃ (অজাশ্চ অবয়শ্চ ইতি

অজাবয়ঃ ছাগমেষাঃ) অজাবয়ঃ; এবমেব আপিপীলিকাভ্যঃ (পিপীলিকাভিঃ সহ) যৎ কিঞ্চ ইদং মিথুনম্ (স্ত্রীপুংলক্ষণং দ্বন্দ্বম্) তৎ সর্ব্বম্ অসৃজত [মনুরিতি শেষঃ]।

অনুবাদ। অতঃপর শতরূপা মনে করিলেন, প্রথমশরীরী প্রজাপতি আমাকে উৎপাদন করিয়া কিরূপে পুনরায় মনুরূপে আমাতে উপগত হইবেন? অতএব আমি এখন অন্য জাতিরূপে আত্মগোপন করিব। ইহা স্থির করিয়া তিনি গাভী হইলেন, তাহা জানিয়া মনু বৃষরূপে তাহাতে উপগমন করিলে তদুভয়ের সংসর্গে গোজাতির সৃষ্টি হইল। পুনরায় শতরূপা অশ্বা হইলে মনুও অশ্বরূপে, গর্দ্দভী হইলে মনুও গর্দ্দভরূপে শতরূপাকে রমণ করিলেন; তাহাতে অখণ্ডিত খুরযুক্ত অশ্ব, অশ্বতর এবং গর্দ্দভজাতি সমুৎপন্ন হইল। আবার শতরূপা ছাগী হইলে মনুও ছাগরূপে, মেষী হইলে মনুও মেষরূপে তাহাতে অভিগমন করিলেন; তাহা হইতে ছাগও মেষ জাতির উৎপত্তি হইল। এইরূপে তিনি পিপীলিকা হইতে আরম্ভ করিয়া পরিদৃশ্যমান স্ত্রীপুরুষভাবাপন্ন সমস্ত প্রাণী সৃষ্টি করিলেন।

৫। সোঽবেদহং বাব সৃষ্টিরস্মাহং হীদং সর্ব্বমসৃক্ষীতি ততঃ সৃষ্টিরভবৎ সৃষ্ট্যাং হাস্যৈতস্যাং ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। সঃ (প্রজাপতিঃ) [ইদং জগৎ সৃষ্ট্বা।] অবেৎ (অচিন্তয়ৎ); যৎ অহম্ (প্রজাপতিঃ) বাব (নির্দ্ধারণে) সৃষ্টিঃ অস্মি; হি (যস্মাৎ) ইদং সর্ব্বম্ অসৃক্ষি (সৃষ্টবান্ অস্মি) ইতি। [যস্মাৎ সৃষ্টিশব্দেন আত্মানমেব নির্দ্দিশতি স্ম প্রজাপতিঃ] ততঃ সৃষ্টিঃ অভবৎ [প্রজাপতিরিতি শেষঃ] যঃ এবম্ (প্রজাপতিবৎ) [জগৎস্বরূপমহমস্মীতি] বেদ; [সঃ] অস্য (প্রজাপতেঃ) হ এতস্যাং সৃষ্ট্যাং ভবতি।

অনুবাদ। প্রজাপতি এই জগৎ সৃষ্টি করিয়া চিন্তা করিয়াছিলেন যে, আমিই জগৎ। যেহেতু দৃশ্য সমস্ত পদার্থই আমি সৃষ্টি করিয়াছি, সেই জন্য সমস্ত পদার্থই আমার স্বরূপ। তাহা হইতেই সৃষ্টি নাম হইল। যিনি প্রজাপতির ন্যায় "আমি জগৎস্বরূপ" জানেন, তিনি প্রজাপতির সৃষ্ট জগতে আধিপত্য বিস্তার করেন।

৬। অথেত্যভ্যমন্থৎ স মুখাচ্চ যোনের্হস্তাভ্যাং

চাগ্নিমসৃজত তস্মাদেতদুভয়মলোমকমন্তরতোঽলোমকা হি যোনিরন্তঃ। তদ্যদিদমাহুরমুং যজামুং যজেত্যেকৈকং দেবমেতস্যৈব সা বিসৃষ্টিরেষ উ হ্যেব সর্বে দেবাঃ। অথ যৎকিঞ্চেদমার্দ্রং তদ্রেতসোঽসৃজত তদু সোম এতাবদ্বা ইদꣳ সর্বমন্নং চৈবান্নাদশ্চ সোম এবান্নমগ্নিরন্নাদঃ সৈষা ব্রহ্মণোঽতিসৃষ্টিঃ। যচ্ছ্রেয়সো দেবানসৃজতাথ যন্মর্ত্যাঃ সন্নমৃতানসৃজত তস্মাদতিসৃষ্টিরতিসৃষ্ট্যাꣳ হাস্যৈতস্যাং ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) সঃ (প্রজাপতিঃ) [মুখে হস্তৌ প্রক্ষিপ্য] অভ্যমন্থৎ (আভিমুখ্যেন মন্থনম্ অকরোৎ) ইতি (অনেন প্রকারেণ) মুখাৎ চ যোনেঃ হস্তাভ্যাং চ [যোনিভ্যাম্] অগ্নিম্ অসৃজত; [যস্মাৎ অগ্নেঃ] এতদ্ উভয়ম্ (হস্তৌ মুখং চ) [যোনিঃ] তস্মাৎ [এতদুভয়ম্] অন্তরতঃ (অভ্যন্তরতঃ) অলোমকম্ [তথা স্ত্রীণাং] যোনিঃ অন্তরতঃ অলোমকা হি (এব)। তৎ (তস্মাৎ) [যাজ্ঞিকাঃ] দেবম্ (অগ্ন্যাদিকম্) একৈকম্ যৎ আহুঃ (বদন্তি) অমুম্ (ইদম্) যজ, অমুম্ (অগ্নিম্) যজ ইতি; [তন্ন যুক্তম্]। হি (যতঃ) এতস্য (প্রজাপতেঃ) সা বিসৃষ্টিঃ, এষঃ (প্রজাপতিঃ) উ এব সর্বে-দেবাঃ (অগ্ন্যাদ্যাত্মকাঃ)। অথ ইদং যৎ কিঞ্চ আর্দ্রম্

(দ্রবাত্মকং) [বস্তু] তৎ (সর্বম্) রেতসঃ (প্রজাপতেঃ প্রাত্মনঃ বীজাৎ) অজায়ত; তৎ (সৃষ্টং দ্রবাত্মকং বস্তু) উ (অবধারণে) সোমঃ ইদং সর্বম্ এতাবৎ বৈ (এতৎপরিমাণম্ এব) অন্নং চ এব, অন্নাদঃ (ভোক্তা) চ এব; [তয়োর্মধ্যে] সোমঃ এব অন্নম্, অগ্নিঃ এব চ অন্নাদঃ (অন্নভোক্তা)। সা এষা ব্রহ্মণঃ (প্রজাপতেঃ) অতিসৃষ্টিঃ যৎ শ্রেয়সঃ দেবান্ অসৃজত; অথ যৎ [বিরাট্‌শরীরী] মর্ত্যঃ (মরণধর্মা) [সন্] অমৃতান্ (মরণরহিতান্ দেবান্) অসৃজত, তস্মাৎ [দেবসৃষ্টিঃ] অতিসৃষ্টিঃ [উচ্যতে] যঃ এবম্ (উক্তপ্রকারেণ) [অতিসৃষ্টিতত্ত্বং] বেদ, সঃ অস্য (প্রজাপতেঃ) এতস্যাম্ অতিসৃষ্ট্যাম্ হ ভবতি।

অনুবাদ। তাহার পর প্রজাপতি মুখমধ্যে হস্তদ্বয় প্রদান করিয়া মন্থন করিলেন। তাহাতে অগ্নির সৃষ্টি হইল। যেহেতু হস্ত ও মুখ এই উভয়ই অগ্নির উৎপত্তি-স্থান, সেই জন্য এই উভয় স্থানই লোমশূন্য; সেইরূপ স্ত্রীযোনির অভ্যন্তরও লোমশূন্য। যাজ্ঞিকেরা বলিয়া থাকেন যে, "অমুকের যজন কর, অমুকের যজন কর" তাহা ভেদ-মূলক, কারণ ঐ সকল দেবতা প্রজাপতিরই বিশেষসৃষ্টি

এবং প্রজাপতিই সকল দেবতা-স্বরূপ। এই জগতে যাহা কিছু দ্রব-পদার্থ, তাহাই প্রজাপতির বীর্য্য হইতেই উৎপন্ন এবং তাহাই সোমরস। এই সকল সৃষ্ট-পদার্থই ভোগ্য এবং ভোক্তা উভয়াত্মক, তন্মধ্যে সোমই অন্ন, আর অগ্নিই অন্নভোক্তা। প্রথমশরীরী ব্রহ্মা আপনা হইতেও উৎকৃষ্ট দেবগণকে এবং মরণশীল হইয়াও অমর দেবগণকে সৃষ্টি করিয়াছেন। সেই জন্য দেব-সৃষ্টিকে অতিসৃষ্টি বলে। যিনি এই প্রকারে প্রজাপতির সৃষ্টিতত্ত্ব অবগত; তিনি প্রজাপতির অতিসৃষ্টিতে প্রজাপতির ন্যায় আধিপত্য বিস্তার করিতে সমর্থ হন।

৭। তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসীত্তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তাহসৌনামায়মিদংরূপ ইতি তদিদমপ্যেতর্হি নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তেহসৌনামায়মিদংরূপ ইতি স এষ ইহ প্রবিষ্টঃ। আনখাগ্রেভ্যো যথা ক্ষুরঃ ক্ষুরধানেহবহিতঃ স্যাদ্বিশ্বম্ভরো বা বিশ্বম্ভরকুলায়ে তং ন পশ্যন্তি। অকৃৎস্নো হি স প্রাণন্নেব প্রাণো নাম ভবতি। বদন্ বাক্ পশ্যংশ্চক্ষুঃ শৃণ্বন্ শ্রোত্রং মন্বানো

বনস্তান্যস্যৈতানি কর্মনামান্যেব। স যোঽত একৈক-মুপাস্তে ন স বেদাকৃৎস্নো হ্যেষোঽত একৈকেন ভবত্যাত্মেত্যেবোপাসীতাত্র হ্যেতে সর্ব একং ভবন্তি। তদেতৎ পদনীয়মস্য সর্বস্য যদয়মাত্মানেন হ্যেতৎ সর্বং বেদ। যথা হ বৈ পদেনানুবিন্দেদেবং কীর্ত্তিং শ্লোকং বিন্দতে য এবং বেদ।

ব্যাখ্যা। তৎ (বীজাবস্থম্) ইদম্ (জগৎ) হ তর্হি (তস্মিন্ কালে সৃষ্টেঃ প্রাক্) অব্যাকৃতম্ (নামরূপাভ্যাং অপ্রকটিতরূপং বীজাকারম্) আসীৎ। তৎ (অব্যাকৃতং জগৎ) নামরূপভ্যাম এব অয়ম্ (পদার্থঃ) অসৌনামা (অদঃ নাম অস্য ইতি অসৌনামা) ইদংরূপঃ ইতি (এবম্) ব্যাক্রিয়ত (স্বয়মেব ব্যক্তীভাবম্ আপদ্যত) ইতি; [তস্মাৎ] এতর্হি (এতস্মিন্ কালে) অপি নামরূপাভ্যাম্ এব "অসৌনামা, ইদংরূপঃ অয়ম্" ইতি ব্যাক্রিয়তে (ব্যক্তীভাবম্ আপদ্যতে)। যথা ক্ষুরঃ ক্ষুরধানে) নাপিতোপস্করাধানো) [অথবা] বিশ্বম্ভরঃ (অগ্নিঃ) বিশ্বম্ভরকুলায়ে (কাষ্ঠাদৌ) অবহিতঃ (অন্তঃ প্রবেশিতঃ) স্যাৎ; [তথা] সঃ (প্রসিদ্ধঃ) এষঃ (নিত্যশুদ্ধবুদ্ধমুক্ত-স্বভাবঃ) ইহ আনখাগ্রেভ্যঃ প্রবিষ্টঃ [সর্ব্বব্যাপকস্য প্রবেশা-সম্ভবাৎ কথং প্রবেশবচনং সঙ্গচ্ছতে, সত্যম্ সূর্য্যাদিপ্রতিবিম্ব-

যৎ তস্ত প্রবেশঃ জ্ঞাতব্যঃ প্রতিবিম্বরূপেণ]। [তথাপি মূঢ়াঃ] তং (আত্মানং) ন পশ্যন্তি (উপলভন্তে); হি (যস্মাৎ) সঃ (প্রাণনাদিক্রিয়াবিশিষ্টঃ) অকৃৎস্নঃ (অসমস্তঃ পরিচ্ছিন্নঃ); [অতঃ] সঃ (প্রাণনাদিক্রিয়াবিশিষ্টঃ আত্মা) প্রাণন্ (প্রাণনক্রিয়াং কুর্বন্) এব প্রাণঃ নাম ভবতি; [তথা] বদন্ (বদনক্রিয়াং কুর্বন্) বাক্; পশ্যন্ চক্ষুঃ (চষ্টে ইতি চক্ষুঃ); শৃণ্বন্ শ্রোত্রম্ (শৃণোতি ইতি শ্রোত্রম্); মন্বানঃ (সঙ্কল্পবিকল্পলক্ষণং ব্যাপারম্ সম্পাদয়ন্) মনঃ ভবতি; তানি এতানি (প্রাণাদীনি) অস্ত (আত্মনঃ) কর্মনামানি (কর্মজানি নামানি) এব, [জীবঃ প্রাণনাদিক্রিয়ানির্বর্ত্তকঃ ততঃ তদনুসারেণ নামানি ভবন্তীতি ভাবঃ]। অতঃ (অস্মাৎ কারণাৎ প্রাণনাদিক্রিয়াসমুদায়াৎ) যঃ সঃ (যঃ কশ্চিৎ) একৈকম্ (প্রাণম্ ইতি বা চক্ষুঃ ইতি বা) [মনসা অয়ম্ আত্মা ইতি] উপাস্তে (চিন্তয়তি); সঃ (সাধকঃ) ন বেদঃ [ব্রহ্ম] (ন জানাতি); হি (যস্মাৎ) এষঃ (আত্মা) একৈকেন (প্রাণাদীনাম্ একৈকক্রিয়াযোগেন বিশিষ্টঃ) [সন্] অকৃৎস্নঃ (অসমস্তঃ) ভবতি; অতঃ আত্মা ইত্যেব (কেবলং বিশুদ্ধাত্মস্বরূপেণৈব) উপাসীত; হি (যস্মাৎ) অত্র (আত্মনি) এতে (প্রাণাদয়ঃ) সর্বে একং ভবন্তি (অভিন্নতাং প্রতিপদ্যন্তে)। তৎ এতৎ [এব] অস্ত (অস্মিন্) সর্বস্ত (সর্বস্মিন্) পদনীয়ম্ (গমনীয়ঃ সাক্ষাৎকরণীয়ম্): [কিং তদ্ ইত্যাহ] যৎ (যঃ) অয়ম্ আত্মা ইতি। হি

(যস্মাৎ) অনেন (আত্মনা জ্ঞানেন) এতৎ সর্বং বেদ(জানাতি) ; যথা হ বৈ [লোকে] পদেন (গবাদিখুরাঙ্কিতেন দেশেন) [নষ্টং পশুম্] অনুবিন্দেৎ (লভেত) এবম্ (বিশেষণযুক্তে আত্মনি লব্ধে) [শুদ্ধমাত্মানম্ অনুলভতে ইত্যর্থঃ]। যঃ এবম (উক্তরূপম্) বেদ ; [সঃ] কীর্ত্তিং শ্লোকম্ (প্রাণাদি-সংহতিম্ অথবা মুক্তিম্) বিন্দতে (লভতে) ।

অনুবাদ। সৃষ্টির পূর্ব্বে জগৎ বীজরূপে অবস্থিত ছিল। পরে সেই জগৎ নাম ও রূপের দ্বারা "এই পদার্থের এইরূপ এবং এই নাম" এইরূপে প্রকাশিত হইল। সেই জন্য বর্ত্তমান সময়েও পদার্থ-সকল নাম ও রূপ দ্বারাই কথিত হইয়া থাকে। যেরূপ ক্ষুর ক্ষুরাধারের অভ্যন্তরে প্রবিষ্ট থাকে, অথবা অগ্নি যেরূপ কাষ্ঠাদির মধ্যে অন্তর্নিহিতভাবে অবস্থান করে ; সেইরূপ নিত্যশুদ্ধ-বুদ্ধ-মুক্ত-সত্য-স্বরূপ পরমাত্মা ব্রহ্মাদি-স্থাবর-পর্য্যন্ত সমুদয় প্রাণীর নখাগ্র হইতে সমস্ত অবয়বে ব্যাপ্ত হইয়া সূর্য্যাদির প্রতিবিম্বের ন্যায় প্রবিষ্ট হইলেন। সকল পদার্থে প্রবিষ্ট থাকিলেও অজ্ঞানীরা তাঁহাকে দেখিতে পায়

না ; কারণ তিনি প্রাণাদির সম্বন্ধবশতঃ প্রাণনাদি-ক্রিয়াবিশিষ্ট বলিয়া প্রকাশিত হন। [বস্তুতঃ তিনি অপরিচ্ছিন্ন ও সূক্ষ্ম, সুতরাং স্থূলদৃষ্টিদ্বারা দর্শনীয় নহেন] যেরূপ প্রাণন-ক্রিয়া সম্পাদন করেন বলিয়া "প্রাণ" এই নাম ধারণ করিয়াছেন, সেইরূপ দর্শন-ব্যাপারে "চক্ষুঃ", বাগিন্দ্রিয়ের ব্যাপারে "বাক্", শ্রবণব্যাপারে "শ্রোত্র" এবং সঙ্কল্প-বিকল্পপ্রভৃতি মনের ব্যাপারে "মন" নামে অভিহিত হইয়াছেন। বস্তুতঃ পরমাত্মার প্রাণাদি নাম কর্ম্মানুযায়ী বুঝিতে হইবে। অতএব যিনি প্রাণাদিক্রিয়াবিশিষ্ট প্রাণাদির এক এক গুণ আত্মায় আরোপ করিয়া এক একটি গুণকে আত্মগুণ বলিয়া উপাসনা করেন, তিনি তাঁহার স্বরূপ অবগত হইতে পারেন না। কারণ এই আত্মা প্রাণনাদি এক এক ক্রিয়াদ্বারা বিশিষ্ট হইয়াই প্রকাশিত হইয়াছেন ; অতএব গুণপরিত্যক্ত বিশুদ্ধ আত্মার উপাসনা করিবে। যেহেতু বিশুদ্ধ ব্রহ্মরূপী আত্মায় উক্ত প্রাণনাদি সমুদায় গুণই এক আত্মাতে একরূপে অবস্থিত আছে ; সেইহেতু

হইলে সেই পুত্রধনাদি ধ্বংসশীল বলিয়া সমুদায়ই ধ্বংস প্রাপ্ত হইয়া যাইবে। কিন্তু আত্মার ধ্বংস নাই, অতএব সর্ব্বাপেক্ষা প্রিয় আত্মাকেই উপাসনা করিবে, কেন না—যে ব্যক্তি আত্মাকে প্রিয় বলিয়া উপাসনা করিবেন, তাঁহার প্রিয়-আত্মা কথনও ধ্বংস হইবে না।

৯। তদাহুর্যদ্ ব্রহ্মবিদ্যয়া সর্বং ভবিষ্যন্তো মনুষ্যা মন্যন্তে কিমু তদ্ ব্রহ্মাঽবেদ্‌যস্মাত্তৎ সর্বমভবদিতি।

ব্যাখ্যা। [ব্রহ্মবিবিদিষবঃ] তৎ (বক্ষ্যমাণং বস্তু) আহুঃ, -মনুষ্যাঃ ব্রহ্মবিদ্যয়া (ব্রহ্ম পরমাত্মা তদ্ যয়া বেদ্যতে সা ব্রহ্মবিদ্যা তয়া) যৎ সর্বং ভবিষ্যন্তঃ (ভবিষ্যামঃ) [ইত্যেবং] মন্যন্তে [অতঃ পৃচ্ছামঃ] তদ্ ব্রহ্ম কিমু (কিং বস্তু) অবেৎ (জ্ঞাতবৎ), যস্মাৎ (বিজ্ঞানাৎ) তৎ সর্বম্ (সর্বাত্মকম্) অভবৎ ইতি।

অনুবাদ। ব্রহ্মজিজ্ঞাসু ব্যক্তিগণ বলেন যে,—মনুষ্যগণ "ব্রহ্মবিদ্যা দ্বারা সর্ব্বাত্মক হইব" ইহা মনে করিয়া থাকেন; অতএব আমরাও জিজ্ঞাসা করি,—সেই ব্রহ্মই বা কি জানিয়াছিলেন যাহার বলে তিনি সর্ব্বাত্মকতা লাভ করিয়াছেন?

১০। ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ তদাত্মানমেবাবেদহং ব্রহ্মাস্মীতি। তস্মাত্তৎ সর্বমভবৎ তদ্ যো যো দেবানাং প্রত্যবুধ্যত স এব তদভবত্তথর্ষীণাং তথা মনুষ্যাণাং তদ্ধৈতৎ পশ্যন্নৃষির্বামদেবঃ প্রতিপেদেঽহং মনুরভবংসূর্যশ্চেতি।। তদিদমপ্যেতর্হি য এবং বেদাঽহং ব্রহ্মাস্মীতি স ইদংং সর্বং ভবতি তস্য হ ন দেবাশ্চ নাভূত্যা ঈশতে। আত্মা হ্যেষাং স ভবত্যথ যোঽন্যাং দেবতামুপাস্তেঽন্যোঽসাবন্যোঽহমস্মীতি ন স বেদ যথা পশুরেবংং স দেবানাম্। যথা হ বৈ বহবঃ পশবো মনুষ্যং ভুঞ্জ্যুরেবমেকৈকঃ পুরুষো দেবান্ ভুনক্ত্যেকস্মিন্নেব পশাবাদীয়মানেঽপ্রিয়ং ভবতি কিমু বহুষু তস্মাদেষাং তন্ন প্রিয়ং যদেতন্মনুষ্যা বিদ্যুঃ।

ব্যাখ্যা। [পূর্বোক্তপ্রশ্নোত্তরমাহ—] অগ্রে (সৃষ্টেঃ প্রাক্) ইদম্ (জগৎ) ব্রহ্ম বৈ (অবধারণে) আসীৎ; তৎ (ব্রহ্ম) আত্মানম্ (স্বকীয়ং স্বরূপং নিত্যদৃগ্রূপম্) এব অবেৎ (বিদিতবৎ), অহং ব্রহ্ম (পরমাত্মা) অস্মি ইতি; তস্মাৎ (এবং বিজ্ঞানাৎ) তদ্ (ব্রহ্ম) সর্বম্ (সর্বস্বরূপম্) অভবৎ; তৎ (তত্র) দেবানাং [মধ্যে] যঃ যঃ [ব্রহ্ম]

প্রত্যবুধ্যত (বিদিতবান্), সঃ এব তদ্ (ব্রহ্ম) অভবৎ; তথা ঋষীণাং তথা মনুষ্যাণাম্ [মধ্যে যঃ যঃ প্রত্যবুধ্যত সঃ এব তদভবদিত্যনেন সম্বন্ধঃ]; বামদেবঃ (বামদেবাখ্যঃ) ঋষিঃ হ (কিল) তদ্ এতৎ (ব্রহ্ম) [ব্রহ্ম অহমস্মীতি] পশ্যন্ (সাক্ষাৎ-কুর্ব্বন্) প্রতিপেদে (প্রতিপন্নবান্), অহং মনুঃ সূর্য্যঃ চ অভবম্ ইতি। এতর্হি (এতস্মিন্ বর্ত্তমানে কালে) অপি যঃ (জনঃ) এবং (উক্তপ্রকারেণ) তৎ (প্রাগুক্তম্) ইদম্ "অহং ব্রহ্ম অস্মি" ইতি বেদ; সঃ (জনঃ) ইদং সর্ব্বং (সর্ব্বাত্মকং) ভবতি। দেবাঃ চ তস্য (বিজ্ঞানবতঃ জনস্য) অভূত্যৈ (ঐশ্বর্য্যবিঘাতায়) ন হ (এব) ঈশতে (পারগাঃ ভবন্তি); হি (যস্মাৎ) সঃ (ব্রহ্মবিৎ) এষাম্ (দেবানাং) আত্মা ভবতি। অথ যঃ (জনঃ) অসৌ (অনাত্মা উপাস্যঃ দেবঃ) অন্যঃ (মত্তঃ পৃথক্) অহং (উপাসকঃ) অন্যঃ (উপাস্যদেবাৎ পৃথক্) অস্মি (ভবামি), ইতি অন্যাম্ (আত্মব্যতিরিক্তাম্) দেবতাং উপাস্তে; সঃ (জনঃ) [ব্রহ্ম] ন বেদ। যথা [মনুষ্যাণাং] পশুঃ [ভোগ্যঃ] এবং (তথা) সঃ (অনাত্মজ্ঞঃ) দেবানাম্ [ভোগ্যঃ ভবতি]। যথা হ (ঐতিহ্যে) বৈ (এব) [লোকে] বহবঃ পশবঃ [গবাদয়ঃ) মনুষ্যং ভুঞ্জ্যুঃ (পালয়েয়ুঃ উপকারকত্বেন), এবম্ একৈকঃ (বহুপশুস্থানীয়ঃ অবিদ্বান্) পুরুষঃ দেবান্ ভুনক্তি (পালয়তি উপকারকরণেন); একস্মিন্ এব পশৌ আদীয়-মানে (অপহ্রিয়মাণে) [সতি] অপ্রিয়ং (আত্মদুঃখং)

ভবতি, কিমু বহুষু? তস্মাৎ (হেতোঃ) এষাং (দেবানাং) তৎ ন প্রিয়ং (সুখাবহং) [ভবতি] যৎ মনুষ্যাঃ এতৎ (আত্মতত্ত্বং) [কথঞ্চন] বিদুঃ (জানীয়ুঃ) ইতি।

অনুবাদ। পূর্ব্বোক্ত প্রশ্নের উত্তর দিতেছেন—সৃষ্টির পূর্ব্বে জগৎ ব্রহ্মরূপেই অবস্থিত ছিল, সেই ব্রহ্ম "আমি সর্ব্বশক্তিমান্ পরমাত্মা" বলিয়া আপনাকে জানিয়াছিলেন। তিনি সর্ব্বাত্মক পরমাত্মরূপে প্রসিদ্ধ। দেবতা, ঋষি ও মনুষ্যগণের মধ্যেও যিনি সেই ব্রহ্মকে উত্তমরূপে জানেন, তিনি ব্রহ্মের ন্যায় সর্ব্বাত্মক হইয়া থাকেন। বামদেব-নামক ঋষি "আমিই ব্রহ্ম" এইরূপে ব্রহ্ম দর্শন করিয়া "বলিয়াছিলেন যে, আমিই মনু ও সূর্য্য হইয়াছিলাম" বর্ত্তমানকালেও যিনি "আমিই ব্রহ্ম" বলিয়া আপনাকে অবগত হন, তিনিও সর্ব্বাত্মক। দেবগণও তাঁহার ঐশ্বর্য্যনাশ করিতে সমর্থ হন না, কারণ তিনি দেবতাদিগেরও আত্মা। যে ব্যক্তি নিজ উপাস্য দেবতা হইতে আমি পৃথক্ এবং তিনি পৃথক মনে করিয়া আত্মা ভিন্ন অন্য দেবতার

উপাসনা করেন, তিনি কখনও ব্রহ্মকে জানিতে পারেন না। যেরূপ গো, অশ্বপ্রভৃতি পশুগণ মনুষ্যদিগের উপকারী, সেইরূপ বহুপশুস্থানীয় অজ্ঞ ব্যক্তিগণও দেবগণের উপকারী। একটি পশু অপহৃত বা হস্তচ্যুত হইলে মনুষ্যগণের যেমন দুঃখ হইয়া থাকে, (বহু পশুর কথা আর কি বলিব) সেইরূপ মনুষ্যগণ আত্মজ্ঞ হউক, ইহা দেবগণের প্রিয় নহে।

১১। ব্রহ্ম বা ইদমগ্র আসীদেকমেব তদেকং সন্ন ব্যভবৎ। তচ্ছ্রেয়োরূপমত্যসৃজত ক্ষত্রং যান্যেতানি দেবত্রা ক্ষত্রাণীন্দ্রো বরুণঃ সোমো রুদ্রঃ পর্জ্জন্যো যমো মৃত্যুরীশান ইতি। তস্মাৎ ক্ষত্রাৎ পরং নাস্তি তস্মাদ্ ব্রাহ্মণঃ ক্ষত্রিয়মধস্তাদুপাস্তে রাজসূয়ে ক্ষত্র এব তদ্ যশো দধাতি সৈষা ক্ষত্রস্য যোনির্যদ্ ব্রহ্ম। তস্মাদ্-যদ্যপি রাজা পরমতাং গচ্ছতি ব্রহ্মৈবান্তত উপনিশ্রয়তি স্বাং যোনিং য উ এনং হিনস্তি স্বাং স যোনি-মৃচ্ছতি স পাপীয়ান্ ভবতি যথা শ্রেয়াংসং হিংসিত্বা।

ব্যাখ্যা। অগ্রে (ক্ষত্রাদিসর্গাৎ প্রাক্) ইদম্ (ক্ষত্রাদি-

জাতম্) একং ব্রহ্ম এব বৈ আসীৎ। তদ্ (ব্রহ্ম) একং (দ্বিতীয়রহিতং) সৎ ন ব্যভবৎ (কর্ম্মকরণসমর্থম্ অভবৎ); তৎ (তস্মাৎ) শ্রেয়োরূপং (প্রশস্তরূপং) ক্ষত্রং (ক্ষত্র-জাতিম্) অত্যসৃজত (অতিশয়েন সৃষ্টবৎ); [কিং পুনঃ তৎ যৎ সৃষ্টম্ ইত্যাহ] যানি এতানি (প্রসিদ্ধানি) দেবত্রা (দেবেষু) ক্ষত্রাণি,—ইন্দ্রঃ (দেবরাজঃ) বরুণঃ (জলাধিপতিঃ) সোমঃ (ব্রাহ্মণানাং রাজা) রুদ্রঃ (পশূনাং রাজা) পর্জ্জন্যঃ (বিদ্যুদাদীনাং রাজা) যমঃ (পিতৃণাং রাজা) মৃত্যুঃ (রোগা-দীনাং রাজা) ঈশানঃ (জ্যোতিষাং রাজা) ইতি; [ততঃ পরং মনুষ্যক্ষত্রাণি সোমসূর্য্যবংশ্যানি সৃষ্টানি দ্রষ্টব্যানি]। তস্মাৎ ক্ষত্রাৎ (ক্ষত্রজাতেঃ) পরং (উৎকৃষ্টং) ন অস্তি; তস্মাৎ (ক্ষত্রজাতেঃ অতিশয়োৎকর্ষাৎ) ব্রাহ্মণঃ রাজসূয়ে (যজ্ঞে) অধস্তাৎ (ক্ষত্রাদ্ অধোদেশে) [অবস্থিতঃ সন্] ক্ষত্রিয়ম্ উপাস্তে (হে রাজন্! ত্বং ব্রহ্মাসীতি স্তৌতি); ক্ষত্র এব তদ্ (আত্মীয়ং) যশঃ (ত্বং ব্রহ্মাসীতি খ্যাতিরূপং) দধাতি (অর্পয়তি) [ব্রাহ্মণঃ ইতি শেষঃ] সা এষা ক্ষত্রস্য যোনিঃ (কারণং) যদ্ ব্রহ্ম (ব্রাহ্মণঃ); তস্মাৎ (ক্ষত্রিয়স্য ব্রাহ্মণ-যোনিত্বাৎ হেতোঃ) রাজা (ক্ষত্রঃ) যদ্যপি পরমতাং (রাজসূয়া-ভিষেকগুণং) গচ্ছতি; [তথাপি] অন্ততঃ (অন্তে রাজ-সূয়ান্তে) স্বাং (নিজাং) যোনিং (কারণস্বরূপং) ব্রহ্ম (ব্রাহ্মণম্) এব উপনিশ্রয়তি (আশ্রয়তি, অগ্রে স্থাপয়তি)।

যঃ উ (যঃ পুনঃ) স্বাং যোনিং এনং (ব্রাহ্মণম্) হিনস্তি ; সঃ (হিংসকঃ) স্বাং যোনিম্ (কারণরূপম্) এব ঋচ্ছতি (বিনাশয়তি) ; সঃ হিংসকঃ) পাপীয়ান্ (অতিশয়েন পাপী) [ভবতি]; যথা শ্রেয়াংসং (প্রশস্ততরং) হিংসিত্বা (পরিভূয়) [পাপতরঃ ভবতি তথেত্যর্থঃ]।

অনুবাদ। ক্ষত্রিয়াদিজাতির সৃষ্টির পূর্ব্বে জগৎ একমাত্র ব্রাহ্মণজাতিস্বরূপে ছিল। তিনি একাকী কার্য্য সম্পাদন করিতে অসমর্থ হইয়া উৎকৃষ্ট ক্ষত্রিয় জাতির সৃষ্টি করিলেন। দেবগণের মধ্যে দেবরাজ ইন্দ্র, জলাধিপতি বরুণ, ব্রাহ্মণদিগের রাজা সোম, পশুগণের রাজা রুদ্র, বিদ্যুদাদির রাজা পর্জ্জন্য, পিতৃগণের রাজা যম, রোগাদির রাজা মৃত্যু এবং জ্যোতিঃসমুদায়ের রাজা ঈশান—ইঁহারা ক্ষত্রজাতীয়। [মনুষ্যদিগের মধ্যেও চন্দ্র ও সূর্য্যবংশীয় ক্ষত্রিয় সৃষ্টি করিলেন]; অতএব ক্ষত্রিয়জাতি হইতে আর উৎকৃষ্ট নাই। এই জন্য রাজসূয়যজ্ঞে ব্রাহ্মণগণ নীচে উপবেশন করিয়া "হে রাজন্! তুমিই ব্রহ্ম" এইরূপে উচ্চস্থ রাজাকে স্তব করিয়া থাকেন এবং স্বীয় যশঃ

অর্থাৎ ব্রাহ্মণ খ্যাতি অর্পণ করিয়া থাকেন। ব্রাহ্মণই এই ক্ষত্রিয়ের যোনি, অর্থাৎ যশোলাভের কারণ; অতএব ক্ষত্রিয়জাত যদিও রাজসূয়যজ্ঞে এইরূপ শ্রেষ্ঠতালাভ করেন, তথাপি রাজসূয়যজ্ঞ সমাপ্তির পর স্বীয় প্রতিষ্ঠার কারণস্বরূপ ব্রাহ্মণকে অগ্রে সংস্থাপ না করেন। যিনি এই ব্রাহ্মণের হিংসা করেন, তিনি স্বীয় কারণেরই বিনাশ সাধন করিয়া থাকেন; যেমন ইহলোকে প্রধান ব্যক্তিকে হিংসা করিয়া অতিশয় পাপভাগী হইতে হয়, সেইরূপ তিনি অতিশয় পাপভাগী হইয়া থাকেন।

১২। স নৈব ব্যভবৎ স বিশমসৃজত যান্যেতানি দেবজাতানি গণশ আখ্যায়ন্তে বসবো রুদ্রা আদিত্যা বিশ্বেদেবা মরুত ইতি।

ব্যাখ্যা। সঃ (ব্রাহ্মণঃ) ন এব ব্যভবৎ (কার্য্যকরণসমর্থঃ অভবৎ); [ততঃ] সঃ বিশম্ (বৈশ্যজাতিম্) অসৃজত। যানি এতানি দেবজাতানি (যাঃ এতাঃ দেবতাঃ) গণশঃ (গণরূপেণ) আখ্যায়ন্তে (কথ্যন্তে) বসবঃ (অষ্টসংখ্যঃ বসুগণঃ), [একাদশসংখ্যকাঃ] রুদ্রাঃ, [দ্বাদশসংখ্যকাঃ] আদিত্যাঃ,

[ত্রয়োদশসংখ্যকাঃ] বিশ্বেদেবাঃ (বিশ্বাঃ অপত্যানি দেবাঃ বিশ্বেদেবাঃ), [ঊনপঞ্চাশৎসংখ্যকাঃ] মরুতঃ (বায়বঃ) ইতি।

অনুবাদ। ক্ষত্রিয় সৃষ্টি করিয়াও তিনি নিজ কার্য্য সম্পাদন করিতে সমর্থ হইলেন না; তজ্জন্য তিনি বৈশ্য জাতি সৃষ্টি করিলেন। যাঁহারা এক একটি গণ অর্থাৎ সমূহরূপে কথিত হইয়াছেন, সেই অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, ত্রয়োদশ বিশ্বেদেব এবং ঊনপঞ্চাশৎ বায়ু দেবতাদিগের মধ্যে বৈশ্য।

১৩। স নৈব ব্যভবৎ স শৌদ্রং বর্ণমসৃজত পূষণমিয়ং বৈ পূষেয়ং হীদং সর্ব্বং পুষ্যতি যদিদং কিঞ্চ।

ব্যাখ্যা। [পুনঃ] সঃ স এব ব্যভবৎ (কার্য্যকরণসমর্থঃ অভবৎ); [ততঃ] সঃ শৌদ্রং বর্ণং (শূদ্রজাতিম্) পূষণম্ অসৃজত। [কঃ পুনঃ অসৌ পূষা ইত্যাহ] ইয়ম্ (পৃথিবী) বৈ (অবধারণে) পূষা, হি (যস্মাৎ) ইয়ম্ (পৃথিবী) যদ্ ইদং কিঞ্চ (কিঞ্চিৎ) [তৎ] ইদং সর্ব্বং পুষ্যতি [অতঃ পূষৈব পৃথিবী]।

অনুবাদ। তিনি তথাপি কার্য্যকরণে সমর্থ হইলেন না; তখন তিনি শূদ্রজাতীয় পূষার সৃষ্টি করিলেন। পৃথিবীই পূষা, কারণ দৃশ্য পদার্থ-মাত্রই পৃথিবী পোষণ করিয়া থাকেন।

১৪। স নৈব ব্যভবত্তচ্ছ্রেয়োরূপমত্যসৃজত ধর্ম্মং তদেতৎ ক্ষত্রস্য ক্ষত্রং যদ্ধর্ম্মস্তস্মাদ্ধর্ম্মাৎ পরং নাস্ত্যথো অবলীয়ান্ বলীয়াংসমাশংসতে ধর্ম্মেণ যথা রাজ্ঞৈবং যো বৈ স ধর্ম্মঃ সত্যং বৈ তত্তস্মাৎ সত্যং বদন্তমাহু-র্ধর্ম্মং বদতীতি ধর্ম্মং বা বদন্তং সত্যং বদতীত্যেতদ্ধ্যে-বৈতদুভয়ং ভবতি।

ব্যাখ্যা। সঃ [[চতুরো বর্ণান্ সৃষ্ট্বাপি] ন এব ব্যভবৎ; তৎ (তস্মাৎ) শ্রেয়োরূপম্ (শ্রেয়স্করম্) ধর্ম্মম্ অত্যসৃজত; তদ্ এতদ্ (শ্রেয়োরূপং) ক্ষত্রস্য (ক্ষত্রজাতেঃ) তৎ ক্ষত্রম্ (ক্ষতঃ বিপদঃ ত্রায়তে ইতি ক্ষত্রং নিয়ন্তৃত্বং প্রতিপালকত্ব-মিতি যাবৎ) [সঃ এব] ধর্ম্মঃ; তস্মাৎ (হেতোঃ) ধর্ম্মাৎ পরং (শ্রেষ্ঠং) ন অস্তি। অথ অবলীয়ান্ (বলহীনঃ) বলীয়াং-সং (অধিকবলশালিনং জনম্) ধর্ম্মেণ (ধর্ম্মবলেন) আশং-সতে (জেতুংকাময়তে); যথা রাজ্ঞা (রাজবলেন) [লোকং জেতুংকাময়তে]। এবং বৈ (এব) যঃ সঃ ধর্ম্মঃ, তৎ (সঃ

লষন্তি) [জ্ঞানিনঃ ইতি শেষঃ] ; মনুষ্যেষু [মধ্যে] ব্রাহ্মণে (ব্রাহ্মণজাতিরূপেণ) [কর্মফলং অভিলষন্তি]; হি (যস্মাৎ) ব্রহ্ম (স্রষ্টা) এতাভ্যাম্ (অগ্নিব্রাহ্মণাভ্যাম্) অভবৎ [সাক্ষাৎ] অভবৎ। অথ যঃ হ বৈঃ (এব) স্বম্ (আত্মানম্) লোকম্ (কর্মফলম্ আত্মতত্ত্বমিতি যাবৎ) অদৃষ্ট্বা (সাক্ষাৎকারম্ অকৃত্বা) অস্মাৎ লোকাৎ প্রৈতি (ম্রিয়তে) ; সঃ অবিদিতঃ [সন্] এনম্ (প্রেতম্) ন ভুনক্তি (পালয়তি) [অত্র দৃষ্টান্ত- [সৎ ন পালয়তি ইত্যর্থঃ]। যৎ (যদি) ইহ জগতি বৈ অনেবংবিদ্ (অতত্ত্বজ্ঞঃ) মহৎপুণ্যং কর্ম অপি করোতি ; [তর্হি] অস্য (অবিদ্যাবতঃ) তৎ কর্ম হ (এব) অন্ততঃ (অন্তে) ক্ষীয়তে এব [অনিত্যত্বাৎ]। [অতঃ] আত্মানম্ এব লোকম্ উপাসীত ; সঃ যঃ আত্মানম্ এব লোকম্ উপাস্তে, অস্য (উপাসকস্য) কর্ম ন হ (অবধারণে) ক্ষীয়তে। [সাধকঃ] যৎ যৎ কাময়তে, অস্মাৎ আত্মনঃ এব হি তৎতৎ সৃজতে (সর্ব্বম্ ইদং সম্পদ্যতে)।

অনুবাদ। তিনি উক্তরূপে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্র এই চারিবর্ণ সৃষ্টি করিলেন। সেই ব্রহ্ম দেবতাদির মধ্যে অগ্নিরূপে ব্রাহ্মণ হইয়াছিলেন; মনুষ্যাদিগের মধ্যে ব্রহ্মরূপী ব্রাহ্মণ, ইন্দ্রাদি দেবরূপে ক্ষত্রিয়, বসুপ্রভৃতিরূপে বৈশ্য এবং পূষা অর্থাৎ পৃথিবী-

রূপে শূদ্র হইলেন। অতএব জ্ঞানীরা দেবতাদিগের মধ্যে অগ্নিসাধ্য যাগাদির অনুষ্ঠান করিয়া কর্ম্মের ফললাভ করিবেন, আর মনুষ্যদিগের মধ্যে ব্রহ্মরূপী ব্রাহ্মণে কর্ম্মফল প্রার্থনা করিবেন। যেহেতু তিনি নিজেই কর্ম্মের কর্ত্তা-রূপে ব্রাহ্মণে এবং কর্ম্মের আধাররূপে অগ্নিতে অবিকৃতরূপে প্রকাশিত হইয়াছিলেন। যে ব্যক্তি আত্মস্বরূপ দর্শন না করিয়াই ইহলোক পরিত্যাগ করেন, তিনি কখনও আত্মস্বরূপ লাভ করিতে সমর্থ হন না। যেমন অপঠিত বেদ ও অনাচরিত কর্ম্ম কোন ইষ্ট সাধন করে না; সেইরূপ অদর্শনীয় আত্মাও কোনও হিতসাধন করিতে সমর্থ হন না। যদি এই (সংসারে) অতত্ত্বজ্ঞ ব্যক্তি মহৎ ও পুণ্য কর্ম্ম করেন, তাহা হইলে ঐ অবিদ্যাবান্ ব্যক্তির কর্ম্মসকল অন্তে ক্ষয় প্রাপ্ত হয়। অতএব সংসারে আত্মার উপাসনা করিবে। যিনি আত্মতত্ত্বের উপাসনা করেন, সেই উপাসকের কর্ম্ম অক্ষয় হয়; তিনি যাহা কামনা করেন, এই আত্মা হইতেই তৎসমুদায় লাভ করিয়া থাকেন।

১৬। অথো অয়ং বা আত্মা সর্বেষাং ভূতানাং লোকঃ স যজ্জুহোতি যদ্ যজতে তেন দেবানাং লোকোঽথ যদনুব্রূতে তেন ঋষীণামথ যৎ পিতৃভ্যো নিপৃণাতি যৎ প্রজামিচ্ছতে তেন পিতৃণামথ যন্মনুষ্যান্ বাসয়তে যদেভ্যোঽশনং দদাতি তেন মনুষ্যাণামথ যৎ পশুভ্যস্তৃণোদকং বিন্দতি তেন পশূনাং যদস্য গৃহেষু শ্বাপদা বয়াংস্যাপিপীলিকাভ্য উপজীবন্তি তেন তেষাং লোকো যথাহ বৈ স্বায় লোকায়ারিষ্টি-মিচ্ছেদেবংহৈবংবিদে সর্বাণি ভূতান্যরিষ্টিমিচ্ছন্তি তদ্বা এতদ্বিদিতং মীমাংসিতম্।

ব্যাখ্যা। অথো (বাক্যোপন্যাসে; অয়ম্ (প্রকৃতঃ) আত্মা (কর্মাধিকৃতঃ অবিদ্বান্ গৃহী পুরুষঃ) সর্বেষাং ভূতানাং (দেবাদীনাং পিপীলিকান্তানাম্) লোকঃ (ভোগ্যঃ); সঃ (গৃহী) যৎ জুহোতি (আহুতিং দদাতি) যদ্ যজতে (যাগং করোতি), তেন (হোমযাগরূপকর্মণা) দেবানাং লোকঃ (ভোগ্যঃ); অথ যৎ অনুব্রূতে (অহরহঃ স্বাধ্যায়ম্ অধীতে) তেন ঋষীণাং [লোকঃ]; অথ যৎ পিতৃভ্যঃ নিপৃণাতি (পিণ্ডোদকাদি প্রযচ্ছতি), যৎ প্রজাম্ (সুতাদিকম্) ইচ্ছতে (উৎপাদয়তি), তেন (কর্মণা) পিতৃণাম্ [লোকঃ]; অথ

যৎ মনুষ্যান্ বাসয়তে (ভূম্যুদকাদিদানেন গৃহে বাসং কারয়তি] যৎ [চ] এভ্যঃ (নরেভ্যঃ) অশনং (অদনীয়ং) দদাতি, তেন (কর্মণা) মনুষ্যাণাং [লোকঃ ভবতি] ; অথ যৎ পশুভ্যঃ তৃণোদকং বিন্দতি (লম্ভয়তি) তেন পশূনাং [লোকঃ] ; অস্য (অবিদুষঃ) গৃহেষু আপিপীলিকাভ্যঃ শ্বাপদাঃ (জন্তবঃ) বয়াংসি (পক্ষিণঃ) [চ] উপজীবন্তি ; তেন তেষাং [লোকঃ] যথা স্বায় (স্বস্মৈ) লোকায় (দেহায়) হ বৈ (এব) অরিষ্টিম্ (অবিনাশম্) ইচ্ছেৎ (সর্বতঃ পরিপালয়েৎ) [জনঃ ইতি শেষঃ] ; এবং হ (এব) এবংবিদে (ঋণিবৎ আত্মানং পরি-কল্পিতবতে) সর্বাণি ভূতানি (দেবাদীনি) অরিষ্টিম্ (অবি-নাশম্) ইচ্ছন্তি (সর্বতঃ অভিলষন্তি) তৎ বৈ এতৎ (উক্ত-কর্মণাং ঋণপরিশোধবৎ অবশ্য কর্তব্যত্বং) বিদিতং (জ্ঞাতং) [সৎ] মীমাংসিতম্ (বিচারিতম্) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। এই কর্ম্মাধিকারী আত্মা অর্থাৎ দেহেন্দ্রিয়াদিযুক্ত অজ্ঞ পুরুষ দেবতা হইতে পিপীলিকাপর্য্যন্ত সমুদায় প্রাণীর ভোগ্য ; সেই অজ্ঞ পুরুষ যে হোম এবং যজ্ঞ করেন তাহা দেবগণের ভোগ্য হয়। এইরূপ তিনি যে অহরহঃ বেদাধ্যয়ন করেন তাহা ঋষিদিগের, আর তিনি পিতৃ-গণের উদ্দেশ্যে যে পিণ্ডদানাদি করেন এবং পুত্রাদি

উৎপাদন করেন তদ্দ্বারা পিতৃগণের, মনুষ্যদিগকে যে বাসস্থান ও অন্নপ্রদান করেন তদ্দ্বারা মনুষ্যদিগের, পশুদিগকে যে তৃণজলাদি দান করেন তদ্দ্বারা পশুদিগের, এবং পিপীলিকা হইতে আরম্ভ করিয়া পশু-পক্ষিপ্রভৃতিকে জীবিকনির্ব্বাহের জন্য যে অন্নাদি প্রদান করেন, তাহা পশুপক্ষীদিগের ভোগ্য হইয়া থাকে। প্রাণিগণ যেরূপ স্বীয় দেহকে সর্ব্বপ্রকারে অবিনাশ অর্থাৎ রক্ষা করিতে ইচ্ছা করেন সেইরূপ দেবতাগণও, যিনি আপনাকে দেবাদির ঋণগ্রস্ত বলিয়া মনে করেন, তাঁহার অবিনাশ কামনা করিয়া থাকেন। এই বিষয়টি "পঞ্চমহাযজ্ঞপ্রকরণে" এবং "অবদানপ্রকরণে" বিদিতও মীমাংসিত হইয়াছে।

১৭। আত্মৈবেদমগ্র আসীদেক এব সোঽকাময়ত জায়া মে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম্ম কুর্ব্বীয়েত্যেতাবান্ বৈ কামো নেচ্ছংশ্চ নাতো ভূয়ো বিন্দেত্তস্মাদপ্যেতর্হ্যেকাকী কাময়তে জায়া মে স্যাদথ প্রজায়েয়াথ বিত্তং মে স্যাদথ কর্ম্ম কুর্ব্বীয়েতি স

যাবদপ্যেতেষামেকৈকং ন প্রাপ্নোত্যকৃৎস্ন এব তাবন্মন্যতে তস্যো কৃৎস্নতা মন এবাস্যাত্মা বাগ্‌জায়া প্রাণঃ প্রজা চক্ষুর্মানুষং বিত্তং চক্ষুষা হি তদ্বিন্দতে শ্রোত্রং দৈবঙ্ শ্রোত্রেণ হি তচ্ছৃণোত্যাত্মৈবাস্য কর্মাত্মনা হি কর্ম করোতি স এষ পাঙ্‌ক্তো যজ্ঞঃ পাঙ্‌ক্তঃ পশুঃ পাঙ্‌ক্তঃ পুরুষঃ পাঙ্‌ক্তমিদঙ্ সর্বং যদিদং কিঞ্চ তদিদঙ্ সর্বমাপ্নোতি য এবং বেদ।

ইতি প্রথমাধ্যায়ে চতুর্থং ব্রাহ্মণম্‌॥ ৪

ব্যাখ্যা। অগ্রে (দারপরিগ্রহাৎ প্রাক্) ইদম্ (দেহেন্দ্রিয়াদিযুক্তঃ) [লিঙ্গব্যত্যয়েন নির্দেশঃ] আত্মা (অবিদ্যাবান্ জীবরূপঃ পুরুষঃ) এব আসীৎ, [অন্যৎ ভার্য্যাদিকং কিমপি নাসীৎ]; সঃ (জীবঃ) একঃ (দ্বিতীয়সহায়রহিতঃ) [সন্] অকাময়ত মে (মম) জায়া (ভার্য্যা) স্যাৎ; অথ (পত্নীগ্রহণানন্তরং) [অহং পিতৃণামৃণপরিশোধার্থং] প্রজায়েয় (প্রজারূপেণ উৎপদ্যেয়) ; অথ (সন্ততিপ্রাপ্ত্যনন্তরং) বিত্তং (ধনং) মে (মম) স্যাৎ; অথ (ধনপ্রাপ্ত্যনন্তরং) [অহং দেবানামৃণপরিশোধার্থং] কর্ম (স্বর্গাদিসাধনং) কুর্ব্বীয় (কুর্য্যাম্) ইতি। এতাবান্ (এতাবদ্বিষয়কঃ) বৈ (এব) কামঃ; [অবিদ্বান্ পুরুষঃ এতদধিকম্] ইচ্ছংশ্চন

(ইচ্ছন্ অপি) অতঃ (অস্মাৎ উক্তফলসাধনলক্ষণাৎ কামাৎ) ভূয়ঃ (অধিকতরং) ন বিন্দেৎ (লভেত)। তস্মাৎ (হেতোঃ) এতর্হি (ইদানীম্) অপি একাকী [জনঃ] কাময়তে—জায়া মে স্যাৎ, অথ প্রজায়েয় ; অথ বিত্তং মে স্যাৎ,অথ কর্ম কুর্ব্বীয় ইতি। সঃ (অবিদ্বান্ পুরুষঃ) [এবং কাময়মানঃ] যাবৎ এতেষাম্ (যথোক্তানাং জায়াদীনাম্) একৈকম্ অপি ন প্রাপ্নোতি, তাবৎ অকৃৎস্নঃ (অসম্পূর্ণঃ) এব [অহমস্মি ইত্যাত্মানং] মন্যতে। [যদা তু ন কৃৎস্নতাং সম্পাদয়িতুং শক্নোতি তদা কৃৎস্নতাসম্পাদনায় আহ—] তস্য (অকৃৎস্নত্বাভিমানিনঃ) উ (বিতর্কণে) কৃৎস্নতা (সম্পূর্ণতা) [এবং ভবতি]—মনঃ (অন্তঃকরণম্) এব অস্য (অকৃৎস্নত্বাভিমানিনঃ) আত্মা (আত্মা ইব) [প্রধানত্বাৎ] ; বাক্ (শব্দঃ) জায়া (পত্নী) [মনোঽনুবৃত্তিত্বসামান্যাৎ] ; প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) প্রজা (সন্ততিঃ ইব) [জায়াপতিস্থানীয়াভ্যাং বাঙ্মনসাভ্যাং প্রসূতত্বাৎ] ; চক্ষুঃ মানুষম্ (মনুষ্যসম্বন্ধি) বিত্তং (চক্ষুর্গ্রাহ্যং কর্মসাধনং গবাদি) হি (যস্মাৎ) চক্ষুষা তৎ (মানুষং বিত্তং গবাদি) বিন্দতে (উপলভতে) ; শ্রোত্রং দৈবং (দেবসম্বন্ধি বিত্তং) হি (যস্মাৎ) শ্রোত্রেণ তৎ (দৈবং বিত্তং বিজ্ঞানং) শৃণোতি। আত্মা (শরীরম্) এব অস্য (শরীরস্য) [কর্মহেতুত্বাৎ] কর্ম, হি (যস্মাৎ) আত্মনা (শরীরেণ) কর্ম করোতি। [তস্মাৎ] সঃ এষঃ যজ্ঞঃ পাঙ্ক্তঃ (পঞ্চভিঃ মন আদিভিঃ

নিবৃর্ত্তঃ), [গবাদিঃ] পশুঃ পাঙ্‌ক্তঃ (পঙ্‌ক্তিনির্বৃত্তঃ), পুরুষঃ পাঙ্‌ক্তঃ, ইদং সর্বং (কর্মসাধনং ফলং চ) • যদিদং কিঞ্চ (যৎকিঞ্চিদিদং) [সর্বমেবং] পাঙ্‌ক্তম্ (পঙ্‌ক্তিনির্বৃত্তম্); যঃ (জনঃ) এবং (সর্বমেতৎ পাঙ্‌ক্তমিত্থং) বেদ (জানাতি), [সঃ] তদ্ (প্রসিদ্ধম্) ইদং সর্বম্ (জগৎ) [আত্মত্বেন] আপ্নোতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। অবিদ্বান্ পুরুষ দারপরিগ্রহ করিবার পূর্ব্বে একমাত্র দেহেন্দ্রিয়াদিযুক্ত জীবরূপে অবস্থান করিয়া ছিলেন। তখন তিনি একাকী বলিয়া, কামনা করিলেন যে,আমার সহধর্ম্মিণী হউক, আমি তাহাতে পিতৃঋণ পরিশোধ করিবার জন্য সমুদ্ভূত হইব ; আমার ধন হউক, আমি তদ্দ্বারা দেবঋণ পরিশোধ করিবার জন্য স্বর্গাদির সাধনরূপ পুণ্য কর্ম্মের অনুষ্ঠান করিব। লোক এই সকল বিষয়েই কামনা করিয়া থাকেন ; ইহার অধিক বিষয় কামনা করিলেও তিনি তাহা লাভ করিতে পারেন না ; [কারণ দারা-পুত্রাদি-প্রাপ্তিই ঐহিক কাম্য, ইহার অতিরিক্ত আর কোন কাম্য বিষয় নাই]। অতএব বর্ত্তমান কালেও লোক একাকী

থাকিয়া অর্থাৎ অবিবাহিত অবস্থায় থাকিয়া, আমার সহধর্ম্মিণী হউক, পরে তাহাতে পুত্রোৎপাদন করিব, আমার ধন হউক, অতঃপর তদ্দ্বারা কর্ম্ম করিব, এইরূপ কামনা করিয়া থাকেন। সেই অবিদ্বান্ ব্যক্তি এইরূপ কামনা করিয়া, যতক্ষণ, পূর্ব্বোক্ত দারাদি কাম্য বিষয়ের মধ্যে একটিও লাভ করিতে না পারেন ততক্ষণ তিনি "আমি অসম্পূর্ণ আছি" এইরূপ আপনাকে মনে করেন। পূর্ণতাভিমানী পুরুষ দারাপুত্রাদি কাম্য বিষয় লাভ করিতে না পারিলে আপনাকে অপূর্ণ মনে করে, আর সেই কাম্য বস্তু পাইলেই আপনাকে পূর্ণ ভাবিয়া থাকে। অপূর্ণতাভিমানী পুরুষের মনই আত্মস্বরূপ [কারণ দেহের মধ্যে সর্ব্বাপেক্ষা মনই প্রধান] মনের অনুগামী বলিয়া বাক্ অর্থাৎ শব্দ তাহার পত্নী; পতিপত্নীস্থানীয় মনঃ ও বাক্ হইতে প্রসূত বলিয়া পঞ্চভূতাত্মক প্রাণ ইহার প্রজা অর্থাৎ সন্ততি; চক্ষুঃ তাহার মনুষ্যসম্বন্ধীয় বিত্ত, কারণ চক্ষুদ্বারা মানুষ বিত্ত অর্থাৎ মনুষ্যদিগের গবাদি সম্পদ্ অবলোকন

করিয়া থাকে; শ্রোত্র ইহার দৈব বিত্ত, যেহেতু শ্রবণে-ন্দ্রিয় দ্বারা দেবতাসম্বন্ধীয় বিজ্ঞান অর্থাৎ তত্ত্বোপদেশ শ্রবণ করিয়া থাকে; দেহ, কর্ম্মের হেতু বলিয়া দেহই কর্ম্ম, যেহেতু দেহের দ্বারাই কর্ম্ম সম্পন্ন হয়। অতএব এই পাঙ্‌ক্ত, মনঃপ্রভৃতি পঞ্চপদার্থ দ্বারা সম্পন্ন জ্ঞানযজ্ঞ এবং বাহ্যপদার্থ সাধ্যযজ্ঞ। বাহ্যযজ্ঞের পশু এবং তদনুষ্ঠাতা এই উভয়ই পাঙ্‌ক্ত; কর্ম্ম-সাধন এবং কর্ম্মফল, এমন কি যাহা কিছু দৃশ্য বস্তু সমস্তই পাঙ্‌ক্ত অর্থাৎ মনঃ, বাক্, প্রাণ, চক্ষুঃ এবং শ্রোত্র দ্বারা সম্পন্ন। যিনি এই সমস্তই পাঙ্‌ক্তরূপে জানেন, তিনি এই সমগ্র জগৎ আত্মরূপে প্রাপ্ত হইয়া থাকেন।

প্রথমাধ্যায়ের চতুর্থ-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

পঞ্চমং ব্রাহ্মণম্।

১। যৎ সপ্তান্নানি মেধয়া তপসাঽজনয়ৎ পিতা। একমস্য সাধারণং দ্বে দেবানভাজয়ৎ। ত্রীণ্যাত্মনেঽকুরুত পশুভ্য একং প্রাযচ্ছৎ। তস্মিন্ সর্ব্বং প্রতিষ্ঠিতং

যচ্চ প্রাণিতি যচ্চ ন। কস্মাত্তানি ন ক্ষীয়ন্তেঽদ্যমানানি সর্বদা। যো বৈতামক্ষিতিং বেদ সোঽন্নমত্তি প্রতীকেন স দেবানপি গচ্ছতি স ঊর্জমুপজীবতীতি শ্লোকাঃ।

ব্যাখ্যা। পিতা (প্রজাপতিঃ) মেধয়া (জ্ঞানেন) তপসা [চ] যৎ (যানি) সপ্ত অন্নানি (বক্ষ্যমাণানি সর্বপ্রাণিভোগ্যানি) অজনয়ৎ; (অস্য ভোক্তৃসমুদায়স্য) একং (অন্নম্) সাধারণম্; দ্বে (হুত-প্রহুতরূপে অন্নে) দেবান্ অভাজয়ৎ (প্রাপয়ৎ); ত্রীণি (বাঙ্মনঃপ্রাণরূপাণি অন্নানি) আত্মনে (স্বস্মৈ) অকুরুত; একং (দুগ্ধরূপম্ অন্নং) পশুভ্যঃ প্রাযচ্ছৎ (দত্তবান্); যৎ (বস্তু) চ (অপি) প্রাণিতি (প্রাণান্ ধারয়তি) যৎ (বস্তু) চ (অপি) ন [প্রাণিতি], সর্বং [এতৎ] তস্মিন্ (একস্মিন্ দুগ্ধরূপে অন্নে) প্রতিষ্ঠিতম্। কস্মাৎ তানি (সপ্ত অন্নানি) সর্বদা অদ্যমানানি (ভোজ্যমানানি) [অপি] ন ক্ষীয়ন্তে? [ইতি পশ্চাৎ বক্ষ্যতে] যঃ (জনঃ) বা এতাম্ অক্ষিতিম্ (সপ্তান্নানাম্ পুরুষাণাঞ্চ অক্ষয়িত্বম্) বেদ (জানাতি), সঃ প্রতীকেন (মুখ্যত্বেন) অন্নম্ অত্তি (ভক্ষয়তি), সঃ (উপাসকঃ) দেবান্ (দেবভাবান্) অপি গচ্ছতি (প্রাপ্নোতি); সঃ ঊর্জম্ (অমৃতম্) উপজীবতি (উপভুনক্তি) [অমৃতত্বপ্রাপ্ত্যা দেবলোকে প্রতিষ্ঠিতঃ ভবতীতি ভাবঃ], ইতি (অস্মিন্ বিষয়ে) শ্লোকাঃ [বিদ্যন্তে]।

অনুবাদ। প্রজাপতি জ্ঞান ও কর্ম্মের দ্বারা যে সপ্তবিধ অন্নের সৃষ্টি করিয়াছিলেন; তন্মধ্যে তিনটী নিজের ভোগরূপে রাখিয়া একটি সমস্ত প্রাণিগণকে, দুইটি দেবতাদিগকে আর একটী পশুদিগকে বিভাগ করিয়া দিলেন। প্রাণী ও অপ্রাণী সকলেই অন্নে প্রতিষ্ঠিত। এই সপ্তান্ন প্রাণীদিগের সর্ব্বদা ভক্ষ্য হইয়াও ক্ষয় প্রাপ্ত হয় না, কেননা পুরুষ অক্ষয়, সুতরাং তাঁহার অন্নও অক্ষয়। যিনি এই সপ্তবিধ অন্নের ও পুরুষের অক্ষয়ত্ব জানেন, তিনি যথেচ্ছক্রমে অন্ন ভোজন করিয়া থাকেন এবং দেবত্বও লাভ করেন; তিনিই অমৃতত্ব উপভোগ করিয়া দেবলোকে প্রতিষ্ঠিত হন। এ বিষয়ে মন্ত্রও আছে।

২। যৎ সপ্তান্নানি মেধয়া তপসাঽজনয়ৎ পিতেতি মেধয়া হি তপসাঽজনয়ৎ পিতা একমস্য সাধারণমিতীদমেবাস্য তৎ সাধারণমন্নং যদিদমদ্যতে। স য এতদুপাস্তে ন স পাপ্মনো ব্যাবর্ত্ততে মিশ্রং হ্যেতৎ। দ্বে দেবানভাজয়দিতি হুতং চ প্রহুতং চ তস্মাদ্দেবেভ্যো জুহ্বতি চ প্র

হ জুহ্বতাখো আহুর্দর্শপূর্ণমাসাবিতি। তস্মান্নেষ্টি যাজুকঃ স্যাৎ। পশুভ্য একং প্রাযচ্ছদিতি তৎপয়ঃ। পয়ো হ্যেবাগ্রে মনুষ্যাশ্চ পশবশ্চোপজীবন্তি তস্মাৎ কুমারং জাতং ঘৃতং বৈবাগ্রে প্রতিলেহয়ন্তি স্তনং বানুধাপয়ন্ত্যথ বৎসং জাতমাহুরতৃণাদ ইতি। তস্মিন্ সর্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি যচ্চ নেতি পয়সি হীদং সর্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি যচ্চ ন। তদ্ যদিদমাহুঃ সংবৎসরং পয়সা জুহ্বদপপুনর্মৃত্যুং জয়তীতি ন তথা বিদ্যাদ্যদহরেব জুহোতি তদহঃ পুনর্মৃত্যুমপজয়ত্যেবংবিদ্বান্সর্বং হি দেবেভ্যোঽন্নাদ্যং প্রযচ্ছতি। কস্মাত্তানি ন ক্ষীয়ন্তেঽদ্যমানানি সর্বদেতি পুরুষো বা অক্ষিতিঃ স হীদমন্নং পুনঃ পুনর্জনয়তে। যো বৈ তামক্ষিতিং বেদেতি পুরুষো বা অক্ষিতিঃ স হীদমন্নং ধিয়া ধিয়া জনয়তে কর্মভির্যদ্ধৈতন্ন কুর্যাৎ ক্ষীয়েত হ সোঽন্নমত্তি প্রতীকেনেতি মুখং প্রতীকং মুখেনেত্যেতৎ। স দেবানপি গচ্ছতি স ঊর্জমুপজীবতীতি প্রশংসা।

ব্যাখ্যা। "যৎ সপ্তান্নানি মেধয়া তপসাঽজনয়ৎ পিতা ইতি" [মন্ত্রোয়মর্থঃ] হি [প্রসিদ্ধৌ] পিতা মেধয়া (জ্ঞানেন) তপসা

[চ] যৎ অজনয়ৎ [সপ্তান্নানি]। "একমস্য সাধারণমিতি" [অস্যার্থঃ]—অস্য ভোক্তৃসমুদায়স্য। তদ্ ইদমেব অন্নং সাধারণং যদ্ ইদম্ (লোকপ্রসিদ্ধম্ অন্নম্) অদ্যতে (খাদ্যতে) [লোকৈরিতি শেষঃ]; সঃ যঃ এতৎ (সর্বজীবস্থিতিকরং ভুজ্যমানম্ অন্নম্) উপাস্তে (অন্নভোজনতৎপরো ভবতি) সঃ পাপ্মনঃ (অধর্ম্মাৎ) ন ব্যাবর্ত্ততে (বিমুচ্যতে); হি (যস্মাৎ) এতৎ (অন্নং) মিশ্রং (পাপপুণ্যযুক্তং) [ভবতীতি শেষঃ]। "দ্বে দেবানভাজয়দিতি" [কে তে দ্বে ইত্যাহ] হুতম্ (অগ্নৌ হবনম্) চ প্রহুতং (হোমানন্তরবলিপ্রদানং) চ। [যস্মাৎ পিতা দ্বে এতে হুতপ্রহুতে অন্নে দেবান্ অভাজয়ৎ] তস্মাৎ (হেতোঃ) দেবেভ্যঃ জুহ্বতি (হোমং কুর্বন্তি) [হুত্বা] চ প্রজুহ্বতি (বলিহরণং কুর্বন্তি) চ [গৃহিণঃ ইতি শেষঃ]। অথো [অন্যে] আহুঃ (কথয়ন্তি) [পিত্রা যে দ্বে হুতপ্রহুতে অন্নে প্রদত্তে,ন তে তর্হি কে তে] দর্শপূর্ণমাসৌ (যাগৌ দ্বে অন্নে) ইতি; [যস্মাৎ পিতা দর্শপূর্ণমাসরূপে দ্বে অন্নে দেবেভ্যঃ প্রযচ্ছতি] তস্মাৎ (হেতোঃ) ইষ্টিযাজুকঃ (কাম্যেষ্টিযজনশীলঃ) ন স্যাৎ [অপিচ দর্শপূর্ণমাসযজনশীলঃ ভবেদিতি ভাবঃ]। "পশুভ্যঃ একং প্রাযচ্ছদিতি" [কিং তদিত্যাহ] তৎ (একম্ অন্নম্) পয়ঃ (দুগ্ধং); হি (যস্মাৎ) মনুষ্যাঃ চ পশবঃ চ অগ্রে পয়ঃ (দুগ্ধম্) এব উপজীবন্তি, তস্মাৎ জাতং বালকম্ অগ্রে ঘৃতং বা (বিকল্পে) প্রতিলেহয়ন্তি স্তনং বা অনুধাপয়ন্তি

(পশ্চাৎ পায়য়ন্তি) ; অথ [জাত: বৎসঃ কিয়ৎপ্রমাণঃ ইত্যেবং পৃষ্টাঃ সন্তঃ, অয়ম্] অতৃণাদঃ (তৃণভোজনাক্ষমঃ) ইতি জাতং বৎসম্ আহুঃ (কথয়ন্তি) "যস্মিন্ সর্বং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি) যচ্চ নেতি' [অস্যায়মর্থঃ] হি (যস্মাৎ) যৎ চ প্রাণিতি (প্রাণান্ ধারয়তি) যৎ চ ন [প্রাণিতি] ইদং সর্বং (জগৎ) পয়সি (দুগ্ধে) প্রতিষ্ঠিতং '[ভবতীতি শেষঃ] ; [অগ্নিহোত্রাহুতিবিপরিণামাত্মকং জগৎ পরম্পরয়া পয়সা হি সম্পদ্যতে, অতঃ পয়সঃ সর্বপ্রতিষ্ঠিতত্বং ন বিরুধ্যতে]। তৎ (তস্মাৎ) যৎ [ব্রাহ্মণান্তরেষু] ইদম্ আহুঃ—সংবৎসরং [ব্যাপ্য] পয়সা (দুগ্ধেন) জুহ্বৎ (হোমং কুর্বন্) পুনর্মৃত্যুম্ অপজয়তি (অতিক্রামতি ইতি) তথা ন বিদ্যাৎ (জানীয়াৎ) ; যদহঃ (যস্মিন্ দিনে) এব জুহোতি তদহঃ (তস্মিন্ দিনে) [এব] পুনঃ মৃত্যুম্ অপজয়তি (অতিক্রামতি) এবং বিদ্বান্ (জানন্) (সন্) হি (নিশ্চয়ে) দেবেভ্যঃ সর্বং অন্নাদ্যম্ (ভোজনীয়ম্ অন্নং) প্রযচ্ছতি "কস্মাত্তানি ন ক্ষীয়ন্তে অদ্যমানানি সর্বদেতি" [ইত্যস্যোত্তরমাহ] পুরুষঃ বৈ (প্রসিদ্ধৌ) অক্ষিতিঃ (অক্ষয়হেতুঃ), সঃ (পুরুষঃ) হি ইদম্ অন্নং পুনঃ পুনঃ জনয়তে (উৎপাদয়তি) ; "যো বৈতামক্ষিতিং বেদেতি" [অস্যার্থঃ] পুরুষঃ বা অক্ষিতিঃ (অক্ষয়হেতুঃ), সঃ (পুরুষঃ) হি (নিশ্চয়ে) ধিয়া ধিয়া (তৎ তৎ প্রজ্ঞয়া) [বাঙ্মনঃকায়চেষ্টিতৈঃ] কর্মভিঃ [চ] ইদম্, অন্নং জনয়তে ; যৎ (যদি)

হ (প্রসিদ্ধৌ) এতৎ (সপ্তান্নম্) ন কুর্য্যাৎ, [তদা] হ [অন্নং ক্ষীয়েত]। "সোঽন্নমত্তি প্রতীকেনেতি" [ইত্যস্যার্থঃ উচ্যতে] মুখং (মুখ্যত্বং প্রাধান্যমিতি যাবৎ) প্রতীকম্ [এতেন হি] মুখেন (মুখ্যত্বেন) [অন্নম্ অত্তি] ইত্যেতৎ (এবং মুখ্যত্বেন অন্ন-ভক্ষণরূপলিঙ্গম্) [ভোক্তুঃ ভোক্তৃত্বমাপাদয়ন্তি ভোজ্যত্বাৎ প্রতিষেধতীতি ভাবঃ]। সঃ (উপাসকঃ) দেবান্ (দেবাত্মভাবম্) অপি গচ্ছতি (প্রতিপদ্যতে); সঃ উর্জ্জম্ (অমৃতম্) উপজীবতি (পিবতি), ইতি (এতৎ) প্রশংসা [অন্নবিজ্ঞানস্যেতি শেষঃ]।

অনুবাদ। প্রজাপতি জ্ঞান ও কর্ম্ম দ্বারা যে সপ্তবিধ অন্নের সৃষ্টি করিয়াছিলেন, সেই সপ্তবিধ অন্নের মধ্যে যে অন্ন সমস্ত লোকে ভোজন করে, সেই অন্নই ভোক্তৃবর্গের সাধারণ খাদ্য। যে ব্যক্তি এই অন্নের উপাসনা করে অর্থাৎ আসক্তিযুক্ত হইয়া উপভোগ করে, সে ব্যক্তি কদাচ পাপ হইতে বিমুক্ত হইতে পারে না; যেহেতু উক্ত অন্ন পাপপুণ্য-মিশ্রিত। হুত অর্থাৎ অগ্নিতে প্রক্ষিপ্ত যজ্ঞিয় ঘৃতাদি দ্রব্য এবং প্রহুত অর্থাৎ হোমশেষে প্রদত্ত পূজোপহার—এই দ্বিবিধ অন্ন প্রজাপতি দেব-

গণকে বিভাগ করিয়া দিয়াছিলেন, সেইজন্য দেবতাগণের উদ্দেশে হোম করিয়া পূজোপহার প্রদান করিবে। অন্য শাখীরা বলিয়া থাকেন যে প্রজাপতি দেবগণকে হুত ও প্রহুত এই অন্ন দুইটি প্রদান করেন নাই; পরন্তু দর্শ ও পূর্ণমাসনামক যজ্ঞ দুইটিই তাঁহাদের অন্নরূপে কল্পনা করিয়াছেন। প্রজাপতি দেবগণের উদ্দেশে দর্শ ও পূর্ণমাসনামক যজ্ঞ দুইটী বিধান করিয়াছেন বলিয়া কাম্যযাগানুষ্ঠান করিবে না। পরন্তু নিষ্কাম দর্শপূর্ণমাসাদি যজ্ঞের অনুষ্ঠান করিবে। দুগ্ধই পশুদিগের অর্থাৎ দ্বিপদও চতুষ্পদদিগের অন্ন; কারণ জন্মমাত্র মনুষ্যগণ দুগ্ধের দ্বারাই প্রাণ ধারণ করে, সেই কারণে প্রথমেই সদ্যোজাত বালককে ঘৃতপ্রাশন অর্থাৎ জাতকর্ম্মাধিকারীরা জাতকর্ম্মের অনুষ্ঠান করিয়া ঘৃত ভোজন করান, আর উক্ত কর্ম্মে অনধিকারীরা দুগ্ধপান করাইয়া থাকেন। যদি কেহ জিজ্ঞাসা করেন যে, এই গোবৎসটির কত বয়স? তদুত্তরে বলা হয় যে এইটি অতৃণাদ অর্থাৎ এখনও

তৃণভোজন করিতে পারে, মা, দুগ্ধ পান করিয়াই জীবন ধারণ করিতেছে। [ইহা দ্বারা জানা যায় যে দ্বিপদ এবং চতুষ্পদ প্রাণিগণ দুগ্ধের দ্বারাই প্রাণ ধারণ করে]। যাহারা প্রাণধারী অর্থাৎ জঙ্গম,* অথবা যাহারা প্রাণনাদিক্রিয়াশীল নহে অর্থাৎ পর্ব্বতাদি—এই সমস্তই দুগ্ধরূপ অন্নে প্রতিষ্ঠিত; [কারণ দুগ্ধদ্বারা যে অগ্নিহোত্র সম্পাদিত হয় ঐ অগ্নিহোত্রের প্রদত্ত আহুতির পরিণামই জগৎ, সুতরাং সমস্ত পদার্থ যে দুগ্ধে প্রতিষ্ঠিত, ইহাতে কোন সন্দেহ নাই]। অন্য ব্রাহ্মণে এইরূপ কথিত আছে যে, দুগ্ধদ্বারা সংবৎসর হোম করিয়া পুনর্মৃত্যুকে যে অতিক্রম করা যায়, তাহা নহে; কারণ যে দিনে হোম করিবে, সেই দিনেই পুনর্মৃত্যুকে জয় করিতে পারিবে। যিনি এইরূপ জানেন, তিনি সায়ংকালের এবং প্রাতঃসময়ের আহুতিদ্বারা দেবগণের উদ্দেশে সমস্ত অন্নই প্রদান করিয়া থাকেন। প্রসিদ্ধ পুরুষই ক্ষয় না হইবার কারণ; উক্ত পুরুষ সমুদায় অন্ন পুনঃ পুনঃ উৎপাদন করিয়া থাকেন, সেইজন্য

অন্ন সমুদায় ক্ষয় প্রাপ্ত হয় না। পূর্ব্বোক্ত পুরুষই অন্ন স্থিতির বা রক্ষার প্রতি কারণ, যে হেতু তিনিই সেই সেই জ্ঞান এবং কায়িক, মানসিক ও বাচনিক কর্ম্ম দ্বারা এই সকল অন্ন উৎপাদন করেন; যদি তিনি প্রসিদ্ধ সপ্তান্ন উৎপাদন না করিতেন, তাহা হইলে অন্ন ক্ষয় প্রাপ্ত হইত। তিনিই মুখ্যরূপে অন্ন ভোজন করিয়া থাকেন; [তাৎপর্য্য এই যে তিনি মুখ্যরূপে ভোক্তাই হন কিন্তু অন্যের ন্যায় ভোজ্য অর্থাৎ খাদ্য হন না]। সেই উপাসক দেবভাব প্রাপ্ত হইয়া অমৃত পান করেন। ইহা অন্নবিজ্ঞানের প্রশংসামাত্র বুঝিতে হইবে।

৩। ত্রীণ্যাত্মনেঽকুরুতেতি মনো বাচং প্রাণং তান্যাত্মনেঽকুরুতান্যত্রমনা অভূবং নাদর্শমন্যত্রমনা অভূবং নাশ্রৌষমিতি মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতি। কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা শ্রদ্ধাঽশ্রদ্ধা ধৃতিরধৃতির্হ্রী-র্ধীর্ভীরিত্যেতৎ সর্ব্বং মন এব তস্মাদপি পৃষ্ঠত উপস্পৃষ্টো মনসা বিজানাতি যঃ কশ্চ শব্দো বাগেব সা। এষা

হৃদ্ভমায়ৈতৎ সর্বং হি ন প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানোঽন ইত্যেতৎ সর্বং প্রাণ এবৈতন্ময়ো বা অয়-মাত্মা বাঙ্ময়ো মনোময়ঃ প্রাণময়ঃ।

ব্যাখ্যা। "ত্রীণি আত্মনে অকুরুতেতি" [কোঽস্যার্থঃ ইত্যুচ্যতে]—[মনোবাক্‌প্রাণাঃ এতানি ত্রীণি অন্নানি] তানি মনঃবাচং প্রাণম্ [চ] আত্মনে (আত্মার্থম্ (অকুরুত [পিতেতি শেষঃ]। [তত্র মনসঃ অস্তিত্বং তাবৎ সাধয়তি]—অন্যত্রমনাঃ (অন্যবিষয়াসক্তচিত্তঃ) অভূবম্ (আসম্) [ততঃ] ন অদর্শম্ [অহমিতি শেষঃ] ; অন্যত্রমনাঃ অভূবম্ [অতঃ] ন অশ্রৌষম্ (শ্রুতবান্) [অহমিতি শেষঃ] ; হি (যস্মাৎ মনসা এব পশ্যতি, মনসা [এব] শৃণোতি ; [মনসঃ ব্যগ্রত্বে দর্শনাদ্যভাবাদিতি ভাবঃ]। [মনসঃ স্বরূপং প্রতিপাদয়তি]—কামঃ (স্ত্রীসহবাসাদ্যভিলাষঃ) সঙ্কল্প (বিষয়াণাং বিকল্পনম্) বিচিকিৎসা (সংশয়জ্ঞানম্) শ্রদ্ধা (শাস্ত্রোক্তকর্মাদিষু দেবতা-দিষু চ আস্তিক্যবুদ্ধিঃ) অশ্রদ্ধা (তেষু অনাস্তিক্যবুদ্ধিঃ) ধৃতিঃ (ধারণং) অধৃতিঃ (তদ্বিপর্যয়ঃ) হ্রীঃ (লজ্জা) ধীঃ (প্রজ্ঞা) ভীঃ (ভয়ম্) ; ইতি এতৎ সর্বং মনঃ এব (মনসঃ রূপাণি এতানি ইত্যর্থঃ] ; তস্মাৎ (মনসঃ বিদ্যমানত্বাৎ হেতোঃ] পৃষ্ঠতঃ (চক্ষুষঃ অগোচরে পৃষ্ঠে) অপি [কেনচিৎ] উপস্পৃষ্টঃ সন্ [দ্বিতীয়ঃ পুরুষঃ] মনসা বিজানাতি [যস্যায়ং স্পর্শঃ, তৎ

বিশেষেণ অবধারয়তি ইত্যর্থঃ]। [ইদানীং বাক্ বক্তব্যা ইত্যাহ]—যঃ কঃ চ শব্দঃ [ধ্বনিঃ) সা বাক্ এব ; [বাচঃ কার্য্যমুচ্যতে] এষা (বাক্) হি (নিশ্চয়ে) অন্তম্ (অভিধেয়ার্থনির্ণয়ম্) আয়ত্তা (অনুগতা) ; হি (যস্মাৎ) এষা (বাক্) ন [পুনঃ অভিধেয়বৎ প্রকাশ্যা অপিচ অভিধেয়প্রকাশিকা এব ইতি ভাবঃ]। [ইদানীং প্রাণঃ উচ্যতে]—প্রাণঃ (মুখনাসিকাদৌ সঞ্চরণশীলা হৃদয়সম্বন্ধিনী বায়ুবৃত্তিঃ) অপানঃ (আনাভিস্থানবর্ত্তী অধোবৃত্তিঃ মূত্রপুরীষাদেঃ অপনয়নশীলঃ), ব্যানঃ (সর্বদেহব্যাপী প্রাণাপাণয়োর্নিয়মনশীলঃ), উদানঃ (আপাদতলমস্তকস্থানবর্ত্তী উর্দ্ধগমনাদিহেতুঃ) সমানঃ (ভুক্তস্য পীতস্য চ পচনশীলঃ, রসাদীনামপি সমনয়নহেতুঃ), অনঃ (এষাং প্রাণানাং দেহসম্বন্ধিনী সামান্যবৃত্তিঃ) ইতি, এতৎ সর্বং প্রাণ এব। অয়ম্ (পরিদৃশ্যমানঃ) আত্মা (দেহপিণ্ডঃ) বৈ (এব) এতন্ময়ঃ(এতদ্বিকারঃ প্রাজাপত্যৈঃ এতৈঃ বাঙ্মনঃ প্রাণৈঃ আরব্ধঃ ইতি ভাবঃ) [তেন] বাঙ্ময়ঃ মনোময়ঃ প্রাণময়ঃ [ইত্যাখ্যায়তে]।

অনুবাদ। পিতা অর্থাৎ জগদ্বিধাতা প্রজাপতি মনঃ, বাক্ ও প্রাণ এই তিনটি অন্ন নিজের জন্য সৃষ্টি করিলেন। শ্রুতি তন্মধ্যে প্রথমে মনের অস্তিত্ব সাধন করিতেছেন। লোকে সম্মুখস্থ বস্তু দর্শন করিতে না পারিয়া বলিয়া থাকে যে, আমি

অন্যমনস্ক ছিলাম, সেইজন্য দেখিতে পাই নাই এবং কোন শব্দ শুনিতে না পাইয়া বলিয়া থাকে যে, আমার মনঃ অন্যবিষয়াসক্ত ছিল, কাজেই শুনিতে পাই নাই ; [ইহার দ্বারা জানা যায় যে, মনের অস্তিত্ব না থাকিলে কোন বস্তুই প্রত্যক্ষ হইত না]। এই জন্যই শ্রুতি বলিতেছেন যে, মনের দ্বারাই, জীব দর্শন করে এবং মনের দ্বারাই শ্রবণ করে। মনের স্বরূপ কি ? তদুত্তরে শ্রুতি বলিতেছেন—কাম অর্থাৎ রমণীসহবাসেচ্ছা, সঙ্কল্প, বিকল্পনা, বিচিকিৎসা, শ্রদ্ধা অশ্রদ্ধা, অধৃতি, লজ্জা, প্রজ্ঞা, এবং ভয়, এই সকলই মনেরই বৃত্তিবিশেষ। মনের অস্তিত্ব আছে বলিয়াই কেহ পৃষ্ঠদেশে স্পর্শ করিলে স্পৃষ্ট ব্যক্তি মনের দ্বারা স্পৃষ্ট বস্তুর স্বরূপ অবগত হইতে পারে। সম্প্রতি বাক্ নিরূপণ করিতেছেন। যে কোন ধ্বনি অর্থাৎ কণ্ঠতালুপ্রভৃতির অভিঘাতজনিত শব্দ অথবা অন্যবিধ শব্দ তৎ সমুদায়ই বাক্ ; আবার এই বাক্ই অভিধেয় পদার্থ নির্ণয়পর্য্যন্ত অনুগত অর্থাৎ অভিধেয় পদার্থ প্রকাশ করা পর্য্যন্ত শব্দের শক্তি; সুতরাং

শব্দ অর্থকে প্রকাশ করে বলিয়া প্রকাশক, আর অর্থ শব্দ দ্বারা প্রকাশিত হয় বলিয়া প্রকাশ্য; এইজন্য শব্দ প্রকাশ্য নহে প্রকাশক। এখন প্রাণের স্বরূপ নিরূপণ করিতেছেন;—মুখনাসিকাদির ভিতর দিয়া অভ্যন্তর হইতে যে বায়ু গমনাগমন করে, তাহাই প্রাণ, মূত্রপুরীষাদির অপনয়ন করিয়া দেয় বলিয়া ইহার নাম অপান, সর্ব্বদেহ ব্যাপিয়া আছে, এইজন্য ইহার নাম ব্যান, উর্দ্ধগমনাদির কারণ বলিয়া ইহাকে উদান বলে, ভুক্ত বস্তুসকল পচনক্রিয়া দ্বারা রসাদিরূপে সমভাবে পরিণত করে বলিয়া ইহার নাম সমান; এই পঞ্চ প্রাণের সামান্য বৃত্তিই 'অন' নামে অভিহিত। এই দেহপিণ্ড প্রজাপতির বাক্, মনঃ ও প্রাণের বিকার বলিয়া ইহাকে বাঙ্ময়, মনোময় ও প্রাণময় বলা হইয়া থাকে।

৪। ত্রয়ো লোকা এত এব বাগেবায়ং লোকো মনোঽন্তরিক্ষলোকঃ প্রাণোঽসৌ লোকঃ।

ব্যাখ্যা। এতে (বাঙ্মনঃপ্রাণাঃ) এব ত্রয়ঃ লোকাঃ (ভূর্ভুবঃস্বরাখ্যাঃ)। বাক্ এব অয়ম্ (ভূরাখ্যঃ) লোকঃ;

নঃ অন্তরিক্ষলোকঃ (ভুবর্লোকঃ) প্রাণঃ অসৌ (স্বরভিধানঃ) লোকঃ।

অনুবাদ। বাক্, মনঃ ও প্রাণ এই অন্ন-ত্রয়ই ভূরাদি ত্রিলোকস্বরূপ। বাক্ঃ ভূর্লোক, মন ভুবর্লোক এবং প্রাণ স্বর্লোক॥

৫। ত্রয়ো বেদা এত এব বাগেবর্গ্বেদো মনো যজুর্বেদঃ প্রাণঃ সামবেদঃ।

ব্যাখ্যা। এতে (বাঙ্মনঃপ্রাণাঃ) এব ত্রয়ঃ বেদাঃ (ঋক্-যজুঃসামাখ্যাঃ) বাক্, এব ঋগ্‌বেদঃ, মনঃ যজুর্ব্বেদঃ, প্রাণঃ সামবেদঃ।

অনুবাদ। বাক্, মনঃ এবং প্রাণ এই অন্ন ত্রয়ই তিন বেদ। তন্মধ্যে বাক্ ঋগ্বেদ, মনঃ যজুর্ব্বেদ এবং প্রাণ সামবেদ॥

৬। দেবাঃ পিতরো মনুষ্যা এত এব বাগেব দেবা মনঃ পিতরঃ প্রাণো মনুষ্যাঃ।

ব্যাখ্যা। এতে (বাক্‌মনঃপ্রাণাঃ) এব দেবাঃ পিতরঃ মনুষ্যাঃ। বাক্ এব দেবাঃ, মনঃ পিতরঃ প্রাণঃ মনুষ্যাঃ।

অনুবাদ। বাক্, প্রাণ ও মনঃ এই অন্নত্রয়ই দেবগণ, পিতৃগণ ও মনুষ্যগণ। বাক্ দেবগণস্বরূপ, মনঃ পিতৃগণস্বরূপ এবং প্রাণ মনুষ্যগণস্বরূপ॥

৭। পিতা মাতা প্রজৈত এব মনঃ এব পিতঃ বাঙ্মাতা প্রাণঃ প্রজা।

ব্যাখ্যা। এতে (বাক্মনঃপ্রাণাঃ) এব পিতা মাতা প্রজা। মনঃ এব পিতা, বাক্ মাতা, প্রাণঃ প্রজা।

অনুবাদ। বাক্ মনঃ এবং প্রাণ এই অন্নত্রয়ই পিতা, মাতা এবং প্রজা। মনঃ পিতা, বাক্ মাতা এবং প্রাণ প্রজা॥

৮। বিজ্ঞাতং বিজিজ্ঞাস্যমবিজ্ঞাতমেত এব ২৭ কিঞ্চ বিজ্ঞাতং বাচস্তদ্রূপং বাগ্‌ঘি বিজ্ঞাতা বাগেনং তদ্ভূত্বাঽবতি।

ব্যাখ্যা। এতে এব বিজ্ঞাতং (বিস্পষ্টং জ্ঞাতং), বিজিজ্ঞাস্যম্ (বিস্পষ্টং জ্ঞাতুমিষ্টম্), অবিজ্ঞাতম্ (বিজ্ঞানাগোচরম্) [চ ভবতীতি শেষঃ]; যৎকিঞ্চ বিজ্ঞাতং তদ্ বাচঃ রূপং; হি (যস্মাৎ) বাক্ বিজ্ঞাতা [অভিধেয়ার্থ প্রকাশকত্বাৎ]। [বাগ্বিশেষবিদঃ ফলমুচ্যতে]—বাক্ তৎ (বিজ্ঞাতং) ভূত্বা এনম্ বাগ্বিশেষবিদম্), অবতি (পালয়তি)।

অনুবাদ। উক্ত বাক্, প্রাণও মনঃ এই অন্নত্রয়ই বিজ্ঞাত, বিজিজ্ঞাস্য এবং অবিজ্ঞাত। যাহা কিছু বিশেষরূপে জ্ঞাত, তৎসমুদয় বাক্যের রূপ; বাক্য নিজে সমুদায় অভিধেয়পদার্থের প্রকাশক বলিয়া বিজ্ঞাতা। যিনি যথোক্তরূপে বাক্যের স্বরূপ জানেন, বাক্ নিজেই বিজ্ঞাত হইয়া তাঁহাকে প্রতি-পালন করেন অর্থাৎ নিজে বিজ্ঞাতরূপেই ইহারা ভোজনীয় অন্নরূপে কল্পিত হইয়া থাকেন॥

৯। যৎকিঞ্চ বিজিজ্ঞাস্যং মনসস্তদ্রূপং মনো-হি বিজিজ্ঞাস্যং মন এনং তদ্ভূত্বাঽবতি।

ব্যাখ্যা। যৎ কিঞ্চ বিজিজ্ঞাস্যং, তৎ মনসঃ রূপম্; হি (যস্মাৎ) মনঃ বিজিজ্ঞাস্যম্ (বিস্পষ্টং জ্ঞাতুমিষ্টম্) [তস্মাৎচ] মনঃ তদ্ (বিজিজ্ঞাস্যম্) ভূত্বা এনম্; (মনোবিভূতিবিদম্) অবতি (পালয়তি)।

অনুবাদ। যাহা কিছু বিজিজ্ঞাস্য তাহা মনের রূপ; যেহেতু মনে সন্দিগ্ধ বস্তুর সাদৃশ্য আছে সেইজন্য মনঃ বিজিজ্ঞাস্য; মনঃ বিজিজ্ঞাস্য হইয়া অর্থাৎ বিজিজ্ঞাস্যরূপে তাহার অন্নভাব প্রাপ্ত হইয়া মনো বিভূতিবিদ্ ব্যক্তিকে পালন করেন॥

১০। যৎ কিঞ্চাবিজ্ঞাতং প্রাণস্য তদ্রূপং প্রাণো হ্যবিজ্ঞাতঃ প্রাণ এনং তদ্ভূত্বাঽবতি।

ব্যাখ্যা। যৎ কিঞ্চ অবিজ্ঞাতম্ (বিজ্ঞানাগোচরম্) প্রাণস্য তদ্ রূপম্; হি (যস্মাৎ) প্রাণঃ অবিজ্ঞাতঃ। প্রাণঃ তৎ (অবিজ্ঞাতং) ভূত্বা এনম্ (প্রাণবিভূতিবিদম্) অবতি (পালয়তি)।

অনুবাদ। যাহা কিছু অবিজ্ঞাত তাহা সমস্তই প্রাণের রূপ; যেহেতু প্রাণই অবিজ্ঞাত। প্রাণ নিজে অবিজ্ঞাতরূপে অবস্থান করিয়া প্রাণ-বিভূতিবিদ্‌কে পালন করেন অর্থাৎ প্রাণ প্রাণবিভূতি-বিদের অন্নরূপে পরিকল্পিত হইয়া থাকেন॥

১১। তস্যৈ বাচঃ পৃথিবী শরীরং জ্যোতী-রূপময়মগ্নিস্তদ্ যাবত্যেব বাক্তাবতী পৃথিবী তাবনয়-মগ্নিঃ।

ব্যাখ্যা। তস্যৈ (তস্যাঃ প্রজাপতেরন্নরূপায়াঃ) বাচঃ পৃথিবী শরীরম্ (বাহ্যঃ আধারঃ); অয়ম্ (পার্থিবঃ) অগ্নিঃ জ্যোতীরূপম্ (প্রকাশাত্মকং করণম্) [পৃথিব্যা আধেয়-ভূতম্]; [দ্বিরূপা হি প্রজাপতেঃ বাক্ কার্য্যং করণঞ্চ, কার্য্যম্

অপ্রকাশাত্মকঃ আধারঃ, করণঞ্চ আধেয়ং প্রকাশাত্মকং তদুভয়ং পৃথিব্যগ্নী বাগেব প্রজাপতেঃ] ; তৎ (তত্র যাবতী (যাবৎ-পরিমাণা) এব বাক্, পৃথিবী [অপি] তাবতী (তৎপরিমাণা), অয়ম্ অগ্নিঃ [অপি], তাবান্ (তৎপরিমাণঃ) ।

অনুবাদ। প্রজাপতির অন্নরূপে পরিকল্পিত বাক্যের শরীর অর্থাৎ বাহ্য আধার পৃথিবী, তাহার আধেয়, পার্থিব অগ্নিজ্যোতিঃস্বরূপ করণ। অতএব আধিদৈবিক বাক্য যে পরিমিত, আধারভূতা পৃথিবী ও সেই পরিমিত, তাহার আধেয়ভূত অগ্নিও তাবৎপরিমিত, [তাৎপর্য্য এই যে প্রজাপতির বাক্, কার্য্য এবং করণরূপে দ্বিবিধ, তন্মধ্যে অপ্রকাশস্বভাবা পৃথিবী আধারভূতা আর প্রকাশস্বভাব অগ্নি আধেয়ভূত। এই উভয় প্রজাপতিবাক্যের কার্য্য এবং করণরূপে পরিকল্পিত হইয়াছেন ॥

১২। অথৈতস্য মনসো দ্যৌঃ শরীরং জ্যোতীরূপমসাবাদিত্যস্তদ্যাবদেব মনস্তাবতী দ্যৌস্তাবানসাবাদিত্যস্তৌ মিথুনং সমৈতাং ততঃ প্রাণোঽজায়ত

স ইন্দ্রঃ স এষোঽসপত্নো দ্বিতীয়ো বৈ সপত্নো নাস্য সপত্নো ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। অথ এতস্য (প্রজাপতেরন্নত্বেন পরিকল্পিতস্য) মনসঃ দ্যৌঃ (দ্যুলোকঃ) শরীরম্ (আধারভূতং কার্য্যম্) অসৌ আদিত্যঃ জ্যোতীরূপম্ (প্রকাশাত্মকং) [আধেয়স্বরূপং করণম্]; তৎ (তত্র) যাবৎ (যৎপরিমিতম্) এব [অধ্যাত্মম্ অধিভূতং বা] মনঃ, তাবতী (তাবৎপরিমিতা) দ্যৌঃ; তাবান্ (তৎপরিমিতঃ) অসৌ আদিত্যঃ [আধিভৌতিকয়োঃ বাঙ্মনসয়োরিব আধিদৈবিকয়োঃ বাঙ্মনসয়োঃ প্রাণস্য প্রজাত্বমিতি প্রতিপাদনায়াহ]—তৌ (বাঙ্মনসরূপিণৌ মাতাপিতরৌ আধিদৈবিকৌ অগ্ন্যাদিত্যৌ) মিথুনং (ইতরেতরসংসর্গং) সমৈতাম্ (সমগচ্ছেতাম্) [সাবিত্রং পাকম্ আগ্নেয়ঞ্চ প্রকাশম্ ঋতে কার্য্যসিদ্ধ্যদর্শনাৎ তয়োঃ প্রাণং প্রতি জনকত্বমিত্যর্থঃ]। ততঃ (তয়োঃ মাতাপিত্রোঃ অগ্ন্যাদিত্যয়োঃ পরস্পরসম্বন্ধাৎ) প্রাণঃ অজায়তঃ; সঃ (প্রাণঃ) ইন্দ্রঃ (পরমেশ্বরঃ), সঃ এষঃ অসপত্নঃ (প্রতিপক্ষরহিতঃ) বৈ (এব); [যতঃ, যঃ কশ্চিৎ] দ্বিতীয়ঃ সপত্নঃ (প্রতিপক্ষঃ) [ভবতি, বাঙ্মনসয়োঃ দ্বিতীয়ত্বেঽপি ন তে প্রতিপক্ষং ভজেতে ইতি ভাবঃ]। যঃ এবং বেদ (জানাতি উপাস্তে), অস্য (উপাসকস্য) সপত্নঃ (শত্রুঃ) ন ভবতি।

অনুবাদ। প্রজাপতির অন্নরূপে পরিকল্পিত মনের শরীর অর্থাৎ আধার দ্যুলোক, আর উহার আধেয় প্রকাশস্বরূপ আদিত্য,; উক্ত আধিভৌতিক এবং আধিদৈবিক মনঃ যাবৎপরিমিত, তাবৎপরিমিত দ্যুলোক এবং তদাধেয় আদিত্য। [আধিভৌতিক মনঃ এবং বাক্ যেরূপ প্রাণের জনক, সেইরূপ আধিদৈবিক বাক্ ও মন, প্রাণের জনক বলিয়া প্রাণ উহাদের প্রজা; ইহা নিরূপণ করিতেছেন]—আধিদৈবিক বাগাত্মক অগ্নি এবং মনঃস্বরূপ আদিত্য, এই উভয়ে পরস্পর সম্মিলিত হইল, তাহা হইতে অর্থাৎ (মাতাপিতৃস্থানীয় অগ্নি এবং আদিত্য হইতে) বায়ু উৎপন্ন হইল; (তাৎপর্য্য এইযে, সূর্য্যের পাকশক্তি এবং অগ্নির প্রকাশশক্তি ব্যতিরেকে কোন কার্য্যই সম্পন্ন হয় না বলিয়া প্রাণোৎপত্তির উক্তরূপে কারণ কল্পনা করিতে হইবে)। সেই প্রাণ ইন্দ্র অর্থাৎ পরমেশ্বর গুণযুক্ত এবং শত্রুবিরহিত। যে কোন দ্বিতীয় পদার্থ থাকে তাহা প্রতিপক্ষভুক্ত বলিয়া দেখা যায়; কিন্তু বাক

এবং মনঃ বিদ্যমান থাকিলেও, প্রতিকূলাচারী নয় বলিয়া প্রাণকে অসপত্ন বলা হইয়াছে। যিনি এই-রূপে উক্ত তত্ত্ব অবগত হন, তাঁহার কেহই শত্রু হয় না।

১২। অথৈতস্য প্রাণস্যাপঃ শরীরং জ্যোতীরূপ-মসৌ চন্দ্রস্তদ্ যাবানেব প্রাণস্তাবত্য আপস্তাবানসৌ চন্দ্রস্ত এতে সর্ব এব সমাঃ সর্বেঽনন্তাঃ স যো হৈতানন্তবত উপাস্তেঽন্তবন্তং স লোকং জয়ত্যথ যো হৈতাননন্তানুপাস্তেঽনন্তং স লোকং জয়তি।

ব্যাখ্যা। অথ এতস্য (প্রজাপতেরন্নত্বেন কল্পিতস্য) প্রাণস্য আপঃ (জলানি) শরীরম্ (করণাধাররূপং কার্য্যম্); অসৌ চন্দ্রঃ জ্যোতীরূপম্ (প্রকাশাত্মকং) [আধেয়স্বরূপং করণম্]; তৎ (তত্র) যাবান্ (যাবৎপরিমিতঃ) এব প্রাণঃ তাবত্যঃ (তৎপরিমিতাঃ) আপঃ, তাবান্ অসৌ চন্দ্রঃ। তে এতে (বাঙ্মনঃপ্রাণাঃ) সর্ব্বে এব সমাঃ (তুল্যাঃ), সর্ব্বে (কার্য্য-করণাত্মকাঃ) [অতএব] অনন্তাঃ। সঃ যঃ (জনঃ) হ (প্রসিদ্ধৌ) এতান্ (বাগাদীন্) অন্তবতঃ (অধ্যাত্মাধিভূতরূপেণ পরিচ্ছিন্নান্) [মত্বা] উপাস্তে, সঃ (সাধকঃ) অন্তবন্তম্ (পরিচ্ছিন্নং লোকম্ (স্থানম্) জয়তি (অধিকরোতি); অথ [পুনঃ], যঃ (জনঃ) জনঃ (হ) প্রসিদ্ধৌ এতান্ (বাগাদীন্) অন-

ন্তান্ (অপরিচ্ছিন্নান্) উপাস্তে ; সঃ অনন্তম্ (অপরিচ্ছিন্নম্ সর্ব্বাত্মকং) লোকং জয়তি (অধিকরোতি)।

অনুবাদ। জল প্রজাপতির অন্নরূপে পরিকল্পিত প্রাণের শরীর এবং প্রকাশাত্মক চন্দ্র তাহার আধেয়। প্রাণের যে পরিমাণ জলের ও সেই পরিমাণ, চন্দ্রের ও তাহাই ; সেই বাক্, মনঃ এবং প্রাণ ইহারা সকলেই সমপরিমান এবং অনন্ত অর্থাৎ অন্যান্য বস্তু অপেক্ষা অপরিচ্ছিন্ন। যে ব্যক্তি এই বাগাদিকে অধ্যাত্ম বা অধিভূতরূপে উপাসনা করেন, তিনি পরিচ্ছিন্ন লোক লাভ করেন, আর যিনি এই বাগাদিকে অপরিচ্ছিন্নরূপে অর্থাৎ অধিদৈবরূপে উপাসনা করেন, তিনি অপরিচ্ছিন্ন স্থান লাভ করিয়া থাকেন॥

১৩। স এষ সংবৎসরঃ প্রজাপতিঃ ষোড়শ-কলস্তস্য রাত্রয় এব পঞ্চদশকলা ধ্রুবৈবাস্য ষোড়শী কলা স রাত্রিভিরেবা চ পূর্যতেঽপ চ ক্ষীয়তে সোঽমাবাস্যাং রাত্রিমেতয়া ষোড়শ্যা কলয়া সর্বমিদং প্রাণভৃদনুপ্রবিশ্য ততঃ প্রাতর্জায়তে তস্মাদেতাং

রাত্রিং প্রাণভৃতঃ প্রাণং ন বিচ্ছিন্দ্যাদপি কৃকলাসস্যৈ-তস্যা এব দেবতায়া অপচিত্যৈ।

ব্যাখ্যা। সঃ (অয়ন্ত্রয়াত্মা) এষঃ সংবৎসরঃ (সংবৎসরাত্মা-কালরূপঃ) প্রজাপতিঃ ষোড়শকলঃ (ষোড়শকলাঃ অবয়বাঃ যস্য সঃ); তস্য (কালাত্মনঃ প্রজাপতেঃ) রাত্রয়ঃ (অহোরাত্র-ব্যাপ্তাঃ তিথয়ঃ) এব পঞ্চদশকলাঃ, ধ্রুবা (নিত্যা) এব অস্য (প্রজাপতেঃ) ষোড়শী কলা (অবয়বঃ); সঃ (সংবৎসরাত্মা-চন্দ্রমাঃ প্রজাপতিঃ) রাত্রিভিঃ (প্রতিপদাদিভিঃ তিথিভিঃ) এব চ আপূর্য্যতে (পূর্ণো ভবতি) [শুক্লপক্ষে] অপক্ষীয়তে (ক্ষীণঃ ভবতি) চ [কৃষ্ণপক্ষে]; সঃ (চন্দ্রমাঃ প্রজাপতিঃ) অমাবাস্যাং রাত্রিম্ (তিথিম্) [প্রাপ্য] এতয়া ষোড়শ্যা (অমা-নাম্ন্যা) কলয়া ইদং সর্বং প্রাণভৃতঃ (প্রাণিজাতম্) অনুপ্রবিশ্য ততঃ (অপরেদ্যুঃ) প্রাতঃ (প্রত্যূষসময়ে) জায়তে (কলয়া সংযুক্তঃ সন্ প্রকাশতে ইত্যর্থঃ)। [চন্দ্রমসঃ তিথয়ঃ কলাঃ বিত্তবদ্ উপচয়াপচয়ধর্মিত্বাৎ বিত্তং; তাসাং চ কলানাং জগৎ পরিণামহেতুত্বং কর্ম]। তস্মাৎ (প্রজাপতেঃ অমাবাস্যায়াং প্রাণিদেহপ্রবেশাৎ হেতোঃ) এতাম্ অমাবাস্যাং রাত্রিম্ (তিথিম্) [ব্যাপ্য] এতস্যাঃ দেবতায়াঃ এবঃ অপচিত্যৈ (পূজার্থম্) প্রাণভৃতঃ (প্রাণিনঃ) [কিমধিকেন] কৃকলাসস্য (পাপাত্মনঃ) অপি প্রাণং ন বিচ্ছিন্দ্যাৎ (প্রমাপয়েৎ)।

অনুবাদ। সেই বাগাদি অন্নত্রয়াত্মা সংবৎসরকালরূপী প্রজাপতি যোড়শকলাবিশিষ্ট; রাত্রি, অর্থাৎ পঞ্চদশ তিথি তাঁহার পঞ্চদশ কলা, আর ধ্রুব অর্থাৎ নিত্য অমা ইহার যোড়শসংখ্যক কলা (অবয়ব)। সেই সংবৎসরাত্মক প্রজাপতি প্রতিপদাদি তিথিদ্বারা শুক্লপক্ষে পূর্ণ হন এবং কৃষ্ণপক্ষে ক্ষয় প্রাপ্ত হন; তিনি অমাবস্যা তিথিতে যোড়শী কলা দ্বারা সমুদায় প্রাণীর অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া, পরদিন প্রাতঃকালে অর্থাৎ প্রতিপদ্ তিথিতে আবির্ভূত হন। চন্দ্রের কলাসমুদায় বিত্তের ন্যায় উপচয় ও অপচয়শীল বলিয়া ইহারাই বিত্ত; জগতের পরিণাম সম্পাদন করাই ইহাদের কর্ম্ম। প্রজাপতি অমাবস্যা তিথিতে প্রাণিদেহে প্রবেশ করেন বলিয়া এই অমাবস্যা তিথিতে উক্তদেবতার পূজার জন্য প্রাণিবধ করিবে না, এমন কি পাপাত্মা কৃকলাসের (গিরগিটীর) ও প্রাণ হিংসা করিবে না।

১৫। যো বৈ স সংবৎসরঃ প্রজাপতিঃ ষোড়শকলোঽয়মেব স যোঽয়মেবংবিৎ পুরুষস্তস্য বিত্তমেব

পঞ্চদশ কলা আত্মৈবাস্য ষোড়শী কলা স বিত্তেনৈবা চ পূর্যতেঽপ চ ক্ষীয়তে তদেতন্নভ্যং যদয়মাত্মা প্রধিঃ বিত্তং তস্মাদ্ যদ্যপি সর্বজ্যানিং জীয়ত আত্মনা চেজ্জীবতি প্রধিনাঽগাদিত্যেবাহুঃ।

ব্যাখ্যা। যঃ বৈ (প্রসিদ্ধো) সঃ (পূর্বোক্তঃ পরোক্ষাভিহিতঃ) সংবৎসরঃ (সংবৎসরাত্মকঃ) ষোড়শকলঃ প্রজাপতিঃ [স ন অত্যন্তং পরোক্ষঃ মন্তব্যঃ, যতঃ] অয়ম্ এব সঃ; [কোঽসাবিত্যাহ]—যঃ অয়ম্ (প্রত্যক্ষপ্রমাণগম্যঃ) এবংবিৎ (ত্রান্নাত্মবিৎ) পুরুষঃ; [স ত্রান্নাত্মবিৎ পুরুষঃ কেন সামান্যেনপ্রজাপতিরিত্যাহ]—তস্য (অন্নত্রয়াত্মবিদঃ পুরুষস্য) বিত্তম্ (গবাদিসম্পত্তিঃ) এব পঞ্চদশ কলাঃ [উপচয়াপচয়ধর্মিত্বাৎ]; আত্মা (দেহপিণ্ডঃ) এব অস্য (পুরুষস্য) ষোড়শী কলা। সঃ (পুরুষঃ) বিত্তেন (গবাদিসম্পত্ত্যা) এব আপূর্যতে চ অপক্ষীয়তে চ। যৎ (যঃ) অয়ম্ আত্মা (দেহপিণ্ডঃ) তৎ (সঃ) এতৎ নভ্যম্ (রথচক্রস্থানীয়ম্), বিত্তম্ (গবাদিসম্পৎ) প্রধিঃ (নেমিস্থানীয়ং বাহ্যম্)। তস্মাৎ (হেতোঃ) যদ্যপি [সঃ] সর্বজ্যানিম্ (সর্বস্বাপহরণম্) [যথা স্যাৎ তথা] জীয়তে [হীয়তে, গ্লানিং প্রাপ্নোতীত্যর্থঃ), চেৎ (যদি) আত্মনা (দেহপিণ্ডেন) জীবতি, [তর্হি অয়ম্] প্রধিনা (বাহ্যেন বিত্তেন) অগাৎ (ক্ষীণঃ অভূৎ) ইত্যেব আহুঃ

(কথয়ন্তি) [জনাঃ ইতি শেষঃ]। [যদি আত্মা জীবতি তর্হি বিত্তবিয়োগেঽপি পুনঃ উপচীয়তে ইতি ভাবঃ]।

অনুবাদ। পূর্ব্বোক্ত ষোড়শকলাবিশিষ্ট সংবৎসরাত্মক প্রজাপতি—যিনি পরোক্ষনামে অভিহিত হইয়াছেন, তিনি নিতান্তই পরোক্ষ নহেন; কারণ, যিনি এইরূপ প্রত্যক্ষপ্রমাণগম্য অর্থাৎ অন্নত্রয়াভিজ্ঞ তিনিই প্রজাপতি। [অন্নত্রয়াভিজ্ঞ পুরুষ কোন্ সাদৃশ্য দ্বারা প্রজাপতিপদবাচ্য হইবেন, তদুত্তরে বলিতেছেন—] সেই অন্নত্রয়াভিজ্ঞ পুরুষের বিত্ত অর্থাৎ গবাদি সম্পত্তিই পঞ্চদশ কলা, পূর্ব্বোক্ত চন্দ্রকলার ন্যায় ইহাদেরও উপচয় এবং অপচয় ধর্ম্ম আছে, সুতরাং এই সাদৃশ্য অনুসারে পুরুষকে প্রজাপতিপদবাচ্য বলা হইয়াছে, এবং আত্মা, অর্থাৎ দেহপিণ্ড ইহার ষোড়শকলা। উক্ত অন্নত্রয়াভিজ্ঞ পুরুষ গবাদিসম্পত্তি দ্বারা কখনও কখনও পরিপূর্ণ হন, আবার কখনও কখনও বা ক্ষীণ হন। তাঁহার দেহপিণ্ড নভ্য, অর্থাৎ রথচক্রস্থানীয়, আর গবাদি-সম্পত্তি প্রধি, অর্থাৎ নেমিস্থানীয়। যদি

কখনও সেই পুরুষ হৃতসর্ব্বস্ব হইয়াও নিজে জীবিত থাকেন, তাহা হইলে সকলেই বলিয়া থাকেন যে, ইনি গবাদিবিত্তহীন হইয়াছেন। [তাৎপর্য্য এই যে, যদি নেমি নষ্ট হইয়া চক্রটি থাকে, তাহা হইলে বিত্তের অভাবও দূরীভূত করিতে পারা যায়]।

১৬। অথ ত্রয়ো বাব লোকা মনুষ্যলোকঃ পিতৃলোকো দেবলোক ইতি সোঽয়ং মনুষ্যলোকঃ পুত্রেণৈব জয্যো নান্যেন কর্ম্মণা কর্ম্মণা পিতৃলোকো বিদ্যয়া দেবলোকো দেবলোকো বৈ লোকানাং শ্রেষ্ঠস্তস্মাদ্বিদ্যাং প্রশংসন্তি।

ব্যাখ্যা। [ইদানীং পুত্রাদীনাং সাধনানাং সাধ্যবিশেষ-সম্বন্ধঃ বক্তব্যঃ ইত্যাহ]—অথ ত্রয়ঃ লোকাঃ বাব (অবধারণে) মনুষ্যলোকঃ, পিতৃলোকঃ, দেবলোকঃ ইতি ; সঃ অয়ং মনুষ্য-লোকঃ পুত্রেণ এব জয্যঃ (জেতব্যঃ), অন্যেন কর্ম্মণা ন [জেতুং শক্যঃ] ; পিতৃলোকঃ কর্ম্মণা [জয্যঃ] ; দেবলোকঃ বিদ্যয়া (ব্রহ্মবিদ্যাতিরিক্তোপাসনারূপয়া) [জয্যঃ]। লোকানাং (ভোগস্থানানাং মধ্যে) দেবলোকঃ বৈ (অবধারণে) শ্রেষ্ঠঃ ; তস্মাৎ (হেতোঃ) বিদ্যাং (উপাসনারূপাং) প্রশংসন্তি [জনাঃ ইতি শেষঃ]।

অনুবাদ। [সম্প্রতি পুত্রের কর্ম্মাদি দ্বারা প্রাপ্তব্য ভোগ-স্থান নিরূপণ করিতেছেন] মনুষ্য লোক, পিতৃলোক এবং দেবলোক এই তিন লোকের মধ্যে পুত্রের দ্বারা মনুষ্যলোক জয় করা যাইতে পারে, কিন্তু অন্য কর্ম্ম দ্বারা জয় করিতে পারা যায় না। কর্ম্মদ্বারা একমাত্র পিতৃলোক এবং উপাসনাদ্বারা দেবলোক জয় করিতে পারা যায়, তদ্ভিন্ন অন্য কাহারও দ্বারা সম্ভব নহে। এই ত্রিবিধ ভোগ-স্থানের মধ্যে দেবলোকই শ্রেষ্ঠ, এই জন্য বিদ্বান্ ব্যক্তিরা দেবলোকপ্রাপ্তির সাধন-স্বরূপ বিদ্যার (উপাসনার) প্রশংসা করিয়া থাকেন॥

১৭। অথাতঃ সংপ্রত্তির্যদা প্রৈষ্যন্মন্যতেঽথ পুত্রমাহ ত্বং ব্রহ্ম ত্বং যজ্ঞস্ত্বং লোক ইতি স পুত্রঃ প্রত্যাহাঽহং ব্রহ্মাঽহং যজ্ঞোঽহং লোক ইতি যদ্বৈ কিঞ্চানূক্তং তস্য সর্ব্বস্য ব্রহ্মেত্যেকতা। যে বৈ কে চ যজ্ঞাস্তেষাং সর্ব্বেষাং যজ্ঞ ইত্যেকতা যে বৈ কে চ লোকাস্তেষাং সর্ব্বেষাং লোক ইত্যেকৈতাবদ্বা ইদং সর্ব্বমেতন্মা সর্ব্বং সন্নয়মিতোঽভুনজদিতি তস্মাৎ

পুত্রমনুশিষ্টং লোক্যমাহুস্তস্মাদেনমনুশাসতি স যদেবং-বিদস্মাল্লোকাৎ প্রৈত্যথৈভিরেব প্রাণৈঃ সহ পুত্রমাবিশতি। স যদ্যনেন কিঞ্চিদক্ষ্ণয়াঽকৃতং ভবতি তস্মাদেনং সর্বস্মাৎ পুত্রো মুঞ্চতি তস্মাৎ পুত্রো নাম স পুত্রেণৈবাস্মিন্ লোকে প্রতিতিষ্ঠত্যথৈনমেতে দৈবাঃ প্রাণা অমৃতা আবিশন্তি।

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) সম্প্রত্তিঃ (সম্প্রদানং, সম্প্রত্তিসংজ্ঞকং কর্ম) [অভিধীয়তে; তৎ কস্মিন্‌কালে কর্ত্তব্যমিত্যাহ] যদা (যস্মিন্ কালে) প্রৈষ্যন্ (মরিষ্যন্) [ইতি অরিষ্টদর্শনেন] মন্যতে [পিতা]; অথ (তদা) পুত্রম্ [আহূয়] আহ (বদতি) ত্বং ব্রহ্ম, ত্বং যজ্ঞঃ, ত্বং লোকঃ ইতি; সঃ পুত্রঃ [পিত্রা এবমুক্তঃ সন্ পিতরং] প্রত্যাহ (প্রতিবদতি) অহং ব্রহ্ম, অহং লোকঃ ইতি। [এতস্য অর্থঃ অপরিস্ফুটঃ ইতি মন্বানা শ্রুতিঃ ব্যাখ্যানায় প্রবর্ত্ততে]—যদ্বৈ কিঞ্চ (যৎকিঞ্চ) অনূক্তং (অবশিষ্টম্ অধীতম্ অনধীতং চ) তস্য সর্বস্য ব্রহ্ম ইতি (এতস্মিন্ পদে) একতা (একত্বং) ব্রহ্মপদেন অধীতানাম্ অনধীতানাঞ্চ বেদাদীনাম্ একত্বং বিবক্ষিতমিত্যর্থঃ]। যে কে চ বৈ (প্রসিদ্ধৌ) [ময়া অনুষ্ঠেয়াঃ] যজ্ঞাঃ [অনুষ্ঠিতাঃ অননুষ্ঠিতাশ্চ], তেষাং সর্বেষাং যজ্ঞঃ ইতি [একস্মিন্ যজ্ঞপদে কর্মসাধারণবাচিনি] একতা (একত্বম্) [সর্বেষাং কর্মণাং

বিবক্ষিতমিতি ভাবঃ]। যে কে চ বৈ (প্রসিদ্ধৌ) [ময়া জেতব্যাঃ] লোকাঃ [জিতাঃ অজিতাশ্চ], তেষাং সর্বেষাং লোকঃ ইতি [একস্মিন্ লোকপদে সর্বেষাং লোকানাম্] একতা (একত্বম্) [বিবক্ষিতমিত্যর্থঃ]। ইদং সর্বং [যৎ বেদাঃ অধ্যেতব্যাঃ, যজ্ঞাঃ যষ্টব্যাঃ, লোকাশ্চজেতব্যাঃ] এতাবৎ (এতৎপরিমাণম্) বৈ (এব) [গৃহিণা কর্ত্তব্যম্]। অয়ং সন্ (পুত্রঃ) এতৎ সর্বং (মদধীনং সকলং ভারং) [মত্তঃ ব্যবচ্ছিদ্য আত্মনি নিধায়] ইতঃ (অস্মাৎ লোকাৎ) মা (মাম্) অভুনজৎ (পালয়িষ্যতি) ইতি। [যস্মাৎ পুত্রঃ কর্ত্তব্যতা-বন্ধনাৎ মাং মোচয়িষ্যতি] তস্মাৎ (হেতোঃ) অনুশিষ্টং (শাসনাধীনং] পুত্রং লোক্যম্ (লোকহিতকরম্) আহুঃ [বিদ্বাংসঃ]। তস্মাৎ (হেতোঃ) এনম্ (পুত্রম্) অনুশাসতি (উপদিশন্তি) [পিতরঃ স্বকর্ত্তব্যপ্রতিপালনায়]। এবংবিৎ সঃ (উপদেষ্টা পিতা) যদা অস্মাৎ লোকাৎ প্রৈতি (ম্রিয়তে); [তদা] এভিঃ প্রাণৈঃ (বাঙ্মনঃপ্রাণৈঃ সহ) পুত্রম্ আবিশতি (অধ্যাত্মভাবং বিহায়, আধিদৈবিকেন রূপেণ পৃথিব্যগ্ন্যাদ্যাত্মনা ব্যাপ্নোতি)। [অথেদানীং পুত্রনির্বচনমাহ]—অনেন (পিত্রা) যদি কিঞ্চিৎ (নিজকর্ত্তব্যম্) অক্ষয়া (ছিদ্রতঃ) অকৃতম্ (অনাচরিতম্) ভবতি, [তর্হি] পুত্রঃ [স্বয়মেব তৎ-সর্বম্ অনুষ্ঠানেন পূরয়িত্বা] তস্মাৎ (কর্ত্তব্যতারূপাৎ অকৃতাৎ) সর্বস্মাৎ (লোকপ্রাপ্তিপ্রতিবন্ধকরূপাৎ) এনং (পিতরং)

মুক্তি (মোচয়তি), [যতঃ পুত্রঃ ছিদ্রপূরণেন পিতরং ত্রায়তে] তস্মাৎ (পিতুঃ অকৃতকর্ম করণেন ছিদ্রপ্রপূরণাৎ হেতোঃ) পুত্রঃ নাম [এতদেৰ পুত্রনামনির্ব্বচনম্]। সঃ (পিতা) [এবংবিধেন] পুত্রেণ এব অস্মিন্ লোকে প্রতিতিষ্ঠতি, অথ (মৃত্যোঃ পরম্] এনম্ (পিতরম্) এতে অমৃতাঃ (অমরণ-ধর্মাণঃ) দৈবাঃ (হৈরণ্যগর্ভাঃ) প্রাণাঃ (বাগাদয়ঃ) আবিশন্তি (প্রবিশন্তি)।

অনুবাদ। পিতা যে সময় আপনার মৃত্যুসূচক অরিষ্ট দর্শন করেন, সেই সময় পুত্রকে আহ্বান করিয়া বলিয়া থাকেন যে, তুমিই ব্রহ্ম অর্থাৎ বেদ, তুমি যজ্ঞোপলক্ষিত সমুদায় কর্ম্ম এবং তুমি জেতব্য সমুদায় লোক। পিতা পুত্রকে এইরূপ বলিলে,পুত্র পিতাকে প্রতিবাক্যে বলিয়া থাকেন যে, আমি ব্রহ্ম,আমি যজ্ঞ এবং আমি লোক। আসন্নমৃত্যু পিতা মৃত্যুকালে বলিয়া থাকেন যে, হে পুত্র! আমার যাহা কিছু অধীত বা অনধীত,তুমি সেই সকলের ব্রহ্ম, অর্থাৎ তুমিই তাহার স্বরূপ, আমার কর্ত্তব্য অধ্যয়ন যাহা অবশিষ্ট আছে,তাহা তুমি পূর্ণ করিবে,যদি কোন যজ্ঞ অসম্পূর্ণ থাকে, তাহাও তুমি যজ্ঞস্বরূপ হইয়া

আমার সেই কর্ত্তব্য-যজ্ঞ সম্পন্ন করিবে, আর ভোগ-স্থান যাহা আমার জয় করা উচিত ছিল, সেই অজিত ভোগস্থান—তুমি তাহার লোকস্বরূপ হইয়া জয় করিবে। যজ্ঞানুষ্ঠান এবং লোক-জয় গৃহীর কর্ত্তব্য; ইহার অতিরিক্ত কর্ত্তব্য আর নাই। হে সৎপুত্র। তুমি পিতার এই সমস্ত উক্তির ভার গ্রহণ করিয়া আমার ইহলোক হইতে গমনের পর আমাকে পালন করিবে। পুত্র, কর্ত্তব্যবন্ধন হইতে পিতাকে মোচন করে বলিয়া পণ্ডিতগণ শাসনাধীন পুত্রকে পিতার উত্তমলোক প্রাপ্তির কারণ বলিয়া থাকেন এবং এইজন্য পিতা পুত্রকে স্বকর্ত্তব্য প্রতিপালনের জন্য উপদেশ দিয়া থাকেন। এইরূপ জ্ঞানসম্পন্ন পিতা যখন ইহলোক হইতে গমন করেন, সেই সময় তিনি আধিদৈবিক পৃথিব্যাদি স্বরূপ বাক্, মনঃ এবং প্রাণের সহিত পুত্রে ব্যাপ্ত হন। [সম্প্রতি পুত্রশব্দের ব্যুৎপত্তি বলিতেছেন] পিতার যদি কোন কারণবশতঃ নিজের কর্ত্তব্যকর্ম্মের অনুষ্ঠান না হইয়া থাকে, তবে পুত্র নিজেই

সেই কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানের দ্বারা কর্ত্তব্য অকৃতকর্ম্ম এবং উত্তমলোকপ্রাপ্তির প্রতিবন্ধক সমস্ত কর্ম্ম হইতে পিতাকে মুক্ত করেন। এইরূপে পুত্র পিতার কর্ত্তব্য পূরণ দ্বারা পিতাকে ত্রাণ করেন, সেইজন্য সন্তানের পুত্রনাম সর্ব্বজনপ্রসিদ্ধ। সেই পিতা এইরূপ পুত্রের দ্বারাই ইহলোকে প্রতিষ্ঠিত হইয়া থাকেন এবং মরণের পর সেই পিতৃমধ্যে হিরণ্যগর্ভের অবিনশ্বর প্রাণ প্রবেশ করেন।

১৮। পৃথিব্যৈ চৈনমগ্নেশ্চ দৈবী বাগাবিশতি সা বৈ দৈবী বাক্ যয়া যদ্‌যদেব বদতি তত্তদ্ভবতি ॥

ব্যাখ্যা। [কথং বাক্ কৃতসম্প্রত্তিকং পিতরমাবিশতীতি প্রতিপাদনায় আহ]—পৃথিব্যৈ (পৃথিব্যাঃ) চ, অগ্নেঃ চ দৈবী (আধিদৈবাত্মিকা বাক্ এনম্ (কৃতসম্প্রত্তিকং পিতরম্) আবিশতি সা (উপাদানভূতা হৈরণ্যগর্ভী) বৈ (এব) বাক্ দৈবী পৃথিব্যগ্নিলক্ষণা) [আধ্যাত্মিকাসঙ্গদোষরহিতা অনৃতাদিদোষ-রহিতা চ]; যয়া (দৈব্যা বাচা) যৎ যৎ এব বদতি, তৎ তৎ [এব] ভবতি [অমোঘা অস্য বাগ্ ভবতীত্যর্থঃ]।

অনুবাদ। [পুত্রে সমস্তকর্ম্মসমর্পণকারী পিতায় তাহা কিরূপে প্রবেশ করে, বলিতেছেন]

পৃথিবী এবং অগ্নির অধিদেবতা বাক্, পূর্ব্বোক্ত সমস্তকর্ম্মসমর্পণকারী পিতায় প্রবেশ করে। এই বাক্ই দৈবী বাক্, ইহা দ্বারা যাহা যাহা বলা হয় তাহাই সম্পন্ন হইয়া থাকে, অর্থাৎ তাহার বাক্শক্তি অমোঘ হয়।

১৯। দিবশ্চৈনমাদিত্যাচ্চ দৈবং মন আবিশতি তদ্বৈ দৈবং মনো যেনানন্দ্যেব ভবত্যথো ন শোচতি ॥

ব্যাখ্যা। [তথা] দিবঃ (দ্যুলোকাৎ) চ আদিত্যাৎ চ দৈবং (অধিদৈবাত্মকং) মনঃ এনম্ (কৃতসম্প্রত্তিকং পিতরম্) আবিশতি। যেন (দৈবেন মনসা) আনন্দী (সুখী) এব ভবতি অথো (অপি) ন শোচতি, তৎ (হৈরণ্যগর্ভং) বৈ (এব) দৈবং (দিবাদিত্যলক্ষণং) [বিশুদ্ধং] মনঃ [আধ্যাত্মিকাসঙ্গদোষরহিতম্]।

অনুবাদ। সেইরূপ অধিদেবতাস্বরূপ মনঃ দ্যুলোক এবং সূর্য্য হইতে আসিয়া সম্প্রত্তিকারী পিতায় প্রবেশ করে। সেই দৈব মনের দ্বারা নিরবচ্ছিন্ন সুখানুভব হয়, কদাচ দুঃখানুভব হয় না; কারণ তাহা দুঃখকারণের অতীত।

২০। অদ্ভ্যশ্চৈনং চন্দ্রমসশ্চ দৈবং প্রাণ

আবিশতি স বৈ দৈবঃ প্রাণো যঃ সঞ্চরংশ্চাসঞ্চরংশ্চ ন ব্যথতেঽথো ন রিষ্যতি স এবংবিৎ সর্বেষাং ভূতানামাত্মা ভবতি,যথৈষা দেবতৈবংস যথৈতাং দেবতাং সর্বাণি ভূতান্যবন্তোবংহৈবংবিদং সর্বাণি ভূতান্যবন্তি। যদু কিঞ্চেমাঃ প্রজাঃ শোচন্ত্যমৈবাসাং তদ্ভবতি পুণ্যমেবামুং গচ্ছতি ন হ বৈ দেবান্ পাপং গচ্ছতি ॥

ব্যাখ্যা। [তথা] অদ্ভ্যঃ (জলেভ্যঃ) চ, চন্দ্রমসঃ চ দৈবঃ (অধিদৈবাত্মকঃ) প্রাণঃ এনম্ (কৃতসম্প্রত্তিকং পিতরম্) আবিশতি। যঃ (প্রাণঃ) [জঙ্গমেষু] সঞ্চরন্ চ, [স্থাবরেষু] অসঞ্চরন্ চ ন ব্যথতে (দুঃখনিমিত্তেন ভয়েন যুজ্যতে) অথো (অপি) ন রিষ্যতি (হিংসামাপদ্যতে ইত্যর্থঃ) ; সঃ (অপ্-চন্দ্রমসাত্মকঃ) বৈ (এব) দৈবঃ (হৈরণ্যগর্ভঃ) [আধ্যাত্মিকাসঙ্গরহিতঃ] প্রাণঃ [অনৃতাদিদোষরহিতঃ ভবতি]। সঃ এবংবিৎ (ত্রান্নাত্মবিৎ জনঃ) সর্বেষাং ভূতানাম্ আত্মা ভবতি যথা এষা (পূর্বোক্তা) দেবতা (হিরণ্যগর্ভনামধেয়া), এবম্ তথা সঃ (ত্রান্নাত্মবিৎ) [ভবতি] ; যথা সর্বাণি ভূতানি এতাং দেবতাম্ (হিরণ্যগর্ভম্) অবন্তি (যজ্ঞাদিভিঃ পালয়ন্তি), এবং (তথা) হ (এব) সর্বাণি ভূতানি এবংবিদং (ত্রান্নাত্মবিদম্) অবন্তি (পূজয়ন্তি)। ইমাঃ প্রজাঃ যদু কিঞ্চ (যৎ কিঞ্চ) শোচন্তি, আসাং (প্রজানাং) তৎ

(শোচনম্) [প্রজাভিঃ] অমৈব (সহৈক) ভবতি [প্রজাঃ তে এব শোকং প্রাপ্নুবন্তি,ন পুনঃ অন্নাত্মবিদঃ, সর্বাত্মকানাং তেষাং রাগদ্বেষাদিদুঃখনিমিত্তমিথ্যাজ্ঞানাদিদোষাভাবাৎ, ঈশ্বরবৎ অপরিচ্ছিন্নত্বাচ্চ] ; অমুং (প্রাজাপত্যে পদে বর্ত্তমানং) পুণ্যম্ (শুভম্) এব গচ্ছতি (প্রাপ্নোতি) ; ন হ বৈ (নৈব) দেবান্ পাপং (পাপফলং দুঃখং) গচ্ছতি (প্রাপ্নোতি) [ন পাপফলভোগম্ অনুভবতীত্যর্থঃ]।

অনুবাদ। সেইরূপ জল ও চন্দ্র হইতে দৈবপ্রাণ বহির্গত হইয়া সম্প্রত্তিকারী পিতায় প্রবেশ করে; যে প্রাণ জঙ্গমে সঞ্চরণ এবং স্থাবরে বিচরণ না করিলেও ব্যথিত হয় না, অথবা বিনাশ প্রাপ্তও হয় না, সেই হিরণ্যগর্ভসম্বন্ধীয় অনৃতাদিদোষরহিত আধিদৈবিক প্রাণ আধাররূপে এবং আধেয়রূপে চন্দ্রস্বরূপ। যিনি উক্তরূপে অন্নত্রয়ের স্বরূপ অবগত হন,তিনি সমস্ত ভূতের আত্মস্বরূপ হইয়া থাকেন। হিরণ্যগর্ভ যেরূপ সমস্তপ্রাণীর আত্মা, অন্নাত্মবিদ্ ব্যক্তিও সেইরূপ সেই সর্বভূতের আত্মা। ভূতগণ যেরূপ হিরণ্যগর্ভকে পূজা করেন, সেইরূপ অন্নত্রয়াত্ম-বিদ্ ব্যক্তিকেও পূজা করেন। এই প্রাণিগণ যে

কোনরূপ শোক করে, তাহা সমস্ত প্রাণীর পক্ষে সমান, অর্থাৎ দুঃখের নিমিত্তকারণ, সেই অজ্ঞানতা, সকলে সমভাবে আছে বলিয়া শোকাদিও সমস্ত ভূতে সমান; কিন্তু অন্নত্রয়বিৎ পুরুষে কেবল পুণ্যই সংক্রমিত হয়; দেবতা বলিয়া তাঁহাদের দেহে কদাচ পাপ আশ্রয় করে না।

২১। অথাতো ব্রতমীমাংসা প্রজাপতির্হ কর্ম্মাণি সসৃজে তানি সৃষ্টান্যন্যোন্যেনাস্পর্দ্ধন্ত বদিষ্যাম্যেবাহমিতি বাক্ দধ্রে দ্রক্ষ্যাম্যহমিতি চক্ষুঃ শ্রোষ্যাম্যহমিতি শ্রোত্রমেবমন্যানি কর্ম্মাণি যথাকর্ম্ম তানি মৃত্যুঃ শ্রমো ভূত্বোপযেমে তান্যাপ্নোত্তান্যাপ্ত্বা মৃত্যুরবারুন্ধত্তস্মাচ্ছ্রাম্যত্যেব বাক্ শ্রাম্যতি চক্ষুঃ শ্রাম্যতি শ্রোত্রমথেমমেব নাপ্নোদ্ যোঽয়ং মধ্যমঃ প্রাণস্তানি জ্ঞাতুং দধ্রিরে অয়ং বৈ নঃ শ্রেষ্ঠো যঃ সঞ্চরংশ্চাসঞ্চরংশ্চ ন ব্যথতেঽথো ন রিষ্যতি হন্তাস্যৈব সর্ব্বে রূপমসামেতি ত এতস্যৈব সর্ব্বে রূপমভবংস্তস্মাদেত এতেনাখ্যায়ন্তে প্রাণা ইতি তেন হ বাব তৎ কুলমাচক্ষতে যস্মিন্ কুলে ভবতি য এবং বেদ য উ হৈবংবিদা স্পর্দ্ধতেঽনুশুষ্যত্যনুশুষ্য হৈবান্ততো ম্রিয়ত ইত্যধ্যাত্মম্॥

ব্যাখ্যা। অথাতঃ (অনন্তরম্) ব্রতমীমাংসা (উপাসন-কর্মবিচারণা) [এষাং প্রাণানাং কস্ত কর্মব্রতত্বেন ধারয়িতব্য-মিতি মীমাংসা প্রবর্ত্ততে]; প্রজাপতিঃ হ (কিল) [প্রজাঃ সৃষ্ট্বা] কর্মাণি (কর্মসাধনানি বাগাদীনি করণানি, সসৃজে (সৃষ্টবান্); তানি সৃষ্টানি (উৎপাদিতানি ইন্দ্রিয়াখ্যানি করণানি) অন্যোন্যেন (ইতরেতরম্) অস্পর্দ্ধন্ত (স্পর্দ্ধাং চক্রুঃ)। অহং বদিষ্যামি (বাক্যোচ্চারণং করিষ্যামি) এব [ন বাক্যো-চ্চারণাৎ নিবৃত্তা ভবেয়ম্] ইতি (এবং ব্রতম্) বাক্ (বাগি-ন্দ্রিয়ম্) দধ্রে (ধৃতবতী); [তথা সর্ব্বৈব] অহং দ্রক্ষ্যামি (দর্শনং করিষ্যামি) [ন পুনঃ দর্শনব্যাপারাৎ বিরতং ভবি-ষ্যামি] ইতি (এবং ব্রতম্) চক্ষুঃ [ধৃতবৎ]; অহং শ্রোষ্যামি (শ্রবণং করিষ্যামি) [ন ততঃ বিরতং ভবেয়ম্] ইতি (এবং-ব্রতম্) শ্রোত্রং [দধ্রে]; অন্যানি কর্মাণি (ইন্দ্রিয়াখ্যানি ত্বগাদীনি করণানি) এবম্ (ইত্থম্) যথাকর্ম (যদ্ যদ্ যস্ত কর্ম) [ব্রতং ধৃতবন্তি]। মৃত্যুঃ শ্রমঃ (শ্রমরূপী) ভূত্বা তানি উপযেমে (সংজগ্রাহ), তানি (করণানি) আপ্নোৎ (শ্রম-রূপেণ আপ্তবান্); মৃত্যুঃ তানি (করণানি) ৮ আপ্ত্বা (প্রাপ্য) অবারুন্ধ (অবরোধং কৃতবান্, তস্মাৎ (মৃত্যুনা অবরুদ্ধত্বাৎ হেতোঃ) বাক্ (বাগিন্দ্রিয়ং) শ্রাম্যতি (স্বব্যাপারাৎ বিরমতি) এব, চক্ষুঃ [অপি] শ্রাম্যতি (স্বব্যাপারাৎ বিরমতি), শ্রোত্রম্ [অপি] শ্রাম্যতি (স্ব-

ব্যাপারাৎ বিরমিতি)। অথ (পক্ষান্তরে) ইমম্ (মুখ্যং প্রাণম্) এব ন আপ্নোৎ (আপ্তবান্) [প্রাপ্য চ, ন স্বব্যাপারাৎ বিরতং কর্ত্তুম্ অশক্নোৎ, মৃত্যুরিতি শেষঃ]। [অতঃ] যঃ অয়ং মধ্যমঃ (মুখ্যঃ) প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ); [তং প্রাণং] জ্ঞাতুং তানি (বাগাদীনি ইন্দ্রিয়াণি) [মনঃ] দধ্রিরে (ধৃতবন্তি); [বদন্তি] অয়ম্ (মুখ্যঃ প্রাণঃ) বৈ (এব) নঃ (অস্মাকং মধ্যে) শ্রেষ্ঠঃ; [যস্মাৎ অয়ং প্রাণঃ] সঞ্চরন্ চ অসঞ্চরন্ চ ন ব্যথতে (ব্যথিতঃ ভবতি) ন [চ] রিষ্যতি (বিনশ্যতি); হন্ত (আনন্দে) সর্বে [বয়ম্] অস্য (প্রাণস্য) এব রূপম্ অসাম (আত্মত্বেন প্রতিপদ্যেমহি) ইতি (এবম্) [বিনিশ্চিত্য] তে সর্বে (বাগাদয়ঃ) এতস্য (প্রাণস্য) এব রূপম্ অভবন্; তস্মাৎ (বাগাদীনাং প্রাণস্বরূপত্বলাভাৎ হেতোঃ) এতে (বাগাদয়ঃ) এতেন (প্রাণাভিধানেন) প্রাণাঃ ইতি আখ্যায়ন্তে (অভিধীয়ন্তে)। যঃ (জনঃ) [সর্বকরণানাম্] এবম্ (প্রাণাত্মতাম্ প্রাণাভিধেয়ত্বং চ) বেদ (জানাতি), (তেন (বিদ্বন্নাম্না) হ বাব (এব) তৎকুলম্ (তস্য বিদুষঃ বংশম্) আচক্ষতে (কথয়ন্তি) [লৌকিকাঃ ইতি শেষঃ], যস্মিন্ কুলে [সঃ জাতঃ] ভবতি [তৎকুলং তদ্বিদ্বন্নাম্নৈব প্রসিদ্ধং ভবতি ইতি ভাবঃ]; [কিঞ্চ] যঃ (জনঃ) উ হ (এব) এবংবিধা (প্রাণাত্মদর্শিনা সহ) স্পর্দ্ধতে (স্পর্দ্ধাং কুরুতে) [সঃ] অনুশুষ্যতি (শোষম্ উপগচ্ছতি), অনুশুষ্য

হ এব অস্তুতঃ (অন্তে) ম্রিয়তে [ন সহসা]; ইতি (এবম্) অধ্যাত্মম্ (আত্মানং দেহম্ অধিকৃত্য প্রবৃত্তঃ) [প্রাণাত্মা-দর্শনম্ উক্তম্।

অনুবাদ। অতঃপর পূর্ব্বোক্ত বাগাদি প্রাণের মধ্যে উপাসনারূপ কর্ম্মের বিচার প্রতিপাদন করিবার জন্য কাহার কর্ম্ম ব্রতরূপে গ্রহণ করিতে হইবে, তাহা নিরূপণ করা হইতেছে। প্রজাপতি প্রথমে পঞ্চভূত সৃষ্টি করিয়া কর্ম্ম-সম্পাদনক্ষম ইন্দ্রিয়গণকে সৃষ্টি করিলেন, সেই ইন্দ্রিয়গণ উৎপন্ন হইয়া পরস্পর স্পর্দ্ধা করিতে লাগিল। বাগিন্দ্রিয় এইরূপ ব্রত অবলম্বন করিল যে, আমি সর্ব্বদাই কথা বলিব, কদাচ স্বব্যাপার হইতে বিরত হইব না; চক্ষুঃ এই ব্রত গ্রহণ করিল যে, আমি সর্ব্বদাই দর্শন করিব, কদাচ স্বীয় কর্ম্ম হইতে নিবৃত্ত হইব না, শ্রোত্র এই ব্রত আশ্রয় করিল যে, আমি সর্ব্বদাই শ্রবণ করিব, কদাচ আত্মব্যাপার হইতে বিরত হইব না; এইরূপ অপরাপর ইন্দ্রিয়গণও স্ব স্ব কর্ম্মবিষয়ে ব্রত গ্রহণ করিল। কিন্তু মৃত্যু শ্রমরূপী হইয়া ইন্দ্রিয়সমুদায়ের

নিকট গমন করিয়া তাহাদিগকে অধীন করিলেন। তাহার পর তাহাদিগকে স্ব স্ব অবিরাম ক্রিয়া-সংসাধন হইতে বিরত করিতে লাগিলেন। তখন বাক্, চক্ষুঃ এবং শ্রোত্রপ্রভৃতি ইন্দ্রিয়গণ ক্লান্ত হইয়া স্ব স্ব ব্যাপার হইতে বিরত হইয়া পড়িল। কিন্তু শ্রমরূপী মৃত্যু এই পঞ্চবৃত্ত্যাত্মক মুখ্য প্রাণকে প্রাপ্ত হইয়াও তাঁহাকে আপন ব্যাপার হইতে বিরত করিতে পারিলেন না। এইজন্য এই পঞ্চবৃত্ত্যাত্মক মুখ্য প্রাণের স্বরূপ অবগত হইবার জন্য বাগাদি-ইন্দ্রিয়গণ মনোযোগ প্রদান করিল এবং বলিল যে, আমাদের মধ্যে মুখ্য প্রাণই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ; কারণ এই মুখ্য প্রাণ সঞ্চরণ করিয়াও ব্যথিত হন না এবং সঞ্চরণ না করিয়াও বিনাশ প্রাপ্ত হন না; অতএব এস আমরা সকলে এই প্রাণের স্বরূপ গ্রহণ করি, এইরূপ স্থির করিয়া বাগাদি ইন্দ্রিয়গণ মুখ্য প্রাণের স্বরূপ গ্রহণ করিল, সেইজন্য আজও বাগাদি ইন্দ্রিয়গণ প্রাণসংজ্ঞায় অভিহিত হইতেছে। যিনি ইন্দ্রিয়গণের প্রাণাত্মভাব অবগত হন, তিনি যে বংশে জন্মগ্রহণ

করেন, সেই বংশ তাঁহারই নামে প্রসিদ্ধি লাভ করে; আর যে ব্যক্তি এই প্রাণাত্মদর্শী ব্যক্তির প্রতি স্পর্দ্ধা প্রদর্শন করে, সে ব্যক্তির দেহ প্রতিদিন শুষ্কভাব প্রাপ্ত হইয়া ক্রমশঃ মৃত্যুমুখে ধাবিত হয়। এইরূপে আধ্যাত্মিক প্রাণাত্মক দর্শন নিরূপিত হইল।

২২। অথাধিদৈবতং জ্বলিষ্যাম্যেবাহমিত্যগ্নির্দধ্রে তপ্স্যাম্যহমিত্যাদিত্যো ভাস্যামাহমিতি চন্দ্রমা এবমন্যা দেবতা যথাদৈবতꣳ স যথৈষাং প্রাণানাং মধ্যমঃ প্রাণ এবমেতাসাং দেবতানাং বায়ুর্নিম্লোচন্তি হ্যন্যা দেবতা ন বায়ুঃ সৈষানস্তমিতা দেবতা যদ্বায়ুঃ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) অধিদৈবতম্ (দেবতাবিষয়ম্) [দর্শনম্ উচ্যতে] অহম্ [সর্বদা] এব জ্বলিষ্যামি, অগ্নিঃ ইতি (ইত্থং) [ব্রতং] দধ্রে (ধৃতবান্); অহং [সর্বদা] তপ্স্যামি (উত্তাপং প্রদাস্যামি) সূর্য্যঃ ইতি (এবম্) [ব্রতং দধ্রে]; অহম্ [সর্বদা] ভাস্যামি (প্রকাশিষ্যে); চন্দ্রমাঃ ইতি (ইত্থম্) [ব্রতং দধ্রে]; অন্যাঃ দেবতাঃ এবম্ (ইত্থম্) যথাদৈবতম্ (স্বং স্বং দেবতাব্যাপারম্ অনতিক্রম্য) [ব্রতং দধ্রিরে]। এষাং (বাগাদীনাং) প্রাণানাং [মধ্যে] সঃ মধ্যমঃ (মুখ্যঃ) প্রাণঃ যথা [শ্রমরূপিণা মৃত্যুনা স্বকর্মণঃ

ন প্রচ্যাবিতঃ]; এবম্ (ইত্থম্) এতাসাং (অগ্নিপ্রভৃতীনাং) দেবতানাং [মধ্যে] বায়ুঃ [মৃত্যুনা আপ্তোঽপি স্বস্মাৎ প্রাণ-ব্রতাৎ অপ্রচ্যাবিতঃ]। হি (যস্মাৎ) অন্যাঃ (অন্যান্যাঃ) দেবতাঃ ম্লোচন্তি (স্বকর্মভ্যঃ উপরমন্তে) বায়ুঃ ন [তথা স্বব্যাপারাৎ স্পন্দনাদিলক্ষণাৎ উপরমতে], সা এষা দেবতা অনস্তমিতা (নিরামবর্তিতা), যৎ (যঃ) [অয়ম্] বায়ুঃ; [এবমধ্যাত্মাধিদৈবঞ্চ মীমাংসিত্বা নির্দ্ধারিতঃ প্রাণবায্বাত্মনোঃ ব্রতমভগ্নমিতি]।

অনুবাদ। অনন্তর দেবতাবিষয়ক ব্রত-মীমাংসা প্রদর্শিত হইতেছে—অগ্নি এই ব্রত ধারণ করিল যে, আমি সর্ব্বদাই প্রজ্বলিত হইব; সূর্য্য এই ব্রত গ্রহণ করিল যে, আমি সর্ব্বদাই উত্তাপ প্রদান করিব এবং চন্দ্র এই ব্রত অবলম্বন করিল যে, আমি সর্ব্বদাই প্রকাশ পাইব, অন্যান্য দেবতাগণও এইরূপ করিলেন। উল্লিখিত বাগাদি দেবতাগণের মধ্যে মুখ্যপ্রাণ শ্রমরূপী মৃত্যু দ্বারা আক্রান্ত হইয়া যেরূপ স্বব্যাপার হইতে বিরত হন নাই, সেই-রূপ অগ্নিপ্রভৃতি দেবতাগণের মধ্যেও কেবল বায়ু-রূপিণী দেবতা মৃত্যুদ্বারা আক্রান্ত হইয়াও স্বব্যাপার

হইতে বিরত হন নাই; যেহেতু অগ্ন্যাদি-দেবতা-গণ পরিশ্রান্ত হইয়া স্ব স্ব ব্যাপার হইতে বিরত হন, কিন্তু বায়ু পরিশ্রান্ত হইয়াও আপন ব্যাপার হইতে বিরত হন না। সেই বায়ুই একমাত্র অনস্তমিতা অর্থাৎ বিরামরহিতা দেবতা [আধ্যাত্মিক এবং আধিদৈবিক ভাব মীমাংসা করিয়া জানা গেল যে, প্রাণ ও বায়ু কদাচ স্বব্যাপার হইতে বিরত হন না]।

২৩। অথৈষ শ্লোকো ভবতি যতশ্চোদেতি সূর্য্যোঽস্তং যত্র চ গচ্ছতীতি প্রাণাদ্বা এষ উদেতি প্রাণেঽস্তমেতি তং দেবাশ্চক্রিরে ধর্ম্মং স এবাদ্য স উ শ্ব ইতি যদ্বা এতেঽমুর্হ্যধ্রিয়ন্ত তদেবাপ্যদ্য কুর্ব্বন্তি। তস্মাদেকমেব ব্রতং চরেৎ প্রাণ্যাচ্চৈবাপান্যাচ্চ নেন্মা পাপ্মা মৃত্যুরাপ্নুবদিতি যদ্যু চরেৎ সমাপিপয়িষেত্তেনো এতস্যৈ দেবতায়ৈ সাযুজ্যং সলোকতাং জয়তি॥

ইতি প্রথমাধ্যায়ে পঞ্চমং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। অথ [এতস্য অর্থস্য প্রকাশকঃ] এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (মন্ত্রঃ) ভবতি (বিদ্যতে); সূর্য্যঃ (অধিদৈবং

সূর্য্যঃ, অধ্যাত্মং চ চক্ষুঃ) যতঃ (যস্মাৎ অধিদৈবং বায়োঃ অধ্যাত্মং প্রাণাৎ) চ উদেতি (উদ্‌গচ্ছতি), যত্র (যস্মিন্ বায়ৌ, প্রাণে) চ অস্তং গচ্ছতি ইতি। [অধিদৈবং সূর্য্যঃ উদয়কালে অধিদৈবং বায়োঃ উদেতি, সন্ধ্যাসময়ে চ তত্রৈব অস্তং গচ্ছতি; অধ্যাত্মং চ সূর্য্যঃ চক্ষুরাত্মনা প্রবোধসময়ে অধ্যাত্মং প্রাণাৎ উদ্‌গচ্ছতি, সুষুপ্তিকালে চ তস্মিন্নেব অস্তং যাতীতি বিভাগঃ]। [ব্রাহ্মণম্ ইমং মন্ত্রার্থং স্বয়মেব আহ] এষঃ (অধিদৈবং সূর্য্যঃ, অধ্যাত্মং চ চক্ষুরাত্মা সূর্য্যঃ) বৈ (এব) প্রাণাৎ (অধিদৈবং বায়োঃ অধ্যাত্মং প্রাণাৎ) উদেতি, প্রাণে (অধিদৈবং বায়ৌ) অধ্যাত্মং প্রাণে। অস্তম্ এতি (গচ্ছতি); দেবাঃ (অধিদৈবম্ অগ্ন্যাদয়ঃ, অধ্যাত্মং বাগাদয়ঃ চ) তম্ (প্রাণং বায়ুং চ) ধর্ম্মং চক্রিরে (ধৃতবন্তঃ) [ধর্ম্মরূপেণ তং প্রাণং বায়ুং চ ধৃতবন্তঃ ইত্যর্থঃ]; সঃ (প্রাণঃ, বায়ুঃ চ) এব অদ্য (ইদানীম্) [অনু-বর্ত্ততে], সঃ [চ] শ্বঃ উ (ভবিষ্যত্যপি কালে অনুবর্ত্তিষ্যতে ইত্যর্থঃ)। [অস্যার্থমাহ] এতে (বাগাদয়ঃ, অগ্ন্যাদয়ঃ চ) অমুর্হি (অমুষ্মিন্ কালে) যৎ (প্রাণব্রতং, বায়ুব্রতং চ) বৈ (এব) অধ্রিয়ন্ত (ধৃতবন্তঃ), অদ্য (ইদানীম্) অপি তৎ (ব্রতম্) এব কুর্ব্বন্তি (অনুবর্ত্তন্তে) [অনুবর্ত্তিষ্যন্তে চ] [যত্তু বাগাদিব্রতম্, অগ্ন্যাদিব্রতং চ তদ্ ভগ্নমেবেতি ভাবঃ] [যস্মাৎ ব্রতমিদং বাগাদিষু-অগ্ন্যাদিষু চ বর্ত্তমানম্] তস্মাৎ [অন্যোঽপি] একম্ এব ব্রতং চরেৎ; [কিং তদিত্যাহ]

প্রাণ্যাৎ (প্রাণনব্যাপারং কুর্য্যাৎ) চ অপান্যাৎ (অপানব্যাপারং কুর্য্যাৎ) চ [ন ইন্দ্রিয়ান্তরব্যাপারং অশক্ত্যা চরেদিতি ভাবঃ] । নেৎ (ভয়ে) পাপ্মা [শ্রমরূপী] মৃত্যুঃ মা (মাম্) আপ্নুবৎ (প্রাপ্নুয়াৎ), [যদ্যহমস্মাদ্ ব্রতাৎ প্রচ্যুতঃ ভবেয়ং তর্হি মৃত্যুনা গ্রস্তোঽহং স্যাম্] ইতি। যদি (কদাচিৎ) উ (এব) [ব্রতমিদং] চরেৎ (প্রারভেত), [তর্হি] সমাপিপয়িষেৎ (সমাপয়িতুম্ ইচ্ছেৎ) [জনঃ ইতি শেষঃ]। তেন (প্রাণ-ব্রতেন) উ (এব) এতস্যৈ দেবতায়ৈ (এতস্যাঃ প্রাণদেবতায়াঃ) সাযুজ্যং (একাত্মত্বং) সলোকতাং (সমানলোকতাম্ এক-স্থানত্বমিত্যর্থঃ) জয়তি (প্রাপ্নোতি) [বিজ্ঞান-প্রকর্ষাৎ ফল-ভেদঃ জ্ঞাতব্যঃ]।

অনুবাদ। পূর্ব্বোক্ত অর্থের প্রকাশক একটী মন্ত্র ও আছে,যথা ;—অধিদৈবত সূর্য্য যেমন অধিদৈব বায়ু হইতে সমুদিত হন, আবার সেই বায়ুতেই অস্তমিত হইয়া থাকেন,সেইরূপ অধ্যাত্ম চক্ষুঃ দেহস্থিত অধ্যাত্ম-প্রাণ হইতে উদ্‌গত হইয়া আবার নিদ্রাসময়ে তাহা-তেই অস্তমিত হন, [তাৎপর্য্য এই যে, তেজের কারণ বায়ু,সুতরাং অধিদেবাদি ভেদে সূর্য্যাদি, তৈজস পদা-র্থের, অধিদৈবাদি বায়ু হইতেই উদ্‌গমণ এবং

তাহাতেই অস্তগমন হয়, কিন্তু অধ্যাত্ম, অধিভূত বায়ু হইতে বা তাহাতে উদ্‌গমনাদি হইতে পারে না]। ব্রাহ্মণভাগ এই মন্ত্রের অর্থ বলিতেছেন—আধিদৈবিক সূর্য্য যেরূপ আধিদৈবিক বায়ু হইতে উদ্‌গত হন এবং তাহাতেই অস্তমিত হন, সেইরূপ আধ্যাত্মিক চক্ষুঃ আধ্যাত্মিক প্রাণ হইতে উদ্‌গত হইয়া তাহাতেই বিলীন হন। আধিদৈবিক অগ্ন্যাদি দেবতা এবং আধ্যাত্মিক বাগাদি দেবতা, উভয় প্রাণকেই ধর্ম্মরূপে, অর্থাৎ উক্তব্রতরূপ ধর্ম্মরূপে ধারণ করিয়া আছেন। সেই আধিদৈবিক বায়ু এবং আধ্যাত্মিক প্রাণ এই উভয় যেরূপ বর্ত্তমান কালে স্বীয় ব্রতের অনুসরণ করেন, সেইরূপ ভবিষ্যৎ কালেও থাকিবেন। ইহার অর্থ এই যে, আধ্যাত্মিক বাগাদি দেবতা এবং আধিদৈবিক অগ্ন্যাদি দেবতা পূর্ব্বে যেরূপ প্রাণব্রত এবং বায়ুব্রত ধারণ করিয়া ছিলেন, বর্ত্তমানেও সেইরূপ অনুবর্ত্তন করিতেছেন ও করিবেন। সেইজন্য অন্য ব্যক্তিও এক প্রাণব্রতই আচরণ করিবে। এই প্রাণব্রত প্রাণও অপানের ব্যাপার মাত্র, ইহাই

এক মাত্র আশ্রয়ণীয়। "পাপরূপী মৃত্যু আমাকে আশ্রয় করিবে" এই ভয়ে ভীত হইয়া আসক্ত জীব অপর ইন্দ্রিয়ের ব্যাপার কদাচ গ্রহণ করিবে না। আর যদি কখনও এই ব্রত গ্রহণ করেন, তাহা হইলে সমাপন করিতে চেষ্টা করিবেন। এই ব্রতের দ্বারা প্রাণদেবতার সলোকতা এবং একাত্মতা লাভ হইয়া থাকে।

প্রথমাধ্যায়ের পঞ্চম-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

ষষ্ঠং ব্রাহ্মণম্।

১। ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম তেষাং নাম্নাং বাগিত্যেতদেষামুক্থমতো হি সর্বাণি নামান্যুত্তিষ্ঠন্ত্যেতদেষাং সামৈতদ্ধি সর্বৈর্নামভিঃ সমমেতদেষাং ব্রহ্মৈতদ্ধি সর্বাণি নামানি বিভর্তি।

ব্যাখ্যা। [যদিদং সাধ্যসাধনলক্ষণং জগৎ যা চ এতস্ত ব্যাকরণাৎ প্রাগবস্থা সর্বং] ইদং ত্রয়ং বৈ (এব); [কিং তদিত্যাহ] নাম (ব্যক্তীনাং বা বস্তুনাং সংজ্ঞা), রূপং (সর্বেষাং পদার্থানাম্ আকৃতিঃ) কর্ম (ক্রিয়া) [চ];

সর্বেষাং নাম্নাং বাগ্ ইতি (শব্দসামান্যম্), এতৎ (শব্দ-সামান্যম্). এষাম্ (নামবিশেষাণাম্) উক্‌থম্ (উপাদানং কারণম্) ; হি (যস্মাৎ) অতঃ (শব্দসামান্যাৎ) সর্বাণি নামানি উত্তিষ্ঠন্তি (জায়ন্তে) ; এতৎ (শব্দসামান্যম্) এষাং (নাম্নাং) সাম (সামান্য[illegible] হি (যস্মাৎ) সর্বৈঃ নামভিঃ সমম্ (সমানম্) ; এতৎ (শব্দসামান্যম্) এষাং (নাম্নাং) ব্রহ্ম (আত্মা) [শব্দব্যতিরিক্ত-স্বরূপানুপপত্তেঃ] ; হি (যস্মাৎ) এতৎ (শব্দসামান্যং) সর্বাণি নামানি বিভর্ত্তি (স্বরূপপ্রদানেন ধারয়তি) [তস্মাৎ নাম্নাং শব্দমাত্রতা সিদ্ধা] ॥

অনুবাদ। সাধ্যসাধনরূপে বিদ্যমান জগৎ এবং ইহার উৎপত্তির পূর্ব্বাবস্থা, সমস্তই নাম, রূপ এবং কর্ম্ম এই ত্রয়াত্মক। বাক্ অর্থাৎ শব্দ-সামান্যই উক্ত নাম-সমুদায়ের উক্‌থ, অর্থাৎ উপাদান কারণ। যেহেতু এই শব্দসামান্য হইতেই সমুদায় নাম সমুৎপন্ন হইয়াছে। এই শব্দসামান্যই সমুদায় নামের সাম, অর্থাৎ সামান্য; সকল নামের ব্রহ্ম অর্থাৎ আত্মা; অতএব শব্দসামান্যই সমস্ত নাম ধারণ করে। [সেই জন্য নামের শব্দমাত্রতার প্রসিদ্ধি আছে]।

২। অথ রূপাণাং চক্ষুরিত্যেতদেষামুক্‌থমতো

ি সর্বাণি রূপাণ্যুত্তিষ্ঠন্ত্যেতদেষাং সামৈতদ্ধি সর্বৈ রূপৈঃ সমমেতদেষাং ব্রহ্মৈতদ্ধি সর্বাণি রূপাণি বিভর্তি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [রূপসামান্যমাহ] চক্ষুঃ ইতি (রূপসামান্যং, প্রকাশ্যমাত্রম্) এতৎ (রূপসামান্যম্) এষাং রূপাণাম্ (সিতাসিতপ্রভৃতীনাম্) উক্থম্ (উপাদানকারণম্) ; হি (যস্মাৎ) অতঃ (অস্মাৎ রূপসামান্যাৎ) সর্বাণি রূপাণি (সিতাসিতরূপাণি) উত্তিষ্ঠন্তি (জায়ন্তে) ; এতৎ (রূপসামান্যম্) এষাম্ (সিতাসিতাদিরূপবিশেষাণাম্) সাম (সামান্যম্) ; হি (যস্মাৎ) এতৎ (রূপসামান্যম্) সর্বৈ রূপৈঃ (সিতাসিতাদিভেদৈঃ) সমম্ (সমানম্) ; এতৎ (রূপসামান্যম্) এষাং (সিতাসিতাদিরূপবিশেষাণাং) ব্রহ্ম (আত্মা) ; হি (যস্মাৎ) এতৎ (রূপসামান্যং) সর্বাণি রূপাণি বিভর্তি (ধারয়তি) ।

অনুবাদ। অনন্তর রূপসামান্য নির্দেশ করিতেছেন—চক্ষুঃ, অর্থাৎ রূপসামান্যই শুক্ল-কৃষ্ণ প্রভৃতি রূপের উক্থ,অর্থাৎ উপদান কারণ। যে হেতু এই রূপসামান্য হইতেই শুক্ল ও কৃষ্ণ প্রভৃতি রূপের উৎপত্তি হইয়াছে। এইরূপ সামান্য আবার সিতাদি

রূপবিশেষের সাম, অর্থাৎ সামান্য, যে হেতু এইরূপ সামান্য সমস্ত সিতাসিতাদি রূপবিশেষের সাম অর্থাৎ সমান। ঐ রূপসামান্য সিতাসিতাদি রূপবিশেষের আত্মা। কারণ এই রূপসামান্যই সমস্ত রূপ ধারণ করেন।

৩। অথ কর্ম্মণামাত্মেত্যেতদেষামুক্থমতো হি সর্ব্বাণি কর্ম্মাণ্যুত্তিষ্ঠন্ত্যেতদেষাꣳ সামৈতদ্ধি সর্ব্বৈঃ কর্ম্মভিঃ সমমেতদেষাং ব্রহ্মৈতদ্ধি সর্ব্বাণি কর্ম্মাণি বিভর্ত্তি তদেতত্ত্রয়ꣳ সদেকꣳ ময়মাত্মাত্মা একঃ সন্নেতত্ত্রয়ং তদেতদমৃতꣳ সত্যেন ছন্নং প্রাণো বা অমৃতং নামরূপে সত্যং তাভ্যাময়ং প্রাণশ্ছন্নঃ॥

ইতি প্রথমাধ্যায়ে ষষ্ঠং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [মননদর্শনচলনাত্মকানাং কর্ম্মণাং ক্রিয়াসামান্যে অন্তর্ভাবঃ উচ্যতে] আত্মা (শরীরম্) [তেন শরীরেণ সর্ব্বাণি কর্ম্মাণি নির্ব্বর্ত্ত্যানি, তস্মাদিহ আত্মশব্দেন লক্ষণয়া কর্ম্মসামান্যং বিবক্ষিতম্] ইতি। এতৎ আত্মশব্দোপলক্ষিতকর্ম্মসামান্যম্) এষাং (মননদর্শনচলনাদ্যাত্মকানাং) কর্ম্মণাম্ উক্থম্; হি (যস্মাৎ) অতঃ (আত্মশব্দোপলক্ষিত-

কর্মসামান্যাৎ) সর্বাণি কর্মাণি উত্তিষ্ঠন্তি (উৎপদ্যন্তে) ; এতৎ (কর্মসামান্যম্) এষাম্ (মননাদিকর্মবিশেষাণং) সাম (সামান্যম্) ; হি (যস্মাৎ) এতৎ (কর্মসামান্যং) সর্বৈ কর্মভিঃ সমম্ (সমানম্) ; এতৎ (কর্মসামান্যম্) এষাং (মননাদিকর্মবিশেষাণাং) ব্রহ্ম (আত্মা) ; হি (যস্মাৎ) এতৎ (কর্মসামান্যং) সর্বাণি কর্মাণি বিভর্ত্তি (ধারয়তি)। তৎ (যথোক্তং নাম, রূপং, কর্ম) এতৎ ত্রয়ম্ (ইতরেতরাশ্রয়ম্) সৎ একম্ [ভবতি, রূপং বিষয়ং তদ্ আশ্রিত্য নামকর্মণী সিধ্যতঃ, বিষয়শ্চ নামকর্মণী আশ্রিত্য সিধ্যতি ইতি ভাবঃ] ; [পুনঃ] অয়ম্ আত্মা (দেহপিণ্ডঃ) একঃ সন্ এতৎ (নামরূপকর্মাত্মকং) ত্রয়ং [ভবতি]। তদেতৎ (বক্ষ্যমাণম্) অমৃতং (প্রাণঃ) সত্যেন (নামরূপাত্মকেন) ছন্নম্ (অপ্রকাশীকৃতম্) ; [কিং তৎ অমৃতং, সত্যং বা তদেব প্রতিপাদয়তি] প্রাণঃ (প্রাণনাদিপঞ্চবৃত্ত্যাত্মকঃ) বৈ (এব) অমৃতম্ (অমৃতঃ অবিনাশী অন্যাদ্যপেক্ষয়া) ; নামরূপে (কার্য্যাত্মকে) সত্যং (বৈরাজং শরীরং) [বৈরাজস্য শরীরস্য নামরূপোৎপাদকত্বাৎ] তাভ্যাম্ (নামরূপাভ্যাম্) অয়ম্ (ক্রিয়াত্মকঃ) প্রাণঃ ছন্নঃ (অপ্রকাশীকৃতঃ)। ৩

অনুবাদ। অতঃপর কর্ম্মসামান্যে মনন, দর্শন ও চলনপ্রভৃতি কর্ম্মের অন্তর্ভাব নিরূপণ

করিতেছেন — আত্মা শব্দের অর্থ শরীর, শরীরের দ্বারা সমস্ত কর্ম্ম সংসাধিত হয় বলিয়া, এস্থলে লক্ষণা দ্বারা শরীরকে কর্ম্মসামান্যই বলা হইয়াছে, বুঝিতে হইবে। উক্ত কর্ম্মসামান্য, অর্থাৎ সাধারণক্রিয়া, মননাদি সমুদায় ক্রিয়ার উপাদান কারণ; কারণ সমুদায় কর্ম্মই সাধারণ ক্রিয়া হইতে উৎপন্ন হয়, অর্থাৎ পৃথক্ পৃথক্ রূপে বিভক্ত হয়; এই কর্ম্মসামান্যই মননাদিবিশেষ বিশেষ কর্ম্মের সাম, (সমভাবস্থা); যেহেতু, উক্ত কর্ম্মসামান্য সমস্ত কর্ম্মের সমান; [কেননা ব্যষ্টিরূপে বিশেষ বিশেষ কর্ম্ম হইতে সমষ্টিকর্ম্ম ন্যূন বা অধিক হইতে পারে না, কাজেই উভয় সমান]; এই কর্ম্মসামান্য ভিন্ন ভিন্ন কর্ম্মের আত্মস্বরূপ; যেহেতু এই কর্ম্মসামান্যই পৃথক্ পৃথক্ কর্ম্মগুলিকে ধারণ করিয়াছে, অর্থাৎ নিজের অন্তর্গত করিয়া রাখিয়াছে। পূর্ব্বোক্ত নাম, রূপ এবং কর্ম্ম, ইহারা পরস্পর আশ্রিতভাবে এক। এই আত্মা অর্থাৎ দেহপিণ্ড এক হইয়াও নামাদি ত্রয়াত্মক। এই অমৃত অর্থাৎ প্রাণ নামরূপাত্মক

সত্তা দ্বারা আবৃত। এই পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণই অমৃত অর্থাৎ অবিনাশী বিরাট্ শরীরীর শরীর, নাম এবং রূপের দ্বারা ক্রিয়াত্মক সেই প্রাণ অপ্রকাশিত ভাবে অবস্থিত রহিয়াছে॥

প্রথমাধ্যায়ের ষষ্ঠব্রাহ্মণানুবাদ সমাপ্ত॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্।

১। ওঁ॥ দৃপ্তবালাকির্হানূচানো গার্গ্য আস স হোবাচাজাতশত্রুং কাশ্যং ব্রহ্ম তে ব্রবাণীতি স হোবাচাজাতশত্রুঃ সহস্রমেতস্যাং বাচি দদ্মো জনকো জনক ইতি বৈ জনা ধাবন্তীতি॥

ব্যাখ্যা। [শিষ্যঃ দুরধিগম্য তত্ত্বম্ অবধারয়িতুং ন শক্যতে, ইত্যতঃ জননী শ্রুতিঃ আখ্যায়িকয়া তদাহ] অনূচানঃ (বক্তা) দৃপ্তবালাকিঃ গার্গ্যঃ (গর্গবংশসম্ভূতঃ) আস (বভূব) হ; সঃ (বালাকিঃ) হ (কিল) অজাতশত্রুং (অজাতশত্রুনামানং) কাশ্যম্ (কাশীরাজম্) [অধিগম্য] তে (তুভ্যম্) ব্রহ্ম-

ব্রবাণি (কথয়ানি) ইতি উবাচ (উক্তবান্); সঃ অজাতশত্রুঃ [এবমুক্তঃ সন্] হ কিল। উবাচ, এতস্যাং বাচি [তুভ্যম্] গবাং সহস্রং দদ্মঃ (প্রযচ্ছামঃ); জনকঃ [দিৎসুঃ] জনকঃ [শুশ্রূষুঃ] ইতি [জ্ঞাত্বা, ব্রহ্ম-শুশ্রূষবঃ প্রতিজিঘৃক্ষবশ্চ] জনাঃ ধাবন্তি (অভিগচ্ছন্তি) ইতি।

অনুবাদ। গর্গবংশীয় বলাকার পুত্র অতিশয় পণ্ডিত বক্তা ছিলেন। তিনি কোন একদিন কাশীরাজ অজাতশত্রুর নিকটে যাইয়া বলিলেন যে, আমি তোমাকে ব্রহ্মজ্ঞানের উপদেশ প্রদান করিব; অজাতশত্রু শুনিয়া বলিলেন যে, আপনার এই বাক্যেই আপনাকে সহস্র গো প্রদান করিব; অজাতশত্রু অতিশয় দাতা এবং বহু শাস্ত্রের শ্রোতা ছিলেন বলিয়া শ্রবণেচ্ছু এবং দানগ্রহণেচ্ছু ব্যক্তিগণ তাঁহার নিকট আগমন করিতেন।

২। স হোবাচ গার্গ্যো য এবাসাবাদিত্যে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা অতিষ্ঠাঃ সর্বেষাং ভূতানাং মূর্ধা রাজেতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তেঽতিষ্ঠাঃ সর্বেষাং ভূতানাং মূর্ধা রাজা ভবতি॥

ব্যাখ্যা। সঃ গার্গ্যঃ [শুশ্রূষুং কাশীরাজম্] উবাচ হ যঃ অসৌ পুরুষঃ আদিত্যে অবস্থায় চক্ষুর্দ্বারেণ হৃদি প্রবিষ্টঃ সন্ কর্ত্তা ভোক্তা চ ভবতি]; অহম্ এতম্ (পুরুষম্) এব ব্রহ্ম (ব্রহ্মরূপেণ) উপাসে (আরাধয়ামি) ইতি ; সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (আদিত্যস্থে ব্রহ্মণি) মা মা সংবদিষ্ঠাঃ (মা সংবাদং কার্ষীঃ) [মামেত্যুক্ত্বা হস্তেন বিনিবারয়ন্ আহ এতাদৃশ-ব্রহ্মপ্রতিপাদনায় প্রস্তাবং মা কার্ষীঃ ইত্যর্থঃ] ; অহং [তু] এতং (আদিত্যস্থং পুরুষং) বৈ (এব) সর্ব্বেষাং ভূতানাম্ অতিষ্ঠাঃ (সর্ব্বাণি ভূতানি অতীত্য তিষ্ঠতীতি অতিষ্ঠাঃ সর্ব্ব-প্রধানঃ) মূর্দ্ধা (শিরঃ) রাজা (দীপ্তিশালী) ইতি (এবং) উপাসে ইতি ; সঃ যঃ (উপাসকঃ) এতম্ (আদিত্যস্থং পুরুষম্) এবং (পূর্ব্বোক্তাতিষ্ঠাদিগুণ-যোগেন) উপাস্তে ; [সঃ] সর্ব্বেষাং ভূতানাম্ অতিষ্ঠাঃ (সর্ব্বপ্রধানঃ) মূর্দ্ধা (শিরঃ) রাজা (দীপ্তিশালী প্রভাবান্বিতঃ ইত্যর্থঃ) ভবতি।

অনুবাদ। সেই গার্গ্য অজাতশত্রুকে বলিলেন—যিনি আদিত্যে অধিষ্ঠিত থাকিয়া নেত্র-দ্বারা হৃদয়ে প্রবেশপূর্ব্বক কর্ত্তা ও ভোক্তা পদবাচ্য হন, আমি সেই আদিত্যাধিষ্ঠিত পুরুষকেই ব্রহ্মরূপে উপাসনা করি। অজাতশত্রু বলিলেন, না না এইরূপ ব্রহ্মের উপদেশ দিবার প্রস্তাবও করিবেন

না। কারণ, আমি ইহাকে ভূতবর্গের প্রধান, শীর্ষস্থানীয় এবং দীপ্তিশালীরূপে উপাসনা করিয়া থাকি। অপর যে কোন ব্যক্তি ইহাকে অতিষ্ঠাদি-গুণসম্পন্ন বলিয়া উপাসনা করেন, তিনিও দীপ্তিমান্ [illegible] প্রাধান্য সংস্থাপনপূর্ব্বক শীর্ষ-স্থান অধি[illegible] [illegible]য়া থাকেন ॥

৩; স হোবাচ গার্গ্যো য এবাসৌ চন্দ্রে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা বৃহন্ পাণ্ডরবাসাঃ সোমো রাজেতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তেঽহরহর্ সুতঃ প্রসুতো ভবতি নাস্যান্নং ক্ষীয়তে ॥

ব্যাখ্যা। সঃ হ (প্রসিদ্ধো) গার্গ্যঃ উবাচ যঃ এব অসৌ চন্দ্রে [অধিষ্ঠিতঃ] পুরুষঃ; অহম্ এতম্ (চন্দ্রাধিষ্ঠিতং পুরুষং) এব ব্রহ্ম (ব্রহ্মরূপেণ) উপাসে (আরাধয়ামি) ইতি; সঃ অজাতশত্রুঃ হ উবাচ এতস্মিন্ (চন্দ্রাধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ সংবাদং মা কার্ষীঃ, [মা মেতি উক্ত। পুনঃ হস্তেন নিবারয়ন্ আহ, এতাদৃশব্রহ্মনিরূপণায় প্রস্তাবং মা কুরু ইত্যর্থঃ]; অহম্ এতং (চন্দ্রাধিষ্ঠিতং পুরুষম্) বৈ (এব) বৃহন্ (মহান্) পাণ্ডরবাসাঃ (পাণ্ডরং শুক্লং অপরূপং বাসঃ আচ্ছাদনং

যস্য সঃ) [অপ্‌শরীরত্বাৎ চন্দ্রাভিমানিনঃ) রাজা (দীপ্তিশালী) সোমঃ (চন্দ্রঃ) ইতি (এবং মহত্ত্বাদিগুণযোগেন) উপাসে ইতি ; সঃ যঃ (উপাসকঃ) এতম্‌ (চন্দ্রাধিষ্ঠিতং পুরুষম্) উপাস্তে ; অস্য (উপাসকস্য) অহরহঃ (প্রতিদিনম্‌) [প্রকৃতি-যাগে সোমঃ] সুতঃ (অভিষুতঃ নিষ্পীড়িতঃ ইত্যর্থঃ) [বিকৃতি-যাগে তু সোমঃ] প্রসুতঃ (প্রকৃষ্টরূপেণ সুতঃ নিষ্পীড়িতঃ) ভবতি, [যথোক্তোপাসকস্য প্রকৃতিবিকৃতিযাগানুষ্ঠানসামর্থ্যং ভবতীত্যর্থঃ] অন্নম্‌ [চ] ন ক্ষীয়তে [উপাসকস্য অক্ষয়ান্নং ভবতীত্যর্থঃ]।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন—এই যে চন্দ্রে অধিষ্ঠিত পুরুষ, আমি উহাকেই ব্রহ্মরূপে উপাসনা করি; তদুত্তরে অজাতশত্রু বলিলেন—না না চন্দ্রাধিষ্ঠিত পুরুষকে ব্রহ্ম বলিয়া উপদেশ দিবার প্রস্তাবও করিবেন না। আমি ইহাকে বৃহন্‌ অর্থাৎ মহৎ ও জলরূপ শুক্ল—আচ্ছাদনে আবৃত দীপ্তিমান্‌ চন্দ্র বলিয়া উপাসনা করি। যে উপাসক এই চন্দ্রাধিষ্ঠিত পুরুষের উপাসনা করেন, প্রতিদিন তাঁহার গৃহে প্রকৃতিযাগে ও বিকৃতিযাগে সোমরস নিষ্পীড়িত হয় অর্থাৎ উক্ত উপাসক প্রতিদিনই প্রকৃতি ও বিকৃতি

যাগের অনুষ্ঠান করিয়া সোমরস নিষ্পীড়ন করিতে সমর্থ হন; আর কদাচ ইহার অন্ন ক্ষয়প্রাপ্ত হয় না।

৪। স হোবাচ গার্গ্যো য এবাসৌ বিদ্যুতি পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাস্তেজস্বীতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে তেজস্বী হ ভবতি তেজস্বিনী হাস্য প্রজা ভবতি।

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অসৌ বিদ্যুতি পুরুষঃ; অহম্ এতম্ (বিদ্যুদভিমানিনং পুরুষং) ব্রহ্ম (ব্রহ্মরূপেণ) উপাসে ইতি; সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (বিদ্যুদভিমানিনি পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ (মা সংবাদং কার্ষীঃ); অহম্ এতং (বিদ্যুদভিমানিনং পুরুষং) বৈ তেজস্বী ইতি (এবং তেজস্বিতাগুণযোগেন) উপাসে ইতি; সঃ যঃ এতম্ (পুরুষম্) এবম্ (তেজস্বিতাগুণযোগেন) উপাস্তে; সঃ হ তেজস্বী (তেজঃসম্পন্নঃ) ভবতি; অস্য (উপাসকস্য) প্রজা (সন্তানম্) তেজস্বিনী হ ভবতি।

অনুবাদ। গার্গ্য পুনরায় বলিলেন—আমি এই বিদ্যুদধিষ্ঠিত পুরুষকে ব্রহ্মরূপে উপাসনা

করি ; অজাতশত্রু তাহাকে বলিলেন—না না, বিদ্যুদধিষ্ঠিত পুরুষকে ব্রহ্মরূপে উপাসনা করিবার উপদেশ দিবার কথা উত্থাপনই করিবেন না ; কারণ আমি ইহাকে তেজস্বী বলিয়া উপাসনা করি। যিনি বিদ্যুদধিষ্ঠাতা পুরুষকে তেজস্বিতা-গুণসম্পন্ন বলিয়া উপাসনা করেন ; তিনি তেজস্বী হন, এবং তাহার সন্তানও তেজস্বী হইয়া থাকে।

৫। স হোবাচ গার্গ্যো য এবায়মাকাশে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ পূর্ণম প্রবর্ত্তীতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে পূর্য্যতে প্রজয়া পশুভির্না‍ং স্যাস্মাল্লোকাৎ প্রজোদ্বর্ত্ততে।

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ম্ আকাশে পুরুষঃ [বিদ্যুতে] ; অহম্ এতম্ (আকাশাধিষ্ঠিতং পুরুষম্) এব, ব্রহ্ম (ব্রহ্মরূপেণ) উপাসে ইতি ; [তচ্ছ্রুত্বা] সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (আকাশাধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ (সংবাদং মা কার্ষীঃ) ; অহম্ এতং (আকাশাধিষ্ঠিতং পুরুষম্) বৈ (এব) পূর্ণম্ (নিরংশম্)

অপ্রবর্ত্তি (নিষ্ক্রিয়ম্) ইতি (এবং পূর্ণত্বাদিগুণযোগেন) উপাসে ইতি। সঃ যঃ এতম্ (আকাশাধিষ্ঠিতম্) এবম্ (পূর্ণত্বাদিগুণযোগেন) উপাস্তে ; [সঃ] প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ [চ] পূর্য্যতে (পূর্ণোভবতি) ; অস্য (উপাসকস্য) প্রজা অস্মাৎ লোকাৎ ন উদ্বর্ত্ততে (বিচ্ছিদ্যতে)।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন—আমি আকাশাধিষ্ঠিত পুরুষকে ব্রহ্মরূপে উপাসনা করি ; তাহা শুনিয়া অজাতশত্রু বলিলেন—না না, আকাশাধিষ্ঠিত পুরুষকে ব্রহ্মরূপে উপাসনা করার কথা কদাচ বলিবেন না ; কারণ আমি ইহাকে পূর্ণ ও নিষ্ক্রিয়-রূপে উপাসনা করি ; যে ব্যক্তি আকাশাধিষ্ঠিত পুরুষকে পূর্ণত্বাদি-গুণযুক্ত বলিয়া উপাসনা করেন তিনি সন্তান এবং পশুদ্বারা পূর্ণ থাকেন অর্থাৎ সর্ব্বদা সন্তানাদিযুক্ত হইয়া পূর্ণরূপে অবস্থান করেন, আর কদাচ তাহার সন্তান বিনষ্ট হয় না।

৬। স হোবাচ গার্গ্যো য এবায়ং বায়ৌ পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা ইন্দ্রো বৈকুণ্ঠোঽপরাজিতা সেনেতি

বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে জিষ্ণু-র্হাপরাজিষ্ণুর্ভবত্যন্যতস্ত্যজায়ী ॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ং বায়ৌ পুরুষঃ [অবতিষ্ঠতে]; অহম্ এতম্ (বায়্বধিষ্ঠিতং পুরুষম্) এব (ব্রহ্মরূপেণ) উপাসে ইতি; সঃ হ অজাতশত্রুঃ উবাচ এতস্মিন্ (বায়্বধিষ্ঠিতপুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ (সংবাদং মা কার্ষীঃ); অহম্ এতম্ (বায়্বধিষ্ঠিতং পুরুষং) বৈ ইন্দ্রঃ (পরমেশ্বরঃ) বৈকুণ্ঠঃ (অপ্রতিহতসামর্থ্যঃ) অপরাজিতা (অজেয়া) সেনা (মরুদ্গণাখ্যা) ইতি (এবং স্বশক্তিগুণ-যোগেন) উপাসে ইতি। সঃ যঃ এতম্ (বায়্বধিষ্ঠিতং পুরুষম্) এবম্ (গুণযোগেন) উপাস্তে; [সঃ] জিষ্ণুঃ (বিজেতা) অপরাজিষ্ণুঃ (অপরাজয়ী) অন্যতস্ত্যজায়ী (অন্যতস্ত্যানাং শত্রুনাং জয়শীলঃ) বৈ ভবতি।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন, এই বায়ুতে যে অধিষ্ঠিত পুরুষ, আমি ইহাকেই ব্রহ্মরূপে উপাসনা করিয়া থাকি; তদুত্তরে অজাতশত্রু বলি-লেন, না না, এই বায়ুর অধিষ্ঠাতা পুরুষকে ব্রহ্মরূপে উপাসনার কথা কখনও বলিও না; কারণ আমি এই বায়ুর অধিষ্ঠাতা পুরুষকে ঐশ্বর্য্যসম্পন্ন, অপ্রতি-

হতসামর্থ্য এবং অপরাজিতসেনা অর্থাৎ (অন্যের অজেয় মরুদ্গণনামক সৈন্যযুক্ত) বলিয়া উপাসনা করিয়া থাকি ; অন্য যে কোন ব্যক্তি এইরূপে ইহার উপাসনা করেন, তিনি অপরাজেয় হইয়া শত্রুজয়ী বিজেতারূপে পরিচিত হন।

৭। স হোবাচ গার্গ্যো য এবায়মগ্নৌ পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা বিষাসহিরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে বিষাসহির্হ ভবতি বিষাসহি-র্হাস্য প্রজা ভবতি ॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ম্ অগ্নৌ পুরুষঃ [অবতিষ্ঠতে]; অহম্ এতম্ (অগ্ন্যধিষ্ঠিতং পুরুষম্) এব ব্রহ্ম (ব্রহ্মরূপেন) উপাসে ইতি ; সঃ হ অজাতশত্রুঃ উবাচ— এতস্মিন্ (অগ্ন্যধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ (সংবাদং মা কার্ষীঃ) ; অহম্ এতম্ (অগ্ন্যধিষ্ঠিতং পুরুষং) বৈ বিষাসহিঃ (যৎ হবিঃ বিষ্যতে ক্ষিপ্যতে তৎসর্বং ভস্মীকরণেন সহতে ইতি বিষাসহিঃ, পরেষাং মর্ষয়িতা ইত্যর্থঃ) ইতি (এবং স্বশক্তিগুণযোগেন) উপাসে ইতি। সঃ যঃ এতম্ (অগ্ন্যধি-ষ্ঠিতং পুরুষম্) এবম্ (যথোক্তগুণযোগেন) উপাস্তে [সঃ]

বিষাসহিঃ হ ভবতি, অস্য (উপাসকস্য)' প্রজা (সন্ততিঃ) হ বিষাসহিঃ ভবতি।

অনুবাদ। অতঃপর গার্গ্য বলিলেন যিনি অগ্নির অধিষ্ঠাত্রী দেবতা; আমি তাঁহাকেই ব্রহ্মরূপে উপাসনা করি; প্রত্যুত্তরে অজাতশত্রু বলিলেন "না না", অগ্নিতে যে পুরুষ অধিষ্ঠিত আছেন তাঁহাকে ব্রহ্মরূপে উপাসনা করিবার কথা কদাচ বলিবেন না; কারণ, আমি ইহাঁকে বিষাসহি অর্থাৎ যজ্ঞিয় ঘৃতাদি ভস্মীকরণের দ্বারা সকলের দোষ সহিষ্ণু বলিয়া উপাসনা করি। যিনি উক্তরূপে ইহার উপাসনা করেন, তিনি নিজেও দোষসহিষ্ণু হন এবং তাঁহার সন্তানগণও দোষসহিষ্ণু হইয়া থাকেন।

৮। স হোবাচ গার্গ্যো য এবায়মপ্সু পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ প্রতিরূপ ইতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে প্রতিরূপং হৈবৈনমুপগচ্ছতি নাপ্রতিরূপমথো প্রতিরূপোঽস্মাজ্জায়তে॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ম্ অপ্সু পুরুষঃ [অবতিষ্ঠতে] ; অহম্ এতম (জলাধিষ্ঠিতং পুরুষম্) এব ব্রহ্ম (ব্রহ্মবুদ্ধ্যা) উপাসে ইতি ; সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (জলাধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ অহম্ এতং (জলাধিষ্ঠিতপুরুষং) প্রতিরূপঃ (অনুরূপঃ শ্রুতিস্মৃত্যপ্রতিকূল ইত্যর্থঃ) ইতি (এবম্) বৈ (এব) উপাসে ইতি ; সঃ যঃ এতম্ (জলাধিষ্ঠিতং পুরুষম্) এবম্ পূর্বোক্তপ্রকারেণ) উপাস্তে ; [সঃ] প্রতিরূপম্ (অনুরূপং শ্রুতিস্মৃতিশাসনানুরূপম্) এব এনম্ (জলাধিষ্ঠিতং পুরুষং) হ উপগচ্ছতি (প্রাপ্নোতি), ন অপ্রতিরূপম্ (অননুরূপম্) ; অথো (অপি) অস্মাৎ (উপাসকাৎ) প্রতিরূপঃ (অনুরূপঃ) [এব পুত্রঃ] জায়তে (উৎপদ্যতে)।

অনুবাদ। গার্গ্য বলিলেন—যিনি এই জলাধিষ্ঠিত পুরুষ, আমি তাঁহাকেই ব্রহ্মরূপে উপাসনা করি ; তদুত্তরে অজাতশত্রু বলিলেন—না না, তাহা বলিবেন না। আমি ইঁহাকে প্রতিরূপে অর্থাৎ শ্রুতি এবং স্মৃতির অনুমোদিতরূপে গ্রহণ করিয়া উপাসনা করি ; যিনি উক্তরূপে ইহার উপাসনা করেন, তিনি শ্রুতি এবং স্মৃতির অনুমোদিত অনু-

কৃশতা লাভ করিয়া থাকেন, এবং তাঁহার সন্তানও তদনুরূপ হইয়া থাকেন।

৯। স হোবাচ গার্গ্যো য এবায়মাদর্শে পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা রোচিষ্ণুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে রোচিষ্ণুর্হ ভবতি রোচিষ্ণুর্হাস্য প্রজা ভবত্যথো যৈঃ সন্নিগচ্ছতি সর্বাংস্তানতিরোচতে ॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ম্ আদর্শে (দর্পণাদৌ) পুরুষঃ [অবতিষ্ঠতে]; অহম্ এতম্ (দর্পণাদ্যধিষ্ঠিতং পুরুষম্) এব ব্রহ্ম (ব্রহ্মত্বেন) উপাস্তে ইতি; সঃ হ অজাতশত্রুঃ উবাচ-এতস্মিন্ (আদর্শাদ্যধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ (সংবাদং মা কার্ষীঃ); অহম্ এতম্ (আদর্শাদ্যধিষ্ঠিতং পুরুষং) রোচিষ্ণুঃ (দীপ্তিস্বভাবঃ) ইতি (এবং) বৈ উপাসে ইতি; সঃ যঃ এতম্ (আদর্শাদ্যধিষ্ঠিতং পুরুষং) উপাস্তে; [সঃ] রোচিষ্ণুঃ (দীপ্তিস্বভাবঃ) হ ভবতি; অস্য (উপাসকস্য) প্রজা (সন্তানঃ) রোচিষ্ণুঃ ভবতি; অথো (অপি) [সঃ] যৈঃ (যৈঃ সহ) সন্নিগচ্ছতি (সম্মিলিতঃ ভবতি),

তান্ সর্ব্বান্ অতিরোচতে (অতি অতিক্রম্য রোচতে, দীপ্তিশালী ভবতি)।

অনুবাদ। গার্গ্য বলিলেন—দর্পণাদিতে যে পুরুষ অবস্থিত, আমি তাঁহাকেই ব্রহ্মরূপে উপাসনা করি। তদুত্তরে অজাতশত্রু বলিলেন,—না না, ইঁহাকে ব্রহ্মরূপে উপাসনা করিতে কখনও উপদেশ প্রদান করিবেন না। আমি ইঁহাকে দীপ্তিমান্ বলিয়া উপাসনা করি। যিনি উক্তরূপে ইঁহার উপাসনা করেন, তিনি নিজে দীপ্তিমান্ হন, এবং তাঁহার সন্ততিগণও দীপ্তিমান্ হয়; আর তিনি যাহাদের সহিত সম্মিলিত হন, তাহাদিগকে দীপ্তিতে অতিক্রম করিয়া পরম দীপ্তি লাভ করিয়া থাকেন।

১০। স হোবাচ গার্গ্যো য এবায়ং যন্তং পশ্চাচ্ছব্দোঽনূদেত্যেতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা অসুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে সর্ব্বং হৈবাস্মিন্ লোক আয়ুরেতি নৈনং পুরা কালাৎ প্রাণো জহাতি॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যন্তং (গচ্ছন্তং জনং

প্রাণঃ বা) অনু (লক্ষীকৃত্য) পশ্চাৎ (পৃষ্ঠতঃ) যঃ এব অয়ং শব্দঃ উদেতি (উদ্ভবতি), অহম্ এতম্ (শব্দাধিষ্ঠিতং পুরুষম) এব ব্রহ্ম (ব্রহ্মবুদ্ধ্যা) উপাসে ইতি ; সঃ হ অজাতশত্রুঃ উবাচঃ— এতস্মিন্ (শব্দাধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ অহম্ এতম্ অসুঃ (জীবনহেতুঃ প্রাণঃ) ইতি (এবম্) বৈ উপাসে ইতি ; সঃ যঃ এতম্ (শব্দাধিষ্ঠিতং পুরুষং) এবং (উক্তরূপেণ) উপাস্তে, [সঃ] অস্মিন্ লোকে সর্বম্ এব আয়ুঃ (মনুষ্যলোকস্য যাবৎ পরমায়ুঃ তাবৎপরিমিতম্) এতি (প্রাপ্নোতি) হ ; প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) কালাৎ (কর্মফলভোগপরিমিতাৎ সময়াৎ) পুরা (প্রাক্) এনম্ (সাধকম্) ন জহাতি (পরিত্যজতি) ।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন মনুষ্যগণের গমন সময় পশ্চাদ্ভাগে অথবা প্রাণের প্রাণনক্রিয়া দ্বারা বহির্দ্দেশে ও অন্তর্দ্দেশে তাহার যে শব্দ সমুদ্ভূত হয়, আমি তাহাকেই ব্রহ্মরূপে উপাসনা করি, তাহা শুনিয়া অজাতশত্রু বলিলেন—না না, উক্ত শব্দাধিষ্ঠিত পুরুষকে ব্রহ্মবুদ্ধিতে উপাসনা করিবার প্রস্তাবও করিবেন না ; আমি ইঁহাকে অসু অর্থাৎ প্রাণরূপে উপাসনা করিয়া থাকি। যিনি উক্তরূপে

ইহার উপাসনা করেন,তিনি ইহলোকে সম্পূর্ণ পরমায়ুঃ লাভ করিয়া থাকেন এবং তাঁহার প্রারব্ধ কর্ম্ম-ভোগের পূর্ব্বে কখনও প্রাণবিয়োগ হয় না।

১১। স হোবাচ গার্গ্যো য এবায়ং দিক্ষু পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা দ্বিতীয়োঽনপগ ইতি বা অহমেত-মুপাস ইতি স য এতমেবমুপাস্তে দ্বিতীয়বান্ হ ভবতি নাস্মাদ্‌গণশ্ছিদ্যতে॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ং দিক্ষু পুরুষঃ [অবতিষ্ঠতে]; অহম্ এতম্ (দিগধিষ্ঠিতং পুরুষম্) এব ব্রহ্ম (ব্রহ্মবুদ্ধ্যা) উপাসে ইতি; সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (দিগধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ; অহম্ এতম্ বৈ দ্বিতীয়ঃ অনপগঃ (অন্যোঽন্যম্ অবিযুক্তঃ) ইতি (এবং সদ্বিতীয়ত্বাবিযুক্ততাগুণযোগেন) উপাসে ইতি; সঃ যঃ এতম্ (দিগধিষ্ঠিতং পুরুষং) এবম্ (উক্তপ্রকারেণ) উপাস্তে, [সঃ] দ্বিতীয়বান্ হ ভবতি, অস্মাৎ (দ্বিতীয়বত্তা-প্রাপণাৎ হেতোঃ) গণঃ (আত্মীয়গণঃ) ন ছিদ্যতে (বিচ্ছেদং প্রাপ্নোতি)।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন—যিনি

দিক্‌সমূহের অধিষ্ঠাতা, তাঁহাকেই আমি ব্রহ্ম বলিয়া উপাসনা করি; তাহা শ্রবণ করিয়া অজাতশত্রু বলিলেন—না না, ইহাকে ব্রহ্ম বলিয়া কদাচ উপদেশ দিবেন না; আমি ইঁহাকে দ্বিতীয় এবং অনপগ অর্থাৎ অবিযুক্তস্বভাব বলিয়া উপাসনা করি। ভাবার্থ এই যে দিগধিষ্ঠাতা অশ্বিনীকুমারদ্বয়, বিযুক্ত এবং সদ্বিতীয় হইয়া অবস্থান করেন বলিয়া, আমি ইঁহাদের উপাসনা করি। যে ব্যক্তি উক্তরূপে উপাসনা করেন, তিনি দ্বিতীয়বান্ অর্থাৎ সহায়যুক্ত হন এবং দ্বিতীয়ত্ব প্রাপ্ত হন বলিয়া কদাচ তাঁহার আত্মীয়বিচ্ছেদ হয় না।

১২। স হোবাচ গার্গ্যো য এবায়ং ছায়াময়ঃ পুরুষঃ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা মৃত্যুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে সর্বং হৈবাস্মিন্ লোক আয়ুরেতি নৈনং পুরা কালাৎ মৃত্যুরাগচ্ছতি॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচঃ—যঃ এব অয়ং ছায়াময়ঃ (ছায়াধিষ্ঠিতঃ) পুরুষঃ; অহম্ এতম্ (ছায়াধিষ্ঠিতং পুরুষম্)

এব ব্রহ্ম (ব্রহ্মবুদ্ধ্যা) উপাসে ইতি; সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (ছায়াধিষ্ঠিতে পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ; অহম্ এতং (ছায়াধিষ্ঠিতং পুরুষং) মৃত্যুঃ (যমঃ) ইতি (এবংরূপেণ) বৈ উপাসে ইতি; সঃ যঃ এতম্ (ছায়াপুরুষং) এবং (উক্তরূপেণ) উপাস্তে, [সঃ] অস্মিন্ লোকে সর্বম্ আয়ুঃ এতি (প্রাপ্নোতি); কালাৎ (ইহলোকে যৎপরিমিতঃ স্থিতিকালঃ, তৎকালাৎ) পুরা (প্রাক্) মৃত্যুঃ এনম্ (উপাসকম্) ন আগচ্ছতি (আপ্নোতি)।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন—যিনি ছায়াধিষ্ঠিত পুরুষ, আমি ইঁহাকেই ব্রহ্মজ্ঞানে উপাসনা করি; তদুত্তরে অজাতশত্রু বলিলেন—"না না" ইঁহাকে ব্রহ্মরূপে উপাসনা করিবার উপদেশ প্রদান করিবেন না; আমি ইঁহাকে মৃত্যুরূপে উপাসনা করি; যিনি উক্তরূপে ছায়াধিষ্ঠিত পুরুষের উপাসনা করেন, তিনি ইহলোকে সম্পূর্ণ আয়ুঃ প্রাপ্ত হন, এবং এই পৃথিবীতে মনুষ্যগণের যে পরিমিত স্থিতিকাল নিরূপিত আছে, তাহার পূর্ব্বে, মৃত্যু ইঁহাকে স্পর্শ করেন না।

১৩। স হোবাচ গার্গ্যো য এবায়মাত্মনি পুরুষ এতমেবাহং ব্রহ্মোপাস ইতি স হোবাচাজাতশত্রুর্মা মৈতস্মিন্ সংবদিষ্ঠা আত্মন্বীতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্ত আত্মন্বী হ ভবত্যাত্মন্বিনী হাস্য প্রজা ভবতি স হ তূষ্ণীমাস গার্গ্যঃ॥

ব্যাখ্যা। সঃ হ গার্গ্যঃ উবাচ—যঃ এব অয়ম্ আত্মনি (প্রজাপতৌ) পুরুষঃ [অবতিষ্ঠতে], অহম্ এতম্ [প্রজাপত্যাভিমানিনং পুরুষং) এব ব্রহ্ম (ব্রহ্মরূপেণ) উপাসে ইতি; সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতস্মিন্ (প্রজাপত্যাভিমানিনি পুরুষে) মা মা সংবদিষ্ঠাঃ; অহম্ এতম্ (প্রজাপত্যাভিমানিনং পুরুষং) আত্মন্বী (আত্মবান্) ইতি (এবংরূপেণ) বৈ (এব) উপাসে ইতি; সঃ যঃ এতম্ (প্রজাপত্যাভিমানিনং পুরুষম্) এবং (উক্তরূপেণ) উপাস্তে, [সঃ] আত্মন্বী (আত্মবান্, বশ্যাত্মকঃ) হ ভবতি; অস্য (সাধকস্য) হ প্রজা (সন্তানঃ) আত্মন্বিনী (বশ্যাত্মিকা) ভবতি। সঃ হ গার্গ্যঃ তূষ্ণীম্ (নীরবম্) আস (বভূব)।

অনুবাদ। পুনরায় গার্গ্য বলিলেন—যিনি প্রজাপত্যাভিমানী পুরুষ, আমি তাঁহাকে ব্রহ্মরূপে উপাসনা করি। তদুত্তরে অজাতশত্রু বলিলেন—"না

না,” ইঁহাকে আপনি ব্রহ্ম বলিবেন না, কারণ আমি ইঁহাকে আত্মন্বী অর্থাৎ জীবাত্মসমষ্টিরূপে উপাসনা করি। যিনি ইঁহাকে উক্তরূপে উপাসনা করেন, সকলই তাঁহার আত্মবশ হয় এবং তাঁহার সন্তানগণও আত্মন্বী হইয়া থাকে। অতঃপর গার্গ্য নিঃশব্দে রহিলেন।

১৪। স হোবাচাজাতশত্রুরেতাবন্নূ ত ইত্যেতাবদ্ধীতি নৈতাবতা বিদিতং ভবতীতি স হোবাচ গার্গ্য উপ ত্বা যানীতি।

ব্যাখ্যা। [তুষ্ণীস্থিতং গার্গ্যমবলোক্য] সঃ হ অজাতশত্রুঃ উবাচ—এতাবৎ নু! (কিমেতাবদ্ ব্রহ্ম নির্জ্ঞাতং ভবতা) ইতি, [অথবা অধিকমপ্যস্তি, গার্গ্যঃ আহ] এতাবৎ হি (এতাবদেব) [জ্ঞাতং ময়া] ইতি; [এতদ্ আকর্ণ্য অজাতশত্রুঃ ব্রবীতি] এতাবতা (এতন্মাত্রবিদিতেন) ন [ব্রহ্ম] বিদিতং ভবতি। সঃ হ গার্গ্যঃ উবাচ—ত্বা (ত্বাম্) উপযানি (উপগচ্ছানি) ইতি।

অনুবাদ। গার্গ্যকে নীরব দেখিয়া, অজাতশত্রু বলিলেন—এই পর্য্যন্তই কি আপনার

ব্রহ্মবিদ্যা? প্রত্যুত্তরে গার্গ্য বলিলেন—আমি এই পর্য্যন্তই জানি। ইহা শুনিয়া অজাতশত্রু বলিলেন, এইটুকু জানিলে ব্রহ্ম জানা হয় না। তাহা শ্রবণ করিয়া গার্গ বলিলেন আমি শিষ্যভাবে আপনার নিকটে উপস্থিত হইতে ইচ্ছা করি।

১৫। স হোবাচাজাতশত্রুঃ প্রতিলোমং চৈতদ্ যদ্ ব্রাহ্মণঃ ক্ষত্রিয়মুপেয়াদ্ ব্রহ্ম মে বক্ষ্যতীতি ব্যেব ত্বা জ্ঞপয়িষ্যামীতি তং পাণাবাদায়োত্তস্থৌ তৌ হ পুরুষং সুপ্তমাজগ্মতুস্তমেতৈর্নামভিরামন্ত্রয়াংচক্রে বৃহন্ পাণ্ডর-বাসঃ সোমরাজন্নিতি স নোত্তস্থৌ তং পাণিনা পেষং বোধয়াংচকার স হোত্তস্থৌ ॥

ব্যাখ্যা। সঃ হ অজাতশত্রুঃ উবাচ—প্রতিলোমং (বিপরীতং) চ এতৎ, যৎ ব্রাহ্মণঃ মে (মহ্যং) ব্রহ্ম বক্ষ্যতি ইতি [উক্ত্বা] ক্ষত্রিয়ম্ উপেয়াৎ (উপগচ্ছেৎ)। [তস্মাৎ ত্বম্ আচার্য্যঃ সন্ তিষ্ঠ; অহম্] ত্বা (ত্বাম্) [ব্রহ্ম] বিজ্ঞাপয়ি-ষ্যামি এব ইতি (এবম্; [উক্ত্বা] তং (গার্গ্যং) [সলজ্জ-মালোক্য তস্য] পাণৌ (হস্তে) আদায় (গৃহীত্বা) উত্তস্থৌ (উত্থিতবান্)। তৌ (গার্গ্যাজাতশত্রূ) হ [কঞ্চিৎ] সুপ্তং

রাজপুরুষম্ আজগ্মতুঃ (আগতৌ); [অজাতশত্রুঃ] তং (নিদ্রিতং পুরুষং [প্রাপ্য] বৃহন্ পাণ্ডরবাসঃ সোম রাজন্ ইতি এতৈঃ (বৃহন্নাদিভিঃ) নামভিঃ আমন্ত্রয়াঞ্চক্রে [তস্মাদামন্ত্রণাৎ] সঃ (নিদ্রিতঃ পুরুষঃ) ন উত্তস্থৌ (উত্থিতবান্); পাণিনা [চ] তম্ (অপ্রতিবুধ্যমানং পুরুষম) আপেষম্ (আপিষ্য আপিষ্য) বোধয়াঞ্চকার (প্রতিবোধিতবান্); [ততঃ] সঃ (সুপ্তঃ পুরুষঃ) হ উত্তস্থৌ। [এতেন দেহেন্দ্রিয়প্রাণেভ্যঃ ব্যতিরিক্তঃ আত্মেতি প্রতিভাতি, তেভ্যশ্চ বিবিচ্য আত্মানং দর্শয়িতুং সুপ্তপুরুষানয়নং তযোরিতি ভাবঃ]।

অনুবাদ। অজাতশত্রু বলিলেন—"আমাকে ব্রহ্মোপদেশ প্রদান করুন" ইহা বলিয়া আচার্য্যপদের অধিকারী ব্রাহ্মণের অনাচার্য্যস্বভাব ক্ষত্রিয়ের নিকট উপস্থিত হওয়া আচারবিরুদ্ধ। যাহাই হউক, আপনি আচার্য্যরূপেই অবস্থান করুন; প্রকারান্তরে আপনাকে ব্রহ্মোপদেশ প্রদান করিব। এই কথা বলিয়া তিনি গার্গ্যের হস্ত ধারণপূর্ব্বক উত্থিত হইলেন এবং তাঁহারা উভয়ে একজন নিদ্রিত লোকের নিকটে গমন করিলেন। তথায় গিয়া অজাতশত্রু

সেই নিদ্রিত পুরুষকে "হে বৃহন্! হে পাণ্ডরবাসঃ, হে সোম! হে রাজন্! ইত্যাদি নামে আহ্বান করিতে লাগিলেন; তাহাতে সে ব্যক্তি জাগরিত হইল না; তখন তিনি পুনঃ পুনঃ হস্ত সঞ্চালন করিতে করিতে তাহাকে জাগরিত করিলেন। অনন্তর সুপ্ত ব্যক্তি উত্থিত হইল। [ইহা দ্বারা জানা যায় যে আত্মা, দেহেন্দ্রিয়াদি হইতে সম্পূর্ণরূপে বিভিন্ন। ইহা প্রদর্শন করাইবার জন্যই তাঁহারা সুপ্ত পুরুষের নিকট গমন করিয়াছিলেন।

১৬। স হোবাচাজাতশত্রুর্যত্রৈষ এতৎ সুপ্তো-ঽভূদ্য এষ বিজ্ঞানময়ঃ পুরুষঃ ক্বৈষ তদাভূৎ কুত এতদাগাদিতি তদু হ ন মেনে গার্গ্যঃ॥

ব্যাখ্যা। সঃ হ অজাতশত্রুঃ উবাচ—যঃ এষঃ (প্রসিদ্ধঃ) বিজ্ঞান-ময়ঃ (বিজ্ঞানং বুদ্ধিঃ তন্ময়ঃ তৎপ্রায়ঃ বিজ্ঞানময়ঃ) [বিজ্ঞানা-খ্যায়াং বুদ্ধৌ উপলভ্যত্বং, তয়া চ উপলভ্যত্বং উপলভ্য] পুরুষঃ এষঃ (বিজ্ঞানময়ঃ পুরুষঃ) যত্র (যস্মিন্ কালে) এতৎ (স্বপনং) [যথা ভবতি তথা] সুপ্তঃ অভূৎ; তদা (তস্মিন্ কালে) এষঃ (বিজ্ঞানময়পুরুষঃ) ক (কুত্র) অভূৎ, কুতঃ [বা]

এতৎ (আগমনম্) [যথা ভবতি তথা] আগাৎ (আয়াতঃ) (ইতি (এবম্) [উক্তঃ সন্] গার্গ্যঃ তৎ (অজাতশত্রু-জিজ্ঞাসিতম্) উ (অবধারণে) ন মেনে (জ্ঞাতবান্) হ।

অনুবাদ। অজাতশত্রু বলিলেন—এই বিজ্ঞানময় বুদ্ধিপ্রধান পুরুষ যে সময় নিদ্রায় অভিভূত ছিলেন, সেই সময় কোথায় অবস্থান করিতেছিলেন এবং কোথা হইতেই বা আগমন করিলেন? গার্গ্য এইরূপে জিজ্ঞাসিত হইয়া, অজাতশত্রুর জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দেওয়া দূরের কথা, তাহার মর্ম্মও অবধারণ করিতে পারিলেন না। ১৬

১৭। স হোবাচাজাতশত্রুর্যত্রৈষ এতৎসুপ্তো-ঽভূদ্য এষ বিজ্ঞানময়ঃ পুরুষস্তদেষাং প্রাণানাং বিজ্ঞানেন বিজ্ঞানমাদায় য এষোঽন্তর্হৃদয় আকাশ-স্তস্মিন্ শেতে তানি যদা গৃহ্ণাত্যথ হৈতৎ পুরুষঃ স্বপিতি নাম তদ্ গৃহীত এব প্রাণো ভবতি গৃহীতা বাগ্ গৃহীতং চক্ষুর্গৃহীতং শ্রোত্রং গৃহীতং মনঃ॥

ব্যাখ্যা। সঃ হ অজাতশত্রুঃ [বিবক্ষিতার্থবিজ্ঞানায় গার্গ্যম্]

উবাচ – যঃ এষঃ বিজ্ঞানময়ঃ (বুদ্ধ্যবচ্ছিন্নঃ,) পুরুষঃ, [সঃ] এষঃ (বিজ্ঞানময়ঃ পুরুষঃ) যদা (যস্মিন্ কালে) এতৎ (স্বপনং যথা ভবতি, তথা) সুপ্তঃ (নিদ্রিতঃ) অভূৎ, তৎ (তদা) [অয়ং পুরুষঃ] বিজ্ঞানেন (অন্তঃকরণস্থিতবৃত্তিরূপজ্ঞানেন সহ) এষাং (বাগাদীনাং) প্রাণানাং (ইন্দ্রিয়াণাং) বিজ্ঞানম্ (স্বস্ববিষয়-গতসামর্থ্যম্) আদায় (গৃহীত্বা), যঃ এষঃ অন্তর্হৃদয়ে (হৃদয়াভ্যন্তরে) আকাশঃ (আকাশবৎ সর্বগতঃ পরমাত্মা) [বর্ত্ততে], তস্মিন্ (পরমাত্মনি) শেতে (বর্ত্ততে) [কর্তৃত্বাদ্যুপরমেণেতি-শেষঃ]। যদা (যস্মিন্ কালে) [স্বব্যবৃত্ত্যুপরমেণ] তানি (বাগাদীনাং বিজ্ঞানানি) গৃহ্ণাতি (আদত্তে), অথ (তদা) হ পুরুষঃ এতৎ স্বপিতি নাম (স্বমেবাত্মানম্ অপীতি অপিগচ্ছতি ইতি ব্যুৎপত্ত্যা স্বপিতি ইতি নাম) [ভবতীত্যর্থঃ]। তৎ (তদা স্বাপকালে) প্রাণঃ (ঘ্রাণেন্দ্রিয়ং) গৃহীতঃ (উপসংহৃতঃ) এব ভবতি, [তথা] বাক্ গৃহীতা (উপসংহৃতা), চক্ষুঃ গৃহীতং, শ্রোত্রং গৃহীতং, মনঃ [এব চ] গৃহীতম্।

অনুবাদ। অজাতশত্রু স্বীয় বাক্য বিষয়ের তাৎপর্য্য জানাইবার জন্য বলিলেন—এই বিজ্ঞানময়-বুদ্ধিপ্রধান পুরুষ [আত্মা] যে সময় এইরূপে সুষুপ্তাবস্থায় ছিলেন, সেই সময় কর্তৃত্বাদি অভিমান পরিত্যাগপূর্ব্বক অন্তঃকরণের বৃত্তির সহিত বাগাদি

ইন্দ্রিয়ের বিষয়-গ্রহণসামর্থ্য লইয়া, হৃদয়াভ্যন্তরস্থিত আকাশশব্দবাচ্য পরমাত্মায় অবস্থিত ছিলেন। যে সময় বিজ্ঞানময় পুরুষ বাগাদি ইন্দ্রিয়ের বিজ্ঞানসমুদায় গ্রহণ করেন, সেই সময় তিনি পরমাত্মত্বলাভ করেন বলিয়া স্বপিতি এই সংজ্ঞালাভ করিয়া থাকেন। [স্ব অর্থাৎ পরমাত্মা, অপীতি অর্থাৎ প্রাপ্ত, যে অবস্থায় জীব পরমাত্মস্বরূপে অবস্থান করেন, সেই অবস্থায় জীব স্বপিতি সংজ্ঞায় অভিহিত হইয়া থাকেন]। সেই সময় জীবকর্তৃক প্রাণ অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয়, বাগিন্দ্রিয়, চক্ষুরিন্দ্রিয়, শ্রবণেন্দ্রিয়, এবং মনঃ গৃহীত হয়।

১৮। স যত্রৈতৎ স্বপ্নায়াচরতি তে হাস্য লোকাস্তদ্রুতেব মহারাজো ভবত্যুতেব মহাব্রাহ্মণ উতেবোচ্চাবচং নিগচ্ছতি স যথা মহারাজো জানপদান্ গৃহীত্বা স্বে জনপদে যথাকামং পরিবর্ত্তেতৈবমেবৈষ এতৎপ্রাণান্ গৃহীত্বা স্বে শরীরে যথাকামং পরিবর্ত্ততে ॥

ব্যাখ্যা। [ইদানীং সুষুপ্তাবস্থাতঃ বৈলক্ষণ্যং প্রদর্শয়িতুমাহ]—সঃ (বিজ্ঞানময়ঃ পুরুষঃ) যত্র (যস্মিন্ কালে) স্বপ্নায়া (স্বপ্নবৃত্ত্যা) চরতি (বর্ত্ততে) [স্বপ্নম্ অনুভবতীত্যর্থঃ], তৎ

(তদা) অস্য (বিজ্ঞানময়স্য) হ তে (জাগরিতকালানুভব-গোচরাঃ) লোকাঃ (কর্মফলানি) [অনুভূয়ন্তে লোকৈরিতি-শেষঃ ; কে তে ইত্যাহ]—উত (অপি) [স্বপ্নে] মহারাজ ইব ভবতি, উত (অপি) মহাব্রাহ্মণঃ (শ্রেষ্ঠদ্বিজঃ) ইব [ভবতি], উত (অপি) উচ্চাবচম্ (উচ্চং দেবতাদি, অবচঞ্চ তির্য্যক্ত্বাদি) ইব নিগচ্ছতি (প্রাপ্নোতি), [পুরুষঃ ইতি শেষঃ] অত্র অস্য মহারাজত্বাদয়ঃ লোকাঃ মৃষৈব]। সঃ (প্রসিদ্ধঃ) মহারাজঃ যথা জানপদান্ (জনপদে রাজ্যে ভবান্ ভোগান্) গৃহীত্বা (আদায়) স্বে (স্বকীয়ে) জনপদে যথাকামম্ (স্বেচ্ছাতঃ) [যথা] পরিবর্ত্তেত (পর্য্যটতি) ; এবম্ (তথা) এব এষঃ (স্বপ্নানুভাবতা পুরুষঃ) প্রাণান্ (বাগাদীন্দ্রিয়াণি) গৃহীত্বা (জাগরিতস্থানেভ্যঃ উপসংহৃত্য) স্বশরীরে (স্বদেহে) যথাকামং (ইচ্ছাতঃ) [যথা স্যাৎ তথা] পরিবর্ত্ততে (কামকর্ম্মভ্যাং উদ্ভাসিতাঃ পূর্ব্বানুভববস্তুসদৃশীঃ বাসনাঃ অনুভবতীত্যর্থঃ) ; [তস্মাৎ স্বপ্নে মৃষাধ্যারোপিতাঃ কার্য্যকরণরূপলোকাঃ এব, জাগরিতেঽপি তথা ; সুষুপ্তৌ তু বিশুদ্ধঃ বিজ্ঞানময়ঃ পরমাত্মনা একীভূতঃ ভবতি ইত্যেতৎ সিদ্ধম্ ; সুষুপ্তিস্বপ্নয়োঃ সর্ব্বকরণ-বৃত্তি-নিবৃত্ত্যনিবৃত্তিভেদেন ভেদঃ]।

অনুবাদ। সম্প্রতি স্বপ্নাবস্থা এবং সুষুপ্তি অবস্থার প্রভেদ কি বলিতেছেন। যে সময় বিজ্ঞান-

ময় পুরুষ স্বপ্নাবস্থা লাভ করেন,তখন ইহার জাগরিত-কালানুভূত কর্ম্মফল সকল উপসংহৃত হয়। এস্থলে উক্ত কর্ম্মফলের স্বরূপ কি শ্রুতি নিজেই তাহা বলিতেছেন—জীব যেমন জাগরিত অবস্থায় জন্ম-জন্মান্তরস্থিত মহারাজপদ, শ্রেষ্ঠ ব্রাহ্মণপদ, দেবপদ এবং পশ্বাদিপদ লাভ করিয়া স্ব স্ব কর্ম্মানুযায়ী ফল ভোগ করে, সেইরূপ স্বপ্নাবস্থায়ও কল্পিত শরীর গ্রহণ করিয়া তৎ তৎ শরীরোচিত ফলভোগ করে। মহারাজ যেরূপ স্বরাজ্যে অবস্থান করিয়া সাম্রাজ্যের যাবতীয় সুখোপভোগ করিয়া স্বরাজ্যে ইচ্ছানুযায়ী বিচরণ করেন, সেইরূপ স্বপ্নানুভব-কর্ত্তা জীব বাগাদি ইন্দ্রিয়গণকে স্ব স্ব কর্ম্ম হইতে বিরত করিয়া স্বীয় দেহে ইচ্ছানুসারে বিচরণ করেন। [নিদ্রাবস্থায় এবং স্বপ্নাবস্থায় প্রভেদ এই যে স্বপ্নাবস্থায় জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়ের কার্য্য থাকে না, কেবল অন্তঃকরণের বৃত্তি থাকে, আর নিদ্রাবস্থায় সেই অন্তঃকরণের কার্য্য ও থাকে না।

১৯। অথ যদা সুষুপ্তো ভবতি যদা ন কস্যচন

বেদ হিতা নাম নাড্যো দ্বাসপ্ততি সহস্রাণি হৃদয়াৎ পুরীতত্মভিপ্রতিষ্ঠন্তে তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীতাত শেতে স যথা কুমারো বা মহারাজো বা মহাব্রাহ্মণো বাতিঘ্নীমানন্দস্য গত্বা শয়ীতৈবমেবৈষ এতচ্ছেতে ॥

ব্যাখ্যা। অথ যদা (যস্মিন্ কালে) [জীবঃ] সুষুপ্তঃ (নিদ্রিতঃ) ভবতি, যদা [চ] কস্য চন (শব্দাদেঃ) [সর্ব্বস্মি বস্ত্বন্তরং কিঞ্চন্] ন বেদ (বিজানাতি) ; [তস্মিন্নেব কালে] দ্বাসপ্ততিঃ সহস্রাণি (দ্বে সহস্রে অধিকে সপ্ততিঃ সহস্রাণি দ্বাসপ্ততিঃ সহস্রাণি) হিতাঃ নাম নাড্যঃ হৃদয়াৎ (হৃদয়ং নাম মাংসপিণ্ডঃ তস্মাৎ) পুরীততম্ (হৃদয়পরিবেষ্টনং, তদুপলক্ষিতং শরীরম্) [ব্যাপৃতাঃ] অভিপ্রতিষ্ঠন্তে (বহির্মুখ্যঃ সত্যঃ প্রবর্ত্তন্তে) ; [সঃ চ জীবঃ] তাভিঃ (নাড়ীভিঃ) [দেহম্] প্রত্যবসৃপ্য (ব্যাপ্য) পুরীততি (দেহে) শেতে (তিষ্ঠতি) ; যথা সঃ (সুষুপ্তঃ জীবঃ) কুমারঃ (অত্যন্তবালঃ) বা, মহারাজঃ বা, মহাব্রাহ্মণঃ বা আনন্দস্য অতিঘ্নীম্ (অতিশয়েন দুঃখং হন্তীতি অতিঘ্নী সুখাবস্থা তাম্) গত্বা (প্রাপ্য) শয়ীত (অবতিষ্ঠেত) ; এবমেব এষঃ (বিজ্ঞানময়ঃ) এতৎ (শয়নম্) [যথা ভবতি তথা], সর্ব্বসংসারধর্ম্মাতীতঃ সন্] শেতে (বর্ত্ততে) [স্বাপকালে]।

অনুবাদ। যে সময় জীব নিদ্রিত হয়, যে সময় তাহার কোন বস্তুবিষয়ক জ্ঞান থাকে না, সেই সময় হৃৎপিণ্ড হইতে যে বাহাত্তর হাজার হিত-নামক নাড়ী হৃদয় পরিবেষ্টনে শরীরে পরি-ব্যাপ্ত হইয়া হৃৎপিণ্ডের বাহির্দিকে আসিয়াছে, সেই নাড়ীসমূহের দ্বারা বিজ্ঞানময় পুরুষ সমগ্র দেহ ব্যাপিয়া শরীরে অবস্থান করেন। যেরূপ কুমার, মহারাজ অথবা শ্রেষ্ঠ ব্রাহ্মণ অবিচ্ছিন্ন সুখাবস্থা প্রাপ্ত হইয়া অবস্থান করেন, সেইরূপ এই বিজ্ঞানময় পুরুষ সুষুপ্তি অবস্থা প্রাপ্ত হইয়া সমস্ত সাংসারিক ধর্ম্ম পরিত্যাগ-পূর্ব্বক নিরতিশয় সুখানুভব করিয়া অবস্থান করেন।

২০। স যথোর্ণনাভিস্তন্তুনোচ্চরেদ্ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ সর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্ব্বাণি ভূতানি ব্যুচ্চরন্তি তস্যোপনিষৎ সত্যস্য সত্যমিতি প্রাণা বৈ সত্যং তেষা-মেষ সত্যম্॥

ইতি দ্বিতীয়াধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। [তত্র দৃষ্টান্তমাহ]— সঃ (প্রসিদ্ধঃ) ঊর্ণনাভিঃ (লূতাকীটঃ) [একঃ এব সন্] যথা তন্তুনা (স্বাত্মাপ্রবিভক্তেন সূত্রেণ) উচ্চরেৎ (উদ্‌গচ্ছেৎ), যথা [চ কস্মাৎ] অগ্নেঃ ক্ষুদ্রাঃ (অল্পাঃ) বিস্ফুলিঙ্গাঃ (অগ্ন্যবয়বাঃ) ব্যুচ্চরন্তি (বিবিধং বহির্গচ্ছন্তি); এবম্ (ইত্থম্) এব অস্মাৎ (বিজ্ঞানময়স্য প্রতিবোধাৎ প্রাক্ যৎ স্বরূপং তস্মাৎ) আত্মনঃ সর্বে প্রাণাঃ (বাগাদয়ঃ), সর্বে লোকাঃ (ভূরাদয়ঃ), সর্বে দেবাঃ (প্রাণানাম্ অধিষ্ঠাতারঃ, লোকাধিষ্ঠাতারশ্চ অগ্ন্যাদয়ঃ), সর্বাণি ভূতানি (ব্রহ্মাদিস্তম্বপর্যন্তানি প্রাণিজাতানি) ব্যুচ্চরন্তি (নানাকারেণ প্রাদুর্ভবন্তি); তস্য (অস্য ব্রহ্মণঃ) উপনিষৎ (উপসমীপং নিগময়তীতি অভিধায়কঃ শব্দঃ উপনিষদ্বাচকং নাম ইত্যর্থঃ), সত্যস্য (পঞ্চভূতাত্মকস্য) সত্যম্ (ব্রহ্ম), [সা চ উপনিষদ্ অলৌকিকার্থত্বাদ্ দুর্বিজ্ঞেয়ার্থা ইতি তদর্থমাহ]— প্রাণাঃ (ইন্দ্রিয়াদয়ঃ) বৈ (এব) সত্যং (সত্যসংজ্ঞকাঃ), এষঃ (পরমাত্মা) তেষাম্ (ইন্দ্রিয়াদীনাং) সত্যম্ (সত্যতা প্রতিপাদকঃ)।

অনুবাদ। ঐ বিষয়ে দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন। ঊর্ণনাভ (মাকড়শা) যেরূপ নিজ শরীরোৎপন্ন অবিভক্ত সূত্র দ্বারা ঊর্দ্ধে গমন করিতে সমর্থ হয় এবং অগ্নি হইতে যেরূপ ক্ষুদ্র ক্ষুদ্র অগ্নি-

স্ফুলিঙ্গ নানাদিকে উত্থিত হয়, সেইরূপ বিজ্ঞানময় জীবের নিদ্রা হইতে জাগরিত হইবার পূর্ব্বে, যে পরমাত্মস্বরূপে জীব অবস্থিত ছিল, সেই পরমাত্মা হইতে সমস্ত বাগাদি ইন্দ্রিয়গণ, ভূরাদি সমস্ত লোক, সকল ইন্দ্রিয়াদির এবং সকল ভূরাদি লোকের অধিষ্ঠাতা অগ্নিপ্রভৃতি দেবগণ আর ব্রহ্মাদি স্তম্ব-পর্যান্ত প্রাণিবর্গ নানারূপে প্রাদুর্ভূত হন। এই ব্রহ্মের উপনিষদ্ অর্থাৎ অভিধায়ক নাম সত্যের অর্থাৎ পঞ্চভূতাত্মক জগতের সত্য। উক্ত উপনিষৎ শব্দের অর্থ অলৌকিক এবং দুর্বিজ্ঞেয় সেই জন্য তাহার অর্থ শ্রুতি নিজেই বলিতেছেন—প্রাণাদি সত্য, এই আত্মা তাহাদেরও সত্যতাসম্পাদক।

দ্বিতীয় অধ্যায়ে প্রথম ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

১। যো হ বৈ শিশুং সাধনং সপ্রত্যাধানং সস্থূণং সদামং বেদ সপ্ত হ দ্বিষতো ভ্রাতৃব্যানবরুণদ্ধ্যয়ং

বাব শিশুর্যোঽয়ং মধ্যমঃ প্রাণস্তস্যেদমেবাধানমিদং প্রত্যাধানং প্রাণঃ স্থূণান্নং দামঃ ॥

ব্যাখ্যা। [তত্র কে তে প্রাণাঃ, কিয়ন্তঃ বা প্রাণবিষয়া উপনিষদঃ, ইতি চ ব্রহ্মোপনিষৎপ্রসঙ্গেন করণানাং প্রাণানাং স্বরূপং নির্দ্দিশতি]—যঃ হ বৈ (এব) শিশুং (বিষয়েষু ইতর-করণবৎ অপটুত্বাৎ শিশুমিব লিঙ্গশরীরাত্মকং প্রাণং) সাধানম্ (আধানং স্থূলশরীরঃ তেন সহিতম্) সপ্রত্যাধানম্ (প্রত্যাধানং শিরঃ তেন সহিতম্ (সস্থূণম্) স্থূণা অন্নপান-জনিতা শক্তিঃ তয়া সহিতম্ (সদামম্) দাম-রজ্জুঃ তেন সহিতম্) বেদ (জানাতি), [সঃ] সপ্তদ্বিষতঃ (হিংসাকারিণঃ) ভ্রাতৃ-ব্যান্ (ভ্রাতৃব্যাঃ শত্রবঃ যে সপ্ত প্রাণাঃ, তৎপ্রভবাঃ বিষয়রাগাঃ সহজত্বাৎ ভ্রাতৃব্যাঃ তান্) অবরুণদ্ধি (বিনাশয়তি) [শিশ্বাদয়ঃ ক ইত্যাহ]—অয়ং বাব শিশুঃ [কোঽসৌ] যঃ অয়ং মধ্যমঃ (দেহমধ্যস্থিতঃ) প্রাণঃ (লিঙ্গশরীরাত্মকঃ), তস্য (দেহমধ্য-স্থিতস্য প্রাণস্য) ইদম্ (স্থূলশরীরম্) এব আধানম্ (অধিষ্ঠানম্), ইদম্ (শিরঃ) প্রত্যাধানম্ (প্রদেশবিশেষেষু প্রত্যাধীয়তে ইতি প্রত্যাধানম্), প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ, স্থূণা অন্নপান-জনিতা শক্তিঃ), অন্নং দাম (রজ্জুঃ) [পাশবৎ বন্ধনকারিত্বাৎ]।

অনুবাদ। যিনি দেহরূপ অধিকরণ, মস্তকরূপ প্রত্যধিকরণ, প্রাণবায়ুরূপ খুঁটি এবং দাম

অর্থাৎ অন্নরূপ বন্ধনরজ্জুর সহিত এই দেহাভ্যন্তরস্থিত শিশুপদবাচ্য লিঙ্গাত্মক প্রাণকে অবগত হন, তিনি অহিতবাদী ভ্রাতৃব্য অর্থাৎ শত্রুস্থানীয় মস্তকস্থিত সপ্ত ইন্দ্রিয়গণকে পরাজয় করিয়া থাকেন। [শিশুপ্রভৃতি শব্দের অর্থ শ্রুতি নিজেই বলিতেছেন] এই মধ্যম অর্থাৎ দেহমধ্যস্থিত লিঙ্গশরীরাত্মক প্রাণই শিশুপদবাচ্য। তাঁহার অর্থাৎ লিঙ্গশরীরাত্মক শিশুপদবাচ্য প্রাণের স্থূলশরীর আধান অর্থাৎ অধিকরণ, মস্তক প্রত্যাধান অর্থাৎ শয্যোপকরণ, পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণবায়ু স্থূণা অর্থাৎ খুঁটি এবং ভুক্তদ্রব্য দাম অর্থাৎ বন্ধনরজ্জু। [যিনি উক্তরূপে শিশুপদবাচ্য প্রাণকে ধ্যান করেন, তাঁহার সমুদয় ইন্দ্রিয় বশীভূত হয়]।

২। তমেতাঃ সপ্তাক্ষিতয় উপতিষ্ঠন্তে তদ্ যা ইমা অক্ষন্ লোহিন্যো রাজয়স্তাভিরেনꣳ রুদ্রোঽন্বায়ত্তোঽথ যা অক্ষন্নাপস্তাভিঃ পর্জন্যো যা কনীনকা তয়াদিত্যো যৎ কৃষ্ণং তেনাগ্নির্যচ্ছুক্লং তেনেন্দ্রোঽধরয়ৈনং বর্তন্যা পৃথিব্যন্বায়ত্তা দ্যৌরুত্তরয়া নাস্যান্নং ক্ষীয়তে য এবং বেদ।

ব্যাখ্যা। [ইদানীং শিশুপদবাচ্যস্য দেহাভ্যন্তরস্থিত-প্রাণস্য প্রত্যাধানে সন্নিহিতস্য কাশ্চন উপনিষদঃ উচ্যন্তে]—এতাঃ (বক্ষ্যমাণাঃ) সপ্ত অক্ষিতয়ঃ (ক্ষয়নিবৃত্তিকারকাঃ), তম্ (চক্ষুষি সন্নিহিতং প্রাণম্) উপতিষ্ঠন্তে (উপাসতে) [কাস্তাঃ অক্ষিতয়ঃ ইত্যুচ্যন্তে]—তৎ (তত্র) অক্ষন্ (অক্ষিণি) যাঃ ইমাঃ লোহিন্যঃ (লোহিতাঃ) রাজয়ঃ (রেখাঃ), তাভিঃ (দ্বারভূতাভিঃ রেখাভিঃ) রুদ্রঃ (তন্নামা দেবঃ) এনম্ (প্রাণম্) অন্বায়ত্তঃ (অনুগতঃ) [সন্ উপতিষ্ঠতে]; অথ (অপি) অক্ষন্ (অক্ষিণি) যাঃ আপঃ (ধূমাদিসংযোগেন অভিব্যজ্যমানাঃ) তাভিঃ (অদ্ভিঃ দ্বারভূতাভিঃ) পর্জ্জন্যঃ (মেঘাভিমানিনী দেবতা) [অন্বায়ত্তঃ সন্ এনম্ উপতিষ্ঠতে ইতি সর্ব্বত্রান্বয়ঃ]; যা কনীনকা (দৃক্শক্তিঃ) তয়া (কনীনকয়া) আদিত্যঃ; যৎ (নেত্রস্থং) কৃষ্ণম্ (কৃষ্ণরূপং) তেন (দ্বারভূতেন) অগ্নিঃ; যৎ (নেত্রস্থং) শুক্লং (শুক্লরূপং) তেন (দ্বারভূতেন) ইন্দ্রঃ; অধরয়া বর্ত্তন্যা (পক্ষ্মণা) পৃথিবী এনম্ (প্রাণম্); উত্তরয়া বর্ত্তন্যা (ঊর্দ্ধপক্ষ্মণা) দ্যৌঃ [এনম্ অন্বায়ত্তা সতী উপতিষ্ঠতে]। যঃ (জনঃ) এবং (ইত্থং প্রকারম্) বেদ (জানাতি), অস্য (উপাসকস্য) অন্নং ন ক্ষীয়তে (ক্ষয়ং প্রাপ্নোতি)।

অনুবাদ। এই অক্ষয়ফলপ্রাপ্তির কারণ

স্বরূপ সাতটি দেবতা, চক্ষুর অভ্যন্তরে সন্নিহিত থাকিয়া উক্ত শিশুপদবাচ্য প্রাণের উপাসনা করিয়া থাকেন। চক্ষুর অভ্যন্তরে যে সকল লোহিত-বর্ণ রেখা আছে, তদ্দ্বারা রুদ্রদেব তাঁহার প্রাণে অনুগত থাকিয়া উপাসনা করেন। এইরূপ চক্ষুর অভ্যন্তরাহিত যে অশ্রুসংজ্ঞক জল, তদ্দ্বারা পর্জ্জন্য-দেব; যে দর্শনশক্তি, তদ্দ্বারা আদিত্যদেব; যে কৃষ্ণরূপ, তদ্দ্বারা অগ্নিদেব; যে শুক্লরূপ, তদ্দ্বারা ইন্দ্র; নিম্নপক্ষদ্বারা পৃথিবীর অধিষ্ঠাত্রী দেবতা; আর ঊর্দ্ধপক্ষদ্বারা দ্যুলোকের অধিষ্ঠাত্রী দেবতারা উক্ত প্রাণে অনুগত থাকিয়া উপাসনা করেন। যে ব্যক্তি এইরূপে উপাসনাতত্ত্ব পরিজ্ঞাত হন, তাঁহার কখনও অন্ন ক্ষয়প্রাপ্ত হয় না।

৩। তদেষ শ্লোকো ভবতি। অর্বাগ্বিলশ্চমস ঊর্দ্ধবুধ্নস্তস্মিন্ যশো নিহিতং বিশ্বরূপং তস্যাসত ঋষয়ঃ সপ্ত তীরে বাগষ্টমী ব্রহ্মণা সংবিদানেত্যর্বাগ্বিলশ্চমস ঊর্দ্ধবুধ্ন ইতীদং তচ্ছির এষ হ্যর্বাগ্বিলশ্চমস ঊর্দ্ধবুধ্নস্ত-স্মিন্ যশো নিহিতং বিশ্বরূপমিতি প্রাণা বৈ যশো বিশ্ব-

রূপং প্রাণানেতদাহ তস্যাসত ঋষয়ঃ সপ্ততীর ইতি প্রাণা বা ঋষয়ঃ প্রাণানেতদাহ বাগষ্টমী ব্রহ্মণা সংবিদানেতি বাগ্‌ঘ্যষ্টমী ব্রহ্মণা সংবিত্তে ॥

ব্যাখ্যা। তৎ (তত্র বিষয়ে) এষঃ শ্লোকঃ (মন্ত্রঃ) ভবতি। অর্বাগ্‌বিলঃ (অধোবিবরঃ) ঊর্দ্ধবুধ্নঃ (ঊর্দ্ধে উপরি ভাগে বুধ্নঃ বৃক্ষমূলসদৃশঃ বর্ত্তুলাকারঃ) চমসঃ (যজ্ঞপাত্রবিশেষঃ); [তাদৃশমপি মনুষ্যাণাং শিরঃ বিদ্যতে]; তস্মিন্ (চমসাকারে শিরসি) বিশ্বরূপং (নানারূপং) যশঃ (ইন্দ্রিয়রূপং) নিহিতম্ (স্থিতম্) [অস্তি]; তস্য (চমসাকারস্য শিরসঃ) তীরে (তটরূপে গোলকে) সপ্ত (সপ্তসংখ্যকাঃ) ঋষয়ঃ (ঋষিসংজ্ঞকাঃ) [প্রাণাঃ] আসতে (বর্ত্তন্তে); ব্রহ্মণা (পরমাত্মনা সহ) সংবিদানা (সংবাদং কুর্বন্তী) অষ্টমী বাক্ (বাগিন্দ্রিয়ম্) [অপি চমসাকারে শিরসি অস্তি]। ইতি অর্বাগবিলঃ চমসঃ ঊর্দ্ধবুধ্নঃ ইতি [অস্যায়মর্থঃ]—ইদং শিরঃ তৎ (চমস-সদৃশম্); হি (যতঃ) এষঃ (চমসাকারঃ শিরোভাগঃ) অর্বাগ্‌বিলঃ (অর্বাচি অধোভাগেঃ বিলঃ মুখবিবররূপঃ যস্য সঃ) ঊর্দ্ধবুধ্নঃ (ঊর্দ্ধে উপরিভাগে বুধ্নঃ মূলাকৃতিঃ যস্য সঃ) [শিরসঃ উপরিভাগস্য বুধ্নাকারত্বাৎ ঊর্দ্ধবুধ্নত্বম্] চমসঃ (চমসাকারঃ শিরোভাগঃ), তস্মিন্ (শিরসি) বিশ্বরূপং (নানারূপং) যশঃ নিহিতম্ (স্থিতম্);

[কিং পুনঃ তদ্ যশঃ ইত্যাহ]—প্রাণাঃ (শ্রোত্রাদয়ঃ বায়বশ্চ) বৈ (এব) বিশ্বরূপম্ (নানারূপম্) যশঃ (যশোহেতুঃ) ইত্যেতৎ প্রাণানাহ [মন্ত্রঃ] তস্য (চমসাকারস্য শিরসঃ) তীরে (তটরূপে গোলকে) সপ্ত ঋষয়ঃ (ঋষিপদবাচ্যাঃ) [প্রাণাঃ] আসতে (বিদ্যন্তে) [কে পুনঃ ঋষয়ঃ ইত্যাহ]—প্রাণাঃ (ইন্দ্রিয়াণি বায়বশ্চ) বৈ (এব) ঋষয়ঃ (ঋষিপদবাচ্যাঃ) ইত্যেতৎ প্রাণানাহ [মন্ত্রঃ] বাগ্ অষ্টমী ব্রহ্মণা সংবিদানা ইতি [অস্যায়মর্থঃ]—অষ্টমী (চক্ষুরাদিসপ্তেন্দ্রিয়াপেক্ষয়া অষ্টমী) বাক্ (বাগিন্দ্রিয়ম্) হি (এব) ব্রহ্মণা (পরমাত্মনা) সংবিত্তে (সংবাদং কুরুতে ব্রহ্মস্বরূপপ্রকাশনং কুরুতে ইত্যর্থঃ) ।

অনুবাদ। এই বিষয়ে একটি শ্লোক আছে। যেরূপ চমস অর্থাৎ যজ্ঞিয় হাতার অধোভাগ গর্ত্তবিশিষ্ট এবং উপরিভাগ বৃক্ষমূলের ন্যায় গোলাকার সেইরূপ মনুষ্যগণের মস্তক ও নিম্নদেশে গর্ত্তবিশিষ্ট এবং বর্ত্তুলাকার। তাহাতে নানাবিধ যশঃ অর্থাৎ যশের হেতুভূত চক্ষুরাদি ইন্দ্রিয়গণ বিদ্যমান আছেন। তাহার তীরে অর্থাৎ তটরূপ গোলকে সপ্তসংখ্যক ঋষি অর্থাৎ সাতটি ইন্দ্রিয় বাস করেন ; আর পরমাত্মতত্ত্বপ্রকাশক চক্ষুরাদি ইন্দ্রিয় ভিন্ন অষ্টম বাগিন্দ্রিয় ও

তথায় অবস্থান করেন। প্রাণ অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়গণ এবং মরুদ্‌গণই যশঃ অর্থাৎ যশের কারণ-স্বরূপ, সেইজন্য মন্ত্রও, প্রাণসমুদায়কে প্রতিপাদন করিতেছেন। সেই চমসাকার শিরোভাগে অবস্থিত গোলকে যে সপ্তসংখ্যক ঋষি বিদ্যমান আছেন, প্রাণ অর্থাৎ ইন্দ্রিয়গণ ও বায়ুগণই সেই ঋষিপদবাচ্য। মন্ত্র প্রাণবিষয়ে এই কথা বলিলেন। চক্ষুরাদি সাতটি ইন্দ্রিয় ব্যতিরিক্ত উক্ত অষ্টম বাগিন্দ্রিয়ই ব্রহ্মস্বরূপ প্রতিপাদন করিতে পারেন, অপরাপর ইন্দ্রিয়গণ তাহা করিতে সমর্থন নহেন।

৪। ইমাবেব গোতমভরদ্বাজাবয়মেব গোতমোঽয়ং ভরদ্বাজ ইমাবেব বিশ্বামিত্রজমদগ্নী অয়মেব বিশ্বামিত্রোঽয়ং জমদগ্নিরিমাবেব বসিষ্ঠকশ্যপাবয়মেব বসিষ্ঠোঽয়ং কশ্যপো বাগেবাত্রির্বাচা হ্যন্নমদ্যতেঽত্তির্হ বৈ নামৈতদ্ যদত্রিরিতি সর্বস্যাত্তা ভবতি সর্বমস্যান্নং ভবতি য এবং বেদ ॥

ইতি দ্বিতীয়ং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [ইদানীং তান্ সপ্ত ঋষীন্ বিভজ্য দর্শয়তি]—ইমৌ (দ্বৌ কর্ণৌ) এব গোতমভরদ্বাজৌ; [তৌ কৌ ইত্যাহ]—অয়ং (বামকর্ণঃ) এব ভরদ্বাজঃ (ভরদ্বাজসংজ্ঞক-ঋষিপদবাচ্যঃ), অয়ং (দক্ষিণকর্ণঃ) গোতমঃ (গোতমাখ্য-ঋষিপদবাচ্যঃ); ইমৌ (দ্বে চক্ষুষী) [লিঙ্গব্যত্যয়েন নির্দ্দেশঃ] এব বিশ্বামিত্রজমদগ্নী; অয়ম্ (ইদং বামনেত্রম্) এব জমদগ্নিঃ; অয়ম্ (ইদং দক্ষিণনেত্রম্) [এব] বিশ্বামিত্রঃ; ইমৌ (দ্বৌ-নাসাপুটৌ) এব বশিষ্ঠকশ্যপৌ, অয়ম্ (দক্ষিণনাসাপুটঃ) এব বশিষ্ঠঃ; অয়ম্ (বামনাসাপুটঃ) [এব] কশ্যপঃ; বাগ্ (বাগিন্দ্রিয়ম্) এব অত্রিঃ, হি (যতঃ) বাচা এব অন্নম্ অদ্যতে [তস্মাদ্ বাচঃ অত্তিত্বং যদেতৎ অত্রিঃ ইতি নাম, [তৎ] অত্তিঃ [ইতি] হ (প্রসিদ্ধম্) বৈ (এব); যঃ (জনঃ) এবং (ইত্থং) বেদ (জানাতি), [সঃ] সর্বস্য (অন্নস্য) অত্তা (ভোক্তা) ভবতি; সর্বম্ (অন্নম্) [অপি] অস্য (জ্ঞানিনঃ) অন্নং ভবতি। [বাগিন্দ্রিয়স্য অদনাপেক্ষয়া সপ্তমত্বং, কথনাপেক্ষয়া অষ্টমত্বং জ্ঞেয়ম্]।

অনুবাদ। [সম্প্রতি পূর্ব্বোক্ত সপ্ত ঋষি-গণের স্বরূপ নিরূপণ করিতেছেন] এই কর্ণদ্বয়ই গোতম ও ভরদ্বাজ; এই উভয়ের মধ্যে বামকর্ণ ভরদ্বাজ এবং দক্ষিণকর্ণ গোতমঋষিরূপে চিন্তনীয়;

এইরূপ নেত্রদ্বয়ের মধ্যে দক্ষিণ চক্ষুঃ বিশ্বামিত্র এবং বামচক্ষুঃ জমদগ্নি ঋষি বলিয়া ধ্যেয়, দক্ষিণ-নাসাপুট বশিষ্ঠ এবং বামনাসাপুট কশ্যপ ঋষিরূপে উপাস্য। আর বাগিন্দ্রিয়ই অত্রিঋষিস্থানীয়; যে হেতু প্রসিদ্ধি আছে যে, বাক্যের সাহায্যেই অন্ন-ভোজন হয়। আর এই যে অত্রি নাম, ইহাও অত্তি-নামের রূপান্তর মাত্র। যে ব্যক্তি এইরূপ তত্ত্ব অবগত হন, তিনি সর্ব্বপ্রকার অন্নের ভোক্তা হন এবং সকলই তাঁহার অন্নরূপে গৃহীত হয়॥

দ্বিতীয় অধ্যায়ে দ্বিতীয় ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

তৃতীয়ং ব্রাহ্মণম্।

১। দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তং চৈবামূর্ত্তং চ মর্ত্ত্যং চামৃতং চ স্থিতং চ যচ্চ সচ্চ ত্যঞ্চ॥

ব্যাখ্যা। [তে প্রাণাঃ কিমাত্মকাঃ কথং বা তেষাং সত্যত্বম্ ইতি চ বক্তব্যমিতি তেষাং স্বরূপাবধারণার্থমিদং ব্রাহ্মণমারভ্যতে] ব্রহ্মণঃ (পরমাত্মনঃ) দ্বে রূপে বাব (অবধারণে) মূর্ত্তম্ (আকৃতিবিশিষ্টম্) এব চ, অমূর্ত্তং (আকৃতিরহিতং)

চ; মর্ত্যং (মরণধর্মি) চ, অমৃতম্ (অমরণধর্মি) চ; স্থিতম্ (অগতিশীলং পরিচ্ছিন্নম্) চ, যৎ (যাতীতি যৎ গমনশীলং অপরিচ্ছিন্নম্); সৎ (বিদ্যমানম্) চ, ত্যং (সর্বদা পরোক্ষম্)।

অনুবাদ। ব্রহ্মের দুইটি রূপ, তন্মধ্যে একটি মূর্ত্ত অপরটি অমূর্ত্ত, একটি মরণশীল, অপরটি অমৃত অর্থাৎ অমরণশীল, একটি গতিহীন অথচ পরিচ্ছিন্ন; অপরটি যৎ অর্থাৎ গমনশীল অথচ অপরিচ্ছিন্ন; একটী সৎ (বিদ্যমান) অপরটি ত্যৎ, সকল সময়ে পরোক্ষ।

২। তদেতৎ মূর্তং যদন্যদ্বায়োশ্চান্তরিক্ষাচ্চৈ তৎ মর্ত্ত্যমেতৎ স্থিতমেতৎ সত্তস্যৈতস্য মূর্তস্যৈতস্য মর্ত্ত্যস্যৈতস্য স্থিতস্যৈতস্য সত এষ রসো য এষ তপতি সতো হ্যেষ রসঃ ॥

ব্যাখ্যা। তৎ এতৎ (পূর্বোক্তম্) মূর্ত্তম্ (ইতরেতরানুপ্রবিষ্টাবয়বং সংহতং), [কিং তদিত্যাহ] যদ্ অন্যৎ [কস্মাদন্যদ্ ইত্যাহ] বায়োঃ চ, অন্তরিক্ষাৎ চ [অন্যদিত্যর্থঃ]; এতদ্ (ভূতত্রয়াত্মকং রূপম্) মর্ত্ত্যম্ (মরণধর্মি), এতৎ (রূপম্)

স্থিতম্ (অগতিশীলং পরিচ্ছিন্নম্); এতৎ (পৃথিব্যাদিভূত-ত্রয়াত্মকং রূপং) সৎ (বিদ্যমানম্); তস্য (পূর্বোক্তস্য) এতস্য মূর্তস্য, এতস্য মর্ত্যস্য, এতস্য স্থিতস্য, এতস্য সতঃ (চতুষ্টয়বিশেষণ বিশিষ্টস্য ভূতত্রয়স্য) এষঃ রসঃ (সারঃ) যঃ এষঃ (সূর্য্যঃ) তপতি (তাপং দদাতি); হি (যতঃ) এষঃ (সূর্য্যঃ) সতঃ (ভূতত্রয়স্য) রসঃ (সারঃ)।

অনুবাদ। বায়ু ও আকাশ ব্যতীত পৃথিব্যাদি ভূতত্রয় পরস্পরে প্রবিষ্ট হইয়া যে সংহত রূপ ধারণ করে,তাহাই মূর্ত্তরূপ; এই ভূতত্রয়াত্মক মূর্ত্তরূপই মর্ত্ত্য অর্থাৎ মরণশীল, এবং ইহাই অগতিশীল এবং পরিচ্ছিন্ন। এই সদ্রূপে প্রতিভাত তাপদাতা সূর্য্য, মূর্ত্ত, মর্ত্ত্য, স্থিত এবং সৎ এই চারিগুণবিশিষ্ট ভূতত্রয়ের রস; কারণ, সূর্য্যই ভূতত্রয়ের সারভূত পদার্থ॥

৩। অথামূর্তং বায়ুশ্চান্তরিক্ষং চৈতদমৃতমেতদ্ য-দেতত্ত্যস্তস্যৈতস্যামূর্তস্যৈতস্যামৃতস্যৈতস্য যত এতস্য ত্যস্যৈষ রসো য এষ এতস্মিন্মণ্ডলে পুরুষস্ত্যস্য হ্যেষ রস ইত্যধিদৈবতম্॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) অমূর্তং (আকৃতিরহিতম্ অপরিচ্ছন্নং) [রূপম্ উচ্যতে] বায়ুঃ চ অন্তরিক্ষং চ [এতদ্ ভূতদ্বয়ম্ অমূর্তম্] এতৎ (বায়্বাকাশরূপং ভূতদ্বয়ম্ অমূর্তম্) অমৃতম্ (অমরণধর্ম্মি), এতৎ (ভূতদ্বয়ং) যৎ (স্থিতবিপরীতং ব্যাপি অপরিচ্ছিন্নম্); এতৎ (ভূতদ্বয়ম্) ত্যৎ (পরোক্ষাভিধানার্হম্; তস্য এতস্য অমূর্তস্য, এতস্য অমৃতস্য, এতস্য, যতঃ, এতস্য ত্যস্য [এতস্য চতুষ্টয়বিশেষেণ বিশিষ্টস্য অমূর্ত্তস্য] এষঃ রসঃ [কোঽসৌ রসঃ ইত্যাহ] যঃ এষ এতস্মিন্ মণ্ডলে [অধিষ্ঠিতঃ] পুরুষঃ। হি (যস্মাৎ) ত্যস্য (সর্বদা পরোক্ষস্য অমূর্তস্য) এষঃ (মণ্ডলাধিষ্ঠিতঃ পুরুষঃ) রসঃ (সারঃ) ইতি অধিদৈবতম্ (মণ্ডলাধিষ্ঠিতদেবরূপম্)।

অনুবাদ। [অনন্তর ব্রহ্মের অমূর্ত্তরূপ বর্ণিত হইতেছে] বায়ু ও আকাশ এই দুইটী, ক্ষিত্যাদি ভূতত্রয় অপেক্ষা অমূর্ত্ত। ইহারা অমৃত অর্থাৎ পৃথিব্যাদি অপেক্ষা অবিনাশী এবং উক্ত ভূতত্রয়ের তুলনায় অধিক গতিশীল ও ব্যাপক; উহারা সর্ব্বদা অতীন্দ্রিয়। সূর্য্যমণ্ডলাধিষ্ঠিত পুরুষই এই অপেক্ষাকৃত অবিনাশী, গতিশীল, পরোক্ষ এবং অমূর্ত্ত ভূতদ্বয়ের সারভূত পদার্থ, এবং

ইনিই পরোক্ষ উক্ত অমূর্ত্ত ভূতদ্বয়ের সার বলিয়া অধিদৈবত।

৪। অথাধ্যাত্মমিদমেব মূর্ত্তং যদন্যৎপ্রাণাচ্চ যশ্চায়মন্তরাত্মন্নাকাশ এতন্মর্ত্যমেতৎ স্থিতমেতৎ সত্তস্যৈতস্য মূর্তস্যৈতস্য মর্তস্যৈতস্য স্থিতস্যৈতস্য সত এষ রসো যচ্চক্ষুঃ সতো হ্যেষ রসঃ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) অধ্যাত্মম্ (আত্মানং দেহম্ অধিকৃত্য প্রবৃত্তঃ) [মূর্ত্তামূর্ত্তয়োঃ বিভাগঃ উচ্যতে] ইদম্ (বক্ষ্যমাণম্) এব মূর্ত্তং (রূপম্), যৎ চ প্রাণাৎ অন্যৎ, যঃ চ অন্তরাত্মন্ (দেহাভ্যন্তরে) অয়ং আকাশঃ (নভঃ); [এতদ্দ্বয়ং বর্জ্জয়িত্বা যদন্যৎ শরীরারম্ভকং ভূতত্রয়ম্] এতৎ মর্ত্যম্, এতৎ স্থিতম্, এতৎ সৎ; তস্য এতস্য মূর্তস্য, এতস্য মর্ত্যস্য, এতস্য স্থিতস্য, এতস্য সতঃ এষঃ রসঃ (সারঃ) যৎ চক্ষুঃ; হি (যস্মাৎ) এষঃ (এতৎ চক্ষুঃ) সতঃ (সদ্রূপস্য ভূতত্রয়স্য) রসঃ (সারঃ)।

অনুবাদ। অতঃপর দেহাভ্যন্তরস্থিত মূর্ত্ত এবং অমূর্ত্তের বিভাগ করিতেছেন। দেহাভ্যন্তরস্থিত প্রাণবায়ু এবং আকাশ হইতে ভিন্ন পৃথিব্যাদি ভূতত্রয়ই মূর্ত্ত। তাহারা মর্ত্ত্যরূপী, স্থিত এবং

সৎ। চক্ষুঃ এই ভূতত্রয়ের সার, যে হেতু এই চক্ষুঃ ভূতত্রয়ের মধ্যে উৎকৃষ্ট বস্তু। [কারণ এই দেহ চক্ষুদ্বারাই সারবান্]

৫। অথামূর্ত্তং প্রাণশ্চ যশ্চায়মন্তরাত্মন্নাকাশ এতদমৃতমেতদ্ যদেতত্ত্যং তস্যৈতস্যামূর্ত্তস্যৈতস্যামৃতস্যৈতস্য যত এতস্য ত্যস্যৈষ রসো যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্ত্যস্য হ্যেষ রসঃ ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) অমূর্ত্তম্ (আকৃতিরহিতং [রূপমুচ্যতে] প্রাণঃ চ, অয়ম্ অন্তরাত্মন্ (দেহাভ্যন্তরে) আকাশঃ, এতৎ (দেহাভ্যন্তরস্থিতপ্রাণাকাশরূপং ভূতদ্বয়ম্) অমৃতম্ (অবিনাশি), এতৎ (ভূতদ্বয়ং) যৎ (গতিশীলম্), ত্যৎ (সর্ব্বদা পরোক্ষম্); তস্য এতস্য অমূর্ত্তস্য, এতস্য অমৃতস্য, এতস্য যতঃ, এতস্য ত্যস্য এষঃ রসঃ (সারঃ), যঃ অয়ং দক্ষিণে অক্ষন্ (অক্ষিণি) [লিঙ্গস্য অধিষ্ঠাতা] পুরুষঃ; হি (যস্মাৎ) এষঃ (দক্ষিণচক্ষুরধিষ্ঠাতা পুরুষঃ) ত্যস্য (প্রাণাকাশরূপভূতদ্বয়স্য) রসঃ (সারঃ)।

অনুবাদ। অতঃপর অমূর্ত্ত রূপ কথিত হইতেছে—দেহাভ্যন্তরস্থিত প্রাণবায়ু এবং আকাশ, এই উভয়ই অবিনাশী, গতিশীল এবং সর্ব্বদা পরোক্ষ।

এই অবিনাশী, গতিশীল এবং পরোক্ষ অমূর্ত্তের সারই দক্ষিণচক্ষুঃস্থিত লিঙ্গশরীরের অধিষ্ঠাতা পুরুষ; কারণ এই পুরুষ প্রাণ ও আকাশ রূপ ভূতদ্বয়ের সারভূত পদার্থ।

৬। তস্য হৈতস্য পুরুষস্য রূপম্ যথা মাহারজনং বাসো যথা পাণ্ড্বাবিকং যথেন্দ্রগোপো যথাঽগ্ন্যর্চির্যথা পুণ্ডরীকং যথা সকৃদ্বিদ্যুত্তং সকৃদ্বিদ্যুত্তেব হ বা অস্য শ্রীর্ভবতি য এবং বেদাথাত আদেশো নেতি নেতি ন হ্যেতস্মাদিতি নেত্যন্যৎ পরমস্ত্যথ নামধেয়ং সত্যস্য সত্যমিতি প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যম্॥

ইতি তৃতীয়ং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। [অধুনা] তস্য এতস্য (করণাত্মনঃ) পুরুষস্য [রূপমুচ্যতে] যথা মাহারজনং (মহারজনং হরিদ্রা তয়া রক্তং) বাসঃ, যথা পাণ্ডু (পাণ্ডুবর্ণম্) আবিকম্ (অবিঃ মেষঃ তস্যেদম্ আবিকম্ ঊর্ণাতন্তুজাতং বস্ত্রমিত্যর্থঃ), যথা ইন্দ্রগোপঃ (রক্তবর্ণ-বিশিষ্টঃ কীটবিশেষঃ), যথা অগ্ন্যর্চিঃ (অগ্নিশিখা), যথা পুণ্ডরীকম্ (শুভ্রপদ্মম্) যথা সকৃদ্বিদ্যুত্তম্ (সকৃদ্বিদ্যোতনং) [সর্বতঃ প্রকাশকং ভবতি] সকৃদ্বিদ্যুত্তা ইব (সকৃদ্বিদ্যোতনমিব)

হ (প্রসিদ্ধৌ) অস্য (অক্ষিপুরুষাভিজ্ঞস্য) শ্রীঃ (খ্যাতিঃ) ভবতি, যঃ এবং (উক্তরূপম্) বেদ (জানাতি) [তস্যৈব খ্যাতিলাভফলমিতি ভাবঃ]। অথ (সত্যস্বরূপনির্দেশানন্তরম্) [যৎ সত্যস্য সত্যং তদেবাবশিষ্যতে যস্মাৎ] অতঃ (অস্মাৎ) [সত্যস্য সত্যং স্বরূপং নির্দিশ্যতে] [এষঃ ব্রহ্মণঃ] আদেশঃ (নির্দেশঃ), [কঃ পুনরসৌ নির্দেশঃ ইত্যাহ] নেতি নেতি (এতন্ন ব্রহ্ম ইতি এতন্ন ব্রহ্ম ইতি) [এবং সর্বপদার্থপ্রতিষেধদ্বারেণ পরিশিষ্টব্রহ্ম নির্দেশঃ করণীয়ঃ, কস্মাৎ ?] যস্মাৎ এতস্মাৎ (সত্যাখ্যাৎ পরমাত্মনঃ) পরম্ (অধিকম্) অন্যৎ (নামরূপাদিকং কিমপি) অস্তি [নাস্তীত্যর্থঃ সর্বমেব ব্রহ্মাত্মকমিতি ভাবঃ]। অথ (অনন্তরম্) [ব্রহ্মণঃ] নামধেয়ম্ (নামৈব নামধেয়ম্) [উচ্যতে, কিং তদিত্যাহ] সত্যস্য সত্যম্ ইতি ; প্রাণাঃ (ইন্দ্রিয়াদয়ঃ) বৈ (প্রসিদ্ধৌ) সত্যম্ (সত্যসংজ্ঞকাঃ), এষঃ (অক্ষিপুরুষঃ) তেষাম্ (প্রাণানাম্) [অপি] সত্যম্ (সত্যতাপ্রতিপাদকঃ)।

অনুবাদ। সম্প্রতি লিঙ্গাত্মক পুরুষের রূপ কথিত হইতেছে—উক্ত পুরুষের দেহের আভা হরিদ্রারঞ্জিত বস্ত্রের ন্যায় পীতবর্ণ, মেষাদির রোমজাত বস্ত্রের ন্যায় পাণ্ডুবর্ণ, ইন্দ্রগোপনামক কীটের ন্যায় রক্তবর্ণ, অগ্নিশিখার ন্যায় রাক্তমাভ,

শ্বেতপদ্মের ন্যায় শ্বেতবর্ণ এবং বিদ্যুতের ন্যায় সমুজ্জ্বল। যিনি উক্ত পুরুষকে এইরূপে অবগত হন, তিনি বিদ্যুতের প্রভার ন্যায় নিরতিশয় সমুজ্জ্বল লাবণ্য প্রাপ্ত হন। শ্রুতি সত্যস্বরূপ নির্দ্দেশ করিয়া পরে, সত্যের সত্য ব্রহ্মস্বরূপ নিরূপণ করিতেছেন—"নেতি নেতি" অর্থাৎ ইহা ব্রহ্ম নয়, ইহা ব্রহ্ম নয়,—এইরূপে সমুদায় পদার্থ ব্রহ্ম হইতে পৃথক্ করিলে যখন আর অপর কিছুই থাকে না, তখন সেই পদার্থই ব্রহ্ম; কারণ, সত্যাখ্য ব্রহ্মপদার্থের অতিরিক্ত কোন পদার্থ নাই। সম্প্রতি ব্রহ্মের বাচক নাম কথিত হইতেছে—ব্রহ্ম সত্যের সত্য নামে অভিহিত, যেহেতু প্রাণ অর্থাৎ ইন্দ্রিয়াদি সমুদায়ই সত্য নামে অভিহিত, আর ব্রহ্ম প্রাণ অপেক্ষাও সত্য; [অতএব সত্যস্বরূপ ব্রহ্ম ভিন্ন অন্য কোন পদার্থই সত্য নহে]।

চতুর্থং ব্রাহ্মণম্।

১। মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবল্ক্য উদ্‌যাস্যন্ বা

অরেঽহমস্মাৎ স্থানাদস্মি হন্ত তেঽনয়া কাত্যায়ন্যাঽন্তং করবাণীতি ॥

ব্যাখ্যা। যাজ্ঞবল্ক্যঃ (স্বনামখ্যাতঃ ঋষিবিশেষঃ) [অরে] মৈত্রেয়ি ইতি [স্বভার্য্যাং মৈত্রেয়ীং] হ (এব) [আমন্ত্র্য] উবাচ—অরে [মৈত্রেয়ি] অহম্ অস্মাৎ (গার্হস্থ্যাৎ) স্থানাৎ (আশ্রমাৎ) উদ্‌যাস্যন্ (উদ্ উর্দ্ধং স্থম্ আশ্রমান্তরং যাস্যন্ (গন্তুমিচ্ছন্) বৈ (এব) অস্মি (ভবামি); [অতঃ] হন্ত (সম্মতিযাচনে) অনয়া কাত্যায়ন্যা (মম দ্বিতীয়য়া ভার্য্যয়া সহ) তে (তব) অন্তং (বিভাগং) করবাণি (কর্ত্তুমিচ্ছামি) ইতি ॥

অনুবাদ। স্বনামপ্রসিদ্ধ যাজ্ঞবল্ক্য ঋষি স্বীয় ভার্য্যা মৈত্রেয়ীকে সম্বোধন করিয়া বলিলেন, মৈত্রেয়ি, "এই গার্হস্থ্যাশ্রম পরিত্যাগ করিয়া, আমি শ্রেষ্ঠ সন্ন্যাসাশ্রম গ্রহণ করিতে অভিলাষী হইয়াছি, অতএব যদি তুমি সম্মতি প্রদান কর, তাহা হইলে আমার দ্বিতীয়া ভার্য্যা কাত্যায়নীর সহিত তোমার ধন সম্পৎ বিভাগ করিয়া দেই।

২। সা হোবাচ মৈত্রেয়ী। যন্নু ম ইয়ং ভগোঃ

সর্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ কথং তেনামৃতা স্যা-মিতি নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যথৈবোপকরণবতাং জীবিতং তথৈব তে জীবিতং স্যাদমৃতত্বস্য তু নাশাস্তি বিত্তেনেতি ॥

ব্যাখ্যা। সা মৈত্রেয়ী [যাজ্ঞবল্ক্যং] হ (এব) উবাচ (কথিতবতী) [হে] ভগোঃ (ভগবন্), যৎ (যদি) নু (বিতর্কণে) বিত্তেন (ধনেন) পূর্ণা ইয়ম্ (পরিদৃশ্যমানা) সর্বা পৃথিবী মে (মম) স্যাৎ (ভবেৎ), [তর্হি] কথং [ইতি প্রশ্নে] তেন (পৃথিবীপূর্ণবিত্তেন, পৃথিবীপূর্ণবিত্তসাধ্যেন অগ্নিহোত্রা-দিনা কর্মণা বা) [কিমহম্] অমৃতা স্যাম্ (ভবেয়ম্) ; যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ ন [অমৃতা স্যাঃ] ইতি ; [কীদৃশী স্যাঃ ইত্যাহ] যথা এব উপকরণবতাং (সুখসাধনযুক্তানাং জীবি-তং (জীবনং) [সুখোপায়ভোগসম্পন্নং], তথৈব (তদ্বদেব) তে (তব) জীবিতং স্যাৎ ; তু (কিন্তু) বিত্তেন (ধনেন, ধনসাধ্যেন কর্মণা বা) অমৃতত্বস্য (মুক্তেঃ) আশা ন অস্তি। [মনসাপি ন কল্পয়িতুং শক্নোতি কশ্চিদিতি ভাবঃ ॥

অনুবাদ। মৈত্রেয়ী যাজ্ঞবল্ক্যের বাক্য শুনিয়া জিজ্ঞাসা করিলেন, ভগবন্! ধনপূর্ণা বসুন্ধরা যদি আমার হয়, তাহা হইলে আমি কি তদ্দ্বারা

মুক্তি লাভ করিতে পারিব? যাজ্ঞবল্ক্য বলিলেন—না, তদ্দ্বারা মুক্তিপদ লাভ করিতে পারিবে না। তবে ধনসম্পন্ন ব্যক্তিদিগের জীবন যেরূপ লৌকিক সুখভোগে যাপিত হয়, সেইরূপ তোমার জীবনও সুখভোগে অতিবাহিত হইতে পারিবে, কিন্তু ধন বা ধনসাধ্য কর্ম্মের দ্বারা মুক্তির আশাও করিও না।

৩। সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাং যদেব ভগবান্ বেদ তদেব মে ব্রূহীতি॥

ব্যাখ্যা। সা মৈত্রেয়ী হ (কিল) উবাচ যেন (বিত্তেন বিত্তসাধ্যকর্ম্মণা বা) অমৃতা (মুক্তা) ন স্যাম্; তেন (বিত্তেন বিত্তসাধ্যকর্ম্মণা বা) অহং কিং কুর্য্যাম্ [ন কিমপি কর্ত্তুং শক্নুয়ামিতি ভাবঃ]। ভগবান্ যদ্ এব (অমৃতসাধনম্) বেদ (জানাতি), তদ্ এব মে (মহ্যম্) ব্রূহি (কথয়)।

অনুবাদ। তদুত্তরে মৈত্রেয়ী বলিলেন, "যে ধন বা ধনসাধ্য কর্ম্মদ্বারা আমি মুক্তিলাভে অক্ষম, তাহা লইয়া আমি কি করিব? অতএব আপনি যাহা মুক্তিসাধন বলিয়া জানেন; তাহাই আমাকে বলুন।

৪। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ প্রিয়া বতারে নঃ সতী প্রিয়ং ভাষস এহ্যাস্স্ব ব্যাখ্যাস্যামি তে ব্যাচক্ষাণস্য তু মে নিদিধ্যাসস্বেতি॥

ব্যাখ্যা। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—বত (অনুকম্পায়াম্) অরে [মৈত্রেয়ি, ত্বম্] নঃ (অস্মাকম্) [পূর্ব্বমপি] প্রিয়া সতী (ভবন্তী) [ইদানীম্] প্রিয়ং (চিত্তানুকূলং) ভাষসে (কথয়সি); [ত্বম্] এহি (আগচ্ছ), আস্স্ব (উপবিশ); [যৎ] তে (তব) [অমৃতত্বসাধনম্ আত্মজ্ঞানং] ব্যাখ্যাস্যামি (কথয়িষ্যামি); তু (কিন্তু) ব্যাচক্ষাণস্য (ব্যাখ্যানং কুর্ব্বতঃ) মে (মম) [বাক্যানি] নিদিধ্যাসস্ব (অর্থতঃ নিশ্চয়েন ধাতুমিচ্ছ)॥

অনুবাদ। যাজ্ঞবল্ক্য সাহ্লাদে মৈত্রেয়ীকে বলিলেন—মৈত্রেয়ি! তুমি আমার প্রিয়া ছিলে; বর্ত্তমানেও আমার মনের মত কথা বলিতেছ। এস আমার কাছে উপবেশন কর। আমি তোমাকে মুক্তির সাধনস্বরূপ আত্মতত্ত্ববিষয়ে উপদেশ দিতেছি, কিন্তু আমি যে সকল বাক্য বলিব,তাহা মনোনিবেশ-সহকারে চিন্তা করিয়া স্থির করিতে চেষ্টা করিবে।

৫। স হোবাচ ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবত্যাত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি ন বা অরে ক্ষত্রস্য কামায় ক্ষত্রং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্বস্য কামায় সর্বং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় সর্বং প্রিয়ং ভবতি আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো

মৈত্রেয্যাত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদꣳ সর্বং বিদিতম্ ॥

ব্যাখ্যা। (যাজ্ঞবল্ক্যঃ) হ (কিল) উবাচ—অরে [মৈত্রেয়ি] বৈ (প্রসিদ্ধৌ) (পত্যুঃ (ভর্তুঃ) কামায় (প্রয়োজনায়) পতিঃ (ভর্তা) ন প্রিয়ঃ ভবতি; [কিং তর্হি] আত্মনঃ (স্বস্য) তু (এব) কামায় (প্রয়োজনায়) পতিঃ প্রিয়ঃ ভবতি। [তথা] অরে [মৈত্রেয়ি!] জায়ায়ৈ (ভার্য্যায়াঃ) বৈ (প্রসিদ্ধৌ) কামায় (প্রয়োজনায়) ন জায়া প্রিয়া ভবতি; [কিং তর্হি] আত্মনঃ তু (এব) কামায় (প্রয়োজনায়) জায়া (ভার্য্যা) প্রিয়া ভবতি। [তথা] অরে [মৈত্রেয়ি] বৈ (প্রসিদ্ধৌ) পুত্রাণাং কামায় পুত্রাঃ ন প্রিয়াঃ ভবন্তি; আত্মনঃ তু (এব) কামায় পুত্রাঃ প্রিয়াঃ ভবন্তি। [তথা] বৈ (প্রসিদ্ধৌ) বিত্তস্য কামায় বিত্তং ন প্রিয়ং ভবতি; আত্মনঃ তু (এব) কামায় বিত্তং প্রিয়ং ভবতি। [তথা] বৈ (প্রসিদ্ধৌ) ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি; আত্মনঃ তু (এব) কামায় ব্রহ্ম (ব্রাহ্মণঃ) প্রিয়ং ভবতি। [তথা] অরে [মৈত্রেয়ি] বৈ (প্রসিদ্ধৌ) ক্ষত্রস্য কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি; আত্মনঃ তু (এব) কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। [তথা] অরে [মৈত্রেয়ি!] বৈ লোকানাং (ব্রহ্মলোকাদীনাং) কামায় ন লোকাঃ প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু (এব) কামায়

লোকাঃ প্রিয়াঃ ভবন্তি। [তথা] বৈ দেবানাং কামায় দেবাঃ ন প্রিয়াঃ ভবন্তি, আত্মনঃ তু (এব) কামায় দেবাঃ প্রিয়াঃ ভবন্তি। [তথা] ভূতানাং বৈ কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি আত্মনঃ তু (এব) কামায় ভূতানি প্রিয়ানি ভবন্তি। [তথা] অরে [মৈত্রেয়ি] (বৈ প্রসিদ্ধৌ) সর্বস্য কামায় সর্বং প্রিয়ং ভবতি, আত্মনঃ তু (এব) কামায় সর্বং প্রিয়ং ভবতি। [তস্মাৎ] অরে মৈত্রেয়ি আত্মা বৈ (এব) দ্রষ্টব্যঃ (দর্শনবিষয়মাপাদয়িতব্যঃ) [কথমিদং দর্শনং সম্পদ্যতে তত্রাহ] শ্রোতব্যঃ (আচার্য্যোপদেশতঃ যথাযথং বেদার্থঃ গ্রহীতব্যঃ), মন্তব্যঃ (যুক্তিতঃ বেদার্থঃ স্থিরীকর্ত্তব্যঃ), নিদিধ্যাসিতব্যঃ (নিশ্চয়েন ধ্যাতব্যঃ), অরে [মৈত্রেয়ি] আত্মনঃ বৈ (এব) দর্শনেন, শ্রবণেন মত্যা (মননেন) বিজ্ঞানেন ইদং (পরিদৃশ্যমানং) সর্বং (জগৎ) বিদিতং (বিজ্ঞাতং) [ভবতীতি শেষঃ]। [যতঃ ইদং সর্বং ব্রহ্মৈব ব্রহ্মব্যতিরিক্তং কিমপি নাস্তীতি ভাবঃ]।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—মৈত্রেয়ি! পতির প্রয়োজনের নিমিত্ত কেহ পতিপ্রিয়া হন না; কিন্তু আত্ম-সুখসাধনরূপ প্রয়োজনসিদ্ধির নিমিত্তই পতির প্রিয় হইয়া থাকেন। এইরূপ ভার্য্যার সুখসাধনরূপ প্রয়োজনসিদ্ধির নিমিত্ত ভার্য্যা কদাচ পতির

প্রিয়া হন না; কিন্তু আত্ম-প্রয়োজনসিদ্ধির নিমিত্ত পত্নী পতির প্রিয়া হইয়া থাকেন। স্বীয় অভীষ্টসিদ্ধির নিমিত্ত পুত্র পিতার প্রিয় হয় না; কিন্তু যিনি পিতা, তাঁহার নিজের অভীষ্ট সিদ্ধির নিমিত্তই পুত্র পিতার প্রিয় হইয়া থাকে।• এইরূপ ধনের প্রয়োজনসিদ্ধির নিমিত্ত ধন লোকের প্রিয় হয় না; কিন্তু আত্মপ্রয়োজনসিদ্ধির নিমিত্তই ধন লোকের প্রিয় হইয়া থাকে। ব্রাহ্মণের প্রীতি উৎপাদনের জন্য ব্রাহ্মণ অন্যের প্রিয় হন না; কিন্তু নিজের প্রয়োজনসিদ্ধির জন্যই ব্রাহ্মণ লোকের প্রিয় হইয়া থাকেন। ক্ষত্রিয়ের অর্থাৎ রাজার প্রয়োজনসিদ্ধির নিমিত্ত রাজা প্রজার প্রিয় হন না; কিন্তু স্বার্থসিদ্ধির জন্যই প্রজা রাজার প্রিয় হইয়া থাকে। স্বর্গাদিস্থানসম্বন্ধীয় স্বার্থসিদ্ধির জন্য স্বর্গাদি লোকের প্রিয় হয় না; কিন্তু স্বার্থসিদ্ধির জন্যই স্বর্গাদি স্থান লোকের প্রিয় হইয়া থাকে। দেবতাগণের প্রীতি উৎপাদনের নিমিত্ত দেবতাগণ লোকের প্রিয় না, কিন্তু নিজের ইষ্টসিদ্ধির জন্যই দেবগণ লোকের প্রিয় হইয়া থাকে। প্রাণিগণের স্বার্থসিদ্ধির

জন্ত প্রাণিগণ লোকের প্রিয় হয় না; কিন্তু স্বার্থ-সিদ্ধির নিমিত্তই প্রাণিগণ লোকের প্রিয় হইয়া থাকে। মৈত্রেয়ি! অধিক কি বলিব, অন্য কাহারও স্বার্থ-সিদ্ধির অথবা প্রীতি উৎপাদনের নিমিত্ত কেহ কাহা-রও প্রিয় হয় না; কেবল স্বার্থসিদ্ধির নিমিত্তই সকলে লোকপ্রিয় হইয়া থাকে। অতএব অরে মৈত্রেয়ি! সর্ব্বাপেক্ষা প্রিয় আত্মাকে দর্শন করিবে অর্থাৎ জ্ঞাননেত্রদ্বারা সাক্ষাৎ করিবে, উক্ত আত্ম-দর্শনের সাধনস্বরূপ গুরূপদেশ ও বেদান্তবাক্য শ্রবণ করিয়া আত্মস্বরূপ অবগত হইবে; পরে তর্কদ্বারা যথাযথরূপে আত্মস্বরূপ নির্ণয় করিবে, অতঃপর নিঃসংশয়রূপে আত্মার ধ্যান করিবে। মৈত্রেয়ি! আত্মার দর্শন, শ্রবণ, মনন এবং নিদিধ্যাসনের দ্বারাই এই পরিদৃশ্যমান জগতের সমুদায় পরিজ্ঞাত হওয়া যায়, কারণ এই দৃশ্যমান সমুদায় পদার্থই ব্রহ্ম, ব্রহ্ম-ব্যতিরিক্ত কোন পদার্থের অস্তিত্ব নাই।

৬। ব্রহ্ম তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনো ব্রহ্ম বেদ ক্ষত্রং তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনঃ ক্ষত্রং বেদ লোকাস্তং

পরাদুর্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ দেবাস্তং পরাদুর্যো-ঽন্যত্রাত্মনো দেবান্ বেদ ভূতানি তং পরাদুর্যোঽন্যত্রা-ত্মনো ভূতানি বেদ সর্বং তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনঃ সর্বং বেদেদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমানি ভূতানীদং সর্বং যদয়মাত্মা ॥

ব্যাখ্যা। ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ) তং (পুরুষং) পরাদাৎ (পরাকুর্য্যাৎ) [কম্? ইত্যাহ] যঃ (জনঃ) আত্মনঃ অন্যত্র (আত্মস্বরূপব্যতিরেকেণ) ব্রহ্ম (ব্রাহ্মণজাতিং) বেদ (জানাতি); [তথা] ক্ষত্রং (ক্ষত্রিয়জাতিঃ) তং (পুরুষং) পরাদাৎ, যঃ আত্মনঃ অন্যত্র (ব্রহ্মস্বরূপব্যতিরেকেণ) ক্ষত্রং বেদ; [তথা] লোকাঃ (স্বর্গাদয়ঃ) তং (পুরুষং) পরাদুঃ (পরাদধ্যাৎ), যঃ আত্মনঃ অন্যত্র লোকান্ (স্বর্গাদীন্) বেদ; দেবাঃ তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র দেবান্ বেদ; ভূতানি (প্রাণিনঃ) তং পরাদুঃ, যঃ আত্মনঃ অন্যত্র ভূতানি বেদ; সর্বং (জগৎ) তং পরাদাৎ, যঃ আত্মনঃ অন্যত্র সর্বং বেদ ইদং ব্রহ্ম, ইদং ক্ষত্রম্, ইমে লোকাঃ, ইমে দেবাঃ, ইমানি, ভূতানি, যৎ (যস্মাৎ) ইদং সর্বম্ অয়ম্ আত্মা;

অনুবাদ। যে ব্যক্তি আত্মস্বরূপব্যতীত ব্রাহ্মণজাতিকে ধারণা করে, ব্রাহ্মণজাতি তাহাকে

পরাজিত অর্থাৎ অবজ্ঞা করে। এইরূপ যে ব্যক্তি ক্ষত্রিয়জাতিকে, ব্রহ্ম হইতে পৃথক্ ভাবে, ক্ষত্রিয়জাতি তাহাকে পরাজিত করে। এইরূপে যে ব্যক্তি স্বর্গাদি লোককে, দেবগণকে, প্রাণিগণকে, এবং সমুদায় জগৎকে অবজ্ঞা ও ব্রহ্ম হইতে পৃথক্ বলিয়া জানে, সে সেই সেই লোকভ্রষ্ট ও পরাজিত হয়। এই ব্রাহ্মণ, ক্ষত্রিয়, স্বর্গাদি লোক, দেবগণ, প্রাণিগণ এমন কি জ্ঞাত এবং অজ্ঞাত সমুদায় পদার্থই ব্রহ্ম হইতে পৃথক্ নহে।

৭। স যথা দুন্দুভের্হন্যমানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় দুন্দুভেস্তু গ্রহণেন দুন্দুভ্যাঘাতস্য বা শব্দো গৃহীতঃ॥

ব্যাখ্যা। [কথং পুনঃ সর্বমাত্মৈব ইতি গ্রহীতুং শক্যতে ; তত্র] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা দুন্দুভেঃ (ভের্য্যাদেঃ) হন্যমানস্য (দণ্ডাদিনা তাড্যমানস্য) [দুন্দুভিশব্দসামান্যাৎ নিষ্কৃষ্টান্] বাহ্যান্ শব্দান্ (দুন্দুভিশব্দবিশেষান্) গ্রহণায় ন শক্নুয়াৎ [জনঃ ইতি শেষঃ] ; দুন্দুভেঃ তু গ্রহণেন, দুন্দুভ্যাঘাতস্য (দুন্দুভেঃ আহননম্ আঘাতঃ তস্য), [গ্রহণেন] বা [তদ্গতঃ বিশেষঃ] শব্দঃ গৃহীতঃ।

অনুবাদ। [সমুদায় পদার্থই আত্মা, ইহা কিরূপে অবগত হইতে পারা যায়, সে বিষয়ে দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন]—যেমন দুন্দুভিবাদন করিলে তদ্গত সাধারণ শব্দ হইতে বাহিরের শব্দ গ্রহণ করিতে পারা যায় না, কিন্তু দুন্দুভির স্বরূপ-গ্রহণপূর্ব্বক, তদ্গত আঘাতবিশিষ্ট সাধারণ শব্দ গ্রহণের দ্বারা তাহার বিশেষ বিশেষ শব্দ গ্রহণ করিতে পারা যায়।

৮। স যথা শঙ্খস্য ধ্মায়মানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় শঙ্খস্য তু গ্রহণেন শঙ্খধ্মস্য বা শব্দো গৃহীতঃ ॥

ব্যাখ্যা। [অস্মিন্ বিষয়ে অপরঃ] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা শঙ্খস্য ধ্মায়মানস্য (শব্দেন আপূর্য্যমাণস্য) [শঙ্খশব্দসামান্যাৎ বহির্ভূতান্] বাহ্যান্ শব্দান্ (শঙ্খশব্দ-বিশেষান্) গ্রহণায় (গ্রহীতুম্) ন শক্নুয়াৎ [জন ইতি শেষঃ]; তু (কিন্তু) শঙ্খস্য গ্রহণেন, শঙ্খধ্মস্য (শঙ্খশব্দসামান্যস্য) বা [গ্রহণেন] [তদ্গতঃ বিশেষঃ] শব্দঃ গৃহীতঃ [ভবতি ; ন তু নির্ভিদ্য গ্রহীতুং শক্যতে বিশেষরূপাভাবাত্তস্য ; তথা আত্মনঃ ন বস্তুবিশেষত্বমুপলভ্যতে কস্মিংশ্চিৎ সময়ে]।

অনুবাদ। [এই বিষয়ে অন্য দৃষ্টান্তও বলিতেছেন]—যেরূপ শঙ্খবাদন করিলে, শঙ্খের সামান্য শব্দ হইতে তদ্গত বিশেষ শব্দ গ্রহণ করিতে পারা যায় না; কিন্তু শঙ্খের এবং তদ্গত শব্দসামান্যের গ্রহণের দ্বারা তাহার বিশেষ বিশেষ শব্দ গ্রহণ করিতে পারা যায়।

৯। স যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ ন বাহ্যাঞ্ছব্দা-ঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্য বা শব্দো গৃহীতঃ॥

ব্যাখ্যা। [অপি চ] (দৃষ্টান্তঃ) [উচ্যতে] যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ (বীণায়াঃ বাদ্যমানায়াঃ) [বীণাশব্দ-সামান্যাৎ বহির্ভূতান্] বাহ্যান্ শব্দান্ (বীণাশব্দবিশেষান্) গ্রহণায় (গ্রহীতুং) ন শক্নুয়াৎ [জনঃ ইতি শেষঃ; তু (কিন্তু) বীণায়ৈ (বীণায়াঃ). বীণাবাদস্য (বীণাবাদনস্য) বা গ্রহণেন [তদ্গতঃ বিশেষঃ] শব্দঃ গৃহীতঃ [ভবতি; ন তু নির্ভিদ্য গ্রহীতুং শক্যতে, বিশেষরূপাভাবাত্তস্য বিশেষাণাং চ সামান্যে অন্তর্ভাবাৎ, তথা আত্মনঃ একত্বাৎ তস্মিন্নেব প্রজ্ঞানঘনে সর্বেষাং জগতাং স্থিতিপ্রলয়সম্ভবাৎ]।

অনুবাদ। যেরূপ বীণাবাদন করিলে,

বীণার সাধারণ শব্দ হইতে তদ্গত বিশেষ শব্দগুলি পৃথক্‌ভাবে গ্রহণ করিতে পারা যায় না; কিন্তু বীণার এবং বীণাধ্বনি গ্রহণের দ্বারা তাহার বিশেষ শব্দগুলি গ্রহণ করিতে পারা যায়; সেইরূপ আত্মার একত্বপ্রযুক্ত পরমাত্মায় সমস্ত জগতের স্থিতি এবং প্রলয় অবশ্যম্ভাবিত বলিয়া আত্মতত্ত্বগ্রহণে, সমুদায় পদার্থই গৃহীত হইয়া থাকে]।

১০। স যথার্দ্রৈধাগ্নেরভ্যাহিতাৎ পৃথগ্‌ ধূমা বিনিশ্চরন্ত্যেবং বা অরেঽস্য মহতো ভূতস্য নিঃশ্বসিত-মেতদ্ যদৃগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণ্য-নুব্যাখ্যানানি ব্যাখ্যানান্যস্যৈবৈতানি সর্বাণি নিঃশ্ব-সিতানি ॥

ব্যাখ্যা। যথা অভ্যাহিতাৎ (প্রজ্বলিতাৎ) আর্দ্রৈধাগ্নেঃ (আর্দ্রৈঃ এধোভিঃ ইদ্ধঃ অগ্নিঃ আর্দ্রৈধাগ্নিঃ তস্মাৎ) পৃথক্ (নানারূপাঃ) ধূমাঃ (ধূমবিস্ফুলিঙ্গাদযঃ) বিনিশ্চরন্তি (বিনির্গচ্ছন্তি) অরে [মৈত্রেয়ি] এবং বৈ (এব) অস্য (প্রকৃতস্য) মহতঃ ভূতস্য (পরমাত্মনঃ) নিঃশ্বসিতং (নিঃশ্বাসঃ

ইব অপ্রযত্নসাধ্যঃ), যদ্ ঋগ্বেদঃ, সামবেদঃ, যজুর্বেদঃ, অথর্বাঙ্গিরসঃ এতৎ (চতুর্বিধং মন্ত্রজাতম্) ইতিহাসঃ (উর্বশীপুরূরবসোঃ সংবাদাদিঃ) পুরাণম্ ("অসদ্বা ইদমগ্রে আসীৎ" ইত্যাদি), বিদ্যা (দেবজনবিদ্যা "বেদঃ সোঽয়ম্" ইত্যাদ্যাঃ), উপনিষদঃ ("প্রিয়মিত্যেতদুপাসীত" ইত্যাদ্যাঃ) শ্লোকাঃ (ব্রাহ্মণপ্রভবাঃ মন্ত্রাঃ "তদেতে শ্লোকাঃ" ইত্যাদয়ঃ) সূত্রাণি (বস্তুসংগ্রহবাক্যানি যথা "আত্মেত্যেব উপাসীত" ইত্যাদীনি)।

অনুবাদ। যেমন আর্দ্র কাষ্ঠ দ্বারা অগ্নি প্রজ্বলিত করিলে, সেই প্রজ্বলিত অগ্নি হইতে ধূম, স্ফুলিঙ্গ প্রভৃতি নানারূপ অগ্নিবিকার বিনির্গত হয়; অরে মৈত্রেয়ি! তদ্রূপ এই বিরাট্ পর ব্রহ্মের অনায়াসসাধ্য নিঃশ্বাসের ন্যায় ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্বাঙ্গিরস, ইতিহাস, পুরাণ, সৃষ্টির পূর্ব্বে অসৎই ছিল; বিদ্যা অর্থাৎ দেবজনবিদ্যা, উপনিষৎ অর্থাৎ ব্রহ্মবিদ্যা, শ্লোক অর্থাৎ ব্রাহ্মণের অন্তর্গত মন্ত্র, সূত্র অর্থাৎ বস্তুসংগ্রাহক বাক্য, অনুব্যাখ্যান অর্থাৎ মন্ত্রবিবরণ, ব্যাখ্যান অর্থাৎ অর্থবাদবাক্য এই সমুদায়ই ব্রহ্মের নিঃশ্বাসের ন্যায় অযত্ন-প্রসূত।

১১। স যথা সর্বাসামপাং সমুদ্র একায়নমেবং সর্বেষাং স্পর্শানাং ত্বগেকায়নমেবং সর্বেষাং গন্ধানাং নাসিকে একায়নমেবং সর্বেষাং রসানাং জিহ্বৈকায়নমেবং সর্বেষাং রূপাণাং চক্ষুরেকায়নমেবং সর্বেষাং শব্দানাং শ্রোত্রমেকায়নমেবং সর্বেষাং সংকল্পানাং মন একায়নমেবং সর্বাসাং বিদ্যানাং হৃদয়মেকায়নমেবং সর্বেষাং কর্মণাং হস্তাবেকায়নমেবং সর্বেষামানন্দানামুপস্থ একায়নমেবং সর্বেষাং বিসর্গাণাং পায়ুরেকায়নমেবং সর্বেষামধ্বনাং পাদাবেকায়নমেবং সর্বেষাং বেদানাং বাগেকায়নম্॥

ব্যাখ্যা। [প্রলয়কালেঽপি ব্রহ্মৈকত্বপ্রদর্শনায়] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা সমুদ্রঃ সর্বাসাম্ অপাম্ (জলানাম্) একায়নম্ (অবিভাগপ্রাপ্তিস্থানম্) এবং সর্বেষাং স্পর্শানাং (মৃদুকর্কশকঠিনাদীনাং বায়োরাত্মভূতানাম্) ত্বগ্ একায়নম্ (অবিভাগপ্রাপ্তিস্থানম্ আশ্রয়স্থানম্), [অত্র ত্বগিতি স্পর্শসামান্যমাত্রমভিধীয়তে, স্পর্শবিশেষাণাং সামান্যে অন্তর্ভাবাৎ; এবমুত্তরত্রাপি জ্ঞেয়ম্]। এবং সর্বেষাং গন্ধানাং (পৃথিবীবিশেষাণাম্) নাসিকে (ঘ্রাণবিষয়সামান্যম্)

একায়নম্; এবং সর্বেষাং (অবিশেষাণাং) জিহ্বা একায়নম্ (জিহ্বেন্দ্রিয়বিষয়সামান্যম্), এবং সর্বেষাং রূপাণাং (তেজোবিশেষাণাং) চক্ষুঃ একায়নং (চক্ষুর্বিষয়সামান্যম্)। এবং সর্বেষাং শব্দানাং শ্রোত্রম্ একায়নম্ (শ্রোত্রাদিবিষয়সামান্যম্) এবং সর্বেষাং সঙ্কল্পনাৎ মনঃ একায়নম্; এবং সর্বাসাং বিদ্যানাং হৃদয়ম্ (বুদ্ধিঃ) একায়নম্; এবং সর্বেষাং কর্মণাং হস্তৌ একায়নম্; এবং সর্বেষাম্ আনন্দানাম্ উপস্থঃ একায়নম্; এবং সর্বেষাং বিসর্গানাং পায়ুঃ (মলদ্বারম্) একায়নম্; এবং সর্বেষাম্ অধ্বনাং পাদৌ একায়নম্; এবং সর্বেষাং বেদানাং বাগ্ একায়নম্। [অত্র কর্মেন্দ্রিয়াণাং বিষয়াঃ বদনাদানবিসর্গানন্দগমনবিশেষাঃ তত্তৎক্রিয়াসামান্যেষু প্রবিষ্টাঃ সন্তঃ ন বিভাগযোগ্যাঃ ভবন্তি, অত্র অবাদিষষ্ঠ্যন্তপদানাং তত্তদ্বিশেষরূপতয়া গ্রহণাৎ, প্রথমান্তানামপি সমুদ্রাদীনাং তত্তৎসামান্যতয়া গ্রহণাচ্চ, বিশেষাণাং সামান্যে অন্তর্ভাবঃ বিবক্ষিতঃ সমুদ্রে অব্বিশেষা ইব।

অনুবাদ। [প্রলয়কালেও ব্রহ্মের একত্ব-প্রতিপাদনের নিমিত্ত দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন] যেরূপ সমুদ্র সমুদায় জলের একমাত্র আশ্রয় স্থান; সেইরূপ ত্বগিন্দ্রিয় বায়ুর আত্মভূত মৃদু, কর্কশ, কঠিনাদি সমুদায় স্পর্শের আশ্রয় স্থান। এইরূপ

নাসিকা সমুদায় গন্ধের একমাত্র আশ্রয় ; জিহ্বা সমুদায় জলের একমাত্র আশ্রয়; চক্ষুঃ সমুদায় রূপের একমাত্র আশ্রয়স্থান ; এইরূপ শ্রোত্র সমস্ত শব্দের, মনঃ সমুদায় সঙ্কল্পের, হৃদয় সকল বিদ্যার (জ্ঞানের), হস্তদ্বয় সমুদায় কর্ম্মের, উপস্থ সকল আনন্দের, পায়ু অর্থাৎ মলদ্বার সমস্ত ত্যাগের, চরণদ্বয় সমুদায় পথের এবং বাগেন্দ্রিয় সমস্ত বেদের একমাত্র আশ্রয় স্থান। ইহাতেই নিশ্চয় হইতেছে যে,জলরাশিরূপ সমুদ্র,জলেরই সাধারণ রূপ আর নদ-নদীপ্রভৃতি জল তাহার বিশেষরূপ। বিশেষ ধর্ম্মগুলি সাধারণ ধর্ম্মেরই মধ্যে নিহিত থাকে ; সেই জন্য নদ-নদীপ্রভৃতির বিশেষ বিশেষ স্থানের জলরাশি জলময় সমুদ্রমধ্যেই প্রবিষ্ট হয়। এইরূপ বায়ু-আদির বিশেষ স্পর্শাদিও সেই সামান্য ভূত ত্বগাদির মধ্যে প্রবেশ করে। সুতরাং সামান্য সত্তার অতিরিক্ত বিশেষ ধর্ম্মের কোনও সত্তা নাই।

১২। স যথা সৈন্ধবখিল্য উদকে প্রাস্ত উদকমেবানুবিলীয়েত ন হাস্যোদ্গ্রহণায়েব স্যাদ্। যতো যতস্ত্বাদদীত লবণমেবৈবং বা অর ইদং মহদ্ভূতমনন্তম-

পারং বিজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাঽস্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ॥

ব্যাখ্যা। [তত্র অপরোঽপি] সঃ (দৃষ্টান্তঃ) [উপাদীয়তে]—যথা সৈন্ধবখিল্যঃ (সিন্ধোঃ উদকস্য বিকারঃ সৈন্ধবঃ সৈন্ধবশ্চাসৌ খিল্যশ্চেতি সৈন্ধবখিল্যঃ লবণপিণ্ডঃ) উদকে (জলে) প্রাস্তঃ (প্রক্ষিপ্তঃ) [সন্] উদকম্ (বিলীয়মানম্) অনু (লক্ষীকৃত্য) বিলীয়েত অস্য (সৈন্ধবখিল্যস্য) উদ্গ্রহণায় ইব (উদ্ধৃত্য পূর্ব্ববৎ গ্রহীতুং) ন হ (নৈব) [কশ্চিদপি সমর্থঃ] স্যাৎ (ভবেৎ) ; তু (কিন্তু) যতঃ যতঃ (যস্মাৎ যস্মাৎ দেশাৎ) [তদুদকম্] আদদীত (গৃহীত্বা আস্বাদয়েৎ) লবণম্ এব (লবণাস্বাদমেব) [তদুদকং ন তু সৈন্ধবখিল্যম্] ; অরে [মৈত্রেয়ি] এবং বৈ (এবমেব) ইদং (পরমাত্মাখ্যম্) মহদ্ভূতম্ (অপরিচ্ছিন্নম্) অনন্তম্ (নাস্তি অন্তং যস্য ইত্যনন্তম্) অপারং বিজ্ঞানঘনঃ (বিজ্ঞানঞ্চ তদ্ঘনশ্চেতি) [ঘনশব্দঃ জাত্যন্তরপ্রতিষেধার্থঃ] এব [ন অন্যৎ কিমপি] এতেভ্যঃ ভূতেভ্যঃ (পৃথিব্যাদিভ্যঃ) সমুত্থায় (সম্যগুত্থায়) তানি (ভূতানি) অনু (লক্ষীকৃত্য) বিনশ্যতি ; প্রেত্য (বিলয়ং প্রাপ্য) [অহমস্মি অমুষ্য পুত্রঃ মমেদমিতি কাপি] সংজ্ঞা ন অস্তি [তদা নামরূপাদিভেদবুদ্ধিঃ বিলীয়তে

ইতি ভাবঃ]; অরে [মৈত্রেয়ি] ইতি [তে] ব্রবীমি ইতি যাজ্ঞবল্ক্যঃ উবাচ (উক্তবান্)।

অনুবাদ। এ বিষয়ে অপর দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন]—যেরূপ লবণপিণ্ড জলে নিক্ষিপ্ত হইলে জলের সঙ্গে মিশিয়া যায়, পুনরায় তাহা পৃথক্ করিয়া লইতে পারা যায় না, পরন্তু সেই জলের যে যে স্থান হইতে জল গ্রহণ করিয়া আস্বাদন করা যায়, সে সে স্থান হইতেই লবণরস অনুভূত হইয়া থাকে; অয়ি মৈত্রেয়ি! সেইরূপ এই অনন্ত, অপার, অপরিচ্ছিন্ন পরমাত্মাও বিজ্ঞানস্বরূপই আকাশাদি ভূতগণকে আশ্রয়পূর্ব্বক আবির্ভূত হন এবং পুনরায় সেই সকল ভূতবিলয়ের সঙ্গে সঙ্গে তাহাতে বিলয় প্রাপ্ত হন; বিলয় প্রাপ্ত হইবার পর, "আমি আছি, আমার ইহা" এইরূপ কোন সংজ্ঞা থাকে না, এমন কি তখন নামরূপাদি ভেদ-বুদ্ধি ও বিলয় প্রাপ্ত হয়। যাজ্ঞবল্ক্য বলিলেন মৈত্রেয়ি! আমি ইহাই তোমাকে বলিতেছি।

১৩। সা হোবাচ মৈত্রেয্যত্রৈব মা ভগবান্

মুমুহম্ প্রেত্য সংজ্ঞাস্তীতি স হোবাচ যাজ্ঞবল্ক্যো ন বা অরেহহং মোহং ব্রবীম্যলং বা অর ইদং বিজ্ঞানায় ॥

ব্যাখ্যা। সা মৈত্রেয়ী [এবং প্রবোধিতা সতী] হ (কিল) উবাচ—ভগবান্ [আত্মা] প্রেত্য (আত্মো-পাধিবিলয়ং প্রাপ্য) [যদা বর্ত্ততে, তদা তস্য কাপি] সংজ্ঞা ন অস্তি ইতি, অত্র (বিষয়ে) এব মা (মাম্) অমুমুহৎ (মোহিত-বান্) [এবমুক্তঃ সন্] সঃ যাজ্ঞবল্ক্যঃ হ (কিল) উবাচ— অরে [মৈত্রেয়ি] অহং ন বৈ (এব) মোহং (মোহযুক্ত-বাক্যম্) ব্রবীমি; অরে [মৈত্রেয়ি] ইদম্ (যথাব্যাখ্যাতং বাক্যং) বিজ্ঞানায় (বিজ্ঞাতুম্) বৈ (এব) অলম্ (পর্য্যাপ্তম্)।

অনুবাদ। মৈত্রেয়ী উক্তরূপে প্রবোধিত হইয়া যাজ্ঞবল্ক্যকে বলিলেন—ভগবন্! আপনি বলিতেছেন যে, আত্মার উপাধি লয়ের পর কোন সংজ্ঞাই থাকে না, কিন্তু কেন যে থাকে না, তাহা আমি বুঝিতেছি না। তাহা শুনিয়া যাজ্ঞবল্ক্য বলিলেন,— অয়ি মৈত্রেয়ি! আমি কখনও মোহকর মিথ্যা বাক্য বলি না, কিন্তু পূর্ব্বোক্ত বিষয় বিশেষরূপে অবগত

হইতে হইলে ঐ বাক্যের অর্থ হৃদয়ঙ্গম করিতে এবংবিধ বাক্যই পর্যাপ্ত বটে।

১৪। যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং জিঘ্রতি তদিতর ইতরং পশ্যতি তদিতর ইতরঙ্ শৃণোতি তদিতর ইতরমভিবদতি তদিতর ইতরং মনুতে তদিতর ইতরং বিজানাতি যত্র বা অস্য সর্ব-মাত্মৈবাভূত্তৎ কেন কং জিঘ্রেত্তৎ কেন কং পশ্যেত্তৎ কেন কঙ্ শৃণুয়াত্তৎ কেন কমভিবদেত্তৎ কেন কং মন্বীত তৎ কেন কং বিজানীয়াৎ। যেনেদঙ্ সর্বং বিজানাতি তং কেন বিজানীয়াদ্বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াদিতি ॥

ইতি চতুর্থং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [কথং তর্হি প্রেত্য সংজ্ঞা নাস্তীত্যাহ] [অরে মৈত্রেয়ি] যত্র (অবিদ্যাকল্পিতে কার্য্যকরণসঙ্ঘাতোপাধিজনিতে বিশিষ্টাত্মনি) হি (যস্মাৎ) দ্বৈতমিব (পরমার্থতঃ অদ্বৈতে ব্রহ্মণি দ্বৈতমিব ভিন্নমিব আত্মনঃ বস্ত্বন্তরম্ পরিজ্ঞাতম্ (ভবতি, তৎ (তত্র) ইতরঃ (অপরমার্থঃ জীবরূপঃ আত্মা) [ঘ্রাণেন্দ্রিয়েন] ইতরং (ঘ্রাতব্যম্) জিঘ্রতি; তৎ (তত্র) ইতরঃ (দ্রষ্টা)

[ইতরেণ দর্শনেন্দ্রিয়েন] ইতরম্ (দ্রষ্টব্যং বিষয়ং) পশ্যতি, তৎ (তত্র) ইতরঃ (শ্রোতা) ইতরং (শ্রোতব্যবিষয়ং শব্দং) শৃণোতি, তৎ (তত্র) ইতরঃ (নমস্কর্ত্তা) ইতরম্ (জনম্)অভিবদতি (নমস্কুরুতে), তৎ (তত্র) ইতরঃ (মন্তা) ইতরম্ (মন্তব্যবিষয়ং) মনুতে, তৎ (তত্র) ইতরঃ (বিজ্ঞাতা) ইতরং (বিজ্ঞাতব্যবিষয়ং) বিজানাতি। যত্র বৈ (এব)সর্ব্বম্ (নামরূপাত্মকং জগৎ) অস্য (পরমাত্মবিদঃ) আত্মা এব অভূৎ (আত্মব্যতিরেকেণ অন্যস্য অভাবঃ ভবতি) ; তৎ (তত্র) কেন (করণেন) কং (বিষয়ং) জিঘ্রেৎ, তৎ (তত্র) কেন (করণেন) কং পশ্যেৎ, তৎ (তত্র) কেন (করণেন) কং (বিষয়ং) শৃণুয়াৎ, তৎ (তত্র) কেন (করণেন) কং (বিষয়ম্) অভিবদেৎ (নমস্কুর্য্যাৎ), তৎ (তত্র) কেন কং মন্বীত, তৎ (তত্র) কেন কং বিজানীয়াৎ, অরে [মৈত্রেয়ি] যেন (আত্মনা) ইদং সর্ব্বং বিজানাতি, কেন (করণেন) তং (আত্মানং) বিজানীয়াৎ ; [যদা পুনঃ পরমার্থবিবেকিনঃ ব্রহ্মবিদঃ বিজ্ঞাতৈব কেবলঃ অদ্বয়ঃ বর্ত্ততে, তম্] বিজ্ঞাতারং কেন (করণেন) বিজানীয়াৎ [ন কেনাপি বিজ্ঞানাতীত্যর্থঃ]।

অনুবাদ। অয়ি মৈত্রেয়ি, যখন বিশুদ্ধাদ্বৈত ব্রহ্ম অবিদ্যাদ্বারা কল্পিত এবং উপাধিবিশিষ্ট হইয়াই দ্বৈতের ন্যায় অর্থাৎ আত্মা হইতে ভিন্ন অন্য

বস্তুর ন্যায় প্রতীয়মান হয়, তখন উপাধিবিশিষ্ট অপরমার্থরূপী জীব নাসিকা দ্বারা ঘ্রাতব্য বিষয়ের আঘ্রাণ লইয়া থাকে; এইরূপ উপাধিবিশিষ্ট দ্রষ্টা নেত্রদ্বারা দ্রষ্টব্য বিষয়ের দর্শন, কর্ণদ্বারা শ্রোতব্য বিষয়ের শ্রবণ, হস্তদ্বারা নমস্কারযোগ্য ব্যক্তিকে নমস্কার, মনের দ্বারা মন্তব্য বিষয়ের চিন্তা এবং হৃদয়-দ্বারা বিশেষজ্ঞাতব্য বিষয় জানিয়া থাকেন। যখন নামরূপাত্মক জগৎ ব্রহ্মজ্ঞানীর আত্মা হইতে অভিন্ন-রূপে প্রতীয়মান হয়,তখন সেই আত্মা কোন্ করণের দ্বারা কোন্ বিষয় আঘ্রাণ করিবে, কোন্ করণের দ্বারা কোন্ বিষয়ের দর্শন করিবে, কাহার দ্বারা কাহার চিন্তা করিবে এবং কাহার দ্বারা কি অনুভব করিবে? অরে মৈত্রেয়ি! যে জ্ঞানরূপী চেতনের সাহায্যে সমস্ত বস্তু জানিতে পারা যায়, তাঁহাকে আবার কিসের দ্বারা জানা যাইবে?

দ্বিতীয় অধ্যায়ে চতুর্থ-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

পঞ্চমং ব্রাহ্মণম্।

১। ইয়ং পৃথিবী সর্বেষাং ভূতানাং মধ্বস্যৈ

পৃথিব্যৈ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্যাং পৃথিব্যাং তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং শারীরস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥

ব্যাখ্যা। ইয়ং (প্রসিদ্ধা) পৃথিবী সর্বেষাং ভূতানাং (প্রাণিনাং) মধু (মধু ইব কার্য্যম্)। [যথা একং মধুচক্রং বহুভিঃ মধুকরৈঃ নির্ব্বর্ত্তিতং; এবং পৃথিবীয়ম্ সর্বভূতনির্ব্বর্ত্তিতা]; [তথা] সর্বাণি ভূতানি (প্রাণিনঃ) অস্যৈ (অস্যাঃ) পৃথিব্যৈ (পৃথিব্যাঃ) মধু (মধু ইব কার্য্যম্); অস্যাং পৃথিব্যাং যঃ চ (যোঽপি) অয়ং (অনুভূয়মানঃ) তেজোময়ঃ (চিন্মাত্রপ্রকাশময়ঃ) অমৃতময়ঃ (অমরণধর্মা) পুরুষঃ (কূটস্থচৈতন্যম্), যঃ চ (যোঽপি) অয়ম্ অধ্যাত্মম্ (শরীরাভিমানী) শারীরঃ (শরীরাধিষ্ঠিতঃ) তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ (জীবাত্মা) [স চ সর্বেষাং ভূতানামুপকারকরণত্বেন মধু, সর্বাণি চ ভূতানি এতয়োঃ পুরুষয়োঃ মধু ইত্যর্থঃ]; যঃ অয়ম্ আত্মা অয়ম্ এব সঃ (পরমাত্মা) [ইদং সর্বং যদয়মাত্মেত্যনেন যঃ প্রতিজ্ঞাতঃ] [তথা] ইদম্ অমৃতং [যৎ মৈত্রেয্যৈ অমৃতত্বসাধনং উক্তম্], ইদং ব্রহ্ম [ব্রহ্ম তে ব্রবাণি ইত্যাদৌ যৎ প্রকৃতম্], ইদং সর্বং [যদ্বিজ্ঞানাৎ সর্বং বিদিতং ভবতি ইত্যুক্তং তৎ বিশুদ্ধচৈতন্যম্]।

অনুবাদ। এই পৃথিবী সকল প্রাণীর মধু অর্থাৎ যেরূপ অসংখ্য মধুমক্ষিকা একটি মধুচক্র নির্ম্মাণ করিয়া তাহাতে আহৃত মধু স্থাপন এবং পরে সকলেই সমান ফল ভোগ করে, সেইরূপ এই পৃথিবীও সমস্ত প্রাণীর কর্ম্মের দ্বারা সমুৎপন্ন বলিয়া ইহা প্রাণিদিগের ভোগ্য বা মধুবৎ প্রিয়। সমুদায় প্রাণীও আবার এই পৃথিবীর মধু (উপকারক) আর এই পৃথিবীর অধিষ্ঠাতা প্রকাশময় অমরণশীল কূটস্থ চৈতন্য এবং এই দেহাভিমানী শরীরাধিষ্ঠিত প্রকাশময় অমরণশীল জীবাত্মা—ইঁহারাও সমস্ত প্রাণীর মধু অর্থাৎ কারণরূপে উপকারক; এবং সর্ব্বভূতও আবার ইঁহাদের মধু অর্থাৎ কার্য্য হইয়াও উপকারক। "ইদং সর্বং যদয়মাত্মা" এই বাক্যদ্বারা যে পরমাত্মার বিষয় বর্ণিত হইয়াছে, সেই পরমাত্মাই এ স্থানের প্রতিপাদ্য; যাঁহাকে অমৃতত্বের সাধন বলা হইয়াছে, ইনিই সেই অমৃত; যিনি "ব্রহ্মতে ব্রবাণি" এই বাক্যের দ্বারা উক্ত হইয়াছেন, ইনিই সেই ব্রহ্ম; আর ইনিই সেই সর্ব্ব, যাঁহার বিজ্ঞান দ্বারা সমস্ত বিদিত হওয়া যায়, বলা হইয়াছে।

২। ইমা আপঃ সর্বেষাং ভূতানাং মধ্বাসামপাংসর্বাণি ভূতানি মধু যশ্চায়মাস্বপ্সু তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং রৈতসস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥

ব্যাখ্যা। [তথা] ইমাঃ আপঃ (সলিলানি) সর্বেষাং ভূতানাম্ (প্রাণিনাং) মধু (মধুবৎ কার্য্যম্), সর্বাণি ভূতানি আসাম্ অপাং মধু (কার্য্যম্); যঃ চ (যোঽপি) অয়ম্ আসু অপ্সু [অধিষ্ঠিতঃ] তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ (রেতসি শুক্রে অধিষ্ঠিতঃ) তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা; ইদম্ অমৃতম্ (অমরণশীলম্) ইদং (পূর্বোক্তং) ব্রহ্ম (পরমাত্মা) ইদং সর্বম্ (পরিদৃশ্যমানং জগদাত্মকং সর্বস্বরূপম্)।

অনুবাদ। সেইরূপ এই সমুদায় জল সমস্ত প্রাণীর মধু অর্থাৎ মধুর ন্যায় উপকারক; সমস্ত প্রাণী আবার সমুদয় জলের মধু; আর এই জলে অধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় পুরুষ এবং শুক্রে অধিষ্ঠিত যে তেজোময় অমৃতময়

অধ্যাত্ম পুরুষ—এই উভয়ই পরমাত্মা; এই পরমাত্মাই অমৃত ; এই অমৃতই ব্রহ্মস্বরূপ এবং ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৩। অয়মগ্নিঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্যাগ্নেঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্নগ্নৌ তেজোময়োঽমৃত-ময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং বাঙ্ময়স্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদꣳ সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] অয়ম্ অগ্নিঃ সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি ভূতানি [চ] অস্য অগ্নেঃ মধু (মধুবৎ কার্য্যম্), যঃ চ অয়ম্ অস্মিন্ অগ্নৌ (অধিষ্ঠিতঃ) তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ যঃ চ অয়ম্ অধ্যাত্মম্ (শরীরাভিমানী) তেজোময়ঃ বাঙ্ময়ঃ (বাচি বিশেষতঃ অধিষ্ঠিতঃ) পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা ; ইদম্ (পূর্বোক্তম্) অমৃতম্ (অমরণধর্মি), ইদম্ [এব] ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকম্)।

অনুবাদ। সেইরূপ পরিদৃশ্যমান অগ্নি সমস্ত ভূতের মধু, আবার ভূতগণও অগ্নির মধু ; আর অগ্ন্যধিষ্ঠিত যে তেজোময়, অমৃতময় অধিদৈবত

পুরুষ এবং এই যে দেহাভিমানী তেজোময়, অমৃতময় অধ্যাত্ম পুরুষ এই উভয়ই পরমাত্মা ; এই পরমাত্মাই অমৃত, আর এই অমরণশীল পরমাত্মাই ব্রহ্ম, আবার এই ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৪। অয়ং বায়ুঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য বায়োঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্বায়ৌ তেজোময়োমৃত-ময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং প্রাণস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥

ব্যাখ্যা। [তথা] অয়ং বায়ুঃ সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি [চ] ভূতানি অস্য বায়োঃ মধু ; যঃ চ অয়ম্ অস্মিন্ বায়ৌ [অধিষ্ঠিতঃ] তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মম্ (দেহাভিমানী) তেজোময়ঃ অমৃতময়ঃ প্রাণঃ (প্রাণাধিষ্ঠিতঃ) পুরুষঃ ; অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা (পরমাত্মা), ইদম্ অমৃতম্ (অমরণধর্মি), ইদং ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকম্)।

অনুবাদ। সেইরূপ এই বায়ু সর্ব্ব ভূতের মধু, সমস্ত প্রাণী ও এই বায়ুর মধু ; এই বায়ুস্থিত

যে তেজোময় অমৃতময় পুরুষ আর এই যে দেহাভি-মানী তেজোময়, অমৃতময় প্রাণাধিষ্ঠিত পুরুষ—এই উভয়ই পরমাত্মা। এই পরমাত্মাই অমৃত, আর অমরণশীল পরমাত্মাই ব্রহ্ম; ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৫। অয়মাদিত্যঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্যা-দিত্যস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্নাদিত্যে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং চাক্ষুষ-স্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মে-দমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] অয়ম্ আদিত্যঃ সর্বেষাং ভূতানাং মধু, সর্বানি চ ভূতানি অস্য আদিত্যস্য মধু; যঃ চ অয়ম্ অস্মিন্ আদিত্যে তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মং তেজোময়ঃ অমৃতময়ঃ চাক্ষুষঃ (চক্ষুঃঅধিষ্ঠিতঃ) পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা (পরমাত্মা); ইদং (পরমাত্মস্বরূপং) অমৃতম্ (অমরণশীলম্), ইদং ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকম্)।

অনুবাদ। সেইরূপ এই আদিত্য সমস্ত

ভূতের মধু, এবং এই প্রাণিগণ আদিত্যের মধু; আর এই যে আদিত্যস্থিত তেজোময় অমৃতময় অধিদৈবত পুরুষ, এবং এই যে দেহাধিষ্ঠিত তেজোময় অমৃতময় চাক্ষুষ পুরুষ—এই উভয়ই পরমাত্মা; এই পরমাত্মা অবিনাশী, এই অবিনাশী পরমাত্মাই ব্রহ্ম, আবার ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৬। ইমা দিশঃ সর্বেষাং ভূতানাং মধ্বাসাং দিশাংঽসর্বাণি ভূতানি মধু যশ্চায়মাসু দিক্ষু তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং শ্রোত্রঃ প্রাতিশ্রুৎকস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্।

ব্যাখ্যা। [তথা] ইমাঃ দিশঃ সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি ভূতানি আসাং দিশাং মধু; যঃ চ (যোঽপি) অয়ম্ আসু দিক্ষু তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মম্ (দেহাভিমানী) তেজোময়ঃ অমৃতময়ঃ প্রাতিশ্রুৎকঃ (প্রতিশ্রুৎকায়াং প্রতিশ্রবণবেলায়াং ভবঃ প্রাতিশ্রুৎকঃ) শ্রোত্রঃ (শ্রবণেন্দ্রিয়াধিষ্ঠাতা) পুরুষঃ ; অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা ; ইদম্ অমৃতম্, ইদং ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকম্)।

অনুবাদ। সেইরূপ দিক্‌সকল সর্বভূতের মধু এবং সমস্ত প্রাণী ও এই দিক্ সকলের মধু; আর সমস্ত দিকে অধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় অধিদৈবত পুরুষ এবং এই প্রত্যেক শ্রবণেন্দ্রিয়াধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় অধ্যাত্ম পুরুষ—এই উভয়ই পরমাত্মা, এই পরমাত্মাই অমৃত—এই অমৃতস্বরূপই ব্রহ্ম, এই ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৭। অয়ং চন্দ্রঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য চন্দ্রস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিংশ্চন্দ্রে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং মানসস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] অয়ং চন্দ্রঃ সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি ভূতানি অস্য চন্দ্রস্য মধু; যঃ চ অয়ম্ অস্মিন্ চন্দ্রে তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মং তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ মানসঃ ["চন্দ্রমা মনোভূত্বা হৃদয়ং প্রাবিশৎ" ইত্যনেন চন্দ্রস্য মানসত্বম্] পুরুষঃ; অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা; ইদম্ (আত্মস্বরূপম্) অমৃতং, ইদং (অমৃতস্বরূপং) ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। সেইরূপ এই চন্দ্র সমস্ত প্রাণীর মধু, আবার প্রাণিগণ এই চন্দ্রের মধুস্বরূপ ; এই চন্দ্রে অধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় অধিদৈবত পুরুষ এবং এই যে দেহাভিমানী তেজোময় অমৃতময় মানস পুরুষ এই উভয়ই পরমাত্মা; এই পরমাত্মাই অমৃত, এই অমৃতস্বরূপই ব্রহ্ম এবং ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৮। ইয়ং বিদ্যুৎ সর্বেষাং ভূতানাং মধ্বস্যৈ বিদ্যুতঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্যাং বিদ্যুতি তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং তৈজস-স্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোয়মেব স যোঽয়মাত্মেদ-মমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] ইয়ং বিদ্যুৎ সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি ভূতানি অস্যৈ (অস্যাঃ) বিদ্যুতঃ মধু ; যঃ চ অয়ম্ অস্যাং বিদ্যুতি তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মং তেজোময়ঃ অমৃতময়ঃ তৈজসঃ (বৈদ্যুতঃ), অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা ; ইদম্ (আত্মস্বরূপম্) অমৃতম্, ইদং (অমৃতস্বরূপং) ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। সেইরূপ এই বিদ্যুৎ প্রাণিগণের মধু; এই বিদ্যুতে অধিষ্ঠিত তেজোময় এবং অমৃতময় অধিদৈবত পুরুষ এবং এই যে তেজোময় অমৃতময় অধ্যাত্ম পুরুষ - এই উভয়ই পরমাত্মা, এই পরমাত্মার স্বরূপ অমৃত, এই ব্রহ্মই অমৃত, আবার ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

৯। অয়ং স্তনয়িত্নুঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য স্তনয়িত্নোঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্ স্তনয়িত্নৌ তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং শাব্দঃ সৌবরস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যমেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] অয়ং স্তনয়িত্নুঃ মেঘঃ) সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি [চ] ভূতানি অস্য স্ত য়িত্নোঃ মধু ; যঃ চ অয়ম্ অস্মিন্ স্তনয়িত্নৌ তেজোময়ঃ অমৃত ঃ পুরুষঃ যঃ চ অয়ম্ অধ্যাত্মম্ তেজোময়ঃ অমৃতময়ঃ সৌবর (স্বরে বিশেষতঃ ভবতীতি সৌবরঃ) শাব্দঃ (শব্দে ভবঃ শাব্দ) পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা ; ইদম্ (আত্মস্বরূপম্ অমৃতম্, ইদম্ (অমৃতস্বভাবম্) ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বং (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। সেইরূপ এই মেঘ সমস্ত প্রাণীর মধু, আবার সমুদায় প্রাণীও মেঘের মধু; আর এই মেঘ অধিষ্ঠিত তেজোময় এবং অমৃতময় অধিদৈবত পুরুষ; এবং এই যে শব্দাধিষ্ঠিত তেজোময় এবং অমৃতময় অধ্যাত্ম সৌবর (স্বরাভিব্যক্ত) পুরুষ—এতদুভয়ই পরমাত্মা; এই পরমাত্মাই অমৃত, এই ব্রহ্মই অমৃতস্বভাবসম্পন্ন, আবার ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

১০। অয়মাকাশঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্যাকাশস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্নাকাশে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং হৃদ্যাকাশস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] অয়ম্ আকাশঃ সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি ভূতানি [চ] অস্য আকাশস্য মধু (মধুবদ্ উপকারকম্) যঃ চ অয়ম্ অস্মিন্ আকাশে তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মং তেজোময়ঃ অমৃতময়ঃ হৃদ্যাকাশঃ (হৃদয়স্থিতঃ আকাশঃ আকাশাখ্যঃ) পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্

আত্মা ; ইদম্ (আত্মতত্ত্বম্) অমৃতম্, ইদম্ (অমৃতস্বভাবম্) ব্রহ্ম, ইদম্ (ব্রহ্ম) সর্ব্বম্ (সর্ব্বাত্মকং কূটস্থচৈতন্যম্)॥

অনুবাদ। সেইরূপ এই আকাশ সমুদায় প্রাণীর মধু, আবার সমুদায় প্রাণী ও আকাশের মধু অর্থাৎ মধুর ন্যায় উপকারী ; এই আকাশাধিষ্ঠিত যে তেজোময়, অমৃতময় পুরুষ এবং এই যে অধ্যাত্ম তেজোময় অমৃতময় হৃদয়স্থিত আকাশাখ্য পুরুষ— এতদুভয়ই পরমাত্মা, এই পরমাত্মতত্ত্বই অমৃত, অমৃতই ব্রহ্ম, আবার ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

১১। অয়ং ধর্ম্মঃ সর্ব্বেষাং ভূতানাং মধ্বস্য ধর্ম্মস্য সর্ব্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্ ধর্ম্মে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং ধার্ম্মস্তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদꣳ সর্ব্বম্॥

ব্যাখ্যা। [পৃথিব্যাদয়ঃ ভূতগণাঃ দেবতাগণাশ্চ উপকুর্ব্বন্তঃ মধু ভবন্তি প্রতিদেহিনমিত্যুক্তম্ ; ইদানীং যেন তে প্রযুক্তাঃ মধুত্বেন উপকুর্ব্বন্তি, তদ্ বক্তব্যমিত্যাহ]—অয়ং ধর্ম্মঃ সর্ব্বেষাং ভূতানাং মধু, সর্ব্বাণি [চ] ভূতানি অস্য ধর্ম্মস্য মধু; যঃ চ

অয়ম্ অস্মিন্ ধর্মে [অধিষ্ঠিতঃ] তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মং তেজোময়ঃ অমৃতময়ঃ ধর্মঃ (ধর্মাধিষ্ঠিতঃ) পুরুষঃ ; অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা ; ইদম্ (আত্মতত্ত্বম্) অমৃতম্ ইদং (অমৃতস্বভাবং) ব্রহ্ম, ইদম্ (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। [পৃথিব্যাদি ভূতগণ এবং দেবগণ প্রত্যেক প্রাণীর উপকার সাধন করে বলিয়া ইহাঁরাই প্রাণিগণের মধু ইহা বলা হইয়াছে ; সম্প্রতি যাহা দ্বারা প্রযুক্ত হইয়া উপকার করে তাহা বলিতেছেন]—এই ধর্ম্ম সকল ভূতের মধু, আবার সকল ভূত এই ধর্ম্মের মধু ; এই ধর্ম্মে অধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় পুরুষ, আর ধর্ম্মাধিষ্ঠিত যে অধ্যাত্ম তেজোময় অমৃতময় পুরুষ ইহঁারই পরমাত্মা ; এই পরমাত্মই অমৃত, এই অমৃতস্বভাবই ব্রহ্ম, আর এই ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য ।

১২। ইদꣳ সত্যꣳ সর্বেষাং ভূতানাং মধ্বস্য সত্যস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্ সত্যে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মꣳ সাত্যস্তে-

জোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদম-মৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥

ব্যাখ্যা। [তথা] ইদম্ (আচারলক্ষণং) সত্যং সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি [চ] ভূতানি অস্য সত্যস্য মধু; যঃ চ অয়ম্ অস্মিন্ সত্যে [অধিষ্ঠিতঃ] তেজোময় অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ম্ অধ্যাত্মং তেজোময়ঃ অমৃতময়ঃ সাত্যঃ (সত্যাধিষ্ঠিতঃ পুরুষঃ), অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা; ইদং (আত্মতত্বং) ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বম্ (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। এই সদাচারাত্মক সত্য সমুদায় ভূতের মধু এবং সমস্ত ভূত আবার সদাচারাত্মক সত্যের মধু অর্থাৎ উপকারক; এই সত্যাধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় পুরুষ, আর দেহসম্বন্ধী যে অধ্যাত্ম তেজময় অমৃতময় পুরুষ—এই উভয়ই পরমাত্মা; এই পরমাত্মতত্ত্ব অমৃত, এই অমৃতস্বভাবই ব্রহ্ম, আবার এই ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

১৩। ইদং মানুষং সর্বেষাং ভূতানাং মধ্বস্য মানুষস্য সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্মানুষে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদ-মমৃতমিদং ব্রহ্মেদং সর্বম্ ॥

ব্যাখ্যা। [তথা] ইদং মানুষম্ (মনুষ্যত্বাদিজাতিঃ) সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি [চ] ভূতানি অস্য মানুষস্য মধু; যঃ চ অয়ং মানুষে তেজোময়ঃ অমৃতঃ পুরুষঃ, যঃ [চ] অয়ম্ অধ্যাত্মং তেজোময় অমৃতময়ঃ মানুষঃ (মনুষ্যাত্মধিষ্ঠিতঃ) পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা ; ইদম্ (আত্মতত্ত্বং) অমৃতম্, ইদং (অমৃতস্বভাবং) ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বং (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। এই মনুষ্যত্বাদিজাতি সমুদায় ভূতের মধু, আবার এই ভূতসমষ্টি মনুষ্যত্বাদি জাতির মধু; এই মনুষ্যত্বাদিজাতাধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় পুরুষ, এবং এই অধ্যাত্ম তেজোময় অমৃতময় মনুষ্যত্বাদি জাতির অধিষ্ঠাতা পুরুষ—এই উভয়ই পরমাত্মা, এই পরমাত্মতত্ত্বই অমৃত, এই অমৃতস্বভাবই ব্রহ্ম, আবার ব্রহ্মই সর্বাত্মক কূটস্থ চৈতন্য।

১৪। অয়মাত্মা সর্বেষাং ভূতানাং মধ্বস্যাত্মনঃ সর্বাণি ভূতানি মধু· যশ্চায়মস্মিন্নাত্মনি তেজোময়োঽমৃতময়ঃ পুরুষো যশ্চায়মাত্মা তেজোময়োঽমৃতময়ঃ

পুরুষোঽয়মেব স যোঽয়মাত্মেদমমৃতমিদং ব্রহ্মেদꣳ সর্বম্॥

ব্যাখ্যা। [তথা] অয়ম্ আত্মা (মানুষাদিজাতিবিশিষ্টঃ দেহঃ) সর্বেষাং ভূতানাং মধু, সর্বাণি [চ] ভূতানি অস্য আত্মনঃ (মনুষ্যত্বাদিজাতিবিশিষ্টস্য দেহস্য) মধু; যঃ চ অয়ম্ অস্মিন্ আত্মনি (দেহে) [অধিষ্ঠিতঃ] তেজোময়ঃ অমৃতময়ঃ পুরুষঃ, যঃ চ অয়ং তেজোময়ঃ অমৃতময়ঃ আত্মা (দেহসম্বন্ধী) পুরুষঃ, অয়ম্ এব সঃ, যঃ অয়ম্ আত্মা (পরমাত্মা); ইদং (পরমাত্মতত্ত্বম্) অমৃতম্, ইদং (অমৃতস্বভাবং) ব্রহ্ম, ইদং (ব্রহ্ম) সর্বং (সর্বাত্মকং কূটস্থচৈতন্যম্)।

অনুবাদ। সেইরূপ মনুষ্যত্বাদি জাতিবিশিষ্ট এই দেহ ভূতসমূহের মধু, আর ভূতগণও এই আত্মার (দেহের) মধু; এই দেহাধিষ্ঠিত যে তেজোময় অমৃতময় পুরুষ এবং এই তেজোময় অমৃতময় যে দেহসম্বন্ধী পুরুষ—উভয়েই সেই পরমাত্মা; এই পরমাত্মতত্ত্বই অমৃত; এই অমৃতই ব্রহ্ম, ব্রহ্মই সর্ব্বাত্মক কূটস্থ চৈতন্য।

১৫। স বা অয়মাত্মা সর্বেষাং ভূতানামধিপতিঃ

সর্বেষাং ভূতানাং রাজা তদ্ যথা রথনাভৌ চ রথনেমৌ চারাঃ সর্বে সমর্পিতা এবমেবাস্মিন্নাত্মনি সর্বাণি ভূতানি সর্বে দেবাঃ সর্বে লোকাঃ সর্বে প্রাণাঃ সর্ব এত আত্মানঃ সমর্পিতাঃ॥

ব্যাখ্যা। [অবিদ্যাকৃতঃ দেহেন্দ্রিয়াদ্যুপাধিবিশিষ্টঃ আত্মা, ব্রহ্মবিদ্যয়া যস্মিন্ পরমার্থাত্মনি প্রবেশিতঃ] সঃ বৈ (এব) অয়ং [অনন্তরঃ অবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘনঃ] সর্বেষাং ভূতানাম্ অধিপতিঃ আত্মা [অতঃ সর্বরূপাত্মঃ, সঃ চ] সর্বেষাং ভূতানাং রাজা (রাজা ইব প্রতিপালকঃ) ; তৎ (তত্র) [দৃষ্টান্তঃ উচ্যতে] যথা রথনাভৌ (রথচক্রস্য মধ্যস্থিতঃ যঃ বর্তুলাকারঃ ছিদ্রবিশিষ্টঃ কাষ্ঠবিশেষঃ তস্মিন্) চ. রথনেমৌ (রথচক্রস্য বহির্ভাগস্থঃ যঃ বর্তুলাকারছিদ্রবিশিষ্টঃ কাষ্ঠবিশেষঃ তস্মিন্) চ সর্বে অরাঃ (শলাকাঃ) সমর্পিতাঃ [ভবন্তি]. এবং এব (যথোক্তদৃষ্টান্তবদেব) অস্মিন (পরমাত্মভূতে) [ব্রহ্মবিদি] আত্মনি সর্বাণি ভূতানি, সর্বে দেবাঃ, সর্বে লোকাঃ, সর্বে প্রাণাঃ, এতে (পূর্বোক্তাঃ) সর্বে (অবিদ্যাকল্পিতাঃ প্রতিশরীরানুপ্রবেশিনঃ) আত্মানঃ সমর্পিতাঃ [ভবন্তি]।

অনুবাদ। অবিদ্যাকল্পিত দেহেন্দ্রিয়াদি-উপাধিবিশিষ্ট আত্মা, ব্রহ্মবিদ্যা দ্বারা যে পরমার্থ

আত্মায় প্রবেশিত হন, সেই জাত্যন্তররহিত অদ্বিতীয় পরমাত্মা সমুদায় ভূতের অধিপতি এবং রাজা। [এই জন্য মুক্তাত্মা সকলের উপাস্য]। এবিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন—যেরূপ রথের নাভিছিদ্রে ও রথচক্রের নেমিতে চক্রশলাকাসকল সন্নিবেশিত থাকে, সেইরূপ এই পরমাত্মস্বরূপ ব্রহ্মজ্ঞানীর আত্মায় সমুদায় ভূত, সমস্ত দেবতা, স্বর্গাদি ভোগস্থান, সমস্ত প্রাণী এবং অবিদ্যাকল্পিত প্রতিশরীরে অনুপ্রবিষ্ট সমুদায় জীবাত্মাই এই আত্মায় সন্নিবেশিত রহিয়াছে।

১৬। ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্বণোঽশ্বিভ্যামুবাচ তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ। তদ্বাং নরা সনয়ে দংস উগ্রমাবিষ্কৃণোমি তন্যতুর্ন বৃষ্টিম্ দধ্যঙ্ হ যন্মধ্বাথর্বণো বামশ্বস্য শীর্ষ্ণা প্র যদীমুবাচেতি॥

ব্যাখ্যা। দধ্যঙ্ঙাথর্ব্বণঃ (তদাখ্যঃ মুনিবিশেষঃ) বৈ (স্মরণার্থঃ) [প্রকরণান্তরাভিহিতামাখ্যায়িকাং স্মারয়ন্ আহ] তৎ (প্রসিদ্ধম্) ইদং (অনন্তরোক্তং) মধু (মধুবিদ্যাম্) অশ্বিভ্যাম্ (অশ্বিনীকুমারাভ্যাং) উবাচ (উক্তবান্)। ঋষিঃ (মন্ত্রঃ) তদ্ এতদ্ (বিদ্যোপদেশরূপং কর্ম) পশ্যন্ (উপলভমানঃ) অবোচৎ

(উক্তবান্)। [হে] নরা (নরাকারৌ অশ্বিনীকুমারৌ) বাম্ (যুবয়োঃ) সনয়ে (ব্রহ্মবিদ্যালাভায়) উগ্রম্ (ক্রূরম্) তদ্ (প্রকৃতম্) দংসঃ (দংসাখ্যং কর্ম), তন্যতুঃ (মেঘঃ) বৃষ্টিং, (বারিবর্ষণং) ন (ইব) আবিঃ (প্রকাশম্) কৃণোমি (করোমি). [যথা মেঘঃ গর্জনাদিভিঃ বৃষ্টিং প্রকাশয়তি, তদ্বৎ যুবয়োঃ ক্রূরং কর্ম অহম্ আবিষ্কৃণোমি ইতি সম্বন্ধঃ]; [কিমাবিষ্করিষ্যসীত্যাহ] দধ্যঙ্ (নাম) আথর্বণঃ হ অশ্বস্য শীর্ষ্ণা (মস্তকেন) [স্বমস্তকং পরিত্যজ্য স্বস্কন্ধে অশ্বমস্তক-সংযোজনেন], বাম্ (যুবাভ্যাম্) যৎ (প্রকৃতম্) ঈদং মধু (মধুবিদ্যাং) প্রোবাচ ইতি। [ঈমিতি অনর্থকো নিপাতঃ]।

অনুবাদ। এই মধুবিদ্যা আথর্ব্বণ-নামক ঋষি অশ্বিনীকুমারদ্বয়কে বলিয়াছিলেন; [এইরূপ কথিত আছে যে, যে কেহ এই মধুবিদ্যা অপরকে প্রদান করিবেন, ইন্দ্র তাঁহার মস্তক ছেদন করিবেন; অতএব আমি তোমাদিগকে এই বিদ্যা বলিতে পারিব না। ঋষিবর এই কথা বলিলে তদুত্তরে অশ্বিনীকুমারদ্বয় উক্ত ঋষিকে বলিলেন যে, তোমার মস্তক গুপ্তস্থানে রাখিয়া অশ্বমস্তক তোমার স্কন্ধে সংলগ্ন করিয়া দিব, পরে যখন

তুমি অশ্বমুখে উক্ত মধুবিদ্যা আমাদিগকে বলিতে থাকিবে, তখন ইন্দ্র তোমার মস্তক ছেদন করিলে পুনরায় তোমার স্বীয় মস্তক পূর্ব্ববৎ [তোমার স্কন্ধে সংযুক্ত করিয়া দিব। এইরূপ অনুষ্ঠিত হইলে তথাস্তু বলিয়া ঋষি অশ্বমুখে বলিতে আরম্ভ করিলেন] মন্ত্ররূপী ঋষি ইহা জানিতে পারিয়া অশ্বিনীকুমারদ্বয়কে বলিলেন—হে নরাকার অশ্বিনী-কুমারদ্বয়, তোমরা যে বিদ্যালাভের জন্য এইরূপ ঋষির মস্তকছেদনরূপ নিষ্ঠুর কর্ম্ম করিতেছ, যেমন মেঘগর্জ্জনাদি দ্বারা বারিবর্ষণ সূচনা করিয়া দেয়, সেইরূপ আমিও দধ্যঙ্ ঋষি যে অশ্বশিরঃ দ্বারা তোমাদিগকে এই গোপনীয় মধুবিদ্যা প্রদান করিতেছেন, ইহা প্রকাশ করিয়া দিব।

১৭। ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্ব্বণোঽশ্বিভ্যা-মুবাচ তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ। আথর্ব্বণায়াশ্বিনা দধীচেঽশ্ব্যং শিরঃ প্রত্যৈরয়তম্। স বাং মধু প্রবোচ-দৃতায়ন্ত্বাষ্ট্রং যদ্দস্রাবপি কক্ষ্যং বামিতি॥

ব্যাখ্যা। তথা অন্যঃ মন্ত্রঃ তামেব আখ্যায়িকামনুসৃত্য আহ] দধ্যঙ্ [নাম] আথর্ব্বণঃ (ঋষিঃ) বৈ ইদং মধু

(ব্রহ্মবিদ্যাম্) অশ্বিভ্যাম্ উবাচ ; ঋষিঃ (মন্ত্রঃ) তদ্ এতদ্ (শিরশ্ছেদনরূপং ক্রূরং কর্ম) পশ্যন্ (উপলভমানঃ) [সন্ অশ্বিনীকুমারৌ] অবোচৎ (উক্তবান্) [হে] অশ্বিনৌ (অশ্বিনীকুমারৌ) [যুবাম্] আথর্বণায় দধীচে (এতন্নামধেয়ে ঋষয়ে) অশ্ব্যম্ (অশ্বস্য স্বভূতম্) শিরঃ (মস্তকম্) [ব্রাহ্মণস্য শিরসি ছিন্নে, অশ্বস্য শিরশ্ছিত্ত্বা, ব্রাহ্মণম্] প্রতি ঐরয়তম্ (গমিতবন্তৌ প্রাপিতবন্তৌ ইত্যর্থঃ)। [হে] দস্রৌ (পরবলানাম্ উপক্ষয়িতারৌ) সঃ (দধ্যঙ্ নাম আথর্বণঃ ঋষিঃ) যৎ [পূর্বং প্রতিশ্রুতং সত্যং] ঋতায়ন্ (পরিপালয়িতুমিচ্ছন্) বাম্ (যুবাভ্যাম্) ত্বাষ্ট্রম্ (আদিত্যসম্বন্ধিপ্রবর্গ্যকর্মাঙ্গভূতং বিজ্ঞানং) মধু (মধুবিদ্যাং) প্রবোচৎ (কথিতবান্); [অপিচ] কক্ষ্যং (গোপনীয়ং) [পরমাত্মসম্বন্ধি যদ্ বিজ্ঞানং তচ্চ] বাম্ (যুবাভ্যাং) প্রবোচৎ (উক্তবান্) ইতি ॥

অনুবাদ। দধ্যঙ্ নামক আথর্ব্বণ ঋষি এই মধুবিদ্যা অশ্বিনীকুমারদ্বয়কে বলিয়াছিলেন। মন্ত্ররূপী ঋষি মস্তকচ্ছেদনরূপ ক্রূর কর্ম্ম দেখিয়া অশ্বিনীকুমারদ্বয়কে বলিলেন—হে অশ্বিনীকুমারদ্বয়! তোমরা দধ্যঙ্ নামক আথর্ব্বণ ঋষির স্কন্ধে অশ্বমস্তক সংযোজিত করিয়াছ, হে দস্র (পরবলক্ষয়-

কারক অশ্বিনীকুমারদ্বয়) তিনি তাঁহার পূর্ব্ব-প্রতিশ্রুতি প্রতিপালন করিতে ইচ্ছা করিয়া তোমাদিগকে আদিত্যসম্বন্ধী যজ্ঞে শিরশ্ছেদন ও সংযোজনরূপী এবং পরমাত্মাবিষয়ে গোপনীয় যে বিজ্ঞান, এই উভয়ই উপদেশ দিয়াছেন।

১৮। ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্ব্বণোঽশ্বিভ্যামুবাচ। তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ। পুরশ্চক্রে দ্বিপদঃ পুরশ্চক্রে চতুষ্পদঃ পুরঃ স পক্ষী ভূত্বা পুরঃ পুরুষ আবিশদিতি। স বা অয়ং পুরুষঃ সর্ব্বাসু পূর্ষু পুরিশয়ো নৈনেন কিঞ্চনানাবৃতং নৈনেন কিঞ্চনাসংবৃতম্॥

ব্যাখ্যা। দধ্যঙ্ (নামধেয়ঃ) আথর্ব্বণঃ (ঋষিঃ) তৎ (প্রসিদ্ধং) ইদং মধু (ব্রহ্মবিদ্যাং) বৈ অশ্বিভ্যাং (অশ্বিনীকুমারাভ্যাং) উবাচ। ঋষিঃ (মন্ত্রঃ) তদ্ এতদ্ (ব্রহ্মবিদ্যোপদেশরূপং কর্ম্ম) পশ্যন্ (উপলভ্যমানঃ) অবোচৎ (উক্তবান্) সঃ (পরমেশ্বরঃ) দ্বিপদঃ (পদদ্বয়োপলক্ষিতাঃ) পুরঃ (পুরাণি মনুষ্যপক্ষিশরীরাণি) চক্রে, [তথা] চতুষ্পদঃ (চতুষ্পাদুপলক্ষিতাঃ) পুরঃ (পশুশরীরাণি) চক্রে (কৃতবান্); সঃ পুরুষঃ (পরমেশ্বরঃ) পুরঃ (পুরস্তাৎ) পক্ষী (লিঙ্গশরীরং) ভূত্বা পুরঃ (শরীরাণি) আবিশৎ (প্রবিশতি স্ম) ইতি; সঃ বৈ

অয়ং (পরমেশ্বরঃ) সর্ব্বাসু পূর্ষু (সর্ব্বশরীরেষু) পুরিশয়ঃ (পুরি দেহে শেতে ইতি পুরিশয়ঃ) [সন্] পুরুষঃ [ইত্যুচ্যতে]। এনেন (অনেন পুরুষেণ) অনাবৃতং (অনাচ্ছাদিতং) কিঞ্চন (কিমপি) ন [অস্তি]; এনেন (অনেন পুরুষেণ) অসংবৃতং (অন্তরননুপ্রবেশিতং) কিঞ্চ চ (কিঞ্চিদপি) ন [বিদ্যতে, স এব নামরূপাত্মনা অন্তর্ব্বহির্ভাবেন অবস্থিতঃ ইত্যর্থঃ]।

অনুবাদ। দধ্যঙ্ নামক আথর্ব্বণ ঋষি সেই ব্রহ্মবিদ্যারূপিণী মধুবিদ্যা অশ্বিনীকুমারদ্বয়কে বলিয়াছিলেন। মন্ত্রদ্রষ্টা ঋষি ব্রহ্মবিদ্যোপদেশরূপ কর্ম্ম উপলব্ধি করিয়া বলিয়াছিলেন, সেই পরমেশ্বর অন্যান্য প্রাণীর পূর্ব্বে দ্বিপদপ্রাণীর দেহসকল নির্ম্মাণ করিয়া পরে চতুষ্পদ প্রাণিদেহ উৎপাদন করিলেন; এই স্থূলদেহ নির্ম্মাণের পূর্ব্বে তিনি পক্ষী অর্থাৎ লিঙ্গশরীর উৎপাদন করিয়া লিঙ্গদেহের সহিত সমুদায় স্থূল দেহে প্রবেশ করিলেন। সেই পরমেশ্বর সমস্ত স্থূল দেহে এবং সমস্ত লিঙ্গ দেহে অবস্থান করেন বলিয়াই পুরিশয় পুরুষ নামে অভিহিত হইয়াছেন; এইরূপ কোন পদার্থই নাই যাহা এই পরম পুরুষের দ্বারা অনাচ্ছাদিত হইয়া অবস্থিত আছে অর্থাৎ তিনি

তাহাতে প্রবিষ্ট নহেন ; আরও এমন কোন পদার্থই নাই যে, এই পরম পুরুষের দ্বারা অসংবৃত, অর্থাৎ তিনি তাহার বাহিরে অবস্থিত নহেন।

১৯। ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথর্বণোঽশ্বিভ্যামুবাচ তদেতদৃষিঃ পশ্যন্নবোচৎ। রূপংরূপং প্রতিরূপো বভূব তদস্য রূপং প্রতিচক্ষণায়। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশেত্যয়ং বৈ হরয়োঽয়ং বৈ দশ চ সহস্রাণি বহূনি চানন্তানি চ, তদেতদ্ ব্রহ্মাপূর্বমনপরমনন্তরমবাহ্যময়মাত্মা ব্রহ্ম সর্বানুভূরিত্যনুশাসনম্॥

ইতি পঞ্চমং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। দধ্যঙ্ আথর্বণঃ বৈ তদ্ ইদং মধু অশ্বিভ্যাম্ উবাচ। ঋষিঃ (মন্ত্রঃ) তদ্ এতদ্ (ব্রহ্মবিদ্যোপদেশরূপং কর্ম) পশ্যন্ (উপলভমানঃ) [সন্] অবোচৎ। [সঃ পরমেশ্বরঃ] রূপং [প্রতি] রূপং [প্রতি] প্রতিরূপঃ (রূপান্তরং, অনুরূপঃ বা) বভূব ; [লোকে যজ্জাতীয়ৌ মাতাপিতরৌ তজ্জাতীয় এব তদনুরূপঃ দৃশ্যতে, এবমেব সঃ পরমেশ্বরঃ জাত্যন্তররহিতোঽপি নামরূপে ব্যাকুর্বাণঃ রূপং রূপং প্রতি প্রতিরূপো বভূব ;

কিমর্থং পুনঃ প্রতিরূপগমনং তস্য ইত্যাহ] অস্য (পরমেশ্বরস্য) তদ্ রূপং প্রতিচক্ষণায় (প্রতিপাদনায় প্রকাশয়িতুমিত্যর্থঃ); [যদি হি সঃ নামরূপে ন প্রকাশয়তি, তর্হি অস্য অস্যাত্মনঃ নিরুপাধিকং রূপং ন প্রকাশেত, অতঃ যদা নামরূপে ব্যাকৃতে ভবতঃ, তদা নামরূপাভ্যাং অস্য রূপং প্রকাশয়েত ইতি ভাবঃ]। ইন্দ্রঃ (পরমেশ্বরঃ) মায়াভিঃ (অবিদ্যা-প্রজ্ঞাভিঃ, নামরূপকৃত-মিথ্যাভিমানৈর্বা) পুরুরূপঃ (বহুরূপঃ) ঈয়তে (গম্যতে) [লোকৈরিতি শেষঃ]; হি (যস্মাৎ) অস্য (জ্ঞানরূপিণঃ পরমেশ্বরস্য) শতা (শতানি) দশ চ হরয়ঃ (বিষয়াহরণযোগ্যানি ইন্দ্রিয়াণি) যুক্তাঃ (বিষয়সম্বদ্ধাঃ) [ভবন্তি, নতু আত্মপ্রকাশনায়]। [এবং তর্হি পরমেশ্বরাদন্যানি ইন্দ্রিয়াণীত্যাহ] অয়ং (পরমেশ্বরঃ) বৈ (এব) হরয়ঃ (ইন্দ্রিয়াণি), অয়ং (পরমেশ্বরঃ) বৈ দশ, সহস্রাণি চ, বহূনি, অনন্তানি চ [রূপাণি ভবন্তি ; কিং বহুনা] তদ্ (প্রসিদ্ধং) এতদ্ (জগদাত্মকং) ব্রহ্ম (পরমাত্মা) অপূর্বং (পূর্বং ন অস্য কারণং বিদ্যতে ইত্যপূর্বং কারণ-রহিতম), অনপরং (ন অস্য অপরং কার্য্যং বিদ্যতে ইত্যনপরং কার্য্যরহিতম, নিষ্ক্রিয়মিত্যর্থঃ), অনন্তরং (ন অস্য জাত্যন্তরং অন্তরালে বিদ্যতে ইত্যনন্তরং জাত্যন্তররহিতম্ একমিত্যর্থঃ), অবাহ্যং (বহিঃ অস্য ন বিদ্যতে ইত্যবাহ্যং সর্বেষাং জগতাং অন্তর্বহিঃ একীভাবেন সদ্রূপেণ অবস্থিতমিত্যর্থঃ) ; [কিং পুনস্তদ্‌ব্রহ্ম ইত্যাহ] অয়ম্ আত্মা [যঃ জীবরূপেণ] সর্বানুভূঃ

(সর্বম্ অনুভবতীতি সর্বানুভূঃ সর্বানুভবিতা ইত্যর্থঃ) ইতি [সর্বেষাং বেদান্তানাম্] অনুশাসনম্ (উপদেশঃ)।

অনুবাদ। দধ্যঙ্ নামক আথর্ব্বণ ঋষি এই মধুবিদ্যা অশ্বিনীকুমারদ্বয়কে বলিয়াছিলেন। মন্ত্রদ্রষ্টা ঋষি ব্রহ্মবিদ্যোপদেশরূপ কর্ম্ম উপলব্ধি করিয়া বলিলেন, পরমেশ্বর প্রত্যেক রূপের অনুরূপ হইয়াছিলেন। তিনি এক হইলেও পূর্ব্ব পূর্ব্ব সৃষ্টির অনুরূপ নাম এবং রূপের সৃষ্টি করিয়া প্রত্যেক রূপের অনুরূপ হন। কারণ তাঁহার স্বীয় রূপ প্রকাশিত করার জন্যই অনুরূপ ধারণ। [অন্য কোন প্রকারে স্বীয় রূপের বিকাশ হইতে পারে না] ইন্দ্র (পরমেশ্বর) মায়া অবলম্বন (অবিদ্যা দ্বারা) অথবা নামরূপ ও কৃতমিথ্যাভিমান দ্বারা বহুরূপে প্রকাশিত হইয়া থাকেন। কারণ ব্যষ্টিরূপে দশাদিসংখ্যক, সমষ্টিরূপে বহুসংখ্যক বিষয়গ্রাহী ইন্দ্রিয়, বিষয়ে সম্বদ্ধ থাকিয়া জীবরূপী পরমেশ্বরে অবস্থিত আছে; [কিন্তু এই ইন্দ্রিয়গণ পরমেশ্বরে বিদ্যমান থাকিলেও বিষয় গ্রহণ করিতেই

সমর্থ, পরমেশ্বরের স্বরূপ গ্রহণ করিতে সমর্থ নহে]। এই ইন্দ্রিয়গণ পরমেশ্বর হইতে অভিন্ন; এইরূপ দশ, সহস্র,বহু ও অনন্ত এই সমুদায়ই পরমেশ্বর হইতে অপৃথক্‌ভাবে অবস্থিত। আর অধিক কি বলিব, এই পরব্রহ্ম অপূর্ব্ব (কারণরহিত), অনপর (কার্য্য-রহিত), অনন্তর (জাত্যন্তররহিত), অবাহ্য (বাহ্য-রহিত ; প্রকৃতপক্ষে ইঁহার কারণ,কার্য্য এবং এতদ্‌-ভিন্ন জাতি, ইহার মধ্যে কোনটিই নাই, এমন কি পরমাত্মার স্বরূপব্যতীত অপর কোন পদার্থের সত্তাও নাই]। যিনি জীবরূপে সকলের হৃদয়ে অব-স্থান করিয়া সকল পদার্থ অনুভব করেন অথবা যিনি জীবরূপে সকলের অনুভবিতা, তিনিই ব্রহ্ম ; ইহাই সমস্ত বেদান্ত-শাস্ত্রের উপদেশ।

দ্বিতীয়াধ্যায়ে পঞ্চমব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

ষষ্ঠং ব্রাহ্মণম্‌।

১। অথ বংশঃ পৌতিমাষ্যো গৌপবনাদ্গৌ-পবনঃ পৌতিমাষ্যাৎ পৌতিমাষ্যো গৌপবনাদ্গৌপ-

বনঃ কৌশিকাৎ কৌশিকঃ কৌণ্ডিন্যাৎ কৌণ্ডিন্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গৌতমাচ্চ গৌতমঃ ॥

ব্যাখ্যা। অথ (ইদানীং) বংশঃ (অধ্যায়চতুষ্টয়স্য আচার্য্যপরম্পরাক্রমঃ) [উচ্যতে তত্র প্রথমান্তঃ শিষ্যঃ,পঞ্চম্যন্তঃ আচার্য্যঃ, হিরণ্যগর্ভাৎ পরং শিষ্যপরম্পরা নাস্তি, অনেকেঽপি ঋষয়ঃ সমাননামানঃ বিদ্যন্তে, তেন পৌনরুক্ত্যং ন কল্পনীয়মিতি]।

অনুবাদ। সম্প্রতি বংশ অর্থাৎ অধ্যায়চতুষ্টয়ের উপদেষ্টা আচার্য্যগণের পরম্পরাক্রম বর্ণিত হইতেছে—গৌপবননামক আচার্য্য হইতে শিক্ষিত শিষ্যের নাম গৌপবন, এইরূপ পৌতিমাষ্য হইতে পৌতিমাষ্য, গৌপবন হইতে গৌপবন, কৌশিক হইতে কৌশিক, কৌণ্ডিন্য হইতে কৌণ্ডিন্য, শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য, কৌশিক এবং গৌতম হইতে শিক্ষিত শিষ্য গৌতম।

২। আগ্নিবেশ্যাদাগ্নিবেশ্যঃ শাণ্ডিল্যাচ্চানভিম্লাতাচ্চানভিম্লাত আনভিম্লাতাদানভিম্লাত আনভিম্লাতাদানভিম্লাতো গৌতমাদ্গৌতমঃ সৈতবপ্রাচীনযোগ্যাভ্যাং সৈতবপ্রাচীনযোগ্যৌ পারাশর্য্যাৎ পারাশর্য্যো

ভারদ্বাজাদ্ভারদ্বাজো ভারদ্বাজাচ্চ গৌতমাচ্চ গৌতমো ভারদ্বাজাদ্ভারদ্বাজঃ পারাশর্য্যাৎ পারাশর্য্যো বৈজবাপায়নাদ্বৈজবাপায়নঃ কৌশিকায়নেঃ কৌশিকায়নিঃ॥

ব্যাখ্যা। স্পষ্ট।

অনুবাদ। অগ্নিবেশ্য হইতে আগ্নিবেশ্য, শাণ্ডিল্য এবং আনভিম্লাত হইতে আনভিম্লাত, অন্য আনভিম্লাত হইতে অপর আনভিম্লাত, অপর আনভিম্লাত হইতে অন্য আনভিম্লাত, গৌতম হইতে গৌতম সৈতব এবং প্রাচীনযোগ্য হইতে সৈতব এবং প্রাচীনযোগ্য, পারাশর্য্য হইতে পারাশর্য্য, ভারদ্বাজ হইতে ভারদ্বাজ, ভারদ্বাজ এবং গৌতম হইতে গৌতম, ভারদ্বাজ হইতে ভারদ্বাজ, পারাশর্য্য হইতে পারাশর্য্য, বৈজবাপায়ন হইতে বৈজবাপায়ন, কৌশিকায়নি হইতে কৌশিকায়নি ঋষি ব্রহ্মবিদ্যা প্রাপ্ত হইয়াছিলেন।

৩। ঘৃতকৌশিকাদ্ ঘৃতকৌশিকঃ পারাশর্য্যায়ণাৎ পারাশর্য্যায়ণঃ পারাশর্য্যাৎ পারাশর্য্যো জাতূকর্ণ্যাজ্জাতূকর্ণ্য আসুরায়ণাচ্চ যাস্কাচ্চাসুরায়ণস্ত্রৈবণেস্ত্রৈবণি-

রৌপজন্ধনেরৌপজন্ধনিরাসুরেরাসুরির্ভারদ্বাজাদ্ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ো মাণ্টের্মাণ্টিঃ গৌতমাদ্গৌতমো গৌতমাদ্ গৌতমো বাৎস্যাদ্বাৎস্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্য্যাৎ কাপ্যাৎ কৈশোর্য্যঃ কাপ্যঃ কুমারহারিতাৎ কুমারহারিতো গালবাদ্গালবো বিদর্ভীকৌণ্ডিন্যাদ্বিদর্ভীকৌণ্ডিন্যো বৎসনপাতো, বাভ্রবাদ্বৎসনপাদ্ বাভ্রবঃ পথঃ সৌভরাৎ পন্থাঃ সৌভরোহয়াস্যাদাঙ্গিরসাদয়াস্য আঙ্গিরস আভূতেস্ত্বাষ্ট্রাদাভূতিস্ত্বাষ্ট্রো বিশ্বরূপাত্ত্বাষ্ট্রাদ্বিশ্বরূপস্ত্বাষ্ট্রোহশ্বিভ্যামশ্বিনৌ দধীচ আথর্ব্বণাদ্দধ্যঙ্ঙাথর্ব্বণোহথর্ব্বণো দৈবাদথর্ব্বাদৈবো মৃত্যোঃ প্রাধ্বংসনাৎ মৃত্যুঃ প্রাধ্বংসনঃ প্রধ্বংসনাৎ প্রধ্বংসন একর্ষেরেকর্ষিৰ্বিপ্রচিত্তের্বিপ্রচিত্তির্ব্যষ্টের্ব্যষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎ সনগঃ পরমেষ্ঠিনঃ পরমেষ্ঠী ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মণে নমঃ ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে ষষ্ঠং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। স্পষ্টা।

অনুবাদ। ঘৃতকৌশিক হইতে ঘৃতকৌশিক, পারাশর্য্যায়ণ হইতে পারাশর্য্যায়ণ, পারা-

শর্য্য হইতে পারাশর্য্য; জাতূকর্ণ্য হইতে জাতূকর্ণ্য, আসুরায়ণ এবং যাস্ক হইতে আসুরায়ণ, ত্রৈবণি হইতে ত্রৈবণি, ঔপজন্ধনি হইতে ঔপজন্ধনি, আসুরি হইতে আসুরি, ভারদ্বাজ হইতে ভারদ্বাজ, আত্রেয় হইতে আত্রেয়, মাণ্টি হইতে মাণ্টি, গৌতম হইতে গৌতম, বাৎস্য হইতে বাৎস্য, শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য কৈশোর্য্য এবং কাপ্য হইতে কৈশোর্য্য এবং কাপ্য, কুমারহারিত হইতে কুমারহারিত, গালব হইতে গালব, বিদর্ভীকৌণ্ডিন্য হইতে বিদর্ভীকৌণ্ডিন্য, বৎসনপাৎবাভ্রব হইতে বৎসনপাৎবাভ্রব, পন্থাসৌরভ হইতে পন্থাসৌরভ, অযাস্যআঙ্গিরস হইতে অযাস্য-আঙ্গিরস, আভূতিত্বাষ্ট্র হইতে আভূতিত্বাষ্ট্র, বিশ্বরূপত্বাষ্ট্র হইতে বিশ্বরূপত্বাষ্ট্র, অশ্বিনীদ্বয় হইতে অশ্বিনীদ্বয় দধ্যঙ্‌আথর্ব্বণ হইতে দধ্যঙ্‌আথর্ব্বণ, অথর্ব্বদৈব হইতে অথর্ব্বদৈব, মৃত্যুপ্রাধ্বংসন হইতে মৃত্যুপ্রাধ্বং-শন, প্রধ্বংশন হইতে প্রধ্বংসন, একঋষি হইতে এক-ঋষি, বিপ্রচিত্তি হইতে বিপ্রচিত্তি, ব্যষ্টি হইতে ব্যষ্টি, সনারু হইতে সনারু, সনাতন হইতে সনাতন, সনগ

হইতে সনগ, পরমেষ্ঠীবিরাট্ হইতে পরমেষ্ঠীবিরাট্, এবং ব্রহ্ম হিরণ্যগর্ভ হইতে ব্রহ্ম (বিরাট্‌শরীরী) ব্রহ্মবিদ্যা লাভ করিয়াছিলেন। অতএব যিনি সকলের ব্রহ্মবিদ্যাদাতা, সেই হিরণ্যগর্ভ স্বয়ম্ভুব ব্রহ্মাকে নমস্কার।

দ্বিতীয় অধ্যায়ে ষষ্ঠ ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

তৃতীয়োঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্।

১। ওঁ জনকো হ বৈদেহো বহুদক্ষিণেন যজ্ঞেনেজে তত্র হ কুরুপঞ্চালানাং ব্রাহ্মণা অভিসমেতা বভূবুস্তস্য হ জনকস্য বৈদেহস্য বিজিজ্ঞাসা বভূব কঃ স্বিদেষাং ব্রাহ্মণানামনূচানতম ইতি স হ গবাং সহস্রমবরুরোধ দশ দশ পাদা একৈকস্যাঃ শৃঙ্গয়োরাবদ্ধা বভূবুঃ॥

ব্যাখ্যা। জনকঃ (তন্নামা) হ (কিল) বৈদেহঃ (বিদেহ-নরপতিঃ) বহুদক্ষিণেন (তন্নামধেয়েন বহুদক্ষিণকাশ্বমেধেন বা) যজ্ঞেন ঈজে (অযজৎ); তত্র (তস্মিন্ যজ্ঞে) হ কুরূণাং

পঞ্চালানাং [চ দেশানাম্] ব্রাহ্মণাঃ [নিমন্ত্রিতাঃ সন্তঃ] অভি-সমেতাঃ (সমাগতাঃ) বভূবুঃ। [তত্র চ বিদ্বৎসমুদায়ং দৃষ্ট্বা] তস্য বৈদেহস্য (বিদেহাধিপতেঃ) জনকস্য হ (কিল) কঃ স্বিদ্ (কো নু খলু) এষাং ব্রাহ্মণানাম্ অনূচানতমঃ (ব্রহ্মিষ্ঠ-তমঃ) ইতি (এবং) বিজিজ্ঞাসা (বিশেষরূপেণ জ্ঞাতুমিচ্ছা) বভূব। সঃ (যজমানঃ জনকঃ) গবাং সহস্রম্ [গোষ্ঠে] অবরু-রোধ (অবরোধং কারয়ামাস); [কিংবিশিষ্টাঃ তাঃ গাবঃ অবরুদ্ধাঃ ইত্যত আহ] একৈকস্যাঃ (গোঃ) শৃঙ্গয়োঃ দশ দশ পাদাঃ আবদ্ধাঃ বভূবুঃ। [ত্রিতোলকেন সহ সাষ্টরক্তিদ্বিমাসকং পলং তস্য চতুর্ভাগৈকভাগঃ পাদঃ]।

অনুবাদ। বিদেহাধিপতি জনক বহু-দক্ষিণ নামক যজ্ঞ বা বহুদক্ষিণক অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত হন। সেই যজ্ঞে কুরুদেশীয় এবং পঞ্চালদেশীয় ব্রাহ্মণগণ নিমন্ত্রিত হইয়া সমাগত হইয়া ছিলেন। জনক বিদ্বন্মণ্ডলীকে অবলোকন করিয়া জিজ্ঞাসা করিলেন, এইস্থানে সমাগত ব্রাহ্মণ-মণ্ডলীর মধ্যে কে ব্রহ্মণবিত্তম? যজমান জনক বেদবিদ্ ব্রাহ্মণশ্রেষ্ঠকে সহস্র গো প্রদান করিবেন বলিয়া সেই গোসকল গোষ্ঠে

আবদ্ধ রাখিয়াছিলেন; ঐ গাভী সকলের প্রত্যেকের শৃঙ্গদ্বয়ে দশ দশ পাদ অর্থাৎ তিনতোলা, আটরতি দুই মাসায় একপল, ঐ পলের চারিভাগের একভাগ পাদ, ঐ পাদের পাঁচপাদ করিয়া স্বর্ণ এক এক শৃঙ্গে বাঁধিয়া রাখেন।

২। তান্ হোবাচ ব্রাহ্মণা ভগবন্তো যো বো ব্রহ্মিষ্ঠঃ স এতা গা উদজতামিতি তে হ ব্রাহ্মণা ন দধৃষুরথ হ যাজ্ঞবল্ক্যঃ স্বমেব ব্রহ্মচারিণমুবাচৈতাঃ সোম্যোদজ সামশ্রবা ৩ ইতি তা হোদাচকার তে হ ব্রাহ্মণাশ্চুক্রুধুঃ কথং নো ব্রহ্মিষ্ঠো ব্রুবীতেত্যথ হ জনকস্য বৈদেহস্য হোতাশ্বলো বভূব সহৈনং পপ্রচ্ছ ত্বং নু খলু নো যাজ্ঞবল্ক্য ব্রহ্মিষ্ঠোঽসী ৩ ইতি স হোবাচ নমো বয়ং ব্রহ্মিষ্ঠায় কুর্মো গোকামা এব বয়ং স্ম ইতি তং হ তত এব প্রষ্টুং দধ্রে হোতাশ্বলঃ ॥

ব্যাখ্যা। [যজমানঃ] তান্ (সমাগতান্ ব্রাহ্মণান্) হ (কিল) উবাচ [হে] ভগবন্তঃ (পূজনীয়াঃ) ব্রাহ্মণাঃ, বঃ (যুষ্মাকং) যঃ ব্রহ্মিষ্ঠঃ (ব্রহ্মবিত্তমঃ). সঃ (ব্রহ্মিষ্ঠঃ ব্রাহ্মণঃ) এতাঃ গাঃ উদজাতাম্ (স্বগৃহং প্রতি উৎকালয়তু. নয়তু) ইতি। তে (সমাগতাঃ) ব্রাহ্মণাঃ হ [জনকবাক্যং শ্রুত্বাপি] ন

দধৃষুঃ (আত্মনঃ ব্রহ্মিষ্ঠতাং প্রতিজ্ঞাতুং ন প্রগল্ভাঃ স্যুঃ); অথ হ (কিল) [অপ্রগল্ভভূতেষু ব্রাহ্মণেষু সৎসু] যাজ্ঞবল্ক্যঃ স্বম্ (আত্মীয়ম্) এব ব্রহ্মচারিণং (অন্তেবাসিনম্) উবাচ [হে] সৌম্য (প্রিয়দর্শন। [হে] সামশ্রবঃ (সামবিধিং শৃণোতি যঃ সঃ সামশ্রবাঃ তস্য সম্বোধনে) এতাঃ (গাঃ) উদজ (অস্মদ্‌গৃহং প্রতি উদ্‌গময় প্রাপয় ইত্যর্থঃ) ইতি। [গুরুণা উক্তঃ সামশ্রবাঃ] তাঃ (গাঃ) উদাচকার (উদ্‌গময়িতবান্, স্বগৃহং প্রাপিতবান্); [যাজ্ঞবল্ক্যস্য ব্রহ্মিষ্ঠপণস্বীকরণেন] তে হ ব্রাহ্মণাঃ চুক্রুধুঃ (ক্রুদ্ধবন্তঃ); কথং নঃ (অস্মাকম্ একৈকপ্রধানানাম্) [অহম্ এব] ব্রহ্মিষ্ঠঃ [অস্মি] ইতি ব্রুবীত? অথ (অনন্তরং) বৈদেহস্য জনকস্য হোতা (ঋত্বিক্) অশ্বলঃ (তন্নামধেয়ঃ কশ্চিদ্ ঋষিঃ) হ (কিল) বভূব (আসীৎ)। সঃ (অশ্বলঃ) হ (কিল) এনং (যাজ্ঞবল্ক্যং) পপ্রচ্ছ (পৃষ্ঠবান্) [হে] যাজ্ঞবল্ক্য! নু (প্রশ্নে) নঃ (অস্মাকং মধ্যে) ত্বং খলু (এব) ব্রহ্মিষ্ঠঃ (ব্রহ্মজ্ঞঃ) অসী (ভবসি)? ইতি; [অসীতি প্লুতস্বরঃ ভর্ৎসনার্থঃ]। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ বয়ং ব্রহ্মিষ্ঠায় নমঃ (নমস্কারম্) কুর্মঃ; [কিন্তু] বয়ম্ গোকামাঃ (গবার্থিনঃ) এব স্মঃ (ভবামঃ) [ন তু ব্রহ্মবিত্তমাঃ ভবামঃ] ইতি। ততঃ (যাজ্ঞবল্ক্যস্য ব্রহ্মিষ্ঠপণস্বীকরণাৎ এব) হোতা অশ্বলঃ তং (যাজ্ঞবল্ক্যম্) প্রষ্টুং (জিজ্ঞাসিতুং) হ [মনঃ] দধ্রে (ধৃতবান্)।

অনুবাদ। অতঃপর যজমান জনক সমাগত ব্রাহ্মণমণ্ডলীকে সম্বোধন করিয়া বলিলেন—হে পূজনীয় ব্রাহ্মণগণ! আপনাদের মধ্যে যিনি সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মবিদ্, তিনি উক্ত গাভীসকল গ্রহণপূর্ব্বক স্বগৃহে লইয়া যাউন। তখন সমাগত ব্রাহ্মণগণ জনকের উক্ত বাক্য শ্রবণ করিয়াও আপনাদিগকে ব্রহ্মিষ্ঠ বলিয়া দম্ভ প্রকাশ করিলেন না; তাহার পর যাজ্ঞবল্ক্য-নামক ঋষি স্বীয় শিষ্যকে বলিলেন—হে প্রিয়দর্শন সামবেদাধ্যায়িন্ শিষ্য! তুমি এই গাভী সকল আমাদের গৃহে লইয়া যাও, গুরুর বাক্য শুনিয়া সামবেদাধ্যায়ী শিষ্য গাভীদিগকে লইয়া স্বগৃহাভিমুখে গমন করিলেন। ইতিমধ্যে সমাগত ব্রাহ্মণমণ্ডলী ক্রুদ্ধ হইয়া যাজ্ঞবল্ক্যকে বলিলেন—আমাদের মধ্যে সকলেই বেদবিদ্ ব্রহ্মিষ্ঠ, অতএব তুমি কিরূপে আপনাকেই ব্রহ্মিষ্ঠ বলিয়া পরিচয় দিতেছ? অতঃপর, বিদেহাধিপতি জনকের অশ্বল নামক একজন হোতা ছিলেন; তিনি যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! আমাদের মধ্যে তুমিই কি সর্ব্বাপেক্ষা

শ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞ? যাজ্ঞবল্ক্য বলিলেন—আমরা ব্রহ্মিষ্ঠ ব্যক্তিকে নমস্কার করি; কিন্তু আমরা গোলাভের অভিলাষী, তাই গাভী গ্রহণ করিয়াছি, ব্রহ্মবিদ্ বলিয়া গ্রহণ করি নাই। যাজ্ঞবল্ক্য গো গ্রহণ করিয়াছেন বলিয়াই, তিনি নিজে যে ব্রহ্মিষ্ঠ, ইহা জ্ঞাপন করিয়াছেন—এই মনে করিয়া অশ্বলনামক হোতা তাঁহার নিকট প্রশ্ন জিজ্ঞাসা করিতে প্রবৃত্ত হইলেন।

৩। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদꣳ সর্বং মৃত্যু-নাপ্তꣳ সর্বং মৃত্যুনাভিপন্নং কেন যজমানো মৃত্যো-রাপ্তিমতিমুচ্যত ইতি হোত্রর্ত্বিজাগ্নিনা বাচা বাগ্বৈ যজ্ঞস্য হোতা তদ্যেয়ং বাক্ সোঽয়মগ্নিঃ স হোতা স মুক্তিঃ সাতিমুক্তিঃ॥

ব্যাখ্যা। [হে] যাজ্ঞবল্ক্য! ইতি (এবং) [সম্বোধয়ন্ অশ্বলঃ] উবাচ হ যদ্ ইদম্ (সাধনজাতম্ ঋত্বিগগ্ন্যাদি) মৃত্যুনা (স্বাভাবিকাসঙ্গসহিতেন কর্মণা) আপ্তম্ (ব্যাপ্তম্) [ন কেবলং ব্যাপ্তম্] সর্বং মৃত্যুনা অভিপন্নম্ (বশীকৃতম্) [চ]; যজমানঃ কেন (দর্শনলক্ষণেন) মৃত্যোঃ আপ্তিম্ (অধিকারম্) অতিমুচ্যতে (অতিক্রম্য মুচ্যতে) ইতি।

[যাজ্ঞবল্ক্যঃ আহ] হোত্রা ঋত্বিজা অগ্নিনা বাচা ; [শ্রুতিঃ স্বয়মেব এতস্যার্থং কথয়তি] যজ্ঞস্য (যজমানস্য) [যা] বাক্ [সা] বৈ (এব) হোতা (ঋত্বিক্) ; তৎ (তত্র যজ্ঞে) [যজমানস্য] যা ইয়ং বাক্ ; সঃ অয়ম্ (প্রসিদ্ধঃ অধিদৈবতম্ অগ্নিঃ) ; সঃ (অগ্নিঃ) হোতা (ঋত্বিক্), সঃ (হোতা অগ্নিঃ) মুক্তিঃ (মুক্তিসাধনম্) [যতঃ অগ্নিস্বরূপদর্শনমেব মুক্তিঃ যজমানস্য]; সা (মুক্তিঃ মুক্তিসাধনম্) অতিমুক্তিঃ (অতি-মুক্তিসাধনম্) ॥

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে পুনর্ব্বার সম্বোধন করিয়া প্রশ্ন করিলেন—হে যাজ্ঞবল্ক্য ! (বলুন) ঋত্বিক্, অগ্নিপ্রভৃতি যজ্ঞসাধনসকল যে স্বাভাবিক-ফলাসক্তিযুক্ত কর্ম্মরূপ মৃত্যু দ্বারা ব্যাপ্ত এবং বশী-ভূত হইয়া অবস্থিত আছে; যজমান কোন্ উপায় অবলম্বনে সেই মৃত্যুকবল হইতে মুক্তিলাভ করিতে পারে? তখন যাজ্ঞবল্ক্য বলিলেন—হোতৃ-রূপ ঋত্বিক্ অগ্নি এবং বাক্য দ্বারা যজমান উক্ত মৃত্যুর হাত হইতে ত্রাণ লাভ করিতে পারেন। যজ্ঞের অর্থাৎ যজমানের বাক্যই হোতা, যাগসম্বন্ধীয় যে বাক্য, তাহাই প্রসিদ্ধ অধিদৈবত অগ্নি,

এই অগ্নিই হোতা অর্থাৎ ঋগ্বেদজ্ঞ ঋত্বিক্, এই হোতৃ-সংজ্ঞক অগ্নিই মুক্তি অর্থাৎ অতিমুক্তির সাধন; [অধ্যাত্ম যজ্ঞে উক্তরূপে অপরিচ্ছিন্ন অধিদৈবত অগ্নির ভাবনাকেই মুক্তি এবং তাহার স্বরূপ প্রাপ্তি-কেই অতিমুক্তি বলে।

৪। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদং সর্বমহোরাত্রাভ্যামাপ্তং সর্বমহোরাত্রাভ্যামভিপন্নং কেন যজমানোঽহোরাত্রয়োরাপ্তিমতিমুচ্যত ইত্যধ্বর্যুণর্ত্বিজা চক্ষুষাদিত্যেন চক্ষুর্বৈ যজ্ঞস্যাধ্বর্যুস্তদ্ যদিদং চক্ষুঃ সোঽসাবাদিত্যঃ সোঽধ্বর্যুঃ স মুক্তিঃ সাতিমুক্তিঃ ॥

ব্যাখ্যা। [হে] যাজ্ঞবল্ক্য! ইতি (এবং) [সম্বোধয়ন্ অশ্বলঃ] হ উবাচ যদ্ ইদং সর্বম্ (কার্যসাধনম্) অহোরাত্রাভ্যাং (দিবারাত্রিলক্ষণাভ্যাং কালাভ্যাম্) আপ্তম্, সর্বং অহোরাত্রাভ্যাম্ অভিপন্নম্ (বশীকৃতম্); যজমানঃ কেন (সাধনেন) অহোরাত্রয়োঃ আপ্তিম্ (অধিকারম্) অতিমুচ্যতে ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] অধ্বর্যুণা ঋত্বিজা চক্ষুষা আদিত্যেন [অতি-মুচ্যতে, শ্রুতিঃ স্বয়মেব তদর্থমাহ] চক্ষুঃ বৈ (নির্দ্ধারণে) যজ্ঞস্য (যজমানস্য) অধ্বর্যুঃ (যজুর্ব্বেদজ্ঞঃ ঋত্বিক্); তৎ (তত্র অধ্যাত্মযজ্ঞে) যদ্ ইদং চক্ষুঃ, সঃ অসৌ (অধিদৈবতম্)

আদিত্যঃ, সঃ (অধিদৈবতম্ আদিত্যঃ) অধ্বর্য্যুঃ, সঃ (অধ্বর্য্যুঃ) মুক্তিঃ (অধিদৈবতাত্মনঃ আদিত্যসাধ্যানম্) সা (মুক্তিঃ) অতিমুক্তিঃ (অধিদৈবতাত্মনঃ আদিত্যস্য স্বরূপপ্রাপ্তিঃ); যতঃ আদিত্যাত্মভাবমাপন্নস্য বিদুষঃ অহোরাত্রে ন স্তঃ]॥

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে পুনশ্চ সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! যে সকল যজ্ঞসাধন দিবারাত্র দ্বারা ব্যাপ্ত এবং বশীকৃত হইয়া অবস্থিত আছে; যজমান কোন্ উপায় অবলম্বন করিয়া উক্ত স্বাভাবিক ফলাসক্তিযুক্ত কর্ম্মরূপ মৃত্যুর হাত হইতে নিস্তার পাইতে পারেন? যাজ্ঞবল্ক্য বলিলেন—অধ্বর্য্যুরূপ ঋত্বিক্ চক্ষুঃ এবং আদিত্য দ্বারা উক্ত মৃত্যু হইতে রক্ষা পাইতে পারেন। [ইহারই অর্থ বলিতেছেন] যজমানের চক্ষুই অধ্বর্য্যু অধ্যাত্মযজ্ঞে এই যজমানের চক্ষুই অধিদৈবত আদিত্য, এই আদিত্যই অধ্বর্য্যু, এই অধ্বর্য্যুই মুক্তি এবং এই ভাবনারূপ মুক্তিই অতিমুক্তি (আদিত্য প্রাপ্তি)। [আদিত্যপ্রাপ্তিকে অতিমুক্তি বলার তাৎপর্য্য এই যে, আদিত্যস্বরূপ প্রাপ্তি হইলে যজমানের

পক্ষে আর দিবারাত্র থাকেনা, দিবারাত্র না থাকিলে কালের অধিকার অপসারিত হয়। কালের অধিকার না থাকিলে তিনি কালের দ্বারা ব্যাপ্ত বা বশীভূত হন না]।

৫। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদꣳ সর্বং পূর্বপক্ষাপরপক্ষাভ্যামাপ্তꣳ সর্বং পূর্বপক্ষাপরপক্ষাভ্যামভিপন্নং কেন যজমানঃ পূর্বপক্ষাপরপক্ষয়োরাপ্তিমতিমুচ্যত ইত্যুদ্গাত্রর্ত্বিজা বায়ুনা প্রাণেন প্রাণো বৈ যজ্ঞস্যোদ্গাতা তদ্যোঽয়ং প্রাণঃ স বায়ুঃ স উদ্গাতা স মুক্তিঃ সাতিমুক্তিঃ॥

ব্যাখ্যা। [প্রতিপদাদীনাং তিথীনাং চন্দ্রমাঃ কর্ত্তা, কথম্ অধিদৈবতরূপেণ বায়ুনা উপসংহারঃ ক্রিয়তে? বায়ুচন্দ্রমসোঃ একত্বাৎ, চন্দ্রমসা বায়ুনা চ উপসংহারেণ কশ্চিদ্বিশেষঃ ইত্যর্থঃ, বায়ুনিমিত্তৌ হি ক্ষয়োদয়ৌ চন্দ্রমসঃ, অতশ্চ চন্দ্ররূপেণ যা দৃষ্টিঃ সৈব বায্বাত্মনা ইত্যাহ] হে যাজ্ঞবল্ক্য! ইতি [সম্বোধয়ন্ অশ্বলঃ] উবাচ হ—যদ্ ইদং (পরিদৃশ্যমানং) সর্বং (বস্তু) পূর্বপক্ষাপরপক্ষাভ্যাম্ আপ্তম্ (ব্যাপ্তম্), সর্বং পূর্ব্বপক্ষাপরপক্ষাভ্যাম্ অভিপন্নম্ (আক্রান্তম্) [আপ্তং]; যজমানঃ কেন (সাধনেন) পূর্বপক্ষাপরপক্ষয়োঃ আপ্তিম্

(সম্বন্ধম্) অতি (অতিক্রম্য) মুচ্যতে ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] উদ্গাত্রা (সামবেদজ্ঞেন) ঋত্বিজা বায়ুনা প্রাণেন (অধিদৈবতবায়্বাত্মনা প্রাণেন) [অতিমুচ্যতে ইতি শেষঃ]। যজ্ঞস্য (যজমানস্য) প্রাণঃ বৈ (এব) উদ্গাতা ; তৎ (তত্র অধ্যাত্মযজ্ঞে) যঃ অয়ং প্রাণঃ, সঃ (প্রাণঃ) বায়ুঃ (অধিদৈবতং বায়ুঃ) ; সঃ (বায়ুঃ) উদ্গাতা ; সঃ (উদ্গাতা) মুক্তিঃ (মুক্তিসাধনম্ বায়্বাত্মনা দৃষ্টিরিত্যর্থঃ) সা (মুক্তিঃ) অতিমুক্তিঃ (অধিদৈবতবায়ুস্বরূপপ্রাপ্তিঃ) ॥

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য ! পরিদৃশ্যমান সমুদায় পদার্থই শুক্লপক্ষ এবং কৃষ্ণপক্ষ দ্বারা ব্যাপ্ত এবং আক্রান্ত, অতএব যজমান কোন সাধনবলে শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষের সম্বন্ধ অতিক্রম করিতে পারে ? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন—সামবেদজ্ঞ ঋত্বিক্ ও অধিদৈবত বায়ুরূপ প্রাণদ্বারা তাহা হইতে মুক্তিলাভ করিতে পারে। যজমানের প্রাণই উদ্গাতা, অধ্যাত্মযজ্ঞে এই প্রাণই অধিদৈবত বায়ু ; এই অধিদৈবত বায়ুই উদ্গাতা, এই উদ্গাতাই মুক্তি (বায়ুস্বরূপোপাপ্তিরূপ

মুক্তিসাধন) আবার এই মুক্তিই অতিমুক্তি (অধি-দৈবত বায়ুর স্বরূপপ্রাপ্তি)।

৬। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদমন্তরিক্ষমনারম্বণমিব কেনাক্রমেণ যজমানঃ স্বর্গং লোকমাক্রমত ইতি ব্রহ্মণর্ত্বিজা মনসা চন্দ্রেণ মনো বৈ যজ্ঞস্য ব্রহ্মা তদ্ যদিদং মনঃ সোঽসৌ চন্দ্রঃ স ব্রহ্মা স মুক্তিঃ সাঽতিমুক্তিরিত্যতিমোক্ষা অথ সম্পদঃ ॥

ব্যাখ্যা। [হে] যাজ্ঞবল্ক্য! ইতি (এবং) [সম্বোধয়ন্ অশ্বলঃ] উবাচ হ যদ্ ইদম্ অন্তরিক্ষম্ (আকাশঃ) অনারম্বণম্ (অনালম্বনম্) ইব [অবভাসতে ; ন তু তদনালম্বনং, কিঞ্চিদালম্বনমস্তীত্যবগম্যতে ইবশব্দাৎ]। যজমানঃ [কস্য বস্তুনঃ] কেন আক্রমণেন স্বর্গং লোকম্ আক্রমতে (প্রাপ্নোতি) ? ইতি [যাজ্ঞবল্ক্যঃ আহ] ব্রহ্মণা ঋত্বিজা মনসা চন্দ্রেণ [আক্রমতে ইতি শেষঃ]। যজ্ঞস্য (যজমানস্য) মনঃ বৈ (এব) ব্রহ্মা (ঋত্বিক্) তৎ। তত্র অধ্যাত্মপক্ষে) যদ্ ইদং (অধ্যাত্মম্) মনঃ, সঃ (তৎ মনঃ) অসৌ (অধিদৈবম্) চন্দ্রঃ, সঃ (চন্দ্রঃ) ব্রহ্মা। ঋত্বিক্) সঃ (ব্রহ্মা) মুক্তিঃ (চন্দ্রোপাপ্তিরূপং মুক্তিসাধনং), সা (মুক্তিঃ) অতিমুক্তিঃ (চন্দ্রস্বরূপপ্রাপ্তিরূপা) [উক্তরূপেণ অধিদৈবতচন্দ্রোপাসনয়া চন্দ্রত্বং প্রাপ্য স্বর্গমাক্রমতে

ইত্যর্থঃ] ইতি (এবংরূপাঃ) অতিমোক্ষাঃ (অতিমুক্তয়ঃ) [কথিতাঃ]। অথ অধুনা) সম্পদঃ [উচ্যন্তে] (মহতাং ফলবতাম্ অশ্বমেধাদীনাং কর্ম্মণাং বিবক্ষিতফলসিদ্ধ্যর্থং কস্যচিৎ সামান্যস্য কর্ম্মণঃ সম্পাদনং সম্পৎ, অথবা আজ্যাদ্যাহুতিষু কস্যৈব দৈবলোকাদেঃ উজ্জ্বলত্বাদিসামান্যধর্ম্মেণ সম্পাদনং সম্পদ্ উভয়থাপি সামান্যধর্ম্মপুরস্কারেণ উৎকৃষ্টবস্তুভেদধ্যানং সম্পৎ]॥

অনুবাদ। অশ্বল পুনর্ব্বার যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন—এই যে আকাশ, ইহা নিরালম্বন বলিয়াই যেন প্রতিভাত হইতেছে। অতএব যজমান কাহাকে আশ্রয় করিয়া স্বর্গলোকে গমন করিবে? যাজ্ঞবল্ক্য বলিলেন, ব্রহ্মরূপ ঋত্বিক্ এবং মনোরূপ চন্দ্রদ্বারা স্বর্গলোকে গমন করিবে। যজমানের মনই ব্রহ্মা (ঋত্বিক্) অধ্যাত্মযজ্ঞে যাহাকে অধ্যাত্ম মনঃ বলিয়া নির্দ্দেশ করা হয়, তাহাই অধিদৈবত চন্দ্র, যিনি অধিদৈবত চন্দ্র, তিনিই ব্রহ্মা; যিনি ব্রহ্মা, তিনিই মুক্তি [উপাসনারূপ মুক্তিসাধন,] যাহা মুক্তিসাধন, আবার তাহাই অতিমুক্তি (চন্দ্রের স্বরূপপ্রাপ্তি) [উপাসক উক্তরূপে আধিদৈবত

চন্দ্রের উপাসনা দ্বারা চন্দ্রলোকে গমনপূর্ব্বক স্বর্গলোক লাভ করিয়া থাকেন]। এইরূপে অতি-মুক্তির স্বরূপ বর্ণিত হইল। সম্প্রতি সম্পদুপাসনা বর্ণিত হইতেছে। [স্বর্গাদিফলদায়ক অশ্বমেধাদি মহাযজ্ঞের ফললাভের জন্য সাধারণ কর্ম্মকে অশ্ব-মেধাদি বৃহৎ কার্য্যরূপে উপাসনা করার নাম সম্প-দুপাসনা; অথবা আজ্যাহুতিপ্রভৃতিতে উজ্জ্ব-লত্বাদি সামান্যধর্ম্ম দ্বারা ভাবী দেবলোকাদিরূপ-ফলের ভাবনাকেই সম্পদুপাসনা বলে]।

৭। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কতিভিরয়মদ্যর্গ্ভি-র্হোতাস্মিন্ যজ্ঞে করিষ্যতীতি তিসৃভিরিতি কতমাস্তা-স্তিস্র ইতি পুরোঽনুবাক্যা চ যাজ্যা চ শস্যৈব তৃতীয়া কিং তাভির্জয়তীতি যৎকিঞ্চেদং প্রাণভৃদিতি॥

ব্যাখ্যা। [অশ্বলঃ পুনরপি যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্] ইতি (এবং) হ (এব) উবাচ [হে] যাজ্ঞবল্ক্য! অয়ং হোতা (ঋত্বিক্) অদ্য অস্মিন্ যজ্ঞে কতিভিঃ ঋগ্ভিঃ [ক্রিয়াং] করিষ্যতি ইতি? [যাজ্ঞবল্ক্যঃ আহ] তিসৃভিঃ (ঋগ্ভিঃ) [করিষ্যতি] ইতি। [অশ্বলঃ পুনরপি আহ] তাঃ (ভবদুক্তাঃ)

তিস্রঃ (ঋচঃ) কতমাঃ ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] পুরোঽনুবাক্যা (প্রয়োগকালাৎ প্রাক্ যাঃ ঋচঃ প্রযুজ্যন্তে সা ঋগ্‌জাতিঃ পুরোঽনুবাক্যা) চ, যাজ্যা (যাঃ ঋচঃ যাগার্থং প্রযুজ্যন্তে সা ঋগ্‌জাতিঃ যাজ্যা) চ, তৃতীয়া এব শস্যা (যাঃ ঋচঃ শাস্ত্রার্থং প্রযুজ্যন্তে সা ঋগ্‌জাতিঃ শস্যা) [অশ্বলঃ আহ] তাভিঃ ঋগ্‌ভিঃ) কিম্ (ফলম্) জয়তি (প্রাপ্নোতি) ইতি ? [যাজ্ঞ-বল্‌ক্যঃ আহ] যৎকিঞ্চ (যৎকিঞ্চিৎ) ইদং প্রাণভৃৎ (প্রাণি-জাতিম্) [তৎ সর্বং জয়তি] ইতি।

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া পুনরায় বলিলেন—হে যাজ্ঞবল্ক্য ! এই ঋগ্-বেদজ্ঞ ঋত্বিক্ আজ এই যজ্ঞে কতগুলি ঋগ্‌মন্ত্রদ্বারা যজ্ঞকার্য্য সম্পাদন করিবেন ? যাজ্ঞবল্ক্য বলিলেন—তিনটি ঋগ্‌মন্ত্রদ্বারা যজ্ঞ করিবেন। অশ্বল বলিলেন, সেই ঋক্ তিনটি কি কি ? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন, প্রথমা "পুরোঽনুবাক্যা" অর্থাৎ যে ঋগ্‌জাতিকে প্রয়োগ কালের পূর্ব্বে প্রয়োগ করা হয়, তাহাকে "পুরোঽনুবাক্য" বলে ; দ্বিতীয়া "যাজ্যা" অর্থাৎ যে ঋগ্‌জাতি যাগের জন্য প্রযুক্ত হয়, তাহাকে যাজ্যা বলে ; তৃতীয়া "শস্য" অর্থাৎ যে ঋগ্‌জাতি

শস্ত্রার্থ প্রযুক্ত হয় তাহাকে শস্যা বলে। অপরাপর সকল ঋক্ এই ত্রিজাতীয় ঋকের অন্তর্গত। অশ্বল বলিলেন—এই ত্রিবিধ ঋগ্‌মন্ত্রদ্বারা কি ফল লাভ করিতে পারা যায়? যাজ্ঞবল্ক্য বলিলেন—জগতে যে যে প্রাণী আছে, তাহাদের সকলকেই জয় করিতে পারা যায়।

৮। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কত্যয়মদ্যাধ্বর্যু-রস্মিন যজ্ঞ আহুতীর্হোষ্যতীতি তিস্র ইতি কতমাস্তা-স্তিস্র ইতি যা হুতা উজ্জ্বলন্তি যা হুতা অতিনেদন্তে যা হুতা অধিশেরতে কিং তাভির্জয়তীতি যা হুতা উজ্জ্বলন্তি দেবলোকমেব তাভির্জয়তি দীপ্যত ইব হি দেবলোকো যা হুতা অতিনেদন্তে পিতৃলোকমেব তাভির্জয়তাতীব হি পিতৃলোকো যা হুতা অধিশেরতে মনুষ্যলোকমেব তাভির্জয়ত্যধ ইব হি মনুষ্যলোকঃ॥

ব্যাখ্যা। [অশ্বলঃ যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্] ইতি (এবম্) হ উবাচ—[হে] যাজ্ঞবল্ক্য! অয়ম্ অধ্বর্য্যুঃ (যজুর্ব্বেদবিদ ঋত্বিক্) অদ্য তস্মিন্ যজ্ঞে কতি আহুতীঃ হোষ্যতি ইতি।

[যাজ্ঞবল্ক্যঃ আহ]—তিস্রঃ (আহুতীঃ) [হোষ্যতীতি শেষঃ]। [অশ্বলঃ আহ]—তাঃ তিস্রঃ (আহুতয়ঃ) কতমাঃ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—যাঃ (সমিদাজ্যাহুতয়ঃ) হুতাঃ [সত্যঃ] উজ্জ্বলন্তি; যাঃ (মাংসাদ্যাহুতয়ঃ) হুতাঃ (প্রক্ষিপ্তাঃ) [সত্যঃ] অতিনেদন্তে (অতীব শব্দং কুর্বন্তি); যাঃ (পয়ঃ সোমাহুতয়ঃ) [অগ্নৌ] হুতাঃ [সত্যঃ] অধিশেরতে (ভূমেঃ অধো গত্বা অবতিষ্ঠন্তে। [অশ্বলঃ আহ]—তাভিঃ (আহুতিভিঃ) কিম্ (ফলম্) জয়তি (প্রাপ্নোতি) ইতি; [ইতরঃ আহ] যাঃ হুতাঃ উজ্জ্বলন্তি, তাভিঃ (আহুতিভিঃ) দেবলোকম্ এব জয়তি, হি (যস্মাৎ) দেবলোকঃ দীপ্যতে, [অতঃ দেবলোকঃ] ইব [আহুতীনাং দীপ্তিসামান্যাৎ এতাঃ আহুতয়ঃ দেবলোকাখ্যম্ উজ্জ্বলং ফলং সম্পাদয়ন্তি ইত্যেষা সম্পদুপাসনা]। যাঃ হুতাঃ অতিনেদন্তে, তাভিঃ পিতৃলোকম্ এব জয়তি; হি (যস্মাৎ) পিতৃলোকঃ (তৎসম্বন্ধঃ যমলোকঃ), ["হা হতোঽস্মি, মুঞ্চ মুঞ্চ" ইত্যেবম্] অতীব [শব্দায়মানঃ ভবতি; তথা আহুতয়ঃ শব্দায়মানাঃ; অতঃ শব্দসামান্যাদেষা সম্পদুপাসনা]। যাঃ হুতাঃ অধিশেরতে, তাভিঃ মনুষ্যলোকম্ এব জয়তি; হি (যস্মাৎ) মনুষ্যলোকঃ [দেবলোকাপেক্ষয়া) অধঃ ইব [অতঃ তাস্বপি আহুতিষু মনুষ্যলোকঃ ময়া নির্বর্ত্যতে অধস্ত্বসামান্যাৎ ইত্যেষা সম্পদুপাসনা]।

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে আবার

সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! এই যজুর্ব্বেদবিদ্ ঋত্বিক্ আজ এই যজ্ঞে কতগুলি আহুতি দ্বারা হোম সম্পাদন করিবেন? যাজ্ঞবল্ক্য বলিলেন, তিনটি আহুতি দ্বারা যজ্ঞ করিবেন। অশ্বল জিজ্ঞাসা করিলেন—ঐ তিনটি আহুতি কি কি? যাজ্ঞবল্ক্য বলিলেন—যে আহুতি অগ্নিতে প্রক্ষেপমাত্র প্রজ্জ্বলিত হয়, সেই সমিদ্-ঘৃত দ্বারা সম্পাদিত আহুতিই প্রথম; যে মাংসাদির আহুতি প্রদানমাত্র অতিশয় শব্দ সমুত্থিত হয়, তাহাই দ্বিতীয়; আর যে পয়ঃপ্রভৃতি জলীয় পদার্থ দ্বারা আহুতি প্রদান মাত্র ভূতলে পতিত হয়, তাহাই তৃতীয়। অশ্বল বলিলেন—এই আহুতিত্রয়দ্বারা যজমান কি কি ফল লাভ করিয়া থাকেন? যাজ্ঞবল্ক্য বলিলেন—যে আহুতি অগ্নিতে প্রদানমাত্র প্রজ্জ্বলিত হইয়া উঠে, যজমান সেই আহুতিদ্বারা স্বর্গলোক জয় করিতে সমর্থ হন; কারণ দেবলোক স্বভাবতঃ দীপ্তিসম্পন্ন, আহুতিও দীপ্তিমতী; এই উভয়ে দীপ্তি-সাম্য থাকায় আহুতি-প্রদানরূপ কর্ম্মই সম্পৎ। যে সকল আহুতি

প্রদান করিলে শব্দ সমুত্থিত হয়, তাহাদ্বারা পিতৃলোক বিজিত হইয়া থাকে, কারণ পিতৃলোকসম্বন্ধ যমলোক সর্ব্বদাই নারকীয় হাহারবে পূর্ণ; সেইরূপ মাংসাদি দ্বারা প্রদত্ত আহুতিতেও শব্দ সমুত্থিত হইয়া থাকে; এই উভয়ে শব্দসাম্য আছে বলিয়া, মাংসাদি দ্বারা প্রদত্ত আহুতিই সম্পদ্। আর যে সকল আহুতি প্রদানমাত্র ভূতলে নিপতিত হয়, সেই পয়ঃপ্রভৃতিনিষ্পাদিত আহুতি দ্বারা যজমান মনুষ্যলোক জয় করিয়া থাকেন; মনুষ্যলোক দেবলোকাপেক্ষা অধঃস্থিত, প্রদত্ত আহুতিও অধঃস্থিত, এই অধঃস্থিতির সাম্যবশতঃ পয়ঃপ্রভৃতির দ্বারা প্রদত্ত আহুতিই সম্পদ্।

৯। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কতিভিরয়মদ্য ব্রহ্মা যজ্ঞং দক্ষিণতো দেবতাভির্গোপায়তীত্যেকয়েতি কতমা সৈকেতি মন এবেত্যানন্তং বৈ মনোঽনন্তা বিশ্বেদেবা অনন্তমেব স তেন লোকং জয়তি ॥

ব্যাখ্যা। [অশ্বলঃ যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্] ইতি (এবম্) হউবাচ—[হে] যাজ্ঞবল্ক্য! অয়ং ব্রহ্মা (যজ্ঞস্য ব্রহ্মকর্মসম্পা-

দকঃ ঋত্বিক্) অদ্য দক্ষিণতঃ (অগ্নেঃ দক্ষিণভাগে) [স্থিত্বা] কতিভিঃ দেবতাভিঃ যজ্ঞং গোপায়তি (রক্ষতি)? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ] একয়া দেবতয়া ইতি। [অশ্বলঃ আহ]— সা একা (দেবতা) কতমা (কিংস্বরূপা)? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—মনঃ (অন্তঃকরণম্) এব ইতি; মনঃ বৈ (এব) অনন্তং (বৃত্তিভেদেন অনন্তং); বিশ্বেদেবাঃ (গণদেবতাঃ) [চ] অনন্তাঃ (অসংখ্যাঃ) [অতঃ অনন্তত্বসাম্যাৎ] সঃ (ঋত্বিক্) তেন (উক্তেন প্রকারেণ) [মনসি বিশ্বেদেবদৃষ্ট্যা-ধ্যাসেন] অনন্তম্ এব লোকং জয়তি (প্রাপ্নোতি)।

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে আবার সম্বোধন করিয়া বলিলেন হে যাজ্ঞবল্ক্য! এই ব্রহ্মা (যজ্ঞের ব্রহ্ম কর্ম্মসম্পাদক ঋত্বিক্) আজ অগ্নির দক্ষিণ ভাগে থাকিয়া কোন্ কোন্ দেবতাদ্বারা যজ্ঞ রক্ষা করিতেছেন? যাজ্ঞবল্ক্য বলিলেন—একটি দেবতা দ্বারা যজ্ঞরক্ষা করিতেছেন। অশ্বল বলিলেন, সেই একটি দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—মনই সেই একমাত্র দেবতা। মনের বৃত্তি অসংখ্য বলিয়া মনঃ অনন্ত; বিশ্বেদেবগণও অনন্ত (অসংখ্য); উভয়ে অনন্তের সাম্য আছে বলিয়া, ঋত্বিক্ উক্তরূপে মনে বিশ্বেদেবদৃষ্টি দ্বারা অনন্ত লোক জয় করিয়া থাকেন॥

১০। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কত্যয়মদ্যোদ্গাতা-ঽস্মিন্ যজ্ঞে স্তোত্রিয়াঃ স্তোষ্যতীতি তিস্র ইতি কতমা-স্তাস্তিস্র ইতি পুরোঽনুবাক্যা চ যাজ্যা চ শস্যৈব তৃতীয়া কতমাস্তা যা অধ্যাত্মমিতি প্রাণ এব পুরোনুবাক্যা-ঽপানো যাজ্যা ব্যানঃ শস্যা কিং তাভির্জয়তীতি পৃথিবীলোকমেব পুরোনুবাক্যয়া জয়ত্যন্তরিক্ষলোকং যাজ্যয়া দ্যুলোকꣳ শস্যয়া ততো হ হোতাশ্বল উপররাম ॥

ইতি প্রথমং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [অশ্বলঃ যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্ পুনঃ] ইতি (এবম্) হ উবাচ [হে] যাজ্ঞবল্ক্য! অয়ম্ উদ্গাতা (সাম-বেদবিৎ ঋত্বিক্) অদ্য অস্মিন্ যজ্ঞে ক[illegible]স্তোত্রিয়াঃ (স্তোত্র-ভূতাঃ ঋচঃ) স্তোষ্যতি (গাস্যতি) ইতি। (যাজ্ঞবল্ক্যঃ আহ]—তিস্রঃ (ত্রিসংখ্যকাঃ ঋচঃ) ইতি। [অশ্বলঃ আহ]—তাঃ তিস্রঃ (ঋচঃ) কতমাঃ (কিংস্বরূপা)? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—পুরোঽনুবাক্যা চ, যাজ্যা চ, শস্যা এব তৃতীয়া। [অশ্বলঃ আহ]—তাঃ (ঋচঃ) কতমাঃ (কিংস্বরূপাঃ)? যাঃ (ঋচঃ) অধ্যাত্মম্ (আত্মানং দেহম্ অধিকৃত্য) [ভবন্তি], ইতি। যাজ্ঞবল্ক্যঃ আহ] প্রাণঃ (প্রাণবায়ুঃ

এব পুরোঽনুবাক্যা ; অপানঃ যাজ্যা ; ব্যানঃ শস্যা তাভিঃ (ঋগ্‌ভিঃ) কিং জয়তি ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]— পুরোঽনুবাক্যয়া পৃথিবীম্ এব জয়তি, যাজ্যয়া অন্তরিক্ষলোকং, শস্যয়া [চ] দ্যুলোকম্ [জয়তি]। ততঃ (ততঃ পরম্) হোতা অশ্বলঃ হ উপররাম (প্রশ্নজিজ্ঞাসায়াঃ বিরতঃ বভূব)।

অনুবাদ। অশ্বল যাজ্ঞবল্ক্যকে পুনর্ব্বার সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! এই সামবেদজ্ঞ ঋত্বিক্ আজ এই যজ্ঞে কতগুলি স্তোত্র-জাতীয় ঋক্ দ্বারা স্তুতি করিবেন ? যাজ্ঞবল্ক্য বলিলেন, তিনটি ঋক্‌দ্বারা। অশ্বল জিজ্ঞাসা করিলেন—সেই তিনটি ঋক্ কি কি ? যাজ্ঞবল্ক্য বলিলেন, পুরোঽনু-বাক্যা, যাজ্যা আর শস্যা। অশ্বল জিজ্ঞাসা করি-লেন—যে তিনটি ঋক্ অধ্যাত্ম, তাহাদের স্বরূপ কি ? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রাণই পুরোঽনুবাক্যা, অপানই যাজ্যা, ব্যানই শস্যা। অশ্বল বলিলেন—যজ-মান সেই ঋক্‌ত্রয়ের দ্বারা কি কি ফল লাভ করিতে পারেন ? যাজ্ঞবল্ক্য বলিলেন—পুরোঽনুবাক্য দ্বারা পৃথিবীলোক, যাজ্যা দ্বারা অন্তরিক্ষলোক এবং

শঙ্কা দ্বারা দ্যুলোক জয় করিতে পারেন। অতঃপর হোতা অশ্বল বিরত হইলেন।

তৃতীয়-অধ্যায়ে প্রথমব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

১। অথ হৈনং জারৎকারব আর্তভাগঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ কতি গ্রহাঃ কত্যতিগ্রহা ইত্যষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহা ইতি যে তেঽষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহাঃ কতমে ত ইতি॥

ব্যাখ্যা। [ইদানীং গ্রহাতিগ্রহলক্ষণাৎ মৃত্যোঃ মুক্তিঃ বক্তব্যা ইত্যতঃ ইদমারভ্যতে]—অথ (অনন্তরম্) হ (ঐতিহ্যে) জারৎকারবঃ (জরৎকারুগোত্রসম্ভূতঃ) আর্ত্তভাগঃ (ঋতভাগস্য অপত্যম্ আর্ত্তভাগঃ) এনং (যাজ্ঞবল্ক্যং) পপ্রচ্ছ (পৃষ্টবান্)—[হে] যাজ্ঞবল্ক্য! ইতি [সম্বোধয়ন্] হ উবাচ—কতি (কতিসংখ্যকাঃ) গ্রহাঃ, কতি (কতিসংখ্যকাঃ [চ] অতিগ্রহাঃ ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—অষ্টৌ গ্রহাঃ, অষ্টৌ [চ] অতি-গ্রহাঃ ইতি। [আর্ত্তভাগঃ আহ]—যে তে (পূর্বোক্তাঃ) অষ্টৌ গ্রহাঃ অষ্টৌ অতিগ্রহাঃ; তে কতমে (কিংস্বরূপাঃ)? ইতি।

অনুবাদ। [সম্প্রতি গ্রহ ও অতিগ্রহরূপ মুক্তি নিরূপণ করিতেছেন] অতঃপর জরৎকারুবংশজাত আর্ত্তভাগনামক ঋষি যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন, হে যাজ্ঞবল্ক্য! গ্রহ কয়টি এবং অতিগ্রহই বা কয়টি? যাজ্ঞবল্ক্য বলিলেন—গ্রহও আটটি, অতিগ্রহও আটটি। আর্ত্তভাগ জিজ্ঞাসা করিলেন—সেই আটটি গ্রহ এবং অতিগ্রহ কি কি?

২। প্রাণো বৈ গ্রহঃ সোপানেনাতিগ্রাহেণ গৃহীতোঽপানেন হি গন্ধান্ জিঘ্রতি ॥

ব্যাখ্যা। প্রাণঃ (ঘ্রাণেন্দ্রিয়ং) বৈ (এব) গ্রহঃ (গৃহ্লাতীতি-গ্রহঃ গ্রাহকঃ ইত্যর্থঃ); সঃ (বায়ুসহিতঃ প্রাণগ্রহঃ) অপানেন (অপশ্বাসসহিতেন গন্ধেন) অতিগ্রাহেণ (অতি আতি-ক্রম্য স্বভাবং, গৃহ্যতে অপরেণেতি অতিগ্রাহঃ বিষয়ঃ তেন) গৃহীতঃ (আকৃষ্টঃ) [সন্] অপানেন (অপশ্বাসেন) হি (এব) গন্ধান্ জিঘ্রতি।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন, প্রাণ অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয়ই গ্রহ; উক্ত প্রাণগ্রহ অপানের অর্থাৎ অতিগ্রহসংজ্ঞক গন্ধের দ্বারা আকৃষ্ট হইয়া, অপশ্বাসের সাহায্যে গন্ধ গ্রহণ করিয়া থাকে।

৩। বাগ্বৈ গ্রহঃ স নাম্নাতিগ্রাহেণ গৃহীতো বাচা হি নামান্যভিবদতি ॥

ব্যাখ্যা। বাক্ বৈ গ্রহঃ, সঃ (বাগ্নামা গ্রহঃ) নাম্না (নামাত্মকেন) অতিগ্রাহেণ গৃহীতঃ (আকৃষ্টঃ); [অতঃ] বাচা (বাগিন্দ্রিয়েণ) হি (এব) নামানি অভিবদতি।

অনুবাদ। বাগিন্দ্রিয়ই গ্রহ; ঐ বাগিন্দ্রিয়রূপ গ্রহনামাত্মক অতিগ্রহ দ্বারা আকৃষ্ট; এই হেতু লোকে বাগিন্দ্রিয়ের দ্বারা বাক্য উচ্চারণ করিয়া থাকে।

৪। জিহ্বা বৈ গ্রহঃ স রসেনাতিগ্রাহেণ গৃহীতো জিহ্বয়া হি রসান্ বিজানাতি ॥

ব্যাখ্যা। জিহ্বা বৈ গ্রহঃ, সঃ (জিহ্বারূপঃ গ্রহঃ) রসেন (মধুরাম্লাদিনা (অতিগ্রাহেণ গৃহীতঃ (আকৃষ্টঃ) [ভবতি]; [অতঃ প্রাণী] জিহ্বয়া হি রসান্ (মধুরাদীন্) বিজানাতি (অনুভবতি)।

অনুবাদ। জিহ্বাই গ্রহ; উক্ত জিহ্বারূপ গ্রহ রসসংজ্ঞক অতিগ্রাহের দ্বারা আকৃষ্ট হইয়া রহি-

য়াছে; এইজন্য লোকে জিহ্বাদ্বারা মধুরাদি রস অনুভব করিয়া থাকে।

৫। চক্ষুর্বৈ গ্রহঃ স রূপেণাতিগ্রাহেণ গৃহীতশ্চক্ষুষা হি রূপাণি পশ্যতি॥

ব্যাখ্যা। চক্ষুঃ বৈ গ্রহঃ, সঃ (চক্ষুরূপঃ গ্রহঃ) রূপেণ (শ্বেতাদ্যাত্মকেন) অতিগ্রাহেণ গৃহীতঃ (আকৃষ্টঃ) [সন্ আস্তে]; [অতঃ প্রাণী] চক্ষুষা হি রূপাণি পশ্যতি।

অনুবাদ। চক্ষুই গ্রহ, ঐ চক্ষুরূপ গ্রহ রূপসংজ্ঞক অতিগ্রহ দ্বারা আকৃষ্ট হইয়া রহিয়াছে; এই নিমিত্ত লোকে চক্ষুদ্বারাই রূপ দর্শন করে।

৬। শ্রোত্রং বৈ গ্রহঃ স শব্দেনাতিগ্রাহেণ গৃহীতঃ শ্রোত্রেণ হি শব্দান্ শৃণোতি॥

ব্যাখ্যা। শ্রোত্রং বৈ গ্রহঃ, সঃ (শ্রোত্ররূপঃ গ্রহঃ) শব্দেন (শব্দাত্মকেন) অতিগ্রাহেণ গৃহীতঃ (আকৃষ্টঃ) [ভবতি]; [তেন লোকঃ] শ্রোত্রেণ হি শব্দান্ শৃণোতি।

অনুবাদ। শ্রোত্রই গ্রহ, শ্রোত্ররূপ গ্রহ শব্দরূপ অতিগ্রহ দ্বারা আকৃষ্ট হইয়া রহিয়াছে; সেই জন্য লোকে শ্রোত্র দ্বারাই শব্দ গ্রহণ করিয়া থাকে।

৭। মনো বৈ গ্রহঃ স কামেনাতিগ্রাহেণ গৃহীতো মনসা হি কামান্ কাময়তে ॥

ব্যাখ্যা। মনঃ বৈ গ্রহঃ, সঃ (মনোরূপঃ গ্রহঃ) কামেন (সঙ্কল্পরূপেণ) অতিগ্রাহেণ গৃহীতঃ ; [ততঃ প্রাণী] মনসা হি কামান্ (প্রেপ্সিতান্ বিষয়ান্) কাময়তে (অভিলষতি)।

অনুবাদ। মনই গ্রহ, ঐ মনোরূপ গ্রহ সঙ্কল্পরূপ অতিগ্রহদ্বারা আক্রুষ্ট হইয়া রহিয়াছে ; সেই-জন্য লোকে মনের দ্বারাই অভিলষিত বিষয়সকল কামনা করিয়া থাকে।

৮। হস্তৌ বৈ গ্রহঃ স কর্ম্মণাতিগ্রাহেণ গৃহীতো হস্তাভ্যাং হি কর্ম্ম করোতি ॥

ব্যাখ্যা। হস্তৌ বৈ গ্রহঃ, সঃ (হস্তরূপঃ গ্রহঃ) কর্ম্মণা (কার্য্যরূপেণ) অতিগ্রাহেণ গৃহীতঃ ; [অতঃ জীবঃ] হি হস্তাভ্যাং কর্ম্ম করোতি।

অনুবাদ। হস্তদ্বয়ই গ্রহ, ঐ হস্তরূপ অতি-গ্রহদ্বারা আক্রুষ্ট হইয়া আছে ; এই নিমিত্ত লোকে হস্তদ্বারাই কর্ম্ম করিয়া থাকে।

৯। ত্বগ্বৈ গ্রহঃ স স্পর্শেনাতিগ্রাহেণ গৃহীত-

ত্বচা হি স্পর্শান্ বেদয়ত ইত্যেতেঽষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহাঃ ॥

ব্যাখ্যা। ত্বক্ (ত্বগিন্দ্রিয়ং) বৈ গ্রহঃ, সঃ (ত্বগিন্দ্রিয়রূপঃ গ্রহঃ) স্পর্শেন (স্পর্শাত্মকেন) অতিগ্রাহেণ গৃহীতঃ; [অতঃ জীবঃ] ত্বচা (ত্বগিন্দ্রিয়েণ) হি স্পর্শান্ বেদয়তে (অনুভবতি) ইতি; এতে অষ্টৌ গ্রহাঃ অষ্টৌ অতিগ্রহাঃ।

অনুবাদ। ত্বগিন্দ্রিয়ই গ্রহ, ঐ ত্বগিন্দ্রিয়রূপ গ্রহ স্পর্শরূপ অতিগ্রহদ্বারা আকৃষ্ট হইয়া আছে; এইজন্য প্রাণিগণ ত্বগিন্দ্রিয়দ্বারা শীত-উষ্ণাদি স্পর্শ অনুভব করিয়া থাকে, আটটি গ্রহ এবং অতিগ্রহের বিষয় কথিত হইল।

১০। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদিদꣳ সর্বং মৃত্যোরন্নং কা স্বিৎ সা দেবতা যস্যা মৃত্যুরন্নমিত্যগ্নির্বৈ মৃত্যুঃ সোঽপামন্নমপ পুনর্মৃত্যুং জয়তি ॥

ব্যাখ্যা। [আর্ত্তভাগঃ পুনরপি] হে যাজ্ঞবল্ক্য! ইতি [সম্বোধয়ন্] হ (এব) উবাচ—যদ্ ইদং (ব্যাকৃতং জগৎ) মৃত্যোঃ অন্নং (গ্রহাতিগ্রহলক্ষণেন মৃত্যুনাগ্রস্তমিত্যর্থঃ), কা স্বিৎ (কা নু) সা দেবতা? যস্যাঃ (দেবতায়াঃ) মৃত্যুঃ [অপি] অন্নং [ভবতি] ইতি, [সর্বং মৃত্যুনা গ্রস্তং, কঃ

পুনঃ মৃত্যুং প্রসতি, মৃত্যোর্মৃত্যুরস্তি ন বা ইতি প্রশ্নে কৃতে, যাজ্ঞবল্ক্যঃ আহ]—অগ্নিঃ বৈ মৃত্যুঃ (সংহারকঃ) ; সঃ (অগ্নিরূপঃ মৃত্যুঃ) অপাম্ অন্নং (জলানাং ভক্ষ্যং)। [যো জনঃ এবং বেদ, সঃ] পুনঃ মৃত্যুম্ (পুনরপি মরণম্) অপজয়তি।

অনুবাদ। আর্ত্তভাগ পুনরায় যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! এই পরিদৃশ্যমান জগৎ গ্রহাতিগ্রহরূপ মৃত্যুগ্রস্ত; অতএব এরূপ কোন দেবতা আছে কি, উক্ত মৃত্যুও যাহার ভক্ষ্য? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন—অগ্নিই সকল পদার্থের মৃত্যু (বিনাশক), আবার এই অগ্নি জলের ভক্ষ্য; [এইরূপে মৃত্যুভাবে অবস্থিত পদার্থসকলের অবসানে যিনি পরম মৃত্যুস্বরূপ, তাঁহারই কেবল মৃত্যুসংযোগ হইতে পারে না]; যিনি এই মৃত্যুতত্ত্ব জানেন, তিনি পুনর্ম্মরণকে জয় করিয়া থাকেন।

১১। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যত্রায়ং পুরুষো ম্রিয়ত উদস্মাৎ প্রাণাঃ ক্রামন্ত্যাহো ৩ নেতি নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যোঽত্রৈব সমবনীয়ন্তে স উচ্ছ্বয়ত্যা-ধ্মায়ত্যাধ্মাতো মৃতঃ শেতে ॥

ব্যাখ্যা। [আর্ত্তভাগঃ পুনরপি মুক্তপুরুষমধিকৃত্য যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্] ইতি (এবং) হ (এব) উবাচ—[হে] যাজ্ঞবল্ক্য। অয়ং (মুক্তঃ) পুরুষঃ যত্র (যস্মিন্‌কালে) ম্রিয়তে, [তদা] প্রাণাঃ (বাগাদয়ঃ) অস্মাৎ (ম্রিয়মাণাৎ ব্রহ্মবিদঃ) উৎ (ঊর্দ্ধং) ক্রামন্তি (গচ্ছন্তি)? আহো (প্রশ্নে) ন [উৎক্রামন্তি] ইতি। যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—ন [উৎক্রামন্তি প্রাণাঃ] ইতি; অত্র (অস্মিন্) এব [পরমাত্মনা সহ] সমবনীয়ন্তে (একীভাবেন প্রলীয়ন্তে)। [ন তর্হি সঃ মৃতঃ? ন হি, মৃতঃ এব সঃ; যস্মাৎ] সঃ উচ্ছ্বয়তি (অভ্যন্তরস্থিতবায়ুনা স্ফীতঃ ভবতি) আধ্মায়তি (বাহ্যেন বায়ুনা পূর্য্যতে); [অতঃ সঃ] আধ্মাতঃ (বাহ্যবায়ুনা পূর্ণঃ) [সন্] শেতে (নিশ্চেষ্টঃ অবতিষ্ঠতে) [তস্মাৎ লোকৈঃ] মৃতঃ [ইতি ব্যবহ্রিয়তে]।

অনুবাদ। আর্ত্তভাগ যাজ্ঞবল্ক্যকে পুনরায় সম্বোধন করিয়া মুক্তপুরুষবিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! মুক্তপুরুষ যখন দেহত্যাগ করে, তখন বাগাদি ইন্দ্রিয়গণ মৃতদেহ হইতে বাহির হইয়া কি ঊর্দ্ধদিকে গমন করে? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন,—উহারা স্থানান্তরে গমন করে না; এখানেই পরমাত্মায় অপৃথক্‌ভাবে বিলয় প্রাপ্ত হয়;

আর তখন সেই দেহটি অভ্যন্তরস্থিত বায়ুদ্বারা স্ফীত এবং বাহ্যবায়ুদ্বারা পূর্ণ হয়, তজ্জন্য নিশ্চেষ্টভাবে অবস্থান করে; পরে লোকে সেই দেহটীকে মৃত বলিয়া থাকে।

১২। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যত্রায়ং পুরুষো ম্রিয়তে কিমেনং ন জহাতীতি নামেত্যনন্তং বৈ নামানন্তা বিশ্বে দেবা অনন্তমেব স তেন লোকং জয়তি ॥

ব্যাখ্যা। [আর্ত্তভাগঃ] হে যাজ্ঞবল্ক্য ! ইতি [সম্বোধয়ন্] হ উবাচ—যত্র (যস্মিন্ সময়ে) অয়ং পুরুষঃ ম্রিয়তে ; [তদা] কিং (বস্তু) এনং (মুক্তপুরুষং) ন জহাতি (পরিত্যজতি) ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] নাম ইতি, [নাম্নঃ নিত্যত্বাৎ এনং ন জহাতি ইত্যর্থঃ]। [যতঃ] নাম বৈ (প্রসিদ্ধৌ) অনন্তং (নিত্যম্), বিশ্বে দেবাঃ [চ] অনন্তাঃ (অসংখ্যকাঃ) ; [অতঃ] সঃ (সুধীঃ) তেন (আনন্ত্যদর্শনেন) অনন্তম্ এব লোকং জয়তি।

অনুবাদ। আর্ত্তভাগ যাজ্ঞবল্ক্যকে আবার সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য ! যে সময় এই পুরুষ মৃত্যুমুখে পতিত হয়, তখন কে তাহাকে

পরিত্যাগ করে না? যাজ্ঞবল্ক্য বলিলেন,—মাত্র নাম তাহাকে ত্যাগ করে না। প্রসিদ্ধ নাম অনন্ত অর্থাৎ নিত্য; বিশ্বেদেবও অনন্ত; অতএব যিনি আনন্ত্যদৃষ্টিদ্বারা নামের উপাসনা করেন, তিনি অনন্ত ফল লাভ করিয়া থাকেন। "

১৩। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যত্রাস্য পুরুষস্য মৃতস্যাগ্নিং বাগপ্যেতি বাতং প্রাণশ্চক্ষুরাদিত্যং মনশ্চন্দ্রং দিশঃ শ্রোত্রং পৃথিবীং শরীরমাকাশমাত্মৌ-ষধীর্লোমানি বনস্পতীন্ কেশা অপ্সু লোহিতং চ রেতশ্চ নিধীয়তে ক্বায়ং তদা পুরুষো ভবতীত্যাহর সোম্য হস্তমার্ত্তভাগাবামেবৈতস্য বেদিষ্যাবো ন নাবেতৎ সজন ইতি। তৌ হোৎক্রম্য মন্ত্রয়াংচক্রাতে তৌ হ যদূচতুঃ কর্ম হৈব তদূচতুরথ যৎপ্রশশংসতুঃ কর্ম হৈব তৎপ্রশশংসতুঃ পুণ্যো বৈ পুণ্যেন কর্মণা ভবতি পাপঃ পাপেনেতি ততো হ জারৎকারব আর্ত্তভাগ উপররাম॥

ইতি দ্বিতীয়ং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। [আর্ত্তভাগঃ যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্] ইতি উবাচ

(এবম্) হ উবাচ—[হে] যাজ্ঞবল্ক্য! যত্র (যস্মিন্ সময়ে) অস্য মৃতস্য পুরুষস্য বাক্ (বাগিন্দ্রিয়াভিমানিনী দেবতা) অগ্নিম্ অপ্যেতি (প্রাপ্নোতি), [বাগাদিশব্দেন তত্তদভিমানিন্যঃ দেবতাঃ গৃহ্যন্তে] প্রাণঃ বাতং (বায়ুং), চক্ষুঃ আদিত্যং, মনঃ চন্দ্রং, শ্রোত্রং দিশঃ, শরীরং পৃথিবীং, আত্মা আকাশং (হৃদয়াকাশং), [অপ্যেতীতি শেষঃ]; লোমানি ওষধীঃ (ফলপাকান্তান্ বৃক্ষান্), কেশাঃ বনস্পতীন্ (পুষ্পরহিত-ফলধারিণঃ বৃক্ষান্) [অপিযন্তি]; লোহিতং (রক্তং) চ রেতঃ (শুক্রং) চ অপ্সু (সলিলেষু) নিধীয়তে (বিলীয়তে); তদা অয়ং পুরুষঃ ক (কুত্র) ভবতি (অবতিষ্ঠতে)? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—হে সৌম্য আর্ত্তভাগ! [ত্বম্] হস্তং অর্পয় (দেহি), আবাম্ এব এতস্য (প্রশ্নস্য) [যথাযথং তত্ত্বং] বেদিষ্যাবঃ (অবগমিষ্যাবঃ) নৌ (আবাম্) [অপি] সজনে (বহুলোকসমাকুলে স্থানে) এতৎ (তত্ত্বম্) ন [বেদিষ্যাবঃ]; [ততঃ] তৌ (যাজ্ঞবল্ক্যার্ত্তভাগৌ) হ [তস্মাৎ স্থানাৎ] উৎক্রম্য (বিনিষ্ক্রম্য) মন্ত্রয়াঞ্চক্রাতে (বিচারিতবন্তৌ); তৌ হ যদ্ উচতুঃ, তৎ হ কর্ম এব ঊচতুঃ; যৎ প্রশশংসতুঃ, কর্ম হ (প্রসিদ্ধৌ) এব প্রশশংসতুঃ; পুণ্যেন কর্মণা বৈ (এব) পুণ্যঃ (পুণ্যাত্মা) ভবতি; পাপেন (কর্মণা) পাপঃ (পাপাত্মা) [ভবতি] ইতি। ততঃ (প্রশ্নোত্তরশ্রবণাদনন্তরং) জারৎ-কারবঃ আর্ত্তভাগঃ উপররাম (প্রশ্নজিজ্ঞাসায়াঃ উপরতঃ বভূব)।

অনুবাদ। আর্ত্তভাগ যাজ্ঞবল্ক্যকে পুনর্ব্বার সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! যে সময় এই মৃত পুরুষের বাগিন্দ্রিয়াভিমানিনী দেবতা বায়ুকে, চক্ষুরভিমানিনী দেবতা সূর্য্যকে, মনের অভিমানিনী দেবতা চন্দ্রকে এবং শ্রোত্রাভিমানিনী দেবতা দিক্‌সমূহকে প্রাপ্ত হয়; আর যখন এই শরীর এবং আত্মা যথাক্রমে পৃথিবীতে এবং হৃদয়াকাশে বিলীন হয়, এবং যে কালে তাহার লোমসকল ফলপাকান্ত বৃক্ষরাজিকে, কেশরাশি বনস্পতিসমূহকে প্রাপ্ত হইয়া, দেহস্থ রক্ত ও শুক্র, জলে বিলীন হয়; তখন এই পুরুষ কোথায় অবস্থান করেন? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সৌম্য আর্ত্তভাগ! যদি এই প্রশ্নের উত্তর বিদিত হইতে অভিলাষী হও, তবে আমার হস্তে তোমার হস্ত সমর্পণ কর; আমরা জনাকীর্ণ স্থানে বসিয়া এই দুরূহ প্রশ্নের তাৎপর্য্য অবগত হইতে পারিব না, সুতরাং নির্জ্জন প্রদেশে গিয়া উক্ত প্রশ্নের যথাযথ উত্তর স্থির করিয়া পরিজ্ঞাত হইব। অতঃপর

যাজ্ঞবল্ক্য ও আর্ত্তভাগ উভয়ে নির্জ্জনে গমন করিয়া তর্ক-বিতর্কদ্বারা বিচারে প্রবৃত্ত হইলেন; পরে তাঁহারা যাহা বলিয়াছিলেন, তাহা কর্ম্মব্যতীত অপর কিছুই নহে; যাহার প্রশংসা করিয়াছিলেন, তাহাও কর্ম্মেরই প্রশংসা। এইজন্য জীব পুণ্য-কর্ম্মের দ্বারা পুণ্যাত্মা এবং পাপ-কর্ম্মের দ্বারা পাপী হইয়া তদনুরূপ ফলভোগ করে। অতঃপর আর্ত্তভাগ এইরূপ প্রশ্নোত্তর শ্রবণ করিয়া পুনরায় প্রশ্ন জিজ্ঞাসায় বিরত হইলেন।

তৃতীয়াধ্যায়ে দ্বিতীয়-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

তৃতীয়ং ব্রাহ্মণম্।

১। অথ হৈনং ভুজ্যুর্লাহ্যায়নিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ। মদ্রেষু চরকাঃ পর্যব্রজাম তে পতঞ্চলস্য কাপ্যস্য গৃহানৈম তস্যাসীদ্ দুহিতা গন্ধর্বগৃহীতা তমপৃচ্ছাম কোঽসীতি সোঽব্রবীৎ সুধন্বাঙ্গিরস ইতি, তং যদা লোকানামন্তানপৃচ্ছামাথৈনমব্রূম ক পারি-

ক্ষিতা অভবন্নিতি ক পারিক্ষিতা অভবন্ স ত্বা পৃচ্ছামি যাজ্ঞবল্ক্য ক পারিক্ষিতা অভবন্নিতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) ভুজ্যুঃ (তন্নামধেয়ঃ) লাহ্যায়নিঃ (লহ্যস্য অপত্যং লাহ্যঃ তস্য অপত্যং লাহ্যায়নিঃ) হ পপ্রচ্ছ—[হে] যাজ্ঞবল্ক্য! ইতি [সম্বোধয়ন্] হ উবাচ—[বয়ং] চরকাঃ (অধ্যয়নায় ব্রতানুষ্ঠানপরাঃ) [সন্তঃ] মদ্রেষু (তন্নামধেয়েষু দেশেষু) পর্য্যব্রজাম (পর্য্যটিতবন্তঃ); তে (বয়ং) [পর্য্যটন্তঃ] কাপ্যস্য (কপিগোত্রস্য) পতঞ্চলস্য (পতঞ্চলনামধেয়স্য) গৃহান্ (আলয়ম্) ঐম (গতবন্তঃ), তস্য (পতঞ্চলস্য) দুহিতা (কন্যা) গন্ধর্ব্বগৃহীতা (গন্ধর্ব্বেণ অমানুষেণ প্রাণিনা গৃহীতা আবিষ্টা) আসীৎ; তং (গন্ধর্ব্বম্) [দৃষ্ট্বা] অপৃচ্ছামঃ (পৃষ্টবন্তঃ)—কঃ [ত্বম্] অসি? ইতি। সঃ (গন্ধর্ব্বঃ) অব্রবীৎ—সুধন্বা (সুধন্বনামধেয়ঃ) আঙ্গিরসঃ (অঙ্গিরোগোত্রজঃ) [অহমস্মি] ইতি। তং (গন্ধর্ব্বং) যদা (যস্মিন্ কালে) লোকানাম্ (ভূরাদিলোকানাম্) অন্তান্ (পর্য্যবসানানি) অপৃচ্ছাম [বয়ং] অথ (তদা) এনং (গন্ধর্ব্বম্) অব্রূম (পৃষ্টবন্তঃ) পারিক্ষিতাঃ (পরিতঃ পাপং ক্ষীয়তে যেন সঃ পরিক্ষিৎ অশ্বমেধক্রতুঃ তদনুষ্ঠায়িনঃ পারিক্ষিতাঃ) ক (কুত্র) অভবন্, ক পারিক্ষিতাঃ অভবন্ ইতি। [হে] যাজ্ঞবল্ক্য! সঃ (অহম্) [তজ্জ্ঞানং বিদিত্বাপি] ত্বা (ত্বাং) পৃচ্ছামি ক (কুত্র) পারিক্ষিতাঃ অভবন্ ইতি।

অনুবাদ। অতঃপর লহ্যবংশসম্ভূত ভূজ্যু-নামক ঋষি যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! আমরা অধ্যয়ন করিবার নিমিত্ত ব্রহ্মচর্য্যব্রত অবলম্বনপূর্ব্বক মদ্রদেশে গমন করিয়াছিলাম; পর্য্যটনকালে একদিন কপি-গোত্রজাত পতঞ্চলনামক গৃহস্থের গৃহে উপস্থিত হই; তাঁহার একটি কন্যা গন্ধর্ব্বদ্বারা আবিষ্টা ছিল, আমরা সেই গন্ধর্ব্বকে দেখিয়া জিজ্ঞাসা করিলাম—তুমি কে? গন্ধর্ব্ব বলিল "আমি অঙ্গিরা-বংশে জন্ম গ্রহণ করিয়াছি, আমার নাম সুধন্বা। আমরা যখন তাহাকে ত্রিলোকের বিনাশসম্বন্ধীয় প্রশ্ন জিজ্ঞাসা করি, সেই সময় প্রশ্ন করিয়াছিলাম, "পারিক্ষিত অর্থাৎ অশ্বমেধযাগকারী ব্যক্তিগণ কোথায় ছিলেন এবং কোথায় থাকেন? অশ্বমেধযাজীব্যক্তিগণ কোথায় ছিলেন এবং কোথায় থাকেন"? ইহা বার বার জিজ্ঞাসা করিয়াছিলাম। [তিনিও তাহার উত্তর দিয়াছিলেন, সুতরাং আমি তাঁহার নিকট সেই বিষয় বিদিত আছি; তাহা হইলেই তোমার উত্তরে বুঝিব, তোমার

কথা সত্য কি না?] অতএব হে যাজ্ঞবল্ক্য! তাহাই তোমাকে জিজ্ঞাসা করিতেছি, সেই অশ্বমেধযাজী ব্যক্তিগণ কোথায় ছিলেন বা কোথায় থাকেন?

২। স হোবাচোবাচ বৈ সোঽগচ্ছন্বৈ তে তদ্যত্রাশ্বমেধযাজিনো গচ্ছন্তীতি ক ন্বশ্বমেধযাজিনো গচ্ছন্তীতি? দ্বাত্রিংশতং বৈ দেবরথাহ্ন্যান্যয়ং লোকস্তং সমন্তং পৃথিবী দ্বিস্তাবৎ পর্য্যেতি তাং সমন্তং পৃথিবীং দ্বিস্তাবৎ সমুদ্রঃ পর্য্যেতি তদ্যাবতী ক্ষুরস্য ধারা যাবদ্বা মক্ষিকায়াঃ পত্রং তাবানন্তরেণাকাশস্তানিন্দ্রঃ সুপর্ণো ভূত্বা বায়বে প্রাযচ্ছত্তান্ বায়ুরাত্মনি ধিত্বা তত্রাগময়দ্ যত্রাশ্বমেধযাজিনোঽভবন্নিত্যেবমিব বৈ স বায়ুমেব প্রশশংস তস্মাদ্বায়ুরেব ব্যষ্টির্বায়ুঃ সমষ্টিরপ পুনর্মৃত্যুং জয়তি য এবং বেদ, ততো হ ভুজ্যুর্লাহ্যায়নিরুপররাম॥ ইতি তৃতীয়ং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—সঃ (গন্ধর্ব্বঃ) [ভুজ্যুং] বৈ (বৈ-শব্দঃ স্মরণার্থঃ) উবাচ; তে (পারিক্ষিতাঃ) বৈ (প্রসিদ্ধৌ) তৎ (তত্র) অগচ্ছন্, যত্র (স্থানে) অশ্বমেধযাজিনঃ গচ্ছন্তি ইতি। [ভুজ্যুঃ আহ]—নু (প্রশ্নে) হে [যাজ্ঞবল্ক্য]

অশ্বমেধযাজিনঃ ক (কুত্র) গচ্ছন্তি ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—দ্বাত্রিংশতং দেবরথাহ্ন্যানি (দেবঃ আদিত্যঃ তস্য রথঃ দেবরথঃ তস্য গত্যা অহ্না যাবৎপরিমিতং স্থানং পরিচ্ছিদ্যতে তৎ দেবরথাহ্ন্যং তস্য দ্বাত্রিংশদ্গুণিতং দেবরথাহ্ন্যানি [তৎপরিমিতঃ] অয়ং বৈ লোকঃ। পৃথিবী তাবৎ তং (লোকং) সমন্তং (সমন্তাৎ) দ্বিঃ (দ্বিগুণপরিমাণবিস্তারেণ) পর্য্যেতি (ব্যাপ্তবান্) ; সমুদ্রঃ তাবৎ তাং পৃথিবীং সমন্তং (সমন্তাৎ) দ্বিঃ (দ্বিগুণেন পরিমাণেন) পর্য্যেতি ; তৎ (তত্র) যাবতী (যাবৎপরিমাণা) ক্ষুরস্য ধারা (অগ্রম্), যাবদ্ (যাবৎপরিমাণং) মক্ষিকায়াঃ পত্রম্, অন্তরেণ (অণ্ডকপালয়োঃ মধ্যে) তাবান্ (তাবৎপরিমাণঃ) আকাশঃ (ছিদ্রং) [বিদ্যতে] ; [তেন ছিদ্রেণ] ইন্দ্রঃ (পরমেশ্বরঃ) সুপর্ণঃ (পক্ষী) ভূত্বা তান্ (পারিক্ষিতান্) বায়বে প্রাযচ্ছৎ (দত্তবান্) ; বায়ুঃ তান্ (পারমেশ্বরার্পিতান্) আত্মনি ধিত্বা (বিধৃত্য) তত্র অগময়ৎ ; যত্র অশ্বমেধযাজিনঃ অভবন্ (তস্থুঃ) ইতি, এবম্ ইব (এবমেব) সঃ (গন্ধর্ব্বঃ) বৈ (প্রসিদ্ধৌ) বায়ুম্ এব প্রশশংস ; তস্মাৎ বায়ুঃ এব ব্যষ্টিঃ (বিবিধা অষ্টিঃ ব্যাপ্তিঃ), বায়ুঃ সমষ্টিঃ ; যঃ (বিদ্বান্) এবং (গুণযুক্তং বায়ুং) বেদ ; সঃ পুনঃ মৃত্যুম্ অপজয়তি (সকৃৎ মৃত্বা পুনঃ ন ম্রিয়তে)। ততঃ (আত্মনঃ প্রশ্ননির্ণয়াৎ) ভুজ্যুঃ লাহ্যায়নিঃ হ উপররাম।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—সেই গন্ধর্ব্ব

তোমাদিগকে বলিয়াছিলেন যে, পূর্ব্ববর্ত্তী অশ্বমেধ-যজ্ঞকারী ব্যক্তিগণ যেখানে গমন করিয়াছেন, পর-বর্ত্তী অশ্বমেধযজ্ঞকারী ব্যক্তিগণও তথায় গমন করিয়া থাকেন। ভুজ্যু পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! অশ্বমেধযজ্ঞকারী ব্যক্তিগণ কোথায় গমন করেন? যাজ্ঞবল্ক্য বলিলেন—আদিত্য স্বীয় রথে আরোহণ করিয়া এক দিবসে যতটা স্থান অতিক্রম করিয়া থাকেন, তাহার বত্রিশগুণপরিমিত স্থানই সেই লোক; ইহার দ্বিগুণপরিমিতা পৃথিবীই আবার উক্তলোকের চতুর্দ্দিক্ পরিবেষ্টন করিয়া রহিয়াছে; আবার ঐ পৃথিবীর দ্বিগুণপরিমিত মহাসাগর পৃথিবী বেষ্টন করিয়া আছে। ক্ষুরের ধার যেরূপ সূক্ষ্ম অথবা মক্ষিকার পাখা যেরূপ সূক্ষ্ম, সেইরূপ ব্রহ্মাণ্ড-কপালদ্বয়ের মধ্যভাগে সূক্ষ্ম আকাশরূপ ছিদ্র আছে; ইন্দ্র (হিরণ্যগর্ভরূপী পরমেশ্বর) পক্ষিরূপ ধারণ করিয়া ঐ ছিদ্রদ্বারা উক্ত অশ্বমেধযাজী ব্যক্তিদিগকে বায়ুর নিকট সমর্পণ করেন, পরে বায়ু তাঁহাদিগকে ধারণ করিয়া যেখানে অশ্বমেধযাজীরা বাস করেন,

সেই স্থানে লইয়া যান। পূর্ব্বোক্ত গন্ধর্ব্ব, বায়ুকেই পারিক্ষিতগণের গন্তব্য স্থান বলিয়া প্রশংসা করিয়াছিলেন। অতএব বায়ুই ব্যষ্টিরূপে (অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবরূপে) অবস্থিত এবং বায়ুই সমষ্টিরূপে (সূত্রাত্মরূপে) বিরাজমান; যিনি উক্ত বায়ুকে ব্যষ্টি এবং সমষ্টিরূপে অবগত হন, তিনি মৃত্যুকে জয় করিয়া থাকেন। অতঃপর ভূজ্যু স্বীয় প্রশ্নের উত্তর যথাযথরূপে কথিত হইয়াছে মনে করিয়া প্রশ্ন জিজ্ঞাসায় বিরত হইলেন।

তৃতীয়াধ্যায়ে তৃতীয়-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

চতুর্থং ব্রাহ্মণম্।

১। অথ হৈনমুষস্তশ্চাক্রায়ণঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যৎ সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা সর্বান্তরস্তং মে ব্যাচক্ষ্ব ইত্যেষ ত আত্মা সর্বান্তরঃ কতমো যাজ্ঞবল্ক্য সর্বান্তরো যঃ প্রাণেন প্রাণিতি স ত আত্মা সর্বান্তরো যোঽপানেনাপানীতি স ত আত্মা সর্বান্তরো যো ব্যানেন ব্যানীতি স ত আত্মা সর্বান্তরো য উদানে-

নোদানিতি স ত আত্মা সর্বান্তরঃ এষ ত আত্মা সর্বান্তরঃ ॥

অথ (অনন্তরম্) উষস্তঃ (তন্নামধেয়ঃ) চাক্রায়ণঃ (চক্রস্য অপত্যং চাক্রায়ণঃ) হ (প্রসিদ্ধৌ) এনং (যাজ্ঞবল্ক্যং) পপ্রচ্ছ ; [হে] যাজ্ঞবল্ক্য ! ইতি [সম্বোধয়ন্] হ (এব) উবাচ—যৎ সাক্ষাৎ অপরোক্ষাৎ (অপরোক্ষং) ব্রহ্ম ; যঃ আত্মা (প্রত্যগাত্মা) সর্বান্তরঃ (সর্বেষাম্ অভ্যন্তরস্থিতঃ) ; তং (আত্মানং) মে (মাং) ব্যাচক্ষ (বিস্পষ্টং কথয়ব) ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] এষঃ তে (তব কার্য্যকরণসংঘাতস্য) সর্বান্তরঃ (সর্বান্তর্য্যামী) আত্মা। [উষস্তঃ আহ]:হে যাজ্ঞবল্ক্য ! যঃ সর্বান্তরঃ (আত্মা) কতমঃ (কিংস্বরূপঃ) ? [যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ [মুখনাসিকাসঞ্চারিণা] প্রাণেন (প্রাণবায়ুনা) প্রাণিতি (প্রাণব্যাপারং করোতি), সঃ তে (তব) সর্বান্তরঃ আত্মা ; যঃ অপানেন অপানীতি (অপানচেষ্টাং করোতি), সঃ তে (তব) সর্বান্তরঃ আত্মা যঃ যঃ [সর্বদেহব্যাপিনা] ব্যানেন ব্যানীতি (ব্যানব্যাপারং করোতি), সঃ (বিজ্ঞানময়ঃ) তে (তব) সর্বান্তরঃ আত্মা ; যঃ [উৰ্দ্ধনয়নাবিশক্তিমতা] উদানেন উদানিতি (উদানক্রিয়াং করোতি) সঃ (বিজ্ঞানময়ঃ) তে (তব) সর্বান্তরঃ আত্মা ; এষঃ (অপরোক্ষঃ) তে (তব) সর্বান্তরঃ আত্মা।

অনুবাদ। অতঃপর চক্রের পুত্র উষস্ত-নামক ঋষি যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিলেন; যিনি সাক্ষাৎ প্রত্যক্ষসিদ্ধ ব্রহ্ম এবং যিনি সকল দেহের অভ্যন্তরস্থিত প্রত্যগাত্মা; সেই আত্মার স্বরূপ কি? তাহা আমার নিকট স্পষ্টভাবে বল। যাজ্ঞবল্ক্য বলিলেন—ইনিই তোমার দেহ ও ইন্দ্রিয়প্রভৃতির অন্তর্য্যামী আত্মা। উষস্ত বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! সেই সর্ব্বান্তর্যামী আত্মার স্বরূপ কি? তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি প্রাণের দ্বারা শ্বাসপ্রশ্বাসাদি ক্রিয়া সম্পাদন করেন, তিনিই তোমার সর্ব্বান্তর্যামী আত্মা; যিনি অপান বায়ুদ্বারা মলাদির অপনয়নক্রিয়া নিষ্পাদন করেন, তিনিই তোমার সর্ব্বান্তর্যামী আত্মা; যিনি উদান বায়ুর দ্বারা উর্দ্ধনয়নাদি ব্যাপার সম্পাদন করেন, তিনিই তোমার সর্ব্বান্তর্য্যামী আত্মা। এই অপরোক্ষ বিজ্ঞানময়ই তোমার সর্ব্বান্তর আত্মা।

২। স হোবাচোষস্তশ্চাক্রায়ণো যথা বিব্রূয়াদসৌ গৌরসাবশ্চ ইত্যেবমেবৈতদ্ব্যপদিষ্টং ভবতি যদেব

সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা সর্বান্তরস্তং মে ব্যাচক্ষ্বেত্যেষ ত আত্মা সর্বান্তরঃ কতমো যাজ্ঞবল্ক্য সর্বান্তরঃ। ন দৃষ্টের্দ্রষ্টারং পশ্যের্ন শ্রুতেঃ শ্রোতারং শৃণুয়ান্ন মতের্মন্তারং মন্বীথা ন বিজ্ঞাতের্বিজ্ঞাতারং বিজানীয়াঃ। এষ ত আত্মা সর্বান্তরোঽতোঽন্যদার্তং ততো হোষস্তশ্চাক্রায়ণ উপররাম।

ইতি চতুর্থং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। সঃ উষস্তঃ চাক্রায়ণঃ হ (প্রসিদ্ধৌ) উবাচ [কশ্চিৎ পূর্বম্ অন্যথা প্রতিজ্ঞায় পশ্চাৎ] বিব্রূয়াৎ (বিপ্রতিপন্নঃ কথয়েৎ), [কথয়েদেবম্] অসৌ গৌঃ [চলতি], অসৌ অশ্বঃ [ধাবতি] ইতি [প্রত্যক্ষং দর্শয়ামি ইতি প্রতিজ্ঞায়, পশ্চাৎ চলনাদিলিঙ্গৈঃ ব্যপদিশতি]; এবমেব এতৎ (ব্রহ্ম) [প্রাণাদিলিঙ্গৈঃ] ব্যপদিষ্টম্ [ভবেতি শেষঃ]; [ব্যাজং পরিহৃত্য] যদ্ এব সাক্ষাৎ অপরোক্ষাৎ (অপরোক্ষং) ব্রহ্ম, যঃ [চ] সর্বান্তরঃ আত্মা; তং (আত্মানং) মে (মহ্যং) ব্যাচক্ষ্ব (বিস্পষ্টং কথয়); [যাজ্ঞবল্ক্যঃ আহ] এষঃ তে (তব) সর্বান্তরঃ আত্মা; [উষস্তঃ আহ] হে যাজ্ঞবল্ক্যঃ! কতমঃ (কিংস্বরূপঃ) সর্বান্তরঃ? [যাজ্ঞবল্ক্যঃ আহ] দৃষ্টেঃ (অন্তঃকরণবৃত্তেঃ) দ্রষ্টারং (প্রত্যগাত্মানং) ন পশ্যেঃ

(দর্শনবিষয়ং ন কুর্য্যাঃ) ; [তথা] শ্রুতেঃ (শ্রবণেন্দ্রিয়জনিতান্তঃকরণবৃত্তেঃ) শ্রোতারং (শ্রবণকর্ত্তারং প্রত্যগাত্মানং) ন শৃণুয়াঃ (শ্রবণেন্দ্রিয়গোচরং ন কুর্য্যাঃ) ; মতেঃ (মনোবৃত্তেঃ) মন্তারং (মননকর্ত্তারং) ন মন্বীথাঃ (মনোগোচরং ন কুর্য্যাঃ) ; বিজ্ঞাতেঃ (কেবলায়াঃ বুদ্ধিবৃত্তেঃ) বিজ্ঞাতারং (অনুভবকর্ত্তারং) বিজানীয়াঃ (বুদ্ধিবৃত্তিবিষয়ং ন কুর্য্যাঃ)। এষঃ তে (তব) সর্ব্বান্তরঃ আত্মা ; অতঃ (এতস্মাৎ আত্মনঃ) অন্যৎ (অপরং বস্তু) আর্ত্তং (মরণশীলং) [ভবতীতি শেষঃ]। ততঃ (স্বপ্রশ্ননির্ণয়াৎ) চ উষস্তঃ চাক্রায়ণঃ হ উপররাম।

অনুবাদ। উষস্তনামধারী চাক্রায়ণ ঋষি বলিলেন,—যেমন কোন ব্যক্তি প্রথমে একপ্রকার প্রতিজ্ঞা করিয়া, পরে কার্য্যকালে সুযোগ না পাইয়া তাহার অন্যরূপ উপদেশ দিয়া থাকে, অর্থাৎ ঐ গরু যাইতেছে, ঐ অশ্ব ধাবিত হইতেছে, ইহা আমি তোমাকে প্রত্যক্ষ করাইব, প্রতিজ্ঞার পর পরিশেষে উহাদের গমনাদি ক্রিয়াদ্বারা বুঝাইয়া থাকে যে, যাহা চলে, তাহা গো, আর যাহা দ্রুত চলে, তাহা অশ্ব, সেইরূপ তুমি যে প্রাণনাদির ক্রিয়াদ্বারা

আত্মতত্ত্বর উপদেশ প্রদান করিতেছ. তাহাও ঠিক সেইরূপ অর্থাৎ তুমি প্রত্যক্ষভাবে ব্রহ্মপ্রতিপাদন করিব বলিয়া অবশেষে কার্য্যলিঙ্গক উপদেশ দ্বারা বুঝাইতেছ. অতএব তুমি ছলনা ত্যাগ কর, আর যিনি সাক্ষাৎ অপরোক্ষ ব্রহ্ম,যিনি সর্ব্বান্তর আত্মা.তৎ-সম্বন্ধেই আমার নিকট বিশেষ করিয়া বল। যাজ্ঞবল্ক্য বলিলেন—ইনিই তাহাই, অর্থাৎ আমি যাহার কথা বলিয়াছি, ইনিই সেই তোমার সর্ব্বান্তর আত্মা; উষস্ত বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তাঁহার স্বরূপ কি? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি অন্তঃকরণবৃত্তির দ্রষ্টা, তাঁহাকে দর্শনেন্দ্রিয় দ্বারা দর্শন করিতে অভিলাষী হইও না; যিনি শ্রোতা, তাঁহাকে শ্রবণেন্দ্রিয়জনিত জ্ঞানের দ্বারা প্রত্যক্ষ করিতে অভিলাষী হইও না; যিনি মনন-কর্ত্তা, তাহাকে মনোবৃত্তির দ্বারা অবগত হইতে অভিলাষী হইও না; যিনি বিজ্ঞাতা, তাঁহাকে বুদ্ধিবৃত্তিদ্বারা প্রত্যক্ষ করিতে ইচ্ছুক হইও না। আমি যাহা বলিলাম, ইনিই সেই তোমার সর্ব্বান্তর্যামী আত্মা; এই আত্মা ব্যতীত অন্য সমস্ত পদার্থই

মরণশীল। তাহার পর উষস্ত চাক্রায়ণ পুনরায় প্রশ্ন জিজ্ঞাসায় বিরত হইলেন।

তৃতীয় অধ্যায়ে চতুর্থব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

পঞ্চমং ব্রাহ্মণম্।

১। অথ হৈনং কহোলঃ কৌষীতকেয়ঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ যদেব সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা সর্বান্তরস্তং মে ব্যাচক্ষ্বেত্যেষ ত আত্মা সর্বান্তরঃ। কতমো যাজ্ঞবল্ক্য সর্বান্তরো যোঽশনায়াপিপাসে শোকং মোহং জরাং মৃত্যুমত্যেতি। এতং বৈ তমাত্মানং বিদিত্বা ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি ; যা হ্যেব পুত্রৈষণা সা বিত্তৈষণা যা বিত্তৈষণা সা লোকৈষণোভে হ্যেতে এষণে এব ভবতস্তস্মাদ্ ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং নির্বিদ্য বাল্যেন তিষ্ঠাসেৎ। বাল্যং চ পাণ্ডিত্যং চ নির্বিদ্যাথ মুনিরমৌনং চ মৌনং চ নির্বিদ্যাঽথ ব্রাহ্মণঃ স ব্রাহ্মণঃ কেন স্যাদ্ যেন স্যাত্তেনেদৃশ এবাতোঽন্যদার্ত্তং ততো হ কহোলঃ কৌষীতকেয় উপররাম॥

ইতি পঞ্চমং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) কহোলঃ (তন্নামধেয়ঃ) কৌষীত-কেয়ঃ (কুষীতকস্য অপত্যম্) এনং (যাজ্ঞবল্ক্যং) হ পপ্রচ্ছ (পৃষ্টবান্; [হে] যাজ্ঞবল্ক্য! ইতি [সম্বোধয়ন্] উবাচ যৎ সাক্ষাৎ (সাক্ষাদ্রূপেণ) অপরোক্ষাৎ (অপরোক্ষং) ব্রহ্ম; যঃ [চ] সর্বান্তরঃ আত্মা; তং (আত্মানং) মে (মহ্যম্) ব্যাচক্ষ্ব (বিস্পষ্টং কথয়) [ত্বমিতি শেষঃ] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] এষঃ (বক্ষ্যমাণঃ) তে (তব) সর্বান্তরঃ আত্মা। [কহোলঃ আহ]—[হে] যাজ্ঞবল্ক্য! [সঃ] সর্বান্তরঃ [আত্মা] কতমঃ? [যাজ্ঞবল্ক্যঃ আহ]—যঃ (আত্মা) অশ-নায়াপিপাসে (অশিতুমিচ্ছা অশনায়া পাতুমিচ্ছা পিপাসা তে অশনায়াপিপাসে ক্ষুধাতৃষ্ণে), শোকং (কামং) [কামবীজত্বাৎ শোকস্য কামার্থত্বম্], মোহং (অজ্ঞানম্ অবিদ্যারূপং), জরাং (রোগং), মৃত্যুম্ (শরীরাবসানম্) [চ] অত্যেতি (অতি-ক্রামতি)। ব্রাহ্মণাঃ (ব্রহ্মবিদঃ জনাঃ) তম্ (পূর্বোক্তং) এতম্ আত্মানং বৈ (এব) বিদিত্বা (জ্ঞাত্বা) পুত্রৈষণায়াঃ (পুত্রার্থা যা এষণা সা পুত্রৈষণা দারপরিগ্রহঃ তস্যাঃ) চ, বিত্তৈ-ষণায়াঃ (গবাদিধনার্থা যা এষণা ইচ্ছা সা বিত্তৈষণা তস্যাঃ) চ, লোকৈষণায়াঃ (স্বর্গাদিলোকপ্রাপ্ত্যর্থা যা ইচ্ছা সা লোকৈ-ষণা তস্যাঃ) চ, ব্যুত্থায় (বিনিবৃত্য) অথ (অনন্তরং) ভিক্ষা-চর্য্যং (ভিক্ষার্থং চরণং যস্মিন্ তং ভিক্ষাচর্য্যং পারিব্রাজ্যং সন্ন্যাসমিত্যর্থঃ) চরন্তি (আশ্রয়ন্তি)। [সর্বা হি সাধনেচ্ছা

কলেচ্ছেব, অতঃ একৈব এষণেতি ব্যাচষ্টে] যা হি পুত্রৈষণা সা এব বিত্তৈষণা ; যা [অপি] বিত্তৈষণা সা [হি] লোকৈষণা ; [পুনশ্চ সাধ্যসাধনভেদেন] এতে উভে হি এষণে এব ভবতঃ, [পুত্রবিত্তৈষণয়োঃ সাধনত্বং, লোকৈষণায়াঃ সাধ্যত্বম্] তস্মাৎ (এষণানাং বিনাশিত্বাৎ হেতোঃ) ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং (আত্ম-বিজ্ঞানং) নির্বিদ্য (নিঃশেষং বিদিত্বা) বাল্যেন (বলম্ আত্ম-বিজ্ঞানং তস্য ভাবঃ বাল্যং তেন) তিষ্ঠাসেৎ (স্থাতুমিচ্ছেৎ) ; বাল্যং (আত্মবিজ্ঞানভাবং) চ পাণ্ডিত্যং (আত্মবিজ্ঞানং চ নির্বিদ্য (নিশ্চয়েন জ্ঞাত্বা), অথ অনন্তরং) মুনিঃ (মননশীলঃ যোগী) [ভবতি] । অথ অমৌনং চ মৌনং চ নির্বিদ্য (নিঃশেষং কৃত্বা) ব্রাহ্মণঃ স্যাৎ ; সঃ কেন (আচরণেন) ব্রাহ্মণঃ স্যাৎ ? যেন (যেন কেনচিদাচরণেন) স্যাৎ ; তেন ঈদৃশঃ এব (পূর্বোক্ত-লক্ষণঃ এব) [ব্রাহ্মণঃ কৃতকৃত্যঃ স্যাৎ] । অতঃ (অস্মাৎ অশনায়াদ্যতীতাত্মস্বরূপাৎ) অন্যৎ (সর্বম্) আর্তম্ (বিনাশি) ; ততঃ (স্বপ্রশ্নোত্তরশ্রবণাৎ) হ (এব) কহোলঃ কৌষীতকেয়ঃ উপররাম ।

অনুবাদ। অতঃপর কহোলনামক কুশীতকের পুত্র যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! যিনি সাক্ষাৎ অপরোক্ষ ব্রহ্ম এবং যিনি দেহাদির অভ্যন্তরস্থিত আত্মা, তাঁহার স্বরূপ আমার

নিকট বল; তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন—ইনিই সর্ব্বান্তর আত্মা; কহোল বলিলেন,—সেই সর্ব্বান্তর আত্মা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি ক্ষুধা, তৃষ্ণা, শোক, মোহ, জরা এবং মৃত্যুকে অতিক্রম করিয়া বর্ত্তমান আছেন, তিনিই তোমার সেই অভিপ্রেত সর্ব্বান্তর আত্মা। এই আত্মাকে অবগত হইয়াই ব্রহ্মবিদ্ ব্যক্তিগণ পুত্রৈষণা (পুত্রলাভের নিমিত্ত পত্নীলাভকামনা,) বিত্তৈষণা (গোহিরণ্যাদির প্রাপ্তিকামনা) ও লোকৈষণা (স্বর্গাদিলোক-প্রাপ্তিকামনা) হইতে নিবৃত্ত হইয়া ভিক্ষাচর্য্য (সন্ন্যাস) গ্রহণ করেন; সন্ন্যাসের নিয়ম স্বীয় উদরপূরণের জন্য ভিক্ষা করিতে পারিবে; কিন্তু সঞ্চয় করিতে পারিবে না; ভোগস্পৃহায় বিরত হইয়া যজ্ঞোপবীতাদি পরিত্যাগে উদাসীনভাবে বিচরণ করিবে। সমস্ত সাধনবিষয়িনী ইচ্ছাকেই ফলবিষয়িনী ইচ্ছা বলা যায়, এই জন্য পুত্রৈষণা, বিত্তৈষণা এবং লোকৈষণা এই ত্রিবিধ এষণাই এক এষণা। যাহা পুত্রৈষণা, তাহাই বিত্তৈষণা, আবার যাহা বিত্তৈষণা, তাহাই লোকৈষণা। [সুতরাং

ভোগরূপ ফলবিষয়িনী ইচ্ছা সর্ব্বত্রই একরূপিণী]। পুনরায় উক্ত এষণাত্রয় সাধ্যসাধনরূপে দুই ভাগে বিভক্ত। পত্নীধন-রত্নাদি স্বর্গের সাধন আর উহাদের দ্বারাই স্বর্গসাধ্য, এইজন্য পুত্রৈষণা আর বিত্তৈষণা এই দুইটি এষণা সাধনবিষয়িনী আর লোকৈষণা ফলবিষয়িনী। অতএব যিনি ব্রাহ্মণ, তিনি আত্মজ্ঞান সম্পন্ন হইয়া বাল্যে বালকের ন্যায় অভিমানাদি-শূন্য হইয়া অথবা আত্মস্বরূপে অবস্থান করিতে অভিলাষী হইবেন, এবং আত্মস্বরূপ বিদিত হইয়া আত্মজ্ঞানলাভপূর্ব্বক মুনি (মননশীল যোগী) হইবেন। অতঃপর অমৌন (আত্মজ্ঞান ও অনাত্ম-জ্ঞান উভয়ই) সমাপ্ত করিয়া ও মৌন (অনাত্মজ্ঞান) উচ্ছেদ করিয়া ব্রাহ্মণপদবাচ্য হইবেন। কহোল বলিলেন—ব্রাহ্মণ কোন্ আচরণ করিয়া থাকিবেন ? যাজ্ঞবল্ক্য বলিলেন—তিনি যে কোন আচরণ করুন না কেন, ব্রাহ্মণই থাকিবেন ; অথচ তখন পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত ব্রাহ্মণ আপনাকে কৃতকৃত্য বলিয়াও মনে করিবেন। এই আত্মস্বরূপ ব্যতীত অন্যসকল

পদার্থই ধ্বংসশীল। ইহা শুনিয়া কৌষীতকের পুত্র কহোল আর প্রশ্ন জিজ্ঞাসা করিলেন না।

তৃতীয় অধ্যায়ে পঞ্চমব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

ষষ্ঠং ব্রাহ্মণম্।

১। অথ হৈনং গার্গী বাচক্নবী পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ—যদিদꣳ সর্বমপ্স্বোতং চ প্রোতং চ কস্মিন্নু খল্বাপ ওতাশ্চ প্রোতাশ্চেতি বায়ৌ গার্গীতি কস্মিন্নু খলু বায়ুরোতশ্চ প্রোতশ্চেত্যন্তরিক্ষলোকেষু গার্গীতি কস্মিন্নু খল্বন্তরিক্ষলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি গন্ধর্বলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু গন্ধর্বলোকা ওতাশ্চ প্রোতাশ্চেত্যাদিত্যলোকেষু গার্গীতি কস্মিন্নু খল্বাদিত্যলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি চন্দ্রলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু চন্দ্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি নক্ষত্রলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু নক্ষত্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি দেবলোকেষু গার্গীতি কস্মিন্নু খলু দেবলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতীন্দ্রলোকেষু গার্গীতি কস্মিন্নু খল্বিন্দ্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি প্রজাপতিলোকেষু গার্গীতি

কস্মিন্নু খলু প্রজাপতিলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকেষু গার্গীতি কস্মিন্ন খলু ব্রহ্মলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি স হোবাচ গার্গি মাতি প্রাক্ষীর্মা তে মূর্দ্ধা ব্যপপ্তদনতিপ্রশ্ন্যাং বৈ দেবতামতিপৃচ্ছসি গার্গি মাতি প্রাক্ষীরিতি ততো হ গার্গী বাচক্নব্যুপররাম।

ইতি ষষ্ঠং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। [অথ সর্বান্তরস্য ব্রহ্মণঃ স্বরূপাধিগমায় আশ্যকল্যব্রাহ্মণাৎ গ্রন্থঃ আরভ্যতে] অথ (অনন্তরং) হ (প্রসিদ্ধৌ) গার্গী (তন্নামধেয়া) বাচক্নবী (বচক্নোঃ দুহিতা) এনং (যাজ্ঞবল্ক্যং) পপ্রচ্ছ। [হে] যাজ্ঞবল্ক্য! ইতি [আমন্ত্রয়ন্] হ (এব) উবাচ—যদ্ ইদং সর্বং (পার্থিবং বস্তুজাতম্) অপ্সু (উদকে) ওতং (গ্রথিতং প্রতিষ্ঠিতমিত্যর্থঃ) চ প্রোতং (প্রোথিতং) চ; নু (প্রশ্নে) আপঃ (জলানি) খলু কস্মিন্ (পদার্থে) ওতাঃ চ প্রোতাঃ চ [ভবন্তি]? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! বায়ৌ ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু বায়ুঃ ওতঃ চ প্রোতঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! অন্তরিক্ষলোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু অন্তরিক্ষলোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! গন্ধর্বলোকেষু [আতানবিতানভাবেন পটতন্তুবদ্ অবতিষ্ঠন্তে] ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু গন্ধর্বলোকাঃ

ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ] গার্গি! আদিত্যলোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু আদিত্য-লোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! চন্দ্রলোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু চন্দ্রলোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! নক্ষত্রলোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু নক্ষত্রলোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! দেবলোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু দেবলোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! ইন্দ্র-লোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু ইন্দ্রলোকাঃ ওতাঃ চ (প্রোতাঃ চ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ] গার্গি! প্রজাপতি-লোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু প্রজাপতিলোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—গার্গি! ব্রহ্মলোকেষু ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ খলু ব্রহ্মলোকাঃ ওতাঃ চ প্রোতাঃ চ? ইতি। সঃ (যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—[হে] গার্গি! মা অতিপ্রাক্ষীঃ (প্রশ্নজিজ্ঞাসান্যায়মতীত্য ন জিজ্ঞাসা-কার্ষীঃ) [পৃচ্ছন্ত্যাঃ] তে (তব) মূর্দ্ধা [চেৎ] মা ব্যপপ্তৎ (ধ্রুবং ন পতেৎ)। [হে] গার্গি! [আগমেন প্রষ্টব্যাং দেবতাং চেদনুমানেন পৃচ্ছসি, তর্হি তাম্,] অনতিপ্রশ্ন্যাম্ (প্রশ্নাবিষয়াম্) বৈ (এব) দেবতাম্ অতিপৃচ্ছসি; [অত তাদৃশং প্রশ্নং] মা অতিপ্রাক্ষীঃ ইতি। ততঃ (যাজ্ঞবল্ক্যঃ-

বাক্যশ্রবণাৎ) হ (এব) বাচক্নবী গার্গী উপররাম (প্রশ্ন-জিজ্ঞাসায়াঃ বিরতঃ বভূব)।

অনুবাদ। অতঃপর বচক্ন-দুহিতা গার্গী যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! এই পরিদৃশ্যমান সমুদায় পার্থিব বস্তু জলে ওতপ্রোত-ভাবে অবস্থিত রহিয়াছে; সেই জল আবার কাহাতে ওতপ্রোত ভাবে আছে? যাজ্ঞবল্ক্য বলিলেন,—হে গার্গি! বায়ুতে অবস্থিত আছে। গার্গী বলিলেন, বায়ু কোন্ পদার্থে ওতপ্রোতভাবে রহিয়াছে? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! অন্তরিক্ষলোকে অবস্থিত আছে। গার্গী পুনরায় জিজ্ঞসা করিলেন—অন্তরিক্ষলোক কাহাতে ওতপ্রোতভাবে আছে? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! গন্ধর্ব্বলোকে। গার্গী পুনঃ প্রশ্ন করিলেন—গন্ধর্ব্বলোক কাহাতে ওতপ্রোত-ভাবে অবস্থিত রহিয়াছে? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! আদিত্যলোকে। গার্গী পুনরায় প্রশ্ন করিলেন—আদিত্যলোক কাহাতে অবস্থিত আছে? যাজ্ঞবল্ক্য বলিলেন, গার্গি! চন্দ্রলোকে। গার্গী পুনর্ব্বার প্রশ্ন

জিজ্ঞাসা করিলেন—চন্দ্রলোক কাহাতে ওতপ্রোত-ভাবে অবস্থান করিতেছে? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! নক্ষত্রলোকে। গার্গী পুনরপি প্রশ্ন জিজ্ঞাসা করিলেন—নক্ষত্রলোক কাহাতে ওতপ্রোতভাবে অবস্থিত আছে? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! দেবলোকে। গার্গী আবার জিজ্ঞাসা করিলেন—দেবলোক কাহাতে ওতপ্রোতভাবে অবস্থিত? যাজ্ঞবল্ক্য বলিলেন, গার্গি! ইন্দ্রলোকে। আবার গার্গী প্রশ্ন জিজ্ঞাসা করিলেন—ইন্দ্রলোক কাহাতে ওতপ্রোতভাবে অবস্থান করে? যাজ্ঞবল্ক্য বলিলেন প্রজাপতিলোকে। গার্গী পুনরায় প্রশ্ন জিজ্ঞাসা করিলেন—প্রজাপতিলোক কাহাতে ওতপ্রোতভাবে অবস্থিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! ব্রহ্মলোকে। গার্গী পুনরায় প্রশ্ন করিলেন, ব্রহ্মলোক কাহাতে ওতপ্রোত ভাবে রহিয়াছে? যাজ্ঞবল্ক্য বলিলেন—গার্গি! প্রশ্নজিজ্ঞসার নীতি অতিক্রম করিও না। এরূপ প্রশ্ন জিজ্ঞাসা করিলে তোমার মস্তক অবশ্যই স্খলিত হইবে; অতএব হে গার্গি! আগম

দ্বারা জিজ্ঞাসিত দেবতাকে যদি অনুমানের দ্বারা জিজ্ঞাসা কর, তাহা হইলে সেই প্রশ্ন অযোগ্য কর। অতএব সেইরূপ প্রশ্ন জিজ্ঞাসা হইতে বিরত হও। তাহার পর বাচক্নু দুহিতা গার্গী প্রশ্ন জিজ্ঞাসায় বিরত হইলেন।

তৃতীয় অধ্যায়ে ষষ্ঠ ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

সপ্তমং ব্রাহ্মণম্

১। অথ হৈনমুদ্দালক আরুণিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যেতি হোবাচ মদ্রেষ্ববসাম পতঞ্চলস্য কাপ্যস্য গৃহেষু যজ্ঞমধীয়ানাস্তস্যাসীদ্ভার্যা গন্ধর্বগৃহীতা তমপৃচ্ছাম—কোঽসীতি সোঽব্রবীৎ কবন্ধ আথর্বণ ইতি সোঽব্রবীৎ পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকাংশ্চ বেত্থ নু ত্বং কাপ্য তৎসূত্রং যেনায়ং চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি সংদৃব্ধানি ভবন্তীতি সোঽব্রবীৎ-পতঞ্চলঃ কাপ্যো নাহং তদ্ভগবন্ বেদেতি সোঽব্রবীৎ-পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকাংশ্চ বেত্থ নু ত্বং কাপ্য তমন্তর্যামিণং য ইমং চ লোকং পরং চ লোকং সর্বাণি চ ভূতানি যোঽন্তরো যময়তীতি সোঽব্রবীৎ

পতঞ্চলঃ কাপ্যো নাহং তং ভগবন্ বেদেতি সোঽব্রবীৎ পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকাংশ্চ যো বৈ তৎকাপ্য সূত্রং বিদ্যাত্তং চান্তর্যামিণমিতি স ব্রহ্মবিৎ স লোকবিৎ স বেদবিৎ স ভূতবিৎ স আত্মবিৎ স সর্ববিদিতি। তেভ্যোঽব্রবীত্তদহং বেদ তচ্চেত্ত্বং যাজ্ঞবল্ক্য সূত্রমবিদ্বাংস্তং চান্তর্যামিণং ব্রহ্মগবীরুদজসে মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি। বেদ বা অহং গৌতম তৎসূত্রং তং চান্তর্যামিণমিতি যো বা ইদং কশ্চিদ্ ব্রূয়াদ্বেদ বেদেতি যথা বেত্থ তথা ব্রূহীতি।

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) আরুণিঃ (অরুণপুত্রঃ) উদ্দালকঃ (নামধেয়ঃ) [কশ্চিদ্ ঋষিঃ] পপ্রচ্ছ; [হে] যাজ্ঞবল্ক্য! ইতি [সম্বোধয়ন্] হ উবাচ - মদ্রেষু (মদ্রনামধেয়দেশেষু) কাপ্যস্য (কপিগোত্রস্য) পতঞ্চলস্য গৃহেষু যজ্ঞম্ (যজ্ঞশাস্ত্রম্) অধীয়ানাঃ (অপঠন্তঃ) অবসাম (উষিতবন্তঃ) [বয়মিতি শেষঃ]। তস্য (পতঞ্চলস্য) ভার্য্যা (পত্নী) গন্ধর্বগৃহীতা (গন্ধর্বেণ আবিষ্টা) আসীৎ। [বয়ং] তম্ (গন্ধর্বম্) অপৃচ্ছাম—কঃ (কিন্নামধেয়ঃ) [ত্বম্] অসি? ইতি। সঃ (গন্ধর্বঃ) অব্রবীৎ—আথর্বণঃ (অথর্বণঃ অপত্যম্) কবন্ধঃ (তন্নামধেয়ঃ) [অস্মি] ইতি।

সঃ (গন্ধর্বঃ) কাপ্যং পতঞ্চলং যাজ্ঞিকান্ (যজ্ঞশাস্ত্রার্থিনঃ তচ্ছিষ্যান্) চ অব্রবীৎ—[হে] কাপ্য ! ত্বং নু (খলু) তৎ (প্রসিদ্ধং) সূত্রম্ (সূত্রাত্মানং) বেত্থ (জানাসি) ? যেন (সূত্রাত্মনা) অয়ং চ লোকঃ (ইদং চ জন্ম), পরঃ চ লোকঃ (পরং চ জন্ম) সর্বাণি ভূতানি (ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানি) চ [সূত্রেণ মালেব] সন্দৃব্ধানি (সংগ্রথিতানি) ভবন্তি ইতি। সঃ কাপ্যঃ পতঞ্চলঃ অব্রবীৎ—[হে] ভগবন্ ! অহং তৎ ন বেদ (জানামি) ইতি ; সঃ (গন্ধর্বঃ) কাপ্যং পতঞ্চলং যাজ্ঞিকান্ চ [ভূয়ঃ] অব্রবীৎ (অপৃচ্ছৎ)—[হে] কাপ্য ! ত্বং নু (খলু) তম্ অন্তর্য্যামিণং বেত্থ (জানাসি) ? যঃ (অন্তর্যামী) সর্বাণি চ ভূতানি যময়তি (নিয়ময়তি স্বং স্বং ব্যাপারং কারয়তি), যঃ [চ] অন্তরঃ (অভ্যন্তরস্থঃ) [সন্] ইমং চ লোকং পরং চ লোকং [তানি ভূতানি দারুযন্ত্রমিব ভ্রাময়তি] ; সঃ পতঞ্চলঃ কাপ্যঃ অব্রবীৎ—[হে] ভগবন্ ! অহং তং (অন্তর্যামিণং) ন বেদ (জানামি) ইতি। সঃ (গন্ধর্বঃ) পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকান্ চ অব্রবীৎ—[হে] কাপ্য। যঃ (জনঃ) তৎ সূত্রং (সূত্রাত্মানং) বৈ (এব) ইতিং চ অন্তর্যামিণম্ ইতি (ইত্থং) বিদ্যাৎ (জানীয়াৎ) ; সঃ (জনঃ) ব্রহ্মবিৎ (পরমাত্মবিৎ), সঃ লোকবিৎ (ভূরাদিলোকবিৎ), সঃ দেববিৎ (অগ্ন্যাদিদেববিৎ), সঃ বেদবিৎ (সামাদিবেদবিৎ), সঃ ভূতবিৎ (ব্রহ্মাদিভূতবিৎ), সঃ আত্মবিৎ (কর্তৃত্বাস্পদাত্মবিৎ),

সঃ সর্ববিদ্ ইতি তেভ্যঃ (কাপ্যাদিভ্যঃ) অব্রবীৎ ; অহং তৎ (সূত্রান্তর্যামিবিজ্ঞানং) বেদ (জানামি)। [হে] যাজ্ঞবল্ক্য ! চেৎ (যদি) ত্বং তৎ সূত্রং, তং চ অন্তর্যামিণং অবিদ্বান্ (অজানন্) [সন্] ব্রহ্মগবীঃ (ব্রহ্মবিদাং স্বভূতাঃ গাঃ উদজসে (উন্নয়সি) [অন্যায়েনেতি শেষঃ]; [তর্হি মচ্ছাপ-দগ্ধস্য] তে (তব) মূর্দ্ধা (শিরঃ) বিপতিষ্যতি (বিস্পষ্টং পতিষ্যতি) ইতি। যাজ্ঞবল্ক্যঃ আহ]—[হে] গৌতম ! অহং তৎ সূত্রং, তং চ অন্তর্যামিণং বৈ (এব) বেদ (জানামি) ইতি। [গোতমবংশধরঃ উদ্দালকঃ আহ]—যঃ কশ্চিদ্ বৈ (এব) ইদং ব্রূয়াৎ [অহং] বেদ (জানামি) [অহম্] বেদ ইতি। [জানামীতি আত্মশ্লাঘয়া কিম্] যথা বেত্থ (জানাসি) [ত্বং] তথা [তৎ] ব্রূহি (কথয়)।

অনুবাদ। অতঃপর অরুণতনয় উদ্দালক যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন, যখন আমরা যজ্ঞশাস্ত্র অধ্যয়ন করিবার নিমিত্ত মদ্রদেশবাসী কপিগোত্রীয় পতঞ্জলনামক ঋষির গৃহে বাস করিতে-ছিলাম; তখন তাঁহার পত্নী কোন গন্ধর্ব্বদ্বারা আবিষ্টা অর্থাৎ আসক্তা ছিল। আমরা সেই গন্ধর্ব্বকে জিজ্ঞাসা করিলাম যে, তুমি কে ? তদুত্তরে গন্ধর্ব্ব

বলিল—আমিঅথর্ব্বা ঋষির পুত্র, আমার নাম কবন্ধ। পুনরায় গন্ধর্ব্ব কপিবংশজাত পতঞ্জল ঋষিকে এবং যজ্ঞাশাস্ত্রাধ্যায়ী তাঁহার শিষ্যদিগকে সম্বোধনে পতঞ্জলকে লক্ষ্য করিয়া বলিলেন—হে কাপ্য ! তুমি কি সেই সূত্রাত্মাকে জান—যে সূত্রাত্মাদ্বারা ইহ এবং পরজন্মে ব্রহ্মাদিস্থাবরপর্য্যন্ত প্রাণিসকল সূত্রগ্রথিত মণির ন্যায় সংযুক্ত আছে ? কপিবংশধর পতঞ্জল বলিলেন, হে ভগবন্! আমি তাঁহাকে জানি না। অতঃপর গন্ধর্ব্ব পতঞ্জল এবং তদীয় যজ্ঞশাস্ত্রাধ্যায়ী শিষ্যবৃন্দকে সম্বোধন করিয়া বলিলেন, হে কপিবংশীয় পতঞ্জল! তুমি কি সেই অন্তর্যামীকে জান—যিনি ব্রহ্মাদিস্থাবরান্ত প্রাণিদিগকে স্বীয় কার্য্যে নিয়োজিত করেন এবং যিনি সর্ব্বভূতে অবস্থিত থাকিয়া ইহ এবং পরজন্মে প্রাণিসকলকে দারুযন্ত্রের ন্যায় ভ্রমণ করান ? পতঞ্জল বলিলেন—হে ভগবন্! আমি সেই অন্তর্যামীকে জানি না। তখন গন্ধর্ব্ব পুনরায় পতঞ্জল এবং যজ্ঞশাস্ত্রাধ্যায়ী শিষ্যদিগকে সম্বোধনপূর্ব্বক পতঞ্জলকে লক্ষ্য করিয়া

বলিলেন—হে পতঞ্জল, যিনি সেই সূত্রাত্মা এবং অন্তর্যামীকে জানেন, তিনি পরমাত্মজ্ঞ বলিয়া, ভূরাদি ত্রিলোক, ইন্দ্রাদি দেবতা, সামাদি চারিবেদ, ব্রহ্মাদি সমুদায় প্রাণী এবং দেহাধিষ্ঠিত জীবাত্মাকে জানিতে পারেন,তাঁহার আর কিছুই অবিদিত থাকে না। ইহা তিনি পতঞ্জল এবং তদীয় শিষ্যবৃন্দের নিকট বলিয়াছিলেন। হে যাজ্ঞবল্ক্য! আমি সেই সূত্রাত্মাকে জানি; যদি তুমি সেই সূত্রাত্মা এবং অন্তর্যামীকে না জানিয়া ব্রহ্মবিৎ ব্রাহ্মণদিগের প্রাপ্য গোসকল অন্যায়ভাবে লইয়া যাও; তাহা হইলে আমাদের শাপে তোমার মস্তক স্খলিত হইয়া পড়িবে। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে গোতমবংশজাত উদ্দালক, আমি সেই সূত্রাত্মা এবং অন্তর্য্যামীকে জানি। তাহা শুনিয়া উদ্দালক বলিলেন—অনেকেই ইহা বলিয়া থাকেন যে, "আমি ইহা জানি, আমি ইহা জানি"। আমি জানি এই আত্মশ্লাঘায় ফল কি? যদি তোমার জানা থাকে, তবে যেরূপ জান, তাহা ব্যক্ত করিয়া বল।

২। স হোবাচ বায়ুর্বৈ গৌতম তৎ সূত্রম্,বায়ুনা

বৈ গৌতম সূত্রেণায়ং চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি সন্দৃব্ধানি ভবন্তি তস্মাদ্বৈ গৌতম পুরুষং প্রেতমাহুর্ব্যস্রংসিষতাস্যাঙ্গানীতি বায়ুনা হি গৌতম সূত্রেণ সন্দৃব্ধানি ভবন্তীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্যান্তর্যামিণং ব্রূহীতি।

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—[হে] গৌতম! বায়ুঃ (সমষ্টিব্যষ্টিরূপঃ) বৈ (প্রসিদ্ধো) তৎ (পূর্বোক্তং) সূত্রং [ভবতি]। [হে] গৌতম! বায়ুনা (বায়ুরূপেণ সূত্রেণ বৈ (এব) অয়ং চ লোকঃ (ইদং জন্ম), পরঃ চ লোকঃ (পরং চ জন্ম) সর্বাণি চ ভূতানি সন্দৃব্ধানি (সংগ্রথিতানি) ভবন্তি; [হে] গৌতম! তস্মাৎ (হেতোঃ) বৈ (এব) প্রেতং (মৃতং) পুরুষম্ আহুঃ (কথয়ন্তি) [জনাঃ ইতি শেষঃ]—অস্য (মৃতজনস্য) অঙ্গানি ব্যস্রংসিষত (বিস্রস্তানি বিশ্লিষ্টানীত্যর্থঃ) ইতি। হি (যতঃ) [হে] গৌতম! বায়ুনা সূত্রেণ [সূত্রেণ যথা মালা গ্রথিতা, তথা অঙ্গানি] সন্দৃব্ধানি (গ্রথিতানি) ভবন্তি ইতি। [উদ্দালকঃ আহ] যাজ্ঞবল্ক্য! এতৎ (ভবদুক্তসূত্রং) এবমেব (ইত্থমেব) [ভবিতুমর্হতি]। [ইদানীম্] অন্তর্যামিণং ব্রূহি (কথয়) ইতি।

অনুবাদ। তখন যাজ্ঞবল্ক্য বলিলেন—হে

গৌতম! সমষ্টি এবং ব্যষ্টিভূত বায়ুই সেই সূত্র। হে গৌতম, সেই বায়ুরূপ সূত্রদ্বারাই ইহলোকে এবং পরজন্মে ব্রহ্মাদিস্থাবরপর্য্যন্ত সমুদায় প্রাণী গ্রথিত রহিয়াছে। হে গৌতম! সেই জন্য লোকে মৃত ব্যক্তিকে লক্ষ্য করিয়া বলিয়া থাকে যে, ইহার অঙ্গসকল বিশ্লিষ্টভাবাপন্ন হইয়াছে; কারণ হে গৌতম! সূত্রদ্বারা গ্রথিত মালার ন্যায় বায়ুরূপ সূত্র-দ্বারা সমুদায় অঙ্গ গ্রথিত আছে। উদ্দালক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! আপনি যাঁহাকে সূত্র বলিয়া নিরূপণ করিয়াছেন, তাহা যথার্থই বটে; সম্প্রতি অন্তর্য্যামীর স্বরূপ আমার নিকট বর্ণন করুন।

৩। যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ যস্য পৃথিবী শরীরং যঃ পৃথিবীমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ পৃথিব্যাং তিষ্ঠন্, পৃথিব্যাঃ অন্তরঃ (অভ্যন্তরঃ) [ভবতি]; যং পৃথিবী ন বেদ, যস্য পৃথিবী শরীরং (দেহকল্পং) যঃ অন্তরঃ [সন্] পৃথিবীং যময়তি (নিয়ময়তি); এষঃ তে (তব) অমৃতঃ (অবিনাশধর্ম্মী) অন্তর্যামী (অভ্যন্তরনিয়মনকারী) আত্মা।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন, যিনি পৃথিবীতে থাকিয়াও পৃথিবী হইতে ব্যবহিত, যাঁহাকে পৃথিবী জানে না এবং পৃথিবী যাঁহার শরীর, যিনি পৃথিবীর অভ্যন্তরে থাকিয়া পৃথিবীকে নিয়মিত করেন; তিনিই তোমার সেই অমরণধর্ম্মা অন্তর্য্যামী আত্মা।

৪। যোঽপ্সু তিষ্ঠন্নদ্ভ্যোঽন্তরো যমাপো ন বিদুর্যস্যাপঃ শরীরং যোঽপোঽন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ আহঃ] যঃ অপ্সু (জলেষু) তিষ্ঠন্ অদ্ভ্যঃ অন্তরঃ (অভ্যন্তরঃ); আপঃ (অবভিমানিন্যঃ দেবতাঃ) যং ন বিদুঃ (জানাতি); আপঃ (অব্দেবতাঃ) যস্য শরীরম্; যঃ অন্তরঃ (অভ্যন্তরঃ [সন্] অপঃ যময়তি (নিয়ময়তি); এষঃ তে (তব) অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি জলে থাকিয়াও জল হইতে ব্যবহিত; জলাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না; অথচ জল যাঁহার শরীর এবং যিনি জলের অভ্যন্তরে থাকিয়া জলাভিমানিনী দেবতা এবং জলকে নিয়মিত করেন; তিনিই তোমার অন্তর্যামী অবিনাশী আত্মা।

৫। যোঽগ্নৌ তিষ্ঠন্নগ্নেরন্তরো যমগ্নির্ন বেদ যস্যাগ্নিঃ শরীরং যোঽগ্নিমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ ॥

ব্যাখ্যা। যঃ অগ্নৌ তিষ্ঠন্ অগ্নেঃ অন্তরঃ (অভ্যন্তরঃ ব্যবহিত ইত্যর্থঃ); অগ্নিঃ (অগ্নিদেবতা) যং (অন্তর্যামিনং) ন বেদ; অগ্নিঃ যস্য শরীরম্; যঃ [অগ্নেঃ] অন্তরঃ [সন্] অগ্নিং যময়তি; এষঃ তে (তব) অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি অগ্নিতে অবস্থিত থাকিয়াও অগ্নি হইতে ব্যবহিত; যাহাকে অগ্নিদেবতা জানেন না এবং অগ্নি যাঁহার শরীর; যিনি অগ্নির অভ্যন্তরে থাকিয়া তাহাকে তদীয় স্বব্যাপারে নিয়মিত করেন; তিনিই তোমার অন্তর্য্যামী অবিনাশী আত্মা।

৬। যোঽন্তরিক্ষে তিষ্ঠন্নন্তরিক্ষাদন্তরো যমন্তরিক্ষং ন বেদ যস্যান্তরিক্ষং শরীরং যোঽন্তরিক্ষমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ ॥

ব্যাখ্যা। যঃ অন্তরিক্ষে (আকাশে) তিষ্ঠন্ অন্তরিক্ষাদ্

অন্তরঃ ; অন্তরিক্ষং যং (অন্তর্যামিণং) ন বেদ ; অন্তরিক্ষং যস্য শরীরম্ ; যঃ [অন্তরিক্ষস্য] অন্তরঃ [সন্] অন্তরিক্ষং যময়তি (নিয়ময়তি) ; এষঃ তে (তব) অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি আকাশে অবস্থিত থাকিয়াও আকাশ হইতে ব্যবহিত; আকাশাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না এবং আকাশ যাঁহার শরীর; যিনি আকাশের অভ্যন্তরে থাকিয়া আকাশকে নিয়মিত করেন ; তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

৭। যো বায়ৌ তিষ্ঠন্ বায়োরন্তরো যং বায়ুর্ন বেদ যস্য বায়ুঃ শরীরং যো বায়ুমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ বায়ৌ তিষ্ঠন্ বায়োঃ অন্তরঃ ; বায়ুঃ (বায়ু-দেবতা) যং ন বেদ ; বায়ুঃ যস্য শরীরম্ ; যঃ [বায়োঃ] অন্তরঃ [সন্] বায়ুং যময়তি ; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি বায়ুতে অধিষ্ঠিত থাকিয়াও

বায়ু হইতে ব্যবহিত, বায়ুর অভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না এবং বায়ু যাঁহার শরীর, যিনি বায়ুর অভ্যন্তরে থাকিয়া বায়ুকে নিয়মিত করেন; তিনি তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

৮। যো দিবি তিষ্ঠন্ দিবোঽন্তরো যং দ্যৌর্ন বেদ যস্য দ্যৌঃ শরীরং যো দিবমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ দিবি (দ্যুলোকে) তিষ্ঠন্ দিবঃ অন্তরঃ; দ্যৌঃ (দ্যুলোকাভিমানিনী দেবতা) যং ন বেদঃ; দ্যৌঃ যস্য শরীরং; যঃ [দ্যুলোকস্য] অন্তরঃ [ভূত্বা] দিবং যময়তিঃ এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি দ্যুলোকে অবস্থিত থাকিয়াও দ্যুলোক হইতে ব্যবহিত আছেন, দ্যুলোকাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না এবং দ্যুলোক যাঁহার শরীর; যিনি দ্যুলোকের অভ্যন্তরে থাকিয়া দ্যুলোককে নিয়মিত করেন, তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

৯। য আদিত্যে তিষ্ঠন্নাদিত্যাদন্তরো যমাদিত্যো

ন বেদ যস্যাদিত্যঃ শরীরং য আদিত্যমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ আদিত্যে তিষ্ঠন্ আদিত্যাৎ অন্তরঃ; আদিত্যঃ (সূর্য্যদেবঃ) যং ন বেদ; যস্য আদিত্যঃ শরীরম্; যঃ [আদিত্যস্য] অন্তরঃ [ভূত্বা] আদিত্যং যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি আদিত্যে অধিষ্ঠিত থাকিয়াও আদিত্য হইতে ব্যবহিত; সূর্য্যদেব যাঁহাকে জানেন না এবং আদিত্য যাঁহার শরীর; যিনি আদিত্যের অভ্যন্তরে থাকিয়া আদিত্যকে নিয়মিত করেন, তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

১০। যো দিক্ষু তিষ্ঠন্ দিগ্‌ভ্যোঽন্তরো যং দিশো ন বিদুর্যস্য দিশঃ শরীরং যো দিশোঽন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ দিক্ষু তিষ্ঠন্ দিগ্‌ভ্যঃ অন্তরঃ; দিশঃ যং ন বিদুঃ; যস্য দিশঃ শরীরম্ যঃ [দিশম্] অন্তরঃ [ভূত্বা] দিশঃ যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃত আত্মা।

অনুবাদ। যিনি সকল দিকে থাকিয়াও দিক্‌পুঞ্জ হইতে ব্যবহিত, দিক্‌সকল যাঁহাকে জানে না এবং দিক্‌সকলই যাঁহার শরীর; যিনি দিকের অন্তর হইয়াও দিক্ সকলকে নিয়মিত করিতেছেন, সেই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

১১। যশ্চন্দ্রতারকে তিষ্ঠংশ্চন্দ্রতারকাদন্তরো যং চন্দ্রতারকং ন বেদ যস্য চন্দ্রতারকং শরীরং যশ্চন্দ্রতারকমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ চন্দ্রতারকে (চন্দ্রে নক্ষত্রমণ্ডলে চ) তিষ্ঠন্ চন্দ্রতারকাৎ অন্তরঃ চন্দ্রতারকং (চন্দ্রাভিমানিনী নক্ষত্রাভিমানিনী চ দেবতা) যং ন বেদ, চন্দ্রতারকং যস্য শরীরম্; যঃ [চন্দ্রস্য নক্ষত্রাণাং চ] অন্তরঃ [সন্] চন্দ্রতারকং যময়তি এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি চন্দ্রে এবং নক্ষত্রমণ্ডলে থাকিয়া চন্দ্র ও নক্ষত্রমণ্ডল হইতে ব্যবহিত; চন্দ্রাভিমানিনী এবং নক্ষত্রাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, চন্দ্র এবং নক্ষত্র যাঁহার দেহ, যিনি চন্দ্র এবং নক্ষত্রসমূহকে নিয়মিত করেন, তিনিই তোমার অন্তর্যামী অবিনাশী আত্মা

১২। য আকাশে তিষ্ঠন্নাকাশাদন্তরো যমাকাশো ন বেদ যস্যাকাশঃ শরীরং য আকাশমন্তরো যময়-ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ আকাশে তিষ্ঠন্ আকাশাৎ অন্তরঃ (অভ্যন্তরঃ); আকাশঃ যং ন বেদ; আকাশঃ যস্য শরীরম্, যঃ [আকাশস্য] অন্তরঃ [ভূত্বা] আকাশং যময়তি এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি আকাশে থাকিয়া আকাশ হইতে ব্যবহিত; আকাশাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না এবং আকাশ যাঁহার শরীর, যিনি আকাশের অভ্যন্তরে থাকিয়া আকাশকে নিয়মিত করেন; তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

১৩। যস্তমসি তিষ্ঠংস্তমসোঽন্তরো যং তমো ন বেদ যস্য তমঃ শরীরং যস্তমোঽন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ তমসি (অন্ধকারে) তিষ্ঠন্ তমসঃ অন্তরঃ, তমঃ (তমোঽভিমানিনী দেবতা) যং ন বেদ, তমঃ যস্য শরীরম্ যঃ [তমসঃ] অন্তরঃ [ভূত্বা] তমঃ যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি অন্ধকারে থাকিয়া অন্ধকার হইতে ব্যবহিত এবং অন্ধকার যাঁহার শরীর; যিনি অন্ধকারের অভ্যন্তরে থাকিয়া অন্ধকারকে নিয়মিত করেন, তিনিই তোমার অন্তর্য্যামী অবিনাশী আত্মা।

১৪। যস্তেজসি তিষ্ঠংস্তেজসোঽন্তরো যং তেজো ন বেদ যস্য তেজঃ শরীরং যস্তেজোঽন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃত ইত্যধিদৈবতমথাধিভূতম্ ॥

ব্যাখ্যা। যঃ তেজসি (প্রকাশে) তিষ্ঠন্ তেজসঃ অন্তরঃ, তেজঃ যং ন বেদ, তেজঃ যস্য শরীরম্, যঃ [তেজসঃ] অন্তরঃ [ভূত্বা] তেজঃ যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা; ইতি (এবম্) অধিদৈবতম্ (অধিষ্ঠাতৃদেবতাসু) [অন্তর্যামিবিষয়ং দর্শনমুক্তং]। অথ (অনন্তরং) অধিভূতম্ (ভূতানি অধিকৃত্য) [দর্শনমুচ্যতে]।

অনুবাদ। যিনি প্রকাশে অবস্থিত থাকিয়া প্রকাশ হইতে ব্যবহিত; প্রকাশাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না এবং প্রকাশ যাঁহার শরীর, যিনি প্রকাশের অভ্যন্তরে থাকিয়া প্রকাশকে

নিয়মিত করেন; তিনি তোমার অন্তর্যামী অমৃত আত্মা। এইরূপে অধিষ্ঠিত দেবতার অন্তর্যামী বিষয়ক দর্শন বলা হইল। অতঃপর অধিভূতবিষয়ক দর্শন বলিতেছেন।

১৫। যঃ সর্বেষু ভূতেষু তিষ্ঠন্ সর্বেভ্যো ভূতেভ্যোঽন্তরো যং সর্বাণি ভূতানি ন বিদুর্যস্য সর্বাণি ভূতানি শরীরং যঃ সর্বাণি ভূতান্যন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃত ইত্যধিভূতমথাধ্যাত্মম্ ॥

ব্যাখ্যা। যঃ সর্বেষু ভূতেষু তিষ্ঠন্ সর্বেভ্যঃ ভূতেভ্যঃ অন্তরঃ; সর্বাণি ভূতানি যস্য শরীরম্, যঃ [সর্বেষাং ভূতানাম্] অন্তরঃ [ভূত্বা] সর্বাণি ভূতানি যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা, ইতি (এবম্) অধিভূতম্ (অধিভূতেষু) [অন্তর্যামিবিষয়ং দর্শনমুক্তং]। অথ (অনন্তরং) অধ্যাত্মম্ [দর্শনম্ উচ্যতে]।

অনুবাদ। যিনি সমুদায় ভূতে থাকিয়া সমস্ত ভূত হইতে ব্যবহিত এবং সমস্ত ভূত যাঁহার শরীর, যিনি ভূতগণের অভ্যন্তরে থাকিয়া ভূতগণকে নিয়মিত করেন; তিনি তোমার অন্তর্যামী অমৃত

আত্মা। এইরূপে অধিভূত অর্থাৎ ভূতবিষয়ক দর্শন বলা হইল; অতঃপর আত্মবিষয়ক দর্শন বলা হইতেছে।

১৬। যঃ প্রাণে তিষ্ঠন্ প্রাণাদন্তরো যং প্রাণো ন বেদ যস্য প্রাণঃ শরীরং যঃ প্রাণমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ [পঞ্চবৃত্ত্যাত্মকে] প্রাণে তিষ্ঠন্ প্রাণাৎ অন্তরঃ; প্রাণঃ যং ন বেদ; প্রাণঃ যস্য শরীরম্; যঃ [প্রাণস্য] অন্তরঃ [ভূত্বা] প্রাণং যময়তি; এষ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণে অবস্থিত থাকিয়া প্রাণ হইতে ব্যবহিত এবং প্রাণ যাঁহাকে জানে না, প্রাণ যাঁহার শরীর, যিনি প্রাণের অভ্যন্তরে থাকিয়া প্রাণকে নিয়মিত করেন; তিনি তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

১৭। যো বাচি তিষ্ঠন্ বাচোঽন্তরো যং বাঙ্ ন বেদ যস্য বাক্ শরীরং যো বাচমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ বাচি তিষ্ঠন্ বাচঃ অন্তরঃ, বাক্ (বাগভিমানিনী দেবতা) যং ন বেদ; বাক্ যস্য শরীরম্, যঃ [বাচঃ] অন্তরঃ [ভূত্বা] বাচং যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি বাক্যে থাকিয়া বাক্ হইতে ব্যবহিত এবং বাগাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না; বাক্ যাঁহার শরীর, যিনি বাক্যের অভ্যন্তরে থাকিয়া বাক্যকে নিয়মিত করেন, তিনি তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

১৮। যশ্চক্ষুষি তিষ্ঠংশ্চক্ষুষোঽন্তরো যং চক্ষুর্ন বেদ যস্য চক্ষুঃ শরীরং যশ্চক্ষুরন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ চক্ষুষি তিষ্ঠন্ চক্ষুষঃ অন্তরঃ; চক্ষুঃ (চক্ষুরভিমানিনী দেবতা) যং ন বেদ; চক্ষুঃ যস্য শরীরম্, যঃ [চক্ষুষঃ] অন্তরঃ [ভূত্বা] চক্ষুঃ যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি চক্ষুতে অবস্থিত থাকিয়া চক্ষুঃ হইতে ব্যবহিত এবং চক্ষুরভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, চক্ষুঃ যাঁহার শরীর, যিনি চক্ষুর

অভ্যন্তরে থাকিয়া চক্ষুকে নিয়মিত করেন; তিনি তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

১৯। যঃ শ্রোত্রে তিষ্ঠঞ্ছ্রোত্রাদন্তরো যꣳ শ্রোত্রং ন বেদ যস্য শ্রোত্রꣳ শরীরং যঃ শ্রোত্রমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ শ্রোত্রে তিষ্ঠন্ শ্রোত্রাৎ অন্তরঃ; শ্রোত্রম্ (শ্রোত্রাভিমানিনী দেবতা) যং ন বেদ, শ্রোত্রং যস্য শরীরম্, যঃ [শ্রোত্রস্য] অন্তরঃ [ভূত্বা] শ্রোত্রং যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি শ্রোত্রে অবস্থিত থাকিয়া শ্রোত্র হইতে ব্যবস্থিত এবং শ্রোত্রাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, শ্রোত্র যাঁহার শরীর, যিনি শ্রোত্রের অভ্যন্তরে থাকিয়া শ্রোত্রকে নিয়মিত করেন, তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

২০। যো মনসি তিষ্ঠন্ মনসোঽন্তরো যং মনো ন বেদ যস্য মনঃ শরীরং যো মনোঽন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ মনসি তিষ্ঠন্ মনসঃ অন্তরঃ; মনঃ যং ন

বেদ, মনঃ যস্য শরীরম্, যঃ [মনসঃ] অন্তরঃ [ভূত্বা] মনঃ যময়তি ; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা ।

অনুবাদ। যিনি মনে অবস্থিত থাকিয়া মনঃ হইতে ব্যবহিত; মনোভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, মনঃ যাঁহার শরীর, যিনি মনের অভ্যন্তরে থাকিয়া মনকে নিয়মিত করেন ; তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

২১। যস্ত্বচি তিষ্ঠংস্ত্বচোঽন্তরো যং ত্বঙ্ ন বেদ যস্য ত্বক্ শরীরং যস্ত্বচমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ ॥

ব্যাখ্যা। যঃ ত্বচি তিষ্ঠন্ ত্বচঃ অন্তরঃ ; ত্বক্ (ত্বগভিমানিনী দেবতা) যং ন বেদ, ত্বক্ যস্য শরীরম্, যঃ [ত্বচঃ] অন্তরঃ [ভূত্বা] ত্বচং যময়তি ; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা ।

অনুবাদ। যিনি ত্বগিন্দ্রিয়ে থাকিয়া ত্বগিন্দ্রিয় হইতে ব্যবহিত ; ত্বগিন্দ্রিয়াভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, ত্বগিন্দ্রিয় যাঁহার শরীর, যিনি ত্বগিন্দ্রিয়ের অভ্যন্তরে থাকিয়া ত্বগিন্দ্রিয়কে নিয়মিত করেন ; তিনিই তোমার অন্তর্যামী অবিনাশী আত্মা।

২২। যো বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানাদন্তরো যং বিজ্ঞানং ন বেদ যস্য বিজ্ঞানং শরীরং যো বিজ্ঞানমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতঃ॥

ব্যাখ্যা। যঃ বিজ্ঞানে (বুদ্ধৌ) তিষ্ঠন্ বিজ্ঞানাৎ (বুদ্ধেঃ) অন্তরঃ; বিজ্ঞানং যং ন বেদ, বিজ্ঞানং যস্য শরীরম্, যঃ [বিজ্ঞানস্য] অন্তরঃ [ভূত্বা] বিজ্ঞানং যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা।

অনুবাদ। যিনি বুদ্ধিতে থাকিয়া বুদ্ধি হইতে ব্যবহিত; বুদ্ধ্যভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, বুদ্ধি যাঁহার শরীর, যিনি বুদ্ধির অভ্যন্তরে থাকিয়া বুদ্ধিকে নিয়মিত করেন; তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা।

২৩। যো রেতসি তিষ্ঠন্ রেতসোঽন্তরো যং রেতো ন বেদ যস্য রেতঃ শরীরং যো রেতোঽন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃতোঽদৃষ্টো দ্রষ্টাঽশ্রুতঃ শ্রোতাঽমতো মন্তাঽবিজ্ঞাতো বিজ্ঞাতা নান্যোঽতোঽস্তি দ্রষ্টা নান্যোঽতোঽস্তি শ্রোতা নান্যোঽতোঽস্তি

মন্তা নান্যোঽতোঽস্তি বিজ্ঞাতৈষ ত আত্মান্তর্যাম্যমৃতা-ঽতোঽন্যদার্তং ততো হোদ্দালক আরুণিরুপররাম ॥

ইতি সপ্তমং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। যঃ রেতসি (প্রজননশক্ত্যাং) তিষ্ঠন্ রেতসঃ অন্তরঃ, রেতঃ (রেতোঽভিমানিনী দেবতা) যং ন বেদ, রেতঃ (বীর্য্যং) যস্য শরীরম্, যঃ [রেতসঃ] অন্তরঃ [ভূত্বা] রেতঃ যময়তি; এষঃ তে অন্তর্যামী অমৃতঃ আত্মা। [কথং পৃথিব্যাদিদেবতাঃ তমন্তর্যামিণং ন বিদুঃ ইত্যত্রঃ আহ]— অদৃষ্টঃ (দর্শনেন্দ্রিয়াগোচরঃ) [অপি] দ্রষ্টা (দৃশিস্বরূপঃ), অশ্রুতঃ (শ্রবণেন্দ্রিয়াগোচরঃ) [অপি] শ্রোতা (অলুপ্ত-শ্রবণশক্তিঃ), অমতঃ (মনোঽগোচরঃ) [অপি] মন্তা (অলুপ্তমননশক্তিঃ), অবিজ্ঞাতঃ (বুদ্ধেরগোচরঃ) [অপি] বিজ্ঞাতা (বুদ্ধিসাক্ষী); অতঃ (অস্মাৎ হেতোঃ) [আত্মনঃ] অন্যঃ (অপরঃ) দ্রষ্টা (দর্শনকর্ত্তা) ন অস্তি; অতঃ (অস্মাৎ কারণাৎ) [আত্মনঃ] অন্যঃ শ্রোতা ন অস্তি; অতঃ [আত্মনঃ] অন্যঃ মন্তা (মননকর্ত্তা) ন অস্তি; অতঃ [আত্মনঃ] অন্যঃ বিজ্ঞাতা (বিজ্ঞানপ্রকাশকঃ) ন অস্তি; এষঃ তে (তব) অন্তর্যামী অমৃতঃ আত্মা। [অস্মাদাত্মনঃ] অন্যৎ [সর্ব্বম্] আর্ত্তম্ (বিনাশশীলম্)। ততঃ (স্বপ্রশ্নোত্তরশ্রবণাৎ) আরুণিঃ উদ্দালকঃ উপররাম।

অনুবাদ। যিনি প্রজননশক্তিসম্পন্ন বীর্য্যে অবস্থান করিয়া বীর্য্য হইতে ব্যবহিত; বীর্য্যাভিমানিনী দেবতা যাঁহাকে জানেন না, বীর্য্য যাঁহার শরীর, যিনি বীর্য্যের অভ্যন্তরে থাকিয়া বীর্য্যের জননশক্তিকে নিয়মিত করেন; তিনিই তোমার অন্তর্যামী অমৃত আত্মা। সেই আত্মা, দর্শনেন্দ্রিয়ের অগোচর হইয়াও নিজে দ্রষ্টা (দর্শনস্বরূপ) শ্রবণেন্দ্রিয়ের অবিষয় হইয়াও শ্রোতা (অলুপ্তশ্রবণশক্তিসম্পন্ন); মনের অগোচর হইয়াও মন্তা (অলুপ্তমননশক্তিসম্পন্ন) এবং বুদ্ধির অগোচর হইয়াও বুদ্ধির সাক্ষিস্বরূপ। এই জন্য এই আত্মা হইতে অপর কোন পদার্থকে দ্রষ্টা (দর্শন-কর্ত্তা), শ্রবণ-কর্ত্তা, মনন-কর্ত্তা এবং বিজ্ঞাতা বলা যাইতে পারে না। [অর্থাৎ আত্মাই উপাধিসম্বন্ধে দ্রষ্টা, শ্রোতা, মন্তা এবং বিজ্ঞাতা বলিয়া অভিহিত হন]। ইনিই তোমার অন্তর্যামী অবিনাশী আত্মা। এই আত্মা ব্যতীত সকল পদার্থই আর্ত্ত অর্থাৎ বিনাশশীল। অতঃপর অরুণপুত্র উদ্দালক পুনঃ প্রশ্নজিজ্ঞাসায় বিরত হইলেন। তৃতীয় অধ্যায়ে সপ্তম-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

অষ্টমং ব্রাহ্মণম্।

১। অথ হ বাচক্নব্যুবাচ ব্রাহ্মণা ভগবন্তো হন্তাহমিমং দ্বৌ প্রশ্নৌ প্রক্ষ্যামি তৌ চেন্মে বক্ষ্যতি ন বৈ জাতু যুষ্মাকমিমং কশ্চিদ্ ব্রহ্মোদ্যং জেতেতি পৃচ্ছ গার্গীতি॥

ব্যাখ্যা। [ইদানীং সাক্ষাদপরোক্ষাদ্ নিরুপাধিকং ব্রহ্ম বক্তব্যমিত্যতঃ পরগ্রন্থঃ আরভ্যতে]—অথ (অনন্তরং) [পুনরপি] বাচক্নবী উবাচ হ—[হে] ভগবন্তঃ (পূজাবন্তঃ) ব্রাহ্মণাঃ হন্ত (হর্ষে) অহম্ ইমং (যাজ্ঞবল্ক্যং) দ্বৌ প্রশ্নৌ প্রক্ষ্যামি; [সঃ যাজ্ঞবল্ক্যঃ] চেৎ (যদি) মে (মহ্যং) তৌ (প্রশ্নৌ) বক্ষ্যতি (বদিষ্যতি); [তর্হি] যুষ্মাকং [মধ্যে] কশ্চিদ্ (ব্রাহ্মণঃ) জাতু (কদাচিৎ) ব্রহ্মোদ্যং (ব্রহ্মবদন-শীলম্) ইমং (যাজ্ঞবল্ক্যং) [প্রতি] ন বৈ (নৈব) জেতা [ভবিষ্যতি] ইতি। [হে] গার্গি! পৃচ্ছ (জিজ্ঞাসস্ব) ইতি।

অনুবাদ। [সম্প্রতি নিরুপাধিক অপরোক্ষ ব্রহ্ম প্রতিপাদন করিবার জন্য পর গ্রন্থ আরব্ধ হইতেছে] অতঃপর বাচক্নবী গার্গী বলিলেন,—হে পূজনীয় ব্রাহ্মণগণ! আপনারা আমাকে আদেশ করুন;

আমি পুনরায় যাজ্ঞবল্ক্যকে দুইটী প্রশ্ন জিজ্ঞাসা করিব; যাজ্ঞবল্ক্য যদি আমার প্রশ্ন দুইটির উত্তর দিতে পারেন, তাহা হইলে আপনাদের মধ্যে কেহই কদাচ এই ব্রহ্মজ্ঞ যাজ্ঞবল্ক্যকে পরাস্ত করিতে পারিবেন না। তখন ব্রাহ্মণগণ বলিলেন—হে গার্গি! তুমি প্রশ্ন কর।

২। সা হোবাচাহং বৈ ত্বা যাজ্ঞবল্ক্য যথা কাশ্যো বা বৈদেহো বোগ্রপুত্র উজ্জ্যং ধনুরধিজ্যং কৃত্বা দ্বৌ বাণবন্তৌ সপত্নাতিব্যাধিনৌ হস্তে কৃত্বোপোত্তিষ্ঠেদেবমেবাহং ত্বা দ্বাভ্যাং প্রশ্নাভ্যামুপোদস্থাং তৌ মে ব্রূহীতি পৃচ্ছ গার্গীতি॥

ব্যাখ্যা। সা (গার্গী) উবাচ হ—[হে] যাজ্ঞবল্ক্য! অহং বৈ (এব) ত্বা (ত্বাং) [প্রতি প্রশ্নং পৃচ্ছামি]—যথা কাশ্যঃ (কাশীরাজঃ) বা উগ্রপুত্রঃ (বীরতনয়ঃ) বা বৈদেহঃ (বিদেহরাজঃ) উজ্জ্যং (বিমুক্তজ্যাকং) ধনুঃ অধিজ্যম্ (আরোপিতজ্যাকং) কৃত্বা, সপত্নাতিব্যাধিনৌ (অতিশয়েন শত্রোঃ পীড়াকরৌ) দ্বৌ বাণবন্তৌ (সফলকৌ শরৌ) হস্তে কৃত্বা উপোত্তিষ্ঠেৎ (সমীপতঃ আত্মানং দর্শয়েৎ); এবম্ এব অহং [অপি] দ্বাভ্যাং প্রশ্নাভ্যাং ত্বা (ত্বাম্) উপোদস্থাং

(উত্থিতবতী অস্মি) [ত্বৎসমীপে ইতি শেষঃ]। [ত্বং ব্রহ্ম-বিৎ চেৎ] মে (মম) তৌ (প্রশ্নৌ) ব্রূহি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—গার্গি! পৃচ্ছ [তৌ প্রশ্নৌ ইতি শেষঃ] ইতি।

অনুবাদ। গার্গী বলিলেন—হে যাজ্ঞ-বল্ক্য! আমি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করিব। যেরূপ কাশীরাজ অথবা বীরবর বিদেহরাজ গুণহীন ধনুকে গুণ-সংযোজন করিয়া শত্রু বিনাশক ফল যুক্ত শরদ্বয় হস্তে ধারণপূর্ব্বক স্বীয় শত্রুর সম্মুখীন হন; আমিও সেইরূপ দুইটী প্রশ্ন লইয়া তোমার সমীপে উপস্থিত হইতেছি; যদি তুমি ব্রহ্মবিৎ হও, তবে আমার প্রশ্ন দুইটীর উত্তর দান প্রকর। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে গার্গি! তোমার প্রশ্নদ্বয় কি বল!

৩। সা হোবাচ যদূর্দ্ধং যাজ্ঞবল্ক্য দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবাপৃথিবী ইমে যদ্ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষতে কস্মিংস্তদোতং চ প্রোতং চেতি॥

ব্যাখ্যা। সা (গার্গী) উবাচ হ—[হে] যাজ্ঞবল্ক্য! যৎ দিবঃ (অণ্ডকপালাৎ) উর্দ্ধম্, যৎ পৃথিব্যাঃ (অধোহণ্ড-

কপালাৎ) অবাক্ (অধঃ), যৎ ইমে দ্যাবাপৃথিবী (অনয়োঃ দ্যাবাপৃথিব্যোঃ) অন্তরা (মধ্যে), যৎ ভূতম্ (অতীতং) চ, ভবৎ (বর্ত্তমানং) চ, ভবিষ্যৎ (ভাবি) চ, ইতি আচক্ষতে (কথয়ন্তি) [বেদজ্ঞাঃ]; তৎ [সূত্রং) কস্মিন্ (বস্তুনি) ওতং (গ্রথিতং) চ প্রোতং (প্রথিতং) চ ইতি।

অনুবাদ। গার্গী বলিলেন—হে যাজ্ঞবল্ক্য ! বেদবিদ্ ব্রাহ্মণগণ যে সূত্রাত্মাকে অণ্ডকপালের উপরিভাগে, অধোঅণ্ডকপালের অধোভাগে এবং দ্যাবাপৃথিবীর মধ্যভাগে, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিন কালেই বিদ্যমান আছেন বলিয়া নির্দ্দেশ করেন ; সেই সূত্রাত্মা কাহাতে ওত-প্রোত ভাবে রহিয়াছেন।

৪। স হোবাচ যদূর্দ্ধং গার্গি দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবাপৃথিবী ইমে যদ্ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষত আকাশে তদোতং চ প্রোতং চেতি ॥

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—[হে গার্গি] যৎ (ত্বয়োক্তং সূত্রং) দিবঃ (অণ্ডকপালাৎ) ঊর্দ্ধম্, যৎ পৃথিব্যাঃ

(অধোভাগস্থিতাণ্ডকপালাৎ) অবাক্ (অধঃ), যৎ ইমে দ্যাবাপৃথিব্যোঃ) অন্তরা (মধ্যে), যৎ ভূতং চ, ভবৎ চ, ভবিষ্যৎ চ ইতি আচক্ষতে [পণ্ডিতাঃ ইতি শেষঃ]; তৎ (সূত্রং) আকাশে ওতং চ প্রোতং চ ইতি।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে গার্গি! যে সূত্রাত্মা দ্যুলোকের উপরিভাগে পৃথিবীর নিম্নভাগে এবং দ্যুলোক ও পৃথিবীর মধ্যভাগে অবস্থিত; পণ্ডিতগণ যাঁহাকে ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান এই তিন কালেই ছিলেন, থাকিবেন এবং আছেন বলিয়া নির্দ্দেশ করেন; সেই সূত্রাত্মা আকাশে ওত-প্রোতভাবে অবস্থিত আছেন।

৫। সা হোবাচ নমস্তেঽস্তু যাজ্ঞবল্ক্য যো ম এতং ব্যবোচোঽপরস্মৈ ধারয়স্বেতি পৃচ্ছ গার্গীতি॥

ব্যাখ্যা। সা (গার্গী) হ উবাচ—[হে) যাজ্ঞবল্ক্য ! তে (তুভ্যং) নমঃ (নমস্কারঃ) অস্তু; [যতঃ] যঃ [ত্বং] মে (মম) এতং (প্রশ্নং) ব্যবোচঃ (বিশেষেণ উক্তবান্ অসি)। [ইদানীম্] অপরস্মৈ (দ্বিতীয়ায় প্রশ্নায়) [আত্মানং] ধারয়স্ব (দৃঢ়ীকুরু) ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—গার্গি ! পৃচ্ছ (প্রশ্নং জিজ্ঞাসস্ব) ইতি।

অনুবাদ। গার্গী বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তুমি যে আমার প্রশ্নের যথাযথ উত্তর প্রদান করিয়াছ, সেইজন্য আমি তোমাকে নমস্কার করি। সম্প্রতি অপর প্রশ্নের জন্য আত্মাকে দৃঢ় কর; যাজ্ঞবল্ক্য বলিলেন—হে গার্গি! জিজ্ঞাসা কর।

৬। সা হোবাচ যদূর্ধ্বং যাজ্ঞবল্ক্য দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবাপৃথিবী ইমে যদ্ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষতে কস্মিংস্তদোতং চ প্রোতং চেতি॥

ব্যাখ্যা। সা (গার্গী) হ উবাচ—[হে] যাজ্ঞবল্ক্য! যৎ (ত্বয়া উক্তং সূত্রং) দিবঃ উর্দ্ধং (উর্দ্ধস্থিতং), যৎ পৃথিব্যাঃ অবাক্ (অধঃ), যৎ ইমে দ্যাবাপৃথিবী (অনয়োঃ দ্যাবাপৃথিব্যোঃ অন্তরা; [তিষ্ঠতি], যৎ ভূতং চ, ভবৎ চ, ভবিষ্যৎ চ ইতি আচক্ষতে; কস্মিন্ তৎ (সূত্রম্) ওতং চ প্রোতং চ ইতি।

অনুবাদ। গার্গী বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! যে সূত্রাত্মা দ্যুলোকের উপরিভাগে, পৃথিবীর অধোভাগে এবং দ্যুলোক ও পৃথিবীর মধ্যভাগে অবস্থিত, পণ্ডিতগণ যাহাকে ভূত, ভবিষ্যৎ এবং

বর্ত্তমান এই তিন কালেই বিদ্যমান আছেন বলিয়া নির্দ্দেশ করেন; তিনি কোথায় ওতপ্রোত রহিয়াছেন? [পূর্ব্বোক্ত শ্রুতিটি পুনরায় পাঠ করায় জিজ্ঞাসিত প্রশ্নটীর দৃঢ়তা সম্পাদিত হইল, এই জন্য দ্বিরুক্তি দোষ হইল না।]

৭। স হোবাচ যদূর্ধ্বং গার্গি দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবাপৃথিবী ইমে যদ্ভূতং চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষত আকাশ এব তদোতং চ প্রোতং চেতি কস্মিন্নু খল্বাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি॥

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—[হে] গার্গি! যৎ (সূত্রং) দিবঃ ঊর্দ্ধম্ যৎ পৃথিব্যাঃ অবাক্, যৎ ইমে দ্যাবাপৃথিব্যোঃ অন্তরা; যদ্ ভূতং চ, ভবিষ্যং চ ইতি আচক্ষতে; তদ্ (সূত্রং) আকাশে এব ওতং চ প্রোতং চ ইতি। [গার্গী আহ]—নু (প্রশ্নে) আকাশঃ খলু (নিশ্চয়ার্থে) ওতঃ চ প্রোতঃ চ।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে গার্গি! বায়ুরূপী সূত্রাত্মা পৃথিবীর নীচে, দ্যুলোকের উপরে, দ্যুলোক ও পৃথিবীর মধ্যভাগে অবস্থিত।

পণ্ডিতগণ যাঁহাকে ভূত ভবিষ্যৎ এবং বর্ত্তমান এই তিন কালেই বিদ্যমান আছেন বলিয়া থাকেন; সেই বায়ুরূপী সূত্রাত্মা আকাশেই ওত-প্রোতভাবে রহিয়াছেন। পুনরায় গার্গী জিজ্ঞাসা করিলেন—আকাশ কাহাতে ওতপ্রোতভাবে রহিয়াছে?

৮। স হোবাচৈতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্ত্যস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমলোহিতমস্নেহমচ্ছায়মতমোঽবায়্বনাকাশমসঙ্গমরসমগন্ধমচক্ষুষ্কমশ্রোত্রমবাগমনোঽতেজস্কমপ্রাণমমুখমমাত্রমনন্তরমবাহ্যং ন তদশ্নাতি কিঞ্চন ন তদশ্নাতি কশ্চন॥

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ [হে] গার্গি! ব্রাহ্মণাঃ (ব্রহ্মবিদঃ) তৎ ত্বদুক্তম্‌ এতদ্‌ অক্ষরম্‌ (ন ক্ষীয়তে ন ক্ষরতীতি বা অক্ষরং অবিকারিস্বভাবম্‌) বৈ (এব) অভিবদন্তি (কথয়ন্তি); [গার্গী আহ কিং লক্ষণং তদক্ষরমিত্যাহ] অস্থূলম্‌ (স্থূলাদন্যৎ), অনণু (অণুত্বপরিমাণরহিতম্‌), অহ্রস্বম্‌ (হ্রস্বত্বপরিমাণবিরহিতম্‌), অদীর্ঘম্‌ (দীর্ঘতারহিতম্‌), অলোহিতম্‌ (আগ্নেয়ঃ গুণঃ লোহিতঃ তদ্রহিতম্‌), অস্নেহম্‌ (জলীয়ঃ গুণঃ স্নেহঃ তদ্রহিতম্‌), অচ্ছায়ম্‌ (ছায়াগুণরহিতম্‌)

অতমঃ (অন্ধকাররহিতম্), অবায়ু (ন বায়ুরূপম্), অনাকাশম্ (ন আকাশরূপি), অসঙ্গম্ (ন জতুবৎ সঙ্গাত্মকম্), অরসম্ (রসশূন্যম্) অগন্ধম্ (গন্ধশূন্যম্) অচক্ষুষ্কম্ (নেত্ররহিতম্), অশ্রোত্রম্ (শ্রবণেন্দ্রিয়শূন্যম্), অবাক্ (বাগিন্দ্রিয়বিরহিতম্), অমনঃ (মনোরহিতম্), অতেজস্কম্ (অগ্ন্যাদিতেজঃবিযুক্তম্), অপ্রাণম্ (পঞ্চবৃত্ত্যাত্মকপ্রাণরহিতম্), অসুখম্ (সুখবিরহিতম্), অমাত্রম্ (মীয়তে যেন তন্মাত্রম্, পরিমাণং তদ্রহিতম্), অনন্তরম্ (ছিদ্ররহিতম্), অবাহ্যম্ (বহির্ভাগশূন্যম্, অস্য বহিঃ ন কিমপি অস্তীত্যর্থঃ) ; তৎ (অক্ষরম্) কিঞ্চন (ন কিঞ্চিদপি) অশ্নাতি (ভক্ষয়তি) ; কশ্চন (কশ্চিদপি লোকঃ) তদ্ (অক্ষরম্) ন অশ্নাতি ॥

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে গার্গি ! ব্রহ্মবিদ্‌গণ উক্ত আকাশের আধারকেই অক্ষর বলিয়া নির্দ্দেশ করেন, যিনি অক্ষরশব্দ দ্বারা অভিহিত, তিনি স্থূলও নহেন, অণুও নহেন, হ্রস্বও নহেন,দীর্ঘও নহেন ; তাঁহাতে লৌহিত্য অথবা স্নেহ নাই,তিনি ছায়া এবং অন্ধকারবিমুক্ত; তাঁহাকে বায়ু, আকাশপ্রভৃতি বলিয়া নিরূপণ করা যায় না ;

তাঁহার চক্ষুঃ, কর্ণ, বাক্, মনঃপ্রভৃতি ইন্দ্রিয় না থাকায় রসগন্ধপ্রভৃতি ইন্দ্রিয়ের বিষয়ও নাই; তিনি অসঙ্গ বলিয়া সূর্য্যাদির তেজে তেজস্ক নহেন এবং পঞ্চপ্রাণদ্বারা প্রাণীও নহেন; তাঁহাতে ছিদ্র বা পরিমাণ নাই, সুতরাং তাঁহার বহির্ভাগও নাই; প্রাণীর যে যে অঙ্গ প্রত্যঙ্গ আছে, তাঁহার সেইরূপ অঙ্গ প্রত্যঙ্গ নাই, সুতারাং মুখও নাই; তিনি নিজে কিছুই ভোজন করেন না, তাঁহাকেও কেহ ভক্ষণ করে না।

৯। এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্যা-চন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠত এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি দ্যাবাপৃথিব্যৌ বিধৃতে তিষ্ঠত এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি নিমেষা মুহূর্তা অহোরাত্রাণ্যর্ধমাসা মাসা ঋতবঃ সংবৎসরা ইতি বিধৃতাস্তিষ্ঠন্ত্যেতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি প্রাচ্যোঽন্যা নদ্যঃ স্যন্দন্তে শ্বেতেভ্যঃ পর্বতেভ্যঃ প্রতীচ্যোঽন্যা যাং যাং চ দিশ-মন্বেতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি দদতো মনুষ্যাঃ প্রশংসন্তি যজমানং দেবা দর্বীং পিতরোঽন্বায়ত্তাঃ ॥

ব্যাখ্যা। [হে] গার্গি! এতস্য বৈ (এব) অক্ষরস্য প্রশাসনে [প্রশাসিত্রা] সূর্য্যাচন্দ্রমসৌ (সূর্য্যশ্চচন্দ্রশ্চ) বিধৃতৌ (বিশেষেণ ধৃতৌ সন্তৌ) তিষ্ঠতঃ (বর্ত্তেতে); [হে] গার্গি! এতস্য বৈ অক্ষরস্য প্রশাসনে [প্রশাসিত্রা] দ্যাবাপৃথিব্যৌ বিধৃতে, তিষ্ঠতঃ; [হে] গার্গি! এতস্য বৈ অক্ষরস্য প্রশাসনে নিমেষাঃ (কালস্য সূক্ষ্মাবয়বাঃ) মুহূর্ত্তাঃ (দণ্ডদ্বয়াত্মকাঃ কালাবয়বাঃ) অহোরাত্রাণি অর্দ্ধমাসাঃ মাসাঃ ঋতবঃ সংবৎসরাঃ ইতি (এবং কালাবয়বাঃ সর্বে) [প্রশাসিত্রা] বিধৃতাঃ [সন্তঃ] তিষ্ঠন্তি; [হে] গার্গি! এতস্য বৈ অক্ষরস্য প্রশাসনে প্রাচ্যঃ (পূর্বদিগ্‌ভবায়ঃ) অন্যাঃ (অন্যদিগ্‌গামিন্যঃ) [চ] নদ্যঃ [প্রশাসিত্রা বিধৃতাঃ সত্যঃ] শ্বেতেভ্যঃ (হিমালয়াদিভ্যঃ) গিরিভ্যঃ (পর্বতেভ্যঃ) স্যন্দন্তে (স্রবন্তি); [তথা] প্রতীচ্যঃ (পশ্চিমদিগ্‌গামিন্যঃ) অন্যাঃ (চ নদ্যঃ] যাং যাং চ দিশম্‌ অন্বেতি (অনু লক্ষীকৃত্য এতি গচ্ছন্তি) [তাং তাং দিশং ন ব্যভিচরন্তি ইতি শেষঃ]। [হে] গার্গি! এতস্য বৈ অক্ষরস্য প্রশাসনে [তিষ্ঠন্তঃ] মনুষ্যাঃ দদতঃ (দাতৃন্‌ লোকান্‌) প্রশংসন্তি (স্তুবন্তি) দেবাঃ যজমানং পিতরঃ (পিতৃলোকাঃ) দর্বীম্‌ (দর্বীহোমম্‌) অন্বায়ত্তাঃ (অনুগতাঃ সন্তঃ) [প্রশংসন্তি]॥

অনুবাদ। হে গার্গি! উক্ত অক্ষর-

সংজ্ঞক ব্রহ্ম হইতে চন্দ্র এবং সূর্য্য সমুদ্ভূত হইয়া, তাঁহারই শাসনে অবস্থিত আছে; হে গার্গি! এই অক্ষরসংজ্ঞক ব্রহ্ম হইতে দ্যুলোক ও পৃথিবী সমুৎপন্ন হইয়া অবস্থিত রহিয়াছে। এই প্রশাসিতা অক্ষর-ব্রহ্মদ্বারা নিমেষ; মুহূর্ত্ত, অহোরাত্র, অর্দ্ধমাস, মাস, ঋতু, বৎসরপ্রভৃতি কালাবয়বসকল নির্ম্মিত হইয়া নিয়মিতভাবে অবস্থিত আছে। হে গার্গি! এই শাসন-কর্ত্তা অক্ষরব্রহ্মকর্ত্তৃক পূর্ব্বদিগ্‌বাহিনী এবং অপরাপর দিক্‌স্থিত নদীসকল হিমালয়প্রভৃতি পর্ব্বত হইতে সমুৎপন্ন হইয়া নিয়মিত-ভাবে প্রবাহিত হইতেছে; পশ্চিমদিগ্‌বাহিনী ও অপরাপর দিক্‌স্থিত নদীসকলও তাহা হইতেই সমুৎপন্ন হইয়া যে যে দিকে প্রবাহিত হইতেছে, সেই সেই দিকে নিয়মিতভাবে ভিন্ন বিপরীতভাবে প্রবাহিত হয় না। হে গার্গি! এই শাসন-কর্ত্তা অক্ষর ব্রহ্মের শাসনে মনুষ্যগণ দানশীল ব্যক্তিকে, দেবগণ যজমানকে এবং পিতৃগণ পুত্রপ্রদত্ত শ্রাদ্ধান্নের প্রশংসা করিয়া থাকেন।

১০। যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাঽস্মিঁল্লোকে জুহোতি যজতে তপস্তপ্যতে বহূনি বর্ষসহস্রাণ্যন্তবদেবাস্য তদ্ভবতি যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণোঽথ য এতদক্ষরং গার্গি বিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স ব্রাহ্মণঃ ॥

ব্যাখ্যা। [হে] গার্গি! অস্মিন্ লোকে (জগতি) যঃ (জনঃ) বৈ এতদ্ অক্ষরম্ অবিদিত্বা (অবিজ্ঞায়) অস্মিন্ লোকে [সমিধাদিনা] জুহোতি (যজ্ঞং কুরুতে), [পুষ্পাদিনা] যজতে (পূজয়তি), বহূনি বর্ষসহস্রাণি [ব্যাপ্য] তপঃ তপ্যতে, অস্য (যাগাদিকারিণঃ) তৎ (হোমাদিফলম্) অন্তবৎ (ক্ষয়শীলম্) এব ভবতি। [হে] গার্গি! যঃ (জনঃ) বৈ (এব) এতদ্ অক্ষরম্ অবিদিত্বা অস্মাৎ লোকাৎ প্রৈতি (মৃত্বা প্রয়াতি), সঃ (জনঃ) কৃপণঃ (পণক্রীতদাসাদিরিব দরিদ্রঃ); অথ (পক্ষান্তরে) [হে] গার্গি! যঃ এতদ্ অক্ষরং বিদিত্বা অস্মাৎ লোকাৎ প্রৈতি (মৃত্বা গচ্ছতি), সঃ (জনঃ) ব্রাহ্মণঃ (ব্রহ্মবিৎ) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। হে গার্গি! যিনি ইহলোকে অক্ষরসংজ্ঞক ব্রহ্মকে না জানিয়া সমিধাদি দ্বারা যজ্ঞ, পুষ্পাদি দ্বারা দেবপূজা এবং বহুবৎসরব্যাপিনী

তপস্যা করিলেও, তাঁহার সেই সকল কর্ম্মের ফল ক্ষয়শীল বলিয়া জানিবে। হে গার্গি! যিনি এই অক্ষরসংজ্ঞক ব্রহ্মকে না জানিয়া ইহলোক হইতে গমন করেন, তিনি কৃপণ (পণদ্বারাক্রীত দাসাদির ন্যায় দরিদ্র) হইয়া কালযাপন করেন; হে গার্গি! যিনি এই অক্ষরসংজ্ঞক ব্রহ্মকে জানিয়া ইহলোক হইতে গমন করেন, তিনি ব্রাহ্মণ (ব্রহ্মবিৎ) বলিয়া আখ্যাত হন।

১১। তদ্বা এতদক্ষরং গার্গ্যদৃষ্টং দ্রষ্টৃ শ্রুতঙ্ শ্রোত্রমতং মন্ত্রবিজ্ঞাতং বিজ্ঞাতৃ নান্যদতোঽস্তি দ্রষ্টৃ নান্যদতোঽস্তি শ্রোতৃ নান্যদতোঽস্তি মন্তৃ নান্যদতোঽস্তি বিজ্ঞাত্রেতস্মিন্নু খল্বক্ষরে গার্গ্যাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি॥

ব্যাখ্যা। [হে] গার্গি! তৎ (পূর্ব্বোক্তম্) এতৎ অক্ষরং বৈ (এব) অদৃষ্টম্ (ন কেনচিদ্ দৃষ্টম্), [স্বয়ন্তু] দ্রষ্টৃ [দৃশিস্বরূপত্বাৎ]; অশ্রুতম্ (শ্রবণেন্দ্রিয়াগোচরং), [স্বয়ন্তু] শ্রোতৃ [শ্রুতিস্বরূপত্বাৎ]; অমতম্ (মনসঃ অগোচরম্), [স্বয়ন্তু] মন্তৃ [মতিস্বরূপত্বাৎ]; অবিজ্ঞাতম্ (বুদ্ধিবৃত্ত্যা

ন বিজ্ঞাতম্), [স্বয়ন্তু] বিজ্ঞাতৃ [বিজ্ঞানস্বরূপত্বাৎ] ; [কিঞ্চ] অতঃ (অস্মাৎ অক্ষরাৎ) অন্যৎ দ্রষ্টৃ ন অস্তি ; অতঃ অন্যৎ শ্রোতৃ ন অস্তি ; অতঃ অন্যৎ মন্তৃ ন অস্তি ; অতঃ অন্যৎ বিজ্ঞাতৃ ন অস্তি ; [হে] গার্গি ! এতস্মিন্ অক্ষরে নু খলু আকাশঃ ওতঃ চ প্রোতঃ চ ইতি ॥

অনুবাদ। হে গার্গি! পূর্ব্বোক্ত অক্ষর-সংজ্ঞক ব্রহ্ম সকলের অদর্শনীয় হইয়াও সকলের দ্রষ্টা ; এইরূপ তিনি সকলের শ্রবণেন্দ্রিয়ের অগোচর হইয়াও নিজে সকলের শ্রোতা ; সকলের মনের অগোচর হইয়াও নিজে সকলের মন্তা ; সকলের বুদ্ধিবৃত্তির অগোচর হইয়াও নিজে সকলের বিজ্ঞাতা ; এই অক্ষরসংজ্ঞক ব্রহ্মব্যতীত অপর কেহই দ্রষ্টা; শ্রোতা, মন্তা অথবা বিজ্ঞাতা নাই। হে গার্গি! এই অক্ষরেই আকাশ ওতপ্রোতভাবে রহিয়াছে।

১২। সা হোবাচ ব্রাহ্মণা ভগবন্তস্তদেব বহু-মন্যেধ্বং যদস্মান্নমস্কারেণ মুচ্যেধ্বং ন বৈ জাতু যুষ্মাক-মিমং কশ্চিদ্ ব্রহ্মোদ্যং জেতেতি ততো হ বাচক্নব্যুপর-রাম ॥ ইতি অষ্টমং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। সা (গার্গী) হ উবাচ—[হে] ভগবন্তঃ ব্রাহ্মণাঃ ! [যূয়ং মদীয়ং বচঃ শৃণুত]—যৎ [যাজ্ঞবল্ক্যং] নমস্কারেণ (প্রণিপাতেন) অস্মাৎ (যাজ্ঞবল্ক্যাৎ) মুচ্যেধ্বম্ (বিমুক্তাঃ ভবথ) তদ্ এব বহুমন্যেধ্বম্ (বহুমানং বিবেচয়ন্ত) ; [যতঃ] যুষ্মাকং [মধ্যে] কশ্চিৎ (জনঃ) ইমং ব্রহ্মোত্তমম্ (ব্রহ্মবিদম্ যাজ্ঞবল্ক্যম্) [প্রতি] জাতু (কদাচিদপি) ন বৈ (নৈব) জেতা (বিজেতা) [ভবিতা] ইতি। ততঃ বাচক্নবী (বচক্নুতনয়া গার্গী) হ উপররাম।

অনুবাদ। গার্গী বলিলেন—হে পূজনীয় ব্রাহ্মণগণ! আপনারা আমার কথা শ্রবণ করুন—যদি আপনারা যাজ্ঞবল্ক্যকে নমস্কার করিয়া ইঁহার নিকট মুক্ত হইতে পারেন, তবে তাহাই যথেষ্ট মনে করিবেন। ইঁহাকে পরাস্ত করা আপনাদের দুরাশা মাত্র। কারণ ব্রহ্মবিদ্ যাজ্ঞবল্ক্যকে পরাজিত করিতে পারে এমন কোন ব্যক্তি আপনাদের মধ্যে নাই। এই বলিয়া বচক্নুতনয়া গার্গী প্রশ্ন-জিজ্ঞাসায় বিরত হইলেন।

তৃতীয়াধ্যায়ে অষ্টম-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

নবমং ব্রাহ্মণম্।

১। অথ হৈনং বিদগ্ধঃ শাকল্যঃ প্রপচ্ছ কতি দেবা যাজ্ঞবল্ক্যেতি স হৈতয়ৈব নিবিদা প্রতিপেদে যাবন্তো বৈশ্বদেবস্য নিবিদ্যুচ্যন্তে ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শ্চ ত্রী চ সহস্রেত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি ত্রয়স্ত্রিংশদিত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি ষড়িত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি ত্রয় ইত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি দ্বাবিত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেতি অধ্যর্দ্ধ ইত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবল্ক্যেত্যেক ইত্যোমিতি হোবাচ কতমে তে ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শ্চ ত্রী চ সহস্রেতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) বিদগ্ধঃ (নামধেয়ঃ) শাকল্যঃ (শকলস্য অপত্যম্) পপ্রচ্ছ [হে] যাজ্ঞবল্ক্য! [নিবিন্নামকেষু দেবতাসংখ্যাবাচকেষু মন্ত্রপদেষু] কতি (কিয়ৎসংখ্যাকাঃ) দেবাঃ [শ্রূয়ন্তে] ইতি। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ এতয়া নিবিদা (নিবিন্নামকেন দেবতাসংখ্যাবাচকেন মন্ত্রপদেন) এব প্রতিপেদে (প্রতিপাদিতবান্); বৈশ্বদেবস্য (বৈশ্বদেবসংজ্ঞকযাগস্য) নিবিদি (দেবতাসংখ্যাবাচকে শস্ত্রনামকে মন্ত্রে) যাবন্তঃ (যাবৎসংখ্যকাঃ) [দেবাঃ] উচ্যন্তে; ত্রয়ঃ চ ত্রী চ শতা (ত্র্যধিক-

ত্রীণি শতানি), ত্রয়ঃ চ ত্রী চ সহস্রা (ত্র্যধিকত্রীণি সহস্রাণি) [দেবানাম্] ইতি। [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ (অস্ত্বেবমিতি উক্তবান্)। [পুনরপি শাকল্যঃ আহ] হে যাজ্ঞবল্ক্য! কতি দেবাঃ? এব ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] ত্রয়স্ত্রিংশৎ (ত্রয়স্ত্রিংশৎসংখ্যকাঃ দেবাঃ) ইতি ; [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ (অস্ত্বেবমিতি উবাচ) ; [পুনরপি শাকল্যঃ আহ] হে যাজ্ঞবল্ক্য! কতি এব দেবাঃ ইতি, [যাজ্ঞবল্ক্য আহ] ষট্ (ষট্ সংখ্যকাঃ দেবাঃ) ইতি ; [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ। [পুনরপি শাকল্যঃ আহ] হে যাজ্ঞবল্ক্য! কতি এব দেবাঃ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] ত্রয়ঃ (ত্রিসংখ্যকাঃ দেবাঃ) ইতি ; [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ। [পুনরপি শাকল্যঃ আহ] হে যাজ্ঞবল্ক্য! কতি এব দেবাঃ ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ]— দ্বৌ (দ্বিসংখ্যকৌ) ইতি ; [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ। [পুনরপি শাকল্য আহ] হে যাজ্ঞবল্ক্য! কতি এব দেবাঃ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] অধ্যর্দ্ধঃ (সার্দ্ধৈকঃ) ; [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ। [পুনরপি শাকল্যঃ আহ] কতি এব দেবাঃ ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] একঃ (একসংখ্যকঃ) ইতি ; [শাকল্যঃ] ওম্ ইতি হ উবাচ। [সংখ্যাবিষয়কং প্রশ্নমুক্ত্বা-সংখ্যেয়বিষয়ং প্রশ্নং পৃচ্ছতি শাকল্যঃ] হে যাজ্ঞবল্ক্য! কতমে (কিংস্বরূপাঃ) তে (দেবাঃ), [যে ত্বয়া উক্তাঃ] ত্রয়ঃ চ ত্রী চ শতা, ত্রয়ঃ চ ত্রী চ সহস্রা ইতি [ইত্যনেন] ইতি।

অনুবাদ। অতঃপর শকলপুত্র বিদগ্ধ যাজ্ঞবল্ক্যের নিকট জিজ্ঞাসা করিলেন, হে যাজ্ঞবল্ক্য! দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য পশ্চাদুক্ত নিবিদ্ অর্থাৎ দেবতাসংখ্যাবাচক শস্ত্রনামক মন্ত্র দ্বারাই উক্ত প্রশ্নের উত্তর দিবেন বলিয়া স্থির করিলেন এবং বলিলেন যে, বৈশ্বদেবযাগপ্রকরণের সংখ্যাবাচক শস্ত্রাখ্য মন্ত্রে উক্ত আছে; তাহাতেই দেবতার সংখ্যা কথিত হইয়াছে; তাহাতে কোন স্থলে তিনশত তিন আবার কোনস্থানে তিন হাজার তিন উক্ত হইয়াছে। শাকল্য বলিলেন, হাঁ, তুমি যথার্থ বলিয়াছ। পুনরায় শাকল্য জিজ্ঞাসা করিলেন, হে যাজ্ঞবল্ক্য! দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য বলিলেন "তেত্রিশ; শাকল্য বলিলেন—হাঁ, সত্য বলিয়াছ। পুনরায় শাকল্য জিজ্ঞাসা করিলেন, দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য বলিলেন—"ছুই।" শাকল্য বলিলেন—ঠিক বলিয়াছ। শাকল্য বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য বলিলেন—"তিন"; শাকল্য বলিলেন—

যথার্থ বলিয়াছ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য বলিলেন—"দুই"; শাকল্য বলিলেন—হাঁ, সত্য বলিয়াছ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য বলিলেন—অধ্যর্দ্ধ অর্থাৎ অর্দ্ধসহ এক", শাকল্য বলিলেন—হাঁ, ইহা তুমি যথার্থ বলিয়াছ। পুনরায় শাকল্য জিজ্ঞাসা করিলেন—দেবতার সংখ্যা কত? যাজ্ঞবল্ক্য বলিলেন, "এক"; শাকল্য বলিলেন—হাঁ, সত্য কথাই বলিয়াছ। [শাকল্য সংখ্যাবিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা করিয়া এখন সংখ্যেয় বিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা করিতেছেন] হে যাজ্ঞবল্ক্য! তোমার কথিত তিন শত তিন এবং তিন হাজার তিন এই সকল দেবতাদের স্বরূপ কি এবং তাঁহারা কে কে?

২। স হোবাচ মহিমান এবৈষামেতে ত্রয়স্ত্রিংশত্ত্বেব দেবা ইতি কতমে তে ত্রয়স্ত্রিংশদিত্যষ্টৌ বসব একাদশ রুদ্রা দ্বাদশাদিত্যাস্ত একত্রিংশদিন্দ্রশ্চৈব প্রজাপতিশ্চ ত্রয়স্ত্রিংশাবিতি॥

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—এতে (ত্র্যধিক-ত্রিশতানি ত্র্যধিকত্রিসহস্রাণি চ দেবাঃ) এষাং (বক্ষ্যমাণ-দেবানাম্) মহিমানঃ (বিভূতয়ঃ) এব; তু (কিন্তু) দেবাঃ ত্রয়স্ত্রিংশৎ ইতি। [শাকল্যঃ আহ] তে ত্রয়স্ত্রিংশৎ [দেবাঃ] কতমে (কিং সংজ্ঞকাঃ)? [যাজ্ঞবল্ক্য আহ] বসবঃ অষ্টৌ, রুদ্রাঃ একাদশঃ, আদিত্যাঃ দ্বাদশ, তে-(পূর্বোক্তাঃ বস্বাদয়ঃ) একত্রিংশৎ, ইন্দ্রঃ চ এব প্রজাপতিঃ চ [এতৌ] ত্রয়স্ত্রিংশৌ (ত্রয়স্ত্রিংশতঃ পূরকৌ) ইতি।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—দেবতা তেত্রিশটিমাত্র; তিন শত তিন এবং তিন হাজার তিন দেবতা যে বলা হইয়াছে, তাহা ইঁহাদেরই মহিমা (বিভূতি)। শাকল্য বলিলেন, ঐ তেত্রিশটি দেবতা কোন্ কোন্ নামে অভিহিত হন? যাজ্ঞবল্ক্য বলিলেন—অষ্টবসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, এই একত্রিশটি দেবতা, ইঁহারা ইন্দ্র এবং প্রজাপতি এই দুইটির সহিত মিলিত হইয়া সংখ্যায় তেত্রিশ হইয়াছেন।

৩। কতমে বসব ইত্যগ্নিশ্চ পৃথিবী চ বায়ুশ্চান্ত-রিক্ষঃ চাদিত্যশ্চ দ্যৌশ্চ চন্দ্রমাশ্চ নক্ষত্রাণি চৈতে

বসব এ্তেষু হীদং সর্বং হিতমিতি তস্মাদ্বসব ইতি॥

ব্যাখ্যা। [পুনরপি শাকল্যঃ পৃচ্ছতি]—বসবঃ কতমে (কিংসংজ্ঞকাঃ)? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ] অগ্নিঃ চ পৃথিবী চ, বায়ুঃ চ, অন্তরিক্ষং (আকাশং) চ, আদিত্যঃ চ, দ্যৌঃ (দ্যুলোকাঃ) চ, চন্দ্রমাঃ চ, নক্ষত্রাণি চ—এতে বসবঃ (বসুসংজ্ঞকাঃ)। হি (যতঃ) এতেষু (অগ্ন্যাদিষু) ইদং (পরিদৃশ্যমানং) সর্বং (বস্তু) হিতং (নিহিতম্) [অস্তি] ইতি; তস্মাৎ বসবঃ (সর্বে বসন্তি এতেষু; বাসয়ন্তি বা সর্বান্ ইতি বসবঃ) ইতি।

অনুবাদ। পুনরায় শাকল্য জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! বসুগণ কোন্ কোন্ নামে অভিহিত হন? যাজ্ঞবল্ক্য বলিলেন,—অগ্নি, পৃথিবী, বায়ু, আকাশ, আদিত্য, দ্যুলোক, চন্দ্র এবং নক্ষত্রগণ, ইহারাই বসুনামে অভিহিত। কারণ দৃশ্যমান বস্তুসকল অগ্নিপ্রভৃতিতেই নিহিত রহিয়াছে, সেইজন্য ইহাদিগকে বসু বলে।

৪। কতমে রুদ্রা ইতি দশেমে পুরুষে প্রাণা

আত্মৈকাদশস্তে যদাস্মাচ্ছরীরান্মর্ত্ত্যাদুৎক্রামন্ত্যথ রোদয়ন্তি তদ্ যদ্রোদয়ন্তি তস্মাদ্রুদ্রা ইতি ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ আহ]—কতমে (কিংসংজ্ঞকাঃ) রুদ্রাঃ ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—পুরুষে (প্রাণিদেহে) প্রাণাঃ (জ্ঞানেন্দ্রিয়-কর্মেন্দ্রিয়-সংজ্ঞকাঃ চক্ষুরাদয়ঃ) দশ, আত্মা (মনঃ) একাদশঃ (একাদশ-পূরকঃ) ইমে (চক্ষুরাদয়ঃ রুদ্রশব্দবাচ্যাঃ)। তে (একাদশরুদ্রাঃ) যদা অস্মাৎ মর্ত্ত্যাৎ (মরণশীলাৎ) শরীরাৎ উৎক্রামন্তি (বহির্গচ্ছন্তি), অথ (তদা) বান্ধবান্ রোদয়ন্তি (ক্রন্দয়ন্তি); যৎ (যতঃ) তৎ (তান্) রোদয়ন্তি, তস্মাৎ রুদ্রা ইতি [কথ্যন্তে] ইতি ॥

অনুবাদ। শাকল্য বলিলেন—একাদশ রুদ্রগণ কে কে ? যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রাণিদেহস্থিত কর্ম্মেন্দ্রিয় পাঁচটি এবং জ্ঞানেন্দ্রিয় পাঁচটি আর মনঃ এই একাদশটি রুদ্রপদবাচ্য, উক্ত একাদশ প্রাণ যখন এই মরণশীল দেহ হইতে বহির্গত হন, তখন তাঁহারা আত্মীয়গণকে ক্রন্দন করান বলিয়া ইঁহারা রুদ্র-সংজ্ঞায় অভিহিত হইয়াছেন।

৫। কতম আদিত্যা ইতি দ্বাদশ বৈ মাসাঃ

সংবৎসরস্যৈত আদিত্যা এতে হীদংꣳ সর্বমাদদানা যন্তি তে যদিদংꣳ সর্বমাদদানা যন্তি তস্মাদাদিত্যা ইতি।

ব্যাখ্যা। [শাকল্যঃ পৃচ্ছতি] কতমে (কিংসংজ্ঞকাঃ) আদিত্যাঃ? ইতি। যাজ্ঞবল্ক্যঃ আহ]—বৎসরস্য বৈ (প্রসিদ্ধৌ) এতে দ্বাদশমাসাঃ আদিত্যাঃ; হি (যতঃ) এতে (দ্বাদশমাসাঃ) ইদং সর্বম্ (জগৎ) আদদানাঃ (গৃহ্নন্তঃ) যন্তি (গচ্ছন্তি); যৎ (যতঃ) তে (মাসাঃ) ইদং সর্বম্ (কর্মফলং আয়ুশ্চ প্রাণিনাম্) আদদানাঃ (গৃহ্নন্তঃ) যান্তি (গচ্ছন্তি) তস্মাদ্ আদিত্যাঃ [উচ্যন্তে] ইতি॥

অনুবাদ। শাকল্য জিজ্ঞাসা করিলেন, কাহারা দ্বাদশ আদিত্য-সংজ্ঞায় অভিহিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—বৎসরের দ্বাদশ মাসগুলিই আদিত্য-সংজ্ঞায় অভিহিত; কারণ ইঁহারা সকল প্রাণীর কর্ম্মফল এবং আয়ুঃ গ্রহণ করিয়া সতত গমন করেন, এমন কি এই পরিদৃশ্যমান সমস্ত জগৎ গ্রাস করিয়াও স্থিরভাব অবলম্বন না করিয়া অবিরত গমন করেন; সেইজন্য তাঁহারা আদিত্যপদবাচ্য।

৬। কতম ইন্দ্রঃ কতমঃ প্রজাপতিরিতি স্তনয়িত্নুরেবেন্দ্রো যজ্ঞঃ প্রজাপতিরিতি কতমঃ স্তনয়িত্নুরিত্যশনিরিতি কতমো যজ্ঞ ইতি পশব ইতি॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পৃচ্ছতি] ইন্দ্রঃ কতমঃ? প্রজাপতিঃ [অপি] কতমঃ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] স্তনয়িত্নুঃ (বজ্রং বীর্য্যমিত্যর্থঃ) এব ইন্দ্রঃ ; যজ্ঞঃ (যজ্ঞসাধনানি পশবঃ) [এব] প্রজাপতিঃ ইতি। [শাকল্যঃ আহ] কতমঃ স্তনয়িত্নু ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] অশনিঃ (বজ্রং বীর্য্যমিত্যর্থঃ) ইতি। [শাকল্যঃ আহ]—কতমঃ যজ্ঞঃ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] পশবঃ (যজ্ঞসাধনানীত্যর্থঃ) ইতি।

অনুবাদ। শাকল্য জিজ্ঞাসা করিলেন—ইন্দ্র কে এবং প্রজাপতিই বা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন, স্তনয়িত্নুই ইন্দ্র ; যজ্ঞই প্রজাপতি। পুনরায় শাকল্য জিজ্ঞাসা করিলেন, স্তনয়িত্নু কাহাকে বলে এবং যজ্ঞই বা কাহাকে বলে? যাজ্ঞবল্ক্য বলিলেন—স্তনয়িত্নুই অশনি (বল) আর যজ্ঞই যজ্ঞ-সাধন পশু।

৭। কতমে ষড়িত্যগ্নিশ্চ পৃথিবী চ বায়ুশ্চান্ত-

রিক্ষং চাদিত্যশ্চ দ্যৌশ্চৈতে ষড়েতে হীদꣳ সর্বꣳ ষড়িতি।

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] ষট্ (ষট্-সংখ্যকাঃ দেবাঃ) কতমে (নামতঃ কে)? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—অগ্নিঃ চ, পৃথিবী চ, বায়ুঃ চ, অন্তরিক্ষং চ, আদিত্যঃ চ, দ্যৌঃ চ—এতে (অগ্ন্যাদয়ঃ দেবাঃ) ষট্ (ষট্সংখ্যকাঃ)। হি (যতঃ) ইদং সর্বম্ (ত্রয়স্ত্রিংশদাদিকম্) এতে ষট্ (এতেষু এব ষট্সু) [অন্তর্ভবতি]॥

অনুবাদ। শাকল্য জিজ্ঞাসা করিলেন, সেই ছয়টি দেবতা কে কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—অগ্নি, পৃথিবী, বায়ু, আকাশ, আদিত্য এবং দ্যুলোক এই ছয়টি দেবতা। পূর্বোক্ত ত্রয়স্ত্রিংশদাদিসংখ্যেয় দেবতাগণ এই ছয়টি দেবতারই অন্তর্ভূত।

৮। কতমে তে ত্রয়ো দেবা ইতীম এব ত্রয়ো লোকা এষু হীমে সর্বে দেবা ইতি কতমৌ তৌ দ্বৌ দেবাবিত্যন্নং চৈব প্রাণশ্চেতি কতমোঽধ্যর্ধ ইতি যোঽয়ং পবত ইতি॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] তে (পূর্বোক্তাঃ)

ত্রয়ঃ দেবতাঃ কতমে? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] ইমে [ভূরাদয়ঃ] ত্রয়ঃ লোকাঃ এব [ত্রয়ো দেবাঃ]। হি (যতঃ) এষু (লোকেষু) ইমে (পূর্বোক্তাঃ) সর্বে দেবাঃ [অন্তর্ভূতাঃ] ইতি। [পুনঃ শাকল্যঃ পৃচ্ছতি] তৌ (পূর্বোক্তৌ) দ্বৌ দেবৌ কতমৌ? ইতি; [যাজ্ঞবল্ক্যঃ আহ] অন্নং চ, প্রাণঃ চ এব [এতৌ দ্বৌ দেবৌ ভবতঃ]। [পুনঃ শাকল্যঃ পৃচ্ছতি] অধ্যর্দ্ধঃ কতমঃ? ইতি; [যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ অয়ম্ (বায়ুঃ) পবতে [সঃ অধ্যর্দ্ধঃ দেবঃ]।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—পূর্ব্বোক্ত দেবতাত্রয় কে কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—ভূঃ, ভুবঃ, স্বঃ এই তিন লোকই উক্ত দেবতাত্রয়। কারণ অন্যান্য সকল দেবতাই এই ত্রিলোকের অন্তর্ভূত। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন, পূর্ব্বোক্ত দেবতাদ্বয় কে কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—অন্ন ও প্রাণ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—অধ্যর্দ্ধ অর্থাৎ সার্দ্ধৈক দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি প্রবাহিত হন, সেই বায়ুই অধ্যর্দ্ধ দেবতা।

৯। তদাহুর্যদয়মেক ইবৈব পবতেঽথ কথম-

ধ্যর্ধ ইতি যদস্মিন্নিদꣳ সর্বমধ্যার্ধ্নোত্তেনাধ্যার্দ্ধ ইতি কতম একো দেব ইতি প্রাণ ইতি স ব্রহ্ম ত্যদিত্যাচক্ষতে ॥

ব্যাখ্যা। তৎ (তত্র) একে (কচিৎ) আহুঃ (কথয়ন্তি) যৎ অয়ম্ (বায়ুঃ) একঃ (অদ্বিতীয়ঃ) ইবৈব (এব) পবতে; অথ কথম্ (কেন প্রকারেণ) [বায়ুঃ] অধ্যার্দ্ধঃ [ভবেৎ] ইতি। [শ্রুতিঃ স্বয়মেব তদাহ] যৎ (যস্মাৎ) অস্মিন্ (বায়ৌ) [সতি] ইদং সর্বম্ (জগৎ) অধ্যার্ধ্নোৎ (অধিকাম্ ঋদ্ধিং প্রাপ্নোতি); তেন (হেতুনা) অধ্যার্দ্ধঃ [উচ্যতে] ইতি। [শাকল্যঃ পৃচ্ছতি] একঃ দেবঃ কতমঃ (কিংরূপঃ) ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] প্রাণঃ ইতি; সঃ (প্রাণঃ) [এব] ব্রহ্ম (পরমাত্মা); ত্যদ্ ইতি [পরোক্ষাভিধায়কেন শব্দেন তদ্ ব্রহ্ম] আচক্ষতে (বর্ণয়ন্তি) [ব্রহ্মবিদঃ]।

অনুবাদ। এ বিষয়ে (বায়ুকে) যে অধ্যার্দ্ধ বলা হয়, এ সম্বন্ধে কেহ কেহ বলিয়া থাকেন যে, এই বায়ু একরূপেই প্রকাশিত হইতেছে; সুতরাং তিনি অধ্যার্দ্ধ (সার্দ্ধৈক) হইবেন কিরূপে? শ্রুতি নিজেই ইহা বলিতেছেন—যেহেতু বায়ু বিদ্যমান থাকিলেই জগতের মঙ্গল বৃদ্ধি হয়, সেইজন্য

ইঁহাকে অধ্যর্দ্ধ বলা হয়; [ইহার তাৎপর্য্য এই, বায়ু এক হইলেও তদ্দ্বারা জাত বস্তুসমুদায় তাঁহার অর্দ্ধপরিমিত, সুতরাং তজ্জাত বস্তু তদর্দ্ধ বলিয়া বায়ুকে অধ্যর্দ্ধ (সার্দ্ধ) এক বলা হয়] পুনরায় শাকল্য জিজ্ঞাসা করিলেন—একদেবতা কে ? যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রাণই একদেবতা, সেই প্রাণই ব্রহ্ম; পণ্ডিতগণ এই ব্রহ্মের পরোক্ষবোধক ত্যৎ শব্দ দ্বারা প্রাণরূপ ব্রহ্মকেই নির্দ্দেশ করেন।

১০। পৃথিব্যেব যস্যায়তনমগ্নির্লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্ব্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাৎ। যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্ব্বস্যাত্মনঃ পরায়ণং যমাথ য এবায়ং শারীরঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেত্যমৃতমিতি হোবাচ।

ব্যাখ্যা। [ইদানীং তস্যৈব প্রাণরূপস্য ব্রহ্মণঃ উপাসনার্থম্ আয়তনাদিকম্ উচ্যতে] যস্য (প্রাণসংজ্ঞকস্য ব্রহ্মণঃ) পৃথিবী এব আয়তনম্ (আশ্রয়ঃ), অগ্নিঃ লোকঃ (লোকয়তি পশ্যতি অনেনেতি লোকঃ) [অগ্নিনাহি প্রকাশরূপিণা সর্বং

পশ্যতি ইত্যর্থঃ]; মনো জ্যোতিঃ (মনসা জ্যোতিষা সঙ্কল্পবিকল্পাদিকার্য্যং করোতি যঃ সঃ মনোজ্যোতিঃ) যঃ (জনঃ) বৈ (এব) সর্বস্য আত্মনঃ (কার্য্যকরণসংঘাতস্য স্থূলসূক্ষ্মদেহস্য) পরায়ণং (প্রাধান্যাশ্রয়ঃ); তং (পূর্বোক্তং) পুরুষং (পরমপুরুষং পরমাত্মানং) বিদ্যাৎ (বিশেষরূপেণ জানীয়াৎ), [যঃ এতদেবং বেত্তি] সঃ (বিজ্ঞানবান্) বৈ বেদিতা (পণ্ডিতঃ) স্যাৎ। [শাকল্যঃ আহ] হে যাজ্ঞবল্ক্য। [ত্বম্] যং (পুরুষম্) আত্থ (ব্রবীষি); অহং বৈ (এব) তং সর্বস্য আত্মনঃ পরায়ণম্ (প্রধানাশ্রয়ম্) পুরুষং বেদঃ (জানামি) [হে যাজ্ঞবল্ক্যঃ! যদি তং পুরুষং জানাসি তর্হি কথয়, ইত্যুক্তে যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ এব অসৌ শারীরঃ (ত্বঙ্মাংসরুধিররূপঃ) পুরুষঃ, সঃ এব (ভবজ্জিজ্ঞাসিতপুরুষঃ); বদ এব (ব্রূহি এব) [যদ্বক্তব্যমস্তি; শাকল্যঃ আহ] তস্য শারীরস্য (শরীরে ভবঃ শারীরঃ ত্বঙ্মাংসরুধিররূপঃ তস্য) কা দেবতা ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] অমৃতম্ (ভুক্তান্নস্য রসঃ) ইতি হ উবাচ।

অনুবাদ। যে প্রাণসংজ্ঞক ব্রহ্মের পৃথিবীই আশ্রয়; অগ্নিই লোক (দর্শনক্রিয়াসম্পাদক) মনঃই জ্যোতিঃ (সঙ্কল্পবিকল্পাদি-কার্য্যসম্পাদক) যিনি স্থূল—সূক্ষ্ম এই উভয় দেহের একমাত্র আশ্রয়; সেই পরম পুরুষকে বিশেষরূপে অবগত হইবে।

যিনি ইঁহাকে উক্তরূপে জানেন, তিনিই পণ্ডিত। শাকল্য বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তুমি যে পুরুষের কথা বলিতেছ, আমি সেই স্থূল এবং সূক্ষ্ম দেহের একমাত্র যিনি আশ্রয়, তাঁহাকে জানি। [শাকল্য নিজে পরমপুরুষসম্বন্ধে অভিজ্ঞ বলিয়া অভিমান করিলেন এবং বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! যদি তুমি তৎসম্বন্ধে জান, তবে বল; যাজ্ঞবল্ক্য তাঁহার তদ্বিষয়ে অভিজ্ঞতাসম্বন্ধে জানিবার জন্য বলিলেন] এই দেহস্থিত ত্বক্‌মাংসরুধিররূপ পুরুষই তোমার জিজ্ঞাসিত। যদি এ বিষয়ে তোমার কোন বক্তব্য থাকে, তবে বল; শাকল্য বলিলেন—সেই ত্বক্, মাংস এবং রুধিরাধিষ্ঠিত দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—অমৃত (ভুক্তান্নের রস)।

১১। কাম এব যস্যায়তনং হৃদয়ং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং

কামময়ঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেব-
তেতি স্ত্রিয় ইতি হোবাচ ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরাহ] যস্য (পুরুষস্য) কামঃ (স্ত্রীগমনাভিলাষঃ) এব আয়তনং (শরীরং) [যঃ কাম-শরীরঃ ভবতীতি ভাবঃ], হৃদয়ং (অন্তঃকরণং) লোকঃ (লোকয়তি পশ্যতি অনেনেতি লোকঃ চক্ষুঃ), মনঃ (সঙ্কল্প-বিকল্পাত্মকং) জ্যোতিঃ (দর্শনানুকূলং তেজঃ); [হে] যাজ্ঞবল্ক্য! যঃ (জনঃ) বৈ (এব) সর্বস্য আত্মনঃ (দেহ-সংঘাতস্য) পরায়ণম্ (শ্রেষ্ঠমাশ্রয়ম্), তং (কামাদিশরীর-বন্তং) পুরুষং বিদ্যাৎ (জানীয়াৎ) সঃ বৈ বেদিতা (জ্ঞানবান্) স্যাৎ [যাজ্ঞবল্ক্যঃ আহ হে শাকল্য! তং] যম্ (পুরুষম্) আত্থ (বদসি), অহং বৈ (এব) সর্বস্য আত্মনঃ (দেহ সঙ্ঘাতস্য) তং পরায়ণং (প্রধানাশ্রয়ং) পুরুষং বেদ (জানামি); [জানাসি চেৎ ব্রূহি ইত্যুক্তে যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ এব অয়ং কামময়ঃ পুরুষঃ, সঃ পূর্বোক্তঃ এষঃ (কামময়ঃ পুরুষঃ); [পুনরপি যাজ্ঞবল্ক্যঃ আহ, হে শাকল্য! ত্বং] বদ (জিজ্ঞাসস্ব) এব। [শাকল্যঃ পৃচ্ছতি] তস্য (পুরুষস্য) কা দেবতা? ইতি; [যাজ্ঞবল্ক্যঃ আহ] স্ত্রিয়ঃ [স্ত্রীতঃ হি পুরুষস্য কামো-দ্রেকঃ ভবতি, অতঃ স্ত্রী এব দেবতা পুরুষস্য] ॥

অনুবাদ। শাকল্য পুনরায় বলিলেন—

কাম (স্ত্রীগমনাভিলাষ) যাঁহার দেহ, (যিনি কাম-শরীর), অন্তঃকরণ যাঁহার চক্ষুঃ সঙ্কল্পবিকল্পাত্মক মনঃ যাঁহার দর্শানানুকূল প্রকাশক তেজঃ ; হে যাজ্ঞবল্ক্য! যিনি উক্ত সমুদায় দেহ-সঙ্ঘাতের প্রধান আশ্রয়স্বরূপ—সেই কামাদি-শরীরী পুরুষকে জানেন, তিনি জ্ঞানবান্ বলিয়া অভিহিত হন। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে শাকল্য! তুমি যে পুরুষের কথা বলিলে, আমি সমুদায় দেহসঙ্ঘাতের একমাত্র আশ্রয় সেই পুরুষকে জানি। শাকল্য বলিলেন,—যদি জান তবে বল ; যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি কামময়, পুরুষ তাঁহার কথাই তুমি জিজ্ঞাসা করিয়াছিলে; যদি আরও তোমার জিজ্ঞাস্য থাকে, তবে বল। শাকল্য বলিলেন,—সেই পুরুষের দেবতা (উদ্দীপিকা) কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—সমুদায় নারী, কারণ স্ত্রী হইতেই পুরুষের কামভাবের উদ্রেক হইয়া থাকে।

১২। রূপাণ্যেব যস্যায়তনং চক্ষুর্লোকো মনো-জ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং

স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবাসাবাদিত্যে পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি সত্যমিতি হোবাচ ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] যস্য (পুরুষস্য) [শুক্লাদীনি] রূপাণি এব আয়তনম্ (আশ্রয়ঃ), চক্ষুঃ লোকঃ (প্রকাশকম্), মনঃ জ্যোতিঃ ; [হে] যাজ্ঞবল্ক্য ! যঃ (পুরুষঃ) বৈ (এব) সর্বস্য আত্মনঃ পরায়ণং (প্রধানাশ্রয়ং) তং পুরুষং বিদ্যাৎ, সঃ (জনঃ) বৈ বেদিতা স্যাৎ। [যাজ্ঞবল্ক্যঃ আহ, হে শাকল্য !] অহং বৈ সর্বস্য আত্মনঃ পরায়ণং তং পুরুষং বেদ (জানামি) ; [ত্বং] যং পুরুষম্ আত্থ (বেৎসি) ; [কিংরূপোঽসৌ] যঃ এব অসৌ আদিত্যে পুরুষঃ, সঃ (আদিত্যপুরুষঃ) এব এষঃ (ত্বয়োক্তঃ পুরুষঃ)। [যদি অন্যৎ জিজ্ঞাসিতব্যমস্তি তর্হি তৎ] বদ (কথয়) এব। [শাকল্যঃ পৃচ্ছতি] তস্য পুরুষস্য কা দেবতা ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ সত্যম্ (চক্ষুঃ) ইতি ; [চক্ষুষঃ অধিদৈবতস্যাদিত্যস্য যতঃ স্বরূপনিষ্পত্তির্ভবতি] ॥

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—যে পুরুষের শুক্লাদিরূপই আশ্রয়, চক্ষুঃ প্রকাশক, মনঃ জ্যোতি ; হে যাজ্ঞবল্ক্য ! সমুদায় দেহ-

সংঘাতের একমাত্র আশ্রয় পরমপুরুষকে যিনি জানেন, তিনিই জ্ঞানী। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে শাকল্য! তুমি যে পুরুষের কথা বলিতেছ, সমুদায় দেহ-সংঘাতের আশ্রয়স্বরূপ সেই পুরুষকে আমি জানি; শাকল্য বলিলেন—তিনি কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি ঐ আদিত্যে অবস্থান করেন, তিনিই আদিত্য পুরুষ। যদি আমার নিকট অন্য কোন জিজ্ঞাস্য থাকে, তবে বল। শাকল্য বলিলেন—তাঁহার দেবতা (অধিদৈবত) কে? যাজ্ঞবল্ক্য বলিলেন, সত্য (চক্ষুঃ), যেহেতু চক্ষুদ্বারা অধিদৈবত আদিত্যের উপলব্ধি হয়।

১৩। আকাশ এব যস্যায়তনꣳ শ্রোত্রং লোকো মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণꣳ স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষꣳ সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ꣳ শ্রৌত্রঃ প্রাতিশ্রুৎকঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি দিশ ইতি হোবাচ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] আকাশঃ এব

যস্য আয়তনম্, শ্রোত্রং (শ্রবণেন্দ্রিয়ং) লোকঃ (প্রকাশকম্), মনঃ জ্যোতিঃ, [হে] যাজ্ঞবল্ক্যঃ! যঃ (জনঃ) সর্বস্য আত্মনঃ (দেহসংঘাতস্য) পরায়ণং (প্রধানাশ্রয়ং) তং পুরুষং বিদ্যাৎ, সঃ (জনঃ) বৈ বেদিতা (জ্ঞানবান্) স্যাৎ। [যাজ্ঞবল্ক্যঃ আহ হে শাকল্য!] অহং বৈ সর্বস্য আত্মনঃ পরায়ণং তং পুরুষং বেদ (জানামি) [ত্বং] যং পুরুষম্ আত্থ (বেৎসি); কিংরূপোঽসৌ? ইত্যুক্তে যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ এব অয়ং শ্রৌত্রঃ (শ্রোত্রে ভবঃ শ্রৌত্রঃ শ্রবণেন্দ্রিয়-সম্বন্ধী) প্রাতিশ্রুৎকঃ (প্রতিশ্রবণবেলায়াং ভবতীতি প্রাতিশ্রুৎ-কঃ) পুরুষঃ, সঃ এষঃ (ত্বয়োক্তঃ পুরুষঃ) [ভবতি]। [শাকল্যঃ আহ] তস্য (পুরুষস্য) কা দেবতা? [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ দিশঃ ইতি; [দিক্ষু এব তদভিব্যক্তেঃ]।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! আকাশই যাঁহার আশ্রয় শ্রবণেন্দ্রিয় যাঁহার প্রকাশক এবং মনঃ যাঁহার জ্যোতিঃ সমুদায় দেহ-সংঘাতের একমাত্র আশ্রয়স্বরূপ সেই পুরুষকে যিনি জানেন, তিনিই জ্ঞানী। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে শাকল্য! তুমি যে পুরুষের কথা বলিলে, আমি সমুদায় দেহ-সংঘাতের প্রধান আশ্রয়-স্বরূপ সেই পুরুষকে জানি। শাকল্য জিজ্ঞাসা

করিলেন—তাঁহার স্বরূপ কি? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি শ্রবণেন্দ্রিয়ে অধিষ্ঠিত থাকিয়া প্রত্যেক শব্দ-শ্রবণের সময় বিশেষরূপে প্রকাশিত হন তিনিই সেই পুরুষ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—তাঁহার দেবতা কে, অর্থাৎ তিনি কাহাকে আশ্রয় করিয়া প্রকটিত হন? যাজ্ঞবল্ক্য বলিলেন, দিক্‌সমূহে শব্দসকল প্রধাবিত হয় বলিয়াই শ্রবণেন্দ্রিয়দ্বারা শব্দসকল গ্রহণ করিয়া তিনি জ্ঞানরূপে প্রকাশিত হন; এইজন্য দিক্‌সকল তাঁহার দেবতা।

১৪। তম এব যস্যায়তনꣳ হৃদয়ং লোকো মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণꣳ স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষꣳ সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং ছায়ামযঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি মৃত্যুরিতি হোবাচ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] যস্য (পুরুষস্য) তমঃ (অন্ধকারঃ) এব আয়তনম্, হৃদয়ং (অন্তঃকরণং) লোকঃ (প্রকাশকঃ), মনঃ জ্যোতিঃ (প্রকাশস্বরূপং তেজঃ),

[হে যাজ্ঞবল্ক্য ! যঃ (জনঃ) বৈ সর্বস্য আত্মনঃ (দেহসজ্ঘাতস্য) পরায়ণং তং পুরুষং বিদ্যাৎ, সঃ (জনঃ) বৈ বেদিতা স্যাৎ। [যাজ্ঞবল্ক্য আহ] অহং বৈ সর্বস্য আত্মনঃ পরায়ণং তং পুরুষং বেদ, [হে শাকল্য ! ত্বং] যং (পুরুষম্) আত্থ (বদসি)। [শাকল্যঃ পৃচ্ছতি কিংরূপোঽসৌ ? যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ এব অয়ং ছায়াময়ং (অধ্যাত্মম্ অজ্ঞানময়ঃ) পুরুষঃ সঃ এষঃ (ত্বয়োক্তঃ পুরুষঃ) ; [হে] শাকল্য ! [জিজ্ঞাসিতব্যমস্তি চেৎ] বদ এব (মাম্ এব পৃচ্ছ)। [শাকল্যঃ পৃচ্ছতি] তস্য (ছায়াময়স্য পুরুষস্য) কা দেবতা ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ মৃত্যুঃ ইতি॥

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য ! যে পুরুষের অন্ধকারই আশ্রয়, অন্তঃকরণই প্রকাশক এবং মনঃই প্রকাশময় তেজঃস্থানীয় ; হে যাজ্ঞবল্ক্য ! সমুদায় দেহসজ্ঘাতের একমাত্র আশ্রয়স্বরূপ সেই পুরুষকে আমি জানি। শাকল্য বলিলেন—তাঁহার স্বরূপ কি ? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি ছায়াময় (অজ্ঞানময়) অধ্যাত্ম পুরুষ, তুমি তাহার কথাই জিজ্ঞাসা করিয়াছ ; হে শাকল্য ! যদি অপর কিছু জিজ্ঞাস্য থাকে, তবে

জিজ্ঞাসা করিতে পার। শাকল্য জিজ্ঞাসা করিলেন—সেই ছায়াময় পুরুষের দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—মৃত্যু [উক্ত অজ্ঞানময় পুরুষটি বিনাশশীল, সুতরাং মৃত্যুর পর অধিদৈবতরূপে প্রকটিত হওয়ায় তাঁহার অধিদৈবতরূপ মৃত্যু।]

১৫। রূপাণ্যেব যস্যায়তনং চক্ষুর্লোকো মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণণ্ড স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষণ্ড সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়মাদর্শে পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেত্যসুরিতি হোবাচ ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপ্যাহ] হে যাজ্ঞবল্ক্য! রূপাণি (শ্বেতাদীনি) এব যস্য আয়তনম্, চক্ষুঃ লোকঃ (প্রকাশকম্), মনঃ জ্যোতিঃ; যঃ (জনঃ) বৈ সর্বস্য আত্মনঃ পরায়ণং তং পুরুষং বেদ; সঃ জনঃ) বেদিতা স্যাৎ। (যাজ্ঞবল্ক্যঃ আহ—হে শাকল্য! ত্বম্] যং পুরুষম্ আত্থ (কথয়সি); অহং বৈ সর্বস্য আত্মনঃ (দেহসঙ্ঘাতস্য) পরায়ণং তং পুরুষং বেদ (জানামি)। [শাকল্যঃ পৃচ্ছতি কিংরূপোঽসৌ? যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ এব অয়ম্

আদর্শে (দর্পণাদৌ) পুরুষঃ (প্রতিবিম্বরূপঃ), সঃ এষঃ (ত্বয়োক্তঃ পুরুষঃ) ; [যদি অপরঃ জিজ্ঞাসিতব্যমস্তি, তর্হি তৎ] এব (অপি) বদ (পৃচ্ছ) । [শাকল্যঃ আহ] তস্য (পুরুষস্য) কা দেবতা ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ অসুঃ (প্রাণঃ) ইতি ; [প্রাণেষু সৎসু দর্শনাদিব্যবহারনিষ্পত্তেঃ ।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য ! শ্বেত-পীতাদি সমুদায়রূপই যাঁহার আশ্রয়,চক্ষুঃ যাঁহার প্রকাশক এবং মনঃ যাঁহার জ্যোতিঃ, সকল দেহসজ্ঘাতের একমাত্র আশ্রয়স্বরূপ সেই পুরুষকে যিনি জানেন ; তিনিই জ্ঞানী। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে শাকল্য ! তুমি যে পুরুষের কথা বলিলে, সকল দেহসজ্ঘাতের একমাত্র আশ্রয়-স্বরূপ সেই পুরুকে আমি জানি। শাকল্য জিজ্ঞাসা করিলেন—তাঁহার স্বরূপ কি ? যাজ্ঞবল্ক্য বলিলেন—দর্পণাদিতে প্রতিবিম্বরূপী যে পুরুষ পরিদৃষ্ট হয়, তিনিই তোমার জিজ্ঞাসিত পুরুষ। হে শাকল্য! যদি তোমার অপর কিছু জিজ্ঞাস্য থাকে, তবে জিজ্ঞাসা করিতে পার। শাকল্য জিজ্ঞাসা করিলেন—

এই পুরুষের দেবতা কে ? যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রাণ, কারণ প্রাণ বিদ্যমান থাকিলেই দর্শনাদি ব্যবহার সম্পাদিত হয় বলিয়া প্রাণই উক্ত পুরুষের দেবতা।

১৬। আপ এব যস্যায়তনং হৃদয়ং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণং স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষং সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাথ য এবায়মপ্সু পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি বরুণ ইতি হোবাচ ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] আপঃ (জলানি) এব যস্য আয়তনং, হৃদয়ং (অন্তঃকরণং) লোকঃ, মনঃ জ্যোতিঃ ; যঃ (জনঃ) বৈ সর্বস্য আত্মনঃ (দেহসঙ্ঘাতস্য) পরায়ণং তং পুরুষং বিদ্যাৎ সঃ (জনঃ) বৈ বেদিতা স্যাৎ। [যাজ্ঞবল্ক্যঃ আহ, হে শাকল্য ! ত্বং] যম্ (পুরুষম্) আত্থ, অহং বৈ সর্বস্য আত্মনঃ পরায়ণং তং পুরুষং বেদ (জানামি)। [শাকল্যঃ আহ, কিংরূপোঽসৌ ? যাজ্ঞবল্ক্যঃ আহ] যঃ এব অয়ম্ অপ্সু পুরুষঃ, সঃ এষঃ (ত্বয়োক্তঃ পুরুষঃ), [হে শাকল্য ! যদি অপরং কিমপি জিজ্ঞাসিতব্যমস্তি, তর্হি] বদ এব ইতি।

[শাকল্যঃ পৃচ্ছতি] তস্য (পুরুষস্য) কা দেবতা ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ বরুণঃ ইতি ॥

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—সমুদায় জলই যাঁহার আশ্রয়; অন্তঃকরণ যাঁহার প্রকাশক এবং মনঃ যাঁহার জ্যোতিঃস্থানীয়; সকল দেহসঙ্ঘাতের একমাত্র আশ্রয়স্বরূপ সেই পুরুষকে যিনি জানেন, তিনিই জ্ঞানী। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে শাকল্য! তুমি যে পুরুষের কথা বলিতেছ; সকল দেহসঙ্ঘাতের একমাত্র আশ্রয়-স্বরূপ সেই পুরুষকে আমি জানি। শাকল্য বলিলেন—তাঁহার স্বরূপ কি ? যাজ্ঞবল্ক্য বলিলেন—যিনি জলে অধিষ্ঠিত আছেন, তিনিই তোমার জিজ্ঞাসিত পুরুষ। হে শাকল্য, যদি অপর কিছু জিজ্ঞাস্য থাকে, তবে জিজ্ঞাসা করিতে পার। শাকল্য জিজ্ঞাসা করিলেন—সেই পুরুষের দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—বরুণই তাঁহার দেবতা।

১৭। রেত এব যস্যায়তনং হৃদয়ং লোকো

মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিদ্যাৎ সর্বস্যাত্মনঃ পরায়ণꣳ স বৈ বেদিতা স্যাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষꣳ সর্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্থ য এবায়ং পুত্রময়ঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি প্রজাপতিরিতি হোবাচ ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি] হে যাজ্ঞবল্ক্য! যস্য রেতঃ (বীর্যম্) এব যস্য আয়তনম্, হৃদয়ং লোকঃ, মনঃ জ্যোতিঃ ; যঃ (জনঃ] বৈ সর্বস্য আত্মনঃ পরায়ণং তং পুরুষং বিদ্যাৎ, সঃ (জনঃ) বেদিতা স্যাৎ। [যাজ্ঞবল্ক্যঃ আহ— হে শাকল্য! ত্বং] যং (পুরুষম্) আত্থ ; অহং বৈ সর্বস্য আত্মনঃ (দেহসংঘাতস্য) পরায়ণং তং পুরুষং বেদ ; য এব অয়ং পুত্রময়ঃ (পুত্ররূপধারী) পুরুষঃ, স এষঃ (ত্বয়োক্তঃ পুরুষঃ) ; হে শাকল্য! [যদি অপরং কিমপি বক্তব্যমস্তি, তর্হি তৎ] এব বদ। [শাকল্যঃ আহ]—তস্য (পুত্রময়পুরুষস্য) কা দেবতা? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ—প্রজাপতিঃ (পিতা) ইতি, [পিতুঃ পুত্রোৎপাদনকারণত্বাৎ]।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! শুক্রই যাঁহার আশ্রয়, অন্তঃকরণ যাঁহার প্রকাশ এবং মনঃ যাঁহার জ্যোতিঃ

সকল দেহসঙ্ঘাতের একমাত্র আশ্রয়স্বরূপ সেই পুরুষকে যিনি জানেন, তিনিই জ্ঞানী। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে শাকল্য, তুমি যে পুরুষের কথা বলিতেছ, সকল দেহসঙ্ঘাতের, একমাত্র আশ্রয়-স্বরূপ সেই পুরুষকে আমি জানি। যিনি পুত্ররূপ-ধারী পুরুষ, তিনিই তোমার জিজ্ঞাসিত পুরুষ। হে শাকল্য! যদি তোমার অপর কিছু জিজ্ঞাস্য থাকে, তবে জিজ্ঞাসা করিতে পার। শাকল্য বলিলেন—সেই পুত্ররূপধারী পুরুষের দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন পিতা [পিতা হইতে পুত্রোৎপত্তি হয়, তজ্জন্য পিতাই দেবতা]।

১৮। শাকল্যেতি হোবাচ যাজ্ঞবল্ক্যস্ত্বাং স্বিদিমে ব্রাহ্মণা অঙ্গারাবক্ষয়ণমক্রতা ৩ ইতি ॥

ব্যাখ্যা। [তূষ্ণীস্থং তং শাকল্যং সম্বোধয়ন্] যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—হে শাকল্য! ইমে (সভ্যাঃ) ব্রাহ্মণাঃ স্বিৎ (বিতর্কনে) [ময়া দহ্যমানম্] ত্বাম্ অঙ্গারাবক্ষয়ণম্ (অঙ্গারা অবক্ষীয়ন্তে যস্মিন্ সন্দংশাদৌ তদঙ্গারাবক্ষয়ণম্) অক্রত (কৃতবন্তঃ) [এতন্ন বুধ্যসে কিম্] ? ইতি।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য শাকল্যকে নিরুত্তর দেখিয়া সম্বোধন করিয়া বলিলেন—হে শাকল্য! এই সভাস্থিত ব্রাহ্মণগণ যে, তোমাকে অঙ্গারক্ষয়-কারক সাঁড়াশীর ন্যায় আমার কোপে দগ্ধ করিতেছে, তাহা কি তুমি বুঝিতে পারিতেছ না?

১৯। যাজ্ঞবল্ক্যেতি হোবাচ শাকল্যো যদিদং কুরুপঞ্চালানাং ব্রাহ্মণানত্যবাদীঃ কিং ব্রহ্ম বিদ্বানিতি দিশো বেদ সদেবাঃ সপ্রতিষ্ঠা ইতি যদ্দিশো বেত্থ সদেবাঃ সপ্রতিষ্ঠাঃ ॥

ব্যাখ্যা। [এবং তিরস্কৃতঃ] শাকল্যঃ [যাজ্ঞবল্ক্যং সম্বোধয়ন্] হ উবাচ—হে যাজ্ঞবল্ক্য! কুরুপঞ্চালানাং ব্রাহ্মণান্ যদ্ ইদম্ অত্যবাদীঃ (অত্যুক্তবান্ অসি); [হে যাজ্ঞবল্ক্য! অহং ত্বাং পৃচ্ছামি যৎ ত্বম্] কিম্ (কিংরূপং) ব্রহ্ম বিদ্বান্ (জানন্) [তানেবমধিক্ষিপসি?] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ অহম্] সদেবাঃ (দিগধিষ্ঠাতৃভিঃ দেবৈঃ সহ) সপ্রতিষ্ঠাঃ (প্রতিষ্ঠাভিঃ সহ) দিশঃ বেদ (বেদ্মি); [ন কেবলং দিশঃ জানামি, অপি চ তাসাং দেবতাঃ প্রতিষ্ঠাঃ চ জানামীত্যর্থঃ] ইতি। [শাকল্যঃ আহ]—যৎ (যদি) সদেবাঃ সপ্রতিষ্ঠাঃ দিশঃ বেত্থঃ (জানাসি), [তর্হি তৎ কথয়]।

অনুবাদ। শাকল্য এইরূপে তিরস্কৃত হইয়া যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তুমি কুরু ও পঞ্চালদেশীয় ব্রাহ্মণগণকে নিন্দা করিতেছ; হে যাজ্ঞবল্ক্য! আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি যে, তুমি কিরূপ ব্রহ্মের স্বরূপ অবগত হইয়া তাহাদিগকে নিন্দা করিতেছ? যাজ্ঞবল্ক্য বলিলেন—আমি দিক্‌সকলের প্রতিষ্ঠা এবং তাহাদের অধিষ্ঠাতৃদেবগণের সহিত দিক্‌সকলকে জানি; শাকল্য বলিলেন—যদি তুমি ঐ সকল দিক্, তাহাদের প্রতিষ্ঠা এবং দেবতা জান; তবে বর্ণন করিয়া প্রতিজ্ঞা পালন কর।

২০। কিংদেবতোঽস্যাং প্রাচ্যাং দিশ্যসীত্যাদিত্যদেবত ইতি স আদিত্যঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি চক্ষুষীতি কস্মিন্নু চক্ষুঃ প্রতিষ্ঠিতমিতি রূপেষ্বিতি চক্ষুষা হি রূপাণি পশ্যতি কস্মিন্নু রূপাণি প্রতিষ্ঠিতানীতি হৃদয় ইতি হোবাচ হৃদয়েন হি রূপাণি জানাতি হৃদয়ে হ্যেব রূপাণি প্রতিষ্ঠিতানি ভবন্তীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি]—অস্যাং প্রাচ্যাং দিশি কিংদেবতঃ (কা দেবতা অস্যেতি কিংদেবতঃ) [ত্বম্] অসি (ভবসি)? [যস্ত্বং আত্মানং দিগ্‌রূপতয়া মন্যসে, এবম্ভূতস্য দিগাত্মনঃ তব কা দেবতা? প্রাচ্যাং দিশীত্যর্থঃ] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—আদিত্যদেবতঃ (আদিত্যঃ সূর্য্যঃ দেবতা যস্য সঃ আদিত্যদেবতঃ) [অহম্] ইতি। [শাকল্যঃ পৃচ্ছতি]—সঃ আদিত্যঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] চক্ষুষি [অধ্যাত্মতঃ চক্ষুষঃ আদিত্যস্য উৎপত্তিশ্রুতেঃ তস্যাধ্যাত্মং চক্ষুঃ কারণমিতি ভাবঃ] ইতি। [শাকল্যঃ পৃচ্ছতি]—নু (প্রশ্নে) চক্ষুঃ কস্মিন্ প্রতিষ্ঠিতম্? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—রূপেষু ইতি; হি (যতঃ) চক্ষুষা রূপাণি পশ্যতি। [শাকল্যঃ আহ]—কস্মিন্ নু (খলু) রূপাণি প্রতিষ্ঠিতানি? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ—হৃদয়ে (অন্তঃকরণে) ইতি; হি (যতঃ) হৃদয়েন রূপাণি জানাতি (অনুভবতি); হি (যতঃ) হৃদয়ে এব রূপাণি প্রতিষ্ঠিতানি ভবন্তি ইতি। [শাকল্যঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য! এতৎ (ত্বদুক্তং সর্ব্বম্) এবম্ এব (যথার্থমেব)।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! [তুমি আপনাকে দিগ্‌-রূপী মনে করিয়া থাক; সুতরাং তুমি দিক্‌স্বরূপ;

এখন বল] পূর্ব্বদিকের অধিষ্ঠাত্রী দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—আদিত্য। শাকল্য আবার জিজ্ঞাসা করিলেন—সেই আদিত্য কোথায় প্রতিষ্ঠিত আছেন? যাজ্ঞবল্ক্য বলিলেন—চক্ষুতে, [আধ্যাত্মিক চক্ষুঃ হইতে আদিত্য উৎপন্ন হইয়াছেন বলিয়া, চক্ষুতে আদিত্য প্রতিষ্ঠিত]। শাকল্য আবার জিজ্ঞাসা করিলেন—চক্ষুঃ কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—যাবতীয় রূপে; কারণ চক্ষুদ্বারাই সকল রূপ দর্শন হইয়া থাকে। শাকল্য আবার জিজ্ঞাসা করিলেন—রূপসকল কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—অন্তঃকরণে; কারণ অন্তঃকরণ দ্বারাই রূপসকল অনুভব হয়; এই কারণে রূপসকল হৃদয়েই প্রতিষ্ঠিত আছে। শাকল্য বলিলেন—হে যাজ্ঞবল্ক্য তুমি যাহা বলিলে, তাহা যথার্থই বটে।

২১। কিংদেবতোঽস্যাং দক্ষিণায়াং দিশ্যসীতি যমদেবত ইতি স যমঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি যজ্ঞ ইতি কস্মিন্নু যজ্ঞঃ প্রতিষ্ঠিত ইতি দক্ষিণায়ামিতি কস্মিন্নু দক্ষিণা প্রতিষ্ঠিতেতি শ্রদ্ধায়ামিতি যদা হ্যেব শ্রদ্ধত্তেঽথ

দক্ষিণাং দদাতি শ্রদ্ধায়াং হ্যেব দক্ষিণা প্রতিষ্ঠিতেতি কস্মিন্নু শ্রদ্ধা প্রতিষ্ঠিতেতি হৃদয় ইতি হোবাচ হৃদয়েন হি শ্রদ্ধাং জানাতি হৃদয়ে হ্যেব শ্রদ্ধা প্রতিষ্ঠিতা ভবতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য।

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি]—অস্যাং দক্ষিণায়াং দিশি কিংদেবতঃ (কা দেবতা দিগাত্মভূতস্য তব ইতি কিংদেবতঃ) [ত্বম্] অসি ? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] যমদেবতঃ (যমঃ দেবতা মম দক্ষিণদিগ্ভূতস্য ইতি যমদেবতঃ) [অহং ভবামি] ইতি। [শাকল্যঃ আহ]—সঃ যমঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ]—যজ্ঞে [যতঃ যজ্ঞেন দক্ষিণাং দিশং যমেন সহ অভিজয়তি] ইতি। [শাকল্যঃ আহ]—যজ্ঞঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ ? [যাজ্ঞবল্ক্যঃ আহ] দক্ষিণায়াম্ [যতঃ দক্ষিণয়া যজ্ঞঃ সফলকঃ ভবতি]। [শাকল্যঃ পুনঃ পৃচ্ছতি] নু (প্রশ্নে) দক্ষিণা কস্মিন্ প্রতিষ্ঠিতা ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ] শ্রদ্ধায়াম্ ইতি ; হি (যতঃ) যদা (যস্মিন্ কালে) এব শ্রদ্ধত্তে (শ্রদ্ধাবান্ ভবতি), অথ (তদা) দক্ষিণাং দদাতি [বিপ্রেভ্যঃ যজমানঃ], হি (যতঃ) শ্রদ্ধায়াম্ এব দক্ষিণা প্রতিষ্ঠিতা ইতি। [শাকল্যঃ আহ]—নু (বিতর্কণে শ্রদ্ধা কস্মিন্ প্রতিষ্ঠিতা ? ইতি ; হৃদয়ে ইতি হ উবাচ [যাজ্ঞবল্ক্যঃ] হি (যতঃ) হৃদয়েন শ্রদ্ধাং বিজানাতি ; হি (যতঃ) হৃদয়ে এব

শ্রদ্ধা প্রতিষ্ঠিতা ভবতি ইতি। [শাকল্যঃ পুনরাহ]—হে যাজ্ঞবল্ক্য! এতদ্ (ত্বয়োক্তং সর্বম্) এবম্ এব।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! দক্ষিণ দিকে দিগাত্মরূপী তোমার দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—যম-দেবতা; শাকল্য বলিলেন—সেই যম কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—যজ্ঞে। যজ্ঞদ্বারা যমের সহিত দক্ষিণ দিক্ বিজিত হয় বলিয়া যজ্ঞদ্বারা যম প্রতিষ্ঠিত। শাকল্য বলিলেন—যজ্ঞ কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—দক্ষিণায়; কারণ দক্ষিণা দ্বারাই যজ্ঞের সাফল্য হয়। শাকল্য বলিলেন—দক্ষিণা কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—শ্রদ্ধায়; কারণ যে সময়েই শ্রদ্ধাবান্ হইতে দেখা যায়, লোকে তখনই দক্ষিণা দান করে, এইজন্য শ্রদ্ধায় দক্ষিণা প্রতিষ্ঠিত। শাকল্য বলিলেন—শ্রদ্ধা কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—হৃদয়ে, কারণ অন্তঃকরণেই শ্রদ্ধা অনুভূত হয়; এই জন্য হৃদয়েই শ্রদ্ধা প্রতিষ্ঠিত আছে।

শাকল্য বলিলেন—হে যাজ্ঞবল্ক্য তুমি যে সকল বলিলে, তাহা যথার্থই বটে॥

২২। কিংদেবতোঽস্যাং প্রতীচ্যাং দিশ্যসীতি বরুণ-দেবত ইতি স বরুণঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইত্যপ্স্বিতি কস্মিন্ ন্বাপঃ প্রতিষ্ঠিতা ইতি রেতসীতি কস্মিন্নু রেতঃ প্রতিষ্ঠিতমিতি হৃদয় ইতি তস্মাদপি প্রতিরূপং জাত-মাহুর্হৃদয়াদিব সৃপ্তো হৃদয়াদিব নির্মিত ইতি হৃদয়ে হ্যেব রেতঃ প্রতিষ্ঠিতং ভবতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য।

ব্যাখ্যা। [শাকল্য পুনরপি পৃচ্ছতি যাজ্ঞবল্ক্য ! ত্বম্] অস্যাং প্রতীচ্যাং দিশি কিংদেবতঃ অসি? [দিগাত্মভূতস্য তব কা দেবতা ইত্যর্থঃ] ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ]—বরুণদেবতঃ [অহম্] ইতি। [শাকল্য আহ] সঃ বরুণঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—অপ্সু ইতি। [শাকল্যঃ পৃচ্ছতি]—আপঃ কস্মিন্ প্রতিষ্ঠিতাঃ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহ]—রেতসি (শুক্রে) ইতি। [শাকল্যঃ পৃচ্ছতি] রেতঃ কস্মিন্ প্রতিষ্ঠিতম্ ? ইতি ; [যাজ্ঞবল্ক্য আহ]—হৃদয়ে (অন্তঃ-করণে) ইতি। তস্মাৎ (রেতসঃ হৃদয়াধিষ্ঠানাৎ) অপি (চ) জাতং (উৎপন্নং) প্রতিরূপং (পিতুরনুরূপং) [পুত্রম্], আহুঃ [জনাঃ ইতি শেষঃ]—[অয়ং তনয়ঃ] হৃদয়াৎ ইব

সৃতঃ (বিনিঃসৃতঃ), হৃদয়াদ্ ইব নির্মিতঃ ইতি। হি (যতঃ] হৃদয়ে এব রেতঃ প্রতিষ্ঠিতং ভবতি ইতি। [শাকল্য আহ] হে যাজ্ঞবল্ক্য ! এতৎ (ত্বদুক্তং সর্বম্) এবমেব (যথার্থমেব)।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—দিগাত্মরূপী তুমি এ কথা পূর্ব্বেই ব্যক্ত করিয়াছ; এখন বল দেখি, এই পশ্চিম দিকের দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—বরুণ! শাকল্য বলিলেন—সেই বরুণ কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—জলে। শাকল্য বলিলেন—জল কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—শুক্রে। শাকল্য বলিলেন—শুক্র কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেম—অন্তঃকরণে। শুক্রের অধিষ্ঠান হৃদয়, এই জন্য পিতার অনুরূপ সদ্যোজাত পুত্রকে লোকে বলিয়া থাকে যে, এই পুত্র পিতার হৃদয় হইতেই বহির্গত হইয়াছে, তাহার হৃদয় হইতেই যেন গঠিত হইয়াছে। এই জন্য হৃদয়কেই শুক্রের অধিষ্ঠান জানিবে। শাকল্য বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তোমার কথিত সকল কথাই সত্য॥

২৩। কিংদেবতোঽস্যামুদীচ্যাং দিগসীতি সোম-দেবত ইতি স সোমঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি দীক্ষায়া-মিতি কস্মিন্নু দীক্ষা প্রতিষ্ঠিতেতি সত্য ইতি তস্মাদপি দীক্ষিতমাহুঃ সত্যং বদেতি সত্যে হ্যেব দীক্ষা প্রতি-ষ্ঠিতেতি কস্মিন্নু সত্যং প্রতিষ্ঠিতমিতি হৃদয় ইতি হোবাচ হৃদয়েন হি সত্যং জানাতি হৃদয়ে হ্যেব সত্যং প্রতিষ্ঠিতং ভবতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য।

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি—হে যাজ্ঞবল্ক্য! ত্বম্] অস্যাম্ উদীচ্যাং দিশি কিংদেবতঃ অসি ইতি। [যাজ্ঞ-বল্ক্যঃ আহ]—সোমদেবতঃ (সোমঃ চন্দ্রঃ দেবতা যস্য সঃ সোমদেবতঃ) [অহং ভবামি] ইতি। সঃ সোমঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? ইতি; দীক্ষায়াম্ ইতি [যাজ্ঞবল্ক্য উবাচ]। দীক্ষা (মন্ত্রাদিগ্রহণম্) কস্মিন্ প্রতিষ্ঠিতা? ইতি [যাজ্ঞ-বল্ক্যঃ আহ]—সত্যে (মনসা বাচা চ যথার্থব্যবহারঃ সত্যং তস্মিন্) ইতি। তস্মাৎ (সত্যপ্রতিষ্ঠানাৎ) অপি (চার্থে) দীক্ষিতম্ (জনম্) আহুঃ [লোকাঃ]—সত্যং বদ ইতি; হি (যতঃ) সত্যে এব দীক্ষা প্রতিষ্ঠিতা ইতি। [শাকল্য আহ]—কস্মিন্ নু সত্যং প্রতিষ্ঠিতম্? ইতি; [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ—হৃদয়ে ইতি। হি (যস্মাৎ) হৃদয়েন সত্যং জানাতি;

হি (যস্মাৎ) হৃদয়ে সত্যং প্রতিষ্ঠিতং ভবতি ইতি। [শাকল্য আহ]—হে যাজ্ঞবল্ক্য! এতৎ (ত্বদুক্তং সর্বম্) এবমেব (যথার্থমেব)।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! দিগাত্মরূপী তুমি, বল দেখি, উত্তর দিকের দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—চন্দ্র। শাকল্য বলিলেন—সেই চন্দ্র কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—দীক্ষায়। শাকল্য বলিলেন—দীক্ষা কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—সত্যে। দীক্ষা হইতে সত্য প্রতিষ্ঠিত হইলে, লোকে দীক্ষিত ব্যক্তিকে বলিয়া থাকে যে, তুমি সত্য বলিও, কারণ সত্যেই দীক্ষা প্রতিষ্ঠিত। শাকল্য বলিলেন—সত্য কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—অন্তঃকরণে। যে-হেতু হৃদয়দ্বারা সত্য পরিজ্ঞাত হয়, এই জন্য হৃদয়ে সত্য প্রতিষ্ঠিত জানিবে। শাকল্য বলিলেন—হে যাজ্ঞবল্ক্য, তুমি যে সকল কথা বলিয়াছ; তাহা সত্য বলিয়াই ধারণা রাখিব॥

২৪। কিংদেবতোঽস্যাং ধ্রুবায়াং দিশ্যসীত্যগ্নি-দেবত ইতি সোঽগ্নিঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি বাচীতি কস্মিন্নু বাক্ প্রতিষ্ঠিতেতি হৃদয় ইতি কস্মিন্নু হৃদয়ং প্রতিষ্ঠিতমিতি ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি—হে যাজ্ঞবল্ক্য! ত্বম্] অস্যাং ধ্রুবায়াম্ (ঊর্দ্ধায়াম্) দিশি কিংদেবতঃ? অসি ইতি; [যাজ্ঞবল্ক্য আহ]—অগ্নিদেবতঃ (অগ্নিঃ প্রকাশকং জ্যোতিঃ দেবতা অস্য ইতি অগ্নিদেবতঃ) ইতি। [শাকল্যঃ আহ]—সঃ অগ্নিঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? ইতি; [যাজ্ঞবল্ক্যঃ আহ]—বাচি (বাগিন্দ্রিয়ে) ইতি। নু (প্রশ্নে) বাক্ কস্মিন্ প্রতিষ্ঠিতা? ইতি; [যাজ্ঞবল্ক্যঃ আহ]—হৃদয়ে ইতি। নু (প্রশ্নে) হৃদয়ং কস্মিন্ প্রতিষ্ঠিতম্? ইতি।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! ঊর্দ্ধদিকে তোমার দেবতা কে? যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রকাশক জ্যোতিই আমার ঊর্দ্ধদিকের দেবতা। শাকল্য বলিলেন—সেই অগ্নি অর্থাৎ প্রকাশক জ্যোতিঃ কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—বাগিন্দ্রিয়ে। বাগিন্দ্রিয় কাহাতে প্রতিষ্ঠিত? তদুত্তরে যাজ্ঞবল্ক্য

বলিলেন— হৃদয়ে। শাকল্য বলিলেন—হৃদয় কাহাতে প্রতিষ্ঠিত?

২৫। অহল্লিকেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যত্রৈতদন্যত্রাস্মন্মন্যাসৈ যদ্ধ্যেতদন্যত্রাস্মৎ স্যাচ্ছ্বানো বৈনদদ্যুর্বয়াংসি বৈনদ্বিমথ্নীরন্নিতি ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ—[হে] অহল্লিক! (অহনি লীয়তে ইতি অহল্লিকঃ) [অহল্লিকশব্দেন প্রেতবাচিনামান্তরং বোধ্যম্, তেন চ সর্বং মরণশীলমিতি হি সূচ্যতে]; যত্র (যদা) এতৎ (হৃদয়ম্) অস্মাৎ (অস্মচ্ছরীরাৎ) অন্যত্র (অন্যদেশে) [বর্ত্ততে ইতি] মন্যাসৈ (মন্যসে); যৎ (যদি) হি অস্মাৎ (অস্মত্তঃ) অন্যত্র (অন্যদেশে) এতৎ (হৃদয়ং) স্যাৎ; [তদা] শ্বানঃ বা (অপি) এতৎ (শরীরম্) অদ্যুঃ (ভক্ষয়েয়ুঃ), বয়াংসি (পক্ষিণঃ) বা (অপি) বিমথ্নীরন্ (বিলোড়য়েয়ুঃ) ইতি। [তস্মাৎ ময়ি শরীরে হৃদয়ং প্রতিষ্ঠিতমিত্যর্থঃ] ইতি।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য, তখন দেহ যে হৃদয়ে প্রতিষ্ঠিত, ইহা বুঝাইবার উদ্দেশ্যে প্রেতবাচি নামান্তর দ্বারা সম্বোধন করিয়া শাকল্যকে বলিলেন—হে

অহল্লিক! তুমি যে মনে করিতেছ আমাদের দেহ হইতে দেহ-চালক অন্তঃকরণ অন্য স্থানে অবস্থিত থাকে, তাহা কিরূপে সম্ভাব্য? যদি আমাদের দেহ হইতে অন্তঃকরণ অন্য স্থানে অবস্থিত থাকিত, তাহা হইলে আমাদের এই দেহ কুক্কুরে ভক্ষণ করিত— এবং পক্ষিগণও নিজ নিজ চঞ্চুদ্বারা ছিন্নভিন্ন করিয়া ফেলিত। [অতএব শরীরধারী আমাতে হৃদয় প্রতিষ্ঠিত আছে ইহাই বুঝিতে হইবে]॥

২৬। কস্মিন্ন্ ত্বং চাত্মা চ প্রতিষ্ঠিতৌ স্থ ইতি প্রাণ ইতি কস্মিন্ন্ প্রাণঃ প্রতিষ্ঠিত ইত্যপান ইতি কস্মিন্নপানঃ প্রতিষ্ঠিত ইতি ব্যান ইতি কস্মিন্ন্ ব্যানঃ প্রতিষ্ঠিত ইত্যুদান ইতি কস্মিন্নুদানঃ প্রতিষ্ঠিত ইতি সমান ইতি স এষ নেতি নেত্যাত্মাহগৃহ্যো ন হি গৃহ্য-তেহশীর্য্যো নহি শীর্য্যতেহসঙ্গো নহি সজ্যতেহসিতো ন ব্যথতে ন রিষ্যতি। এতান্যষ্টাবায়তনান্যষ্টৌ লোকা অষ্টৌ দেবা অষ্টৌ পুরুষাঃ স যস্তান্ পুরুষান্নিরুহ্য প্রত্যুহ্যাত্যক্রামত্তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি তং চেন্মে ন বিবক্ষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি। তং হ ন

মেনে শাকল্যস্তস্য হ মূর্ধা বিপপাতাপি হাস্য পরিমোষিণোঽস্থীন্যপজহ্রুরন্যন্মন্যমানাঃ ॥

ব্যাখ্যা। [শাকল্যঃ পুনরপি পৃচ্ছতি হে যাজ্ঞবল্ক্যঃ] কস্মিন্ নু ত্বম্ (দেহঃ) চ আত্মা (হৃদয়ম্) চ [এতৌ দ্বৌ] প্রতিষ্ঠিতৌ ? স্থঃ (ভবতঃ) ইতি ; [যাজ্ঞবল্ক্য আহ] প্রাণে (প্রাণবৃত্তৌ) ইতি। [শাকল্য আহ] কস্মিন্ নু প্রাণঃ প্রতিষ্ঠিতঃ ? ইতি ; [যাজ্ঞবল্ক্য আহ]—অপানে ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ অপানঃ প্রতিষ্ঠিতঃ ? ইতি ; [যাজ্ঞবল্ক্যঃ আহঃ] ব্যানে ইতি। নু (প্রশ্নে) কস্মিন্ ব্যানঃ প্রতিষ্ঠিতঃ ? ইতি ; [যাজ্ঞবল্ক্য আহ]—উদানে ইতি। নু(প্রশ্নে)কস্মিন্ উদানঃ প্রতিষ্ঠিতঃ ? ইতি ; [যাজ্ঞবল্ক্য আহ]—সমানে ইতি। [শরীরঃ হৃদয়বায়বঃ অন্যোন্যপ্রতিষ্ঠাঃ সঙ্ঘাতেন নিয়তাঃ বর্ত্তন্তে বিজ্ঞানময়ার্থপ্রযুক্তাঃ ; এতৎ সর্বং যস্মিন্ প্রতিষ্ঠিতং সম্প্রতি তস্য নির্দেশঃ ক্রিয়তে]—সঃ এষঃ নেতি নেতি [ইতি মধুকাণ্ডে যঃ] আত্মা [নির্দিষ্টঃ ; যতঃ সঃ] অগৃহ্যঃ (গ্রহণাযোগ্যঃ) [ইন্দ্রিয়াগোচরত্বাৎ] ; [অতঃ সঃ] ন হি গৃহ্যতে ; [যতঃ হি সঃ] অশীর্য্যঃ (অশীর্ণঃ), [অতঃ] ন হি শীর্য্যতে (শীর্ণঃ ভবতি) ; [স চ] অসঙ্গঃ (সঙ্গরহিতঃ) [অতঃ] ন হি সজ্যতে (সম্বধ্যমানঃ ভবতি) ; [তথা সঃ] অসিতঃ (অবদ্ধঃ) [অতঃ] ন হি ব্যথতে (ব্যথিতঃ ভবতি) ; ব [তথা সঃ] ন রিষ্যতি (বিনশ্যতি)। [পুনরাখ্যায়িকামাশ্রিত্য আহ]

এতানি (পূর্বোক্তানি) অষ্টৌ আয়তনানি, অষ্টৌ লোকাঃ, অষ্টৌ দেবাঃ, অষ্টৌ পুরুষাঃ [ব্যাখ্যাতা ময়া]। [হে শাকল্য ! সঃ যঃ [ত্বম্] তান্ পুরুষান্ (শারীরপ্রভৃতীন্) নিরুহ্য (নিশ্চয়েন উহ্য গময়িত্বা) [পুনঃ প্রাচীদিগাদিদ্বারেণ হৃদয়ে] প্রত্যুহ্য (উপসংহৃত্য) [উপাধিধর্মম্] অত্যক্রামৎ (অতিক্রান্তবান্) ; তং ত্বা (ত্বাম্) [চ]ঔপনিষদং পুরুষং পৃচ্ছামি ; চেৎ (যদি) তং (ঔপনিষদং পুরুষং) ন বিবক্ষ্যসি ; [তর্হি] তে (তব) মূর্দ্ধা বিপতিষ্যতি ইতি। শাকল্যঃ তং (ঔপনিষদং পুরুষং) হ ন মেনে (ন জ্ঞাতবান্) ; [ততঃ] তস্য (শাকল্যস্য) মূর্দ্ধা (শিরঃ) বিপপাত (বিপতিতঃ)। [কিঞ্চ] অপি পরিমোষিণঃ (তস্করাঃ) অস্য (শাকল্যস্য) অস্থীনি [সংস্কারার্থম্ শিষ্যৈঃ নীয়মানানি দৃষ্ট্বা] হ অন্যৎ (ধনম্) [নীয়মানং মন্যমানাঃ] অপজহ্রুঃ (অপহৃতবন্তঃ)।

অনুবাদ। শাকল্য পুনরায় জিজ্ঞাসা করিলেন—এই দেহ এবং হৃদয় কাহাতে প্রতিষ্ঠিত ? যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রাণে প্রতিষ্ঠিত। শাকল্য জিজ্ঞাসা করিলেন—প্রাণ কাহাতে প্রতিষ্ঠিত ? যাজ্ঞবল্ক্য বলিলেন—অপানে। শাকল্য জিজ্ঞাসা করিলেন—অপান কাহাতে প্রতিষ্ঠিত ? যাজ্ঞবল্ক্য

বলিলেন—ব্যানে। শাকল্য জিজ্ঞাসা করিলেন—ব্যান কাহাতে প্রতিষ্ঠিত? যাজ্ঞবল্ক্য বলিলেন—উদানে। শাকল্য জিজ্ঞাসা করিলেন—উদান কাহাতে প্রতিষ্ঠিত। যাজ্ঞবল্ক্য বলিলেন—সমানে। [তাহাতেই জগৎ পরিব্যাপ্ত প্রাণাদিপঞ্চ-বায়ু রহিয়াছে] মধুকাণ্ডে যাঁহাকে "স এষ নেতি নেতি" এইরূপে নিষেধমুখে নির্দ্দেশ করা হইয়াছে; তিনিই দেহাদি সকলের একমাত্র আশ্রয়-স্বরূপ, তাহাই এখানকার প্রতিপাদ্য। যাঁহাকে দেহাদির আশ্রয় বলিয়া নির্দ্দেশ করা হইল; তিনি ই ন্দ্রিয়াদি দ্বারা গ্রহণের অযোগ্য বলিয়া গৃহীত হয়েন না; শীর্ণভাবাপন্ন নহেন বলিয়া শীর্ণতাকে প্রাপ্ত হয়েন না; অসঙ্গ বলিয়া কাহারও সহিত সম্বন্ধ হয়েন না; অবদ্ধ বলিয়া কদাচ ব্যথিত হয়েন না; [নিত্য বলিয়া] বিনষ্টও হয়েন না। [পুনরায় আখ্যায়িকা অবলম্বন করিয়া যাজ্ঞবল্ক্য বলিতেছেন]—আমি তোমার নিকট এই অষ্ট আয়তন, অষ্ট লোক, অষ্ট দেবতা এবং অষ্ট পুরুষ সম্বন্ধে বলিলাম। হে শাকল্য!

যখন তুমি "শারীরঃ পুরুষঃ" ইত্যাদি শ্রুতি-প্রতিপাদ্য শারীরপ্রভৃতি পুরুষের স্বরূপ নিশ্চিতরূপে উপপাদন করার পর প্রাচ্যাদি দিগ্‌ভেদ দ্বারা হৃদয়ে একীভূত করিয়াও উপাধিধর্ম্মকে অতিক্রম করিতেছ, তখন আমি তোমাকে 'উপনিষৎপ্রতিপাদ্য পুরুষসম্বন্ধে জিজ্ঞাসা করিব। যদি তুমি বিশদরূপে বলিতে না পার, তাহা হইলে নিশ্চয়ই তোমার মস্তক পতিত হইবে। শাকল্য সেই উপনিষৎপ্রতিপাদ্য পুরুষ-সম্বন্ধে বিদিত ছিলেন না; সেই জন্য তাঁহার মস্তক খসিয়া পড়িল। অনন্তর শাকল্যের শিষ্যগণ সংস্কার করিবার জন্য তাহার অস্থি সকল লইয়াছিল, দস্যুগণ উহারা ধনরত্ন লইয়া যাইতেছে মনে করিয়া তাহাও অপহরণ করিল॥

২৭। অথ হোবাচ ব্রাহ্মণা ভগবন্তো যো বঃ কাময়তে স মা পৃচ্ছতু সর্ব্বে বা মা পৃচ্ছত যো বঃ কাময়তে তং বঃ পৃচ্ছামি সর্ব্বান্ বা বঃ পৃচ্ছামীতি তে হ ব্রাহ্মণা ন দধৃষুঃ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) [তুষ্ণীংভূতেষু ব্রাহ্মণেষু যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ—[হে] ভগবন্তঃ (পূজাবন্তঃ) ব্রাহ্মণাঃ বঃ (যুষ্মাকং মধ্যে) যঃ (জনঃ) [যাজ্ঞবল্ক্যং পৃচ্ছামীতি] কাময়তে (ইচ্ছতি), সঃ মা (মাং) পৃচ্ছতু; সর্বে বা মা (মাং) পৃচ্ছত। যঃ (জনঃ) বঃ (যুষ্মাকং মধ্যে) কাময়তে [যাজ্ঞবল্ক্যঃ মাং পৃচ্ছত্বিতি], তং (জনং) বঃ পৃচ্ছামি, সর্বান্ বা বঃ (যুষ্মান্) পৃচ্ছামি ইতি। তে হ (অপি) ব্রাহ্মণাঃ ন দধৃষুঃ (ন প্রত্যুত্তরং দাতুং প্রগল্ভাঃ বভূবুঃ)।

অনুবাদ। অতঃপর সভাস্থিত ব্রাহ্মণগণকে মৌনাবলম্বন করিতে দেখিয়া যাজ্ঞবল্ক) ব্রাহ্মণগণকে সম্বোধন করিয়া বলিলেন—হে পূজনীয় ব্রাহ্মণগণ! আপনাদিগের মধ্যে যে কেহ অথবা সকলেও যদি ইচ্ছা করেন আমাকে প্রশ্ন করিতে পারেন; আর যদি আপনাদিগের মধ্যে যে কেহ অথবা সকলেও ইচ্ছা করেন যাজ্ঞবল্ক্য আমার নিকটে প্রশ্ন করুন আমি তাহাতেও স্বীকৃত আছি। সভাস্থিত ব্রাহ্মণগণ যাজ্ঞবল্ক্যের কথায় দাম্ভিকতা প্রকাশ না করিয়া কোন উত্তর প্রদান করিলেন না।

২৮। তান্থ হৈতৈঃ শ্লোকৈঃ পপ্রচ্ছ ॥
যথা বৃক্ষো বনস্পতিস্তথৈব পুরুষোঽমৃষা ॥
তস্য লোমানি পর্ণানি ত্বগস্যোৎপাটিকা বহিঃ ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ] তান্ (ব্রাহ্মণান্) এতৈঃ (বক্ষ্যমাণৈঃ) শ্লোকৈঃ পপ্রচ্ছ (পৃষ্টবান্)—যথা বনস্পতিঃ (বনস্পতিনামধেয়ঃ) বৃক্ষঃ, তথা এব পুরুষঃ [এতদুভয়োঃ একরূপত্বম্, এতৎ] অমৃষা (সত্যম্)। [যতঃ] তস্য (পুরুষস্য) লোমানি [ইতরস্য বনস্পতেঃ] পর্ণানি (পত্রাণি); অস্য (পুরুষস্য) বহিঃ (দেহস্য বহিরাবরণং) ত্বক্ [ইতরস্য বহিঃ] উৎপাটিকা (নীরসাত্বক্)।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য ব্রাহ্মণগণকে নিঃশব্দে অবস্থিত দেখিয়া বক্ষ্যমাণ শ্লোক কয়েকটী দ্বারা প্রশ্ন জিজ্ঞাসা করিলেন—এই পৃথিবীতে পুরুষ এবং বনস্পতি এই উভয়ই একরূপ, ইহা যথার্থ; কারণ পুরুষদেহে লোম আছে, তৎসদৃশ বনস্পতিরও পত্র আছে; পুরুষদেহেও ত্বক্ আছে, বনস্পতিরও উপরিভাগে বল্কল আছে।

ত্বচ এবাস্য রুধিরং প্রস্যন্দি ত্বচ উৎপটঃ ॥
তস্মাত্তদা তৃণ্ণাৎ প্রৈতি রসো বৃক্ষাদিবাহতাৎ ॥

ব্যাখ্যা। অস্য (পুরুষস্য) ত্বচঃ [সকাশাৎ] এব রুধিরং প্রস্যন্দি (স্যন্দতো ক্ষরতি ইত্যর্থঃ), [বনস্পতিবল্কলসকাশা-দপি] উৎপটঃ (বৃক্ষনির্য্যাসঃ) [ক্ষরতি]। তস্মাৎ (হেতোঃ) আতৃন্নাৎ (হিংসিতাৎ) [সর্ব্বস্মাৎ] তৎ (রুধিরং) প্রৈতি (নির্গচ্ছতি), আহতাৎ (ছিন্নাৎ) বৃক্ষাৎ রসঃ ইব।

অনুবাদ। পুরুষের কর্ত্তিত চর্ম্ম হইতে রুধির বিনির্গত হয়, বৃক্ষেরও কর্ত্তিত বল্কল হইতে রস বহির্গত হয়; এই আহত বৃক্ষ হইতে রস বিনির্গমনের ন্যায় হিংসিত সকল প্রাণী হইতেই রুধির বিনিঃসৃত হইয়া থাকে।

মাংসান্যস্য শকরাণি কিনাটং স্নাব তৎ স্থিরম্ ॥
অস্থীন্যন্তরতো দারূণি মজ্জা মজ্জোপমা কৃতা ॥

ব্যাখ্যা। অস্য (পুরুষস্য) মাংসানি, [ইতরস্য বনস্পতেঃ] শকরাণি (শকলানি); [বৃক্ষস্য] কিনাটম্ (শকলেভ্যঃ অভ্যন্তরস্থং কাষ্ঠসংলগ্নং বল্কলম্), [পুরুষস্য তু] স্নাবঃ (স্নায়ু) [অস্থিসংলগ্নম্]; তৎ (কিনাটম্) [স্নাববৎ] স্থিরম্ (দৃঢ়ম্); [বৃক্ষকিনাটস্য] অভ্যন্তরতঃ (অভ্যন্তরে) দারূণি (কাষ্ঠানি), [পুরুষস্নাবাভ্যন্তরতঃ] অস্থীনি [ভবন্তি], [পুরুষস্য বনস্পতেঃ চ] মজ্জা [এব] মজ্জোপমা কৃতা [অন্যোন্যস্য অন্যোন্যস্মিন্ মজ্জাসমানা ইত্যর্থঃ]।

অনুবাদ। পুরুষে যেরূপ মাংস আছে, বৃক্ষেরও সেইরূপ শকল আছে; পুরুষেরও যেরূপ অস্থিসংলগ্ন স্নায়ু আছে, বৃক্ষেরও সেইরূপ শকলের অভ্যন্তরস্থিত কাষ্ঠসংলগ্ন বল্কল আছে; উক্ত কিনাট (শকলমধ্যস্থ অংশবিশেষক্ত) সংজ্ঞক কাষ্ঠসংলগ্ন বল্কল স্নায়ুর ন্যায় দৃঢ়; পুরুষস্নায়ুর অভ্যন্তরে যেরূপ অস্থি আছে, বৃক্ষকিনাটের অভ্যন্তরেও সেইরূপ কাষ্ঠ আছে; পুরুষের যেরূপ অস্থির অভ্যন্তরে মজ্জা আছে, বৃক্ষেরও কাষ্ঠের অভ্যন্তরে সেইরূপ মজ্জা আছে।

যদ্বৃক্ষো বৃক্‌ণো রোহতি মূলান্নবতরঃ পুনঃ॥
মর্ত্যঃ স্বিন্মৃত্যুনা বৃক্‌ণঃ কস্মান্মূলাৎ প্ররোহতি॥

ব্যাখ্যা। যদ্ (যদি) বৃক্ষঃ বৃক্ণঃ (ছিন্নঃ) [সন্] মূলাৎ পুনঃ নবতরঃ [ভূত্বা] প্ররোহতি প্রাদুর্ভবতি; [বনস্পতৌ ছিন্নে তস্য প্ররোহণং দৃশ্যতে ন তু মৃত্যুনা পুরুষে কবলিতে তস্য প্ররোহণং দৃশ্যতে, তস্মাদ্ যুষ্মান্ পৃচ্ছামি]—মর্ত্যঃ (মনুষ্যঃ) স্বিৎ (চেৎ) মৃত্যুনা বৃক্ণঃ (কবলিতঃ) ভবেৎ তর্হি কস্মাৎ মূলাৎ (মূলকারণাৎ) প্ররোহতি (প্রাদুর্ভবতি)।

অনুবাদ। বৃক্ষ ছিন্ন হইলে মূল হইতে পুনরায় অভিনব বৃক্ষ উৎপন্ন হইতে দেখা যায়; কিন্তু বৃক্ষ ও পুরুষে পূর্ব্বোক্ত ঐ সকল বিষয়ে সাদৃশ্য থাকিলেও ছিন্ন বৃক্ষের পুনরুৎপত্তির ন্যায় মৃত্যুগ্রস্ত পুরুষের কোন্ মূল হইতে পুনরুৎপত্তি হইয়া থাকে, ইহাই আপনাদিগকে জিজ্ঞাসা করি।

রেতস ইতি মা বোচত জীবতস্তৎপ্রজায়তে ॥
ধানারুহ ইব বৈ বৃক্ষোঽঞ্জসা প্রেত্য সম্ভবঃ ॥

ব্যাখ্যা। [যদি এবং বদথ] রেতসঃ (বীর্য্যাৎ) [পুরুষঃ প্ররোহতি] ইতি; মা বোচত। (মৈবং বক্তুম্ অর্হথ), [যতঃ] জীবতঃ (পুরুষাৎ) তৎ (রেতঃ) প্রজায়তে [ন মৃতাৎ]; [অপি চ] ধানারুহঃ (বীজরুহঃ) [অপি] বৈ (প্রসিদ্ধৌ) বৃক্ষঃ অঞ্জসা (সাক্ষাৎ) প্রেত্য (মৃত্বা) সম্ভবঃ [ভবেৎ, ন কেবলং কাণ্ডরুহ এব]।

অনুবাদ। যদি এরূপ বলা যায় যে, বীর্য হইতে পুরুষ উৎপন্ন হয়; তাহাও নহে, কারণ জীবিত ভিন্ন মৃত ব্যক্তির শুক্র উৎপন্ন হইতে দেখা যায় না। আরও দেখা যায়, বীজ যখন সাক্ষাৎ

সম্বন্ধে বিনষ্ট হইয়া প্রসিদ্ধ বৃক্ষাকারে পরিণত হয়; [তখন ঐ বীজের জননশক্তির অভাব হইয়া যায়; সুতরাং ঐ বীজ হইতে অপর বৃক্ষ উৎপন্ন হইতে পারে না। এইজন্য কেবল কাণ্ড হইতেই বৃক্ষ উৎপন্ন হয়, ইহা বলা যায় না]।

যৎ সমূলমাবৃহেয়ুর্বৃক্ষং ন পুনরাভবেৎ॥
মর্ত্যঃ স্বিন্মৃত্যুনা বৃক্ণঃ কস্মান্মূলাৎ প্ররোহতি॥

ব্যাখ্যা। যৎ (যদি) সমূলম্ (মূলেন সহ) বৃক্ষম্ আবৃহেয়ুঃ (উৎপাটয়েয়ুঃ) ন পুনঃ আভবেৎ। [তস্মাৎ যুষ্মানহং পৃচ্ছামি]—মর্ত্যঃ (মনুষ্যঃ) স্বিৎ (চেৎ) মৃত্যুনা বৃক্ণঃ (কবলিতঃ) [তর্হি] কস্মাৎ মূলাৎ প্ররোহতি (প্রাদুর্ভবতি)।

অনুবাদ। যদি মূলের সহিত বৃক্ষ উৎপাটন করা যায়, তাহা হইলে পুনরায় সেই বৃক্ষ আর উৎপন্ন হয় না। [অতএব আমি আপনাদিগকে জিজ্ঞাসা করি] মনুষ্য মৃত্যুমুখে পতিত হওয়ার পর কাহা হইতে প্রাদুর্ভূত হয়?

জাত এব ন জায়তে কো ন্বেনং জনয়েৎ পুনঃ॥

বিজ্ঞানমানন্দং ব্রহ্ম রাতির্দাতুঃ পরায়ণং তিষ্ঠমানস্য তদ্বিদ ইতি ॥ ইতি নবমং ব্রাহ্মণম্ ॥

ইতি তৃতীয়োঽধ্যায়ঃ ॥

ব্যাখ্যা। জাতঃ (উৎপন্নঃ) [যঃ, সঃ] ন জায়তে [কিং তর্হি মৃতঃ পুনরপি জায়তে; অতঃ যুষ্মান্ পৃচ্ছামি] কঃ নু এনং (মৃতং) পুনঃ জনয়েৎ। [শ্রুতিঃ স্বয়মেব তদুত্তরমাহ] বিজ্ঞানম্ (বিজ্ঞানস্বরূপম্) আনন্দং ব্রহ্ম রাতিঃ। রাতেঃ ধনস্য) দাতুঃ (দানকর্ত্তুঃ যজমানস্য) পরায়ণম্ (পরা গতিঃ কর্মফলস্য প্রদাতৃ ইত্যর্থঃ), [কিঞ্চ এষণাভ্যঃ ব্যুত্থায় তস্মিন্ ব্রহ্মণি] তিষ্ঠমানস্য তদ্বিদঃ (ব্রহ্মবিদঃ) [অপি পরাগতিঃ] ইতি।

অনুবাদ। উৎপন্ন ব্যক্তি উৎপন্ন হয় না, কিন্তু মৃত ব্যক্তির পুনরায় জন্ম হইয়া থাকে। অতএব আপনাদিগকে জিজ্ঞাসা করি; মৃত ব্যক্তিকে পুনরায় কে উৎপাদন করেন। তাহার উত্তর শ্রুতি নিজেই প্রদান করিতেছেন—যিনি বিজ্ঞান এবং আনন্দস্বরূপ যিনি ধনপ্রদাতা যজমানের কর্ম্মফলপ্রদাতা; যিনি এষণাত্রয়বিমুক্ত আত্মতত্ত্ববিদের

একমাত্র আশ্রয়; সেই পরম পুরুষই মৃত্যুর পর প্রাণি-নিচয়কে পুনরায় উৎপাদন করিয়া থাকেন।

তৃতীয়অধ্যায়ে নবমব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

চতুর্থোঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্।

১। ওঁ জনকো হ বৈদেহ আসাংচক্রেঽথ হ যাজ্ঞবল্ক্য আবব্রাজ। তংহ হোবাচ যাজ্ঞবল্ক্য কিমর্থমচারীঃ পশূনিচ্ছন্নণ্বন্তানীত্যুভয়মেব সম্রাড়িতি হোবাচ॥

ব্যাখ্যা। [পূর্ব্বস্মিন্ অধ্যায়ে জল্পন্যায়েন সচ্চিদানন্দং ব্রহ্ম নির্দ্ধারিতম্; ইদানীং বাদন্যায়েন তদেব নির্দ্ধারয়িতুমধ্যায়ান্তরমবতারয়তি]—জনকঃ হ বৈদেহঃ [দর্শনকামেভ্যঃ রাজভ্যঃ] আসাঞ্চক্রে (আসনং কৃতবান্); অথ (অনন্তরম্) হ [তস্মিন্ অবসরে] যাজ্ঞবল্ক্যম্ আবব্রাজ (আগতবান্); তম্ (আগতং যাজ্ঞবল্ক্যম্) [সংপূজ্য জনকঃ] উবাচ হ—[হে] যাজ্ঞবল্ক্য! কিমর্থম্ অচারীঃ (আগতঃ অসি); [কিম্] পশূন্ ইচ্ছন্ [উতবা] অণ্বন্তান্ (সূক্ষ্মবস্তুনির্ণয়ান্তান্

প্রশ্নান্) [শ্রোতুমিচ্ছন্ আগতোঽসি] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—হে সম্রাট্! উভয়ম্ এব (পশূন্ প্রশ্নাংশ্চ) [ইচ্ছান্নাগচ্ছামি] ইতি (এবম্) হ (এব) উবাচ [যাজ্ঞবল্ক্যঃ]।

অনুবাদ। একদা বিদেহরাজ জনক তদীয় দর্শনাভিলাষী রাজগণকে দর্শন দিবার জন্য সকলের দর্শনযোগ্য স্থানে অবস্থান করিতেছিলেন। এমন সময় যাজ্ঞবল্ক্য তথায় সমাগত হইলেন; বিদেহ-রাজ জনক যাজ্ঞবল্ক্যকে সমাগত দেখিয়া যথাবিধি পূজা করিলেন এবং সাদরে জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য! তুমি কি জন্য আগমন করিয়াছ? [আমার মনে হয়] পশুলাভকামনায় অথবা যে সকল প্রশ্ন দ্বারা পরমসূক্ষ্ম বস্তু নির্ণীত হয়, সেই সকল প্রশ্ন শ্রবণ করিতেই আসিয়াছ। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে রাজন্! এই উভয়ই আমার প্রার্থিত।

২। যত্তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে জিত্বা শৈলিনির্বাগ্বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান্ ব্রূয়াত্তথা তচ্ছৈলিনিরব্রবীদ্বাগ্বৈ ব্রহ্মেত্যবদতো হি কিংস্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং

ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য। বাগেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রজ্ঞেত্যেনদুপাসীত। কা প্রজ্ঞতা যাজ্ঞবল্ক্য। বাগেব সম্রাড়িতি হোবাচ। বাচা বৈ সম্রাড়্ বন্ধুঃ প্রজ্ঞায়ত ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টংহুতমাশিতং পায়িতময়ং চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি বাচৈব সম্রাট্ প্রজ্ঞায়ন্তে বাগ্বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং বাগ্ জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে। হস্ত্যৃষভংহসহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥

ব্যাখ্যা। [কিন্তু] যৎ তে (তুভ্যম্ আচার্য্যসেবিনে) কশ্চিৎ (আচার্য্যঃ) অব্রবীৎ,তৎ শৃণবাম ইতি। [জনক আহ] মে (মম) আচার্য্যঃ জিত্বা(নামতঃ)শৈলিনিঃ (শিলিনস্য অপত্যম্) অব্রবীৎ—বাক্ বৈ ব্রহ্ম (বাগ্দেবতা ব্রহ্ম) ইতি। মাতৃমান্ (মাতা যস্য অনুশাস্ত্রী সঃ মাতৃমান্), [অতঃ পরম্] পিতৃমান্

(পিতা যস্য অনুশাস্তা সঃ পিতৃমান্), [ততশ্চ] (আচার্য্যবান্ (আচার্য্যঃ যস্য অনুশাস্তা সঃ আচার্য্যবান্) [এবংরূপেণ আশৈশবাদুপদেষ্টৃভিরুপদিষ্টাঃ সর্ব্বে] যথা [এবংবিধং—আচার্য্যঃ শিষ্যার্থম্] ব্রূয়াৎ ; তথা তৎ (সঃ) শৈলিনঃ (শৈলিনিঃ) [মাম্] অব্রবীৎ—বাগ্ বৈ ব্রহ্ম ইতি। হি (যতঃ) অবদতঃ (মূকস্য) কিং স্যাৎ (ন হি ইহার্থম্ অমুত্রার্থং বা কিঞ্চিৎ স্যাদিত্যর্থঃ) ইতি। তু (কিন্তু) [সঃ] তে (তুভ্যং) তস্য (ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং [চ] অব্রবীৎ ? [জনকঃ উবাচ] ন মে (মহ্যং) [তস্য শরীরম্ আশ্রয়ং চ] অব্রবীদ্ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ] সম্রাট্ ! একপাদ্ (একঃ পাদঃ যস্য ব্রহ্মণঃ তদ্ একপাদ্) বৈ এতৎ (ব্রহ্ম) ইতি [ত্রিভিঃ পাদৈঃ শূন্যমুপাস্যমানং ন ফলায় ভবতীত্যর্থঃ]। [জনকঃ আহ] হে যাজ্ঞবল্ক্য ! [যদ্যেবম্, তর্হি] সঃ [ত্বং বিদ্বান্ সন্] নঃ (অস্মভ্যম্) বৈ ব্রূহি। [যাজ্ঞবল্ক্য আহ] [অস্য বাগ্‌দেবতস্য ব্রহ্মণঃ] বাক্ (করণম্) এব আয়তনম্ (শরীরম্), আকাশঃ প্রতিষ্ঠা (আশ্রয়ঃ), [উপনিষদ্‌ব্রহ্মণঃ চতুর্থঃ পাদঃ ইয়ম্] প্রজ্ঞা [ইতি কৃত্বা] এনৎ (ব্রহ্ম) উপসীত। [জনকঃ উবাচ] যাজ্ঞবল্ক্য ! কা প্রজ্ঞতা ? সম্রাট্ ! বাগেব [প্রজ্ঞতা] ইতি হ উবাচ [যাজ্ঞবল্ক্যঃ]। হে সম্রাট্ ! [যতঃ] বাচা বৈ (এব) বন্ধুঃ প্রজ্ঞায়তে, [তথা] ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ, সামবেদঃ, অথর্ব্বাঙ্গিরসঃ, ইতিহাসঃ, পুরাণম্, বিদ্যা,

উপনিষদঃ, শ্লোকাঃ, সূত্রাণি, অনুব্যাখ্যানানি, ব্যাখ্যানানি, ইষ্টম্ (যাগনিমিত্তং ধর্মজাতম্) হুতম্ (হোমনিমিত্তং ধর্ম-জাতম্), আশিতম্ (অন্নদাননিমিত্তং ধর্মজাতম্), পায়িতম্ (পানদাননিমিত্তং ধর্মজাতম্), অয়ং চ লোকঃ (ইদং চ জন্ম) পরঃ চ লোকঃ (পরং চ জন্ম), [হে] সম্রাট্! বাচা এব [এতানি সর্বাণি] প্রজ্ঞায়ন্তে। [অতঃ] বাগ্ বৈ (এব) সম্রাট্ পরমং ব্রহ্ম। যঃ (জনঃ) এতৎ (সম্রাট্রূপং বাগ্-ব্রহ্ম) এবম্ (ইত্থম্) উপাস্তে; [সঃ] দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি (অপিগচ্ছতি); বাগ্ [অপি কদাচিৎ] এনং (জনং) ন জহাতি; সর্বাণি ভূতানি [অপি] এনম্ (জনম্) অভিরক্ষন্তি। হস্ত্যৃষভম্ (হস্তিতুল্যঃ ঋষভঃ যস্মিন্ গোসহস্রে তৎ হস্ত্যৃষভম্) সহস্রং [তুভ্যম্] দদামি [অহম্] ইতি হ জনকঃ বৈদেহঃ উবাচ। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—অননু-শিষ্য (শিষ্যং কৃতার্থম্ অকৃত্বা) [শিষ্যাৎ ধনম্] ন হরেত ইতি মে (মম) পিতা অমন্যত।

অনুবাদ। রাজন্! আপনি আচার্য্যসেবী, অতএব কোন বিশেষ আচার্য্য আপনাকে যে উপ-দেশ দান করিয়াছেন; আমি তাহা শুনিতে ইচ্ছা করি। জনক বলিলেন—হে ব্রহ্মন্! আমার আচার্য্য জিত্বানামক শিলিননন্দন আমাকে বলিয়াছিলেন

বাক্‌ই ব্রহ্ম শৈশবে মাতা উপদেষ্ট্রী বলিয়া শিশুকে মাতৃমান্‌ বলে; শৈশব অবস্থার পর উপনয়নকাল-পর্য্যন্ত পিতা অনুশাস্তা বলিয়া তাহাকে পিতৃমান্‌ বলে, উপনয়নাবধি আচার্য্য উপদেষ্টা হন বলিয়া তাহাকে আচার্য্যবান্‌ বলে, [মাতাপিতার উপদেশ ভ্রমপ্রমাদযুক্ত হইতে পারে, কিন্তু শুদ্ধিপরম্পরায় আচার্য্যের উপদেশে কখনও ভ্রমাদি থাকিতেই পারে না। যেরূপ উক্ত আচার্য্য শিষ্যকে যথাযথভাবে উপদেশ দান করেন, সেইরূপ শিলিননন্দন জিত্বাও আমাকে বাক্‌ই ব্রহ্ম এই উপদেশ প্রদান করিয়াছেন; সুতরাং এ বিষয় নিঃসন্দিগ্ধ। যাজ্ঞবল্ক্য বলিলেন—তিনি কি তোমাকে বাগ্‌ব্রহ্মের আয়তন এবং প্রতিষ্ঠাসম্বন্ধে কিছু বলিয়াছিলেন? জনক বলিলেন—না সে বিষয়ে কিছুই বলেন নাই। যাজ্ঞবল্ক্য বলিলেন—রাজন্‌! উক্ত ব্রহ্ম একপাৎ, চতুষ্পাৎ ব্রহ্মার একপাদ উপাসনায় কোন ফললাভ হইতে পারে না। জনক বলিলেন, হে যাজ্ঞবল্ক্য! যদি তুমি ঐ বিষয় বিদিত থাক, তাহা হইলে উহা আমাকে উপদেশ দান

কর। যাজ্ঞবল্ক্য বলিলেন,—উক্ত বাগ্ব্রহ্মের করণরূপ বাক্ই আয়তন (শরীর), আকাশ প্রতিষ্ঠা (আশ্রয়), উপনিষদ্ব্রহ্মের চতুর্থ পাদ্ প্রজ্ঞা; এইরূপে উক্ত বাগ্ব্রহ্মের উপাসনা করিবে। জনক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! প্রজ্ঞতা কি? যাজ্ঞবল্ক্য বলিলেন—বাক্ই প্রজ্ঞতা, বাক্, এবং প্রজ্ঞতাতে কোন প্রভেদ নাই। কারণ প্রজ্ঞতা বা প্রজ্ঞা দ্বারা যেমন সকলই অবগত হইতে পারা যায়; সেইরূপ বাক্য দ্বারাই বন্ধুগণকে বিদিত হওয়া যায়। এমন কি, ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারিবেদ, ইতিহাস, পুরাণ, বিদ্যা, উপনিষদ্, শ্লোক, সূত্র, অনুব্যাখ্যান, ব্যাখ্যান, যাগনিমিত্তক সমুদায় ধর্ম্ম, হোমনিমিত্তক সমুদায় ধর্ম্ম, অন্নদাননিমিত্তক সমুদায়ধর্ম্ম, পানদাননিমিত্তক সমুদায় ধর্ম্ম, ইহজন্ম এবং পরজন্ম এই সকলই একমাত্র বাক্য দ্বারা অবগত হওয়া যায়। অতএব বাক্ই পরম ব্রহ্ম। যিনি উক্তরূপে বাগ্ব্রহ্মকে অবগত হন, তিনি ইহলোকে দেবভাব লাভ করিয়া, পরে দেবত্বলাভ করিয়া থাকেন; বাক্ কখনও তাঁহাকে

পরিত্যাগ করে না; ভূতগণও ইঁহাকে উপহার প্রদান করিয়া থাকেন। জনক সন্তুষ্ট হইয়া যাজ্ঞবল্ক্যকে হস্তিতুল্য বৃহদাকার সহস্র বৃষ দান করিতে ইচ্ছুক হইলেন। যাজ্ঞবল্ক্য বলিলেন,—গুরু শিষ্যকে কৃতার্থ না করিয়া শিষ্য ধন গ্রহণ করিবে না, ইহা আমার পিতা আমাকে উপদেশ দান করিয়াছিলেন।

৩। যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে উদঙ্কঃ শৌল্বায়নঃ প্রাণো বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান্ ব্রূয়াত্তথা তচ্ছৌল্বায়নোঽব্রবীৎ প্রাণো বৈ ব্রহ্মেত্যপ্রাণতো হি কিংস্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য প্রাণ এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রিয়মিত্যেনদুপাসীত কা প্রিয়তা যাজ্ঞবল্ক্য প্রাণ এব সম্রাড়িতি হোবাচ প্রাণস্য বৈ সম্রাট্ কামায়াযাজ্যং যাজয়ত্যপ্রতিগৃহ্যস্য প্রতিগৃহ্ণাত্যপি তত্র বধাশঙ্কং ভবতি যাং দিশমেতি প্রাণস্যৈব সম্রাট্ কামায় প্রাণো বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং

প্রাণো জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্য পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপি উবাচ]—কশ্চিৎ (অপরঃ আচার্য্যঃ) যদ্ এব তে (তুভ্যম্) অব্রবীৎ ; তৎ (তত্ত্বম্) শৃণবাম ইতি। [জনকঃ উবাচ]—শৌল্বায়নঃ (শুল্বস্য অপত্যম্ শৌল্বায়নঃ) উদঙ্কঃ (তদাখ্যঃ আচার্য্যঃ মে (মহ্যম্) অব্রবীৎ ;—প্রাণঃ (বায়ুদেবতা) বৈ ব্রহ্ম ইতি। (মাতা যস্য অনুশাস্ত্রী সঃ মাতৃমান্ (পিতা যস্য অনুশাস্তা সঃ পিতৃমান্), আচার্য্যবান্ (আচার্য্যঃ যস্য অনুশাস্তা স আচার্য্যবান্) ; [এতেষাং মাত্রাদীনাম্ অনুশাস্তৄণাম্ উপদেশানন্তরং বিশুদ্ধমতিঃ আচার্য্যবান্] যথা [যথাযথং তত্ত্বম্] অব্রবীৎ ; তথা শৌল্বায়নঃ তৎ (তত্ত্বম্) [মাম্] অব্রবীৎ—প্রাণঃ বৈ ব্রহ্ম ইতি। হি (যতঃ) অপ্রাণতঃ (প্রাণব্যাপাররহিতস্য পুরুষস্য) কিং স্যাৎ (ন হি ইহার্থম্ অমুত্রার্থং বা কিমপি স্যাদিত্যর্থঃ) ইতি। [যাজ্ঞবল্ক্যঃ উবাচ—ভবত্বেবম্] তু (কিন্তু) তস্য (প্রাণব্রহ্মণঃ) আয়তনং (শরীরং), প্রতিষ্ঠাম্ (আশ্রয়ম্) [চ] অব্রবীৎ ? [জনকঃ উবাচ]—[তে আয়তনপ্রতিষ্ঠে) মে (মহ্যম্) ন

অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্যঃ উবাচ] –হে সম্রাট্! একপাদ্ বৈ এতদ্ (চতুষ্পাদ্‌ব্রহ্মণঃ একপাদেব এতদিত্যর্থঃ); [ত্রিভিঃ পাদৈঃ শূন্যমুপাস্যমানং ন ফলায় ভবতীতি ভাবঃ] ইতি। [জনকঃ উবাচ]– হে যাজ্ঞবল্ক্য! [যদ্যেবং তর্হি] সঃ (তত্ত্ববিৎ ত্বম্) বৈ (এব) মে (মহ্যম্) [তৎ] ব্রূহি। [যাজ্ঞবল্ক্যঃ উবাচ]—প্রাণঃ (বায়ুঃ) এব আয়তনম্ (শরীরম্), আকাশঃ প্রতিষ্ঠা (আশ্রয়ঃ), প্রিয়ম্ (উপনিষৎপ্রিয়ম্) ইতি এনৎ (প্রাণব্রহ্ম) উপসীত। [জনকঃ উবাচ]—হে যাজ্ঞবল্ক্য! কা প্রিয়তা (কঃ প্রিয়ঃ)? হে সম্রাট্! প্রাণঃ এব ইতি হ উবাচ [যাজ্ঞবল্ক্যঃ ইতি শেষঃ]; [হে] সম্রাট্! [যতঃ] প্রাণস্য, কামায় (অর্থায়) বৈ (এব) অযাজ্যম্ (যাজযোগ্যং জনম্) যাজয়তি; অপ্রতিগৃহ্যস্য (যতঃ প্রতিগ্রহঃ ন কার্য্যঃ তস্য) [সকাশাৎ] অপি প্রতিগৃহ্ণাতি; হে সম্রাট্! প্রাণস্য এব কামায় (তৃপ্তয়ে) যাং দিশম্ এতি (যাতি); তত্র (তস্যাং দিশি) বধাশঙ্কা (বিনাশাশঙ্কা) ভবতি; [অতঃ] হে সম্রাট্! প্রাণঃ বৈ পরমম্ ব্রহ্ম। যঃ (জনঃ) এবম্ [বিদ্বান্ সন্] এতৎ (প্রাণব্রহ্ম) উপাস্তে; প্রাণঃ এনং (উপাসকং) ন জহাতি, সর্বাণি ভূতানি এনম্ অভিক্ষরন্তি (উপহরন্তি); [সঃ উপাসকঃ] দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি (অধিগচ্ছতি)। বৈদেহঃ জনকঃ হ উবাচ—[তুভ্যম্] হস্ত্যৃ-ষভং সহস্রং দদামি ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—অননু-

শিষ্য (শিষ্যং কৃতার্থমকৃত্বা) [শিষ্যাৎ ধনং) ন হরেত ইতি
মে (মম) পিতা অমন্যত।

অনুবাদ। [যাজ্ঞবল্ক্য বলিলেন] অন্য কোন আচার্য্য তোমাকে যে উপদেশ দান করিয়াছেন, তাহা আমি শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন]—শুল্বতনয় উদঙ্ক আমাকে এই উপদেশ দিয়াছিলেন যে, প্রাণই ব্রহ্ম। মাতা, পিতা এবং আচার্য্য যিনি যাঁহার উপদেষ্টা, তাহাকে যথাক্রমে মাতৃমান্, পিতৃমান্ এবং আচার্য্যবান্ বলে ; [মাত্রাদির উপদেশানন্তর, আচার্য্যদ্বারা উপদিষ্ট আচার্য্যবান্ ব্যক্তি] যেরূপ যথাযথ তত্ত্ব উপদেশ দান করেন, সেইরূপ শুল্বতনয় উদঙ্ক আমাকে প্রাণব্রহ্মের উপদেশ দান করিয়াছেন। কারণ, প্রাণবিযুক্ত পুরুষের ঐহিক এবং পারত্রিক কোন কার্য্যই সিদ্ধ হইতে দেখা যায় না। [ইহা শুনিয়া যাজ্ঞবল্ক্য বলিলেন—হে রাজন্—] তোমাকে সেই প্রাণব্রহ্মের আয়তন এবং প্রতিষ্ঠা (আশ্রয়) সম্বন্ধে উপদেশ দিয়াছেন কি ? [জনক বলিলেন] না, তাহা

আমাকে উপদেশ দেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—হে রাজন্! তিনি তোমাকে চতুষ্পাদ্ব্রহ্মের একপাদ উপদেশ দান করিয়াছেন; [অতএব পাদত্রয়বিরহিত ব্রহ্মের উপাসনায় কোন ফলোদয়ই হইতে পারে না।] [জনক বলিলেন] হে যাজ্ঞবল্ক্য! [যদি তাহাই হয়, তবে] সেই বিষয় তুমি আমাকে উপদেশ প্রদান কর। [যাজ্ঞবল্ক্য বলিলেন] প্রাণই তাঁহার আয়তন (শরীর) আকাশ তদীয় প্রতিষ্ঠা (আশ্রয়), অতএব উহাকে প্রিয় বলিয়া উপাসনা করিবে। [জনক বলিলেন] হে যাজ্ঞবল্ক্য! প্রিয়তা (প্রিয়) কি? [যাজ্ঞবল্ক্য বলিলেন] হে সম্রাট্! প্রাণই প্রিয়; কারণ, এই প্রাণের তৃপ্তিসাধন করিবার জন্যই, লোকে অযাজ্যলোকের যাজন করে; অপ্রতিগৃহ্য (প্রতিগ্রহগ্রহণাযোগ্য) ব্যক্তির নিকট হইতে দান গ্রহণ করে; এবং যে দিকেই প্রাণের তৃপ্তিসাধন করিতে ধাবমান হয়, সেই দিকেই নিজের অহিতাশঙ্কা হইয়া উঠে; হে সম্রাট্! এই কারণে প্রাণকেই পরম ব্রহ্ম বলা হইয়াছে। যে উক্তরূপে প্রাণব্রহ্মকে

অবগত হইয়া উপাসনা করে ; প্রাণ কখনই তাহাকে পরিত্যাগ করেন না, এবং ভূতবর্গ তাহাকে উপহার প্রদান করে। উক্ত উপাসক এই দেহাবচ্ছেদেই দেবত্বলাভ করিয়া মৃত্যুর পরও সেই দেবভাব প্রাপ্ত হয়। বিদেহরাজ জনক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! আমি তোমাকে হস্তিসদৃশ সহস্র গোদান করিব। তদুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন,—আমার পিতার অভি- মত এই যে, শিষ্যকে চরিতার্থ না করিয়া তাহার নিকট হইতে ধনাদি গ্রহণ করিবে না। [আমারও তাহাই অভিমত।

৪। যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে বর্কুর্বার্ষ্ণশ্চক্ষুর্বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানা- চার্যবান্ ব্রূয়াত্তথা তদ্বার্ষ্ণোঽব্রবীচ্চক্ষুর্বৈ ব্রহ্মেত্যপশ্যতো হি কিংস্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য চক্ষুরেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা সত্যমিত্যেনদুপাসীত কা সত্যতা যাজ্ঞবল্ক্য চক্ষুরেব সম্রাড়িতি হোবাচ চক্ষুষা বৈ সম্রাট্ পশ্যন্তমাহুরদ্রা-

ক্মীরিতি স আহাদ্রাক্ষমিতি তৎ সত্যং ভবতি চক্ষুর্বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং চক্ষুর্জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেহমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপি আহ]—কশ্চিৎ (আচার্য্যঃ] তে (তুভ্যং) যদ্ এব অব্রবীৎ ; তৎ শৃণবাম ইতি। [জনকঃ আহ]—বার্ষ্ণঃ (বৃষ্ণস্য অপত্যং) বর্কুঃ (তন্নামকঃ ঋষিঃ) মে (মহ্যম্) অব্রবীৎ,—চক্ষুঃ বৈ ব্রহ্ম, ইতি। মাতৃমান্ পিতৃমান্ আচার্য্যবান্ [চ ভূত্বা আচার্য্যঃ] যথা ব্রূয়াৎ ; তথা বর্ষ্ণিঃ (বৃষ্ণতনয়ঃ) তৎ (তত্ত্বম্ অব্রবীৎ—চক্ষুঃ বৈ ব্রহ্ম ইতি। হি (যতঃ) অপশ্যতঃ (দর্শনশক্তিরহিতস্য) কিং স্যাৎ [ন হি ঐহিকং পারলৌকিকঞ্চ কিমপি স্যাদিতি ভাবঃ] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] তস্য (চক্ষুর্ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং [চ] তে (তুভ্যম্) অব্রবীৎ ? [আচার্য্যঃ]। [জনকঃ আহ]—[তত্ত্ব] মে (মহ্যং) ন অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] হে সম্রাট্ ! এতৎ (চক্ষুর্ব্রহ্ম) বৈ (এব) [চতুষ্পাদ্ ব্রহ্মণঃ] একপাদ্ ইতি ! [জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য ! সঃ (তদভিজ্ঞঃ ত্বং) নঃ (অস্মান্) [তদ্] বৈ ব্রূহি ! [যাজ্ঞবল্ক্যঃ আহ]

চক্ষুঃ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা, সত্যম্ ইতি এনৎ (চক্ষুর্ব্রহ্ম) উপাসীত। [জনকঃ আহ] হে যাজ্ঞবল্ক্য ! কা সত্যতা (কিং সত্যং) ? [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ হে সম্রাট্ ! চক্ষুঃ এব ইতি। হে সম্রাট্ ! চক্ষুষা পশ্যন্তম্ (জনম্) বৈ আহুঃ (কথয়ন্তি)—[ত্বম্] অদ্রাক্ষীঃ ? ইতি ; সঃ (দ্রষ্টা] আহ—অদ্রাক্ষম্ (দৃষ্টবান্) [অহমিতি শেষঃ] ইতি। তৎ সত্যম্ [এব] ভবতি ; হে সম্রাট্ ! [যতঃ] চক্ষুঃ বৈ পরমং ব্রহ্ম ইতি। যঃ (জনঃ) এতৎ (তত্ত্বম্) এবম্ (উক্তরূপেণ) বিদ্বান্ (জানন্) [সন্] উপাস্তে ; চক্ষুঃ [কদাচিদপি] এনং (উপাসকং) ন জহাতি ; সর্বাণি ভূতানি এনম্ অভি-ক্ষরন্তি (উপহারদানেন উপকুর্বন্তি) ; [তথা সঃ] দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি (অপিগচ্ছতি)। বৈদেহঃ জনকঃ হ উবাচ—হস্ত্যৃষভ্যং সহস্রং দদামি ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ [শিষ্যম্] অননুশিষ্য হরেত ইতি (এবম্) মে (মম) পিতা অমন্যত।

অনুবাদ। [যাজ্ঞবল্ক্য পুনরায় জিজ্ঞাসা করিলেন] অন্য কোন আচার্য্য, তোমাকে যে উপদেশ প্রদান করিয়াছেন ; তাহা শ্রবণ করিতে ইচ্ছা করি। [জনক বলিলেন] বৃষ্ণতনয় বর্কু আমার নিকট বলিয়াছেন যে, চক্ষুই ব্রহ্ম। মাতা,

পিতা এবং আচার্য্যের নিকটে উপদিষ্ট আচার্য্য যেরূপ উপদেশ প্রদান করিয়া থাকেন; বৃষ্ণতনয় বর্কু ও আমাকে তদনুরূপ ভ্রমাদিবিরহিত "চক্ষুঃ বৈ ব্রহ্ম" এই উপদেশটী প্রদান করিয়াছেন। কারণ অন্ধ ব্যক্তির ঐহিক এবং পারত্রিক কোন কিছুই সিদ্ধ হইতে পারে না। [যাজ্ঞবল্ক্য] বলিলেন—তিনি কি তোমাকে তাহার আয়তন (শরীর) এবং প্রতিষ্ঠা (আশ্রয়) সম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছেন? [জনক বলিলেন]—না, তিনি তাহা আমাকে উপদেশ দেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন] হে সম্রাট্, ইহা চতুষ্পাদ্ ব্রহ্মের একপাদ; [এক পাদের উপাসনায় কোন ফলসিদ্ধি হইতে পারে না]। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! সে বিষয় তুমি অভিজ্ঞ, অতএব তুমি তাহা আমার নিকটে বল। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—চক্ষুঃ তাহার আয়তন, আকাশ তাহার প্রতিষ্ঠা, সত্য তাহার সংজ্ঞা, অতএব সত্য বলিয়া তাহার উপাসনা করিবে। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! সত্যতা (সত্য) কি? যাজ্ঞবল্ক্য

বলিলেন] হে সম্রাট্! চক্ষুই সত্য ; কারণ, হে সম্রাট্! যে ব্যক্তি চক্ষু দ্বারা দেখিতে পারে, লোকে তাহাকে জিজ্ঞাসা করিয়া থাকে ; তুমি কি, দেখিয়াছ ? তদুত্তরে সে বলিয়া থাকে, হাঁ আমি দেখিয়াছি ; দেখিয়াছি বলায় তাহা সত্য বলিয়াই গৃহীত হইয়া থাকে। অতএব হে সম্রাট্। চক্ষুই পরম ব্রহ্ম। যে ব্যক্তি উক্তরূপে অবগত হইয়া চক্ষু-ব্রহ্মের উপাসনা করেন ; চক্ষুঃ তাঁহাকে কখনও পরিত্যাগ করে না ; পরন্তু ভূতসমুদায় ও তাঁহাকে উপহার প্রদান করিয়া উপকার করিয়া থাকে এবং তিনি ইহলোকেই দেবত্বলাভ করিয়া, পরে দেব-সারূপ্য লাভ করিয়া থাকেন। [বিদেহাধিপতি জনক বলিলেন] হে যাজ্ঞবল্ক্য! আমি তোমাকে হস্তিসদৃশ বৃহৎকায় সহস্র গোদান করিতেছি। [যাজ্ঞবল্ক্য বলিলেন] আমার পিতার অভিমত এই যে, শিষ্যকে উপদেশ দ্বারা কৃতার্থ না করিয়া, তাহার নিকট হইতে দান গ্রহণ করিবে না।

৫। যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে

গর্দভীবিপীতো ভারদ্বাজঃ শ্রোত্রং বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান্ ব্রূয়াত্তথা তদ্ভারদ্বাজোঽব্রবী-চ্ছ্রোত্রং বৈ ব্রহ্মেত্যশৃণ্বতো হি কিংস্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য শ্রোত্রমেবা-য়তনমাকাশঃ প্রতিষ্ঠানন্ত ইত্যেনদুপাসীত কানন্ততা যাজ্ঞবল্ক্য দিশ এব সম্রাড়িতি হোবাচ তস্মাদ্বৈ সম্রাড়পি যাং কাং চ দিশং গচ্ছতি নৈবাস্যা অন্তং গচ্ছত্যনন্তা হি দিশো দিশো বৈ সম্রাট্ শ্রোত্রং শ্রোত্রং বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং শ্রোত্রং জহাতি সর্বাণ্যেনং ভূতান্য-ভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেত-দুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননু-শিষ্য হরেতেতি ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপি পৃচ্ছতি]—কশ্চিৎ (আচার্য্যঃ) তে (তুভ্যং) যদ্ এব অব্রবীৎ ; তৎ শৃণবাম ইতি। [জনকঃ আহ] ভারদ্বাজঃ (ভরদ্বাজস্য অপত্যম্) গর্দভীবিপীতঃ (এতন্নামকঃ ঋষিঃ) মে (মহ্যম্) অব্রবীৎ—শ্রোত্রং বৈ ব্রহ্ম

ইতি। মাতৃমান্ পিতৃমান্ আচার্য্যবান্ [ভূত্বা আচার্য্যঃ] যথা ব্রূয়াৎ; তথা ভারদ্বাজঃ (ভরদ্বাজতনয়ঃ) তৎ (তত্ত্বম্) অব্রবীৎ শ্রোত্রং বৈ ব্রহ্ম ইতি হি (যতঃ) অশৃণ্বত (শ্রবণেন্দ্রিয়শক্তিরহিতপুরুষস্য) কিং স্যাৎ? [ন হি ঐহিকম্ আমুষ্মিকং চ কিমপি স্যাদিত্যর্থঃ] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—তু (কিন্তু) তস্য (শ্রোত্রব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং [চ] তে (তুভ্যম্) অব্রবীৎ? [জনকঃ আহ]—মে (মহ্যং) [তৎ] ন অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—হে সম্রাট্! [চতুষ্পাদ্‌ব্রহ্মণঃ] একপাদ্ বৈ এতৎ (শ্রোত্রব্রহ্ম) ইতি। [জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্যঃ! সঃ [এতদভিজ্ঞঃ ত্বং] নঃ (অস্মান্) বৈ [তৎ] ব্রূহি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] শ্রোত্রম্ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা, অনন্ত ইতি (অনন্তগুণযোগেন) এতৎ শ্রোত্রব্রহ্ম) উপাসীত। [জনকঃ আহ] হে [যাজ্ঞবল্ক্যঃ!] কা অনন্ততা (কঃ অনন্ত); [যাজ্ঞবল্ক্যঃ] উবাচ হ—হে সম্রাট্! দিশঃ এব ইতি। তস্মাৎ বৈ হে সম্রাট্! অপি যাং কাং চ দিশং গচ্ছতি [কশ্চিৎ]; অস্যাঃ (দিশঃ) অন্তং ন এব গচ্ছতি; হি যস্মাৎ) দিশঃ অনন্তাঃ (অন্তবিরহিতাঃ]; হে সম্রাট্; দিশঃ বৈ শ্রোত্রম্ হে সম্রাট্! শ্রোত্রং বৈ পরমং ব্রহ্ম। যঃ (জনঃ) এবম্ (ইত্থম্) এতৎ (শ্রোত্রব্রহ্ম) বিদ্বান্ (জানন্) [সন্] উপাস্তে; শ্রোত্রম্ [কদাচিদপি] এনং (উপাসকম্ ন জহাতি (পরিত্যজতি; সর্বাণি ভূতানি এনম্ (উপসকম) অভি-

শুশ্রূষন্তি (উপহারদানেন উপকুর্ব্বন্তি); সঃ [চ] দেবঃ ভূত্বা দেবান্ অপ্যেতি। [বৈদেহঃ জনকঃ] উবাচ হ [হে যাজ্ঞবল্ক্য! হস্ত্যৃষভং সহস্রং [তুভ্যম্] দদামি ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ মে (মম) পিতা অমন্যত [শিষ্যম্] অননুশিষ্য ন হরেত ইতি।

অনুবাদ। [যাজ্ঞবল্ক্য পুনরায় জিজ্ঞাসা করিলেন]—অন্য কোন আচার্য্য তোমাকে যে উপদেশ দিয়াছেন, তাহা আমি শ্রবণ করিতে ইচ্ছা করি। [জনক বলিলেন] ভরদ্বাজপুত্র গর্দ্দভীবিপীত-নামক ঋষি আমাকে "শ্রোত্রই ব্রহ্ম" এই উপদেশ প্রদান করিয়াছেন। মাতা, পিতা এবং আচার্য্য-কর্ত্তৃক উপদিষ্ট আচার্য্য যেরূপ যথার্থ তত্ত্বের উপদেশ দিয়া থাকেন; ভরদ্বাজপুত্র গর্দ্দভীবিপীতও আমাকে "শ্রোত্রই ব্রহ্ম" এই উপদেশ প্রদান করিয়াছিলেন; যে ব্যক্তির শ্রবণশক্তি নাই, সে ব্যক্তি ঐহিক এবং পারত্রিক কোন কার্য্যই সাধন করিতে পারে না। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—শ্রোত্রব্রহ্মের আয়তন এবং প্রতিষ্ঠা সম্বন্ধে কি তোমাকে উপদেশ দিয়াছিলেন? [জনক বলিলেন]—না, তৎসম্বন্ধে আমাকে উপদেশ

প্রদান করেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—হে সম্রাট্! চতুষ্পাদ্ ব্রহ্মের একপাদ্ শ্রোত্রব্রহ্ম। [জনক বলিলেন] হে যাজ্ঞবল্ক্য! তুমি এ বিষয়ে অভিজ্ঞ; অতএব তুমি আমাকে তৎসম্বন্ধে উপদেশ প্রদান কর। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—শ্রোত্রই তাঁহার আয়তন, আকাশ তাঁহার প্রতিষ্ঠা এবং অনন্ত বলিয়া তাঁহার উপাসনা করিবে। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! তাঁহার অনন্ততা কি? [যাজ্ঞবল্ক্য বলিলেন]—হে সম্রাট্! সমুদায় দিক্ই তাঁহার অনন্ততা; অতএব হে সম্রাট্! যে কোন ব্যক্তি যে কোন দিকে গমন করে, সে সেই দিকের অন্ত গ্রহণ করিতে সমর্থ হয় না; কারণ দিক্সকল অনন্ত। হে সম্রাট্! সেই দিক্ সকলই শ্রোত্র, আবার শ্রোত্রই পরম ব্রহ্ম। যিনি উক্তরূপে শ্রোত্র-ব্রহ্মকে অবগত হইয়া উপাসনা করেন; শ্রোত্র কদাচ উক্ত উপাসককে পরিত্যাগ করে না; ভূতগণ তাঁহাকে উপহার প্রদান করিয়া উপকার করে এবং তিনি ইহলোকে দেবত্ব লাভ করিয়া, পরে দেব-

সারূপ্য লাভ করিয়া থাকেন। বিদেহাধিপতি জনক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! আমি তোমাকে হস্তিসদৃশ সহস্র গো প্রদান করিতেছি। যাজ্ঞবল্ক্য বলিলেন—আমার পিতার অভিমত যে, শিষ্যকে উপদেশ দ্বারা কৃতার্থ না করিয়া দান গ্রহণ করিবে না।

৬। যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে সত্যকামো জাবালো মনো বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ব্রূয়াত্তথা তজ্জাবালোহব্রবীন্মনো বৈ ব্রহ্মেত্যমনসো হি কিং স্যাদিত্যব্রবীত্তু তে তস্যা-য়তনং প্রতিষ্ঠা ন মেহব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রা-ড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য মন এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠানন্দ ইত্যেনদুপাসীত কা আনন্দতা যাজ্ঞবল্ক্য মন এব সম্রাড়িতি হোবাচ মনসা বৈ সম্রাট্ স্ত্রিয়মভি-হার্য্যতে তস্যাং প্রতিরূপঃ পুত্রো জায়তে স আনন্দো মনো বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং মনো জহাতি সর্ব্বা-ণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভং সহস্রং দদামীতি

হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপ্যাহ] কশ্চিৎ (আচার্য্যঃ) তে (তুভ্যং) যদ্ এব অব্রবীৎ ; তৎ শৃণবাম ইতি। [জনকঃ আহ] জাবালঃ (জবালায়াঃ অপত্যম্) সত্যকামঃ (এতন্নামকঃ আচার্য্যঃ) মে (মহ্যম্) অব্রবীৎ, মনঃ বৈ ব্রহ্ম ইতি। মাতৃমান্ পিতৃমান্, আচার্য্যবান্ [ভূত্বা আচার্য্যঃ] যথা [যথার্থং ব্রূয়াৎ ; তথা জাবালঃ তৎ (তত্ত্বম্) অব্রবীৎ মনঃ বৈ ব্রহ্ম ইতি। হি (যস্মাৎ) অমনসঃ (মনসঃ সঙ্কল্পবিকল্পবৃত্তিরহিতস্য জনস্য) কিং স্যাৎ ? [ঐহিকম্ আমুষ্মিকঞ্চ কিমপি ন স্যাদিত্যর্থঃ] ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] তু (কিন্তু) তে (তুভ্যং) তস্য (মনোব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং [চ] অব্রবীৎ ? [জনকঃ আহ] ন মে অব্রবীৎ ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] হে সম্রাট্ ! (চতুষ্পাদ্‌ব্রহ্মণঃ) একপাদ্ বৈ এতদ্ (মনোব্রহ্ম) ইতি। [জনকঃ আহ] হে যাজ্ঞবল্ক্য ! সঃ (তদভিজ্ঞঃ ত্বম্) বৈ নঃ (অস্মান্) ব্রূহি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] মনঃ এব আয়তনং, আকাশঃ প্রতিষ্ঠা, আনন্দঃ ইতি এনং (মনোব্রহ্ম) উপাসীত। [জনকঃ আহ] হে যাজ্ঞবল্ক্য ! কা আনন্দতা ? [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ হে সম্রাট্ ! মনঃ এব ইতি। [হে] সম্রাট্ ! মনসা বৈ স্ত্রিয়ম্ অভিহার্য্যতে (প্রার্থয়তে) ; তস্যাং (স্ত্রিয়

প্রতিরূপঃ পুত্রঃ জায়তে সঃ (পুত্রঃ) আনন্দঃ (আনন্দবিধায়কঃ) [অতঃ] হে সম্রাট্ ! মনঃ বৈ পরমং ব্রহ্ম। যঃ (জনঃ) এতৎ (মনোব্রহ্ম) বিদ্বান্ (জানন্ সন্) এবম্ (ইত্থম্) উপাস্তে ; মনঃ এনং (জনং) ন জহাতি ; সর্বাণি ভূতানি এনম্ (জনম্) অভিক্ষরন্তি, [সঃ চ] দেবঃ ভূত্বা দেবান্ (দেবসারূপ্যম্) অপ্যেতি। বৈদেহঃ জনকঃ হ উবাচ হস্ত্যৃষভং সহস্রং [তুভ্যং] দদামি ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ [শিষ্যম্] অননুশিষ্য (কৃতার্থম্ অকৃত্বা) ন [ধনাদিকং] হরেত ইতি মে (মম) পিতা অমন্যত ॥

অনুবাদ। [যাজ্ঞবল্ক্য পুনরায় বলিলেন] অন্য কোন আচার্য্য তোমাকে যাহা উপদেশ প্রদান করিয়াছেন ; তাহা শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন] জবালাতনয় সত্যকাম আমাকে এই উপদেশ প্রদান করিয়াছেন যে, "মনই ব্রহ্ম"। মাতা, পিতা এবং আচার্য্যকর্ত্তৃক উপদিষ্ট আচার্য্য যেরূপ বলিয়া থাকেন, জবালাতনয় সত্যকামও আমাকে সেইরূপ "মনোব্রহ্ম" এই উপদেশ প্রদান করিয়াছেন। কারণ সঙ্কল্পবিকল্পাত্মিকা অন্তঃকরণবৃত্তিশূন্য ব্যক্তির ঐহিক এবং পারত্রিক কোনটীই সিদ্ধ হয়

[যাজ্ঞবল্ক্য বলিলেন]—তিনি কি উহার আয়তন এবং প্রতিষ্ঠা সম্বন্ধে কিছু বলিয়াছেন? [জনক বলিলেন] না, তাহা আমার নিকট বলেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—হে সম্রাট্! ইহা চতুষ্পাদ্ ব্রহ্মের একপাদ্। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! তুমি তদ্বিষয়ে অভিজ্ঞ, অতএব তুমি আমাকে তৎসম্বন্ধে উপদেশ প্রদান কর। [যাজ্ঞবল্ক্য বলিলেন—মন তাঁহার আয়তন, আকাশ প্রতিষ্ঠা, ইহাঁকে আনন্দ বলিয়া উপাসনা করিবে। [জনক বলিলেন] হে যাজ্ঞবল্ক্য। আনন্দতা (আনন্দ) কি? [যাজ্ঞবল্ক্য বলিলেন]—হে সম্রাট্! মনই আনন্দ; কারণ মনের দ্বারাই স্ত্রীলাভের জন্য প্রার্থনা করা হয়; তাহাতে অনুরূপ পুত্র জন্মগ্রহণ করে; সেই পুত্রই আনন্দ (আনন্দবিধায়ক); অতএব হে সম্রাট্! মনই পরম ব্রহ্ম। যে ব্যক্তি উক্তরূপে এই মনোব্রহ্মের উপাসনা করেন; মনঃ কদাচ তাঁহাকে পরিত্যাগ করে না; পরন্তু ভূতগণ ইহাকে পূজোপহার প্রদান করেন, আর তিনি ইহলোকে

দেবত্বলাভ করিয়া দেবসারূপ্য লাভ করিয়া থাকেন। বিদেহাধিপতি জনক তাহা শুনিয়া বলিলেন—তোমাকে হস্তিসদৃশ সহস্র গো প্রদান করিব। যাজ্ঞবল্ক্য বলিলেন উপদেশ দ্বারা শিষ্যকে কৃতার্থ না করিয়া, শিষ্যের নিকট হইতে দান গ্রহণ করা কর্ত্তব্য নয়; ইহাই আমার পিতার অভিমত ॥

৭। যদেব তে কশ্চিদব্রবীত্তচ্ছৃণবামেত্যব্রবীন্মে বিদগ্ধঃ শাকল্যো হৃদয়ং বৈ ব্রহ্মেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্যবান ব্রূয়াত্তথা তচ্ছাকল্যোঽব্রবীদ্ধৃদয়ং বৈ ব্রহ্মেত্যহৃদয়স্য হি কিংস্যাদিত্যব্রবীত্তু তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেঽব্রবীদিত্যেকপাদ্বা এতৎ সম্রাড়িতি স বৈ নো ব্রূহি যাজ্ঞবল্ক্য হৃদয়মেবায়তন-মাকাশঃ প্রতিষ্ঠা স্থিতিরিত্যেনদুপাসীত কা স্থিততা যাজ্ঞবল্ক্য হৃদয়মেব সম্রাড়িতি হোবাচ হৃদয়ং বৈ সম্রাট্ সর্বেষাং ভূতানামায়তনꣳ হৃদয়ং বৈ সম্রাট্ সর্বেষাং ভূতানাং প্রতিষ্ঠা হৃদয়ে হ্যেব সম্রাট্ সর্বাণি ভূতানি প্রতিষ্ঠিতানি ভবন্তি হৃদয়ং বৈ সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনꣳ হৃদয়ং জহাতি সর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি

দৈবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানেতদুপাস্তে হস্ত্যৃষভꣳ সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেঽমন্যত নাননুশিষ্য হরেতেতি ॥

ব্যাখ্যা। [যাজ্ঞবল্ক্যঃ পুনরপ্যাহ] কশ্চিৎ (আচার্যঃ) তে (তুভ্যম) যদ্ এব অব্রবীৎ ; তৎ শৃণবাম ইতি। [জনকঃ আহ] শাকল্যঃ (শকলস্য অপত্যম্) বিদগ্ধঃ (এতন্নামকঃ আচার্য্যঃ) মে (মহ্যম্) অব্রবীৎ ; হৃদয়ং বৈ ব্রহ্ম ইতি। মাতৃমান্, পিতৃমান্, আচার্য্যবান্ [ভূত্বা আচার্য্যঃ] যথা [যথাযথম্] অব্রবীৎ ; তথা শাকল্যঃ তদ্ অব্রবীৎ হৃদয়ং বৈ ব্রহ্ম ইতি। হি (যতঃ) অহৃদয়স্য (হৃদয়বিরহিতস্য পুরুষস্য) কিং স্যাৎ ? [ঐহিকং পারত্রিকং চ ন কিমপি স্যাদিত্যর্থঃ]। [যাজ্ঞবল্ক্যঃ আহ] তু (কিন্তু) তে (তুভ্যম্) তস্য (হৃদয়ব্রহ্মণঃ) আয়তনং প্রতিষ্ঠাং [চ] অব্রবীৎ ? [জনকঃ আহ] ন মে (মহ্যম্) [তদ্°] অব্রবীৎ। [যাজ্ঞবল্ক্য আহ] হে সম্রাট্ ! [চতুষ্পাদ্‌ব্রহ্মণঃ] একপাদ্ বৈ এতৎ ইতি। [জনকঃ আহ] হে যাজ্ঞবল্ক্য ! সঃ (তদভিজ্ঞঃ ত্বম্) বৈ নঃ (অস্মান্) [তদ্] ব্রূহি। [যাজ্ঞবল্ক্যঃ আহ] হৃদয়ম্ এব আয়তনম্, আকাশঃ প্রতিষ্ঠা, স্থিতিঃ ইতি এনং (হৃদয়ব্রহ্ম) উপাসীত। [জনকঃ আহ] হে যাজ্ঞবল্ক্য ! কা স্থিততা ? [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ হে

সম্রাট্! হৃদয়ম্ এব [স্থিততা]। [হে) সম্রাট্! হৃদয়ং বৈ সর্বেষাং ভূতানাম্ আয়তনং, হৃদয়ং বৈ সর্বেষাং ভূতানাং প্রতিষ্ঠা হে সম্রাট্! হি (যতঃ) হৃদয়ে এব সর্বাণি ভূতানি প্রতিষ্ঠিতানি ভবন্তি; হে সম্রাট্! [অতঃ [হৃদয়ং বৈ পরমং ব্রহ্ম। যঃ (জনঃ) এতদ্ (হৃদয়ব্রহ্ম) বিদ্বান্ (জানন্) এবম্ (ইত্থম্) উপাস্তে; হৃদয়ম্ এনং (জনং) ন জহাতি; সর্বাণি ভূতানি এনম্ অভিক্ষরন্তি; [স চ উপাসকঃ] দেবান্ অপ্যেতি। [জনকঃ আহ] হস্ত্যৃষভং সহস্রং [তুভ্যং] দদামি ইতি বৈদেহঃ জনকঃ হ উবাচ। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ [শিষ্যম্] অননুশিষ্য [তস্মাৎ ধনাদিকং] ন হরেত ইতি মে পিতা অমন্যত॥

অনুবাদ। যাজ্ঞবল্ক্য পুনরায় জিজ্ঞাসা করিলেন]—অন্য কোন আচার্য্য তোমাকে যাহা উপদেশ দিয়াছেন; তাহা আমি শুনিতে ইচ্ছা করি। [জনক বলিলেন] শকলতনয় বিদগ্ধ আমাকে এই উপদেশ প্রদান করিয়াছিলেন যে, হৃদয়ই ব্রহ্ম। মাতা, পিতা এবং আচার্য্যকর্তৃক উপদিষ্ট আচার্য্য যেরূপ যথাযথ তত্ত্বের উপদেশ দেন; সেইরূপ শাকল্য ও "আমাকে হৃদয়ই ব্রহ্ম" এই উপদেশ প্রদান করিয়াছিলেন। কারণ হৃদয়রহিত ব্যক্তির

ঐহিক এবং পারত্রিক কোন কিছুই নাই। [যাজ্ঞ-বল্ক্য বলিলেন] কিন্তু তোমাকে তাঁহার আয়তন এবং প্রতিষ্ঠা বলিয়াছেন কি ? [জনক বলিলেন] না, আমার নিকট তাহা বলেন নাই। [যাজ্ঞবল্ক্য বলিলেন]—হে সম্রাট্! ইহা চতুষ্পাদ্ ব্রহ্মের এক-পাদ্; [ইহার উপাসনায় তৎফলপ্রাপ্তি হইতে পারে না। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! তুমি সে বিষয়ে অভিজ্ঞ, অতএব তুমি তাহা আমা-দিগকে বল। [যাজ্ঞবল্ক্য বলিলেন)—হৃদয়ই তাঁহার শরীর, আকাশ তাঁহার প্রতিষ্ঠা; স্থিতি বলিয়া তাঁহার উপাসনা করিবে। [জনক বলি-লেন]—হে যাজ্ঞবল্ক্য! স্থিতত্তা কি ? (যাজ্ঞবল্ক্য বলিলেন)—হে সম্রাট্! হৃদয়ই স্থিতত্তা; হে সম্রাট্! হৃদয়ই ভূতগণের আয়তন, ভূতগণের প্রতিষ্ঠা; হে সম্রাট! যে হেতু,হৃদয়েই ভূতগণ অবস্থান করে; এইজন্য হৃদয়ই পরম ব্রহ্ম।

যে ব্যক্তি এই হৃদয়ব্রহ্মকে অবগত হইয়া পূর্ব্বোক্তপ্রকারে উপাসনা করে; হৃদয় কদাচ

তাহাকে পরিত্যাগ করে না; ভূতগণ ইহাকে পূজোপহার প্রদান করে; এবং তিনি এই দেহেই দেবত্বলাভ করিয়া শরীরপাতের পর দেবসারূপ্য লাভ করিয়া থাকেন। বিদেহরাজ জনক বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! আমি তোমাকে হস্তি-সদৃশ বৃহৎকায় গো-সহস্র প্রদান করিতেছি। তাহা শুনিয়া যাজ্ঞবল্ক্য বলিলেন—শিষ্যকে কৃতার্থ না করিয়া তাহার নিকট হইতে ধন গ্রহণ করিবে না; ইহা আমার পিতার অভিমত॥

ইতি চতুর্থাধ্যায়ে প্রথমব্রাহ্মণানুবাদ॥

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

১। জনকো হ বৈদেহঃ কূর্চাদুপাবসর্পন্নুবাচ নমস্তেঽস্তু যাজ্ঞবল্ক্যানু মা শাধীতি স হোবাচ যথা বৈ সম্রাণ্মহান্তমধ্বানমেষ্যন্ রথং বা নাবং বা সমাদদীতৈবমেবৈতাভিরুপনিষদ্ভিঃ সমাহিতাত্মাঽস্যেবং বৃন্দারক আঢ্যঃ সন্নধীতবেদ উক্তোপনিষৎক ইতো বিমুচ্যমানঃ

ক গমিষ্যসীতি নাহং তদ্ভগবন্ বেদ যত্র গমিষ্যামীত্যথ বৈ তেঽহং তদ্বক্ষ্যামি যত্র গমিষ্যসীতি ব্রবীতু ভগবানিতি ॥

ব্যাখ্যা। বৈদেহঃ (বিদেহাধিপতিঃ) জনকঃ কূর্চাৎ (আসনবিশেষাৎ) [উত্থায়] উপ (সমীপম্) অবসর্পন্ (গচ্ছন্) [যাজ্ঞবল্ক্যস্য পাদয়োঃ নিপতন্] হ উবাচ হে যাজ্ঞবল্ক্য! তে (তুভ্যং) নমঃ (নমস্কারঃ) অস্তু (ভবতু); মা (মাম্) অনুশাধি (উপদিশ) ইতি। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ হে সম্রাট্! যথা বৈ (প্রসিদ্ধৌ) [লোকে] মহান্তম্ (দীর্ঘম্) অধ্বানম্ (পন্থানম্) এষ্যন্ (গমিষ্যন্) রথং বা নাবং বা সমাদদীত (গৃহ্নীয়াৎ) [অধ্বাতিক্রমায় লোকঃ ইতি শেষঃ]; এবম্ (ইত্থম্) এব [উক্তানি উপাসনানি কৃত্বা] এতাভিঃ উপনিষদ্ভিঃ সমাহিতাত্মা (সংযুক্তাত্মা) অসি (ভবসি); এবং বৃন্দারকঃ (পূজ্যঃ), আঢ্যঃ (ধনযুক্তঃ) অধীতবেদঃ (অধীতঃ বেদঃ যেন সঃ), উক্তোপনিষৎ কঃ (উক্তাঃ উপনিষদঃ আচার্য্যৈঃ তুভ্যং সঃ উপনিষৎ কঃ) সন্ [অপি, ত্বম্] ইতঃ (অস্মাৎ দেহাৎ) বিমুচ্যমানঃ (বিমুক্তঃ) [ভূত্বা] ক (কুত্র) গমিষ্যসি? ইতি [জনকঃ আহ] হে ভগবন্! অহং যত্র (স্থানে) গমিষ্যামি, তৎ (গন্তব্যস্থানম্) ন বেদ (ন জানে) ইতি অথ (অনন্তরম্) [যাজ্ঞবল্ক্যঃ আহ] অহং বৈ (তুভ্যম্)

তৎ (গন্তব্যস্থানম্) বক্ষ্যামি (কথয়িষ্যামি) যত্র গমিষ্যসি ইতি। [জনকঃ আহ] ভগবান্ [তৎ মহ্যম্] ব্রবীতু ইতি ॥

অনুবাদ। বিদেহাধিপতি জনক স্বীয় আসন হইতে উত্থিত হইয়া যাজ্ঞবল্ক্যের সমীপে গমনপূর্ব্বক তাঁহার পদতলে নিপতিত হইয়া বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! আপনাকে নমস্কার করি; আপনি আমাকে উপদেশ প্রদান করুন। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্! লোকে দীর্ঘপথ অতিক্রম করিবার জন্য যেরূপ নৌকা অথবা রথ গ্রহণ করিয়া দুস্তর পথ অতিক্রম করিতে অভিলাষী হয়, সেইরূপ আপনিও গন্তব্য পথে গমন করিবার জন্য উপাসনা-রূপ যানে আরোহণ করিয়া সমাহিতচিত্ত হইয়াছেন এবং তাহাতে সকলের পূজনীয়, ধনশালী, বেদজ্ঞ এবং উপনিষৎ-তত্ত্বজ্ঞ হইয়া গন্তব্যপথে গমনাভিলাষী হইয়াছেন। ইহা আমি জানি, কিন্তু দেহ পতনের পর আপনি কোথায় যাইবেন; তাহা অবগত আছেন কি? [জনক বলিলেন]—হে ভগবন্! না, আমি কোথায় গমন করিব, তাহা জানি না।

অতঃপর [যাজ্ঞবল্ক্য বলিলেন]—মৃত্যুর পর আপনি কোথায় গমন করিবেন, তাহা আমি আপনাকে বলিতেছি ; [জনক বলিলেন]—ভগবান্ আপনি, তদ্বিষয়ে আমাকে উপদেশ প্রদান করুন॥

২। ইন্ধো হ বৈ নামৈষ যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তং বা এতদিন্ধং সন্তমিন্দ্র ইত্যাচক্ষতে পরোক্ষেণৈব পরোক্ষপ্রিয়া ইব হি দেবাঃ প্রত্যক্ষদ্বিষঃ॥

ব্যাখ্যা। এষঃ বৈ (প্রসিদ্ধৌ) ইন্ধঃ (ইন্ধনামকঃ) হ [ভবতি কোঽসাবিত্যত আহ] যঃ অয়ং দক্ষিণে অক্ষন্ (অক্ষণি) পুরুষঃ [ব্যবস্থিতঃ] তম্ এতম্ ইন্ধং (দীপ্তিগুণবন্তং) সন্তং (পুরুষম্) ইন্দ্রঃ ইতি পরোক্ষেণ (পরোক্ষনাম্না) এব আচক্ষতে (কথয়ন্তি) [তত্ত্বজ্ঞাঃ ইতি শেষঃ] ; হি (যতঃ) পরোক্ষপ্রিয়াঃ (পরোক্ষং নাম প্রিয়ং যেষাং তে তথোক্তাঃ) ইব (এব) দেবাঃ, প্রত্যক্ষদ্বিষঃ (প্রত্যক্ষনামগ্রহণং দ্বিষন্তি)।

অনুবাদ। যিনি দক্ষিণচক্ষুতে অধিষ্ঠিত বলিয়া ব্যবস্থিত হইয়াছেন ; তিনিই ইন্ধনামে অভিহিত, উক্ত দীপ্তিগুণান্বিত ইন্ধসংজ্ঞক পুরুষকে তত্ত্ববিদ্গণ পরোক্ষবোধক ইন্দ্রনামেই অভিহিত করিয়াছেন ; কারণ, দেবগণ পরোক্ষ-

নামপ্রিয় ; এই জন্য তাঁহারা প্রত্যক্ষ নাম গ্রহণকে দ্বেষ করিয়া থাকেন ॥

৩। অথৈতদ্বামেঽক্ষণি পুরুষরূপমেষাস্য পত্নী বিরাট্ তয়োরেষ সংস্তাবো য এষোঽন্তর্হৃদয় আকাশোঽথৈনয়োরেতদন্নং য এষোঽন্তর্হৃদয়ে লোহিতপিণ্ডোঽথৈনয়োরেতৎ প্রাবরণং যদেতদন্তর্হৃদয়ে জালকমিবাথৈনয়োরেষা সৃতিঃ সঞ্চরণী যৈষা হৃদয়াদূর্দ্ধ্বা নাড্যুচ্চরতি যথা কেশঃ সহস্রধা ভিন্ন এবমস্যৈতা হিতা নাম নাড্যোঽন্তর্হৃদয়ে প্রতিষ্ঠিতা ভবন্ত্যেতাভির্বা এতদাস্রবদাস্রবতি তস্মাদেষ প্রবিবিক্তাহারতর ইবৈব ভবত্যস্মাচ্ছারীরাদাত্মনঃ ॥

ব্যাখ্যা। অথ বামে অক্ষণি [যৎ] এতৎ পুরুষরূপম্ (পুরুষস্বরূপম্), এষা (এষঃ বামাক্ষিপুরুষঃ) অস্য (ইন্দ্রস্য ভোক্তুঃ বৈশ্বানরসংজ্ঞকস্য) পত্নী (ভোগ্যা অন্নরূপা) বিরাট্ তয়োঃ (বৈশ্বানরোপাসনার্থং বামাক্ষি-দক্ষিণাক্ষিস্থ তয়োঃ কল্পিতেন্দ্রেন্দ্রাণ্যোঃ) এষঃ সংস্তাবঃ (সংস্তুতিঃ) ; [কোঽসাবিত্যাহ] যঃ এষঃ অন্তর্হৃদয়ে আকাশঃ (ছিদ্রম্) ; অথ এনয়োঃ (কল্পিতেন্দ্রেন্দ্রাণ্যোঃ) এতদ্ অন্নম্ [কিন্তদিত্যাহ] যঃ এষঃ অন্তর্হৃদয়ে লোহিতপিণ্ডঃ (ভুক্তান্নস্য সূক্ষ্মঃ পরিণামবিশেষঃ)

অথ এনয়োঃ (কল্পিতেন্দ্রেন্দ্রাণ্যোঃ) এতৎ প্রাবরণম্ [কিং তদিত্যাহ] যদ্ এতদ্ অন্তর্হৃদয়ে জালকম্ ইব (জালবৎ [শিরাসমষ্টিঃ] ; অথ এনয়োঃ (কল্পিতেন্দ্রেন্দ্রাণ্যোঃ) এষা সঞ্চরণী (সংগমনী) সৃতিঃ (পন্থাঃ) [কৈষা ইত্যাহ] যা এষা নাড়ী হৃদয়াৎ উর্দ্ধা (উর্দ্ধগা সতী) উচ্চরতি (উদ্‌গচ্ছতি) ; যথা সহস্রধা ভিন্নঃ কেশঃ (সহস্রভাগেন বিভক্তকেশবৎ) অস্য (শরীরস্য) হিতানামনাড্যঃ অন্তর্হৃদয়ে প্রতিষ্ঠিতাঃ ভবন্তি। এতাভিঃ (অতিসূক্ষ্মাভিঃ) নাড়ীভিঃ এতম্ (অন্নম্) আস্রবৎ (গচ্ছৎ) আস্রবতি (গচ্ছতি) ; [যস্মাৎ অনেন স্থূলেন অন্নেন উপচিতঃ দেহঃ], তস্মাৎ (হেতোঃ) [সূক্ষ্মেণ অন্নেণ উপচিতং লিঙ্গশরীরম্ অস্মাৎ শারীরাৎ (শরীরম্ এব শারীরং তস্মাৎ শারীরাৎ লিঙ্গদেহাৎ) [বৈশ্বানরসংজ্ঞকাৎ] আত্মনঃ [চ] এষঃ (তৈজসঃ আত্মা) প্রবিবিক্তাহারতরঃ (অতিশয়েন সূক্ষ্মান্নাহারঃ) ইব এব ভবতি ॥

অনুবাদ। এই বাম চক্ষুতে যে পুরুষাকার দৃষ্ট হয় ; ইনি পূর্ব্বোক্ত দক্ষিণাক্ষিস্থিত ইন্দ্রসংজ্ঞক বৈশ্বানর আত্মার বিরাটানাম্নী পত্নী, (বৈশ্বানর পুরুষভোক্তা, ইনি তাঁহার ভোগ্যা] বৈশ্বানর পুরুষের উপাসনার নিমিত্ত, বাম ও দক্ষিণাক্ষিস্থিত কল্পিত ইন্দ্র এবং ইন্দ্রাণীর ইহাই সংস্তব (সম্মিলিতভাবে

স্তুতি-প্রদেশ) নির্দ্দেশ করা হইয়াছে, [কোন্‌টী সংস্তাব এই আকাঙ্ক্ষায় বলিতেছেন]— হৃদয়স্থিত মাংসপিণ্ডের অভ্যন্তরে আকাশকেই সংস্তাব বলে; উক্ত ইন্দ্র এবং ইন্দ্রাণীর অন্নরূপে পরিকল্পিত পদার্থ কি? তদুত্তরে বলিতেছেন— হৃদয়াভ্যন্তরস্থিত লোহিত-পিণ্ডই তাঁহাদের অন্নরূপে পরিকল্পিত; এই উভয়ের আচ্ছাদন কি? তদুত্তরে বলিতেছেন—জালের ন্যায় হৃদয়াভ্যন্তরস্থিত শিরা-সমুদায়ই তাঁহাদের আচ্ছাদন; উহাদের জাগরিত-স্থান হইতে স্বপ্নস্থানে গমনের পথ কোনটী? তদুত্তরে বলিতেছেন,—হৃদয় হইতে উর্দ্ধগামিনী নাড়ীই তাঁহাদের সঞ্চরণের পথ; সহস্রভাগে বিভক্ত কেশের ন্যায় দেহাভ্যন্তরস্থিত হৃদয়ে ঐ হিতা-নামক নাড়ীগণ বিদ্যমান আছে। এই সকল নাড়ীদ্বারা অন্নের রসভাগ গমনাগমন করে; উক্ত স্থূল অন্ন দ্বারা স্থূলদেহে উপচিত হয়, আর ভুক্ত অন্নের সারভূত সূক্ষ্ম রক্তাদিদ্বারা সূক্ষ্মদেহ এবং সমষ্টি স্থূলদেহোপহিত চৈতন্য পরিপুষ্ট হয়; এতদুভয় হইতে সূক্ষ্মতর তৈজস-

সংজ্ঞক আত্মা রক্তাদিরূপ সূক্ষ্ম অন্ন হইতেও সূক্ষ্মতর অন্নদ্বারা পরিপুষ্ট; [কারণ বৈশ্বানর হইতে তৈজস আত্মা সূক্ষ্মতর]॥

৪। তস্য প্রাচী দিক্ প্রাঞ্চঃ প্রাণা দক্ষিণা দিগ্দক্ষিণে প্রাণাঃ প্রতীচী দিক্ প্রত্যঞ্চঃ প্রাণা উদীচী দিগুদঞ্চঃ প্রাণা ঊর্দ্ধা দিগূর্দ্ধাঃ প্রাণা অবাচী দিগবাঞ্চঃ প্রাণাঃ সর্বা দিশঃ সর্বে প্রাণাঃ স এষ নেতি নেত্যাত্মাঽগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্য্যো ন হি শীর্য্যতেঽসঙ্গো ন হি সজ্জ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যত্যভয়ং বৈ জনক প্রাপ্তোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। স হোবাচ জনকো বৈদেহোঽভয়ং ত্বা গচ্ছতাদ্ যাজ্ঞবল্ক্য যো নো ভগবন্নভয়ং বেদয়সে নমস্তেঽস্ত্বিমে বিদেহা অয়মহমস্মি॥

ইতি চতুর্থে দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। তস্য (অস্য ক্রমেণ বৈশ্বানরাৎ তৈজসং প্রাপ্তস্য বিদুষঃ) প্রাচী (পূর্বা) দিক্ প্রাঞ্চঃ (প্রাগ্ গমনবন্তঃ) প্রাণাঃ; দক্ষিণা দিক্ দক্ষিণে (দক্ষিণদিগ্ গমনবন্তঃ) প্রাণাঃ; প্রতীচী (পশ্চিমা) দিক্ প্রত্যঞ্চঃ (পশ্চিমদিগ্ গমনবন্তঃ) প্রাণাঃ;

উদীচী (উত্তরা) দিক্ উদঞ্চঃ (উত্তরদিগ্‌গামিনঃ) প্রাণাঃ; ঊর্দ্ধাদিক্ ঊর্দ্ধাঃ প্রাণাঃ; অবাচী দিক্ অবাঞ্চঃ প্রাণাঃ; সর্ব্বা দিশঃ সর্ব্বে প্রাণাঃ। [বিশ্বস্য জাগরিতাভিমানিনঃ তৈজসে, তস্য চ স্বপ্নাভিমানিনঃ সুষুপ্ত্যভিমানিনঃ প্রাজ্ঞে ক্রমেণ অন্তর্ভাবং জানন্ প্রাণাত্মত্বেন উপগতঃ ভবতি; ততঃ তুরীয়ং প্রতিপদ্যতে] সঃ এষঃ নেতি নেতি (নেতি নেতীতি নিষেধপর্য্যবসান ভূমিঃ) আত্মা অগৃহ্যঃ (ইন্দ্রিয়াগ্রাহ্যঃ) [অতঃ ইন্দ্রিয়ৈঃ] ন হি গৃহ্যতে, অশীর্য্যঃ (অশীর্ণঃ) [অতঃ] ন হি শীর্য্যতে (শীর্ণঃ ভবতি), অসঙ্গঃ (অনাসক্তঃ) [অতঃ] ন হি সজ্যতে (আসক্তঃ ভবতি), অসিতঃ (অবদ্ধঃ) [অতঃ] ন হি ব্যথতে (ব্যথিতঃ ভবতি; ন রিষ্যতি (কেনচিৎ হিংসিতঃ ভবতি) ইতি [হে] জনক! [ত্বম্] বৈ অভয়ম্ (জন্মমরণাদিনিমিত্তভয়শূন্যং ব্রহ্ম) প্রাপ্তঃ অসি ইতি যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ। সঃ বৈদেহঃ জনকঃ হ উবাচ— হে যাজ্ঞবল্ক্য! যঃ (ত্বম্) নঃ (অস্মান্) অভয়ম্ (ব্রহ্ম] বেদয়সে (জ্ঞাপয়সি); [অতঃ] তং ত্বা (ত্বাম্) অভয়ম্ [ব্রহ্ম] গচ্ছতাৎ (গচ্ছতু)। [হে] ভগবন্! তে (তুভ্যং) [মম] নমঃ (নমস্কারঃ) অস্তু; ইমে বিদেহাঃ (বিদেহাখ্য-দেশাঃ) [তুভ্যম্ ভবতা]; অয়ম্ অহম্ [চ দাসভাবে স্থিতঃ] অস্মি।

অনুবাদ। বৈশ্বানর হইতে তৈজস-

সংজ্ঞাপ্রাপ্ত উক্ত বিদ্বান্ ব্যক্তির পূর্ব্বদিক্ পূর্ব্ববর্ত্তী প্রাণ; দক্ষিণ দিক্ দক্ষিণদিক্‌বর্ত্তী প্রাণ; পশ্চিমদিক্ পশ্চিমদিক্‌বর্ত্তী প্রাণ; উত্তরদিক্ উত্তরদিক্‌বর্ত্তী প্রাণ; ঊর্দ্ধদিক্ ঊর্দ্ধদিক্‌বর্ত্তী প্রাণ; অধোদিক্ অধোদিক্‌বর্ত্তী প্রাণ; এবং সকলদিক্ সকলদিক্‌বর্ত্তী প্রাণ। এইরূপ প্রাণাত্মার বা প্রাজ্ঞের উপাসক সর্ব্বাত্মভাব লাভ করেন; প্রথমতঃ জাগরিতাভিমানী বিশ্বকে তৈজসে এবং স্বপ্নাভিমানী তৈজসকে সুষুপ্ত্যভিমানী প্রাজ্ঞে পৌর্ব্বাপর্য্যক্রমে অন্তর্ভাব করিয়া প্রাণাত্মরূপে উপগত হন, পরে "নেতি নেতি" এইরূপ নিষেধমুখে অনিষিদ্ধ তুরীয় চৈতন্য অবশিষ্ট থাকেন। সেই তুরীয়-চৈতন্যই আত্মা; তিনি ইন্দ্রিয়াদির অগোচর, এই জন্য গ্রহণাযোগ্য; তিনি অশীর্ণ, এইজন্য কদাচ শীর্ণ হন না; তিনি অনাসক্ত, এইজন্য আসক্ত হন না; তিনি অবদ্ধ, এইজন্য ব্যথিত বা হিংসিত হন না। যাজ্ঞবল্ক্য বলিলেন— হে জনক! তুমি জন্ম-মৃত্যু-প্রভৃতি-নিমিত্তজনিত অভয় ব্রহ্মকে প্রাপ্ত হইয়াছ। তদুত্তরে বিদেহপতি জনক

বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তুমি যে আমাকে অভয় ব্রহ্ম জ্ঞাপন করিলে, এইজন্য অভয় ব্রহ্ম তোমাকেও প্রাপ্ত হউন। হে ভগবন্! আমি তোমাকে নমস্কার করি; এই বিদেহাখ্য দেশসকল তুমি ভোগ কর; আমি তোমার দাসভাবে অবস্থান করিব।

ইতি চতুর্থধ্যায়ে দ্বিতীয়ব্রাহ্মণানুবাদ সমাপ্ত ॥

তৃতীয়ং ব্রাহ্মণম্।

১। জনকং হ বৈদেহং যাজ্ঞবল্ক্যো জগাম স মেনে ন বদিষ্য ইত্যাথ হ যজ্জনকশ্চ বৈদেহো যাজ্ঞবল্ক্যশ্চাগ্নিহোত্রে সমূদাতে তস্মৈ হ যাজ্ঞবল্ক্যো বরং দদৌ স হ কামপ্রশ্নমেব বব্রে তং হাস্মৈ দদৌ তং সম্রাড়েব পূর্বং পপ্রচ্ছ ॥

ব্যাখ্যা। [ইদানীং তস্যাত্মনঃ অদ্বৈতত্বাদিকমধিগন্তব্যমিতি ইদম্ আরভ্যতে]—যাজ্ঞবল্ক্যঃ বৈদেহং জনকং হ জগাম। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) [গচ্ছন্নেবম্] মেনে (চিন্তিতবান্) ন [কিঞ্চিদপি রাজ্ঞে] বদিষ্যে (কথয়িষ্যামি) ইতি। অথ হ বৈদেহঃ জনকঃ যাজ্ঞবল্ক্যঃ চ যৎ অগ্নিহোত্রে সমূদাতে (বিচারিতবন্তৌ); [যতঃ] যাজ্ঞবল্ক্যঃ হ তস্মৈ বরং দদৌ; সঃ (জনকঃ) হ কাম-

প্রথমম্ এব বব্রে (প্রার্থিতবান্); [যাজ্ঞবল্ক্যঃ চ] অস্মৈ (জনকায়) তং (কামপ্রশ্নরূপং বরং) দদৌ; [ততঃ] সম্রাট্ (জনকঃ) এব পূর্বম্ (প্রথমম্) তং (যাজ্ঞবল্ক্যং) পপ্রচ্ছ (পৃষ্টবান্)।

অনুবাদ। [সম্প্রতি সেই আত্মার অদ্বৈতত্বাদির অধিগমের জন্য বর্তমান অধ্যায় আরব্ধ হইতেছে]—যাজ্ঞবল্ক্য ঋষি কোনও এক সময় বিদেহাধিপতি জনকের নিকট গিয়াছিলেন; তিনি যাইবার কালে মনে মনে এই আলোচনা করিলেন যে, আমি প্রথমে বিদেহরাজের নিকট কিছুই বলিব না; তথাপি যে বিদেহরাজ জনক এবং যাজ্ঞবল্ক্য অগ্নিহোত্র যজ্ঞ সম্বন্ধে আলোচনা করিয়াছিলেন, তাহার কারণ এই—যাজ্ঞবল্ক্য তাঁহাকে একটী বর প্রদান করিয়াছিলেন; তাহাতে রাজা ইচ্ছানুরূপ প্রশ্ন করিয়া কাম-প্রশ্নই প্রার্থনা করায়, যাজ্ঞবল্ক্য তাঁহাকে উক্ত বরই প্রদান করিয়াছিলেন; এইজন্য জনকই প্রথমে যাজ্ঞবল্ক্যের নিকট প্রশ্ন করিয়াছিলেন॥

২। যাজ্ঞবল্ক্য কিংজ্যোতিরয়ং পুরুষ ইতি

আদিত্যজ্যোতিঃ সম্রাড়িতি হোবাচাদিত্যেনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীত্যে-বমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥

ব্যাখ্যা। হে যাজ্ঞবল্ক্য! অয়ং পুরুষঃ (জীবঃ) কিংজ্যোতিঃ (কিং জ্যোতিঃ অস্য পুরুষস্য, যেন জ্যোতিষা ব্যবহরতি সোঽয়ং কিং জ্যোতিঃ)? ইতি। [যাজ্ঞবল্ক্যঃ] হ উবাচ—হে সম্রাট্! আদিত্যজ্যোতিঃ (আদিত্যেন জ্যোতিষা ব্যবহরতি) [পুরুষঃ] [কথম্? যতঃ অয়ং জীবঃ] আদিত্যেন (চক্ষুষঃ অনুগ্রাহকেন) জ্যোতিষা এব আস্তে (ব্যবহারবান্ ভূত্বা বর্ত্ততে), পল্যয়তে (পর্য্যটতি) ক্ষেত্রমরণ্যং বা; কর্ম (ব্যাপারং) কুরুতে, বিপল্যেতি (প্রত্যাগচ্ছতি)। [এবং কথিতঃ জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য! এবম্ এব(ভবতা যদুক্তং তৎ সত্যমেব ইত্যর্থঃ)।

অনুবাদ। [হে যাজ্ঞবল্ক্য! হস্ত-পদাদি-যুক্ত ব্যাবহারিক জীব কোন্ জ্যোতিঃ দ্বারা ব্যবহার সম্পাদন করেন? [যাজ্ঞবল্ক্য] বলিলেন—হে সম্রাট্! আদিত্যরূপ জ্যোতির সাহায্যে। কারণ আদিত্যস্থ-জ্যোতিঃ চক্ষুর অনুগ্রাহক; তদ্দ্বারা জীব ব্যবহার সম্পাদন করে, নিজ নিজ কর্ম্ম নিষ্পন্ন করে এবং তথা হইতে প্রত্যাগমন করে। [জনক

বলিলেন—হে যাজ্ঞবল্ক্য! তুমি যাহা বলিলে, তাহাই সত্য॥

৩। অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য কিংজ্যোতি-রেবায়ং পুরুষ ইতি চন্দ্রমা এবাস্য জ্যোতির্ভবতীতি চন্দ্রমসৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য॥

ব্যাখ্যা। জনকঃ পুনরপি আহ]—হে যাজ্ঞবল্ক্য! আদিত্যে অস্তমিতে [সতি] অয়ং পুরুষঃ কিংজ্যোতিঃ এব (ভবতি, কেন জ্যোতিষা ব্যবহারং করোতি) ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—চন্দ্রমাঃ এব অস্য (পুরুষস্য) জ্যোতিঃ ভবতি ইতি। [তদানীম্] অয়ম্ (পুরুষঃ) চন্দ্রমসা জ্যোতিষা এব আস্তে পল্যয়তে (পর্য্যটতি), কর্ম কুরুতে, বিপল্যেতি (প্রত্যাগচ্ছতি) ইতি। [জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য! এতদ্ এবম্ এব ইতি।

অনুবাদ। [জনক পুনরায় বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! আদিত্য অস্তমিত হইলে, জীব কোন্ জ্যোতির সাহায্যে যাবতীয় ব্যবহার সম্পাদন করেন? [যাজ্ঞবল্ক্য বলিলেন—তখন চন্দ্রজ্যোতিঃই জীবগত চক্ষুর অনুগ্রাহক হয় বলিয়া চন্দ্রের জ্যোতিঃ সাহায্যেই জীবগণ ব্যবহার সম্পন্ন করে, ঈপ্সিত স্থানে গমন

করে, কর্ম্ম করে এবং প্রত্যাগমন করে। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! তুমি যাহা বলিলে, তাহা প্রকৃত॥

৪। অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্তমিতে কিংজ্যোতির্ব্বোয়ং পুরুষ ইত্যগ্নিরেবাস্য জ্যোতির্ভবতীত্যগ্নিনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য॥

ব্যাখ্যা। [জনকঃ পুনরপি আহ]—হে যাজ্ঞবল্ক্য! আদিত্যে অস্তমিতে, চন্দ্রমসি [চ] অস্তমিতে, অয়ং পুরুষঃ কিং জ্যোতিঃ এব [ভবতি]? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—অগ্নিঃ এব অস্য (পুরুষস্য) জ্যোতিঃ ভবতি ইতি। [যতঃ] অয়ম্ (পুরুষঃ) অগ্নিনা জ্যোতিষা এব আস্তে, পল্যয়তে, কর্ম কুরুতে, বিপল্যেতি ইতি। [জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য! এতদ্ এবম্ এব ইতি।

অনুবাদ। [জনক পুনরায় জিজ্ঞাসা করিলেন]—হে যাজ্ঞবল্ক্য! সূর্য্য এবং চন্দ্র এই উভয় অস্তমিত হইলে, জীবগণ কোন্ জ্যোতিঃ অবলম্বন করিয়া ব্যবহার সম্পাদন করেন? [যাজ্ঞবল্ক্য বলিলেন]—তখন অগ্নিজ্যোতিঃই জীবগত চক্ষুর

সাহায্যকারী হয়, উক্ত অগ্নিজ্যোতির সাহায্যেই লোকে ব্যবহারবান্ হইয়া ভ্রমণ করিতে, কর্ম্ম করিতে এবং স্থানান্তর হইতে প্রত্যাগমন করিতে সক্ষম হইয়া থাকেন। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য তুমি ইহা সত্যই বলিয়াছ ॥

৫। অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্তমিতে শান্তেঽগ্নৌ কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি বাগেবাস্য জ্যোতির্ভবতীতি বাচৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম্ম কুরুতে বিপল্যেতীতি তস্মাদ্বৈ সম্রাড়পি যত্র স্বঃ পাণির্ন বিনির্জ্ঞায়তেঽথ যত্র বাগুচ্চরত্যুপৈব তত্র ন্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য ॥

ব্যাখ্যা। [জনকঃ পুনরপি আহ]—হে যাজ্ঞবল্ক্য! আদিত্যে অস্তমিতে, চন্দ্রমসি অস্তমিতে, অগ্নৌ (চ) শান্তে (নির্বাণং প্রাপ্তে) অয়ং পুরুষঃ কিংজ্যোতিঃ এব [ভবতি]? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—বাক্ (বাক্যম্) এব অস্য জ্যোতিঃ ভবতি ইতি ; [যতঃ তদানীম্] অয়ম্ (পুরুষঃ) বাচা (বাক্যরূপেণ) জ্যোতিষা এব আস্তে, পল্যয়তে, কর্ম কুরুতে, বিপল্যেতি ইতি ; হে সম্রাট্! তস্মাৎ (বাচঃ জ্যোতিষ্ট্বাৎ হেতোঃ) বৈ (এব) যত্র (যস্মিন্ কালে) স্বঃ (স্বকীয়ঃ) পাণিঃ (হস্তঃ)

অপি ন বিনির্জ্ঞায়তে (ন বিস্পষ্টং জ্ঞায়তে), অথ (তদা) যত্র বাগ্ উচ্চরতি, তত্র [তেন বাগুচ্চারণেন] উপন্যেতি (উপ-গচ্ছতি, সন্নিহিতঃ ভবতি) এব ইতি। [জনক আহ] হে যাজ্ঞবল্ক্য ! এতৎ এবম্ এব ইতি ।

অনুবাদ। [জনক পুনরায় জিজ্ঞাসা করিলেন]—হে যাজ্ঞবল্ক্য ! আদিত্য, চন্দ্র অস্তমিত হইলে, এবং অগ্নি নির্ব্বাপিত হইলে, জীবগণ কোন জ্যোতির সাহায্যে ব্যবহার সম্পাদন করেন ? [যাজ্ঞবল্ক্য বলিলেন]—তখন বাক্যই জ্যোতির কার্য্য করিয়া থাকে ; [কারণ সে সময়] জীবগণ বাক্যরূপ জ্যোতিঃ দ্বারাই ব্যবহারবান্ হইয়া ভ্রমণ করিতে, কর্ম্ম করিতে এবং স্থানান্তর হইতে প্রত্যা-বর্ত্তন করিতে সক্ষম হইয়া থাকে ; হে সম্রাট্ ! এইজন্য যে সময় স্বীয় হস্তাদিও বিশেষরূপে দেখিতে পাওয়া যায় না, তখন যেখানে শব্দ উচ্চারিত হইতেছে, সেইখানে লোকে শব্দোচ্চারণ লক্ষ্য করিয়া উপনীত হইয়া থাকে। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য ! ইহা তুমি যথার্থ বলিয়াছ ॥

৬। অস্তমিত আদিত্যে যাজ্ঞবল্ক্য চন্দ্রমস্যস্ত-মিতে শান্তেঽগ্নৌ শান্তায়াং বাচি কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইত্যাত্মৈবাস্য জ্যোতির্ভবতীত্যাত্মনৈবায়ং জ্যোতিষাস্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীতি ॥

ব্যাখ্যা [জনকঃ পুনরপি আহ]—হে যাজ্ঞবল্ক্য! আদিত্যে অস্তমিতে, চন্দ্রমসি অস্তমিতে, অগ্নৌ শান্তে, বাচি [চ] শান্তায়াম্ [অত্রত্যবাক্শব্দঃ ঘ্রাণাদীনামুপলক্ষণম্]; অয়ং পুরুষঃ কিং জ্যোতিঃ এব [ভবতি]? ইতি। [যাজ্ঞবল্ক্য আহ]—[তদানীম্] আত্মা এব অস্য (পুরুষস্য) জ্যোতিঃ [ভবতি] ইতি। [যস্মাৎ] অয়ম্ (পুরুষঃ) আত্মনা এব জ্যোতিষা আস্তে, পল্যয়তে, কর্ম কুরুতে, বিপল্যেতি ইতি।

অনুবাদ। [জনক পুনরায় বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! আদিত্য এবং চন্দ্র অস্তমিত হইলে, অগ্নি ও বাক্ প্রভৃতি শান্ত ও নিরস্ত হইলে পুরুষ কোন্ জ্যোতিঃ অবলম্বন করিয়া ব্যবহার সম্পাদন করেন? [যাজ্ঞবল্ক্য বলিলেন]—সেই সময় আত্মাই পুরুষের জ্যোতিঃস্বরূপে পরিগৃহীত হয়েন। উক্ত আত্মা জ্যোতির সাহায্যেই ব্যবহারবান্ হয়, ভ্রমণ

করে, কর্ম্ম করে এবং অন্যস্থান হইতে প্রত্যাগমন করিতে পারে॥

৭। কতম আত্মেতি যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ স সমানঃ সন্নুভৌ লোকাবনুসঞ্চরতি ধ্যায়তীব লেলায়তীব স হি স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি মৃত্যো রূপাণি॥

ব্যাখ্যা। [করণানামেব অন্যতমঃ ব্যতিরিক্তঃ বা ইত্যবিবেকতঃ যাজ্ঞবল্ক্যং পৃচ্ছতি]—কতমঃ (দেহেন্দ্রিয়প্রাণমনঃসু মধ্যে কঃ) ইতি। [যাজ্ঞবল্ক্যঃ আহ]—প্রাণেষু (দেহেন্দ্রিয়াদিষু) হৃদি (বুদ্ধৌ) অন্তঃ (অভ্যন্তরস্থঃ) জ্যোতিঃ (জ্যোতিঃস্বভাবঃ) যঃ অয়ম্ (সর্বেষাম্ অনুভবগম্যঃ) বিজ্ঞানময়ঃ (বিজ্ঞানময়াখ্যঃ বুদ্ধিতাদাত্ম্যাপন্নঃ) পুরুষঃ, [সঃ আত্মা]; সঃ (বিজ্ঞানময়ঃ আত্মা) সমানঃ (বুদ্ধিতাদাত্ম্যাপত্ত্যা বুদ্ধিসদৃশঃ কর্ত্তা ভোক্তা চ) সন্ উভৌ লোকৌ (ইহলোকপরলোকৌ) অনুসঞ্চরতি (ক্রমেণ গচ্ছতি আগচ্ছতি চ)। [তথা] ধ্যায়তি ইব (ধ্যানব্যাপারং করোতি ইব, ধ্যানব্যাপারবতীং বুদ্ধিং ভাসয়ন্ চিন্তয়তি ইব) লেলায়তি ইব (অতিশয়েন চলতি ইব, দেহেন্দ্রিয়াদীনাং চলনেন চলতীব ইত্যর্থঃ) [ভবতি চিদাত্মা]। হি (যস্মাৎ) সঃ (আত্মা) স্বপ্নঃ ভূত্বা (স্বপ্নবৃত্তিমবভাসয়ন্, ধিয়ঃ যা স্বাপবৃত্তিঃ, তদাকারঃ

ভূত্বা) ইমং লোকং (জাগরিতব্যবহারলক্ষণং), মৃত্যোঃ (মৃত্যুহেতোঃ কর্মাবিদ্যাদেঃ) রূপাণি (দেহেন্দ্রিয়াদীনি) [চ] অতিক্রামতি (অতীত্য স্বরূপেণ অবতিষ্ঠতে)।

অনুবাদ। [দেহাদিভিন্ন অথবা দেহাদির মধ্যে কোন্‌টী আত্মা ইহা স্থির করিতে না পারিয়া জনক যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলেন—হে যাজ্ঞবল্ক্য!] দেহ, ইন্দ্রিয়, প্রাণ এবং বুদ্ধি ইহাদের মধ্যে কোনটী তোমার কথিত আত্মা? [যাজ্ঞবল্ক্য বলিলেন]—দেহেন্দ্রিয়াদির মধ্যে যিনি হৃদয়াখ্য বুদ্ধির অভ্যন্তরস্থিত স্বয়ংপ্রকাশস্বভাব বিজ্ঞানময় পুরুষ তিনিই পূর্ব্বোক্ত আত্মা। উক্ত আত্মা, বুদ্ধির সদৃশভাবাপন্ন হইয়া ক্রমে ইহলোক এবং পরলোকে গমনাগমন করিয়া থাকেন; আর তিনি বুদ্ধির সহিত একীভাবাপন্ন হইয়া ধ্যানব্যাপারবতী বুদ্ধির ন্যায় যেন চিন্তা করিতেছেন, দেহাদির বিচলনে যেন বিচলিত হইতেছেন অর্থাৎ বুদ্ধ্যাদির ধর্ম্মগুলি স্বরূপে আরোপ করিয়া চিন্তনাদিব্যাপারে লিপ্ত রহিয়াছেন, [বাস্তবিক পক্ষে তিনি ধ্যানাদি ব্যাপারের অতীত]।

তজ্জন্ত তিনি সুষুপ্তি অবস্থায় বুদ্ধির সুষুপ্তিবৃত্তিকে প্রকাশিত করিয়া জাগরিত সমুদায় ব্যবহার এবং মৃত্যুর হেতুভূত অবিদ্যাদিজনিত ইন্দ্রিয়াদিকে অতিক্রম করিয়া স্বরূপে অবস্থান করেন॥

৮। স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীরমভিসম্পদ্যমানঃ পাপ্মভিঃ সংসৃজ্যতে স উৎক্রামন্ ম্রিয়মাণঃ পাপ্মনো বিজহাতি॥

ব্যাখ্যা। সঃ (প্রকৃতঃ) অয়ং পুরুষঃ শরীরং (দেহেন্দ্রিয়াদিসঙ্ঘাতং) জায়মানঃ (উৎপদ্যমানঃ) অভিসম্পদ্যমানঃ (শরীরে আত্মভাবমাপদ্যমানঃ) বৈ (এব) পাপ্মভিঃ (ধর্ম্মাধর্ম্মাশ্রয়ৈঃ দেহেন্দ্রিয়াদিভিঃ) সংসৃজ্যতে (সংযুজ্যতে); সঃ (পুরুষঃ) উৎক্রামন্ (ঊর্দ্ধং গচ্ছন্) ম্রিয়মাণঃ [ইত্যুচ্যতে, তদা চ] পাপ্মনঃ (ধর্ম্মাধর্ম্মাশ্রয়াদ্ দেহাদীন্) বিজহাতি (পরিত্যজতি)।

অনুবাদ। পূর্ব্বোক্ত জীবাত্মা জন্মসময়ে দেহেন্দ্রিয়াদির সহিত শরীর ধারণ করিয়া তখনই দেহেন্দ্রিয়াদির (পাপের) সহিত সংযুক্ত হয় এবং মৃত্যুর পর দেহাদির সহিত অর্থাৎ পাপ হইতে মুক্তি লাভ করে।

৯। তস্য বা এতস্য পুরুষস্য দ্বে এব স্থানে ভবত ইদং চ পরলোকস্থানং চ সন্ধ্যং তৃতীয়ং স্বপ্নস্থানং তস্মিন্ সন্ধ্যে স্থানে তিষ্ঠন্নেতে উভে স্থানে পশ্যতীদং চ পরলোকস্থানং চ। অথ যথাক্রমোঽয়ং পরলোকস্থানে ভবতি তমাক্রমমাক্রম্যোভয়ান্ পাপ্মন আনন্দাংশ্চ পশ্যতি স যত্র প্রস্বপিত্যস্য লোকস্য সর্ব্বাবতো মাত্রামুপাদায় স্বয়ং বিহত্য স্বয়ং নির্ম্মায় স্বেন ভাসা স্বেন জ্যোতিষা প্রস্বপিত্যত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি ॥

ব্যাখ্যা। তস্য বৈ এতস্য পুরুষস্য দ্বে এব স্থানে ভবতঃ. ইদং (বর্ত্তমানং জন্ম) চ, পরলোকস্থানং (পরলোক এব স্থানং) চ. সন্ধ্যম্ (ইহলোকপরলোকয়োঃ যঃ সন্ধিঃ তস্মিন্ ভবঃ সন্ধ্যম্) [যৎ] তৃতীয়ং [তৎ] স্বপ্নস্থানং। তস্মিন্ সন্ধ্যে স্থানে (সন্ধিস্থে স্বপ্নস্থানে) তিষ্ঠন্ (বর্ত্তমানঃ সন্) [পুরুষঃ] এতে উভে স্থানে পশ্যতি; [কে তে ইত্যাহ] ইদং (বর্ত্তমানং জন্ম) চ পরলোকস্থানং চ। অথ (প্রশ্নে). [কথং পশ্যতীত্যাহ] যথাক্রমঃ [যথা যাদৃশঃ আক্রমঃ আশ্রয়ঃ বিদ্যাকর্ম্মরূপঃ অস্য সঃ যথাক্রমঃ) অয়ং (পুরুষঃ) পরলোকস্থানে ভবতি [পূর্ব্ব-কর্ম্ম বিদ্যালক্ষণসাধনেন যুক্তঃ ভবতীত্যর্থঃ]। তম্ (পূর্ব্বোক্তম্)

আক্রমম্ (কর্মবিদ্যাপূর্বপ্রজ্ঞালক্ষণং সাধনম্) আক্রম্য (আশ্রিত্য) উভয়ান্ (উভয়প্রকারান্) পাপ্মনঃ (পাপফলানি), আনন্দান্ (ধর্মফলানি সুখানি) চ পশ্যতি [পুরুষঃ ইতি শেষঃ]। সঃ (প্রকৃতঃ আত্মা) যত্র (যস্মিন্ কালে) প্রস্বপিতি (স্বাপম্ অনুভবতি) [তদা] অস্য (দৃষ্টস্য) সর্বাবিতঃ (সর্বম্ অবতি যঃ সঃ সর্বাবান্ তস্য) লোকস্য মাত্রাম্ (একদেশম্) অপাদায় (আদায়) স্বয়ম্ (আত্মনা) [এব, দেহম্] বিহত্য (নিঃসম্বোধম্ আপাদ্য), স্বয়ং [মায়াময়ং স্বপ্নদেহং] নির্মায়, স্বেন (আত্মীয়েন) ভাসা (দীপ্ত্যা), স্বেন [চ] জ্যোতিষা (অলুপ্তদৃক্স্বভাবেন) প্রস্বপিতি ; অত্র (এতস্যাম্ অবস্থায়াম্ এতস্মিন্ কালে) অয়ং পুরুষঃ (আত্মা) স্বয়ংজ্যোতিঃ (স্বয়মেববিবিক্তজ্যোতিঃ) ভবতি।

অনুবাদ। এই পুরুষের (জীবাত্মার) ইহলোক (জাগ্রৎ), পরলোক (সুষুপ্তি) নামক এই দুইটী স্থান আছে; এই স্থানদ্বয়ের সন্ধিস্থলকে স্বপ্নস্থান বলে, ইহাকে তৃতীয় স্থানও বলা হয়। পুরুষ এই স্বপ্নাখ্য সন্ধিস্থানে অবস্থিত থাকিয়া ইহলোক এবং পরলোকনামক জাগ্রৎ এবং সুষুপ্তি স্থানদ্বয় অবলোকন করেন। পুরুষের যেরূপ আক্রম (জ্ঞান-কর্মাদি) আছে, তদনুসারে তিনি পরলোক

স্থানে (সুষুপ্তি অবস্থায়) অবস্থিত হন এবং উক্ত বিদ্যাকর্ম্মাদিরূপ সাধনকে আশ্রয় করিয়া অধর্ম্মের ফল দুঃখ এবং ধর্ম্মের ফল সুখ এই উভয়ই দর্শন করিয়া থাকেন। উক্ত জীবাত্মা, যখন সুপ্ত হয়েন; তখন পরমাত্মা, পরিদৃশ্যমান সর্ব্বপোষক ইহলোকের বাসনাবাসিত ভাবসকল গ্রহণ করিয়া নিজেই দেহকে সংজ্ঞাহীনপূর্ব্বক অথবা জীবাত্মাকে মুগ্ধ করিয়া মায়াময় স্বাপ্নিক দেহাদি নির্ম্মাণে স্বীয় দীপ্তির সহিত (জীবাত্মার সহিত) অলুপ্তদৃক্‌স্বরূপে প্রসুপ্ত হয়েন। এই অবস্থায় ও পরমাত্মা স্বয়ং জ্যোতিঃস্বরূপেই অবস্থান করেন॥

১০। ন তত্র রথা ন রথযোগা ন পন্থানো ভবন্ত্যথ রথান্ রথযোগান্ পথঃ সৃজতে ন তত্রানন্দা মুদঃ প্রমুদো ভবন্ত্য আনন্দান্ মুদঃ প্রমুদঃ সৃজতে ন তত্র বেশান্তাঃ পুষ্করিণ্যঃ স্রবন্ত্যো ভবন্ত্যথ বেশান্তান্ পুষ্করিণীঃ স্রবন্তীঃ সৃজতে স হি কর্ত্তা॥

ব্যাখ্যা। তত্র (স্বপ্নে) ন রথাঃ ন রথযোগাঃ (রথেষু যুজ্যন্তে ইতি রথযোগাঃ অশ্বাদয়ঃ) ন পন্থানঃ (রথমার্গাঃ)

ভবন্তি; অথ রথান্ রথযোগান্ (অশ্বাদীন্) পথঃ সৃজ্যতে [পরমাত্মেতি শেষঃ]। তত্র (স্বপ্নে) ন আনন্দাঃ (সুখবিশেষাঃ) মুদঃ (পুত্রাদিলাভনিমিত্তাঃ হর্ষাঃ), প্রমুদঃ (প্রকর্ষেণ পুত্রাদিলাভনিমিত্তাঃ হর্ষাঃ) ভবন্তি; অথ আনন্দান্, মুদঃ, প্রমুদঃ সৃজতে। [তথা] তত্র (স্বপ্নে) ন বেশান্তাঃ (পল্বলাঃ), পুষ্করিণ্যঃ (তড়াগাঃ) স্রবন্ত্যঃ (নদ্যঃ) ভবন্তি; অথ বেশান্তান্, পুষ্করিণীঃ, স্রবন্তীঃ সৃজতে। [যতঃ] সঃ (পরমাত্মা) হি (এব) [স্বাপ্নসৃষ্টিং প্রত্যপি] কর্ত্তা [ভবতি]॥

অনুবাদ। পূর্ব্বোক্ত স্বপ্নাবস্থায় রথ, রথযোজিত অশ্বাদি এবং পথপ্রভৃতি কিছুই থাকে না, কিন্তু পরমাত্মা ঐ সকল মায়াময় রথাদি সৃষ্টি করিয়া থাকেন। উক্তাবস্থায় বিষয়দর্শন পুত্রাদিলাভ এবং বিষয়ভোগজনিত সুখ থাকে না; কিন্তু তিনি এই ত্রিবিধ মায়িক সুখ সৃষ্টি করিয়া থাকেন। তখন ক্ষুদ্র জলাশয়, বৃহৎ জলাশয় এবং নদীপ্রভৃতি কিছুই থাকে না, অথবা পরমাত্মা মায়িক ক্ষুদ্র জলাশয়াদি সৃষ্টি করিয়া থাকেন॥

১১। তদেতে শ্লোকা ভবন্তি॥ স্বপ্নেন শারীর-

মভিপ্রহত্যাসুপ্তঃ সুপ্তানভিচাকশীতি ॥ শুক্রমাদায় পুনরেতি স্থানং হিরণ্ময়ঃ পুরুষ একহংসঃ ॥

ব্যাখ্যা। তৎ (তত্র উক্তে অর্থে) এতে (বক্ষ্যমাণাঃ) শ্লোকাঃ (মন্ত্রাঃ) ভবন্তি—স্বপ্নেন (স্বপ্নভাবেন) শারীরম্ (শরীরম্) অভিপ্রহত্য (নিশ্চেষ্টমাপাদ্য) [স্বয়ম্] অসুপ্তঃ (অনিদ্রিতঃ অলুপ্তদৃগাদিশক্তিসম্পন্নঃ) [সন্] সুপ্তান্ (বাসনারূপেণ পর্য্যবসিতান্ সর্বভাবান্) অভিচাকশীতি (পশ্যতি, অবভাসয়তীত্যর্থঃ)। [তথা, সঃ] হিরণ্ময়ঃ (জ্যোতির্ময়ঃ) একহংসঃ (এক এব হন্তীতি এক হংসঃ, এক এব জাগ্রৎস্বপ্নাদীন্ গচ্ছতীত্যর্থঃ) পুরুষঃ (পরমাত্মা) শুক্রম্ (শুক্রং জ্যোতিষ্মাদিন্দ্রিয়াদিমাত্রারূপম্) আদায় (গৃহীত্বা) পুনঃ [কর্মণে] স্থানম্ (জাগরিতস্থানম্) এতি (গচ্ছতি)।

অনুবাদ। উক্ত অর্থে বক্ষ্যমাণ মন্ত্রসকলও পরিদৃষ্ট হয়—পরমাত্মা স্বপ্নভাব দ্বারা শরীরকে নিশ্চেষ্ট করিয়া, নিজে জ্ঞানশক্তিহীন না হইয়া সুপ্ত (বাসনারূপে) সংস্কারময় বিষয়সকল প্রকাশিত করিয়া থাকেন। পুনরায় সেই জ্যোতির্ম্ময় একহংস (একরূপে জাগ্রৎস্বপ্নাদি অবস্থায় গমনকারী) পুরুষ (পরমাত্মা) শুদ্ধজ্যোতিঃসম্পন্ন ইন্দ্রিয়াদিকে গ্রহণ

করিয়া পুনরায় কর্ম্ম করিবার জন্য জাগরিত অবস্থা প্রাপ্ত হয়েন॥

১২। প্রাণেন রক্ষন্নবরং কুলায়ং বহিষ্কুলায়াদমৃতশ্চরিত্বা॥ স ঈয়তেঽমৃতো যত্র কামং হিরণ্ময়ঃ পুরুষ একহংসঃ॥

ব্যাখ্যা। [তথা] অমৃতঃ (অমরণধর্মা পরমাত্মা) [পঞ্চবৃত্ত্যাত্মকেন] প্রাণেন অবরং (নিকৃষ্টম্ অত্যন্তবীভৎসং) কুলায়ম্ (নীড়ং শরীরমিত্যর্থঃ) রক্ষন্ (পরিপালয়ন্), কুলায়াৎ (শরীরাৎ) বহিঃ (বহির্ভাগে) চরিত্বা (বিচরন্) [আস্তে]। সঃ অমৃতঃ (অমরণধর্মা) হিরণ্ময়ঃ একহংসঃ (এক এব জাগ্রদাদিস্থানে গমনকারী) পুরুষঃ (পরমাত্মা) যত্র কামম্ (যত্র যত্র কামঃ উদ্ভূতবৃত্তিঃ ভবতি, তং তং কামম্) ঈয়তে (গচ্ছতি)॥

অনুবাদ। [সেইরূপ] অমরণধর্ম্মা পরমাত্মা পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণদ্বারা অত্যন্ত বীভৎস দেহকে রক্ষা করিয়া, নিজে এই শরীরে থাকিয়াও [ব্যাপক বলিয়া] ইহার বাহিরেও বিচরণ করেন। উক্ত জ্যোতির্ম্ময়, একরূপে জাগ্রদাদিস্থানে গমনকারী অমরণধর্মা পুরুষ, [নিজে নিষ্কাম হইয়াও] জীবের

যে যে কামনা উদ্ভূত হয়, সেই সেই কামনাই অনাসক্তভাবে) প্রাপ্ত হইয়া থাকেন।

১৩। স্বপ্নান্ত উচ্চাবচমীয়মানো রূপাণি দেবঃ কুরুতে বহূনি॥ উতেব স্ত্রীভিঃ সহ মোদমানো জক্ষদুতেবাপি ভয়ানি পশ্যন্॥

ব্যাখ্যা। দেবঃ (দ্যোতনাবান্) স্বপ্নান্তে (স্বপ্নস্থানে) উচ্চাবচম্ (উচ্চং দেবাদিভাবম্, অবচং তির্য্যগাদিভাবম্) ঈয়মানঃ (প্রাপ্নুবন্) বহূনি (অসংখ্যেয়ানি) রূপাণি (বাসনা-রূপাণি) কুরুতে (নির্বর্ত্তয়তি); উত (অপিচ) [তদা পুরুষঃ] স্ত্রীভিঃ (রমণীভিঃ সহ) মোদমানঃ (হর্ষযুক্তঃ) ইব, উতাপি (অপিচ) [বয়স্যৈঃ সহ] জক্ষৎ ইব (হসন্ ইব), [উতাপি] ভয়ানি (বিভেতি এভ্যঃ ইতি ভয়ানি সিংহাদীনি) পশ্যন্ ইব [অবতিষ্ঠতে]।

অনুবাদ। জ্যোতির্ম্ময় পরমাত্মা জীবকে স্বপ্নে দেবাদি এবং তির্য্যগাদি ভাব প্রাপ্ত করাইবার জন্য, বাসনায় অসংখ্য রূপের সৃষ্টি করিয়া থাকেন; [তখন জীবাত্মা কখনও] স্ত্রীগণের সহিত যেন আনন্দে অবস্থান করিতে থাকেন; [কখনও বা

বয়স্তদিগের সহিত] হাস্য করিতে থাকেন ; [কখনও বা] ভীতিজনক সিংহাদি দর্শন করিতে থাকেন ॥

১৪। আরামমস্য পশ্যন্তি ন তং পশ্যতি কশ্চনেতি। তন্নায়তং বোধয়েদিত্যাহুঃ ॥ দুর্ভিষজ্যং হাস্মৈ ভবতি যমেষ ন প্রতিপদ্যতে। অথো খল্বাহুর্জাগরিতদেশ এবাস্যৈষ ইতি যানি হ্যেব জাগ্রৎ পশ্যতি তানি সুপ্ত ইত্যত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি সোহহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্ধ্বং বিমোক্ষায় ব্রূহীতি ॥

ব্যাখ্যা। [সর্বে লোকাঃ] অস্য (পরমাত্মনঃ) আরামং (বাসনাময়ং ক্রীড়াস্থানং) পশ্যন্তি ; [কিন্তু] কশ্চন (কশ্চিৎ-জনঃ) তং (পরমাত্মানং) ন পশ্যতি ইতি। তং (সুপ্তং পুরুষম্) আয়তম্ (সহসা) ন বোধয়েৎ (প্রতিবোধয়েৎ) ইতি (এবম্) আহুঃ [চিকিৎসকাদয়ঃ জনাঃ]। [যতঃ] এষঃ (আত্মা) যম্ (ইন্দ্রিয়দ্বারদেশম্) [আদায় অপসৃতঃ, সহসা প্রতিবোধ্যমানঃ তম্] ন প্রতিপদ্যতে ; [ততঃ আন্ধ্য-বাধির্য্যাদিদোষপ্রাপ্তৌ] অস্মৈ (দেহায়) দুর্ভিষজ্যম্ (দুঃখ-ভিষক্কর্ম্মতা) হ ভবতি। অথো (অপি) খলু [অন্যে] আহুঃ—অস্য (আত্মনঃ) এষঃ (যঃ স্বপ্নঃ) [সঃ] জাগরিত-

দেশঃ (ইহলোকঃ) এব, হি (যস্মাৎ) যানি (পদার্থজাতানি) এব জাগ্রৎ (জাগরিতদেশে) পশ্যতি, সুপ্তঃ [অপি] তানি (পদার্থজাতানি) [পশ্যতি, অতঃ ন স্থানান্তরমস্তি] ইতি। [তন্ন যুক্তমিন্দ্রিয়োপরমাৎ ; অতএব] অত্র (স্বপ্নস্থানে) অয়ং পুরুষঃ (জীবঃ) স্বয়ংজ্যোতিঃ ভবতি। সঃ অহং ভগবতে (তুভ্যম্) সহস্রং (গোসহস্রং) দদামি ; [মম] বিমোক্ষায় (সংসারাদ্ বিমুক্তয়ে) অতঃ উর্দ্ধম্ (অতঃপরম্) ব্রূহি ইতি।

অনুবাদ। সকল লোকেই পরমাত্মার সৃষ্ট বাসনাময় ক্রীড়াস্থান দর্শন করিয়া থাকে ; কিন্তু কেহই তাঁহাকে দেখিতে পান না। সে সময় চিকিৎসাভিজ্ঞ এবং ব্যবহারাভিজ্ঞ ব্যক্তিগণ বলিয়া থাকেন যে সুপ্ত ব্যক্তিকে সহসা জাগরিত করিবে না। কারণ, এই জীবাত্মা ইন্দ্রিয়কে যে স্থান হইতে আহরণ করিয়া নিদ্রিত হইয়াছেন, সহসা তাঁহাকে জাগরিত করিলে, পুনরায় তিনি সেই পূর্ব্ব-পথানুসরণ করিতে পারেন না ; তজ্জন্য আন্ধ্যাদি দুশ্চিকিৎস্য রোগ উৎপন্ন হইতে পারে। কেহ কেহ বলেন যে, জীবের স্বপ্ন-স্থান এবং জাগরিত-স্থান উভয়ের কোন পার্থক্য নাই, কারণ, জীব জাগরিত

অবস্থায় যে সকল পদার্থ অবলোকন করেন; স্বপ্ন অবস্থায়ও তাহাই অবলোকন করেন; সে সময় জীব স্বয়ংজ্যোতিঃ-স্বরূপ প্রাপ্ত হন। [এই উপদেশ-লাভে জনক বলিলেন]—আমি তোমাকে সহস্র গো-দান করিতেছি; অতঃপর আমি যদ্দ্বারা মুক্তি-লাভ করিতে পারিব, সেইরূপ উপদেশ প্রদান কর॥

১৫। স বা এষ এতস্মিন্ সংপ্রসাদে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ। পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যা দ্রবতি স্বপ্নায়ৈব স যত্তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্ধ্বং বিমোক্ষায়ৈব ব্রূহীতি॥

ব্যাখ্যা। [কর্মাদিরূপঃ মৃত্যুঃ আত্মধর্মঃ ন ভবতি ইতি প্রদর্শনায় যাজ্ঞবল্ক্য আহ] সঃ (প্রকৃতঃ স্বয়ংজ্যোতিঃ পুরুষঃ) বৈ (এব) এষঃ (স্বপ্নপ্রদর্শিতঃ জীবঃ); [স চ] এতস্মিন্ সম্প্রসাদে (সম্যক্ প্রসীদতি অস্মিন্ ইতি সম্প্রসাদঃ সুষুপ্তিঃ তস্মিন্) [স্থিত্বা সম্প্রসাদং প্রবিবিক্ষুঃ ইত্যর্থঃ, স্বপ্নাবস্থায়ামেব

স্থিতঃ সন্] রত্বা (রতিম্ অনুভূয়), মিত্রবন্ধুজনদর্শনাদিনা] চরিত্বা (বিহৃত্য) [অনেকধা বিহারফলং শ্রমমুপলভ্য] পুণ্যং (পুণ্যফলং) চ, পাপং (পাপফলং) চ দৃষ্ট্বা এব [মৃত্যু-মতিক্রামতি]। পুনঃ [সম্প্রসাদং প্রাপ্য, ততঃ] প্রতিন্যায়ং (নিশ্চিতঃ আয়ঃ ন্যায়ঃ প্রতিন্যায়ং•যথাগতম্) প্রতিযোনি (যথাস্থানম্) স্বপ্নায় আদ্রবতি (আগচ্ছতি) [জাগরিতাৎ স্বপ্নং ততঃ সম্প্রসাদং গচ্ছতি, ততো বৈপরীত্যেন সম্প্রসাদাৎ স্বপ্নং ততঃ জাগরিতং গচ্ছতি ইতি যদাগমনং সঃ প্রতিন্যায়ঃ]। সঃ (আত্মা) তত্র (স্বপ্নে) যৎ কিঞ্চিৎ এব পশ্যতি, তেন (স্বপ্ন দৃষ্টেন) অনন্বাগতঃ (অননুবদ্ধঃ) ভবতি ; হি (যস্মাৎ) অয়ং পুরুষঃ অসঙ্গঃ (সঙ্গঃ সংশ্লেষঃ তদ্রহিতঃ) ইতি। [জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য! এতদ্ এবম্ এব ; সঃ অহং ভগবতে সহস্রং দদামি। [ত্বম্] [বিমোক্ষায় এব (মম বিমুক্ত্যর্থমেব) অতঃ ঊর্দ্ধং ব্রূহি ইতি।

অনুবাদ। [কর্ম্মাদিরূপ মৃত্যু আত্মার ধর্ম নয়, ইহা প্রদর্শন করিবার নিমিত্ত যাজ্ঞবল্ক্য বলিতেছেন]—সেই স্বয়ং-জ্যোতিঃ-স্বরূপ আত্মাই স্বপ্নপ্রদর্শিত জীব ; উক্ত জীব সুষুপ্তি অবস্থায় থাকিয়া স্বপ্নাবস্থাকালে আসক্তি অনুভব করে এবং মিত্রাদির সহিত বিচরণপূর্ব্বক, নানারূপ (বিহার-

জনিত শ্রমের উপলব্ধি করিয়া থাকে, পরে পুণ্য এবং পাপের ফল দর্শন করিতে করিতে কর্ম্মা'দরূপ মৃত্যুকে অতিক্রম করে অর্থাৎ তখন আর কোন কর্ম্ম করে না। জীব পুনরায় সুষুপ্তি অবস্থা প্রাপ্ত হইয়া, তৎপরে যথাগত পথে' যথাস্থানে আগমন করিয়া থাকেন। উক্ত আত্মা স্বপ্নে যাহা কিছু দর্শন করিয়াছেন, সেই স্বপ্নদৃষ্ট পদার্থের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই, কারণ এই পুরুষ অসঙ্গ। [জনক বলিলেন]—হে যাজ্ঞবল্ক্য! হাঁ ইহা সত্য; আমি তোমাকে গোসহস্র দান করিতেছি; তুমি আমার মুক্তিলাভের জন্য তাহার পর হইতে উপদেশ প্রদান কর।

১৬। স বা এষ এতস্মিন্ স্বপ্নে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যা দ্রবতি বুদ্ধান্তায়ৈব স যত্তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক্য সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্দ্ধ্বং বিমোক্ষায়ৈব ব্রূহীতি॥

ব্যাখ্যা। সঃ (প্রকৃতঃ) এষঃ (সম্প্রসাদাদাগতঃ) পুরুষঃ (জীবঃ) বৈ (এব) এতস্মিন্ স্বপ্নে রত্বা (রতিসুখমনুভূয়), চরিত্বা (বিচরণং কৃত্বা), পুণ্যং চ পাপং চ দৃষ্ট্বা এব পুনঃ বুদ্ধান্তায় (জাগরিতস্থানায়) এব প্রতিন্যায়ম্ (যথাগতং) প্রতিযোনি (যথাস্থানং) আদ্রবতি* (আগচ্ছতি)। সঃ (পুরুষঃ) তত্র (স্বপ্নে) যৎ কিঞ্চিৎ পশ্যতি ; তেন (স্বপ্নদৃষ্টেন বস্তুনা সহ) অনন্বাগতঃ ভবতি ; হি (যতঃ) অয়ং পুরুষঃ অসঙ্গঃ ইতি। [জনকঃ আহ]—হে যাজ্ঞবল্ক্য ! সঃ অহং ভগবতে (তুভ্যং) সহস্রং (সহস্রসংখ্যকাঃ) [গাঃ] দদামি [মম] বিমোক্ষায় এব অতঃ ঊর্দ্ধং ব্রূহি ॥

অনুবাদ। উক্ত সুষুপ্তি অবস্থা হইতে সমাগত পুরুষ স্বপ্নাবস্থা প্রাপ্ত হইয়া, তদবস্থায় রতিসুখ অনুভব করে। পাপ এবং পুণ্যের ফল সন্দর্শনপূর্ব্বক যেন আত্মীয়স্বজনের সঙ্গে বিচরণ করিতে করিতে জাগরিতস্থান লাভের নিমিত্ত যথাগত পথে যথাস্থানে প্রত্যাগমন করিয়া থাকে। উক্ত পুরুষ স্বপ্নে যাহা কিছু দর্শন করেন, সেই স্বপ্নদৃষ্ট বস্তু অথবা পুণ্য ও পাপের সহিত সম্বন্ধ হন না। কারণ, তিনি স্বভাবতঃ অসঙ্গ। [জনক বলিলেন]—হে

যাজ্ঞবল্ক্য ! আমি তোমাকে সহস্র গো দান করিতেছি অতঃপর আমার মুক্তিলাভের জন্য উপদেশ প্রদান কর ॥

১৭। স বা এষ এতস্মিন্ বুদ্ধান্তে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যা-দ্রবতি স্বপ্নান্তায়ৈব ॥

ব্যাখ্যা। সঃ (প্রকৃতঃ) এষঃ (পুরুষঃ) বৈ (এব) এতস্মিন্ বুদ্ধান্তে (জাগরিতস্থানে) রত্বা, চরিত্বা, পুণ্যং চ পাপং চ দৃষ্ট্বা এব স্বপ্নান্তায় (স্বপ্নাবস্থাপ্রাপ্তয়ে) এব পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোনি আদ্রবতি।

অনুবাদ। উক্ত পুরুষ এই জাগরিত স্থানে রতিসুখ অনুভবকরত, পুণ্য এবং পাপের ফল দর্শনপূর্ব্বক বন্ধুজনের সহিত বিচরণ করিতে করিতে স্বপ্নাবস্থা প্রাপ্তির জন্য পুনরায় যথাগত পথে যথাস্থানে প্রত্যাগমন করে; [কিন্তু এতদাবস্থায়ও আত্মা অসঙ্গ]॥

১৮। তদ্ যথা মহামৎস্য উভে কূলেঽনুসঞ্চরতি

পূর্বং চাপরং চৈবমেবায়ং পুরুষ এতাবুভাবন্তাবনু-সঞ্চরতি স্বপ্নান্তং চ বুদ্ধান্তং চ ॥

ব্যাখ্যা। তৎ (তত্র) [দৃষ্টান্তমাহ] যথা মহামৎস্যঃ উভে কূলে পূর্বং চ অপরং চ এব অনুসঞ্চরতি (পরিভ্রমতি); এবম্ [এব] অয়ং পুরুষঃ এতৌ উভৌ অন্তৌ (স্থানে) অনুসঞ্চরতি [কৌ তৌ ইত্যাহ] স্বপ্নান্তং (জাগরিতস্থানং) চ, বুদ্ধান্তং (স্বপ্নস্থানং) চ ॥

অনুবাদ। সেই বিষয়ে [দৃষ্টান্ত বলিতেছেন]—যেরূপ মহামৎস্য উভয় কূলে সঞ্চরণ করে; সেইরূপ এই পুরুষও জাগরিত এবং সুপ্ত অবস্থায় সঞ্চরণ করেন ॥

১৯। তদ্ যথাস্মিন্নাকাশে শ্যেনো বা সুপর্ণো বা বিপরিপত্য শ্রান্তঃ সংহৃত্য পক্ষৌ সল্লয়ায়ৈব ধ্রিয়ত এবমেবায়ং পুরুষ এতস্মা অন্তায় ধাবতি যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি ॥

ব্যাখ্যা। তৎ (তত্র) [অয়ং দৃষ্টান্তঃ] যথা অস্মিন্ আকাশে শ্যেনঃ বা সুবর্ণঃ বা বিপরিপত্য (বিহৃত্য) শ্রান্তঃ (শ্রমযুক্তঃ) [সন্] পক্ষৌ সংহৃত্য সংলয়ায় [আশ্রয়নীড়ং] ধ্রিয়তে (স্বয়মেব ধার্য্যতে); এবম্ এব অয়ং পুরুষঃ এতস্মৈ

অস্তায় (স্থানায়) ধাবতি ; যত্র (যস্মিন্) সুপ্তঃ [জীবঃ] কঞ্চন (কিমপি) কামং ন কাময়তে ; কঞ্চন রূপং ন পশ্যতি ॥

অনুবাদ। সেই বিষয়ে [দৃষ্টান্ত বলিতেছেন] শ্যেন অথবা সাধারণ পক্ষী আকাশে পরিভ্রমণ করিতে করিতে পরিশ্রান্ত হইয়া পক্ষদ্বয় বিস্তৃত করিয়া যেমন স্বীয় নীড়াভিমুখে গমন করে ; এইরূপ এই পুরুষ সুষুপ্ত অবস্থা প্রাপ্তির জন্য ধাবিত হয়েন। সে স্থানে সুপ্ত জীব কোন কামনাই করে না এবং কোনরূপ বস্তু দেখে না ॥

২০। তা বা অস্যৈতা হিতা নাম নাড্যো যথা কেশঃ সহস্রধা ভিন্নস্তাবতাণিম্না তিষ্ঠন্তি শুক্লস্য নীলস্য পিঙ্গলস্য হরিতস্য লোহিতস্য পূর্ণা অথ যত্রৈনং ঘ্নন্তীব জিনন্তীব হস্তীব বিচ্ছায়য়তি গর্তমিব পততি যদেব জাগ্রদ্ভয়ং পশ্যতি তদত্রাবিদ্যয়া মন্যতেঽথ যত্র দেব ইব রাজেবাহমেবেদংসর্বোঽস্মীতি মন্যতে সোঽস্য পরমো লোকঃ ॥

ব্যাখ্যা। অস্য (হস্তপাদাবিশিষ্টপুরুষস্য) এতাঃ (লোকপ্রসিদ্ধাঃ) তাঃ হিতাঃ নাম নাড্যঃ বৈ (এব),কেশঃ সহস্রধা (সহস্র-

ভাগেন) ভিন্নঃ [সন্] যথা (যাবৎপরিমাণঃ সূক্ষ্মঃ) [ভবতি], তাবতা অণিম্না (তাবৎপরিমাণেন অণুত্বেন) শুক্লস্য, নীলস্য, পিঙ্গলস্য, হরিতস্য, লোহিতস্য [শুক্লত্বাদিভিঃ রসবিশেষৈঃ] পূর্ণাঃ [সন্তঃ] তিষ্ঠন্তি। অথ যত্র (স্বপ্নস্থানে) এনম্ (স্বপ্নদর্শিনং) ঘ্নন্তি ইব, জীনন্তি ইব (বশীকুর্বন্তি ইব) [কেচন ; ন কেচন ঘ্নন্তি, নাপি বশীকুর্বন্তীত্যর্থঃ], হস্তী [এনং] বিচ্ছায়য়তি ইব (ধাবয়তি ইব), [স্বয়ং চ] গর্ত্তং (জীর্ণকূপাদিকং) [লক্ষীকৃত্য] পততি ইব [আত্মানং মন্যতে সঃ]। যদ্ এব জাগ্রদ্ভয়ং (জাগরিতাবস্থায়াং যদেব ভীতিপ্রদং) পশ্যতি, তদ্ [এব] অত্র (স্বপ্নাবস্থায়াং) [হস্ত্যাদিকং বিনৈব] অবিদ্যয়া (অবিদ্যাবাসনয়া) [মৃষৈব] মন্যতে ; অথ যত্র (যাস্মন্ কালে) দেবঃ ইব, রাজা ইব, অহম্ এব ইদম্ (পরিদৃশ্যমানং) সর্বঃ (সর্বম্) অস্মি ইতি মন্যতে [সঃ] ; সঃ (সর্বাত্মভাবঃ) অস্য (আত্মনঃ) পরমঃ লোকঃ (পরমঃ আত্মভাবঃ)।

অনুবাদ। এই হস্তপাদাদিবিশিষ্ট পুরুষের হিতানাম্নী নাড়ীসকল সহস্রভাগে বিভক্ত কেশের ন্যায় অতি সূক্ষ্মরূপে অবস্থিত, ঐ নাড়ীসকল শুক্ল, নীল, পিঙ্গল, হরিত এবং লোহিতবর্ণ রস দ্বারা পূর্ণ। [আবার এ সকল নাড়ী, সমস্ত দেহব্যাপিনী এবং লিঙ্গশরীরের আশ্রয়; এইজন্য

স্বপ্নাবস্থায় স্বপ্নাভিমানী পুরুষ লিঙ্গশরীরস্থিত বাসনা দ্বারা [যেন নিজকে কেহ বধ করিতেছে এবং বশী-ভূত করিতেছে, ইহা মনে করেন। আবার কখনও বা যেন তিনি হস্তীরদ্বারা প্রধাবিত হইতেছেন; কখনও বা যেন নিজেই কূপাদিতে পতিত হইতেছেন,—বোধ করেন। বাস্তবিক পক্ষে, জাগরিত অবস্থায় যে সকল ভীতিপ্রদ রূপ দর্শন করেন, স্বপ্নাবস্থায় হস্ত্যাদি পদার্থের অসত্তায়ও, অজ্ঞানজনিত বাসনা দ্বারা তৎ-সমুদায় বিদ্যমান বলিয়া উপলব্ধি করেন। অতঃপর যখন দেবতার ন্যায় এবং রাজার ন্যায় "আমিই সর্ব্ব-ময়" এই অনুভব করেন; তখন তাহাই এই স্বপ্নদর্শী পুরুষের পরম আত্মভাবের পরিচায়ক ॥

২১। তদ্বা অস্যৈতদাতিচ্ছন্দা অপহতপাপ্মা-ভয়ংরূপম্ তদ্ যথা প্রিয়য়া স্ত্রিয়া সম্পরিষক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরমেবমেবায়ং পুরুষঃ প্রাজ্ঞে-নাত্মনা সম্পরিষক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরং তদ্বা অস্যৈতদাপ্তকামমাত্মকামমকামং রূপং শোকান্তরম্ ॥

ব্যাখ্যা। অস্য (আত্মনঃ) তৎ (প্রসিদ্ধং) বৈ এতদ্ অতিচ্ছন্দাঃ (অতি অতিগতঃ ছন্দঃ কামঃ যস্মাৎ, সঃ অতিচ্ছন্দঃ কামাতীতমিত্যর্থঃ) অপহতপাপ্ম (ধর্মাধর্মাদিবিবর্জিতম্) অভয়ং রূপম্। তৎ (তত্র অবিদ্যাদিরহিতে রূপে) [দৃষ্টান্তঃ] যথা [লোকে] প্রিয়য়া (ইষ্টয়া) স্ত্রিয়া সম্পরিষ্বক্তঃ (সম্যক্ পরিষ্বক্তঃ কামুকঃ) [সন্] বাহ্যং কিঞ্চন (কিমপি) ন বেদ ; [তথা] আন্তরং (সুখী দুঃখীত্যাদিকং [কিমপি] ন [বেদ] ; এবম্ এব অয়ং পুরুষঃ (জীবাত্মা) প্রাজ্ঞেন আত্মনা (পরমাত্মনা) সম্পরিষ্বক্তঃ (সম্মিলিতঃ) [সন্] বাহ্যং কিঞ্চন ন বেদ ; [তথা] আন্তরম্ (অহং সুখী দুঃখীত্যাদিকমপি) ন [বেদ]। অস্য (স্বয়ংজ্যোতিঃস্বভাবস্য আত্মনঃ) তৎ (প্রকৃতম্) এতদ্ (রূপম্) আপ্তকামম্ (আপ্তাঃ কামাঃ অস্মিন্ রূপে ইতি আপ্তকামম্), আত্মকামম্ (আত্মা এব কামঃ যস্মিন্ রূপে তৎ) অকামম্ শোকান্তরম্ (শোকবর্জিতম্) রূপম্ (স্বরূপম্)।

অনুবাদ। উক্ত আত্মার ইহাই অতিচ্ছন্দা (সর্ব্বকামবিবর্জ্জিত, ধর্ম্মাধর্ম্মাদিবিরহিত ও অভয় রূপ) সেই অবিদ্যাদি-রহিতস্বরূপে দৃষ্টান্ত বলিতেছেন— ইহলোকে প্রিয়তমা পত্নীর সহিত কামক্রীড়ায় রত হইলে বাহ্য এবং আন্তরিক কোন বিষয়ই অবগত

হওয়া যায় না ; সেইরূপ জীবাত্মা ও, পরমাত্মার সহিত সম্মিলিত হইলে বাহ্য এবং আন্তরিক কোন বিষয়ই অবগত হইতে পারেন না। ইহাই স্বয়ং-জ্যোতিঃস্বরূপ পুরুষের আপ্তকাম (প্রাপ্তকাম), আত্মকাম (আত্মা একমাত্র কাম্য), অকাম (কামনা-বিরহিত), শোকান্তর (শোকবিবর্জ্জিত) স্বরূপ ॥

২২। অত্র পিতাঽপিতা ভবতি মাতাঽমাতা লোকা অলোকা দেবা অদেবা বেদা অবেদাঃ অত্র স্তেনোঽস্তেনো ভবতি ভ্রূণহাঽভ্রূণহা চাণ্ডালোঽচাণ্ডালঃ পৌল্কসোঽপৌল্কসঃ শ্রমণোঽশ্রমণস্তাপসোঽতাপসোঽনন্বাগতং পুণ্যেনানন্বাগতং পাপেন তীর্ণো হি তদা সর্ব্বাঞ্ছোকান্ হৃদয়স্য ভবতি ॥

ব্যাখ্যা। অত্র (অস্মিন্ সুষুপ্তস্থানে) পিতা (জনকঃ) অপিতা (পিতৃত্বসম্বন্ধবিরহিতঃ), [তথা] মাতা (জননী) অমাতা (জননীত্বসম্বন্ধরহিতা) [ভবতি] ; লোকাঃ (স্বর্গাদয়ঃ) অলোকাঃ [কর্ম্মসম্বন্ধাভাবাৎ) ; দেবাঃ (কর্ম্মাঙ্গভূতাঃ) অদেবাঃ [কর্ম্মসম্বন্ধবিরহিতত্বাৎ] ; বেদাঃ (সাধ্যসাধন-সম্বন্ধবিধায়কাঃ) অবেদাঃ [সাধ্যসাধনসম্বন্ধবিরহাৎ ভবন্তি

অত্র (সুষুপ্ত্যবস্থায়াম্) স্তেনঃ (অপহরণকারী) অস্তেনঃ ভবতি ; ভ্রূণহা (গর্ভোপঘাতী) অভ্রূণহা ; চাণ্ডালঃ (চণ্ডালকর্ম্মা) অচাণ্ডালঃ ; পৌল্কসঃ (শূদ্রেণ ক্ষত্রিয়ায়ামুৎপন্নঃ জাতিবিশেষঃ) অপৌল্কসঃ ; শ্রমণঃ (পরিব্রাজকঃ) অশ্রমণঃ ; তাপসঃ (বানপ্রস্থঃ) অতাপসঃ [ভবতি ; কিং বহুনা তদ্রূপম্] পুণ্যেন (শাস্ত্রবিহিতকর্ম্মণা) অনন্বাগতঃ (অসম্বদ্ধঃ) পাপেন [চ] অনন্বাগতম্ [ভবতি]। হি (যতঃ) তদা (তস্মিন্ সুষুপ্তিসময়ে) হৃদয়স্য সর্বান্ শোকান্ (কামান্) তীর্ণঃ (উত্তীর্ণঃ) ভবতি।

অনুবাদ। উক্ত সুষুপ্তি অবস্থায় পিতা অপিতা হন অর্থাৎ পিতৃত্বসম্বন্ধবিরহিত হন, মাতা মাতৃত্বসম্বন্ধ হইতে বিযুক্ত হন, কর্ম্মাদির অভাববশতঃ কর্ম্মসাধ্য স্বর্গাদি লোক সাধ্য বলিয়া থাকে না, কর্ম্মবিধায়ক বেদকর্ম্মবিধায়ক রূপে থাকে না। আবার এই অবস্থায়ই স্তেন (সুবর্ণাদির অপহরণকারী) অস্তেন, ভ্রূণহত্যাকারী অভ্রূণ, চণ্ডালকর্ম্মানুষ্ঠানকারী অচণ্ডাল, পৌল্কস (শূদ্রদ্বারা ক্ষত্রিয়ার গর্ভজাত জাতিবিশেষ) অপৌল্কস, শ্রমণ (পরিব্রাজক) অশ্রমণ এবং তাপস ও অতাপস হইয়া

থাকেন। তখন জীবাত্মা, পুণ্য এবং পাপদ্বারা অসম্বদ্ধ থাকেন বলিয়া হৃদয়ের সর্ব্ববিধ শোক (কামনা) হইতে উত্তীর্ণ হন।

২৩। যদ্বৈ তন্ন পশ্যতি পশ্যন্ বৈ তন্ন পশ্যতি ন হি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ। ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ॥

ব্যাখ্যা। তৎ (তত্র সুষুপ্তৌ) যদ্ বৈ (এব) ন পশ্যতি [আত্মা]; তৎ পশ্যন্ (জানন্) বৈ (এব) ন পশ্যতি (ন বিজানাতি); হি (যতঃ; দ্রষ্টুঃ (দর্শনকর্ত্তুঃ পুরুষস্য) দৃষ্টেঃ দর্শনশক্তেঃ) বিপরিলোপঃ (বিনাশঃ) ন বিদ্যতে; [যতঃ অয়ম্ আত্মা দ্রষ্টা অথচ অবিনাশী; অতঃ] অবিনাশিত্বাৎ (হেতোঃ) [তস্য দৃষ্টিরপি অবিনাশিনী ইত্যর্থঃ]। [কথং তর্হি ন পশ্যতীত্যাহ]—তু (কিন্তু) তৎ (তদা সুষুপ্তিকালে) ততঃ (দ্রষ্টুঃ পুরুষাৎ) বিভক্তম্ (পৃথগ্ রূপেণ অবস্থিতম্) অন্যৎ (অপরং) দ্বিতীয়ম্ [কিমপি বস্তু] ন অস্তি, যৎ পশ্যেৎ [অতঃ ন পশ্যতীত্যর্থঃ]।

অনুবাদ। উক্ত সুষুপ্তি অবস্থায় পুরুষ, বিষয়সকল দর্শন করেন না; [এ কথায় বুঝিতে হইবে যে] তিনি দেখিয়াও দেখেন না, কারণ দর্শন-

কর্ত্তা পুরুষের দর্শন-শক্তির কখনও বিনাশ হইতে পারে না; [যিনি আত্মা তিনিই দ্রষ্টা, সুতরাং তিনি অবিনাশী] এই জন্য [তাঁহার দৃষ্টিশক্তিও অবিনাশিনী]। [কি নিমিত্ত তিনি দর্শন করেন না, তাহা বলিতেছেন]—সুষুপ্তিকালে দ্রষ্টা পুরুষ ব্যতীত অপর কোন বস্তুর সত্তা থাকে না বলিয়া তিনি দর্শন করেন না [অর্থাৎ স্বরূপে অবস্থান করেন বলিয়া মায়িক দৃশ্য বস্তু দর্শন করেন না]।

২৪। যদ্বৈ তন্ন জিঘ্রতি জিঘ্রন্ বৈ তন্ন জিঘ্রতি ন হি ঘ্রাতুর্ঘ্রাতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যজ্জিঘ্রেৎ॥

ব্যাখ্যা। তৎ (তত্র সুষুপ্তৌ) যৎ বৈ জিঘ্রতি, জিঘ্রন্ (আঘ্রাণং গৃহ্নন্) বৈ (এব) তৎ ন জিঘ্রতি; হি (যতঃ) ঘ্রাতুঃ (ঘ্রাণকর্ত্তুঃ আত্মনঃ) ঘ্রাতেঃ (ঘ্রাণশক্তেঃ) বিপরিলোপঃ (বিনাশঃ) ন বিদ্যতে; [কুতঃ] অবিনাশিত্বাৎ। [কথং তর্হি ন জিঘ্রতি ইত্যাহ]—তৎ (তদা) তু ততঃ ঘ্রাণকর্ত্তুঃ আত্মনঃ) বিভক্তম্ অন্যৎ দ্বিতীয়ম্ [কিমপি বস্তু] ন অস্তি, যৎ জিঘ্রেৎ [সর্ব্বোং পদার্থানাং ব্রহ্মণঃ অবিভক্তত্বাৎ দ্বিতীয়ং ন বিদ্যতে ইত্যর্থঃ।

অনুবাদ। পূর্ব্বোক্ত সুষুপ্তি অবস্থায় পুরুষ আঘ্রাণ গ্রহণ করেন না; [বস্তুতঃ] আঘ্রাণ গ্রহণ করিয়াও করেন না। কারণ, ঘ্রাণকর্ত্তা আত্মার ঘ্রাণশক্তির কখনও বিনাশ হইতে পারে না, এতদ্রূপত্বই অবিনাশী। [কি জন্য তিনি আঘ্রাণ গ্রহণ করেন না, তাহা বলিতেছেন]—তখন সেই ঘ্রাতা আত্মা হইতে বিভক্ত ঘ্রাতব্য অন্য কোন দ্বিতীয় পদার্থ থাকে না।

২৫। যদ্বৈ তন্ন রসয়তে রসয়ন্ বৈ তন্ন রসয়তে ন হি রসয়িতু রসয়তেৰ্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্রসয়েৎ॥

ব্যাখ্যা। তৎ (তস্মিন্‌কালে) যদ্ বৈ ন রসয়তে (রসং ন গৃহ্লাতি); তদ্ বৈ রসয়ন্ ন রসয়তে; হি (যতঃ) রসয়িতুঃ (আত্মনঃ) রসয়তেঃ (রসগ্রহণশক্তেঃ) বিপরিলোপঃ ন বিদ্যতে; [কুতঃ] অবিনাশিত্বাৎ। তৎ (তদা) ততঃ (আত্মনঃ) বিভক্তম্ অন্যদ্ দ্বিতীয়ম্ [কিমপি বস্তু] ন বিদ্যতে; যৎ রসয়েৎ।

অনুবাদ। সে সময় আত্মা রসের আস্বাদ

গ্রহণ করেন না বটে, কিন্তু গ্রহণ করিয়াও করেন না; ইহা বুঝিতে হইবে। কারণ, রসগ্রহণ-কর্ত্তার রসগ্রহণশক্তি কখনও বিলুপ্ত হয় না; নিজেও অবিনাশী। সে সময় আত্মাব্যতীত অপর কোন আস্বাদ্য পদার্থেরই সত্তা থাকে না [সুতরাং স্বাদ-গ্রহণ করিবার সম্ভাবনা কোথায়]॥

২৬। যদ্বৈ তন্ন বদতি বদন্ বৈ তন্ন বদতি ন হি বক্তুর্বক্তেবিপারলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্বদেৎ॥

ব্যাখ্যা। তদ্ (তদানীম্) যদ্ বৈ ন বদতি ; তদ্ বৈ বদন্ (কথয়ন্) ন বদতি ; হি (যতঃ) বক্তুঃ (আত্মনঃ) বক্তেঃ (বদনশক্তেঃ) বিপরিলোপঃ ন বিদ্যতে ; [তস্য] অবি-নাশিত্বাৎ। তৎ (তদা) তু ততঃ (আত্মনঃ) বিভক্তং দ্বিতীয়ম্ অন্যৎ ন অস্তি, যৎ বদেৎ (কথয়েৎ)।

অনুবাদ। সে সময় আত্মা কোন বিষয়ে বলেন না ; তাহা বলিয়াও বলেন না ; [ইহা বুঝিতে হইবে]। বক্তা আত্মা অবিনাশী বলিয়া তাঁহার কথনও কথন-শক্তি বিলুপ্ত হয় না ; কিন্তু সে সময়

উক্ত আত্মা হইতে বিভক্ত দ্বিতীয় অন্য কোনও বস্তু থাকে না, যে তদ্বিষয়ে বলিবেন ॥

২৭। যদ্বৈ তন্ন শৃণোতি শৃণ্বন্ বৈ তন্ন শৃণোতি ন হি শ্রোতুঃ শ্রুতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যচ্ছৃণুয়াৎ ॥

ব্যাখ্যা। তৎ (তদা) যদ্ বৈ ন শৃণোতি, তৎ শৃণ্বন্ বৈ (এব) ন শৃণোতি; হি (যস্মাৎ) শ্রোতুঃ (শ্রবণকর্তুঃ আত্মনঃ) শ্রুতেঃ (শ্রবণশক্তেঃ বিপরিলোপঃ ন বিদ্যতে; [তস্য] অবিনাশিত্বাৎ; তৎ (তদা) তু ততঃ (শ্রবণকর্তুঃ আত্মনঃ) বিভক্তং দ্বিতীয়ম্ অন্যৎ ন অস্তি; যৎ শৃণুয়াৎ।

অনুবাদ। সে সময় আত্মা শ্রবণ করিয়াও করেন না; [ইহা বুঝিতে হইবে]। শ্রবণ-কর্ত্তা আত্মা অবিনাশী বলিয়া কখনও তাঁহার শ্রবণ-শক্তি বিনষ্ট হয় না; কিন্তু তখন শ্রবণীয় বিষয় থাকে না বলিয়া শ্রোতা আত্মা হইতে বিভক্ত অপর দ্বিতীয় পদার্থের সত্তা উপলব্ধি হয় না।

২৮। যদ্বৈ তন্ন মনুতে মন্বানো বৈ তন্ন মনুতে ন হি মন্তুর্মতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যন্মন্বীত ॥

ব্যাখ্যা। তৎ (তদা) যদ্ বৈ ন মনুতে, তৎ মন্বানঃ বৈ ন মনুতে; হি (যতঃ) মন্তুঃ (মননকর্ত্তুঃ আত্মনঃ) মতেঃ (মননশক্তেঃ) বিপরিলোপঃ ন বিদ্যতে, অবিনাশিত্বাৎ। তৎ (তদা) তু ততঃ (মননকর্ত্তুঃ আত্মনঃ) বিভক্তম্ অন্যৎ দ্বিতীয়ং ন অস্তি; যৎ মনুতে (মননং কুরুতে)।

অনুবাদ। সে সময় তিনি মনন করেন না; মনন করিয়াও করেন না; [ইহা বুঝিতে হইবে]। মননকর্ত্তা আত্মা অবিনাশী বলিয়া তদীয় মনন-শক্তি বিলুপ্ত হয় না। কিন্তু তখন মননীয় বিষয়ের পৃথক্ সত্তা থাকে না বলিয়া মনন-কর্ত্তা আত্মা হইতে অপর দ্বিতীয় বস্তু পৃথক্‌ভাবে অনুভূত হয় না।

২৯। যদ্বৈ তন্ন স্পৃশতি স্পৃশন্ বৈ তন্ন স্পৃশতি ন হি স্প্রষ্টুঃ স্পৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ স্পৃশেৎ॥

ব্যাখ্যা। তৎ (তদা) যদ্ বৈ ন স্পৃশতি, তৎ স্পৃশন্ বৈ ন স্পৃশতি; হি (যতঃ) স্প্রষ্টুঃ (স্পর্শনকর্ত্তুঃ আত্মনঃ) স্পৃষ্টেঃ (স্পর্শনশক্তেঃ) বিপরিলোপঃ ন বিদ্যতে, অবিনাশিত্বাৎ।

তৎ (তদা) যৎ স্পৃশেৎ, তৎ তু ততঃ (আত্মনঃ) বিভক্তম্ অন্যৎ দ্বিতীয়ং ন অস্তি।

অনুবাদ। সে সময় পুরুষ কোন বস্তু স্পর্শ করেন না; তাহা স্পর্শ করিয়াও করেন না; [ইহা বুঝিতে হইবে]। স্পর্শনকর্ত্তা আত্মা অবিনাশী বলিয়া তদীয় স্পর্শন-শক্তি কখনও বিলুপ্ত হয় না। কিন্তু তখন স্পর্শনীয় বিষয়ের পৃথক্ সত্তা থাকে না। স্পর্শন কর্ত্তা আত্মা হইতে বিভক্ত দ্বিতীয় অন্য কোনও বস্তু পৃথক্ ভাবে অনুভূত হয় না।

৩০। যদ্বৈ তন্ন বিজানাতি বিজানন্ বৈ তন্ন বিজানাতি ন হি বিজ্ঞাতুর্বিজ্ঞাতের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্বিজানীয়াৎ॥

ব্যাখ্যা। তৎ (তস্মিন্ কালে) যদ্ বৈ ন বিজানাতি; বিজানন্ বৈ তদ্ ন বিজানাতি; হি (যতঃ) বিজ্ঞাতুঃ (আত্মনঃ) বিজ্ঞাতেঃ (বিজ্ঞানস্য) বিপরিলোপঃ ন বিদ্যতে; [তস্য] অবিনাশিত্বাৎ। তৎ (তত্র) তু ততঃ (বিজ্ঞানকর্ত্তুঃ আত্মনঃ) বিভক্তং দ্বিতীয়ম্ অন্যৎ ন অস্তি; যৎ বিজানীয়াৎ।

অনুবাদ। সে সময় আত্মা যে, জ্ঞানের বিষয়ীভূত পদার্থ সকল জানেন না; এস্থলে বুঝিতে হইবে, তিনি বিষয়সকল উপলব্ধি করিয়াও করেন না; বিজ্ঞাতা আত্মা অবিনাশী, বলিয়া তদীয় জ্ঞান-শক্তির কখনও বিনাশ হয় না। [উপলব্ধি না করিবার কারণ এই যে] সে সময় বিজ্ঞাতা আত্মা হইতে বিভক্ত দ্বিতীয় অন্য কোন পদার্থ থাকে না, যাহা তিনি জানিবেন।

*৩১। যত্র বা অন্যদিব স্যাত্তত্রান্যোঽন্যৎ পশ্যেদন্যোঽন্যজ্জিঘ্রেদন্যোঽন্যদ্রসয়েদন্যোঽন্যদ্বদেদন্যোঽন্যচ্ছৃণুয়াদন্যোঽন্যন্মন্বীতান্যোঽন্যৎ স্পৃশেদন্যোঽন্যদ্বিজানীয়াৎ॥

ব্যাখ্যা। [সম্প্রতি সম্প্রদাদাৎ জাগ্রদ্দশায়াং স্বপ্নদশায়াঞ্চ প্রভেদমাহ]—যত্র (যস্মিন্ জাগরিতে স্বপ্নে) বা [আত্মনঃ] অন্যদ্ ইব (অপরং বস্তুস্তরমিব) [অবিদ্যয়া প্রত্যুপস্থাপিতং] স্যাৎ (ভবেৎ); তত্র (তস্মিন্ স্বপ্নে জাগরিতে চ) অন্যঃ (অন্যমিব আত্মানং মন্যমানঃ) অন্যৎ (অপরং বস্তু) পশ্যেৎ (উপলভেত); শৃণুয়াৎ; অন্যঃ অন্যৎ মন্বীত; অন্যঃ অন্যৎ স্পৃশেৎ; অন্যঃ অন্যৎ বিজানীয়াৎ।

অনুবাদ। [সম্প্রতি সুষুপ্তি অবস্থা হইতে স্বপ্ন এবং জাগরিত অবস্থার প্রভেদ বলিতেছেন]—যে স্বপ্ন এবং জাগরিত অবস্থায় অপর পদার্থ অপেক্ষা নিজকে অন্য বলিয়া মনে হয়, সেই অবস্থাদ্বয়ে অবিদ্যাবশতঃই অন্য (আত্মা), অন্যকে (আত্মাতিরিক্ত) পদার্থকে দর্শন করেন; এইরূপ অন্য (আত্মা) অন্য পদার্থের আঘ্রাণ গ্রহণ করেন; আত্মা অন্য আস্বাদ্য বিষয়ের আস্বাদ গ্রহণ করেন; অন্য বক্তব্য বিষয় বলেন; আত্মা তদ্ভিন্ন শ্রবণীয় বিষয় শ্রবণ করেন; বিষয়াতিরিক্ত আত্মা তদতিরিক্ত স্পর্শনীয় বিষয় স্পর্শ করেন; জ্ঞেয়াতিরিক্ত আত্মা তদতিরিক্ত জ্ঞেয় বিষয়সকল অনুভব করেন॥

৩২। সলিল একো দ্রষ্টাঽদ্বৈতো ভবত্যেষ ব্রহ্মলোকঃ সম্রাড়িতি হৈনমনুশশাস যাজ্ঞবল্ক্য এষাস্য পরমা গতিরেষাস্য পরমা সম্পদেষোঽস্য পরমো লোক এষোঽস্য পরম আনন্দ এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি॥

ব্যাখ্যা। [সুষুপ্ত্যবস্থায়াং স আত্মা] সলিলঃ (সলিলমিব

স্বচ্ছঃ), একঃ (দ্বিতীয়রহিতঃ), দ্রষ্টা (আত্মজ্যোতিঃস্বরূপঃ), অদ্বৈতঃ (দ্বৈতরহিতঃ) ভবতি। [হে] সম্রাট্! এষঃ (সম্প্রসাদঃ) ব্রহ্মলোকঃ (ব্রহ্মৈব লোকঃ ব্রহ্মলোকঃ ব্রহ্ম-স্বরূপপ্রতিপাদকঃ ইত্যর্থঃ), ইতি হ (এবমেব) এনম্ (জন-কম্) অনুশশাস (অনুশিষ্টবান্) যাজ্ঞবল্ক্যঃ। অস্য (আত্মনঃ) এষা পরমা (উত্তমা) গতিঃ (আত্মস্বরূপাবাপ্তিঃ); অস্য এষা পরমা সম্পদ্ (পরমা বিভূতিঃ) [স্বাভাবিকত্বাৎ]; অস্য (আত্মনঃ) এষঃ পরমঃ লোকঃ. উত্তমমাত্রাম্ (অংশম্) [লব্ধ্বা] অন্যানি (ব্রহ্মণঃ অন্যত্বেন পরিকল্পিতানি) ভূতানি (প্রাণিনঃ) উপজীবন্তি (আনন্দং লভন্তে)।

অনুবাদ। [সুষুপ্ত অবস্থায়] সেই আত্মা নির্ম্মল জলের ন্যায় নির্ম্মলতা লাভ করিয়া, স্বজাতীয় এবং বিজাতীয় দ্বৈতভাব দূর করিয়া স্বয়ংজ্যোতিঃ-স্বরূপে ভাসমান হন। হে সম্রাট্! এইজন্য এই সম্প্রসাদাবস্থাকে ব্রহ্মলোক (ব্রহ্মস্বরূপপ্রকাশক স্থান) বলা যায়, এইরূপে যাজ্ঞবল্ক্য জনককে উপদেশ প্রদান করিলেন। আর এই সম্প্রসাদাবস্থায় উক্ত আত্মার আত্মস্বরূপ প্রাপ্তি হয় বলিয়াই উহা পরমা গতি, স্বাভাবিক বলিয়া পরমা বিভূতি, অবিকৃত

বলিয়া পরম আশ্রয় এবং অতুলনীয় বলিয়া পরম আনন্দ নামে অভিহিত ; এই আনন্দের কলামাত্র লাভ করিয়াই অন্য প্রাণিগণ আনন্দ অনুভব করেন॥

৩৩। স যো মনুষ্যাণাং রাদ্ধঃ সমৃদ্ধো ভবত্যন্যেষামধিপতিঃ সর্বৈর্মানুষ্যকৈর্ভোগৈঃ সম্পন্নতমঃ স মনুষ্যাণাং পরম আনন্দোঽথ যে শতং মনুষ্যাণামানন্দাঃ স একঃ পিতৃণাং জিতলোকানামানন্দোঽথ যে শতং পিতৃণাং জিতলোকানামানন্দাঃ স একো গন্ধর্বলোক আনন্দোঽথ যে শতং গন্ধর্বলোক আনন্দাঃ স একঃ কর্মদেবানামানন্দো যে কর্মণা দেবত্বমভিসম্পদ্যন্তেঽথ যে শতং কর্মদেবানামানন্দাঃ স এক আজানদেবানামানন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতোঽথ যে শতমাজানদেবানামানন্দাঃ স একঃ প্রজাপতিলোক আনন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতোঽথ যে শতং প্রজাপতিলোক আনন্দাঃ স একো ব্রহ্মলোক আনন্দো যশ্চ শ্রোত্রিয়োঽবৃজিনোঽকামহতোঽথৈষ এব পরম আনন্দ এব ব্রহ্ম-

লোকঃ সম্রাড়িতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ সোঽহং ভগবতে সহস্রং দদাম্যত ঊর্ধ্বং বিমোক্ষায়ৈব ব্রূহীত্যত্র হ যাজ্ঞবল্ক্যো বিভয়াঞ্চকার মেধাবী রাজা সর্বেভ্যো মান্তেভ্য উদরৌৎসীদিতি ॥

ব্যাখ্যা। মনুষ্যাণাং [মধ্যে] সঃ যঃ (যঃ কশ্চিৎ) রাদ্ধঃ সমগ্রাবয়ববান্) সমৃদ্ধঃ (সম্যক্ ঐশ্বর্য্যযুক্তঃ), [কিঞ্চ] অন্যেষাম্ (সমানজাতীয়ানাং মধ্যে) অধিপতিঃ, সর্বৈঃ মানুষ্যকৈঃ (মানুষোচিতৈঃ) ভোগৈঃ (ভোগদ্রব্যৈঃ) সম্পন্নতমঃ (যুক্ততমঃ) ভবতি ; মনুষ্যাণাং সঃ পরমঃ আনন্দঃ ; অথ মনুষ্যাণাং যে [এবম্প্রকারাঃ] শতম্ আনন্দাঃ, জিতলোকানাং (শ্রাদ্ধাদিকর্মভিঃ পিতৄণাং তুষ্টিসাধনরূপকর্মণা জিতঃ লোকঃ যেষাং তে জিতলোকাঃ তেষাম্) পিতৄণাং সঃ একঃ আনন্দঃ ; অথ জিতলোকানাং পিতৄণাং যে শতং আনন্দঃ, গন্ধর্বলোকে সঃ একঃ আনন্দঃ ; অথ গন্ধর্বলোকে যে শতং আনন্দাঃ কর্মদেবানাম্ (অগ্নিহোত্রাদিশ্রৌতকর্মণা যে দেবত্বং প্রাপ্নুবন্তি তে কর্মদেবাঃ তেষাম্) সঃ একঃ আনন্দঃ ; [কে কর্মদেবাঃ ইত্যাহ] যে কর্মণা দেবত্বম্ অভিসম্পদ্যন্তে ; অথ কর্মদেবানাং যে শতম্ আনন্দাঃ, আজানদেবানাম্ (আজানতঃ এব উৎপত্তিতঃ এব যে দেবাঃ তে আজানদেবাঃ (তেষাম্) সঃ একঃ আনন্দঃ ; যঃ চ শ্রোত্রিয়ঃ (অধীতবেদঃ) অবৃজিনঃ (নিষ্পাপঃ) অকামহতঃ

(বীতস্পৃহঃ) [তস্যাপি আজানদেবানাং সমানঃ আনন্দঃ ইতি ভাবঃ ; অথ আজানদেবানাং শতম্ আনন্দাঃ, প্রজাপতিলোকে সঃ একঃ আনন্দঃ ; যঃ চ শ্রোত্রিয়ঃ (অধীতবেদঃ) অবৃজিনঃ অকামহতঃ [তস্যাপি প্রজাপতিলোকস্য সমানঃ আনন্দঃ] ; অথ প্রজাপতিলোকে যে শতম্ আনন্দাঃ,ব্রহ্মলোকে সঃ একঃ আনন্দঃ যঃ চ শ্রোত্রিয়ঃ অবৃজিনঃ অকামহতঃ [তস্যাপি ব্রহ্মলোকসমানঃ আনন্দঃ] ; অথ যাজ্ঞবল্ক্যঃ [হে] সম্রাট্ ! ইতি [সম্বোধ্য] হ উবাচ—[শতগুণোত্তরোত্তরবৃদ্ধ্যুপেতাঃ ব্রহ্মলোকান্তাঃ যত্র একতাং যন্তি] এষঃ (সম্প্রসাদলক্ষণঃ) এব পরমঃ আনন্দঃ এষঃ [এব] ব্রহ্মলোকঃ। [জনকঃ আহ] সঃ (ভগবতা উপদিষ্টঃ) অহং ভগবতে সহস্রং (গাঃ) দদামি, অতঃ ঊর্দ্ধং (অতঃপরম্) [মম] বিমোক্ষায় এব ব্রূহি ইতি (এবং বাক্যম্) হ [শ্রুত্বা] অত্র (জনকপ্রার্থিতবিষয়ে) যাজ্ঞবল্ক্যঃ বিভয়াঞ্চকার (ভীতঃ বভূব] ; [যাজ্ঞবল্ক্যস্য ভয়কারণং স্বয়মেবাহ শ্রুতিঃ]—মেধাবী (ধারণাক্ষমঃ) রাজা সর্বেভ্যঃ অন্তেভ্যঃ (প্রশ্ননির্ণয়াবসানেভ্যঃ) পরমতত্ত্বনির্ণয়ার্থং পুনঃ] মা (মাম্) উদরৌৎসীৎ (অবরোধং কৃতবান্) ইতি।

অনুবাদ। মনুষ্যদিগের মধ্যে যে ব্যক্তি সর্ব্বাবয়বযুক্ত, সমৃদ্ধিসম্পন্ন, অধিপতি এবং মানুষোচিত সমস্ত ভোগ্যদ্রব্যভোগী শ্রেষ্ঠ হন, তাঁহার যে

আনন্দ মনুষ্যগণের পক্ষে তাহা পরম আনন্দ; মনুষ্যগণের এইরূপ শত আনন্দ জিতলোকদের অর্থাৎ শ্রাদ্ধাদি দ্বারা বিজিতস্থানারূঢ় পিতৃগণের পক্ষে একটি আনন্দ (আনন্দাংশ); আবার জিতপিতৃলোকদের শত আনন্দের সমান গন্ধর্ব্ব-লোকের একটি আনন্দ; পুনরায় সেই গন্ধর্ব্বলোকের শত আনন্দের সমকক্ষ, কর্ম্মদেবগণের (অগ্নিহোত্রাদি শ্রৌতকর্ম্ম দ্বারা লব্ধদেবত্ব ব্যক্তিগণের) একটি আনন্দ; আবার উক্ত কর্ম্মদেবগণের শত আনন্দের সমকক্ষ আজানদেবগণের (যাঁহারা জন্ম-সিদ্ধ দেবতা) তাঁহাদের একটি আনন্দ; যাঁহারা বেদ অধ্যয়ন করিয়া নিষ্পাপ দেহ ধারণপূর্ব্বক বৈরাগ্যসম্পন্ন হইয়াছেন, তাঁহাদেরও আজানসিদ্ধ দেবগণের সমান আনন্দ; আবার আজানদেবতা-দিগের শত আনন্দ প্রজাপতিলোকের একটি আন-ন্দের সমান; যাঁহারা শ্রোত্রিয়, নিষ্পাপ এবং বৈরাগ্য-সম্পন্ন, তাঁহাদেরও প্রজাপতিলোকের সমান আনন্দ; আবার প্রজাপতিলোকের শত আনন্দ ব্রহ্মলোকের

একটি আনন্দের সমান ; যাঁহারা শ্রোত্রিয়, নিষ্পাপ এবং বৈরাগ্যযুক্ত, তাঁহাদেরও ব্রহ্মলোকের সমান আনন্দ ; অতঃপর যাজ্ঞবল্ক্য রাজাকে সম্বোধন করিয়া বলিলেন হে সম্রাট্! [উত্তরোত্তর শতগুণবর্দ্ধিত হইয়া ব্রহ্মলোকান্ত আনন্দসকল যাহাতে একতা প্রাপ্ত হইয়াছে], সেই সম্প্রসাদরূপ আনন্দই পরমানন্দ, ইহাই ব্রহ্মলোক। [জনক বলিলেন]— আমি আপনাকে সহস্র গো দান করিতেছি, আপনি অতঃপর আমি যাহাতে মুক্তি লাভ করিতে পারিব, তাহা বলুন। যাজ্ঞবল্ক্য রাজার এই কথা শুনিয়া ভীত হইলেন ; কারণ মেধাসম্পন্ন রাজা স্বকীয় প্রশ্নসকলের যথাযথ উত্তর পাইয়াও পুনরায় পরম তত্ত্ব নির্ণয় করিবার জন্য আমাকে আবদ্ধ করিতেছেন [যথার্থ তত্ত্ব বলিবার ভয়ে ভীত হইয়াছিলেন, দুর্ব্বলতা, অজ্ঞানতাবশতঃ নহে]।

৩৪। স বা এষ এতস্মিন্ স্বপ্নান্তে রত্বা চরিত্বা দৃষ্ট্বৈব পুণ্যং চ পাপং চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি বুদ্ধান্তায়ৈব॥

ব্যাখ্যা। সঃ (পূর্বোক্তঃ) এষঃ (আত্মা) বৈ (এব) এতস্মিন্ স্বপ্নান্তে (স্বপ্নাবস্থায়াং) রত্বা, চরিত্বা, পুণ্যং চ, পাপং চ দৃষ্ট্বা এব, পুনঃ. বুদ্ধান্তায় (জাগ্রদবস্থাপ্রাপ্তয়ে) এব যথা-স্থায়ং প্রতিযোনি আদ্রবতি (আগচ্ছতি)।

অনুবাদ। উক্ত আত্মা স্বপ্নাবস্থায় রমণও পর্য্যটন করিয়া পুণ্য ও পাপজনিত সুখ এবং দুঃখ দর্শনপূর্ব্বক, পুনরায় জাগরিত অবস্থা প্রাপ্তির জন্য যথাগত পথে যথাস্থানে (জাগরিত স্থানে) আগমন করেন।

৩৫। তদ্ যথাঽনঃ সুসমাহিতমুৎসর্জদ্ যায়াদেব-মেবায়ꣳ শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ়মুৎসর্জন্ যাতি যত্রৈতদূর্দ্ধোচ্ছ্বাসী ভবতি॥

ব্যাখ্যা। [আত্মা অস্মাৎ দেহাৎ দেহান্তরং প্রতিপৎস্যতে] তৎ (তত্র) [দৃষ্টান্তমাহ]—যথা অনঃ (শকটম্) সুসমাহিতম্ ভৃশং ভারাক্রান্তম্) [সৎ] উৎসর্জৎ (শব্দং কুর্বৎ) যায়াৎ (গচ্ছেৎ); এবম্ এব অয়ং শারীরঃ (দেহাভিমানী) আত্মা প্রাজ্ঞেন আত্মনা অন্বারূঢ়ঃ (অধিষ্ঠিতঃ) [সন্] উৎসর্জন্ (দেহং পরিত্যজন্ অথবা কাতরধ্বনিং কুর্বন্) যাতি; [কদা গচ্ছতী-ত্যাহ] - যত্র (যস্মিন্ সময়ে) এতৎ (এতাদৃশম্) ঊর্দ্ধোচ্ছ্বাসী (ঊর্দ্ধগামীশ্বাসঃ) [অয়মাত্মা] ভবতি।

অনুবাদ। [আত্মা এই দেহ হইতে কিরূপে অন্য দেহে গমন করেন, তদ্বিষয়ে দৃষ্টান্ত প্রদান করিতেছেন]—যেরূপ গুরুভারাক্রান্ত শকট [চেতন পরিচালককর্তৃক অধিষ্ঠিত হইয়া] শব্দ করিতে করিতে গমন করে; সেইরূপ এই দেহাভিমানী আত্মা মৃত্যুকালে প্রাজ্ঞ পরমাত্মকর্তৃক পরিচালিত হইয়া কাতর ধ্বনি করিতে করিতে [এই দেহত্যাগ করিয়া দেহান্তরে] গমন করেন॥

৩৬। স যত্রায়মণিমানং ন্যেতি জরয়া বোপতপতা বাণিমানং নিগচ্ছতি তদ্ যথাম্রং বোদুম্বরং বা পিপ্পলং বা বন্ধনাৎ প্রমুচ্যত এবমেবায়ং পুরুষ এভ্যোঽঙ্গেভ্যঃ সংপ্রমুচ্য পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাদ্রবতি প্রাণায়ৈব॥

ব্যাখ্যা। [কস্মিন্ কালে কিং নিমিত্তং, ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবতি ইত্যাহ]—সঃ (প্রকৃতঃ) অয়ং (আত্মা) যত্র (যস্মিন্ কালে) অণিমানং (ক্ষীণতাং) ন্যেতি (গচ্ছতি); [কিং নিমিত্তমিত্যাহ]—জরয়া (বার্দ্ধক্যেন) উপতপতা (ক্লেশকরেণ রোগাদিনা) বা অণিমাণং নিগচ্ছতি; তৎ (তস্মিন্ কালে) আম্রং বা, উদুম্বরং বা, পিপ্পলং বা [এতত্রয়োপলক্ষিতং সর্বং

ফলম্] যথা বন্ধনাৎ (বৃন্তবন্ধনাৎ) প্রমুচ্যতে (বিচ্ছিন্নং ভবতি; এবম্ এব অয়ং পুরুষঃ (জীবাত্মা) এভ্যঃ অঙ্গেভ্যঃ চক্ষুরাদিভ্যঃ) সম্প্রমুচ্য (সম্যগ্রূপেণ বিযুজ্য), পুনঃ প্রাণায় এব (প্রাণগ্রহণায় এব) প্রতিন্যায়ং (যথাগতম্) প্রতিযোনি প্রত্যুৎপত্তিস্থানম্) আদ্রবতি (গচ্ছতি)!

অনুবাদ। [কোন্ সময়ে কি কারণে শ্বাস উর্দ্ধগামী হয়, তাহা বলিতেছেন]—যে সময় আত্মা ক্ষীণতা প্রাপ্ত হয় অর্থাৎ বার্দ্ধক্য এবং ক্লেশ-কর রোগাদিনিমিত্তক কৃশতা প্রাপ্ত হয়; তখন আম্র, ডুমুর, অশ্বত্থ প্রভৃতি ফল যেরূপ বৃন্তচ্যুত হয়, সেইরূপ এই পুরুষ মৃত্যুর পূর্ব্বক্ষণে চক্ষুরাদি দেহা-বয়ব সমুদায় হইতে বিযুক্ত হইয়া পুনরায় প্রাণাদি গ্রহণের নিমিত্ত যথাগত পথে দেহ হইতে দেহান্তরে গমন করেন।

৩৭। তদ্ যথা রাজানমায়ান্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যোঽন্নৈঃ পানৈরাবসথৈঃ প্রতিকল্পন্তেঽয়মায়া-ত্যয়মাগচ্ছতীত্যেবং হৈবংবিদং সর্ব্বাণি ভূতানি প্রতিকল্পন্ত ইদং ব্রহ্মায়াতীদমাগচ্ছতীতি॥

ব্যাখ্যা। তৎ (তত্র) [লোকসিদ্ধং দৃষ্টান্তমাহ]— যথা রাজানম্ আয়ান্তম্ (আগচ্ছন্তম্) [পূর্ব্বমেবমজ্ঞাত্বা] উগ্রাঃ (জাতিবিশেষাঃ ক্রূরকর্ম্মাণঃ বা), প্রত্যেনসঃ (প্রতি প্রতি এনসি পাপকর্ম্মণি নিযুক্তাঃ তস্করাদয়ঃ), সূতগ্রামণ্যঃ সূতাশ্চ গ্রামণ্যশ্চ সূতগ্রামণ্যঃ বর্ণসঙ্করজাতিবিশেষাঃ গ্রাম-নেতারঃ চ) অন্নৈঃ (ভোজ্যদ্রব্যৈঃ (পানৈঃ (মদিরাদিভিঃ) আবসথৈঃ (প্রাসাদাদিভিঃ) [নিষ্পন্নৈঃ সদ্ভিঃ] অয়ম (রাজা) আয়াতি অয়ম্ (রাজা) আগচ্ছতি ইতি (এবম্) প্রতি-কল্পন্তে (প্রতীক্ষন্তে); এবম্ (ইত্থম্) হ (এব) এবংবিদম্ (কর্ম্মফলজ্ঞ) বেদিতারং (সংসারিণম্) [আগচ্ছন্তং জ্ঞাত্বা] সর্ব্বাণি ভূতানি (শরীরকর্তৃণি আদিত্যাদীনি) ইদং ব্রহ্ম (ভোক্তা জীবঃ) আয়াতি, ইদং ব্রহ্ম (জীবঃ) আয়াতি ইতি প্রতিকল্পন্তে।

অনুবাদ। পূর্ব্বোক্ত বিষয়ে [দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন] যেরূপ রাজা আগমন করিতে-ছেন জানিয়া ক্রূরকর্ম্মাসক্ত ব্যক্তিগণ, পাপকর্ম্মী তস্করাদি দণ্ডনীয় ব্যক্তিগণ, সূতগণ এবং গ্রামের নেতৃগণ, বিবিধ ভোজ্যদ্রব্য, পানীয় মদিরাদি এবং থাকিবার জন্য প্রাসাদাদির আয়োজনপূর্ব্বক "এই রাজা আসিতেছেন, এই রাজা আসিতেছেন" বলিয়া

অপেক্ষা করে ; সেইরূপ চক্ষুরাদি ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতাগণও কর্ম্মফল ভোক্তা জীব আসিতেছেন—ইহা মনে করিয়া এই ভোক্তা আত্মা আসিতেছেন, এই ভোক্তা আত্মা আগমন করিতেছেন" বলিয়া প্রতীক্ষা করিতে থাকেন।

৩৮। তদ্ যথা রাজনং প্রযিযাসন্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যোঽভিসমায়ন্ত্যেবমেবেমমাত্মানমন্তকালে সর্ব্বে প্রাণা অভিসমায়ন্তি যত্রৈতদূর্দ্ধোচ্ছ্বাসী ভবতি ॥

ইতি চতুর্থোঽধ্যায়ে তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [কথং তে জীবাঃ গচ্ছন্তি] তৎ (তত্র [দৃষ্টান্ত উচ্যতে]—যথা রাজানং প্রযিযাসন্তম্ (প্রকর্ষেণ যাতুমিচ্ছন্তং) [জ্ঞাত্বা] উগ্রাঃ, প্রত্যেনসঃ, সূতগ্রামণ্যঃ [তম্] অভিসমায়ন্তি (আভিমুখ্যেন আগচ্ছন্তি) ; এবম্ এব আত্মানম্ [প্রযিযাসন্তং জ্ঞাত্বা] অন্তকালে (মরণকালে) সর্ব্বে প্রাণাঃ (ইন্দ্রিয়াদয়ঃ) অভিসমায়ন্তি। [মরণকালমেব বিশিনষ্টি] যত্র (যস্মিন্‌কালে) এতৎ (এতাদৃশম্) ঊর্দ্ধোচ্ছ্বাসী ভবতি।

অনুবাদ। [সেই জীবগণ কিরূপে গমন করেন] সে বিষয়ে [দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন]—

যেরূপ রাজা গমনাভিলাষী হইলে ক্রূরকর্ম্মাচারী, পাপকর্ম্মাচারী, সূত এবং গ্রামাধিপতি ইহারা সকলেই তদীয় আগমন শ্রবণে তাঁহার সম্মুখে আগমন করে; সেইরূপ মরণকালে আত্মাকে ঊর্দ্ধশ্বাস দেখিয়া ইন্দ্রিয়সকল তদভিমুখে আগমন করেন অর্থাৎ গমনেচ্ছু আত্মার সঙ্গে সঙ্গে দেহান্তরে আগমন করেন ॥

চতুর্থধ্যায়ে তৃতীয় ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

চতুর্থং ব্রাহ্মণম্।

১। স যত্রায়মাত্মাঽবল্যং নেত্য সম্মোহমিব ন্যেত্যথৈনমেতে প্রাণা অভিসমায়ন্তি স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি স যত্রৈষ চাক্ষুষঃ পুরুষঃ পরাঙ্ পর্য্যাবর্ত্ততেঽথারূপজ্ঞো ভবতি ॥

ব্যাখ্যা। [পুরুষস্য দেহবিমোক্ষণং কস্মিন্‌কালে কথং বা ভবতি ইত্যতঃ আহ] সঃ (প্রকৃতঃ) অয়ম্ আত্মা যত্র (যস্মিন্ মরণকালে) অবল্যম্ (অবলভাবং দেহদৌর্ব্বল্যমিত্যর্থঃ) ন্যেত্য (নিশ্চয়েন প্রাপ্য) সম্মোহম্ (সম্মূঢ়তাম্) ইব ন্যেতি (সম্পূর্ণ-

রূপেণ প্রাপ্নোতি) [ইবশব্দেন আত্মনঃ বাস্তবং সম্মোহং নিরস্যতি]। অথ (অনন্তরম্) এতে (চক্ষুরাদয়ঃ) প্রাণাঃ এনম্ (আত্মানম্) অভিসমায়ন্তি (আভিমুখ্যেন গচ্ছন্তি)। সঃ (আত্মা) এতাঃ তেজোমাত্রাঃ (তেজোঽবয়বাঃ চক্ষুরাদীনি করণানি) সমভ্যাদদানঃ (সম্যক্ নির্লেপেন অভ্যাদদানঃ আভিমুখ্যেন সংহরমাণঃ) হৃদয়ম্ এব অন্ববক্রামতি (অন্বাগচ্ছতি) [বুদ্ধ্যাদিবিক্ষেপোপসংহারে সতি হৃদয়ে অভিব্যক্তবিজ্ঞানঃ ভবতীত্যর্থ]। [কদা তস্য করণানাং সংহরণমিত্যাহ]—যত্র (যস্মিন্ কালে) সঃ (পূর্বোক্তঃ) এষঃ চাক্ষুষঃ (চক্ষুষঃ অনুগ্রাহকঃ) পুরুষঃ (আদিত্যাত্মা) পরাঙ্ (পূর্ববিপর্যায়েণ) পর্য্যাবর্ত্ততে (পরি সমন্তাৎ ব্যাবর্ত্ততে); অথ (অনন্তরম্) অরূপজ্ঞঃ ভবতি।

অনুবাদ। [কিরূপে এবং কোন্ সময়ে পুরুষের দেহবিমুক্তি হয়, তাহা বলিতেছেন]—এই পুরুষ যে সময় দুর্ব্বল হইয়া সম্মোহ প্রাপ্ত হয়; তখন চক্ষুরাদি ইন্দ্রিয়সকল আত্মাভিমুখে গমন করে; আত্মাও উক্ত তৈজস ইন্দ্রিয়গণকে গ্রহণ করিয়া হৃদয়দেশে অবস্থান করেন, তখন বুদ্ধিপ্রভৃতি অন্তঃকরণের এবং চক্ষুরাদি ইন্দ্রিয়গণের বিক্ষেপ—শক্তি চলিয়া যায়, মাত্র অভিব্যক্ত বিজ্ঞানস্বরূপে

হৃদয়ে বর্ত্তমান থাকে)। অভিব্যক্ত বিজ্ঞানস্বরূপে হৃদয়ে যে সময় এই চাক্ষুষ পুরুষ (চক্ষুরভিমানিনী সূর্য্যদেবতা) উক্ত ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃত্ব ত্যাগ করেন; সেই সময়ে আত্মা অরূপজ্ঞ, শ্বেতাদিরূপ দর্শন করিতে পারেন না।

২। একীভবতি ন পশ্যতীত্যাহুরেকীভবতি ন জিঘ্রতীত্যাহুরেকীভবতি ন রসয়ত ইত্যাহুরেকীভবতি নবদতীত্যাহুরেকীভবতি ন শৃণোতীত্যাহুরেকীভবতি। ন মনুতে ইত্যাহুরেকীভবতি ন স্পৃশতীত্যাহুরেকীভবতি ন বিজানাতীত্যাহুস্তস্য হৈতস্য হৃদয়স্যাগ্রং প্রদ্যোততে তেন প্রদ্যোতেনৈষ আত্মা নিষ্ক্রামতি চক্ষুষ্টো বা মূর্দ্ধ্নো বান্যেভ্যো বা শরীরদেশেভ্যস্তমুৎক্রামন্তং প্রাণোঽনূৎক্রামতি প্রাণ মনূৎক্রামন্তং সর্বে প্রাণা অনূৎক্রামন্তি সবিজ্ঞানোভবতি স বিজ্ঞানমেবান্ববক্রামতি তং বিদ্যাকর্ম্মণী সমন্বারভেতে পূর্বপ্রজ্ঞা চ॥

ব্যাখ্যা। [চক্ষুরিন্দ্রিয়ং লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন পশ্যতি [রূপমিতি শেষঃ] ইতি আহুঃ (কথয়ন্তি) [লোকাঃ]; [তথা ঘ্রাণেন্দ্রিয়ং লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন জিঘ্রতি

ইতি আহুঃ [লোকাঃ]; [রসনেন্দ্রিয়ং লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন রসয়তে [রসম্] ইতি আহুঃ [লোকাঃ]; [বাগিন্দ্রিয়ং লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন বদতি [বাক্যম্] ইতি আহুঃ [জনাঃ]; [শ্রবণেন্দ্রিয়ং লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন শৃণোতি [শব্দম্] ইতি আহুঃ [জনাঃ]; [মনঃ লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন মনুতে (মননং ন কুরুতে) ইতি আহুঃ [জনাঃ]; [ত্বগিন্দ্রিয়ং লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন স্পৃশতি ইতি আহুঃ [জনাঃ]; [বুদ্ধিঃ লিঙ্গাত্মনা] একীভবতি [অতঃ] ন বিজানাতি ইতি আহুঃ [জনাঃ]। [হৃদয়ে এবম্ উপসংহৃতেষু করণেষু] তস্য (প্রকৃতস্য) এতস্য হৃদয়স্য (হৃদয়চ্ছিদ্রস্য] অগ্রং (নির্গমনদ্বারং) প্রদ্যোততে (আত্মজ্যোতিষা ভাসতে); এষঃ (মুমূর্ষুঃ) আত্মা তেন(হৃদয়াগ্রেণ) প্রদ্যোতনেন (আত্মজ্যোতিঃপ্রকাশেন) নিষ্ক্রামতি (নির্গচ্ছতি)। [কেন মার্গেণ নির্গচ্ছতীত্যাহ]—[যদি আদিত্যলোকপ্রাপকং জ্ঞানং কর্ম বা স্যাৎ, তর্হি] চক্ষুষ্টঃ (চক্ষুষঃ) বা, [যদি ব্রহ্মলোকপ্রাপ্তিসাধনং স্যাৎ, তর্হি] মূর্ধ্নঃ (ব্রহ্মরন্ধ্রাৎ) বা, [জ্ঞানকর্মাদীনাং ভেদেন] অন্যেভ্যঃ শরীরদেশেভ্যঃ উৎক্রামন্তং (নির্গচ্ছন্তং) তম্ (আত্মানম্) অনু (লক্ষীকৃত্য) [পঞ্চবৃত্ত্যাত্মকঃ] প্রাণঃ উৎক্রামতি; উৎক্রামন্তং প্রাণম্ অনু (লক্ষীকৃত্য) সর্বে (চক্ষুরাদয়ঃ) প্রাণাঃ উৎক্রামন্তি। [তদা এষঃ আত্মা]

সবিজ্ঞানঃ (বিশেষবিজ্ঞানবান্) [বাসনাযুক্তশ্চ] ভবতি; [স চ] সবিজ্ঞানম্ (বিজ্ঞানসম্পন্নঃ যথা স্যাৎ, তথা) এব [গন্তব্যং স্থানম্] অন্ববক্রামতি (অনুযাতি)। [তথা] বিদ্যা-কর্মণী (বিদ্যা সর্বপ্রকারোপাসনাজনিত সংস্কারঃ বিহিত-নিষিদ্ধাদিসর্বপ্রকারকর্মজনিতঃ সংস্কারশ্চ তৌ উভৌ), পূর্ব-প্রজ্ঞা (পূর্বানুভবজনিতা বাসনা) চ তম্ (পরলোক-গামিনম্ আত্মানম্) সমন্বারভেতে (সম্যগ্ অনুগচ্ছতঃ)।

অনুবাদ। লোকে বলিয়া থাকে যে চক্ষুরিন্দ্রিয় লিঙ্গাত্মার সহিত একীভূত হয় বলিয়া এই ব্যক্তি রূপ দর্শন করিতেছে না, এইরূপ আরও বলিয়া থাকেন—ঘ্রাণেন্দ্রিয়, বাগিন্দ্রিয়, শ্রবণেন্দ্রিয়, ত্বগিন্দ্রিয়, মনঃ এবং বুদ্ধি ইহারা লিঙ্গাত্মার সহিত একীভূত হয় বলিয়া এই ব্যক্তি ঘ্রাণেন্দ্রিয় দ্বারা গন্ধ, রসনেন্দ্রিয় দ্বারা রস, শ্রবণেন্দ্রিয় দ্বারা শব্দ এবং ত্বগি-ন্দ্রিয় দ্বারা স্পর্শ গ্রহণ করিতেছে না; আর বাগিন্দ্রিয় দ্বারা শব্দোচ্চারণ, মনঃদ্বারা মনন এবং বুদ্ধি দ্বারা বিষয়ানুভব করিতেছে না। উক্তরূপে সমুদায় করণ হৃদয়ে উপস্থিত হইলে সেই হৃদয়চ্ছিদ্রের নাড়ীরূপ নির্গমনদ্বার আত্মজ্যোতিঃ দ্বারা উদ্ভাসিত হয়; পরে

মুমূর্ষু ব্যক্তির আত্মা, সেই নাড়ীরূপ নির্গমন দ্বার দিয়া স্বীয় জ্যোতিঃর সাহায্যে বহির্গত হয়েন। [স্থূল দেহের কোন পথ দ্বারা বাহিরে গমন করেন, তাহা বলিতেছেন] আদিত্য লোকপ্রাপক জ্ঞান এবং কর্ম্ম থাকিলে, চক্ষুর্দ্বারা আদিত্যলোক এবং ব্রহ্মলোক-প্রাপক জ্ঞান এবং কর্ম্ম থাকিলে, ব্রহ্মরন্ধ্রদ্বারা ব্রহ্ম-লোক গমন করেন; এইরূপ অপরাপর স্থানপ্রাপক অপরাপর কর্ম্মানুসারে অপরাপর শরীরাবয়ব দ্বারা নির্গত হয়েন; সেই আত্মাকে লক্ষ্য করিয়া পঞ্চ বৃত্ত্যাত্মক প্রাণও বহির্গত হন। এই মুখ্য প্রাণ গমনের সঙ্গে সঙ্গে চক্ষুরাদি সমুদায় ইন্দ্রিয়গণ বহির্গত হয়েন। [সেই আত্মা, স্বপ্নের ন্যায়] বিশেষবিজ্ঞানসম্পন্ন এবং বাসনাযুক্ত হন বলিয়া মৃত্যুকালে উক্ত সংস্কার-গুলি সঙ্গে লইয়াই গমন করেন। কারণ, উপাসনার সংস্কার, সকল কর্ম্মজনিত সংস্কার এবং বিষয়ানুভব-জনিত সংস্কার এই তিনটিই পরলোকগামী আত্মার অনুগত হইয়া গমন করে।

৩। তদ্ তথা তৃণজলায়ুকা তৃণ স্যান্তং গত্বান্যমা-

ক্রমমাক্রম্যাত্মানমুপসংহরত্যেবমেবায়মাত্মেদং শরীরং নিহত্যাঽবিদ্যাং গময়িত্বাঽন্যমাক্রমমাক্রম্যাত্মানমুপসংহরতি ॥

ব্যাখ্যা। তৎ (তত্র দেহান্তরপ্রাপ্তিসম্বন্ধে) দৃষ্টান্তঃ প্রদর্শ্যতে] যথা তৃণজলায়ুকা (তৃণজলূকা) তৃণস্য অন্তং (অবসানং) গত্বা (প্রাপ্য) অন্যম্ আক্রমম্ (আশ্রয়ম্) আক্রম্য (আশ্রিত্য) আত্মানম্ (আত্মনঃ পূর্ব্বাবয়বং) সংহরতি (সঙ্কোচয়তি) ; এবমেব অয়ম্ আত্মা ইদম্ (বিদ্যমানং) শরীরং নিহত্য (পাতয়িত্বা) অবিদ্যাং গময়িত্বা (অচেতনং কৃত্বা) অন্যম্ (অপরম্) আক্রমম্ (আশ্রয়ম্) আক্রম্য আত্মানম্ উপসংহরতি (আত্মভাবমারভতে) ।

অনুবাদ। দেহান্তরপ্রাপ্তিসম্বন্ধে দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন—তৃণজলৌকা যেরূপ পূর্ব্বধৃত তৃণের অগ্রভাগে গমনপূর্ব্বক অপর একটী তৃণ অবলম্বন করিয়া পূর্ব্বভাগকে সঙ্কুচিত করে ; সেইরূপ জীবাত্মা বিদ্যমান স্থূল শরীরটীকে অচেতনভাবে পাতিত করিয়া অপর একটী স্থূলদেহ আশ্রয়করতঃ আত্মভাব সম্পাদন করেন ।

৪। তদ্ যথা পেশস্কারী পেশসো মাত্রামপাদায়ান্যন্নবতরং কল্যাণতরꣳ রূপং তনুত এবমেবায়মাত্মেদꣳ শরীরং নিহত্যাবিদ্যাং গময়িত্বান্যন্নবতরং কল্যাণতরꣳ রূপং কুরুতে পিত্র্যং বা গান্ধর্বং বা দৈবং বা প্রাজাপত্যং বা ব্রাহ্মং বান্যেষাং বা ভূতানাম্॥

ব্যাখ্যা। তৎ (তত্র দেহান্তরারম্ভে) [দৃষ্টান্তং প্রদর্শয়তি] যথা পেশস্কারী (সুবর্ণকারঃ) পেশসঃ (সুবর্ণস্য) মাত্রাম্ (অংশম্) অপাদায় (গৃহীত্বা) কল্যাণতরম্ (পূর্বাপেক্ষয়া প্রিয়তরং) নবতরম্ (অভিনবতরম্) অন্যং রূপং তনুতে (নির্মীতে); এবমেব অয়ম্ আত্মা ইদং (বিদ্যমানং) শরীরং নিহত্য আবিদ্যাং (অচৈতন্যং) গময়িত্বা পিত্র্যম্ (পিতৃলোকোপভোগযোগ্যম্) বা, গান্ধর্বম্ (গন্ধর্বলোকোপভোগযোগ্যং) বা, দৈবম্ (দেবলোকোপভোগযোগ্যং) বা, প্রাজাপত্যং (প্রজাপতিলোকোপভোগযোগ্যং) বা, ব্রাহ্মম্ (ব্রহ্মলোকোপভোগযোগ্যং) বা, অন্যেষাং ভূতানাং বা [সম্বন্ধি] কল্যাণতরং নবতরম্ অন্যৎ রূপম্ কুরুতে।

অনুবাদ। [দেহান্তরের আরম্ভ সম্বন্ধে দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন] যেরূপ সুবর্ণকার সুবর্ণের অংশ গ্রহণ করিয়া পূর্ব্বাপেক্ষা প্রিয়তর ও অভিনব

অন্য রূপ নির্ম্মাণ করে; তদ্রূপ সংসারী আত্মাও এই দেহকে নিহত ও অচেতন করিয়া পিতৃলোক, গন্ধর্ব্ব-লোক, দেবলোক, প্রজাপতিলোক ব্রহ্মলোক এবং অন্যভূতসম্বন্ধি লোকের মধ্যে যে কোন লোকে উপ-ভোগযোগ্য প্রিয়তর অভিনব দেহ ধারণ করেন।

৫। স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ প্রাণময়শ্চক্ষুর্ময়ঃ শ্রোত্রময়ঃ পৃথিবীময় আপোময়ো বায়ুময় আকাশময়স্তেজোময়োঽতেজোময়ঃ কামময়ো-ঽকামময়ঃ ক্রোধময়োঽক্রোধময়ো ধর্ম্মময়োঽধর্ম্মময়ঃ সর্ব্বময়স্তদ্ যদেতদিদম্ময়োঽদোময় ইতি যথাকারী যথাচারী তথা ভবতি সাধুকারী সাধুর্ভবতি পাপকারী পাপো ভবতি পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণা ভবতি পাপঃ পাপেন। অথো খল্বাহুঃ কামময় এবায়ং পুরুষ ইতি স যথাকামো ভবতি তৎক্রতুর্ভবতি যৎক্রতুর্ভবতি তৎ কর্ম্ম কুরুতে যৎকর্ম্ম কুরুতে তদভিসম্পদ্যতে॥

সঃ (পূর্ব্বোক্তঃ) অয়ম্ (সংসারী) আত্মা ব্রহ্ম বৈ (এব) [ভবতি]; [বুদ্ধ্যাদ্যুপাধিসম্পর্কাৎ] বিজ্ঞানময়ঃ (বিজ্ঞানং বুদ্ধিঃ তেন উপলক্ষ্যমাণঃ তন্ময়ঃ), [এবমেব] মনোময়ঃ,

প্রাণময়ঃ, চক্ষুর্ময়ঃ, শ্রোত্রময়ঃ, পৃথিবীময়ঃ, আপোময়ঃ,বায়ুময়ঃ, আকাশময়ঃ, তেজোময়ঃ, অতেজোময়ঃ, কামময়ঃ, অকামময়ঃ, ক্রোধময়ঃ, অক্রোধময়ঃ, ধর্ম্ময়ঃ, অধর্ম্ময়ঃ, সর্ব্বময়ঃ এতদ্ (বিজ্ঞানময়াদিকং রূপম্) [অস্য সিদ্ধং ভবতি] ; [পরোক্ষত্বাপরোক্ষত্বাভ্যাম্] ইদম্ময়ঃ, অদোময়ঃ [ইতি যদ্রূপম্]— তদ্ [অপি সিদ্ধং ভবতি]। [কিং বহুনা যঃ] যথাকারী (যথা কর্ত্তুং শীলং যস্য সঃ), যথাচারী (যথা আচরিতুং শীলং যস্য সঃ) [ভবতি] ; [সঃ] তথা (তাদৃশঃ) [এব] ভবতি। সাধুকারী সাধুঃ ভবতি, পাপকারী পাপঃ ভবতি ; পুণ্যেন কর্ম্মণা পুণ্যঃ ভবতি ; পাপেন পাপঃ ভবতি। অথো (অপি) [জনাঃ] খলু আহুঃ অয়ং পুরুষঃ কামময়ঃ ইতি ; সঃ (পুরুষঃ) [কামময়ঃ সন্] যথাকামঃ ভবতি ; [যঃ] যৎক্রতুঃ (অধ্যবসায়ঃ অস্য ইতি যৎক্রতুঃ) ভবতি, [সঃ] তৎক্রতুঃ তাদৃশাধ্যবসায়বান্ ভবতি ; [যদ্বিষয়ঃ ক্রতুঃ] তৎকর্ম্ম কুরুতে ; যৎ কর্ম্ম কুরুতে, তৎ (তদীয়ং ফলম্) অভিসম্পদ্যতে।

অনুবাদ। পূর্ব্বোক্ত সংসারী আত্মা আর ব্রহ্ম কোন ভেদ নাই, এতদুভয় একই পদার্থ ; [উপাধির যোগবশতঃ] তিনি বিজ্ঞানময় (বুদ্ধিসম্পর্কিত) মনোময় (মনঃসন্নিকৃষ্ট), প্রাণময়

(পঞ্চবৃত্ত্যাত্মক প্রাণসম্পর্কিত), চক্ষুর্ময় (রূপদর্শন-কালে চক্ষুঃসম্পর্কিত), শ্রোত্রময় (শব্দ শ্রবণকালে শ্রোত্রসম্পর্কিত); এইরূপ পার্থিবশরীরারম্ভে পৃথিবীময়, আপ্য শরীরোৎপত্তিসময় আপোময়, বায়ব্য শরীরোৎপত্তি সময় বায়ুময়, আকাশীয় শরীরোৎপত্তিসময় আকাশময়, তৈজস শরীরোৎ-পত্তিসময় তেজোময়, অতৈজস নারকীয়াদি শরীরোৎপত্তিসময় অতেজোময়, প্রাপ্তব্য বিষয় প্রাপ্তিকামনাসময়ে কামময়, কাম্য পদার্থের দোষ-দর্শনকালে অকামময়, কামনার বিঘ্নকালে ক্রোধময়, ক্রোধেরনিবৃত্তিকালে অক্রোধময় কামও ক্রোধ দ্বারা প্রবর্ত্তনাসময়ে ধর্ম্মময় এবং অধর্ম্মময়; সকল পদার্থ ধর্ম্মাধর্ম্মের কার্য্য বলিয়া সর্ব্বময়, পরোক্ষ এবং অপরোক্ষ বিষয়ের সহিত "ইদং"রূপে ও "অদঃ"রূপে নিরূপিত হন বলিয়া ইদম্ময় ও অদোময় নামে অভিহিত হইয়া থাকেন। অধিক কি, যিনি যেরূপ নিয়ত ও অনিয়ত কর্ম্মের অনুষ্ঠান করেন; তিনি তদবস্থা প্রাপ্ত হইয়া থাকেন; সৎকর্ম্ম করিয়া

সাধু হন এবং অসৎ কর্ম্ম করিয়া অসাধু হয়; পুণ্য-কর্ম্মদ্বারা পুণ্যবান্ এবং পাপকর্ম্ম দ্বারা পাপী হইয়া থাকে। ইহাও লোকেও বলিয়া থাকে, যে, এই পুরুষ কামময় বলিয়া কামনানুরূপ অবস্থা প্রাপ্ত হয়েন; অধ্যবসায়শীল বলিয়া অধ্যবসায়ানুরূপ ফল লাভ করিয়া থাকেন। যিনি যে বিষয়ে কামনা এবং যে বিষয়ে কর্ম্ম করেন, তিনি তাহার ফল লাভ করিয়া থাকেন।

৬। তদেষ শ্লোকো ভবতি॥ তদেব সক্তঃ সহকর্ম্মণৈতি লিঙ্গং মনো যত্র নিষক্তমস্য॥ প্রাপ্যান্তং কর্ম্মণস্তস্য যৎকিঞ্চেহ করোত্যয়ম্॥ তস্মাল্লোকাৎ পুনরৈত্যস্মৈ লোকায় কর্ম্মণ ইতি নু কাময়মানো২থা-কাময়মানো যোঽকামো নিষ্কাম আপ্তকাম আত্মকামো ন তস্য প্রাণা উৎক্রামন্তি ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি॥

ব্যাখ্যা। তৎ (তস্মিন্ অর্থে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (মন্ত্রঃ) [অপি] ভবতি—অস্য (পুরুষস্য) লিঙ্গং (লিঙ্গশরীরাবয়বং) মনঃ যত্র (যস্মিন্ বিষয়ে) নিষক্তং (আসক্তং) [ভবতি]; সক্তঃ (আসক্তঃ পুরুষঃ) কর্ম্মণা

(কর্ম্মজনিতসংস্কারেণ) সহ তৎ (কর্ম্মফলম্) এব এতি (প্রাপ্নোতি)। অয়ম্ (পুরুষঃ) ইহ (অস্মিন্ লোকে) যৎ কিঞ্চ (কর্ম্ম) করোতি, [পরলোকে] তস্য কর্ম্মণঃ [ফলং ভুক্ত্বা] অন্তং [চ] প্রাপ্য, তস্মাৎ লোকাৎ (ভোগস্থানাৎ) অস্মৈ লোকায় (ইহলোকায়) কর্ম্মণে (কর্ম্মকরণায়) পুনঃ এতি (আগচ্ছতি), ইতি (এবং) নু (এব) কাময়মানঃ (পুরুষঃ) [সংসরতি পুনঃ পুনঃ]। অথ অকাময়মানঃ (কামনারহিতঃ পুরুষঃ) ন কচিদপি সংসরতি] ; যঃ অকামঃ (কামনারহিতঃ) [কথমকামতা ভবতীত্যাহ]—নিষ্কামঃ (নির্গতাঃ কামাঃ যস্মাৎ সঃ), [কথং নিষ্কামতা ভবতীত্যাহ] - আপ্তকামঃ (আপ্তাঃ প্রাপ্তাঃ কামাঃ যেন সঃ) [কথং প্রাপ্যন্তে কামাঃ ইত্যাহ]— আত্মকামঃ (আত্মা এব কামঃ কাম্য যস্য সঃ) [ন অন্যঃ কাময়িতব্যঃ পদার্থঃ বিদ্যতে অস্য] ; তস্য (আত্মকামস্য) প্রাণাঃ (ইন্দ্রিয়াদয়ঃ) ন উৎক্রামন্তি (লোকান্তরং গচ্ছন্তি) ; [স আত্মকামঃ] ব্রহ্ম এব সন্ ব্রহ্ম অপ্যেতি (অপি গচ্ছতি) [অভেদরূপেণ ইতি শেষঃ]।

অনুবাদ। সে বিষয়ে একটী শ্লোকও বর্ণিত আছে—জীবের লিঙ্গশরীরস্থিত মনঃ একটী অবয়ব, ঐ মনঃ যে বিষয়ে আসক্ত থাকে, উক্ত জীব-কর্ম্মজনিত সংস্কারের যোগে তদ্বিষয়ক ফলোপভোগী

হন। জীব ইহলোকে যে কোন কর্ম্ম করেন, মৃত্যুর পর পরলোকে গমন করিয়া সেই কর্ম্মের ফলভোগ করেন; ঐ লোকের ভোগ শেষ করিয়া সেই লোক হইতে কর্ম্মানুষ্ঠান করিবার জন্য পুনরায় ইহলোকে আগমন করেন। এইরূপ সকাম পুরুষ পুনঃ পুনঃ গমনাগমন করিতে থাকেন। কামনা-রহিত পুরুষ কোথাও গমন করেন না; যাঁহার কোন কামনা নাই, যাঁহা হইতে সমস্ত কামনা চলিয়া গিয়াছে, যিনি সমস্ত কামনা লাভ করিয়াছেন, যাঁহার আত্মাই একমাত্র কাম্য; তাঁহার পক্ষে অপর কোন পদার্থ কাম্য থাকে না বলিয়া, তিনি কামনারহিত পুরুষ বলিয়া নির্ণীত হইয়াছেন। উক্ত আত্মকাম ব্যক্তির ইন্দ্রিয়াদি লোকান্তরে গমন করে না; তিনি ব্রহ্মভাবাপন্ন হইয়াছেন বলিয়া ব্রহ্মকেই প্রাপ্ত হয়েন।

৭। তদেষ শ্লোকো ভবতি॥ যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ॥ অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুত ইতি॥ তদ্ যথা অহিনির্ল্ব-

হনী বল্মীকে মৃতা প্রত্যস্তা শয়ীতৈবমেবেদংশরীরং শেতেঽথায়মশরীরোঽমৃতঃ প্রাণো ব্রহ্মৈব তেজ এব সোঽহং ভগবতে সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ ॥

ব্যাখ্যা। তৎ (তস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (মন্ত্রঃ) ভবতি (বিদ্যতে)—যে কামাঃ অস্য (পুরুষস্য) হৃদি (অন্তঃকরণে) শ্রিতাঃ (আশ্রিতাঃ), [তে] সর্বে (কামাঃ) যদা (যস্মিন্ কালে) প্রমুচ্যন্তে (বিশীর্যন্তে); অথ (তদা) মর্ত্যঃ (মরণধর্মা) [সঃ পুরুষঃ] অমৃতঃ (মরণরহিতঃ) ভবতি ; অত্র (অস্মিন্ শরীরে) [এব] ব্রহ্ম (ব্রহ্মভাবং মোক্ষমিত্যর্থঃ) সমশ্নুতে (প্রতিপদ্যতে) ইতি। তৎ (তত্র) [দৃষ্টান্তমাহ]—যথা অহিনির্ল্বয়নী (অহিঃ সর্পঃ তস্য নির্ল্বয়নী নির্মোকঃ) বল্মীকাদৌ প্রত্যস্তা (নিক্ষিপ্তা পরিত্যক্তা) [সতী] শয়ীত (বর্ত্তেত); এবমেব ইদম্ পরিদৃশ্যমানং) শরীরং (স্থূলদেহঃ) শেতে (বর্ত্ততে) ; অথ (অতঃ পরম্) অয়ম্ (মুক্তপুরুষঃ) অশরীরঃ [অতএব] অমৃতঃ (অমরণধর্মা) প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) ব্রহ্ম এব (তেজ এব) [ভবতি]। [এতদাকর্ণ্য] বৈদেহঃ জনকঃ হ উবাচ—সঃ অহং ভগবতে (পূজনীয়ায়) [তুভ্যং] সহস্রম্ (গোসহস্রং) দদামি ইতি।

অনুবাদ। উক্ত বিষয়ে একটী শ্লোক

আছে—যে সকল কামনা এই পুরুষের হৃদয় আশ্রয় করিয়া আছে ; সেই সকল কামনা যখন ব্রহ্মজ্ঞান প্রভাবে ক্ষীণ হইয়া যায়, তখন সেই মরণশীল পুরুষ অমৃতত্ব লাভ করিয়া এই দেহেই ব্রহ্মভাব প্রাপ্ত হন। এই বিষয়ে দৃষ্টান্তও আছে—যেরূপ সর্পখোলস্ জীর্ণ হইয়া বল্মীকে পরিত্যক্তভাবে অবস্থিত থাকে, সেইরূপ পরিদৃশ্যমান এই স্থূলদেহ অবস্থিত থাকে। অতঃপর এই মুক্ত পুরুষ দেহাভিমানবিরহিত হইয়া অমৃতত্ব লাভ করতঃ প্রাণ, ব্রহ্ম এবং তেজঃস্বরূপে অবস্থিতি করেন। ইহা শুনিয়া বিদেহরাজ জনক বলিলেন [হে যাজ্ঞবল্ক্য] আমি তোমাকে সহস্র গো দান করিতে ইচ্ছা করি।

৮। তদেতে শ্লোকা ভবন্তি॥ অণুঃ পন্থা বিততঃ পুরাণো মাং স্পৃষ্টোঽনুবিত্তো ময়ৈব। তেন ধীরা অপিযন্তি ব্রহ্মবিদঃ স্বর্গং লোকমিত ঊর্দ্ধঃ বিমুক্তাঃ॥

ব্যাখ্যা। তৎ (তস্মিন্ অর্থে) এতে শ্লোকাঃ (মন্ত্রাঃ) ভবন্তি—[যঃ] পুরাণঃ (চিরন্তনঃ) বিততঃ (বিস্তীর্ণঃ) অণুঃ (সূক্ষ্মঃ দুর্বিজ্ঞেয়ঃ ইত্যর্থঃ) পন্থাঃ (জ্ঞানমার্গঃ) ; [সঃ]

ময়া (যাজ্ঞবল্ক্যেন) এব অনুবিত্তঃ (পরিজ্ঞাতঃ), মাম্ (ময়া) [চ সঃ] স্পৃষ্টঃ (লব্ধঃ); তেন (ব্রহ্মবিদ্যামার্গেন) ধীরাঃ (প্রজ্ঞাবন্তঃ), [অন্যেঽপি] ব্রহ্মবিদঃ (ব্রহ্মজ্ঞানিনঃ) [অবিদ্যা-পাশাৎ] বিমুক্তাঃ [সন্তঃ] ইতঃ (অস্মাৎ লোকাৎ) উর্দ্ধং (উর্দ্ধস্থিতং) স্বর্গং লোকম্ (মোক্ষম্) অপিয়ন্তি (অপিগচ্ছন্তি)।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন পূর্ব্বোক্ত বিষয়ে কয়েকটী মন্ত্রও আছে—যে জ্ঞানমার্গ, পুরাণ (চিরন্তন) বিতত (বিস্তীর্ণ) এবং অণু (দুর্ব্বিজ্ঞেয়) বলিয়া পরম সূক্ষ্ম; সেই মোক্ষপথ স্বরূপ ব্রহ্মবিদ্যা আমি লাভ করিয়াছি এবং ঐ বিদ্যা আমাকে স্পর্শ করিয়াছে। যাঁহারা প্রজ্ঞাযুক্ত অথবা ব্রহ্মজ্ঞ, তাঁহারা অবিদ্যাপাশ হইতে বিমুক্ত হইয়া এই লোক হইতে উর্দ্ধস্থিত স্বর্গলোকে (মোক্ষধামে) গমন করিয়া থাকেন।

৯। তস্মিন্ শুক্লমুত নীলমাহুঃ পিঙ্গলং হরিতং লোহিতং চ। এষ পন্থা ব্রহ্মণা হানুবিত্তস্তেনৈতি ব্রহ্মবিৎ পুণ্যকৃত্তৈজসশ্চ॥

ব্যাখ্যা। তস্মিন্ (মোক্ষসাধনমার্গে) [মুমুক্ষূণাং বিপ্রতি-

পত্তিঃ দৃশ্যন্তে ; কথম্ ? অত আহ]—শুক্লম্মি শুক্লঃ (বিমলম্) [কেচিদাহুঃ], উত (অপি) নীলম্ [অন্যে], পিঙ্গলম্, [অন্যে], হরিতম্ [অন্যে], লোহিতং চ [অন্যে বর্ণয়ন্তি] এষঃ (শুক্লঃ) (জ্ঞানমার্গঃ) ব্রহ্মণা (পরমাত্মস্বরূপেণ ব্রাহ্মণেন) হ (এব) অনুবিত্তঃ (সম্বদ্ধঃ); ব্রহ্মবিৎ (তেন (ব্রহ্মবিদ্যামার্গেণ) [মোক্ষম্] এতি (প্রাপ্নোতি) ; [কীদৃশঃ ব্রহ্মবিদিত্যাহ] –পুণ্যকৃৎ (পুণ্যকর্ম্মণা বিশুদ্ধচিত্তঃ) [ভূত্বা] তৈজসঃ (তেজোময়ব্রহ্মস্বরূপাপন্নঃ) চ [যঃ ভবতি]।

অনুবাদ। সেই মোক্ষসাধনমার্গে [মুমুক্ষুদিগের পরস্পর মতভেদ দেখা যায়]—কেহ কেহ মোক্ষসাধন পথটীকে কেবল বিশুদ্ধ বলিয়া বলেন ; আর কেহ কেহ তাহাকে নীল, পিঙ্গল, হরিত, লোহিতপ্রভৃতি বলিয়া থাকেন। যাহাই হউক, এই পথটী পরমাত্মস্বরূপাপন্ন ব্রাহ্মণের সহিত সম্বদ্ধ ; কারণ ব্রহ্মজ্ঞানী ব্যক্তি উক্ত ব্রহ্মবিদ্যারূপ পথটী অবলম্বন করিয়া মোক্ষ লাভ করিয়া থাকেন ; যাঁহার পুণ্য কর্ম্মদ্বারা চিত্ত বিশুদ্ধ হইয়াছে, তিনি তেজোময় ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হইয়া ব্রহ্মবিৎ সংজ্ঞায় অভিহিত হন।

১০। অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতাঃ॥

ব্যাখ্যা। যে (জনাঃ) অবিদ্যাম্ (কর্ম) উপাসতে (অনুবর্ত্তন্তে), [তে] অন্ধং তমঃ (সংসারনিয়ামকম্ অজ্ঞানং) প্রবিশন্তি (প্রতিপদ্যন্তে); যে উ (যে অপি) বিদ্যায়াং (কর্মপ্রতিপাদিকায়ামেব বেদবিদ্যায়াং) রতাঃ (নিযুক্তাঃ), [উপনিষৎ প্রতিপাদ্যাত্মতত্ত্ববিমুখাঃ]; [তে] ততঃ (তস্মাৎ) [অপি] ভূয়ঃ ইব (বহুতরমিব) [তমঃ প্রবিশন্তি]।

অনুবাদ। যাঁহারা অবিদ্যা (জ্ঞানবিরহিত) কর্ম্মের অনুষ্ঠান করেন, তাঁহারা সংসারপ্রাপক অজ্ঞানে প্রবেশ করেন; আর যাঁহারা কেবল কর্ম্ম-প্রতিপাদক বেদ-বিদ্যায় রত হন; তাঁহারা উপনিষৎ-প্রতিপাদ্য আত্মতত্ত্ব বিষয়ে অনভিজ্ঞ বলিয়া তদপেক্ষা অধিকতর অজ্ঞানতা লাভ করিয়া থাকেন।

১১। অনন্দা নাম তে লোকা অন্ধেন তমসা-বৃতাঃ॥ তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্ত্যবিদ্বাংসোঽবুধো জনাঃ॥

ব্যাখ্যা। [যে] জনাঃ অবিদ্বাংসঃ (আত্মজ্ঞানরহিতাঃ)

অবুধঃ (সামান্যেন অজ্ঞাঃ) [চ, ভবন্তি], তে প্রেত্য (মৃত্বা) অন্ধেন (অদর্শনলক্ষণেন) তমসা আবৃতাঃ (ব্যাপ্তাঃ), তে (প্রসিদ্ধাঃ) অনন্দাঃ (অসুখাঃ) নাম লোকাঃ [সন্তি], তান্ (লোকান্) অভিগচ্ছন্তি (অভিযন্তি)।

অনুবাদ। যে সকল লোক আত্মজ্ঞান-শূন্য এবং সাধারণ জ্ঞানাভাববশতঃ অজ্ঞ বলিয়া পরিচিত, তাহাদের মৃত্যুর পর এইরূপ অদর্শনীয় গাঢ় অন্ধকারাবৃত যে অনন্দ (অসুখ-দায়ক) স্থান আছে; সেই সকল স্থানে তাহারা গমন করিয়া থাকে

১২। আত্মানং চেদ্বিজানীয়াদয়মস্মীতি পুরুষঃ।
কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেৎ॥

ব্যাখ্যা। চেৎ (যদি) পুরুষঃ (জীবঃ) আত্মানম্ "অয়ম্ অস্মি" (নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বরূপঃ যঃ পরমাত্মা, সঃ অহম্ অস্মি) ইতি (এবং) বিজানীয়াৎ; [তর্হি, সঃ] কিম্ ইচ্ছন্ স্বরূপব্যতিরিক্তপদার্থান্তরস্যাভাবাৎ কিং কাময়ন্), কস্য (স্বরূপব্যতিরিক্তস্য, [বা] কামায় (প্রয়োজনায়) শরীরম্ অনু (লক্ষীকৃত্য) সং জ্বরেৎ (তপ্যেত) [ন তপ্যেত ইত্যর্থঃ]

অনুবাদ। যদি পুরুষ (জীবাত্মা) ইহা অবগত হইতে পারেন যে, আমি এই নিত্যশুদ্ধ বুদ্ধ মুক্ত পরমাত্মা হইতে পৃথক্ নহি; তাহা হইলে, উক্ত পুরুষ, স্বরূপব্যতীত কোন পদার্থের সত্তা নাই জানিয়া কোন্ পদার্থের জন্য অভিলাষী হইবেন এবং কাহারই বা প্রয়োজন সিদ্ধির নিমিত্ত শরীরকে সন্তপ্ত করিবেন?

১৩। যস্যানুবিত্তঃ প্রতিবুদ্ধ আত্মাঽস্মিন্ সন্দেহ্যে গহনে প্রবিষ্টঃ। স বিশ্বকৃৎ স হি সর্বস্য কর্তা তস্য লোকঃ স উ লোক এব॥

ব্যাখ্যা। অস্মিন্ গহনে (অনেকানর্থসঙ্কটোপচয়ে) সন্দেহ্যে (সন্দেহযুক্তে দেহে) প্রবিষ্টঃ আত্মা যস্য (ব্রাহ্মণস্য) [প্রতিবোধেন] অনুবিত্তঃ (পরিজ্ঞাতঃ). [অহং পরমাত্মস্বরূপোঽস্মীত্যেবম্] প্রতিবুদ্ধঃ [চ ভবতি]; সঃ (আত্মতত্ত্বজ্ঞঃ) বিশ্বকৃৎ (জগতঃ কর্ত্তা); হি (যস্মাৎ) সঃ সর্বস্য (জগতঃ) কর্ত্তা; [ন কেবলং সঃ বিশ্বকৃৎ, অপিচ] তস্য লোকঃ (সর্বঃ আত্মা), সঃ উ (স অপি) [সর্বস্য] লোকঃ (আত্মা) এব [ভবতি]।

অনুবাদ। বহু অনর্থযুক্ত এবং নানাবিধ সংশয়াস্পদ দেহে প্রবিষ্ট আত্মাকে যিনি স্বীয় জ্ঞান-বলে পরিজ্ঞাত হইয়াছেন এবং আমিই সেই পরমাত্মা এইরূপে প্রত্যক্ষ করিতে পারিয়াছেন, তিনিই বিশ্বকর্ত্তা-সংজ্ঞায় অভিহিত, কারণ তিনি পরমাত্মার সহিত অভিন্ন হইয়াছেন বলিয়া সকলের কর্ত্তা; [কেবল তাহা নহে] সমস্ত লোক (আত্মা) তাহা হইতে অভিন্ন, তিনিও সকল লোক হইতে অভিন্ন।

১৪। ইহৈব সন্তোহথ বিদ্মস্তদ্বয়ং ন চেদবেদী-র্মহতী বিনষ্টিঃ। যে তদ্বিদুরমৃতাস্তে ভবন্ত্যথেতরে দুঃখমেবাপিযন্তি ॥

ব্যাখ্যা। ইহ (অস্মিন্ অনর্থসঙ্কুলে দেহে) এব সন্তঃ (বিদ্যমানাঃ) বয়ং [কথঞ্চিৎ কিঞ্চিৎ] তৎ (ব্রহ্মতত্ত্বং) বিদ্মঃ (বিজানীমঃ), অথ চেৎ (যদি) ন [বিদ্মঃ, তদা] অবেদিঃ (ব্রহ্মজ্ঞানরহিতঃ) [অহং স্যামিতি শেষঃ ; তেন কিং স্যাদিত্যাহ]—মহতী (অনন্তপরিণামা) বিনষ্টিঃ (বিনাশনং) [ভবেৎ ; ন কদাপি জন্ম-মরণলক্ষণঃ বিনাশঃ দূরীভবতি ইত্যর্থঃ]। যে (খলু) এতদ্ (ব্রহ্ম) বিদুঃ (জানন্তি), তে

অমৃতাঃ (মুক্তাঃ) ভবন্তি ; অথ [পুনঃ] ইতরে (অজ্ঞানিনঃ) দুঃখম্ এব অপিযন্তি (প্রাপ্নুবন্তি).

অনুবাদ। আমরা এই অনর্থময় দেহে বিদ্যমান থাকিয়া কোনরূপে সেই আত্মতত্ত্ব বিদিত হইয়া থাকি ; যদি উক্ত তত্ত্ব অবগত হইতে না পারিতাম, তবে তদ্বিষয়ে জ্ঞানশূন্য হইতাম। তাহার ফলে, জন্ম-মৃত্যুর হাত হইতে কখনও নিস্তার পাইতাম না। যাঁহারা এই ব্রহ্মকে জানেন, তাঁহারা অমৃতত্ব লাভ করেন ; আর যাহারা তাঁহাকে জানে না, তাহারা চিরকাল দুঃখ ভোগ করিয়া থাকে।

১৫। যদৈতমনুপশ্যত্যাত্মানং দেবমঞ্জসা
ঈশানং ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে ॥

ব্যাখ্যা। যদা (যস্মিন্ কালে) [যঃ] এতম্ (প্রসিদ্ধম্) দেবং (দ্যোতনাবন্তং) ভূতভব্যস্য (কালত্রয়স্য) ঈশানম্ (স্বামিনম্) আত্মানম্ (পরমাত্মানম্) অঞ্জসা (সাক্ষাৎ) অনুপশ্যতি, [সঃ] ততঃ (তস্মাৎ পরমাত্মনঃ ভেদাভাবাদিত্যর্থঃ) ।

অনুবাদ। যে সময় মুক্তিকামী ব্যক্তি

ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান এই ত্রিকালস্থিত পদার্থ-সকলের স্বামী স্বপ্রকাশস্বরূপ আত্মাকে সাক্ষাৎ করিতে পারেন ; সেই সময় তিনি আর সেই পরমেশ্বর হইতে আত্মগোপন করিতে ইচ্ছা করেন না অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তি পরমাত্মা হইতে অভিন্ন হন বলিয়া স্বীয় ব্রহ্মভাব গোপন করিতে পারেন না।

১৬। যস্মাদর্বাক্ সংবৎসরোঽহোভিঃ পরিবর্ত্ততে।
তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেঽমৃতম্ ॥

ব্যাখ্যা। যস্মাৎ (ঈশানাৎ) অর্বাক্ (অধস্তাৎ) সংবৎসরঃ (কালাত্মা) অহোভিঃ (স্বাবয়বৈঃ অহোরাত্রৈঃ) পরিবর্ত্ততে (সর্বস্য জন্মশীলস্য পরিচ্ছেত্তা ভূত্বা বিদ্যতে); দেবাঃ (দেবগণাঃ) জ্যোতিষাং (আদিত্যাদীনাং) জ্যোতিঃ (প্রকাশকং) তৎ (তম্ ঈশানম্) আয়ুঃ (পরমায়ুঃ) অমৃতম্ [ইতি চ] উপাসতে [আয়ুর্গুণেন আয়ুষ্কামেন ব্রহ্ম উপাস্যমিত্যর্থঃ]।

অনুবাদ। সংবৎসরাত্মক কাল দিবারাত্রি-রূপ অবয়ব দ্বারা সমস্ত জননশীল পদার্থের বিভিন্ন-কারী হইয়াও যে পরমেশ্বরের নিম্নে বিদ্যমান আছেন,

দেবগণ সেই জ্যোতির্ম্ময় আদিত্যাদি দেবগণের প্রকাশক পরমাত্মাকে আয়ুঃ ও অমৃতগুণযোগে উপাসনা করেন; [অতএব আয়ুষ্কামী ব্যক্তি আয়ুর্গুণ-যোগে ব্রহ্মের উপাসনা করিবে]।

১৭। যস্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চ প্রতিষ্ঠিতঃ। তমেব মন্য আত্মানং বিদ্বান্ ব্রহ্মামৃতোঽমৃতম্॥

ব্যখ্যা। যস্মিন্ (পরমাত্মনি) পঞ্চজনাঃ (পঞ্চজন-সংজ্ঞকাঃ দেবগন্ধর্বপিতৃসুররক্ষাংসি) পঞ্চ [অব্যাকৃতাখ্যঃ] আকাশঃ চ প্রতিষ্ঠিতঃ; তম্ এব আত্মানম্ অমৃতং ব্রহ্ম মন্যে, [তমেব] বিদ্বান্ (জানন্) [অহম্] অমৃতঃ [ভবামি ইতি শেষঃ]।

অনুবাদ। যে পরমাত্মায় পঞ্চজনসংজ্ঞক দেবতা, গন্ধর্ব্ব, অসুর, রাক্ষস এবং পিতৃগণ এই পঞ্চ দেবযোনি এবং আকাশ প্রতিষ্ঠিত আছে; আমি তাঁহাকেই অমৃত ব্রহ্ম বলিয়া মনে করি। তাঁহাকে জানিয়াই আমি অমৃতত্ব লাভ করিয়াছি।

১৮। প্রাণস্য প্রাণমুত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য

শ্রোত্রং মনসো যে মনো বিদুঃ। তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্যম্ ॥

ব্যাখ্যা। যে (উপাসকাঃ) প্রাণস্য (পঞ্চবৃত্ত্যাত্মকস্য) প্রাণম্ (স্থিতিকারণম্), উত (অপি) চক্ষুষঃ চক্ষুঃ (অবভাসকম্), উত শ্রোত্রস্য শ্রোত্রম্ (শ্রবণব্যাপারনিষ্পাদকম্), মনসঃ মনঃ (সঙ্কল্পবিকল্পশক্তিপ্রদায়কম্) [আত্মানম্] বিদুঃ (জানন্তি), তে (ব্রহ্মবিদঃ) পুরাণম্ (চিরন্তনম্) অগ্রম্ (অগ্রে ভবম্ আদিমং) ব্রহ্ম নিচিক্যুঃ (নিশ্চয়েন জ্ঞাতবন্তঃ)।

অনুবাদ। যে উপাসকগণ, প্রাণের প্রাণ (প্রাণাদি পঞ্চ বায়ুর স্থিতিকারণ,) চক্ষুর চক্ষু (চক্ষুরিন্দ্রিয়ের প্রকাশক), শ্রোত্রের শ্রোত্র (শ্রবণেন্দ্রিয়ের শ্রবণব্যাপারনিষ্পাদক) এবং মনের মনঃ (অন্তঃকরণের সঙ্কল্পবিকল্পাদিশক্তিপ্রদায়ক) সেই আত্মাকে জানেন, তাঁহারা নিত্য এবং অনাদি ব্রহ্মকে নিশ্চিত রূপে অবগত হইতে পারেন।

১৯। মনসৈবানুদ্রষ্টব্যং নেহ নানাস্তি কিঞ্চন। মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি ॥

ব্যাখ্যা। মনসা (পরমার্থজ্ঞানসংস্কৃতেন অন্তঃকরণেন)

এব [তদ্ ব্রহ্ম] অনুদ্রষ্টব্যম ; ইহ (দর্শনবিষয়ে ব্রহ্মণি) নানা (বিভিন্নম্) কিঞ্চন (কিঞ্চিদপি) ন অস্তি। যঃ (জনঃ) ইহ (দর্শনবিষয়ে ব্রহ্মণি) নানা (বিভিন্নম্) ইহ [পরিদৃশ্যমানঃ বস্তু] পশ্যতি ; সঃ (জনঃ) মৃত্যোঃ (মরণাৎ) মৃত্যুঃ (মরণম্) আপ্নোতি [পুনঃ পুনঃ মরণং প্রাপ্নোতীত্যর্থঃ] ॥

অনুবাদ। পরমার্থজ্ঞানসংস্কৃত মনের সাহায্যেই বিশুদ্ধ পরমাত্ম-দর্শন করিবে ; ইহা হইতে ভিন্ন পদার্থের কোনই অস্তিত্ব নাই ; সুতরাং যিনি দৃশ্যমান পদার্থসকলকে ব্রহ্মাতিরিক্ত বলিয়া দর্শন করেন ; তিনি পুনঃ পুনঃ মরণ-প্রবাহে পতিত হন।

২০। একধৈবানুদ্রষ্টব্যমেতদপ্রমেয়ং ধ্রুবম্ ॥ বিরজঃ পর আকাশাদজ আত্মা মহান্ ধ্রুবঃ ॥

ব্যাখ্যা। অপ্রমেয়ং (প্রমাণাস্তরাগম্যং ব্রহ্ম) ধ্রুবং (নিত্যং) ; এতদ্ (নিত্যং ব্রহ্ম) একধৈব (একেনৈব বিজ্ঞানঘনৈকরসপ্রকারেণ) অনুদ্রষ্টব্যম্ (সাক্ষাৎকর্ত্তব্যম্)। [ইদানীং ব্রহ্মণঃ স্বরূপমাহ] আত্মা (পরমাত্মা) বিরজঃ (ধর্মাধর্মাদিমলরহিতঃ), আকাশাৎ (সূক্ষ্মাকাশাৎ) পরঃ (অতিশয়েন সূক্ষ্মঃ), অজঃ (জন্মরহিতঃ), [সর্বস্মাৎ] মহান্ (মহত্তরঃ), ধ্রুবঃ (অবিনাশী) [চ ভবতি]।

অনুবাদ। যিনি সর্ব্ব প্রমাণের অগম্য কূটস্থনিত্য; এই অবিনাশী আত্মাকে কেবল বিজ্ঞানাত্মস্বরূপেই অবলোকন করিবে; তিনি ধর্ম্মাধর্ম্মাদিরূপ মলরহিত বলিয়া সর্ব্বাপেক্ষা মহৎ, সূক্ষ্ম আকাশ হইতে সূক্ষ্ম বলিয়া পরম সূক্ষ্ম, অবিকারী বলিয়া ধ্রুব অর্থাৎ কূটস্থনিত্য॥

২১। তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত ব্রাহ্মণঃ॥ নানুধ্যায়াদ্বহূঞ্ছব্দান্ বাচো বিগ্লাপনং হি তদিতি॥

ব্যাখ্যা। ধীরঃ (ধীমান্) ব্রাহ্মণঃ তম্ (আত্মানম্) এব বিজ্ঞায় (শাস্ত্রাচার্য্যোপদেশতঃ বিশেষেণ অবগম্য) প্রজ্ঞায় (জিজ্ঞাসাপরিসমাপ্তিকরীং বিজ্ঞপ্তিং) কুর্বীত; [তদানীং] বহূন্ শব্দান্ (তর্কবিতর্ক-প্রতিপাদকানি বাক্যানি) ন অনুধ্যায়াৎ (ন অনুচিন্তয়েৎ); হি (যতঃ) তদ্ (তর্কবিতর্কপ্রতিপাদকশব্দাভিধ্যানং) বাচঃ (বাগিন্দ্রিয়স্য) বিগ্লাপনম্ (বিশেষেণ গ্লানিকরম্) [নতু প্রজ্ঞায়াঃ অনুকূলম্ ইত্যর্থঃ]॥

অনুবাদ। বুদ্ধিমান্ ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি, শাস্ত্র এবং আচার্য্যের উপদেশ অনুসারে আত্মাকে অবগত

হইয়া, তদ্বিষয়ে প্রজ্ঞালাভ করিবেন অর্থাৎ জিজ্ঞাসিত বিষয়ে পুনরায় জিজ্ঞাসা করিতে না হয়, এইরূপ জ্ঞান লাভ করিবেন। গুরু যখন শাস্ত্রোপদেশ প্রদান করিবেন, তখন বহুশব্দ প্রয়োগ করিবেন না অর্থাৎ তর্ক বিতর্ক করিবে না; কারণ তাহা দ্বারা কেবল বাগিন্দ্রিয়ের গ্লানিই হয় মাত্র; [বাস্তবিক কোন ফলোদয় হয় না]

২২। স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু য এষোঽন্তর্হৃদয় আকাশস্তস্মিঞ্ছেতে সর্বস্য বশী সর্বস্যেশানঃ সর্বস্যাধিপতিঃ স ন সাধুনা কর্মণা ভূয়ান্নো এবাসাধুনা কনীয়ানেষ সর্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্বিধরণ এষাং লোকানামসম্ভেদায় তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাঽনাশকেনৈতমেব বিদিত্বা মুনির্ভবতি এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি এতদ্ধ স্ম বৈ তৎ পূর্বে বিদ্বাংসঃ প্রজাং ন কাময়ন্তে কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মাঽয়ং লোক ইতি তে হ স্ম পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ

লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্যং চরন্তি যা হ্যেব পুত্রৈষণা সা বিত্তৈষণা যা বিত্তৈষণা সা লোকৈষণোভে হ্যেতে এষণে এব ভবতঃ। স এষ নেতি নেত্যাত্মাহগৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্যো ন হি শীর্যতেঽসঙ্গো ন হি সজ্যতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যত্যেতমু হৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরবমিত্যতঃ কল্যাণমকরবমিত্যুভে উ হৈবৈষ এতে তরতি নৈনং কৃতাকৃতে তপতঃ॥

ব্যাখ্যা। সঃ (প্রসিদ্ধঃ) বৈ (এব) এষঃ মহান্ অজঃ আত্মা ; প্রাণেষু (ইন্দ্রিয়াদিষু) যঃ অয়ং বিজ্ঞানময়ঃ (বুদ্ধিবিজ্ঞানময়ঃ) [ইব প্রোক্তঃ] অন্তর্হৃদয়ে (হৃদয়পুণ্ডরীকমধ্যে) যঃ প্রকৃতঃ) এষঃ আকাশঃ (বুদ্ধিবিজ্ঞানসংশ্রয়ঃ) [আত্মা] [সঃ] সর্বস্য বশী (সর্ববশকারকঃ), সর্বস্য ঈশানঃ (সর্বেশ্বরঃ), সর্বস্য অধিপতিঃ (সর্বপালকঃ) [চ ভবতি] ; তস্মিন্ (আকাশাখ্যে আত্মনি) [নিরুপাধিকঃ বিজ্ঞানময়স্য স্বস্বভাবঃ পরমাত্মা] শেতে (তিষ্ঠতে)। সঃ (আত্মা) সাধুনা (উৎকৃষ্টেন) কর্মণা ভূয়ান্ (অধিকঃ) ন [ভবতি] ; অসাধুনা (পাপজনকেন) কর্মণা নো এব (নৈব) কনীয়ান্ (অল্পতরঃ) :[ভবতি, পূর্বাবস্থাতঃ ন হীয়তে ইত্যর্থঃ]।

এষঃ (আত্মা) সর্বেশ্বরঃ, এষঃ ভূতাধিপতিঃ (ভূতানাং রক্ষিতা), এষঃ ভূতপালঃ (ভূতানাং পালয়িতা), এষঃ (আত্মা) এষাং লোকানাম্ (ভূরাদীনাম) অসম্ভেদায় (অসম্ভিন্নমর্য্যাদায়ৈঃ) বিধারণঃ .(বিধারকঃ) সেতুঃ (সেতুবৎ-ভেদকা)[ভূরাদি-ত্রিলোকানাং, তত্র স্থিতানাং জীবনাঞ্চ স্থান-পার্থক্যস্য কর্মফলস্য চ অমিশ্রণায় বিধারকসেতুবদ্ ভেদকা ভবতীত্যর্থঃ]। ব্রাহ্মণাঃ (ব্রহ্মনিষ্ঠাঃ) তম্ এতম্ (আত্মানম্) বেদানুবচনেন (বেদাধ্যয়নেন) বিবিদিষন্তি (বেদিতুমিচ্ছন্তি); [কথং বিবিদিষন্তি ইত্যত: আহ]—[বেদোক্তেন] যজ্ঞেন, দানেন, অনাশকেন (কামনানাশকেন) তপসা (চান্দ্রায়ণাদিনা) [চ বিবিদিষন্তি] ; এতম্ (আত্মানম্) এব বিদিত্বা (জ্ঞাত্বা) মুনিঃ ভবতি। প্রব্রাজিনঃ (প্রব্রজনশীলাঃ) এত-মেব লোকম্ (আত্মানম্) ইচ্ছন্তঃ প্রব্রজন্তি (প্রকর্ষেণ ব্রজন্তি, সর্বাণি কর্মাণি সন্ন্যস্যন্তি ইত্যর্থঃ)। [অত্র অর্থবাদবাক্যরূপেণ হেতুমাহ]—এতদ্ হ স্ম বৈ (এতৎ কিল) [প্রব্রজ্যাগ্রহণে কারণং ভবতি ; যৎ] পূর্বে (পূর্বতনাঃ) বিদ্বাংসঃ [এবং মন্যন্তে স্ম] যেষাং (পরমার্থদর্শিনাং) [চ] নঃ (অস্মাকম্) অয়ম্ আত্মা (অশনায়াদিবিনির্মুক্তঃ) অয়ং লোকঃ (ফলরূপঃ) ইতি ; [তে বয়ং] প্রজয়া (সন্তানেন) কিং করিষ্যামঃ, [ইতি তে] প্রজাং ন কাময়ন্তে (ন ইচ্ছন্তি)। তে (বিদ্বাংসঃ) হ স্ম (কিল) পুত্রৈষণায়াঃ (পুত্রবাসনায়াঃ) চ, বিত্তৈ-

ষণায়াঃ চ, লোকৈষণায়াঃ চ ব্যুত্থায় (বিশেষেণ উত্থায়) অথ (অনন্তরম্) ভিক্ষাচর্য্যং চরন্তি (সন্ন্যাসাশ্রয়ং কুর্বন্তি)। যা হি (এব) পুত্রৈষণা, সা এব বিত্তৈষণা; যা বিত্তৈষণা, সা লোকৈষণা; হি (যতঃ) এতে উভে এব এষণে (পুত্রলোকৈষণে) [ভবতঃ, ন তু অতিরিক্তা কাচিদস্তি ইত্যর্থঃ]। নেতি নেতি [ইতি নিষেধমুখেন যঃ অনিষেধ্যঃ] সঃ এষঃ আত্মা অগৃহ্য (ইন্দ্রিয়গ্রহণাযোগ্যঃ) [অতএব] ন হি গৃহ্যতে; অশীর্য্যঃ (শীর্ণতাপ্রাপ্তেরযোগ্যঃ), [অতএব] ন হি শীর্য্যতে (শীর্ণঃ ভবতি); [যতঃ চ সঃ], অসঙ্গঃ [অতঃ] ন হি সজ্যতে (কেনচিৎ লিপ্তঃ ভবতি); [যতঃ চ সঃ] অসিতঃ (অবদ্ধঃ) [অতঃ] ন ব্যথতে (ব্যথিতঃ ভবতি); [নিত্যত্বাচ্চ] ন রিষ্যতি (বিনশ্যতি)। এতে (বক্ষ্যমাণে পুণ্যপাপলক্ষণে কর্ম্মণী) এতং (আত্মজ্ঞানিনং) ন উ হ (নৈব) তরতঃ (প্রাপ্নুতঃ) এব ইতি। এষঃ (আত্মতত্ত্বজ্ঞঃ) অতঃ (অস্মাৎ শরীরধারণাদিহেতোঃ) পাপম্ অকরবম্ ইতি, অতঃ (অস্মাৎ শরীরধারণাদিহেতোঃ) কল্যাণম্ (পুণ্যং কর্ম্ম) অকরবম্ ইতি—এতে উভে হ উ (এব) তরতি (অতিক্রামতি) কৃতাকৃতে (কৃতঃ নিত্যানুষ্ঠানম্, অকৃতং তদকরণং তে কৃতাকৃতে) [অপি] এনং (আত্মতত্ত্বজ্ঞং) ন তপতঃ (অনুতপতঃ)।

অনুবাদ। প্রসিদ্ধ এই আত্মা, ব্যাপক

এবং জন্মরহিত ; ইনি ইন্দ্রিয় হইতে অন্তঃকরণপর্য্যন্ত প্রাণপদবাচ্য পদার্থে অবস্থিত থাকিয়া ভাসমান হন, তজ্জন্য বিজ্ঞানময় সংজ্ঞায় অভিহিত হইয়াছেন ; আবার ইনিই হৃৎপদ্মে অধিষ্ঠিত থাকিয়া, বুদ্ধির সহিত সম্মিলিতভাবে প্রকাশিত হন, তজ্জন্য হৃদয়াকাশনামে পরিচিত, সুতরাং ইনিই সকলের বশীকারক, সকলের অধিপতি এবং সকলের ঈশানকর্ত্তা। উক্ত আকাশাখ্য আত্মায় অভিন্নভাবে তাঁদায় স্বরূপাপন্ন নিরুপাধিক পরমাত্মা বিদ্যমান আছেন। ইনি শাস্ত্রবিহিত কর্ম্মদ্বারাও মহত্ত্ব লাভ করেন না ; আর শাস্ত্রনিষিদ্ধ কর্ম্মদ্বারাও হীনতা প্রাপ্ত হয়েন না। ইনিই সর্ব্বেশ্বর, সর্ব্বভূতাধিপতি, সর্ব্বভূতপ্রতিপালক এবং ভূরাদি ত্রিলোকের স্থানপর্য্যন্ত আর সেই সেই স্থানের প্রাণিসমূহের সংমিশ্রণ ভাবের নিবারণ করিবার জন্যই সেতুর ন্যায় বিধারকরূপে অবস্থিত আছেন। ব্রাহ্মণগণ বেদাধ্যয়ন করিয়া, বেদোক্ত যজ্ঞ, দান এবং নিষ্কাম তপস্যা দ্বারা তাঁহাকে অবগত হইতে ইচ্ছা করেন ; ইহাকে অবগত হইয়াই, লোক মুনি-সংজ্ঞায় অভিহিত

হয়েন; এই আত্মতত্ত্বলাভের জন্যই সন্ন্যাসিগণ সন্ন্যাস গ্রহণ করেন। সন্ন্যাসগ্রহণের কারণ এই যে, পূর্ব্বতন জ্ঞানীরা এইরূপ মনে করিতেন, আমরা পরমার্থদর্শী, আমাদের আত্মা অশনায়াপ্রভৃতি-বিনির্ম্মুক্ত হইয়া পরমাত্মরূপ ফল লাভ করিয়াছে, অতএব আমরা সন্ততি দ্বারা কি করিব? ইহা ভাবিয়া পুত্রাদির কামনা করিতেন না; কাজেই তাঁহারা পুত্রকামনা, বিত্তকামনা এবং স্বর্গাদি লোককামনা হইতে বিরত হইয়া একমাত্র সন্ন্যাস গ্রহণ করিয়া কৃতার্থ হইতেন। যেটি পুত্রৈষণা (পুত্রকামনা), সেইটিই বিত্তকামনা, যেটি বিত্তৈষণা সেইটিই লোকৈষণা; কারণ পুত্রৈষণা আর লোকৈষণা এই দুইটী এষণার (কামনার) মধ্যেই বিত্তৈষণা অন্তর্ভূত করা হইয়াছে; সুতরাং বিত্তৈষণা বলিয়া অতিরিক্ত এষণা নাই। "নেতি নেতি" অর্থাৎ এই পদার্থটি আত্মা নয়, এই পদার্থটি আত্মা নয়, এইরূপে নিষেধ করিতে করিতে যে পদার্থটি নিষেধের অযোগ্য হইবে, সেই অনিষেধ্য পদার্থই আত্মা, ঐ আত্মা ইন্দ্রিয়ের

অগোচর বলিয়া ইন্দ্রিয় দ্বারা গ্রহণ করা যায় না; শীর্ণতাপ্রাপ্ত হইবার অযোগ্য বলিয়া শীর্ণতা প্রাপ্ত হন না; অসঙ্গ বলিয়া কাহারও সহিত লিপ্ত হন না; অবদ্ধ বলিয়া কিছুতেই ব্যথিত হন না এবং নিত্য বলিয়া বিনষ্ট হন না। অতএব ধর্ম্ম ও অধর্ম্ম এই উভয়েই আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তিকে আশ্রয় করিতে পারে না। আর আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তিও, এই শরীরধারণের জন্য পাপ এবং পুণ্য করিয়াছি এই চিন্তা অতিক্রম করেন। কৃতাকৃত (নিত্য কর্ম্মের) অনুষ্ঠান এবং অননুষ্ঠান এই উভয়ে তাঁহাকে অনুতপ্ত করে না, অথবা কৃতাকৃত, কৃত (পূর্ব্বের সম্পাদিত পাপ-পুণ্যজনক কার্য্য) এবং অকৃত (ভাবী পাপ-পুণ্যজনক কার্য্য) করিয়াছি, পরে করিতে হইবে এইরূপ চিন্তায় তাঁহাকে সন্তপ্ত করিতে পারে না॥

২৩। তদেতদৃচাভ্যুক্তম্। এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন বর্দ্ধতে কর্ম্মণা নো কনীয়ান্। তস্যৈব স্যাৎ পদবিত্তং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাপকেনেতি তস্মাদেবংবিচ্ছান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো

ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যতি সর্বমাত্মানং পশ্যতি নৈনং পাপ্মা তরতি সর্বং পাপ্মানং তরতি নৈনং পাপ্মা তপতি সর্বং পাপ্মানং তপতি বিপাপো বিরজো বিচিকিৎসো ব্রাহ্মণো ভবত্যেষ ব্রহ্মলোকঃ সম্রাড়েনং প্রাপিতোঽসীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ সোঽহং ভগবতে বিদেহান্ দদামি মাং চাপি সহ দাস্যায়েতি ॥

ব্যাখ্যা। তৎ (প্রসিদ্ধং ব্রাহ্মণোক্তং) এতৎ (তত্ত্বম্) ঋচা (মন্ত্রেণ) [অপি দৃঢ়ীকরণায়] অভ্যুক্তম্ (প্রকাশিতম্)। ব্রাহ্মণস্য (ব্রহ্মবিদঃ) এষঃ মহিমা (মাহাত্ম্যং) নিত্যঃ; [যতঃ সঃ] কর্মণা (পুণ্যকর্মণা) ন বর্দ্ধতে; [অশুভকর্মণা চ] নো (ন) কনীয়ান্ (হীনঃ) [ভবতি]। তস্য (মহিম্নঃ) এব পদবিৎ (পদ্যতে গম্যতে জ্ঞায়তে ইতি পদং মহিম্নঃ স্বরূপং তৎ বেত্তীতি পদবিৎ) স্যাৎ (ভবেৎ); [জীবস্তু] তং (মহিমানং) বিদিত্বা (জ্ঞাত্বা) পাপকেন (ধর্মাধর্মলক্ষণেন) কর্মণা ন লিপ্যতে (ন সম্বধ্যতে) ইতি। তস্মাৎ (হেতোঃ) এবংবিৎ (আত্মমহিমা স্বরূপবিৎ) শান্তঃ (বাহ্যেন্দ্রিয়ব্যাপারাৎ বিরতঃ), দান্তঃ (অন্তঃকরণগততৃষ্ণাভ্যঃ নিবৃত্তঃ), উপরতঃ (সর্বৈষণাবিনির্মুক্তঃ সন্ন্যাসী), তিতিক্ষুঃ (শীতোষ্ণাদিদ্বন্দ্ব-সহিষ্ণুঃ), সমাহিতঃ (ইন্দ্রিয়ান্তঃকরণচাঞ্চল্যনিবৃত্তঃ একাগ্রচিত্তঃ ইত্যর্থঃ) ভূত্বা আত্মনি (দেহে) আত্মানং (প্রত্য-

গাত্মানং) পশ্যতি ; সর্বম্ (বস্তু) আত্মানম্ (আত্মনঃ অপৃথগ্ভূতং) পশ্যতি। পাপ্মা (পুণ্যপাপলক্ষণঃ) এনং (আত্মতত্ত্বজ্ঞং) ন তরতি (ন প্রাপ্নোতি) ; [অয়ং খলু] সর্বং পাপ্মানং তরতি (অতিক্রামতি) ; পাপ্মা এনং (আত্ম-তত্ত্বজ্ঞং) ন তপতি ; [আত্মতত্ত্বজ্ঞঃ তু. সর্বাত্মদর্শনবহ্নিনা] সর্বং পাপ্মানং তপতি (ভস্মীকরোতি) ; [অয়ম্] বিপাপঃ (বিগতধর্মাধর্মঃ) বিরজঃ (বিগতকামঃ), অবিচিকিৎসঃ (ছিন্নসংশয়ঃ) ব্রাহ্মণঃ (ব্রহ্মাহমিতি ব্রহ্মদর্শী) ভবতি ; এষঃ ব্রহ্মলোকঃ (ব্রহ্ম এব লোকঃ ব্রহ্মলোকঃ) [ভবতি]। [হে] সম্রাট্ ! এনং (ব্রহ্মলোকং) প্রাপিতঃ [ত্বম্] অসি ইতি হ যাজ্ঞবল্ক্যঃ উবাচ। [জনকঃ উবাচ]—সঃ (ব্রহ্মভাব-প্রাপিতঃ) অহং ভগবতে (পূজনীয়ায় ভবতে) বিদেহান্ (বিদেহাখ্যং স্থানং) দদামি, [বিদেহরাজেন] সহ দাস্যায় (দাসকার্য্যকরণায় মাং চ অপি [দদামি] ইতি।

অনুবাদ। এই বিষয়টি অতীত গ্রন্থে যেরূপ বলা হইল, ঋক্‌মন্ত্রেও তদ্রূপই উক্ত হইয়াছে। ব্রহ্মবিদ্ ব্যক্তির এই মহিমা নিত্য ; কারণ এই মহিমা শুভকর্ম্ম দ্বারা বৃদ্ধি অথবা অশুভকর্ম্ম দ্বারা হ্রাস বা হীনতা প্রাপ্ত হয় না; সুতরাং এই মহিমার

স্বরূপ অবগত হইবে। জীব এই মহিমা বিদিত হইলে ধর্ম্ম ও অধর্ম্মরূপ পাপ কর্ম্ম দ্বারা লিপ্ত হয় না। এইজন্য উক্ত পুরুষ শান্ত (সকল বাহ্যেন্দ্রিয়ব্যাপার হইতে বিরত), দান্ত (অন্তঃকরণস্থ তৃষ্ণা হইতে নিবৃত্ত), তিতিক্ষু (শীতোষ্ণাদিদ্বন্দ্ব সহিষ্ণু) এবং সমাহিত (একাগ্রচিত্ত) হইয়া এই দেহেই প্রত্যগাত্মদর্শন করেন; (আত্মদর্শন হওয়ায়) সমস্ত পদার্থই আত্মস্বরূপে প্রতিভাত বলিয়া অবধারণ করেন। পাপ অথবা পুণ্য আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তিকে আশ্রয় করে না; পরন্তু ইনি সমস্ত পাপ এবং পুণ্যকে অতিক্রম করিয়া থাকেন। কোন পাপকর্ম্ম ইহাকে বিচলিত করিতে পারে না; পরন্তু ইনি সমস্ত পাপকে ভস্মীভূত করেন। ধর্ম্মাধর্ম্মবিরহিত ব্রহ্মবিদ্ ব্যক্তি কামনাবিবর্জ্জিত হইয়া সমস্ত সংশয় ছেদন করেন; এইজন্য ইনি ব্রহ্মলোক বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। যাজ্ঞবল্ক্য বলিলেন—হে সম্রাট্! তুমি আমাকর্ত্তৃক উপদিষ্ট ব্রহ্মলোক প্রাপ্ত হইয়াছ। জনক বলিলেন—হে ভগবন্! আমি আপনার দ্বারা ব্রহ্মভাব লাভ

করিয়াছি বলিয়া আপনাকে সকল বিদেহরাজ্য দান করিতেছি এবং আপনার দাসত্ব করিবার জন্য আমাকেও প্রদান করিতেছি।

২৪। স বা এষ মহানজ আত্মাঽন্নাদো বসুদানো বিন্দতে বসু য এবং বেদ ॥

ব্যাখ্যা। [যঃ অয়ং জনকযাজ্ঞবল্ক্যাখ্যায়িকায়া আখ্যাতঃ] সঃ বৈ (এব) এষঃ (অধিকৃতঃ) মহান্ আত্মা, অজঃ (জন্ম-রহিতঃ), অন্নাদঃ (সর্ব্বেষাম্ অন্নানাম্ অত্তা), বসুদানঃ (বসু ধনং সর্ব্বপ্রাণিকর্ম্মফলরূপং তস্য দাতা) ; যঃ (জনঃ) এবম্ (উক্তগুণযোগেন) [আত্মানং] বেদ (জানাতি) ; [সঃ] বসু (কর্ম্মফলজাতম্) বিন্দতে (লভতে) [সর্ব্বাত্মত্বাদিতি ভাবঃ]।

অনুবাদ। [জনক-যাজ্ঞবল্ক্য সংবাদে, যে আত্মার বিষয় বলা হইয়াছে] সেই সর্ব্বব্যাপক আত্মা জন্মরহিত হইয়াও সর্ব্ব প্রাণীর হৃদয়ে অবস্থিত থাকিয়া অন্নসমুদায়ের ভোক্তা এবং সকল প্রাণীর কর্ম্মফলরূপ ধনদাতা। যিনি ইঁহাকে উক্তরূপে অবগত হয়েন ; তিনিও সমুদায় অন্নের ভোক্তা এবং সমুদায় কর্ম্মফলপ্রদাতা হন।

২৫। স বা এষ মহানজ আত্মাজরোঽমরো-ঽমৃতোঽভয়ো ব্রহ্মাভয়ং বৈ ব্রহ্মাভয়ꣳ হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদ ॥

ইতি চতুর্থে অধ্যায়ে চতুর্থং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। সঃ বৈ (এব) এষঃ (অধিকৃতঃ) মহান্ আত্মা অজরঃ (ন জীর্য্যতে ন বিপরিণমতে ইতি অজরঃ পরিণাম-বিহীনঃ), অমরঃ (ন ম্রিয়তে ইতি অমরঃ মরণরহিতঃ), [অতএব] অমৃতঃ (নিত্যঃ), [জন্মমৃত্যুপ্রভৃতিভিঃ ভাব-বিকারৈঃ, তৎকৃতৈঃ চ কামকর্ম্মমোহাদিভিঃ বিবর্জ্জিতঃ, অতঃ] অভয়ঃ (ভয়বর্জ্জিতঃ) [ভবতি, অয়ম্ আত্মা] বৈ (এব) অভয়ম্ (ভয়ম্ অবিদ্যাকার্য্যং তদ্রহিতং) ব্রহ্ম [ভবতি] হি (যতঃ) [অস্মিন্ লোকে] অভয়ং ব্রহ্ম [ইতি প্রসিদ্ধিঃ অস্তি, অতঃ উক্তগুণবিশিষ্টঃ আত্মা এব ব্রহ্ম ভবতি]। যঃ (জনঃ) এবম্ (উক্তগুণযোগেন) [আত্মানং] বেদ (জানাতি), [সঃ] ব্রহ্ম বৈ (এব) ভবতি।

অনুবাদ। সেই সর্ব্বব্যাপী আত্মা, জরা এবং মরণরহিত বলিয়া নিত্য; অবিদ্যাকার্য্য কাম-মোহাদিবিরহিত বলিয়া অভয়; সুতরাং এই আত্মাই অভয় অর্থাৎ অবিদ্যা, কামাদিজনিত সুখ, দুঃখ,

জন্মমৃত্যুপ্রভৃতি সমুদ্ভূত ভয়বিরহিত ব্রহ্ম, ইহ-লোকে "অভয় ব্রহ্ম" এই প্রসিদ্ধি আছে বলিয়া উক্ত গুণযুক্ত আত্মাই ব্রহ্ম। যিনি আত্মাকে উক্ত গুণ-যুক্ত বলিয়া জানেন, তিনি অভয় ব্রহ্মপদ লাভ করিয়া থাকেন।

চতুর্থাধ্যায়ে চতুর্থব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

পঞ্চমং ব্রাহ্মণম্।

১। অথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্য্যে বভূবতুর্মৈ-ত্রেয়ী চ কাত্যায়নী চ তয়োর্হ মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী বভূব স্ত্রীপ্রজ্ঞৈব তর্হি কাত্যায়ন্যথ হ যাজ্ঞবল্ক্যোঽন্যদ্-বৃত্তমুপাকরিষ্যন্॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) (হ) প্রসিদ্ধৌ যাজ্ঞবল্ক্যস্য মৈত্রেয়ী চ কাত্যায়নী চ দ্বে ভার্য্যে) সহধর্ম্মিণ্যৌ (বভূবতুঃ; তয়োঃ) পত্ন্যোঃ মধ্যে) মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী হ বভূব, তর্হি (তস্মিন্ কালে) কাত্যায়নী স্ত্রীপ্রজ্ঞা (স্ত্রীজনোচিতবিষয়-বিজ্ঞানসম্পন্না) এব [বভূব]। অথ (এবং সতি) হ (কিল) যাজ্ঞবল্ক্যঃ অন্যৎ (পূর্ব্বস্মাৎ গার্হস্থ্যলক্ষণাৎ ধর্ম্মাৎ অপরং

বৃত্তং (পারিব্রাজ্যলক্ষণম্) উপাকরিষ্যন্ (উপাচিকীর্ষুঃ সন্)।

অনুবাদ। ঋষিশ্রেষ্ঠ যাজ্ঞবল্ক্যের মৈত্রেয়ী এবং কাত্যায়নী নামে দুইটি পত্নী ছিলেন; তাঁহাদের মধ্যে মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী আর কাত্যায়নী সাধারণ স্ত্রীর ন্যায় বিষয়জ্ঞানসম্পন্না ছিলেন। তজ্জন্য যাজ্ঞবল্ক্য গার্হস্থ্যাশ্রম পরিত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম গ্রহণ করিবার অভিলাষে—

২। মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ প্রব্রজিষ্যন্ বা অরেঽহমস্মাৎ স্থানাদস্মি হন্ত তেঽনয়া কাত্যায়ন্যান্তং করবাণীতি ॥

ব্যাখ্যা। যাজ্ঞবল্ক্যঃ [হে] মৈত্রেয়ি! [সম্বোধ্য] উবাচ হ (কিল) অরে [মৈত্রেয়ি!] অহম্ অস্মাৎ (গার্হস্থ্যাৎ) স্থানাৎ (আশ্রমাৎ) প্রব্রজিষ্যন্ (সন্ন্যাসং গ্রহীষ্যন্) বৈ (এব) অস্মি (ভবামি)। হন্ত আশংসায়াম্ [যদি ইচ্ছাসি, তর্হি] অনয়া কাত্যায়ন্যা তে (তব) অন্তং (বিভাগং) করবাণি ইতি।

অনুবাদ। মৈত্রেয়ীকে সম্বোধন করিয়া

বলিলেন—অয়ি মৈত্রেয়ি! আমি এই গার্হস্থ্যাশ্রম ত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম গ্রহণ করিব। যদি ইচ্ছা কর, তবে আমি তোমাকে কাত্যায়নীর সহিত বিচ্ছিন্ন করিয়া দিতে ইচ্ছা করি।

৩। সা হোবাচ মৈত্রেয়ী যন্নু ম ইয়ং ভগোঃ সর্ব্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ স্যাং ন্বহং তেনামৃতাহ-হো৩নেতি নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যথৈবোপকরণ-বতাং জীবিতং তথৈব তে জীবিতং স্যাদমৃতত্বস্য তু নাশাস্তি বিত্তেনেতি ॥

ব্যাখ্যা। সা মৈত্রেয়ী উবাচ হ—[হে] ভগোঃ (হে ভগ-বন্)! নু (প্রশ্নে) যৎ যদি (মে) মম বিত্তেন (ধনেন) ইয়ং সর্ব্বা পৃথিবী পূর্ণা স্যাৎ ; নু (হে ভগবন্) অহং তেন (বিত্তেন) অমৃতা (মরণরহিতা) [সতী বিমুক্তা] স্যাম্ (ভবেয়ম্) ? [অথবা] ন [অমৃতা স্যাম্] ? ইতি ; যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ—ন [অমৃতা ভবেঃ] ইতি ; [কিন্তু] উপকরণবতাং (ভোগসাধনযুক্তানাং) জীবিতম্ (জীবনম্) যথা এব ভবতি] ; তথা এব তে (তব) জীবিতং স্যাৎ ; তু (কিন্তু) [বিত্তেন (ধনেন) অমৃতত্বস্য (মোক্ষস্য) আশা [অপি] ন অস্তি [কা বার্ত্তা তল্লাভস্য] ইতি।

অনুবাদ। মৈত্রেয়ী বলিলেন—হে ভগবন্! যদি আমার ধন দ্বারা এই সমগ্র পৃথিবী পরিপূর্ণা হয়, তাহা হইলে আমি কি তাহাতে মুক্তিলাভ করিতে পারিব? যাজ্ঞবল্ক্য বলিলেন—না, মুক্তিলাভ করিতে পারিবে না; কিন্তু নানাবিধভোগী ব্যক্তিদের জীবন যেরূপ সুখময়, তোমারও সেইরূপ হইতে পারে; কিন্তু ধন দ্বারা মুক্তিলাভ করা ত দূরের কথা, তদ্দ্বারা মুক্তিলাভের আশাও করিতে পার না।

৪। সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাং যদেব ভগবান্ বেদ তদেব মে ব্রূহীতি ॥

ব্যাখ্যা। সা মৈত্রেয়ী হ উবাচ—অহং যেন (প্রবিত্তেন) অমৃতা (মৃত্যুরহিতা) ন স্যাম্, অহং তেন (ধনেন) কিং কুর্য্যাম্ [ন কিমপি কুর্য্যামিতি ভাবঃ]; ভগবান্ (পূজনীয়ঃ ত্বম্) যদ্ এব [অমৃতত্বসাধনরূপেণ] বেদ (জানাসি) তদ্ এব মে (মহ্যম্) ব্রূহি (কথয়) ইতি।

অনুবাদ। [তাহা শুনিয়া] মৈত্রেয়ী বলিলেন—[হে ভগবন্] আমি যাহা দ্বারা মুক্তি-

লাভ করিতে পারিব না ; সেই ধন লইয়া কি করিব ? আপনি যাহা অমৃতত্বের সাধন বলিয়া জানেন, দয়া-করিয়া তাহাই আমার নিকট বলুন।

৫। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ প্রিয়া বৈ খলু নো ভবতী সতী প্রিয়মবৃধৎ হন্ত তর্হি ভবত্যেতদ্ব্যাখ্যাস্যামি তে ব্যাচক্ষাণস্য তু মে নিদিধ্যাসস্বেতি॥

ব্যাখ্যা। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ—[হে মৈত্রেয়ি !] ভবতী নঃ (অস্মাকম্) প্রিয়া (প্রণয়িণী) বৈ খলু (অবশ্যমেব) [ইতঃপ্রাক্] সতী (ভবন্তী) প্রিয়ম্ (আনন্দম্) অবৃধৎ (বর্দ্ধিতবতী) [অসি ত্বম্]। হন্ত (আনন্দে) [হে] ভবতি ! তর্হি (ততঃ হেতোঃ) তে (তুভ্যম্) এতৎ (অমৃতত্বসাধনং) ব্যাখ্যাস্যামি (কথয়িষ্যামি) ; তু (কিন্তু) ব্যাচক্ষাণস্য (ব্যাখ্যাকারিণঃ) মে (মম) [বাক্যে] নিদিধ্যাসস্ব (নিদি-ধ্যাসনং কুরু) ইতি।

অনুবাদ। [মৈত্রেয়ীর কথা শুনিয়া] যাজ্ঞবল্ক্য বলিলেন—হে মৈত্রেয়ি ! তুমি পূর্ব্বে প্রিয়-তমা থাকিয়া আমার যেরূপ আনন্দ বর্দ্ধন করিতে; [এখনও তদনুরূপ প্রীতিপ্রদ বাক্যে তুষ্ট করিলে] ;

অতএব হে ভবতি! আমি আনন্দিত চিত্তে তোমার অভিলষিত মোক্ষসাধনকাহিনী বলিতেছি, একাগ্র-চিত্তে শ্রবণ কর।

৬। স হোবাচ ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবত্যাত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতি। ন বা অরে পশূনাং কামায় পশবঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় পশবঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। ন বা অরে ক্ষত্রস্য কামায় ক্ষত্রং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং

কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বেদানাং কামায় বেদাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্তু কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্তু কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্বস্য কামায় সর্বং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় সর্বং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যো মৈত্রেয়ি আত্মনি খল্বরে দৃষ্টে শ্রুতে মতে বিজ্ঞাত ইদং সর্বং বিদিতম্॥

ব্যাখ্যা। সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—অরে (হে) [মৈত্রেয়ি]! পত্যুঃ (স্বামিনঃ) কামায় (সুখায়) পতিঃ ন বৈ (ন এব) প্রিয়ঃ ভবতি; তু (কিন্তু) আত্মনঃ কামায় পতিঃ [ভার্য্যায়াঃ] প্রিয়ঃ ভবতি। [তথা] অরে [মৈত্রেয়ি!] জায়ায়ৈ [কামায় জায়া [পত্যুঃ] প্রিয়া ন বৈ ভবতি; তু আত্মনঃ কামায় জায়া [পত্যুঃ] প্রিয়া ভবতি। অরে [মৈত্রেয়ি!] পুত্রাণাং কামায় পুত্রাঃ [পিতুঃ] প্রিয়াঃ ন বৈ ভবন্তি; তু আত্মনঃ কামায় পুত্রাঃ [পিতুঃ] প্রিয়াঃ ভবন্তি; অরে [মৈত্রেয়ি]!

বিত্তস্য কামায় [ধনপ্রার্থিনঃ] বিত্তং প্রিয়ং ন বৈ ভবতি ; তু (কিন্তু) আত্মনঃ কামায় বিত্তং প্রিয়ং ভবতি। অরে [মৈত্রেয়ি]! পশূনাং [পশুকামিনঃ] পশবঃ প্রিয়াঃ ন বৈ ভবন্তি ; তু আত্মনঃ কামায় পশবঃ প্রিয়াঃ ভবন্তি। অরে [মৈত্রেয়ি !] ব্রহ্মণঃ কামায় [জ্ঞানার্থিনঃ] ব্রহ্ম প্রিয়ং ন বৈ ভবতি ; তু আত্মনঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। অরে [মৈত্রেয়ি !] ক্ষত্রস্য কামায় [প্রজানাং] ক্ষত্রং প্রিয়ং ন বৈ ভবতি ; তু আত্মনঃ কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। অরে [মৈত্রেয়ি !] লোকানাং কামায় [প্রাণিনাং] লোকাঃ প্রিয়া ন বৈ ভবন্তি, তু আত্মনঃ কামায় লোকাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে [মৈত্রেয়ি !] দেবানাং কামায় [প্রাণিনাং] দেবাঃ প্রিয়াঃ ন বৈ ভবন্তি ; তু আত্মনঃ কামায় দেবাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে [মৈত্রেয়ি !] বেদানাং কামায় [লোকানাং] বেদাঃ প্রিয়াঃ ন বৈ ভবন্তি, তু আত্মনঃ কামায় বেদাঃ প্রিয়াঃ ভবন্তি। অরে [মৈত্রেয়ি !] ভূতানাং (আকাশাদীনাং) কামায় [প্রাণিনাং] ভূতানি (আকাশাদীনি) প্রিয়াণি ন বৈ ভবন্তি ; তু আত্মনঃ কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। অরে [মৈত্রেয়ি]! সর্বস্য কামায় (প্রাণিনাং) সর্বং (বস্তু) প্রিয়ং ভবতি ; তু আত্মনঃ কামায় সর্বং প্রিয়ং ভবতি। অরে [মৈত্রেয়ি]! আত্মা বৈ (এব) দ্রষ্টব্যঃ (সাক্ষাৎকর্তব্যঃ), শ্রোতব্যঃ (আচার্য্যাগমাভ্যাং শ্রবণং-

বিষয়ীভূতঃ কর্ত্তব্যঃ), মন্তব্যঃ (তদনুকূলতর্কেণ মননবিষয়ীভূতঃ কর্ত্তব্যঃ) নিদিধ্যাসিতব্যঃ (একাগ্রচিত্তস্য বিষয়ীভূতঃ কর্ত্তব্যঃ) । অরে মৈত্রেয়ি ! আত্মনি দৃষ্টে (সাক্ষাৎকৃতে), শ্রুতে (শ্রবণবিষয়ীভূতে কৃতে) মতে (মননবিষয়ীভূতে কৃতে) বিজ্ঞাতে(বুদ্ধিবিজ্ঞানবিষয়ীভূতে কৃতে) [সতি] খলু ইদম্ সর্ব্বং (জগৎ) বিদিতং [ভবতি, সর্ব্বস্বরূপত্বাদাত্মনঃ] ।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বলিলেন—অয়ি মৈত্রেয়ি ! পতির সুখের নিমিত্ত পতি কখনও পত্নীর প্রিয় হন না ; কিন্তু আত্মসুখের জন্যই পতি পত্নীর প্রিয় হইয়া থাকেন । অয়ি মৈত্রেয়ি ! ভার্য্যার সুখের জন্য ভার্য্যা স্বামীর প্রিয় হয়েন না ; কিন্তু আত্মসুখের জন্যই ভার্য্যা স্বামীর প্রিয় হইয়া থাকেন । অয়ি মৈত্রেয়ি ! পুত্রের সুখের জন্য পুত্রগণ কদাচ পিতার প্রিয় হয় না ; কিন্তু আত্মসুখের জন্যই পুত্রগণ পিতার প্রিয় হইয়া থাকে । হে মৈত্রেয়ি ! ধনের প্রীতি উৎপাদন করিবার জন্য ধন লোকের প্রিয় হয় না ; কিন্তু আত্মসুখের জন্যই ধন লোকের প্রিয় হইয়া থাকে । অয়ি মৈত্রেয়ি ! পশুদিগের সুখের নিমিত্ত পশুগণ লোকের প্রিয় হয় না ; কিন্তু আত্ম-

সুখের জন্যই পশুগণ লোকের প্রিয় হইয়া থাকে। অয়ি মৈত্রেয়ি! ব্রাহ্মণের প্রীতির জন্য ব্রাহ্মণগণ মনুষ্যদিগের প্রিয় হন না; কিন্তু আত্মসুখের জন্যই ব্রাহ্মণগণ মনুষ্যদের প্রিয় হইয়া থাকেন। অয়ি মৈত্রেয়ি! ক্ষত্রিয়গণের সুখের নিমিত্ত ক্ষত্রিয়গণ লোকের প্রিয় হয়েন না; কিন্তু আত্মসুখের জন্যই ক্ষত্রিয়গণ লোকের প্রিয় হইয়া থাকেন। হে মৈত্রেয়ি! স্বর্গাদি স্থানের প্রীতির জন্য স্বর্গাদি স্থান লোকের প্রিয় হয় না; কিন্তু আত্মসুখের জন্যই স্বর্গাদি স্থান লোকের প্রিয় হইয়া থাকে। অয়ি মৈত্রেয়ি! দেবগণের প্রীতির জন্য দেবগণ লোকের প্রিয় হন না; কিন্তু আত্মসুখের জন্যই দেবগণ লোকের প্রিয় হইয়া থাকেন। অয়ি মৈত্রেয়ি! বেদসমূহের প্রীতির জন্য বেদসমূহ লোকের প্রিয় হন না; আত্মসুখের জন্যই বেদসমূহ লোকের প্রিয় হইয়া থাকেন। অয়ি মৈত্রেয়ি! আকাশাদির প্রীতির জন্য আকাশাদি লোকের প্রিয় হয় না; কিন্তু আত্মপ্রীতির জন্যই আকাশাদি লোকের প্রিয় হইয়া থাকে। অয়ি

মৈত্রেয়ি! অধিক আর কি বলিব, সমস্ত পদার্থের প্রীতি উৎপাদনের জন্য সকল পদার্থ সকলের প্রিয় হয় না; কিন্তু আত্মপ্রীতির জন্যই সকল পদার্থ লোকের প্রিয় হইয়া থাকে। অয়ি মৈত্রেয়ি! এই-জন্য আত্মাকে দর্শন (সাক্ষাৎ) করিবে; শাস্ত্র এবং আচার্য্যের তদ্বিষয়ক উপদেশ শ্রবণ করিবে; শ্রুত আত্মতত্ত্বকে তদনুকূল তর্কদ্বারা মনন করিবে; মননের পরে মননীয় আত্মতত্ত্বের নিদিধ্যাসন (চিত্তের একতানতা) সহকারে ধ্যান করিবে। অয়ি মৈত্রেয়ি! দর্শন, শ্রবণ, মনন এবং নিদিধ্যাসন দ্বারা আত্মতত্ত্ব অবগত হইলে, পরিদৃশ্যমান সমুদায় ব্রহ্মাণ্ডই পরিজ্ঞাত হওয়া যায়; [কারণ আত্মা এক, আত্মা ভিন্ন অন্য কোন পদার্থের পৃথক্ সত্তা নাই, আত্মার সত্তাকে লইয়াই সমুদায় পদার্থ সত্তাবান্, সুতরাং এক আত্মাকে অবগত হইলেই সমুদায় পদার্থ পরিজ্ঞাত হওয়া যায়]।

৭। ব্রহ্ম তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনো ব্রহ্ম বেদ ক্ষত্রং তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনঃ ক্ষত্রং বেদ লোকাস্তং

পরাদুর্যোঽন্যত্রাত্মনো লোকান্ বেদ দেবাস্তং পরাদু-র্যোঽন্যত্রাত্মনো দেবান্ বেদ বেদাস্তং পরাদুর্যোঽন্য-ত্রাত্মনো বেদান্ বেদ বেদাস্তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো বেদান্ বেদ ভূতানি তং পরাদুর্যোঽন্যত্রাত্মনো ভূতানি বেদ সর্বং তং পরাদাদ্ যোঽন্যত্রাত্মনঃ সর্বং বেদ ইদং ব্রহ্মেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমে বেদা ইমানি সর্বাণি ভূতানীদং সর্বং যদয়মাত্মা ॥

ব্যাখ্যা। যঃ (জনঃ) আত্মনঃ অন্যত্র (অন্যরূপেণ পৃথক্‌রূপেণ ইত্যর্থঃ) ব্রহ্ম (ব্রাহ্মণজাতিং) বেদ [তদ্] ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ) তম্ (জনম্) পরাদাৎ (পরাকুর্য্যাৎ কৈবল্যাভাগিনং কুর্য্যাদিত্যর্থঃ); যঃ আত্মনঃ অন্যত্র ক্ষত্রং বেদ, ক্ষত্রং তং (জনং) পরাদাৎ; যঃ আত্মনঃ অন্যত্র লোকান্ (স্বর্গাদীন্ বেদ, [তে স্বর্গাদয়ঃ] লোকাঃ তং (জনং) পরাদুঃ (পরাকুর্যুঃ); যঃ আত্মনঃ অন্যত্র দেবান্ বেদ, [তে ইন্দ্রাদয়ঃ] দেবাঃ তং (জনং) পরাদুঃ; যঃ আত্মনঃ অন্যত্র বেদান্ বেদ, [তে সামাদয়ঃ] বেদাঃ তং (জনং) পরাদুঃ; যঃ আত্মনঃ অন্যত্র ভূতানি বেদ, [তানি] ভূতানি তং (জনং) পরাদুঃ; [কিং বহুনা] যঃ আত্মনঃ অন্যত্র সর্বং বেদ, [তৎ] সর্বং তং পরাদাৎ; [অয়মাত্মস্বরূপিণং মামনাত্মস্বরূপেণ পশ্যতীত্য পরাদাদিতি ভাবঃ]। যৎ ইদং ব্রহ্ম (ব্রাহ্মণজাতিঃ, ইদং ক্ষত্রং, ইমে,

লোকাঃ, ইমে দেবাঃ, ইমে বেদাঃ, ইমানি সর্বাণি ভূতানি, ইদং সর্বং (বস্তু) [এব] অয়ম্ (অধিকৃতঃ) আত্মা [ভবতি]।

অনুবাদ। যিনি ব্রাহ্মণজাতিকে আত্মা হইতে পৃথক্ বলিয়া জানেন, ব্রাহ্মণজাতি তাঁহাকে পরাস্ত (কৈবল্যলাভে বঞ্চিত) করেন। এইরূপ যিনি ক্ষত্রিয়জাতিকে আত্মা হইতে পৃথক্ বলিয়া জানেন, ক্ষত্রিয়জাতি তাঁহাকে মুক্তিফলে বঞ্চিত করেন। যিনি স্বর্গাদি স্থানকে আত্মা হইতে পৃথক্ বলিয়া জানেন, স্বর্গাদিস্থান তাঁহাকে মুক্তিলাভে বঞ্চিত করেন। যিনি দেবগণকে আত্মা হইতে পৃথক্ বলিয়া জানেন, দেবসকল তাঁহাকে মুক্তি-লাভে বঞ্চিত করেন। যিনি প্রাণিগণকে অথবা আকাশাদি ভূতগণকে আত্মা হইতে পৃথক্ বলিয়া জানেন, ভূতগণ তাঁহাকে মুক্তিলাভে বঞ্চিত করে। অধিক কি, যিনি সমুদায় দৃশ্য বস্তুকে আত্মা হইতে পৃথক্ বলিয়া জানেন, সমস্ত পদার্থ তাহাকে মুক্তি-লাভে বঞ্চিত করেন, [সমুদায় পদার্থই আত্মা হইতে

অভিন্ন; যদি জ্ঞাতা পৃথক্ বলিয়া অবগত হন, তবে তিনি অনাত্মজ্ঞ বলিয়া অপরাধী হয়েন, তাহার ফলে তিনি মুক্তিলাভে বঞ্চিত হইয়া থাকেন] উক্ত ব্রাহ্মণ, ক্ষত্রিয়, স্বর্গাদিলোক, দেবগণ, ভূতগণ, এবং বেদচতুষ্টয় এমন কি সমুদায় পদার্থই আত্মস্বরূপে অবস্থিত বলিয়া সকলেরই আত্মস্বরূপ।

৮। স যথা দুন্দুভের্হন্যমানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় দুন্দুভেস্তু গ্রহণেন দুন্দুভ্যাঘাতস্য বা শব্দো গৃহীতঃ॥

ব্যাখ্যা। [একবিজ্ঞানেন সর্ববিজ্ঞানং ভবতি, ইত্যত্র দৃষ্টান্তমাহ]—সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা হন্যমানস্য (বাদ্যমানস্য) দুন্দুভেঃ [শব্দং বিনা] বাহ্যান্ (তদিতরান্) শব্দান্ [পৃথক্‌রূপেণ] গ্রহণায় ন শক্নুয়াৎ [কশ্চিদিতি শেষঃ]; তু দুন্দুভেঃ (তৎসংজ্ঞকবাদ্যযন্ত্রবিশেষস্য) দুন্দুভ্যাঘাতস্য বা গ্রহণেন শব্দঃ (বাহ্যঃ শব্দঃ) গৃহীতঃ [ভবতি; তস্য তদাঘাতজনিতধ্বনেঃ গ্রহণেন অপরঃ শব্দঃ অবিনাভূতভাবেন গৃহীতঃ ভবতীতি ভাবঃ]

অনুবাদ। একবিজ্ঞানে সর্ববিজ্ঞান-

বিষয়ক দৃষ্টান্ত বলিতেছেন—যেরূপ বাদিত দুন্দুভির শব্দ ব্যতীত অপরাপর শব্দগুলি পৃথক্‌ভাবে গ্রহণ করিতে পারা যায় না, [এমন কি দুন্দুভির ছোট ছোট শব্দগুলিও পৃথক্ ভাবে গ্রহণের অযোগ্য হইয়া পড়ে]; কিন্তু দুন্দুভিগ্রহণপূর্ব্বক ব্যাপক দুন্দুভি-শব্দের গ্রহণ করার সঙ্গে সঙ্গেই অপৃথক্ ভাবে বাহ্য-অপরাপর শব্দ গৃহীত হইয়া থাকে ; [সেইরূপ একমাত্র আত্মজ্ঞানদ্বারা সকল বিষয়ে জ্ঞান হইয়া থাকে জানিবে]।

৯। স যথা শঙ্খস্য ধ্মায়মানস্য ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছ-ক্নুয়াদ্ গ্রহণায় শঙ্খস্য তু গ্রহণেন শঙ্খধ্মস্য বা শব্দো গৃহীতঃ ॥

ব্যাখ্যা। [তথা অপরঃ] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]— যথা ধ্মায়মানস্য, শব্দায়মানস্য) শঙ্খস্য [শব্দং বিনা] বাহ্যান্ শব্দান্ গ্রহণায় (গ্রহীতুম্) ন শক্নুয়াৎ [কশ্চিদিতি শেষঃ]; তু শঙ্খস্য শঙ্খধ্মস্য (শঙ্খশব্দস্য) বা গ্রহণেন [অপরঃ] শব্দঃ [অপৃথগ্‌ভাবেন] গৃহীতঃ [ভবতি ; তথা আত্ম-বিজ্ঞানেন সর্ববিজ্ঞানং ভবতি]।

অনুবাদ। শ্রুতি অন্য দৃষ্টান্ত বলিতেছেন, যেরূপ বাদিত শঙ্খের শব্দব্যতীত বাহিরের ক্ষুদ্র ক্ষুদ্র শব্দগুলি পৃথক্ ভাবে গ্রহণ করা যায় না; কিন্তু শঙ্খগ্রহণপূর্ব্বক ব্যাপক শঙ্খধ্বনিগ্রহণের সঙ্গে সঙ্গেই অপরাপর ক্ষুদ্র ক্ষুদ্র শব্দগুলি অপৃথক্‌ভাবে গৃহীত হয়, তদ্রূপ একমাত্র আত্মজ্ঞান দ্বারা সমস্ত-বিষয়বিজ্ঞানসম্পন্ন হওয়া যায় জানিবে।

১০। স যথা বীণায়ৈ বাদ্যমানায়ৈ ন বাহ্যাঞ্ছব্দাঞ্ছক্নুয়াদ্ গ্রহণায় বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্য বা শব্দো গৃহীতঃ॥

ব্যাখ্যা। [তথা অপরঃ] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা বাদ্যমানায়ৈ (বাদ্যমানায়াঃ) বীণায়ৈ (বীণায়াঃ) [শব্দং বিনা] বাহ্যান্ শব্দান্ গ্রহণায় (গ্রহীতুং) ন শক্নুয়াৎ [কশ্চিদিতি শেষঃ]; তু বীণায়ৈ বীণাবাদস্য বা গ্রহণেন [বাহ্যঃ] শব্দঃ গৃহীতঃ [ভবতি; তথা একবিজ্ঞানে সর্ববিজ্ঞানং দ্রষ্টব্যম্]।

অনুবাদ। অপর দৃষ্টান্তও বলিতেছেন—যেরূপ, বাদিত বীণাযন্ত্রের শব্দব্যতীত বাহিরের

অপরাপর ছোট ছোট শব্দগুলি পৃথক্‌ভাবে গ্রহণ করা যায় না; কিন্তু বীণাযন্ত্র গ্রহণপূর্ব্বক তদীয় ব্যাপক শব্দ গ্রহণের সঙ্গে সঙ্গেই অপরাপর শব্দগুলি অপৃথগ্‌ভাবে গৃহীত হয় [তদ্রূপ এক আত্মবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান জানিবে]।

১১। স যথার্দ্রৈধাগ্নেরভ্যাহিতস্য পৃথগ্‌ধূমা বিনিশ্চরন্ত্যেবং বা অরেঽস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টং হুতমাশিতং পায়িতময়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতান্যস্যৈবৈতানি সর্বাণি নিঃশ্বসিতানি ॥

ব্যাখ্যা। [তথা অপরঃ] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা অভ্যাহিতস্য (প্রদীপ্তস্য) আর্দ্রৈধাগ্নেঃ (জলযুক্তকাষ্ঠস্থিতস্য অগ্নেঃ) ধূমাঃ পৃথক্ (বিভিন্নাঃ) [সন্তঃ] বিনিশ্চরন্তি (বহির্গচ্ছন্তি); অরে [মৈত্রেয়ি! এবং বৈ (এবমেব) অস্য (প্রসিদ্ধস্য) মহতঃ ভূতস্য (নিত্যসিদ্ধস্য ব্রহ্মণঃ) এতৎ (সর্বং) নিশ্বসিতং (নিশ্বাসবদনায়াসপ্রসৃতং);

যৎ [কিং তদিত্যাহ]—ঋগ্‌বেদঃ, সামবেদঃ, যজুর্ব্বেদঃ, অথর্ব্বাঙ্গিরসঃ (অথর্ববেদঃ), ইতিহাসঃ, পুরাণং, বিদ্যা (দেবজনাদ্যা), উপনিষদঃ, শ্লোকাঃ সূত্রাণি (স্বল্পাক্ষরেণ বহ্বর্থপ্রতিপাদকানি বাক্যানি), অনুব্যাখ্যানানি, (ব্যাখ্যাতানাং বাক্যানাং পুনর্ব্যাখ্যানরূপাণি বাক্যানি), ব্যাখ্যানানি, ইষ্টং (যাগঃ), হুতং (হবনীয়দ্রব্যম্), আশিতম্ (অন্নং), পায়িতম্ (পানীয়ম্), অয়ং চ লোকঃ, পরঃ চ লোকঃ, সর্ব্বাণি চ ভূতানি ; এতানি সর্ব্বাণি অস্য (ব্রহ্মণঃ) এব নিশ্বসিতানি (নিশ্বাসবদনায়াসপ্রসূতানি) [ভবন্তি]।

অনুবাদ। [অপর দৃষ্টান্ত বলিতেছেন— যেরূপ, আর্দ্রেন্ধনযুক্ত প্রদীপ্ত অগ্নি হইতে ধূম, স্ফুলিঙ্গ-প্রভৃতি বিভিন্ন আকারে বহির্গত হয়, সেইরূপ এই নিত্যসিদ্ধ পরমাত্মা হইতে নিশ্বাসের ন্যায় অনায়াস-প্রসূত ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ইতিহাস, পুরাণ, দেবজনাদিবিদ্যা, উপনিষৎ, মন্ত্র, অল্পাক্ষরে বহ্বর্থপ্রতিপাদক বাক্য, ব্যাখ্যাত বাক্যের পুনর্ব্যাখ্যা, ব্যাখ্যা, যাগ, হবনীয় দ্রব্য, অন্ন, পানীয়, ইহলোক, পরলোক এবং ভূতসকল সমুৎপন্ন হইয়াছে ; এমন কি, পরিদৃশ্যমান সমুদায় পদার্থই এই

অনাদি নিত্যসিদ্ধ পরমাত্মা হইতে নিশ্বাসের ন্যায় অনায়াসে সমুদ্ভূত হইয়াছে জানিবে।

১২। স যথা সর্বাসামপাংসমুদ্র একায়নমেবং সর্বেষাং স্পর্শানাং ত্বগেকায়নমেবং সর্বেষাং গন্ধানাং নাসিকে একায়নমেবং সর্বেষাং রসানাং জিহ্বৈকায়নমেবং সর্বেষাং রূপাণাং চক্ষুরেকায়নমেবং সর্বেষাং শব্দানাং শ্রোত্রমেকায়নমেবং সর্বেষাং সঙ্কল্পানাং মন একায়নমেবং সর্বাসাং বিদ্যানাং হৃদয়মেকায়নমেবং সর্বেষাং কর্মণাং হস্তাবেকায়নমেবং সর্বেষামানন্দানামুপস্থ একায়নমেবং সর্বেষাং বিসর্গাণাং পায়ুরেকায়নমেবং সর্বেষামধ্বনাং পাদাবেকায়নমেবং সর্বেষাং বেদানাং বাগেকায়নম্ ॥

ব্যাখ্যা। [তথা অপরঃ] সঃ (দৃষ্টান্তঃ) [উচ্যতে]—যথা সমুদ্রঃ সর্বাসাম্ অপাম্ একায়নম্ (একং আশ্রয়স্থানম্); এবং সর্বেষাং স্পর্শানাং ত্বক্ (ত্বগিন্দ্রিয়ম্) একায়নম্; এবং সর্বেষাং গন্ধানাং নাসিকে [নাসিকাছিদ্রদ্বয়াভিধানাৎ দ্বিবচনম্] একায়নম্; এবং সর্বেষাং রসানাং জিহ্বা একায়নম্; এবং

সর্বেষাং রূপাণাং চক্ষুঃ একায়নম্; এবং সর্বেষাং শব্দানাং শ্রোত্রম্ একায়নম্; এবং সর্বেষাং সঙ্কল্পানাং মনঃ একায়নম্; এবং সর্বাসাং বিদ্যানাং হৃদয়ম্ একায়নম্; এবং সর্বেষাং কর্মণাং হস্তৌ একায়নম্; এবং সর্বেষাম্ আনন্দানাং উপস্থম্ একায়নম্; এবং সর্বেষাং বিসর্গাণাং পায়ুঃ একায়নম্; এবং সর্বেষাম্ অধ্বনাং পাদৌ একায়নম্; এবং সর্বেষাং বেদানাং বাক্ একায়নম্; [তথা পরমাত্মাপি সর্বেষাং পদার্থানাম্ একায়নং জ্ঞাতব্যম্]।

অনুবাদ। অপর দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন—যেরূপ, সমুদ্র সমস্ত জলের; ত্বগিন্দ্রিয় যেমন সমুদায় স্পর্শের; নাসিকা যেরূপ সমুদায় গন্ধের; জিহ্বা যেমন সমুদায় রসের; চক্ষুঃ যেমন সমুদায় রূপের; শ্রোত্র যেমন সমুদায় শব্দের; মনঃ যেমন সমুদায় সঙ্কল্পের, হৃদয় যেমন সকল বিদ্যার; হস্তদ্বয় যেমন সমুদায় কর্ম্মের, উপস্থেন্দ্রিয় যেমন সমুদায় আনন্দের, পায়ু যেমন সমুদায় মলাদিত্যাগের; পাদদ্বয় যেমন সমুদায় পথাতিক্রমের; এবং বাগিন্দ্রিয় যেমন সমুদায় বেদের একমাত্র আশ্রয়; [সেইরূপ পরমাত্মাকেও সমস্ত পদার্থের একমাত্র আশ্রয় বলিয়া জানিবে।

১৩। সা যথা সৈন্ধবঘনোঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নো রসঘন এবৈবং বা অরেঽয়মাত্মানন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাস্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ॥

ব্যাখ্যা। [তথা অপরঃ] সঃ (প্রসিদ্ধঃ দৃষ্টান্তঃ) [উচ্যতে] যথা সৈন্ধবঘনঃ (সৈন্ধবখণ্ডঃ) অনন্তরঃ (নাস্তি অন্তরে মধ্যে ভেদঃ যস্য সঃ), অবাহ্যঃ (নাস্তি বাহ্যে বহির্ভাগে ভেদঃ যস্য সঃ) [অতএব] কৃৎস্নঃ (সমস্তঃ) রসঘনঃ (লবণরসস্বরূপঃ) এব [ভবতি]; এবং বৈ (এবমেব) অয়ম্ আত্মা অনন্তরঃ অবাহ্যঃ (অন্তর্বহির্ভাবশূন্যঃ) কৃৎস্নঃ (সমুদায়ঃ) [কেবলঃ] প্রজ্ঞানঘনঃ (জ্ঞানস্বরূপঃ) এব [ভবতি]। [স চ] এতেভ্যঃ ভূতেভ্যঃ সমুত্থায় তানি (ভূতানি) এব অনুবিনশ্যতি; [সঃ চ] প্রেত্য (মৃত্বা শরীরপাতরূপং মরণং প্রাপ্য ইত্যর্থঃ) [যদা বর্ত্ততে, তদা তস্য] সংজ্ঞা (নাম) ন অস্তি [বস্তুতস্তু তস্য নামরূপাদীনামভাবাচ্চ মরণং নাস্তি; দেহাদের্মরণে মরণং ব্যপদিশ্যতে ইতি ভাবঃ] অরে [মৈত্রেয়ি]! ইতি (এবং মোক্ষস্বরূপং) [তুভ্যং] ব্রবীমি, ইতি [মৈত্রেয়ীং] যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ।

অনুবাদ। অপর দৃষ্টান্ত বর্ণন করিতেছেন—একখণ্ড সৈন্ধবের অভ্যন্তরভাগে এবং বহির্ভাগে যেরূপ লবণরস ব্যতীত অপর কোন প্রভেদ পরিলক্ষিত হয় না; কেবল লবণরসময় বলিয়া অনুভূত হয়; অয়ি মৈত্রেয়ি! সেইরূপ আত্মারও অভ্যন্তরভাগে এবং বহির্ভাগে কোন প্রভেদ না থাকায়, তিনি কেবল জ্ঞানস্বরূপ বলিয়া অনুভূত এবং অভিহিত হয়েন। এই বিজ্ঞানময় আত্মা যখনই প্রাণিদেহ হইতে সমুত্থিত হয়েন; তখনই ভূতগণ বিনাশ প্রাপ্ত হয়; তিনি যখন শরীরপাতে নির্লিপ্তভাবে অবস্থান করেন, তখন আর তাঁহার কোন সংজ্ঞা (মনুষ্যাদি নাম) থাকে না; অয়ি মৈত্রেয়ি! এই তোমাকে মোক্ষস্বরূপ আত্মতত্ত্ব বলিলাম। যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে এই কথা বলিলেন।

১৪। সা হোবাচ মৈত্রেয্যত্রৈব মা ভগবান্ মোহান্তমাপীপিপন্ন বা অহমিমং বিজানামীতি। স হোবাচ ন বা অরেঽহং মোহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মাঽনুচ্ছিত্তিধর্ম্মা ॥

ব্যাখ্যা। সা মৈত্রেয়ী হ উবাচ—ভগবান্ অত্র (এতস্মিন্ প্রজ্ঞানঘনে বস্তুনি) এব [ন প্রেত্য সংজ্ঞাস্তীত্যুক্ত্বা] মা (মাং) মোহান্তম্ (মোহমধ্যম্) আপীপিপৎ (অবগমিতবান্) ; [যতঃ] অহম্ ইমং (আত্মানং) ন বৈ (নৈব) বিজানামি ইতি। (তচ্ছ্রুত্বা] সঃ (যাজ্ঞবল্ক্যঃ) হ উবাচ—অরে [মৈত্রেয়ি] ! অহং ন বৈ (নৈব) মোহং (মোহজনকং বাক্যং) ব্রবীমি ; অরে [মৈত্রেয়ি !] অবিনাশী (অবিক্রিয়ঃ) অনুচ্ছিত্তিধর্মা (বিনাশধর্মরহিতঃ) বৈ (এব) অয়ম্ আত্মা [নাপি বিক্রিয়ালক্ষণঃ নাপি উচ্ছেদলক্ষণো বিনাশঃ অস্য বিদ্যতে ইত্যর্থঃ]।

অনুবাদ। মৈত্রেয়ী বলিলেন—[হে ভগবন্] আপনি, উক্ত প্রজ্ঞানঘনপদবাচ্য পরমাত্মার মৃত্যুর পর কোন সংজ্ঞা থাকে না, এই কথা বলিয়াই আমাকে বিষম ভ্রমে ফেলিয়াছেন ; কারণ আমি এই আত্মার স্বরূপই বুঝিতে পারিতেছি না। তাহা শুনিয়া যাজ্ঞবল্ক্য বলিলেন—অয়ি মৈত্রেয়ি! আমি তোমাকে মোহজনক বাক্য বলিতেছি না ; অয়ি মৈত্রেয়ি ! এই আত্মা স্বভাবতঃ অবিনাশী (বিক্রিয়ারহিত), অনুচ্ছিত্তিধর্মা (বিনাশধর্মরহিত)

[সমুদায় পদার্থই বিক্রিয়া এবং উচ্ছেদ এই দুই প্রকারে বিনষ্ট হয়; আত্মাকে এই উভয়বিধ-বিনাশ-ধর্ম্মরহিত বলিয়া জানিবে]।

১৫। যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি, তদিতর ইতরং জিঘ্রতি, তদিতর ইতরং রসয়তে, তদিতর ইতরমভিবদতি, তদিতর ইতরং শৃণোতি, তদিতর ইতরং মনুতে, তদিতর ইতরং স্পৃশতি, তদিতর ইতরং বিজানাতি। যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেত্তৎ কেন কং জিঘ্রেৎ তৎ কেন কং রসয়েৎ তৎ কেন কমভিবদেৎ তৎ কেন কং শৃণুয়াৎ তৎ কেন কং মন্বীত তৎ কেন কং স্পৃশেৎ তৎ কেন কং বিজানীয়াদ্ যেনেদং সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াৎ, স এষ নেতি নেত্যাত্মা গৃহ্যো ন হি গৃহ্যতেঽশীর্য্যো ন হি শীর্য্যতেঽসঙ্গো ন হি সজ্জতেঽসিতো ন ব্যথতে ন রিষ্যতি বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াদিত্যুক্তানুশাসনাসি মৈত্রেয্যেতাবদরে খল্বমৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞবল্ক্যো বিজহার ॥

ইতি চতুর্থাধ্যায়ে পঞ্চমং ব্রাহ্মণম্ সমাপ্তম্।

ব্যাখ্যা। যত্র হি (যস্যাম্ অবস্থায়ামেব) [অদ্বৈতং ব্রহ্ম] দ্বৈতম্ ইব ভবতি; তৎ (তদা) ইতরঃ। (জীবঃ) ইতরং (বিষয়ং) পশ্যতি; তৎ (তদা) ইতরঃ ইতরং (বিষয়ম্) জিঘ্রতি; তৎ (তদা) ইতরঃ ইতরং রসয়তে; তৎ (তদা) ইতরঃ ইতরম্ অভিবদতি; তৎ (তদা) ইতরঃ ইতরং শৃণোতি; তৎ (তদা) ইতরঃ ইতরং মনুতে; তৎ (তদা) ইতরঃ ইতরং স্পৃশতি; তৎ (তদা) ইতরঃ ইতরং বিজানাতি। তু (কিন্তু) যত্র (যস্যাম্ অবস্থায়াম্) অস্য (জীবাত্মনঃ) সর্ব্বম্ (জগৎ) আত্মা এব অভূৎ; তৎ (তদা) [সঃ] কেন (করণেন) কং (বিষয়ং) পশ্যেৎ; তৎ (তদা) কেন কং জিঘ্রেৎ; কেন (ইন্দ্রিয়েণ) কং (বিষয়ং) রসয়েৎ; তৎ (তদা) কেন কম্ অভিবদেৎ তৎ (তদা) কেন কং শৃণুয়াৎ; তৎ (তদা) কেন কং মন্বীত; তৎ (তদা) কেন কং স্পৃশেৎ; তৎ (তদা) কেন কং বিজানীয়াৎ; যেন (আত্মনা) ইদম্ (পরিদৃশ্যমানং) সর্ব্বং (জগৎ) বিজানাতি [জীব ইতি শেষঃ] তং (আত্মানং) কেন (সাধনেন) বিজানীয়াৎ? সঃ (প্রসিদ্ধঃ) এষঃ (প্রকৃতঃ) আত্মা ইতি (ইদং) ন (ভবতি), ইতি (ইদং) ন [ভবতি]; [যতঃ অয়মাত্মা] অগৃহ্যঃ (ইন্দ্রিয়গ্রহণাযোগ্যঃ) [অতঃ ইন্দ্রিয়ৈঃ] ন হি গৃহ্যতে; [যতঃ] অশীর্য্যঃ (অশীর্ণঃ) [অতঃ] ন হি শীর্য্যতে (শীর্ণো ভবতি); [যতঃ] অসঙ্গঃ

(সংশ্রয়হিতঃ), [অতঃ] ন হি সজ্যতে (আসক্তঃ ভবতি); [যতঃ] অসিতঃ (অহিংসিতঃ), [অতঃ] ন ব্যথতে (ন ব্যথিতঃ ভবতি) ন [চ] রিষ্যতি (বিনশ্যতি)। অরে [মৈত্রেয়ি!] বিজ্ঞাতারং (আত্মানং) কেন (করণেন) বিজানীয়াৎ? ইতি (এবম্) উক্তানুশাসনা [ত্বম্] অসি; অরে মৈত্রেয়ি! এতাবৎ খলু (এব) অমৃতত্বম্ ইতি হ (এবমেব) উক্ত্বা যাজ্ঞবল্ক্যঃ বিজহার (প্রব্রজ্যাং (গৃহীতবান্)।

অনুবাদ। অয়ি মৈত্রেয়ি! যে অবস্থায় অদ্বৈত ব্রহ্ম দ্বৈতের ন্যায় প্রতিভাত হন; সেই অবস্থায় ইতর (জীব) ইতরকে (দৃশ্য বিষয়) চক্ষুর্দ্বারা দর্শন করেন; এইরূপ আঘ্রাণযোগ্য বিষয় ঘ্রাণেন্দ্রিয়-দ্বারা; রসনাগ্রাহ্য বিষয় রসনেন্দ্রিয় দ্বারা; বক্তব্য-বিষয় বাগিন্দ্রিয় দ্বারা; শ্রোতব্য বিষয় শ্রবণেন্দ্রিয়-দ্বারা; মননীয় বিষয় মনঃ দ্বারা; স্পর্শনযোগ্য বিষয় ত্বগিন্দ্রিয় দ্বারা; বিজ্ঞাতব্য বিষয় বুদ্ধিদ্বারা গ্রহণ করেন। কিন্তু যে অবস্থায় জীবাত্মার পক্ষে সমস্ত জগৎই আত্মস্বরূপ হইয়া যায়, তখন সেই জীব কোন্ ইন্দ্রিয় দ্বারা কোন্ বিষয়কে দেখিবে? কোন্ ইন্দ্রিয় দ্বারা কোন্ বিষয় আঘ্রাণ করিবে; কোন্

ইন্দ্রিয় দ্বারা কোন্ বিষয়ের আস্বাদ গ্রহণ করিবে? কোন্ ইন্দ্রিয় দ্বারা কোন্ বিষয় মনন করিবে? কাহার দ্বারা কোন্ বিষয় স্পর্শ করিবে? কোন্ অন্তঃকরণের দ্বারাই বা কোন্ বিষয় অবগত হইবে? যে আত্মা দ্বারা জীবগণ সমুদায় দৃশ্য পদার্থ অবগত হন, সেই আত্মাকে আবার কিসের দ্বারা অবগত হইবেন? এই পদার্থ সেই আত্মা নয়, এই পদার্থ সেই আত্মা নয় [এইরূপ নিষেধ করিতে করিতে যাহা অবশিষ্ট থাকিবে অথবা নিষেধাযোগ্য হইবে তাঁহাকেই আত্মা বলিয়া জানিবে]; কারণ তিনি ইন্দ্রিয়গ্রহণাযোগ্য; এইজন্য তাঁহাকে কোন ইন্দ্রিয়-দ্বারা গ্রহণ করা যায় না; এইরূপ তিনি অশীর্ণ বলিয়া কোন প্রকারে শীর্ণতা প্রাপ্ত হন না; তিনি অসঙ্গ বলিয়া কাহাতেও আসক্ত হন না; তিনি অজাতশত্রু বলিয়া ব্যথিতও হন না অথবা বিনষ্ট হন না। অয়ি মৈত্রেয়ি! যিনি সকলের বিজ্ঞাতা তাঁহাকে কিসের দ্বারা জানিবে? [ইন্দ্রিয়াদি কোন সাধন দ্বারা তাঁহাকে জানা যায় না; কেবল তত্ত্বজ্ঞান

দ্বারাই তাহাকে জানা যায়]; তোমাকে আত্মতত্ত্ব সম্বন্ধে এই উপদেশ প্রদান করিলাম; অয়ি মৈত্রেয়ি! ইহাই মুক্তির একমাত্র সাধন; এই কথা বলিয়া যাজ্ঞবল্ক্য সন্ন্যাস গ্রহণ করিলেন।

চতুর্থাধ্যায়ের পঞ্চম ব্রাহ্মণের অনুবাদ সমাপ্ত।

ষষ্ঠং ব্রাহ্মণম্

১। অথ বংশঃ—পৌতিমাষ্যো গৌপবনাদ্ গৌপবনঃ পৌতিমাষ্যাৎ পৌতিমাষ্যঃ গৌপবনাদ্ গৌপবনঃ কৌশিকাৎ কৌশিকঃ কৌণ্ডিন্যাৎ কৌণ্ডিন্যঃ শাণ্ডিল্যাৎ শাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গৌতমাচ্চ গৌতমঃ ॥

অনুবাদ। অতঃপর যাজ্ঞবল্ক্যকাণ্ডে বংশব্রাহ্মণ বর্ণিত হইতেছে। গোপবন হইতে পৌতিমাষ্য; পৌতিমাষ্য হইতে গোপবন; গোপবন হইতে পৌতিমাষ্য; কৌশিক হইতে গোপবন;

কৌণ্ডিন্য হইতে কৌশিক; শাণ্ডিল্য হইতে কৌণ্ডিন্য; কৌশিক হইতে শাণ্ডিল্য; গৌতম হইতে গৌতম।

২। আগ্নিবেশ্যাদাগ্নিবেশ্যো গার্গ্যাদ্ গার্গ্যো গার্গ্যাদ্ গার্গ্যো গৌতমাদ্ গৌতমঃ সৈতবাৎ সৈতবঃ পারাশর্যায়ণাৎ পারাশর্যায়ণো গার্গ্যায়ণাদ্ গার্গ্যায়ণ উদ্দালকায়নাৎ উদ্দালকায়নো জাবালায়নাৎ জাবালায়নো মাধ্যন্দিনায়নাৎ মাধ্যন্দিনায়নঃ সৌকরায়ণাৎ সৌকরায়ণঃ কাষায়ণাৎ কাষায়ণঃ সায়কায়নাৎ সায়কায়নঃ কৌশিকায়নেঃ কৌশিকায়নিঃ॥

অনুবাদ। আগ্নিবেশ্য হইতে আগ্নিবেশ্য; গার্গ্য হইতে গার্গ্য; অপরগার্গ্য হইতে অপরগার্গ্য; গৌতম হইতে গৌতম; সৈতব হইতে সৈতব; পারাশর্যায়ণ হইতে পারাশর্যায়ণ; গার্গ্যায়ণ হইতে গার্গ্যায়ণ; উদ্দালকায়ন হইতে উদ্দালকায়ন; জাবালায়ন হইতে জাবালায়ন; মাধ্যন্দি-

মায়ন হইতে মাধ্যন্দিনায়ন; সৌকরায়ণ হইতে সৌকরায়ণ; কাষায়ণ হইতে কাষায়ণ; সায়কায়ন হইতে সায়কায়ন; কৌশিকায়নি হইতে কৌশিকায়নি উপদিষ্ট হইয়াছিলেন।

৩। ঘৃতকৌশিকাৎ ঘৃতকৌশিকঃ পারাশর্য্যায়ণাৎ পরাশর্য্যায়ণঃ পারাশর্য্যাৎ পারাশর্য্যো জাতূকর্ণ্যাজ্জাতূকর্ণ্য আসুরায়ণাচ্চ যাস্কাচ্চাসুরায়ণস্ত্রৈবণেরৌপজন্ধনেরৌপজন্ধানরাসুরেরাসুরির্ভারদ্বাজাদ্ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ো মাণ্টের্মাণ্টি র্গৌতমাদ্ গৌতমো গৌতমাদ্ গৌতমো বাৎস্যাদ্বাৎস্যঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্য্যাৎ কাপ্যাৎ কৈশোর্য্যঃ কাপ্যঃ কুমারহারিতাৎ কুমারহারিতো গালবাদ্গালবো বিদর্ভীকৌণ্ডিন্যাদ্বিদর্ভীকৌণ্ডিন্যো বৎসনপাতো বাভ্রবাদ্বৎসনপাদ্বাভ্রবঃ পথঃ সৌভরাৎ পন্থাঃ সৌভরোঽয়াস্যাদাঙ্গিরসাদয়াস্য আঙ্গিরস আভূতেস্ত্বাষ্ট্রাদাভূতিস্ত্বাষ্ট্রো বিশ্বরূপাত্ত্বাষ্ট্রাদ্বিশ্বরূপস্ত্বাষ্ট্রোঽশ্বিভ্যামশ্বিনৌ দধীচ আথর্বণাদ্দধ্যঙ্ঙাথর্বণো দৈবাদথর্বা দৈবো মৃত্যোঃ প্রাধ্বংসনাৎমৃত্যুঃ প্রাধ্বংসনঃ প্রধ্বংসনাৎ প্রধ্বংসন একর্ষে-

রেকর্ষিবি প্রচিত্রেবি প্রচিত্রির্ষ্টেবাষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎ সনগঃ পরমেষ্টিনঃ পরমেষ্টী ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভুব্রহ্মণে নমঃ॥

চতুর্থেঽধ্যায়ে ষষ্ঠং ব্রাহ্মণম্ সমাপ্তম্।

অনুবাদ। ঘৃতকৌশিক হইতে ঘৃতকৌশিক; পারাশর্য্যায়ণ হইতে পারাশর্য্যায়ণ; পারাশর্য্য হইতে পারাশর্য্য; জাতূকর্ণ্য হইতে জাতূকর্ণ্য; আসুরায়ণ ও যাস্ক হইতে আসুরায়ণ; ত্রৈবণি হইতে ত্রৈবণি; ঔপজন্ধনি হইতে ঔপজন্ধনি; আসুরি হইতে আসুরি; ভারদ্বাজ হইতে ভারদ্বাজ; আত্রেয় হইতে আত্রেয়; মাণ্টি হইতে মাণ্টি; গৌতম হইতে গৌতম; অপরগৌতম হইতে অপরগৌতম; বাৎস্য হইতে বাৎস্য; শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য; কৈশোর্য্যকাপ্য হইতে কৈশোর্য্যকাপ্য; কুমারহারিত হইতে কুমারহারিত; গালব হইতে গালব; বিদর্ভীকৌণ্ডিন্য হইতে বিদর্ভীকৌণ্ডিন্য; বৎসনপাতবাভ্রব হইতে বৎসনপাতবাভ্রব; পন্থসৌভর

হইতে পন্থাসৌরভ; অয়াস্য আঙ্গিরস হইতে অয়াস্য-আঙ্গিরস; আভূতিত্বাষ্ট্র হইতে আভূতিত্বাষ্ট্র; বিশ্বরূপত্বাষ্ট্র হইতে বিশ্বরূপত্বাষ্ট্র; অশ্বিদ্বয় হইতে অশ্বিদ্বয়; দধ্যঙ্ আথর্ব্বণ হইতে দধ্যঙ্ আথর্ব্বণ; অথর্ব্বদৈব হইতে অথর্ব্বদৈব; মৃত্যুপ্রাধ্বংসন হইতে মৃত্যুপ্রাধ্বংসন; একর্ষি হইতে একর্ষি বিপ্রচিত্তি হইতে বিপ্রচিত্তি; ব্যষ্টি হইতে ব্যষ্টি; সনারু হইতে সনারু; সনাতন হইতে সনাতন; সনগ হইতে সনগ; পরমেষ্ঠী হইতে পরমেষ্ঠী; ব্রহ্ম হইতে ব্রহ্ম উপদিষ্ট হন। এই সকলের উপদেষ্টা স্বয়ম্ভু ব্রহ্মাকে নমস্কার।

চতুর্থাধ্যায়ে ষষ্ঠ ব্রাহ্মণের অনুবাদ সমাপ্ত।

পঞ্চমোঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্।

১। ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে॥ পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

ব্যাখ্যা। [পূর্ব্বাধ্যায়ে সাধনমুক্তম্; ইদানীং কর্ম্ম বিরুদ্ধানি,

ক্রমমুক্তিপ্রতিপাদকানি উপাসনানি বক্তুমাহ]—অদঃ (পরং ব্রহ্ম) পূর্ণং (নিরুপাধিকং ব্যাপকং) [ভবতি] ; [তথা] ইদং (অপরোক্ষং কার্য্যাত্মকং ব্রহ্ম) পূর্ণং (স্বেন পরমাত্মনা রূপেণ ব্যাপি) [ভবতি ; নাপি উপাধিপরিচ্ছিন্নেন রূপেণ]। পূর্ণাৎ (কারণাত্মনঃ ব্রহ্মণঃ) পূর্ণং (কার্য্যাত্মকং ব্রহ্ম) উদচ্যতে (উদ্গচ্ছতি ইত্যর্থঃ)। [যদা পুনঃ], পূর্ণস্য (কারণাত্মনঃ ব্রহ্মণঃ (পূর্ণম্ (পূর্ণত্বম্) আদায় (গৃহীত্বা) [আত্মস্বরূপৈকরসত্বমাপাদ্য, অবিদ্যাকৃতম্ উপাধিজম্ অন্যত্বং তিরস্কৃত্য ব্রহ্ম বর্ত্ততে ; তদা] পূর্ণম্ (প্রজ্ঞানঘনৈকরসস্বভাবং ব্রহ্ম) এব অবশিষ্যতে।

অনুবাদ। [পূর্ব্ব অধ্যায়ে অমৃতত্বসাধন-সম্বন্ধে কথিত হইয়াছে ; এক্ষণে ক্রমমুক্তি প্রতিপাদক কর্ম্মের সহিত অবিরুদ্ধ উপাসনার বিষয় বর্ণিত হইবে] কারণাত্মক পর ব্রহ্ম নিরুপাধিক এবং ব্যাপক ; কার্য্যাত্মক ব্রহ্ম ও স্বীয় পরমাত্মরূপে ব্যাপক ; উক্ত কারণাত্মক পূর্ণব্রহ্ম হইতে কার্য্যাত্মক পূর্ণব্রহ্ম প্রকাশিত হইয়াছেন। যে সময় কার্য্যাত্মক ব্রহ্ম এই পূর্ণব্রহ্মের পূর্ণতা গ্রহণ করিয়া পরমাত্মস্বরূপে অবস্থানপূর্ব্বক অবিদ্যাজনিত ও উপাধিকৃত

সম্বন্ধ ছিন্ন করিয়া অবস্থান করেন, তখন চৈতন্যস্বরূপ নিরুপাধিক পূর্ণব্রহ্ম অবশিষ্ট থাকেন।

২। ওঁ খং ব্রহ্ম। খং পুরাণং বায়ুরং খমিতি হ স্মাহ কৌরব্যায়ণীপুত্রো বেদো যং ব্রাহ্মণা বিদুর্বেদৈনেন যদ্বেদিতব্যম্॥ ইতি প্রথমং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। [উপাসনামাহ]—[যৎ] খং (পরমাত্মাকাশং] ব্রহ্ম, [তদেব] ওঁ (ওঁশব্দবাচ্যং) [তচ্চ] খং (পরমাত্মাকাশং) পুরাণং (চিরন্তনম্); কৌরব্যায়ণীপুত্রঃ বায়ুরং (বায়ুঃ অস্মিন্ বিদ্যতে ইতি বায়ুরং ভূতাকাশং) খম্ ইতি আহ স্ম। বেদঃ (সর্ববেদসারভূতঃ) অয়ং (ওঙ্কারঃ) [বেদিতব্যং ব্রহ্ম] বেদ বিজ্ঞানাত [অতঃ "বেদোঽয়মিতি"] ব্রাহ্মণাঃ বিদুঃ (জানন্তি) অনেন [ওঁকারস্য সাধনত্বমুক্তং ব্রহ্ম প্রতিপত্তয়ে]।

অনুবাদ। খ অর্থাৎ পরমাত্মাকাশই ব্রহ্ম, এই ব্রহ্ম ওঁশব্দবাচ্য; এই ওঁশব্দবাচ্য পরমাত্মাকাশই পুরাণ (নিত্য); কৌরব্যায়ণীপুত্র বলেন যে, এই খশব্দেরদ্বারা ভূতাকাশই অভিহিত হইয়াছে। সর্ব্ববেদসারভূত এই ওঁশব্দ দ্বারা জ্ঞাতব্য

ক্রমমুক্তিপ্রতিপাদকানি উপাসনানি বক্তুমাহ]—অদঃ (পরং ব্রহ্ম) পূর্ণং (নিরুপাধিকং ব্যাপকং) [ভবতি] ; [তথা] ইদং (অপরাক্ষং কার্য্যাত্মকং ব্রহ্ম) পূর্ণং (স্বেন পরমাত্মনা রূপেণ ব্যাপি) [ভবতি ; নাপি উপাধিপরিচ্ছিন্নেন রূপেণ]। পূর্ণাৎ (কারণাত্মনঃ ব্রহ্মণঃ) পূর্ণং (কার্য্যাত্মকং ব্রহ্ম) উদচ্যতে (উদ্গচ্ছতি ইত্যর্থঃ)। [যদা পুনঃ] পূর্ণস্য (কারণাত্মনঃ ব্রহ্মণঃ (পূর্ণম্ (পূর্ণত্বম্) আদায় (গৃহীত্বা) [আত্মস্বরূপ-রসত্বমাপাদ্য, অবিদ্যাকৃতম উপাধিভ্রম অনভ্যাসং তিরস্কৃত্য ব্রহ্ম বর্ত্ততে ; তদা] পূর্ণম্ (প্রজ্ঞানঘনৈকরসস্বভাবং ব্রহ্ম) এব অবশিষ্যতে।

অনুবাদ। [পূর্ব্ব অধ্যায়ে অমৃতত্বসাধন-সম্বন্ধে কথিত হইয়াছে ; এক্ষণে ক্রমমুক্তি প্রতি-পাদক কর্ম্মের সহিত অবিরুদ্ধ উপাসনার বিষয় বর্ণিত হইবে] কারণাত্মক পর ব্রহ্ম নিরুপাধিক এবং ব্যাপক ; কার্য্যাত্মক ব্রহ্ম ও স্বীয় পরমাত্মরূপে ব্যাপক ; উক্ত কারণাত্মক পূর্ণব্রহ্ম হইতে কার্য্যা-ত্মক পূর্ণব্রহ্ম প্রকাশিত হইয়াছেন। যে সময় কার্য্যা-ত্মক ব্রহ্ম এই পূর্ণব্রহ্মের পূর্ণতা গ্রহণ করিয়া পরমাত্ম-স্বরূপে অবস্থানপূর্ব্বক অবিদ্যাজনিত উপাধিকৃত

সম্বন্ধ ছিন্ন করিয়া অবস্থান করেন, তখন চৈতন্যস্বরূপ নিরুপাধিক পূর্ণব্রহ্ম অবশিষ্ট থাকেন।

২। ওঁ খং ব্রহ্ম। খং পুরাণং বায়ুরং খমিতি হ স্মাহ কৌরব্যায়ণীপুত্রো বেদো যং ব্রাহ্মণা বিদুর্বেদৈনেন যদ্বেদিতব্যম্॥ ইতি প্রথমং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। [উপাসনামাহ]—[যৎ] খং (পরমাত্মাকাশং] ব্রহ্ম, [তদেব] ওঁ (ওঁশব্দবাচ্যং) [তচ্চ] খং (পরমাত্মাকাশং) পুরাণং (চিরন্তনম্); কৌরব্যায়ণীপুত্রঃ বায়ুরং (বায়ুঃ অস্মিন্ বিদ্যতে ইতি বায়ুরং ভূতাকাশং) খম্ ইতি আহ স্ম। বেদঃ (সর্ববেদসারভূতঃ) অয়ং (ওঙ্কারঃ) [বেদিতব্যং ব্রহ্ম] বেদ বিজ্ঞানাত [অতঃ "বেদোঽয়মিতি"] ব্রাহ্মণাঃ বিদুঃ (জানন্তি) অনেন [ওঁকারস্য সাধনত্বমুক্তং ব্রহ্ম প্রতিপত্তয়ে]।

অনুবাদ। খ অর্থাৎ পরমাত্মাকাশই ব্রহ্ম, এই ব্রহ্ম ওঁশব্দবাচ্য; এই ওঁশব্দবাচ্য পরমাত্মাকাশই পুরাণ (নিত্য); কৌরব্যায়ণীপুত্র বলেন যে, এই খশব্দেরদ্বারা ভূতাকাশই অভিহিত হইয়াছে। সর্ব্ববেদসারভূত এই ওঁশব্দ দ্বারা জ্ঞাতব্য

পরব্রহ্মকে জানা যায় বলিয়া ব্রাহ্মণগণ ওঁশব্দকেই বেদ-শব্দে অভিহিত করিয়া থাকেন ॥ [ইহা দ্বারা ওঁ শব্দকে ব্রহ্মজ্ঞানের সাধন বলিয়াও কথিত হইল।

পঞ্চমাধ্যায়ের প্রথম ব্রাহ্মণের অনুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

২। ত্রয়াঃ প্রাজাপত্যাঃ প্রজাপতৌ পিতরি ব্রহ্মচর্য্যমূষুর্দেবা মনুষ্যা অসুরা উষিত্বা ব্রহ্মচর্য্যং দেবা উচুর্ব্রবীতু নো ভবানিতি তেভ্যো হৈতদক্ষরমুবাচ দ ইতি ব্যজ্ঞাসিষ্টা ৩ ইতি ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দাম্যতেতি ন আত্থেত্যোমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি ॥

ব্যাখ্যা। ত্রয়াঃ (ত্রিসংখ্যকাঃ) প্রাজাপত্যাঃ (প্রজাপতেঃ অপত্যানি) দেবাঃ, মনুষ্যাঃ অসুরাঃ [ইতি]; [তে] পিতরি প্রজাপতৌ (পিতুঃ প্রজাপতেঃ সমীপে) ব্রহ্মচর্য্যম্ [আশ্রিত্য] উষুঃ (বাসং কৃতবন্তঃ)। [তেষু] দেবাঃ ব্রহ্মচর্য্যম্ [আশ্রিত্য] উষিত্বা (বাসং কৃত্বা) [প্রজাপতিম্] উচুঃ - ভবান্ নঃ (অস্মান্) [অনুশাসনম্] ব্রবীতু (কথয়তু) ইতি। তেভ্যঃ (দেবেভ্যঃ) দ এতদ্ অক্ষরম্ উবাচ হ।

[প্রজাপতিঃ] ইতি। [প্রজাপতিঃ পুনরুবাচ] ব্যজ্ঞাসিষ্টাঃ [উপদেশং] (বিজ্ঞাতবন্তঃ) [যূয়মিতি শেষঃ]। ব্যজ্ঞাসিষ্ম (বিজ্ঞাতবন্তঃ) [বয়মিতি শেষঃ] ইতি [দেবাঃ] হ উচুঃ। [পুনঃ প্রজাপতিরাহ—] কিং ময়া উক্তং, তৎ কথয়ত যূয়ম্ ; দেবাঃ আহুঃ]—দাম্যত (যূয়ং স্বভাবতঃ অদান্তাঃ, অতো দান্তাঃ ভবত) ইতি (এবং) নঃ (অস্মান্) আত্থ (ব্রবীষি) [ত্বমিতি শেষঃ]। ওঁ ইতি (স্বীকারে) ব্যজ্ঞাসিষ্ট [যূয়ম্] ইতি হ উবাচ [প্রজাপতিঃ]।

অনুবাদ। দেবগণ, মনুষ্যগণ এবং অসুরগণ ইহারা সকলেই প্রজাপতির পুত্র ; তাঁহারা সকলেই ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া প্রজাপতি সমীপে বাস করিয়াছেন। তন্মধ্যে দেবগণ ব্রহ্মচর্য্য অবলম্বনে তথায় বাস করিয়া প্রজাপতিকে কহিলেন—আপনি আমাদিগকে উপদেশ প্রদান করুন। প্রজাপতি তাহাদিগকে 'দ' এই অক্ষরটী মাত্র বলিয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন, তোমরা আমার উপদেশ গ্রহণ করিতে পারিয়াছ? দেবগণ বলিলেন—হাঁ বুঝিতে পারিয়াছি। প্রজাপতি পুনরায় বলিলেন—আমি কি উপদেশ দিয়াছি, তাহা

বল; দেবগণ বলিলেন—আমরা স্বভাবতঃ অদান্ত, এইজন্য, আপনি আমাদিগকে দান্ত হইতে বলিয়াছেন; প্রজাপতি বলিলেন—ওঁ অর্থাৎ হাঁ তোমরা যথাযথ বুঝিতে পারিয়াছ।

২। অথ হৈনং মনুষ্যা ঊচুর্ব্রবীতু নো ভবানিতি তেভ্যো হৈতদেবাক্ষরমুবাচ দ ইতি ব্যজ্ঞাসিষ্টা৩ ইতি ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দত্তেতি ন আত্থেত্যোমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) মনুষ্যাঃ এনং (প্রজাপতিং) হ ঊচুঃ—ভবান্ নঃ (অস্মান্) [অনুশাসনং] ব্রবীতু ইতি। [প্রজাপতিঃ] তেভ্যঃ (মনুষ্যেভ্যঃ) দ এতদ্ অক্ষরং হ উবাচ ইতি; [ময়োক্তমুপদেশং] ব্যজ্ঞাসিষ্টাঃ (বিজ্ঞাতবন্তঃ) [যূয়মিতিশেষঃ]? ইতি। [মনুষ্যাঃ] হ ঊচুঃ ব্যজ্ঞাসিষ্ম (বিজ্ঞাতবন্তঃ) [বয়মিতি শেষঃ] ইতি। [পুনঃ প্রজাপতিরাহ কিং জ্ঞাতবন্তঃ যূয়ম, তৎ কথয়ত; ততঃ মনুষ্যাঃ ঊচুঃ] দত্ত (দানং কুরুত) ইতি নঃ (অস্মান্) আত্থ (ব্রবীষি) [ত্বমিতি শেষঃ] [প্রজাপতিঃ] হ উবাচ—[যূয়ম্ উপদেশং] ব্যজ্ঞাসিষ্ট (বিজ্ঞাতবন্তঃ) ইতি।

অনুবাদ। অতঃপর মনুষ্যগণ প্রজা-

পতিকে বলিলেন—ভগবন্! আপনি আমাদিগকে উপদেশ প্রদান করুন। প্রজাপতি তাঁহাদিগকেও দ এই অক্ষরটী বলিয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন—আমি যে উপদেশ দিয়াছি, তাহা তোমরা বুঝিতে পারিয়াছ? মনুষ্যগণ বলিলেন—হাঁ বুঝিতে পারিয়াছি; পুনরায় প্রজাপতি বলিলেন,—কি বুঝিতে পারিয়াছ তাহা বল; তদুত্তরে মনুষ্যগণ বলিলেন—আমরা অতিলুব্ধপ্রকৃতি সুতরাং আমাদিগকে দান করিতে উপদেশ দিয়াছেন; প্রজাপতি বলিলেন—হাঁ তোমরা প্রকৃত উপদেশই গ্রহণ করিয়াছ।

৩। অথ হৈনমসুরা উচুর্ব্বীতু নো ভবানিতি তেভ্যো হৈতদেবাক্ষরমুবাচ দ ইতি ব্যজ্ঞাসিষ্টা ৩ ইতি ব্যজ্ঞাসিষ্মেতি হোচুর্দয়ধ্বমিতি ন আথেত্যোমিতি হোবাচ ব্যজ্ঞাসিষ্টেতি তদেতদেবৈষা দৈবী বাগনুবদতি স্তনয়িত্নুর্দ দ দ ইতি দাম্যত দত্ত দয়ধ্বমিতি তদেতত্ত্রয়ং শিক্ষেদ্দমং দানং দয়ামিতি॥

ইতি দ্বিতীয়ং ব্রাহ্মণম্॥

অথ (অনন্তরং) অসুরাঃ এনং (প্রজাপতিং) হ ঊচুঃ ভবান্ নঃ (অস্মান্) [উপদেশং] ব্রবীতু ইতি। [প্রজাপতিঃ] তেভ্যঃ (অসুরেভ্যঃ) দ এতদ্ অক্ষরং হ উবাচ ইতি। [উক্ত্বা চ আহ] [উপদেশং] ব্যজ্ঞাসিষ্টাঃ (বিজ্ঞাতবন্তঃ) ? ইতি। [অসুরাঃ] হ ঊচুঃ ব্যজ্ঞাসিস্ম (বিজ্ঞাতবন্তঃ) [বয়মিতি শেষঃ] ইতি। [পুনঃ প্রজাপতিরাহ কিং বিজ্ঞাতবন্তঃ, তদুচ্যতাম্ ; অসুরা ঊচুঃ] দয়ধ্বম্ (দয়াং কুরুত) ইতি নঃ (অস্মান্) আত্থ (উপদিশসি) [ত্বমিতি শেষঃ]। [প্রজাপতিঃ] ওঁ ইতি উবাচ ; ব্যজ্ঞাসিষ্ট [যূয়ম্] ইতি। তৎ (তস্মাৎ) এষা দৈবী (দেবসম্বন্ধিনী) স্তনয়িত্নুঃ (মেঘধ্বনিরূপা) বাক্ [অদ্যাপি] দ দ দ ইতি [শব্দং কুর্ব্বা] দাম্যত, দত্ত, দয়ধ্বম্ ইতি (এবম্) এতৎ (প্রজাপতিবাক্যম্) এব অনুবদতি। তৎ (তস্মাৎ) এতৎ ত্রয়ং—দমং, দানং, দয়াম্ শিক্ষেৎ ইতি।

অনুবাদ। অতঃপর অসুরগণ প্রজাপতিকে বলিলেন—ভগবন্! আপনি আমাদিগকে উপদেশ প্রদান করুন। প্রজাপতি অসুরগণকে দ' এই অক্ষরটী বলিয়া জিজ্ঞাসা করিলেন—তোমরা আমার উপদেশ বুঝিতে পারিয়াছ কি ? অসুরগণ বলিলেন—হাঁ বুঝিতে পারিয়াছি। পুনরায় প্রজাপতি বলিলেন

কি বুঝিতে পারিয়াছ, তাহা বল; অসুরগণ বলিলেন আপনি আমাদিগকে এই উপদেশ প্রদান করিয়াছেন যে; তোমরা দয়াশীল হইও। প্রজাপতি ওঁ শব্দ দ্বারা সম্মতি জ্ঞাপন করিয়া বলিলেন—তোমরা আমার উপদেশ প্রকৃত বুঝিতে পারিয়াছ। সেইজন্য আজ পর্য্যন্ত ও দৈবসম্বন্ধীয় মেঘধ্বনিরূপবাক্য দ দ দ এই শব্দ করিয়া দান্ত হও, দান কর এবং দয়াশীল হও, তদায় এই উপদেশের অনুকরণ করে। অতএব দম, দান এবং দয়া এই তিনটী শিক্ষা করিবে।

তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥

১। এষ প্রজাপতির্যদ্ধৃদয়মেতদ্ ব্রহ্মৈতৎ সর্বং তদেতত্ত্র্যক্ষরꣳ হৃদয়মিতি হৃ ইত্যেকমক্ষরমভিহরন্ত্যস্মৈ স্বাশ্চান্যে চ য এবং বেদ দ ইত্যেকমক্ষরং দদত্যস্মৈ স্বাশ্চান্যে চ য এবং বেদ যমিত্যেকমক্ষরমেতি স্বর্গং লোকং য এবং বেদ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। এষঃ প্রজাপতিঃ (প্রজানাং সৃষ্টিকর্ত্তা);

[কোঽসাবিত্যাহ]—যদ্ এতদ্ (হৃদয়ম্ (হৃদয়স্থা বুদ্ধিঃ); এতৎ (হৃদয়ম্) [এব] ব্রহ্ম; এতৎ [এব] সর্ব্বং। তদ্ এতদ্ হৃদয়ম্ ইতি [নাম] ত্র্যক্ষরম্ (অক্ষরত্রয়াত্মকম্); [কানি পুনঃ তান্যক্ষরানীত্যাহ]—হৃ ইতি একম্ অক্ষরম্; যঃ এবং (ইত্থং) বেদ, স্বাঃ (জ্ঞাতয়ঃ) চ অন্যে চ (লোকাঃ) অস্মৈ (বিদুষে) [বলিম্] অভিহরন্তি (দ ইতি একম্ অক্ষরম্; যঃ এবং বেদ, স্বাঃ (জ্ঞাতয়ঃ) চ অন্যে চ (জনাঃ) [স্বং স্বং কাম্যম্] অস্মৈ (বিদুষে) দদতি। যম্ ইতি একম্ অক্ষরম্, যঃ (জনঃ) এবং বেদ, সঃ স্বর্গং লোকম্ এতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। পূর্ব্বোক্ত প্রজাপতিই এই হৃদয় (এই হৃদয়স্থিত বুদ্ধি); এই হৃদয়ই ব্রহ্ম, আবার এই ব্রহ্মই সর্ব্বাত্মক। এই হৃদয় নামটী তিনটী অক্ষরে গঠিত; উক্ত অক্ষরত্রয়ের মধ্যে একটী অক্ষর "হৃ"; যিনি এই প্রকারে উক্ত তত্ত্ব জানেন; তদীয় জ্ঞাতিগণ এবং অপরাপর সকলেই তদুদ্দেশ্যে ভোগ্য বস্তু আহরণ করেন। হৃদয়ের অপর একটী অক্ষর "দ"; যিনি উক্ত তত্ত্ব অবগত হয়েন; তদীয় জ্ঞাতিগণ এবং অপরাপর সকলেই তাঁহাকে ভোগ্য

দ্রব্যসকল প্রদান করেন। হৃদয় শব্দের অপর একটী অক্ষর "যম", যিনি উক্ত তত্ত্ব উক্তরূপে অবগত হন; তিনি স্বর্গ-লোক প্রাপ্ত হইয়া থাকেন ॥

চতুর্থং ব্রাহ্মণম্ ॥

১। তদ্বৈ তদেব তদাস সত্যমেব স যো হৈতং মহৎ যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি জয়তীমান্ লোকান্ জিত ইন্ন্বসাবসৎ য এবমেতৎ মহৎ যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্মেতি সত্যং হ্যেব ব্রহ্ম ॥

ইতি চতুর্থং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [ইদানীং হৃদয়াখ্যস্য ব্রহ্মণঃ উপাসনমাহ]—তৎ (পূর্বোক্তং হৃদয়ং ব্রহ্ম) বৈ (স্মরণে) [হৃদয়ং ব্রহ্ম স্মর্য্যতে তচ্ছব্দেন]; তদ্ (হৃদয়ব্রহ্ম) এব [প্রকারান্তরেণ উচ্যতে]—এতৎ (প্রকৃতং) সত্যম্ (সৎ চ, ত্যৎ চ ইতি সত্যং মূর্ত্তামূর্ত্তরূপং পঞ্চভূতাত্মকম্) এব তৎ (ব্রহ্ম) আস (আসীৎ)। সঃ যঃ (যঃ কশ্চিৎ) হ (এব) এতং (এতৎ) মহৎ (মহত্ত্বগুণযুক্তং) যক্ষং (পূজ্যং) প্রথমজাতং সত্যব্রহ্ম ইতি বেদ (জানাতি); [সঃ জনঃ] ইমান্ লোকান্ জয়তি (বশীকরোতি)। ইন্নু (ইত্থম্) অসৎ (অসন্)

অসৌ (শত্রুঃ) জিতঃ (বশীকৃতঃ) [চ ভবেদনেন] [অস্মৈ তৎফলমিতি পুনর্নিগময়তি]—যঃ (জনঃ) এবং (এবম্প্রকারেণ) মহদ্ যক্ষং প্রথমজং সত্যংব্রহ্ম ইতি বেদ। হি (যস্মাৎ) সত্যম্ এব ব্রহ্ম।

অনুবাদ। [সম্প্রতি প্রকারন্তরে উক্ত হৃদয়াখ্য ব্রহ্মের উপাসনা ও বিষয় কথিত হইতেছে] প্রথম তৎশব্দদ্বারা পূর্ব্বোক্ত হৃদয়ব্রহ্ম স্মরণ করিয়া দিতেছেন; অপর তৎশব্দদ্বারা সেই সেই হৃদয় ব্রহ্মেরই প্রকারান্তরে উপাসনা—ইহাই প্রকাশ করিতেছেন; সেই হৃদয়ব্রহ্মই সত্যরূপে (মূর্ত্তা-মূর্ত্তরূপে) অবস্থিত ছিলেন। যে কোন ব্যক্তি এই মহত্ত্বগুণযুক্ত পূজনীয় প্রথমোৎপন্ন ব্রহ্মকে মূর্ত্তামূর্ত্ত-রূপে অবগত; তিনি ইহলোক বশীভূত করিতে সমর্থ এবং শত্রুগণকে বশীভূত করিয়া নিঃশত্রু হন। [ইহা কাহার ফল তাহা পুনরায় বলিতেছেন]—যিনি এইরূপে মহিমাসম্পন্ন পূজনীয় প্রথমোৎপন্ন সত্যব্রহ্মকে জানেন সত্যব্রহ্মই তাঁহার ফলস্বরূপ জানিবে॥

পঞ্চমং ব্রাহ্মণম্ ॥

১। আপ এবেদমগ্র আসুস্তা আপঃ সত্যমসৃজন্ত সত্যং ব্রহ্ম ব্রহ্ম প্রজাপতিং প্রজাপতির্দেবাংস্তে দেবাঃ সত্যমেবোপাসতে তদেতত্ত্র্যক্ষরং সত্যমিতি স ইত্যেকমক্ষরং তীত্যেকমক্ষরং যমিত্যেকমক্ষরং প্রথমোত্তমে অক্ষরে সত্যং মধ্যতোঽনৃতং তদেতদনৃতমুভয়তঃ সত্যেন পরিগৃহীতং সত্যভূয়মেব ভবতি নৈনং বিদ্বাংসমনৃতং হিনস্তি ॥

ব্যাখ্যা। অগ্রে (সৃষ্টেঃ প্রাক্‌ঃ) ইদম্ (জগৎ) আপঃ (অগ্নিহোত্রাদ্যাহুতিজাতানি জলানি) এব আসুঃ (বভূবুঃ)। তাঃ (আপঃ) সত্যম্ (হিরণ্যগর্ভম্) অসৃজন্ত; [তৎ] সত্যম্ (হিরণ্যগর্ভঃ) [এব] ব্রহ্ম [মহত্ত্বাৎ]; [তৎ সত্যং] ব্রহ্মপ্রজাপতিম্ [অসৃজত]; প্রজাপতিঃ দেবান্ [অসৃজত]; তে দেবাঃ সত্যম্ (কারণভূতং হিরণ্যগর্ভাখ্যব্রহ্ম) এব উপাসতে। তদ্ এতৎ সত্যম্ ইতি [নাম] ত্র্যক্ষরম্; [তত্র] "স" ইতি একম্ অক্ষরম্; "তি" একম্ অক্ষরম্, "য়" ইতি একং অক্ষরম্; "যম্" ইতি একম্ অক্ষরম্। [তত্র] প্রথমোত্তমে (সকারযকাররূপে প্রথমতৃতীয়ে) অক্ষরে সত্যং (সত্যরূপে) [মৃত্যুরূপাভাবাৎ], মধ্যতঃ

(মধ্যে) [যং "তি"ইতি অক্ষরম্], তদ্ অনৃতম্ (অসত্যম্) [মৃত্যুকবলিতত্বাৎ]। তৎ এতৎ অনৃতম্ (অসত্যরূপং মধ্যমমক্ষরম্) উভয়তঃ সত্যেন (সকারযকারলক্ষণেন) পরিগৃহীতম্ (ব্যাপ্তম্ অন্তর্ভাবিতমিত্যর্থঃ)। [যঃ জনঃ অনৃতস্য সর্বস্য মৃত্যুধর্ম্মিণিঃ পদার্থস্য] সত্যভূয়ম্ (সত্যবাহুল্যং) এবং [অনৃতত্বঞ্চ বিজানাতি সঃ সত্যভূয়ঃ এব] ভবতি, অনৃতম্ (অসত্যম্) এনং বিদ্বাংসং ন হিনস্তি (পাপেন দুঃখয়তি)।

অনুবাদ। সৃষ্টির পূর্ব্বে এই জগৎ জলরূপে ছিল। অগ্নিহোত্রাদির আহুতিজনিত সেই জলরাশি (জলোপলক্ষিত ভূতসকল), সত্য হিরণ্যগর্ভনামক প্রথম জীব) সৃষ্টি করিলেন ; [অর্থাৎ পরমাত্মাই পঞ্চভূত দ্বারা হিরণ্যগর্ভকে সৃষ্টি করিলেন]। স্বকীয় মাহাত্ম্যবশতঃ ইনিই ব্রহ্মপদবাচ্য। সেই হিরণ্যগর্ভ ব্রহ্ম, প্রজাপতিসংজ্ঞক বিরাট্‌শরীরীকে সৃষ্টি করিলেন ; আবার এই বিরাট্‌-শরীরী প্রজাপতি, দেবগণকে সৃষ্টি করিলেন। উক্ত দেবগণ, কারণস্বরূপ সত্যাখ্য ব্রহ্মের উপাসনা করেন। সেই "সত্য" নামটী অক্ষরত্রয়যুক্ত ; তন্মধ্যে "স" একটী অক্ষর, "ত" একটী অক্ষর, আর

"য" একটী অক্ষর; এই অক্ষরত্রয়ের মধ্যে, প্রথম অক্ষরটী এবং শেষ অক্ষরটী অবিনাশী বলিয়া সত্য-ব্রহ্মস্বরূপ; আর মধ্যস্থিত "ত" অক্ষরটী অসত্য-স্বরূপ; এই অসত্য "ত" অক্ষরটীর পূর্ব্বে ও পরে সত্যরূপী সকার ও যকার আছে বলিয়া, উক্ত অক্ষর-দ্বয় অসত্য "ত" অক্ষরটীকে অন্তর্ভুক্ত করিয়া রাখিয়া ছেন। [সত্য পদার্থের সত্তা তিন কালেই থাকে, অসত্য পদার্থের সত্তা কেবল ব্যবহারকালেই থাকে, এইজন্য পারমার্থিক সত্তাবান্ পদার্থের সত্তা দ্বারাই অপারমার্থিক পদার্থ সত্তাবান্ হয়, ইহা বুঝিতে হইবে]। যিনি এইরূপে অসত্য পদার্থকে সত্যবহুল পদার্থে প্রতিষ্ঠিত বলিয়া জানেন এবং তাহাকে স্বভাবতঃ অনৃতরূপে অবগত হন; তিনি সত্যবাহুল্য লাভ করেন; এবং কখনও অসত্য দ্বারা হিংসিত বা তদীয় পাপদ্বারা দুঃখিত হন না।

২। তদ্ যৎ সত্যমসৌ স আদিত্যো য এষ এত-স্মিন্মণ্ডলে পুরুষো যশ্চায়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তাবেতা-বন্যোন্যস্মিন্ প্রতিষ্ঠিতৌ রশ্মিভিরেষোঽস্মিন্ প্রতিষ্ঠিতঃ

প্রাণৈরয়মমুষ্মিন্ স যদোৎক্রমিষ্যন্ ভবতি শুদ্ধমেবৈতৎ মণ্ডলং পশ্যতি নৈনমেতে রশ্ময়ঃ প্রত্যায়ন্তি॥

ব্যাখ্যা। তৎ (প্রসিদ্ধং) যৎ (পূর্বোক্তং) সত্যম্ (সত্যাখ্যং ব্রহ্ম), তৎ (সত্যং ব্রহ্ম) সঃ (প্রসিদ্ধঃ) অসৌ আদিত্যঃ। [কোঽসাবাদিত্যঃ ইত্যাহ]—এষঃ যঃ এতস্মিন্ মণ্ডলে (এতস্মিন্ আদিত্যমণ্ডলে) পুরুষঃ, যঃ চ এষঃ দক্ষিণে অক্ষন্ (দক্ষিণচক্ষুষি) পুরুষঃ; তৌ এতৌ (আদিত্যাক্ষিস্থৌ) পুরুষৌ অন্যোন্যস্মিন্ (ইতরেতরস্মিন্) প্রতিষ্ঠিতৌ। [কথং প্রতিষ্ঠিতাবিত্যাহ]—এষঃ (আদিত্যপুরুষঃ) রশ্মিভিঃ; [প্রকাশেন উপকারং কুর্বন্] অস্মিন্ (অধ্যাত্মে চাক্ষুষে পুরুষে) প্রতিষ্ঠিতঃ; অয়ম্ (অক্ষিপুরুষঃ) প্রাণৈঃ [আদিত্যম্ অনুগৃহ্নন্] অমুষ্মিন্ (আদিত্যে অধিদৈবে) [প্রতিষ্ঠিতঃ]। সঃ (প্রসিদ্ধঃ শরীরস্থঃ বিজ্ঞানময়ঃ ভোক্তা) যদা (যস্মিন্ কালে) উৎক্রমিষ্যন্ ভবতি; [তদা] এতন্মণ্ডলং (আদিত্যমণ্ডলং) শুদ্ধম্ (রশ্মিবিরহিতম্) এব পশ্যতি; এতে রশ্ময়ঃ [চ] এনং (চাক্ষুষং পুরুষং) ন প্রত্যায়ন্তি (ন প্রত্যাগচ্ছন্তি) [এতেন অরিষ্টদর্শনং প্রাসঙ্গিকং প্রদর্শ্যতে]।

অনুবাদ। যিনি পূর্ব্বোক্ত সত্যসংজ্ঞক ব্রহ্ম, তিনিই আদিত্য। যিনি আদিত্যমণ্ডলে অধিদৈব-

রূপে অধিষ্ঠিত তিনিই আদিত্য; আর যিনি দক্ষিণ-চক্ষুতে অধ্যাত্মরূপে অবস্থিত, তিনিই অক্ষি পুরুষ; এই উভয় পুরুষই পরস্পরে আশ্রয়আশ্রয়িভাবে সম্বদ্ধ; কারণ আদিত্যপুরুষ, স্বীয় রশ্মি দ্বারা প্রকাশ করিয়া এই অধ্যাত্ম চাক্ষুষ-পুরুষে প্রতিষ্ঠিত আছেন; আবার অক্ষিপুরুষ প্রাণদ্বারা আদিত্য পুরুষকে অনুগৃহীত করিয়া অধিদৈব আদিত্য পুরুষে প্রতিষ্ঠিত আছেন। শরীরস্থিত বিজ্ঞানময় ভোক্তা যখন দেহত্যাগ করিবেন, তাহার পূর্ব্বে এই আদিত্য-মণ্ডলকে রশ্মিবিযুক্ত দেখিবেন এবং এই রশ্মি-সকলও এই পুরুষের নিকটে আসে না অর্থাৎ এই পুরুষের নয়নের সহিত যুক্ত হইয়া কার্য্যকারিতা জন্মায় না; [ইহা দ্বারা আসন্ন মৃত্যুর অরিষ্টও প্রতিপাদিত হইল; সূর্য্যরশ্মি অদর্শন অরিষ্ট বিশেষ]।

৩। য এষ এতস্মিন্ মণ্ডলে পুরুষস্তস্য ভূরিতি শির একং হি শির একমেতদক্ষরং ভুব ইতি বাহূ দ্বৌ বাহূ দ্বে এতে অক্ষরে স্বরিতি প্রতিষ্ঠা দ্বে প্রতিষ্ঠে দ্বে এতে অক্ষরে তস্যোপনিষদহমিতি হন্তি পাপ্মানং জহাতি চ য এবং বেদ ॥

ব্যাখ্যা। যঃ এষঃ এতস্মিন্ মণ্ডলে (সূর্য্যমণ্ডলে) পুরুষঃ [সত্যসংজ্ঞকঃ]; তস্য (সত্যাখ্যপুরুষস্য) ভূঃ ইতি [অক্ষরং] শিরঃ; [যস্মাৎ] একং শিরঃ, এতৎ (ভূঃ ইতি) অক্ষরম্ একং; [তথা] ভুবঃ ইতি (অক্ষরদ্বয়ং) বাহূঃ; [যস্মাৎ] দ্বৌ বাহু, এতে (ভুবরূপে) অক্ষরে দ্বে [ভবতঃ]; স্বর্ ইতি (অক্ষরং) প্রতিষ্ঠা (প্রতিষ্ঠতি অনয়া ইতি প্রতিষ্ঠা পাদঃ); [যতঃ] প্রতিষ্ঠে (পাদৌ) দ্বে (দ্বিসংখ্যকে), এতে (স্বর্ ইতি) অক্ষরে দ্বে (দ্বিসংখ্যকে) [ভবতঃ]। তস্য (ব্যাহৃত্যবয়বস্য সত্যস্য ব্রহ্মণঃ) উপনিষৎ (উপনিষৎপ্রতিপাদ্যং) [নাম] অহম্ ইতি; যঃ (জনঃ) এবং বেদ, [সঃ] পাপ্মানং হন্তি জহাতি চ।

অনুবাদ। যিনি আদিত্যমণ্ডলস্থ সত্য-সংজ্ঞক পুরুষ; সেই সত্যাখ্য পুরুষের "ভূঃ" এই অক্ষরটী শিরঃ অর্থাৎ মস্তকস্থানীয়; কারণ মস্তকও একটী, "ভূঃ" এই অক্ষরও একটী; "ভুব" এই অক্ষর দুইটী তাঁহার বাহুদ্বয় স্থানীয়; কারণ বাহুর সংখ্যাও দুই, "ভুব" এই অক্ষরের সংখ্যাও দুই; স্বর্ এই অক্ষরদুইটী তাঁহার পদদ্বয়, কারণ "স্বর" শব্দে দুইটী অক্ষর, পদও দ্বিসংখ্যক [সংখ্যার সমতা

বশতঃ উপাসনার জন্য উক্তরূপে কল্পিত হইয়াছে]। যিনি উপনিষৎপ্রতিপাদ্য তদীয় "অহম্" নামটী জানিয়া উপাসনা করেন; তিনি স্বকীয় পাপরাশি বিনষ্ট করিয়া নিষ্পাপ হইয়া অবস্থান করেন॥

৪। যোঽয়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তস্য ভূরিতি শির একং হি শির একমেতদক্ষরং ভুব ইতি বাহূ দ্বৌ বাহূ দ্বে এতে অক্ষরে স্বরিতি প্রতিষ্ঠা প্রতিষ্ঠে দ্বে দ্বে এতে অক্ষরে তস্যোপনিষদহমিতি হন্তি পাপ্মানং জহাতি চ য এবং বেদ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। যঃ অয়ং দক্ষিণে অক্ষন্ (অক্ষণি) পুরুষঃ; তস্য (অক্ষিপুরুষস্য) "ভূঃ" ইতি শিরঃ; [যস্মাৎ] একং শিরঃ, একম্ এতদ্ অক্ষরম্; "ভুব" ইতি বাহূ, [যস্মাৎ] দ্বৌ বাহূ, এতে অক্ষরে দ্বে [ভবতঃ]; "স্বর্" ইতি প্রতিষ্ঠা; [যস্মাৎ] দ্বে প্রতিষ্ঠে (দ্বৌ পাদৌ) এতে অক্ষরে [চ] দ্বে [ভবতঃ]। তস্য (চাক্ষুষস্য পুরুষস্য) উপনিষৎ (উপনিষৎ-প্রতিপাদ্যম্) [নাম] অহম্ ইতি; যঃ (জনঃ) এবম্ (উক্তরূপেণ) বেদ; [সঃ] পাপ্মানং হন্তি জহাতি চ।

অনুবাদ। যিনি দক্ষিণ চক্ষুতে অবস্থিত; সেই সত্যাখ্য অক্ষিপুরুষের "ভূঃ" অর্থাৎ ভূর্লোক মস্তকস্থানীয়; শিরও একটী. "ভূ" এই অক্ষরও একটী; "ভুব" অর্থাৎ ভুবর্লোক, ইঁহার বাহুদ্বয়, কারণ বাহুও দুইটী, "ভুব" এই অক্ষরও দুইটী; স্বর্ অর্থাৎ স্বর্লোক ইঁহার প্রতিষ্ঠা (পাদদ্বয়), পদও দ্বিসংখ্যক, "স্বর্" শব্দের অক্ষরও দুইটী। যিনি উক্ত পুরুষের "অহম্" এই উপনিষৎ-প্রতিপাদ্য নামটী অবগত হয়েন; তিনি পাপরাশি দগ্ধ করিয়া নিষ্পাপভাবে অবস্থান করেন॥

ষষ্ঠং ব্রাহ্মণম্।

মনোময়োঽয়ং পুরুষো ভাঃ সত্যস্তস্মিন্নন্তর্হৃদয়ে যথা ব্রীহির্বা যবো বা স এষ সর্বস্যেশানঃ সর্বস্যাধিপতিঃ সর্বমিদং প্রশাস্তি যদিদং কিঞ্চ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য ষষ্ঠং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। মনোময়ঃ (মনঃপ্রায়ঃ) [মনসি উপলভ্যমানত্বাৎ] ভাঃসত্যঃ (ভাঃ প্রকাশঃ এব সত্যং স্বরূপং যস্য সঃ ভাঃসত্যঃ প্রকাশস্বভাবঃ) অয়ং পুরুষঃ (সত্যসংজ্ঞকঃ পুরুষঃ) তস্মিন্

অন্তর্হৃদয়ে (হৃদয়াভ্যন্তরে) যথা ব্রীহিঃ বা যবঃ বা [পরিমাণতঃ সূক্ষ্মতরয়া অবস্থিতৌ ; তথা সূক্ষ্মতয়া বিদ্যতে] । সঃ (প্রসিদ্ধঃ) এষঃ (অন্তর্হৃদয়স্থঃ পুরুষঃ) সর্বস্য (জগতঃ) ঈশানঃ (স্বামী) অধিপতিঃ (অধিষ্ঠায় পালয়িতা) [সন্] যৎকিঞ্চ (যৎ-কিঞ্চিৎ) ইদং (প্রত্যক্ষসিদ্ধং) সর্বম্ (জগৎ) [দৃশ্যতে, তৎ সর্বম্] ইদম্ প্রশাস্তি (নিয়মিতরূপেণ পরিচালয়তি) ["তং যথা যথোপাসতে তদেব ভবতি" ইতি ব্রাহ্মণেন ফলং জ্ঞেয়ম্]।

অনুবাদ। এই পুরুষ মনোময় আবার ইনিই ভাঃসত্য (প্রকাশস্বরূপ) ; এই পুরুষই ব্রীহি-ধান্য এবং যবের ন্যায় সূক্ষ্মরূপে হৃদয়ের অভ্যন্তরে বিদ্যমান থাকিয়া সমুদায় জগতের ঈশান (স্বামী) এবং সমস্ত জগতের পালনকর্ত্তা রূপে বিরাজমান আছেন। আর আমরা যাহা কিছু পদার্থ দর্শন করি, তিনি সেই সকল পদার্থকেই নিয়মিতরূপে পরিচালনা করিতে থাকেন॥

সপ্তমং ব্রাহ্মণম্।

১। বিদ্যুদ্ ব্রহ্মেত্যাহুর্বিদানাদ্বিদ্যুদ্বিদ্যত্যেনং পাপ্মনো য এবং বেদ বিদ্যুদ্ ব্রহ্মেতি বিদ্যুদ্ধ্যেব ব্রহ্ম ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য সপ্তমং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [কেচিৎ] বিদ্যুৎ (সৌদামিনী) [এব] ব্রহ্ম ইতি আহুঃ; [কথং বিদ্যুতঃ ব্রহ্মত্বমিত্যাহ]—বিদানাৎ (মেঘ-জনিতান্ধকাররাশ্য অবখণ্ডনাৎ। বিদ্যুৎ [ব্রহ্ম ভবতি]। যঃ (জনঃ) এবং (ইত্থং) বিদ্যুৎ [এব] ব্রহ্ম ইতি বেদ; [সঃ] এনং (আত্মানং) [প্রতি, প্রতিকূলভূতাঃ যে পাপ্মানঃ সন্তি, তান্ সর্বান্] পাপ্মানং (পাপানি) বিদ্যতি (অব-খণ্ডয়তি); হি (যতঃ) বিদ্যুৎ তব ব্রহ্ম [বিদ্যুদ্রূপেণ ব্রহ্ম পরিকল্পিতম্]।

অনুবাদ। কেহ কেহ বিদ্যুৎকেই ব্রহ্ম-রূপে উপাসনা করিয়া থাকেন; কারণ বিদ্যুৎ নিজেই মেঘজনিত অন্ধকাররাশিকে বিনাশ করিয়া প্রকাশিত হয় [প্রকাশধর্ম্মের সাম্যবশতঃ বিদ্যুৎ-কেই ব্রহ্মরূপে কল্পনা করিয়া উপাসনা করেন। যিনি উক্তরূপে বিদ্যুৎকে ব্রহ্ম বলিয়া জানেন, তিনি আত্মার প্রতিকূলবর্ত্তী পাপরাশি বিনষ্ট করিয়া নিষ্পাপ দেহে অবস্থান করেন। কারণ বিদ্যুৎ ই ব্রহ্মরূপে পরিকল্পিত।

অষ্টমং ব্রাহ্মণম্।

১। বাচং ধেনুমুপাসীত তস্যাশ্চত্বারঃ স্তনাঃ

স্বাহাকারো বষট্কারো হন্তকারঃ স্বধাকারস্তস্যৈ দ্বৌ স্তনৌ দেবা উপজীবন্তি স্বাহাকারং চ বষট্কারং চ হন্তকারং মনুষ্যাঃ স্বধাকারং পিতরস্তস্যাঃ প্রাণ ঋষভো মনো বৎসঃ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য অষ্টমং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। [পুনঃ তস্যৈব সত্যব্রহ্মণঃ উপাসনান্তরমাহ]—বাচং (বাগ্‌রূপিণং বেদং) ধেনুম্ [ইব] উপাসীত; তস্যাঃ (বাগ্‌রূপিণ্যাঃ ধেনোঃ) স্বাহাকারঃ, বষট্কারঃ, হন্তকারঃ, স্বধাকারঃ [চেতি] চত্বারঃ স্তনাঃ [ধেনুঃ স্তনৈঃ যথা বৎসায় পয়ঃ ক্ষরতি, এতৈঃ চতুর্ভিঃ স্তনৈঃ দেবাদিভ্যঃ অন্নং ক্ষরতি]। দেবাঃ তস্যৈ (তস্যাঃ বাগ্‌রূপিণ্যাঃ ধেনোঃ) দ্বৌ স্তনৌ স্বাহাকারং স্বধাকারং চ উপজীবন্তি (উপভুঞ্জতে); মনুষ্যাঃ হন্তকারম্ [উপজীবন্তি]; পিতরঃ স্বধাকারং চ [উপজীবন্তি]; তস্যাঃ (বাগ্‌রূপিণ্যাঃ ধেনোঃ) ঋষভঃ (বৃষভঃ) [এব] প্রাণঃ, মনঃ [এব] বৎসঃ [যতঃ মনসা আলোচিতে বিষয়ে বাক্ প্রবর্ত্ততে, অতঃ প্রাণস্য বৃষভত্বং, মনসশ্চ বৎসত্বমিত্যর্থঃ]।

অনুবাদ। [পুনরায় সেই সত্যসংজ্ঞক ব্রহ্মের অন্যপ্রকার উপাসনা বলিতেছেন] বাক্‌রূপিণী ধেনুর (বেদকে ধেনুরূপে) উপাসনা করিবে। উক্ত

বাক্‌রূপিণী ধেনুর স্বাহাকার, বষট্‌কার, হন্তকার এবং স্বধাকার-নামক চারিটী স্তন আছে; তন্মধ্যে স্বাহাকার এবং স্বধাকার এই দুইটী স্তন দ্বারা দেবগণ (প্রদেয় বস্তুসকল) উপভোগ করেন; এইরূপ মনুষ্যগণ হন্তকাররূপ স্তন দ্বারা এবং পিতৃগণ স্বধাকাররূপ স্তনদ্বারা প্রদেয় অন্নাদি গ্রহণ করিয়া থাকেন। সেই বাক্‌রূপিণী ধেনুর বৃষভস্থানীয় প্রাণ, বৎসস্থানীয় মনঃ [অর্থাৎ ঋগ্বেদময়ী বেদবাণী সকলকে ধেনুরূপে কল্পনা করিয়া স্বাহাকারাদিকে স্তন-চতুষ্টয়রূপে কল্পনাপূর্ব্বক, পরিচালকরূপে বৃষস্থানীয় প্রাণ ও সহযোগী পরিচালকরূপে বৎসস্থানীয় মনকে কল্পনা করিয়া উপাসনা করিবে।

নবমং ব্রাহ্মণম্।

১। অয়মগ্নির্বৈশ্বানরো যোঽয়মন্তঃ পুরুষে যেনেদমন্নং পচ্যতে যদিদমদ্যতে তস্যৈষ ঘোষো ভবতি যমেতৎ কর্ণাবপিধায় শৃণোতি স যদোৎক্রমিষ্যন্ ভবতি নৈনং ঘোষং শৃণোতি ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য নবমং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। অয়ম্ বৈশ্বানরঃ (বৈশ্বানরসংজ্ঞকঃ) অগ্নিঃ [ভবতি], [কোঽসাবগ্নিঃ ইত্যাহ]—যঃ পুরুষে অন্তঃ (পুরুষাভ্যন্তরস্থঃ) [অগ্নিঃ]; যেন (অগ্নিনা) ইদম্ (দেহস্থং ভুক্তম্) অন্নং পচ্যতে; [কিং তদন্নমিত্যাহ] পুরুষেণ যদ্ ইদম্ (অন্নম্) অদ্যতে (ভক্ষ্যতে) [ইতি]। তস্য (অন্নং পচতঃ জাঠরস্য অগ্নেঃ) এষঃ ঘোষঃ (শব্দঃ) ভবতি; [কোঽসৌ ঘোষঃ ইত্যাহ]—কর্ণৌ অপিধায় (আচ্ছাদ্য) যম্ (ঘোষম্) এতদ্ (ইতি ক্রিয়াবিশেষণম্) শৃণোতি। সঃ (প্রসিদ্ধঃ ভোক্তা পুরুষঃ) যদা উৎক্রমিষ্যন্ ভবতি; [তদা] এনং ঘোষং ন শৃণোতি।

অনুবাদ। যে অগ্নি দেহমধ্যে থাকিয়া ভুক্ত অন্নাদি পরিপাক করেন, তিনিই বৈশ্বানর-সংজ্ঞক অগ্নি। অন্ন-পচনকারী সেই বৈশ্বানর-সংজ্ঞক জাঠরাগ্নির পরিচায়ক—অভ্যন্তরস্থিত শব্দ; এই শব্দ কর্ণদ্বয় আচ্ছাদন করিলেই শ্রুতিগোচর হয়। উক্ত পুরুষের আসন্ন-মৃত্যুসময় আর এই শব্দ শ্রুতি গোচর হয় না।

দশমং ব্রাহ্মণম্।

১। যদা বৈ পুরুষোঽস্মাল্লোকাৎ প্রৈতি স বায়ু-

মাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা রথচক্রস্য খং তেন স ঊর্দ্ধ আক্রমতে স আদিত্যমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা লম্বরস্য খং তেন স ঊর্দ্ধ আক্রমতে স চন্দ্রমসমাগচ্ছতি তস্মৈ স তত্র বিজিহীতে যথা দুন্দুভেঃ খং তেন স ঊর্দ্ধ আক্রমতে স লোকমাগচ্ছত্য-শোকমহিমং তস্মিন্ সতি বসতি শাশ্বতীঃ সমাঃ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য দশমং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [ইদানীং সর্বোপাসনানাং গতিঃ ফলঞ্চ উচ্যতে]—পুরুষঃ যদা বৈ (যদৈব) অস্মাৎ লোকাৎ প্রৈতি (দেহং পরিত্যজতি); [তদা] সঃ (পুরুষঃ) [প্রাক্] বায়ুম্ (বায়ুমণ্ডলম্) আগচ্ছতি (প্রাপ্নোতি); (বায়ুঃ) তস্মৈ (পুরুষায়) যথা রথচক্রস্য খং (রথচক্রস্য ছিদ্রং যথা) [তথা] তত্র (স্বাত্মনি) বিজিহীতে (ছিদ্রীকরোতি) [আত্মানম্]; সঃ (পুরুষঃ) তেন (ছিদ্রেণ) ঊর্দ্ধঃ (ঊর্দ্ধগঃ) [সন্] আক্রমতে (গচ্ছতি); সঃ (ঊর্দ্ধগঃ পুরুষঃ) আদিত্যম্ (আদিত্যমণ্ডলম্) আগচ্ছতি; সঃ (আদিত্যঃ) তস্মৈ (পুরুষায়) যথা লম্বরস্য (বাদ্যযন্ত্র-বিশেষস্য) খং (ছিদ্রং) [তথা] তত্র বিজিহীতে (আত্মানং ছিদ্রীকরোতি) সঃ তেন ঊর্দ্ধং আক্রমতে সঃ (পুরুষঃ চন্দ্রমসম্

আগচ্ছতি ; সঃ (চন্দ্রঃ) তস্মৈ (পুরুষায়) যথা দুন্দুভেঃ (পটহস্য) খং (ছিদ্রং) [গচ্ছতি]। [ততঃ] [তথা] তত্র (স্বাত্মনি) বিজিহীতে ; [স চ পুরুষঃ] তেন (ছিদ্রেণ) উর্দ্ধঃ (উর্দ্ধগঃ সন্) আক্রমতে (গচ্ছতি) [ততঃ] সঃ পুরুষঃ অশোকং (মানসদুঃখ বিবর্জিতং) অহিমং (শারীরদুঃখবিবর্জিতং) [তং] লোকম্ (প্রজাপতিলোকম্) আগচ্ছতি ; তস্মিন্ (প্রজাপতিলোকে) শাশ্বতীঃ সমাঃ (নিত্যান্ বৎসরান্ ব্রহ্মণঃ বহূন্ কল্পান্)[ব্যাপ্য ইত্যর্থঃ] বসতি [সঃ ইতি শেষঃ]।

অনুবাদ। [সম্প্রতি সকল উপাসনার গতি এবং ফল বলিতেছেন] উক্ত পুরুষ যখনই ইহ-লোক পরিত্যাগ করেন ; সেই সময়ে প্রথমে বায়ু-মণ্ডলে গমন করেন ; ঐ বায়ু তাঁহার গমনের নিমিত্ত রথচক্রের ছিদ্রের ন্যায় স্বশরীরে গমন-পথ-স্বরূপ একটী ছিদ্র করিয়াছেন ; ঐ ছিদ্রপথে উর্দ্ধ-দিকে গমন করেন ; গমন করিয়া আদিত্য-মণ্ডলে উপনীত হন, আদিত্যদেব আবার তাঁহার গমনের নিমিত্ত লম্বরনামক বাদ্যযন্ত্রবিশেষের ছিদ্রের ন্যায় নিজ দেহে গমন-পাপস্বরূপ একটী ছিদ্র করিয়াছেন, ঐ ছিদ্র পথে তদূর্দ্ধে গমন করেন ; গমন করিয়া

পুনরায় চন্দ্রমণ্ডলে আসিয়া উপস্থিত হন, আবার চন্দ্র ও তাঁহার গমনের নিমিত্ত দুন্দুভির ছিদ্রের ন্যায় নিজদেহে (স্বীয় মণ্ডলে) একটী ছিদ্র করিয়াছেন; সেই ছিদ্রপথে তিনি উর্দ্ধদিকে গমন করিয়া শারীরিক এবং মানসিক দুঃখবিবর্জ্জিত প্রজাপতিলোকে গমন করেন; ঐ প্রজাপতিলোকে বহুকল্প বাস করিয়া থাকেন।

একাদশং ব্রাহ্মণম্।

এতদ্বৈ পরমং তপো যদ্ব্যাহিতস্তপ্যতে পরমং হৈব লোকং জয়তি য এবং বেদৈতদ্বৈ পরমং তপো যং প্রেতমরণ্যং হরন্তি পরমং হৈব লোকং জয়তি য এবং বেদৈতদ্বৈ পরমং তপো যং প্রেতমগ্নাবভ্যাদধতি পরমং হৈব লোকং জয়তি য এবং বেদ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য একাদশং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। এতদ্ বৈ (এতদেব) পরমং (উত্তমং) তপঃ [কিং তদিত্যাহ] যং ব্যাধিতঃ (ব্যাধিতঃ) [সন্] তপ্যতে (তাপমনুভবতি) [জনঃ ইতি শেষঃ]; যঃ (জনঃ) এবং (ইত্থং ব্যাধিতস্য দুঃখবাহুল্যং) বেদ (জানাতি চিন্তয়তীত্যর্থঃ)

[সঃ] পরমং লোকং (শ্রেষ্ঠং স্থানং) হ (প্রসিদ্ধৌ) এব জয়তি। এতদ্ বৈ পরমং তপঃ, যৎ প্রেতম্ (মৃতম্) অরণ্যং (বনং) হরন্তি (নয়ন্তি) [যতঃ অরণ্যগমনং পরমং তপঃ ইতি হি প্রসিদ্ধিরস্তি]; যঃ (জনঃ) এবং (ইত্থং) বেদ (চিন্তয়তি), [সঃ] পরমং লোকং হ এব জয়তি। এতদ্ বৈ (এতদেব) পরমং তপঃ, যৎ প্রেতম্ (মৃতম্) অগ্নৌ অভ্যাদধতি (সমর্পয়ন্তি); যঃ (জনঃ) এবং বেদ (চিন্তয়তি) [সঃ] পরমং লোকং হ এব জয়তি।

অনুবাদ। ইহাই একটী পরম তপস্যা যে, ব্যাধিগ্রস্ত ব্যক্তি দুঃখে দুঃখিত বা অনুতপ্ত হন; যিনি (ব্যাধিগ্রস্ত ব্যক্তি পরম দুঃখে দুঃখিত) এইরূপে উপাসনা করেন; তিনি উৎকৃষ্ট স্থান প্রাপ্ত হয়েন। ইহা অপর একটী পরম তপস্যা, যে, মৃত ব্যক্তিকে অগ্নি সংস্কারের জন্য অরণ্যে লইয়া যাওয়া হয়; যিনি এইরূপে (অরণ্যগমনই পরম তপস্যা এইরূপে), উপাসনা করেন; তিনি পরম উত্তম স্থান লাভ করিয়া থাকেন। আর ইহাও একটী পরম তপস্যা যে, মৃতব্যক্তিকে অগ্নিতে সমর্পণ (অগ্নি-সংস্কার) করা হয়; যিনি এইরূপ (অগ্নি সংস্কারই

পরম তপস্যা এই প্রকার) অবগত হইয়া তদ্রূপে উপাসনা করেন; তিনি অত্যুৎকৃষ্ট স্থান লাভ করেন।

দ্বাদশং ব্রাহ্মণম্।

১। অন্নং ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা পূয়তি বা অন্নমৃতে প্রাণাৎ প্রাণো ব্রহ্মেত্যেক আহুস্তন্ন তথা শুষ্যতি বৈ প্রাণ ঋতেঽন্নাদেতে হ ত্বেব দেবতে একধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতস্তদ্ধ স্মাহ প্রাতৃদঃ পিতরং কিংস্বিদেবৈবং বিদুষে সাধু কুর্য্যাং কিমেবাস্মা অসাধু কুর্য্যামিতি স হ স্মাহ পাণিনা মা প্রাতৃদঃ কস্ত্বেনয়োরেকধাভূয়ং ভূত্বা পরমতাং গচ্ছতীতি তস্মা উ হৈতদুবাচ বীত্যন্নং বৈ বি অন্নে হীমানি সর্ব্বাণি ভূতানি বিষ্টানি রমিতি প্রাণো বৈ রং প্রাণে হীমানি সর্ব্বাণি ভূতানি রমন্তে সর্ব্বাণি হ বা অস্মিন্ ভূতানি বিশন্তি সর্ব্বাণি ভূতানি রমন্তে য এবং বেদ ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য দ্বাদশং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। একে (আচার্য্যাঃ) আহুঃ (কথয়ন্তি) [খাদ্যবস্তুসমূহাত্মকম্] অন্নং ব্রহ্ম ইতি; তৎ (অন্নং ব্রহ্ম) [ইতি যদাহুঃ, তৎ] তথা ন [ভবিতুমর্হতি]; বৈ (যস্মাৎ) প্রাণাৎ ঋতে

(প্রাণান্ বিনা) অন্নং পূয়তি (পূতিভাবম্ আপদ্যতে) ; [অতঃ]; প্রাণঃ ব্রহ্ম ইতি একে (আচার্য্যাঃ) আহুঃ ; [প্রাণব্রহ্ম ইতি যদাহুঃ] তৎ তথা (তাদৃশং) ন [ভবিতুমর্হতি] ; বৈ (যতঃ) অন্নাৎ ঋতে (অন্নং বিনা) প্রাণঃ শুষ্যতি (শোষম্ উপৈতি) ; তু (কিন্তু , এতে (অন্নপ্রাণলক্ষণে) (প্রসিদ্ধে) এব দেবতে একধাভূয়ম্ (একধাভাবং) ভূত্বা (প্রাপ্য) পরমতাং (পরমত্বং) গচ্ছতঃ (প্রাপ্নুতঃ) [ব্রহ্মভাবং প্রাপ্নুতঃ ইত্যর্থঃ] । প্রাতৃদঃ (এতন্নামকঃ কশ্চিদ্ ঋষিঃ) [আত্মনঃ] পিতরং তৎ (তত্ত্বং) হ আহ স্ম কিংস্বিৎ (বিতর্কণে) এবং বিদুষে (ইত্থং প্রাণান্নয়োঃ একধাভাবং বিজানতে জনায়) কিং সাধু (শোভনং পূজনং) কুর্য্যাম্, (কিংবা] অস্মৈ (বিদুষে) অসাধু (অশোভনং) কুর্য্যাম্ ? [এতাদৃশকর্ম করণাৎ অস্য বিদুষঃ সম্মানং ময়া করণীয়ং ন বেতি ভাবঃ] ইতি। সঃ (তস্য পিতা) হ পাণিনা (হস্তেন) [নিবারয়ন্] আহ স্ম [হে] প্রাতৃদ ! মা (ন) [এবং কথয়] ; কঃ তু এনয়োঃ (অন্নপ্রাণয়োঃ) একধা-ভূয়ম্ (একধাভাবং) ভূত্বা (প্রাপ্য) পরমতাং (পরমব্রহ্ম-ভাবং) গচ্ছতি ? ইতি। [পুনঃ পিতা] তস্মৈ (প্রাতৃদায়) এতদ্ (বাক্যং) হ উ (এব) উবাচ—বি ইতি ; অন্নং বৈ (এব) বি ; হি (যস্মাৎ) ইমানি সর্বাণি ভূতানি অন্নে বিষ্টানি (আশ্রিতানি) [অতঃ অন্নং বি ইত্যুচ্যতে] । [তথা] রম্ ইতি [উবাচ পিতা] ; প্রাণঃ বৈ রম্ ; হি (যস্মাৎ) ইমানি

সর্বাণি ভূতানি প্রাণে রমন্তে। যঃ (জনঃ) এবং বেদ ; সর্বাণি ভূতানি হ (প্রসিদ্ধৌ) অস্মিন্ (বিদুষি) বৈ (এব) বিশন্তি [অন্নগুণজ্ঞানাৎ]; সর্বাণি ভূতানি রমন্তে [চ তস্মিন্ প্রাণগুণজ্ঞানাৎ]।

অনুবাদ। কোন কোন আচার্য্য বলেন যে, অন্নই (খাদ্য বস্তু মাত্রই) ব্রহ্ম ; কেহ কেহ বলেন তাহা হইতে পারে না। কারণপ্রাণব্যতীত অন্ন পচিয়া যায়। সুতরাং "প্রাণই ব্রহ্ম"। আবার কোন কোন আচার্য্য বলিয়া থাকেন ; ইহাও হইতে পারে না; কারণ অন্নব্যতীত ও প্রাণ শুষ্ক হইয়া যায়, সুতরাং অন্ন এবং প্রাণ এই উভয় দেবতাই একত্র হইয়া পরব্রহ্মভাব প্রাপ্ত হয়। প্রাতৃদনামক কোন ঋষি তাঁহার পিতাকে বলিলেন—হে পিতঃ! যিনি প্রাণ ও অন্নের একতামূলক ব্রহ্মভাব অবগত আছেন; আমি তদুদ্দেশ্যে পূজা করিব কিনা? ইহা শুনিয়া তাঁহার পিতা হস্তদ্বারা তাঁহাকে নিষেধ করিয়া বলিলেন—হে প্রাতৃদ! এরূপ কথা মুখেও আনিবে না; কোন্ ব্যক্তি অন্ন ও প্রাণের একতাভাব প্রাপ্ত

হইয়া পরব্রহ্মভাব প্রাপ্ত হইয়াছ? পুনরায় তাঁহার পিতা তাঁহাকে "বি" এই উপদেশ প্রদান করিলেন অর্থাৎ অন্নই 'বি' সংজ্ঞায় অভিহিত এই উপদেশ দিলেন; সকল ভূতই অন্নের আশ্রিত; সুতরাং অন্নই বি সংজ্ঞায় অভিহিত। সেইরূপ "রম্" এই এই উপদেশ প্রদান করিলেন; এই রম্-শব্দ বাচ্য ই প্রাণ; কারণ সকল ভূতই এই প্রাণে রমণ (বিষয়-ভোগ) করে; [প্রাণের অভাবে দেহেরও অভাব ঘটিয়া থাকে] যিনি উক্তরূপে অন্ন ও প্রাণতত্ত্ব অবগত হন; সমস্ত প্রাণীই তাঁহাকে অন্নগুণজ্ঞানী বলিয়া আশ্রয় করেন এবং প্রাণগুণজ্ঞানী বলিয়া তাহাতে রত থাকেন।

ত্রয়োদশং ব্রাহ্মণম্।

১। উক্থং প্রাণো বা উক্থং প্রাণো হীদꣳ সর্বমুত্থাপয়ত্যুদ্ধাস্মাদুক্থবিদ্বীরস্তিষ্ঠত্যুক্থস্য সাযুজ্যꣳ সলোকতাং জয়তি য এবং বেদ॥

ব্যাখ্যা। [উক্থোপাসনমাহ] উক্থং (শস্ত্রম্) [উচ্যতে] প্রাণঃ বৈ (এব) উক্থম্। [ইন্দ্রিয়াণাং প্রাণঃ প্রধানঃ, শস্ত্রাণাঞ্চ

উক্থং প্রধানম্ অতঃ প্রধানগুণযোগেন উক্থমুপাসীত]; হি (যত) প্রাণঃ ইদং সর্বম্ (জগৎ) উত্থাপয়তি (উত্থাপনাদুক্থং প্রাণঃ]। যঃ (জনঃ) এবং বেদ; অস্মাৎ (জ্ঞানবতঃ) এব উক্থবিদ্ (প্রাণবিৎ) বীরঃ [পুত্রঃ] উত্তিষ্ঠতি (জায়তে); উক্থস্য (প্রাণস্য) সাযুজ্যং সলোকতাম্ [চ] জয়তি (প্রাপ্নোতি)।

অনুবাদ। শস্ত্রদিগের মধ্যে উক্থই প্রধান; ইন্দ্রিয়দিগের মধ্যেও প্রাণই প্রধান; এইজন্য প্রাণকেই উক্থ বলিয়া উপাসনা করিবে। এই প্রাণই সমস্ত জগৎ উত্থাপন করেন; এইজন্য প্রাণই উক্থ। যিনি প্রাণকে উক্থগুণযোগে উপাসনা করেন; তাহা হইতে উক্থবিদ্ বীরপুত্র জন্মগ্রহণ করে, আর তিনি নিজেও তদীয় সাযুজ্য এবং সালোক্য লাভ করিয়া থাকেন।

২। যজুঃ প্রাণো বৈ যজুঃ প্রাণে হীমানি সর্বাণি ভূতানি যুজ্যন্তে যুজ্যন্তে হাস্মৈ সর্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ॥

ব্যাখ্যা। যজুঃ [ইতি প্রাণমুপাসীত]; প্রাণঃ বৈ (এব)

যজুঃ ; হি (যতঃ) ইমানি সর্বাণি ভূতানি প্রাণে যুজ্যন্তে। যঃ (জনঃ) এবং বেদ ; অস্মৈ (পুরুষায়) ইমানি সর্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় (শ্রেষ্ঠভাবঃ শ্রৈষ্ঠ্যং তস্মৈ শ্রৈষ্ঠ্যায়) [অস্য পুরুষস্য শ্রেষ্ঠত্বপ্রতিপাদনায় ইত্যর্থঃ] হ যুজ্যন্তে (উদ্‌যোগং কুর্বন্তি) [সঃ চ পুরুষঃ] যজুষঃ সাযুজ্যং সলোকতাং জয়তি (প্রাপ্নোতি)।

অনুবাদ। প্রাণকে যজুঃ বলিয়া উপাসনা করিবে। প্রাণই যজুঃ, কারণ ভূতসকলই প্রাণে যুক্ত আছে। যিনি প্রাণকে উক্তগুণযুক্ত বলিয়া জানেন, তদীয় শ্রেষ্ঠতা প্রতিপাদনের জন্য ভূতগণ উদ্‌যোগ করেন, তিনি নিজে যজুর (যজুর্গুণযুক্ত) প্রাণের সাযুজ্য এবং সালোক্য প্রাপ্ত হয়েন।

৩। সাম প্রাণো বৈ সাম প্রাণে হীমানি সর্বাণি ভূতানি সম্যঞ্চি সম্যঞ্চি হাস্মৈ সর্বাণি ভূতানি শ্রৈষ্ঠ্যায় কল্পন্তে সাম্নঃ সাযুজ্যꣳ সলোকতাং জয়তি য এবং বেদ ॥

ব্যাখ্যা। সাম [ইতি প্রাণমুপাসীত] ; প্রাণঃ বৈ (এব) সাম ; হি (যস্মাৎ) ইমানি সর্বাণি ভূতানি প্রাণে সম্যঞ্চি (সঙ্গচ্ছন্তে) ; যঃ (জনঃ) এবং বেদ ; তস্মৈ (বিদুষে) হ শ্রৈষ্ঠ্যায় সর্বাণি ভূতানি সম্যঞ্চি (সঙ্গচ্ছন্তে) ; [স চ স্বয়ম্] সাম্নঃ সাযুজ্যং সলোকতাং জয়তি (প্রাপ্নোতি)।

অনুবাদ। প্রাণকে সাম বলিয়া উপাসনা করিবে। প্রাণই সাম; কারণ প্রাণিসকলই প্রাণে যুক্ত আছে। যিনি সামগুণযোগে প্রাণের উপাসনা করেন; তিনি সামের সাযুজ্য এবং সালোক্য লাভ করেন, আর ভূতগণ উক্ত উপাসকের শ্রেষ্ঠতা প্রতিপাদনের জন্য উদ্‌যোগী হন।

৪। ক্ষত্রং প্রাণো বৈ ক্ষত্রং প্রাণো হি বৈ ক্ষত্রং ত্রায়তে হৈনং প্রাণঃ ক্ষণিতোঃ প্রক্ষত্রমত্রমাপ্নোতি ক্ষত্রস্য সাযুজ্যং সলোকতাং জয়তি য এবং বেদ॥

ইতি পঞ্চমাধ্যায়স্য ত্রয়োদশং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। ক্ষত্রম্ [ইতি প্রাণমুপাসীত]। প্রাণঃ বৈ ক্ষত্রম্; প্রাণঃ হ (এব) এনং (দেহং) ক্ষণিতোঃ (শস্ত্রাদি-হিংসিতাৎ) [পুনর্মাংসপূরণেন] ত্রায়তে (পালয়তি); হি (যতঃ) প্রাণঃ বৈ ক্ষত্রং (ক্ষতাৎ ত্রাণকারকঃ)। যঃ (জনঃ) এবং বেদ; [সঃ] অত্রম্ (ন ত্রায়তে অন্যেন কেনচিদিতি অত্রম্) ক্ষত্রম্ (ক্ষতত্রাণকারকম্) [চ] প্রাণং প্রাপ্নোতি, ক্ষত্রস্য (ক্ষতত্রাণকারকস্য); সাযুজ্যং সলোকতাম্ [চ] জয়তি।

অনুবাদ। প্রাণকে ক্ষত্র বলিয়া উপাসনা করিবে। প্রাণই ক্ষত্র; প্রাণই দেহের শস্ত্রাদি-দ্বারা আহত স্থানকে মাংসাদিপূরণে ত্রাণ করেন; এইজন্য প্রাণই ক্ষত্রপদবাচ্য। যিনি উক্তগুণ-যোগে প্রাণের উপাসনা করেন; তিনি অনন্যরক্ষিত ক্ষত্র (ক্ষতত্রাণকারক) প্রাণকে প্রাপ্ত হয়েন; পরে তদীয় সাযুজ্য এবং সালোক্য লাভ করেন।

চতুর্দ্দশং ব্রাহ্মণম্।

১। ভূমিরন্তরিক্ষং দ্যৌরিত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরণ্ড হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ স যাবদেষু ত্রিষু তাবদ্ধ জয়তি যোহস্যা এতদেবং পদং বেদ॥

ব্যাখ্যা। ভূমিঃ অন্তরিক্ষং দ্যৌঃ ইতি (ভূম্যাদিনামসু) অষ্টৌ অক্ষরাণি [দ্যৌঃ ইতি শব্দস্য দকারযকারয়োঃ বিভাগাৎ অষ্টত্বং [জ্ঞেয়ম্]; (গায়ত্র্যৈ একং পদম্ (প্রথমঃ পাদঃ) অষ্টাক্ষরং হ বৈ [ভবতি]; অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতদ্ উ হ এব (এতদেব ভূম্যাদিলক্ষণম্ অষ্টাক্ষরম্) এতৎ (প্রথমং পদম্). যঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এবম্ (ইত্থম্) এতৎ (ত্রৈলোক্যাত্মকং

প্রথমং পাদং) বেদ; সঃ (বিদ্বান্) এষু ত্রিষু (লোকেষু) যাবৎ (জেতব্যম্) [অস্তি], তাবৎ (সর্বং) হ জয়তি।

অনুবাদ। ভূমি, অন্তরিক্ষ এবং দ্যৌ এই শব্দত্রয়ে আটটী অক্ষর আছে [দ্যৌশব্দের দ এবং য এই দুইটী অক্ষর পৃথক্‌রূপে ধরিয়া আটটী অক্ষর]। গায়ত্রীছন্দেরও প্রথম পাদটীতে আটটী অক্ষর; অক্ষরের সমতা আছে বলিয়া ভূম্যাদি লোকত্রয়ই সকল ছন্দের প্রাণস্বরূপা গায়ত্রীর প্রথম পাদ। যিনি ছন্দঃসমূহের প্রাণস্বরূপা গায়ত্রীর প্রথম পাদকে ত্রৈলোক্যাত্মক বলিয়া জানেন, তিনি এই লোকত্রয়ের মধ্যে জেতব্য বিষয় যাহা কিছু থাকিতে পারে, তৎসমুদায়ই জয় করিয়া থাকেন।

২। ঋচো যজূংষি সামানীত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরং হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা তাবদ্ধ জয়তি যোঽস্যা এতদেবং পদং বেদ॥

ব্যাখ্যা। ঋচঃ যজূংষি সামানি ইতি অষ্টৌ অক্ষরাণি; গায়ত্র্যা একং পদং (দ্বিতীয়ঃ পাদঃ)।

অনুবাদ ঋচঃ, যজূংষি, সামানি এই শব্দত্রয়ে আটটী অক্ষর আছে; গায়ত্রীছন্দেরও দ্বিতীয় পাদে আটটী অক্ষর; অক্ষরের সমতা আছে বলিয়া বেদত্রয়ের উক্ত আটটী নামাক্ষরই গায়ত্রীর দ্বিতীয় পাদ। যিনি তাহাকে উক্ত অষ্টাক্ষররূপে জানেন; তিনি বেদত্রয়ে যে সকল বিদ্যা আছে, সেই সকল বেদবিদ্যার ফল লাভ করেন।

৩। প্রাণোঽপানো ব্যান ইত্যষ্টাবক্ষরাণ্যষ্টাক্ষরꣳ হ বা একং গায়ত্র্যৈ পদমেতদু হৈবাস্যা এতৎ স যাবদিদং প্রাণি তাবদ্ধ জয়তি, যোঽস্যা এতদেবং পদং বেদাথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি, যদ্বৈ চতুর্থং তত্তুরীয়ং দর্শতং পদমিতি দদৃশ ইব হ্যেষ পরোরজা ইতি সর্বমু হ্যেবৈষ রজ উপর্যুপরি তপত্যেবꣳ হৈব শ্রিয়া যশসা তপতি যোঽস্যা এতদেবং পদং বেদ॥

ব্যাখ্যা। প্রাণঃ অপানঃ ব্যানঃ ইতি অষ্টৌ অক্ষরাণি; গায়ত্র্যা একং পদং (তৃতীয়ং পদম্) স্পষ্টত্বাৎ প্রথমঃ শ্লোকঃ দ্রষ্টব্যঃ। অথ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ তুরীয়ম্ (চতুর্থং)

দর্শতম্ (দৃশ্যতে ইব) এব পদম্ [প্রতিপাদ্যতে] যঃ এষঃ পরোরজাঃ (সূর্য্যঃ) তপতি ; যদ্ বৈ চতুর্থং (পদম্) ইতি [উক্তং] তৎ তুরীয়ং দর্শতং পদম্ [ভবতি]। এষঃ (সবিতা) দদৃশে ইব (দৃশ্যতে ইব) হি (এব) ভবতি ইতি ; পরোরজাঃ এষঃ (সূর্য্যঃ) উপর্য্যুপরি সর্বং রজঃ (রজোজাতং সর্বং লোকম্) উ এব হি (এবৈব) তপতি। যঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ (তুরীয়ং) পদম্ এবং বেদ ; [সঃ] এবং হ এব শ্রিয়া যশসা তপতি।

অনুবাদ। প্রাণ, অপান, ব্যান এই শব্দত্রয়ে আটটী অক্ষর ; গায়ত্রীর তৃতীয় পাদেও আটটী অক্ষর ; প্রাণাদিতে অক্ষরসাম্য আছে বলিয়া প্রাণাদিই গায়ত্রীর তৃতীয় পাদস্থানীয়। যিনি উক্তরূপে গায়ত্রীর তৃতীয় পাদকে জানেন ; তিনি জাগতিক সমুদায় প্রাণীকে জয় করিয়া থাকেন। অতঃপর গায়ত্রীর দর্শতসংজ্ঞক চতুর্থ পাদ বর্ণন করিতেছেন। যে সূর্য্য রজোগুণাতীত হইয়া তাপ প্রদান করেন, যাঁহাকে চতুর্থ পাদ বলা হইতেছে, তিনিই দর্শত বলিয়া চতুর্থ পাদ। আদিত্যমণ্ডলাস্থিত এই পুরুষ যেন দৃষ্টই হইতেছেন, বাস্তবিকপক্ষে কিন্তু দৃষ্ট হয়েন

না, এইজন্য ইঁহাকে দর্শত বলা হইয়াছে; যিনি নিজে রজোগুণাতীত হইয়া রজোগুণসম্পন্ন উপর্য্যুপরিস্থিত সমস্ত লোককে তাপ প্রদান করেন, তিনিই পরোরজাঃ; যিনি উক্তরূপে গায়ত্রীর চতুর্থ পাদকে অবগত হয়েন; তিনি স্বীয় শ্রী এবং যশোরূপ তাপদ্বারা সমস্ত জগৎ উদ্‌ভাসিত করেন।"

৪। সৈষা গায়ত্র্যেতস্মিংস্তুরীয়ে দর্শতে পদে পরোরজসি প্রতিষ্ঠিতা তদ্বৈ তৎ সত্যে প্রতিষ্ঠিতং চক্ষুর্বৈ সত্যং চক্ষুর্হি বৈ সত্যং তস্মাদ্ যদিদানীং দ্বৌ বিবদমানাবেয়াতাম্ অহমদর্শমহমশ্রৌষমিতি য এব ব্রূয়াদহমদর্শমিতি তস্মা এব শ্রদ্দধ্যাম। তদ্বৈ তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতম্ প্রাণো বৈ বলং তৎ প্রাণে প্রতিষ্ঠিতং তস্মাদাহুর্বলং সত্যাদোগীয় ইত্যেবম্ বেষা গায়ত্র্যধ্যাত্মং প্রতিষ্ঠিতা সা হৈষা গয়াংস্তত্রে প্রাণা বৈ গয়াস্তৎ প্রাণাংস্তত্রে তদ্ যদ্‌গয়াংস্তত্রে তস্মাদ্ গায়ত্রী নাম স যামেবামূং সাবিত্রীমন্বাহৈষৈব স যস্মা অন্বাহ তস্য প্রাণাংস্ত্রায়তে॥

ব্যাখ্যা। সা (প্রসিদ্ধা) এষা (ত্রিপদা) গায়ত্রী এতস্মিন্ তুরীয়ে (চতুর্থে) দর্শতে পরোরজসি প্রতিষ্ঠিতা তৎ (তুরীয়ং দর্শতসংজ্ঞকং পদম্ তৎ সত্যে প্রতিষ্ঠিতং; চক্ষুঃ বৈ সত্যং; হি (যতঃ) চক্ষুঃ বৈ সত্যম্ [ইতি কথয়ন্তি পণ্ডিতাঃ]; তস্মাৎ (হেতোঃ) ইদানীং [অপি] যদ্ অহম্ অদর্শম্ অহম্ অশ্রৌষম্ (আকর্ণয়ম্) ইতি বিবদমানৌ (বিবাদং কুর্বন্তৌ) দ্বৌ (পুরুষৌ) এয়াতাম্ (আগচ্ছতঃ); [তর্হি] যঃ এবং ব্রূয়াৎ অহম্ অদর্শম্ ইতি, তস্মৈ (দর্শনকারকায় জনায়) এব শ্রদ্দধ্যাম (শ্রদ্ধাং কুর্ম) [ন তু শ্রোত্রে জনায় শ্রদ্দধ্যাম প্রত্যক্ষস্য প্রাধান্যাৎ]। তৎ (সত্যং) [কস্মিন্ প্রতিষ্ঠিতমিত্যাহ] তৎ (পূর্বোক্তং) সত্যং বৈ (এব) বলে প্রতিষ্ঠিতম; প্রাণঃ বৈ বলম্; [যতঃ] তৎ প্রাণে [এব] প্রতিষ্ঠিতম্, তস্মাৎ (কারণাৎ) সত্যাৎ বলং ওগীয়ঃ (বীর্যবত্তরম্) ইতি আহুঃ [বিদ্বাংসঃ]। এবং (প্রকারেণ) উ এষা গায়ত্রী অধ্যাত্মম্ (দেহস্থিতে প্রাণে) প্রতিষ্ঠিতা। সা (প্রসিদ্ধা) এষা গায়ত্রী হ (প্রসিদ্ধৌ) গয়ান্ (প্রাণান্) তত্রে (ত্রাণং কৃতবতী); প্রাণাঃ বৈ গয়াঃ; যৎ (যতঃ) তৎ (তান্) প্রাণান্ তত্রে, তৎ (তান্) গয়ান্ [চ] তত্রে তস্মাৎ (হেতোঃ) গায়ত্রী [ইতি] নাম [অভূৎ]। সঃ (প্রসিদ্ধঃ কশ্চিৎ আচার্যঃ) যাম্ অমূং গায়ত্রীম্ এব [শিষ্যম্] অন্বাহ, [যা গায়ত্রীতি শব্দেনোক্তা] সা এষা (প্রাণাধিষ্ঠিতা গায়ত্রা) এব [ভাতি]; সঃ (আচার্যঃ)

যস্মৈ (শিষ্যায়) [ইমাং গায়ত্রীম্] অন্বাহ, তস্য (শিষ্যস্য) প্রাণান্ ত্রায়তে [অস্যাঃ প্রভাবাৎ]।

অনুবাদ। এই ত্রিপদা গায়ত্রী রজোগুণ-বিরহিত দর্শতসংজ্ঞক তুরীয়পাদে প্রতিষ্ঠিত আছেন। দর্শতসংজ্ঞক তুরীয় পাদটী আবার সত্যে প্রতিষ্ঠিত; চক্ষুই সত্য; কারণ পণ্ডিতগণ চক্ষুকেই সত্য বলিয়া থাকেন; সেইজন্য "আমি দেখিয়াছি" "আমি শুনিয়াছি" এই লইয়া যদি বর্ত্তমান কালেও উভয়ের মধ্যে বিবাদ উপস্থিত হয়; তবে যিনি বলেন যে, আমি দেখিয়াছি, তাঁহার কথার উপরেই আমরা বিশ্বাস স্থাপন করিয়া থাকি; কিন্তু শ্রবণকর্ত্তার কথায় বিশ্বাস করি না। সেই সত্য বলে প্রতিষ্ঠিত; আবার সত্য প্রাণে প্রতিষ্ঠিত বলিয়াই প্রাণই বল; এইজন্য লোকে সত্য অপেক্ষা প্রাণকে শ্রেষ্ঠ বলিয়া থাকেন। এই প্রকারে এই গায়ত্রী আধ্যাত্মিক প্রাণে প্রতিষ্ঠিত আছেন। এই গায়ত্রী প্রাণসমূহকে ত্রাণ করেন; প্রাণ সমুদায়ই গয় নামে অভিহিত; গয় অর্থাৎ গায়ত্রীর

স্তুতিগায়ক প্রাণসমূহকে ত্রাণ করেন বলিয়া উঁহার সংজ্ঞা গায়ত্রী। সকল আচার্য্যই শিষ্যকে এই গায়ত্রী উপদেশ দিয়া থাকেন; যাঁহাকে গায়ত্রী-সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে, তিনিই প্রাণা-ধিষ্ঠিত গায়ত্রী; আচার্য্য শিষ্যকে যে গায়ত্রী উপদেশ দেন; তিনিই সেই প্রাণাধিষ্ঠিত গায়ত্রী; সেই গায়ত্রীর প্রভাবে শিষ্যের প্রাণসমূহ পরিত্রাণ লাভ করিয়া থাকে।

৫। তাং হৈতামেকে সাবিত্রীমনুষ্টুভমন্বাহুর্বা-গনুষ্টুবেতদ্বাচমনুব্রূম ইতি ন তথা কুর্যাদ্ গায়ত্রীমেব সাবিত্রীমনুব্রূয়াদ্ যদি বা অপ্যেবংবিদ্ বহ্বিব প্রতি-গৃহ্ণাতি ন হৈব তদ্গায়ত্র্যা একং চ ন পদং প্রতি॥

ব্যাখ্যা। বাগ্ অনুষ্টুপ্ [ভবতি, বয়ং তাম্ এব] বাচম্ (সরস্বতীম্) [মানবকায়] অনুব্রূমঃ ইতি এতৎ [বদন্তঃ] একে (শাখিনঃ) তাম্ (প্রসিদ্ধাম্) এতাং (মানব-কায় উপদিষ্টাম্) সাবিত্রীং হ (প্রসিদ্ধৌ) অনষ্টুভম্ (অনষ্টুপ্-ছন্দস্কাম্) অন্বাহুঃ (বদন্তি)। [শ্রুতিঃ স্বয়মেব তন্নিরাকর্ত্তুমাহ] ন তথা কুর্য্যাৎ (ন তথা বিদ্যাৎ) গায়ত্রীম্ এব সাবিত্রীম্

অনুব্রূয়াৎ [আচার্য্যঃ] ; যদি হ বৈ অপি (যদ্যেবাপি) এবংবিৎ (উক্তবিজ্ঞানসম্পন্নঃ) বহু ইব [বস্তু] প্রতিগৃহ্লাতি ; তৎ (প্রতিগ্রহাধিক্যং) গায়ত্র্যাঃ একঞ্চন (একমপি) পদং প্রতি [পর্য্যাপ্তম্] !

অনুবাদ। "বাক্ই অনুষ্টুপছন্দোরূপিণী, আমরা সেই বাক্কেই সরস্বতী বলিয়া মাণবককে উপদেশ দিয়া থাকি", ইহা বলিয়া কোন কোন বেদ-শাখীরা সেই সাবিত্রীকেই অনষ্টুপ্ছন্দোবদ্ধা বলিয়া নির্দ্দেশ করেন, কিন্তু গায়ত্রীছন্দোবদ্ধা স্বীকার করেন না। [শ্রুতি বলিতেছেন যে,] না, তদ্রূপ করা উচিত নয়, অর্থাৎ সাবিত্রীকে অনুষ্টুপ্ বলিয়া উপদেশ দেওয়া উচিত নয়। কিন্তু আচার্য্য সাবিত্রীকে গায়ত্রী বলিয়াই উপদেশ দিবেন। এবংবিধ অর্থাৎ গায়ত্রীতত্ত্ববিৎ ব্যক্তি যদ্যপি বহুতর প্রতিগ্রহ করেন, ঐ সকল প্রতিগ্রহ গায়ত্রীর এক-পাদ প্রতিগ্রহেরও সমান হয় না।

৬। স য ইমাংস্ত্রীন্ লোকান্ পূর্ণান্ প্রতিগৃহ্ণীয়াৎ সোঽস্যা এতৎ প্রথমং পদমাপ্নুয়াৎ অথ যাবতীয়ং ত্রয়ী-

বিস্থা যস্তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ সোঽস্যা এতদ্দ্বিতীয়ং পদ-মপ্নুয়াৎ অথ যাবদিদং প্রাণি যস্তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ সোঽস্যা এতত্তৃতীয়ং পদমাপ্নুয়াদথাস্যা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এষ তপতি নৈব কেনচনাপ্যং কুত উ এতাবৎ প্রতিগৃহ্লীয়াৎ ॥

ব্যাখ্যা। সঃ (পূর্বোক্তঃ) যঃ (গায়ত্রীবিদ্) [ধনেন] পূর্ণান্ ইমান্ ত্রীন্ লোকান্ প্রতিগৃহ্লীয়াৎ; সঃ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ প্রথমং পদম্ আপ্নুয়াৎ। অথ যঃ ইয়ং ত্রয়ীবিদ্যা যাবতী, তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ; সঃ অস্যাঃ এতদ্ দ্বিতীয়ং পদম্ আপ্নুয়াৎ। অথ যঃ যাবদ ইদং প্রাণি তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ; সঃ অস্যাঃ এতৎ তৃতীয়ং পদম্ আপ্নুয়াৎ অথ অস্যাঃ (গায়ত্র্যাঃ) এতৎ এব তুরীয়ং দর্শতং পদম্; যঃ পরোরজাঃ (রজোগুণাতীতঃ) এষঃ (সূর্য্যঃ) [জগৎ] তপতি; তৎ (তুরীয়ং পদং) ন কেনচন (কেনাপি প্রতিগ্রহেণ) আপ্যং (প্রাপ্যং) [ভবতি]; কুতঃ (কস্মাৎ) উ (এব) এতাবৎ (এতৎপরিমাণং তুরীয়ং দর্শতং পদং) প্রতিগৃহ্লীয়াৎ?

অনুবাদ। পূর্বোক্ত গায়ত্রীতত্ত্ববিদ্ ব্যক্তি যদি ধনপূর্ণ এই ত্রিলোক প্রতিগ্রহ করেন, তবে সেই প্রতিগ্রহদ্বারা গায়ত্রীর প্রথমপদ-বিজ্ঞা-

নের ফল লাভ করেন; যদি ত্রয়ীবিদ্যাসমুদায় প্রতিগ্রহ করেন, তবে তদ্দ্বারা গায়ত্রীর দ্বিতীয়-পদ-বিজ্ঞানের ফল লাভ করেন; আর যদি প্রাণি-সমুদায়ের প্রতিগ্রহ করেন, তবে গায়ত্রীর তৃতীয়-পদ বিজ্ঞানের ফললাভ করেন। যিনি রজোগুণাতীত হইয়া সূর্য্যরূপে জগতে তাপ প্রদান করিতেছেন, ইনিই সেই তুরীয় দর্শতপদবাচ্য; কোনও প্রতিগ্রহ-দ্বারা তুরীয় দর্শত পদ প্রাপ্য নহে; কারণ কোন্ প্রতিগ্রহ হইতে এই তুরীয় দর্শত পদের প্রতিগ্রহ করিবে?

৭। তস্যা উপস্থানং গায়ত্র্যস্যেকপদী দ্বিপদী ত্রিপদী চতুষ্পদ্যপদসি ন হি পদ্যসে নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজসেঽসাবদো মা প্রাপদিতি যং দ্বিষ্যাদসাবস্মৈ কামো মা সমৃদ্ধীতি বা ন হৈবাস্মৈ স কামঃ সমৃধ্যতে যস্মা এবমুপতিষ্ঠতেঽহমদঃ প্রাপমিতি বা॥

ব্যাখ্যা। তস্যাঃ (গায়ত্র্যাঃ) [অনেন মন্ত্রেণ] উপস্থানং (নমস্করণম্) [হে] গায়ত্রি! [ত্বং ত্রৈলোক্যপাদেন] একপদী,

[ত্রয়ীবিদ্যারূপেণ] দ্বিপদী, [প্রাণিজাতরূপেণ] ত্রিপদী, [চতুর্থেন] চতুষ্পদী অসি (ভবসি) ; [এবং চতুর্ভিঃ পাদৈঃ উপাসকৈঃ ত্বং পদ্যসে]। [তথা নিরুপাধিকেন স্বেন আত্মনা] অপদ্ (অবিদ্যমানপদা) অসি ; হি (যস্মাৎ) ন পদ্যসে (জ্ঞায়সে) [নেতিনেতীতি নিষেধমুখেন , স্বরূপপ্রতিপাদনাৎ প্রত্যক্ষেণ ন জ্ঞায়সে, অতঃ অপদ্ অসি]। তে (তব) পরোরজসে দর্শতায় তুরীয়ায় পদায় নমঃ [অস্তু]। অসৌ (পাপরূপঃ শত্রুঃ) অদঃ (ত্বৎপ্রাপ্তিবিঘ্নকর্ত্তৃত্বম্) মা প্রাপৎ (নৈব প্রাপ্নোতু ইতি [তু মন্ত্রসমাপ্ত্যর্থম্]। অসৌ (বিদ্বান্) [স্বয়ং] বং [প্রতি] দ্বিষ্যাৎ (দ্বেষং কুর্য্যাৎ) অস্মৈ (অমুকনাম্নে রিপবে) [অভিলষিতঃ] কামঃ মা সমৃদ্ধি (সমৃদ্ধিং মা প্রাপ্নোতু) [ইতি] বা [উপতিষ্ঠেতে]; যস্মৈ এবং উপতিষ্ঠতে অস্মৈ ন হ এব সঃ কামঃ সমৃধ্যতে (সমৃদ্ধিং গচ্ছতি) অহম্ (গায়ত্রীস্বরূপাভিজ্ঞঃ) অদঃ [ফলং] প্রাপং [ইতি] বা [উপতিষ্ঠেতে] [ইচ্ছাবিকল্পঃ এতেষাং ত্রয়াণাং মন্ত্রানামুপস্থানবিষয়ে ইত্যভিপ্রায়ঃ]।

অনুবাদ। সেই গায়ত্রীকে এই মন্ত্রদ্বারা নমস্কার করিবে—হে গায়ত্রি! তুমি ত্রৈলোক্যপাদদ্বারা একপদী, ত্রয়ীবিদ্যারূপ পাদদ্বারা দ্বিপদী, প্রাণিসমূহরূপ পাদদ্বারা ত্রিপদী এবং তুরীয়পাদদ্বারা

চতুষ্পদী এই বলিয়া উপাসকেরা ধ্যান করেন; আর তুমি নিরুপাধিরূপে পাদবিবর্জ্জিত; এইজন্য তুমি এইরূপে কাহারও জ্ঞেয় নহ; [কেবল নিষেধমুখে অনিষেধারূপে অবগতির বিষয় হইয়া থাক] অতএব তোমার রজোগুণাতীত দর্শত তুরীয় পদের উদ্দেশে আমরা নমস্কার করি। এই পাপরূপ শত্রু তোমার প্রাপ্তির বিঘ্নকারক না হয়, এই প্রার্থনা। পক্ষান্তরে গায়ত্রীবিদ্ ব্যক্তি যাঁহার উপর বিদ্বেষ করিবেন, তাঁহার উপর এইরূপে নমস্কার করিবেন যে, আমার "অমুক রিপু" অভিলষিত কামনা যেন প্রাপ্ত হয় না। যাহার উদ্দেশে এইরূপ নমস্কার করিবেন; তাহার অভিলষিত কামনা কখনও পূর্ণ হইবে না। পক্ষান্তরে এইরূপেও গায়ত্রীবিদ্ ব্যক্তি নমস্কার করিতে পারেন যে, আমি ঐ ফল প্রাপ্ত হইব। [এই মন্ত্রত্রয়ের নমস্কার-সম্বন্ধে ইচ্ছা-বিকল্প বুঝিতে হইবে।

৮। এতদ্ধ বৈ তজ্জনকো বৈদেহো বুডিলমাশ্ব-তরাশ্বিমুবাচ যন্নু হো তদ্গায়ত্রীবিদব্রূথা অথ কথংহ

হস্তীভূতো বহসীতি মুখং হ্যস্যাঃ সম্রাট্ ন বিদাংচকারেতি হোবাচ তস্যা অগ্নিরেব মুখং যদি হ বা অপি বহ্বিবাগ্নাবভ্যাদধতি সর্বমেব তৎ সন্দহত্যেবং হৈবৈবংবিৎ যদ্যপি বহ্বিব পাপং কুরুতে সর্বমেব তৎ সংপ্সায় শুদ্ধঃ পূতোঽজরোঽমৃতঃ সম্ভবতি ॥

ইতি পঞ্চমাঽধ্যায়স্য চতুর্দশং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। [গায়ত্র্যাঃ মুখবিজ্ঞানস্য অর্থবাদঃ উচ্যতে] বৈদেহঃ জনকঃ তৎ (প্রসিদ্ধম্) এতৎ (গায়ত্রীবিজ্ঞানং) হ (কিল) বৈ (স্মরণে) আশ্বতরাশ্বিং (অশ্বতরাশ্বস্য অপত্যং) বুড়িলম্ উবাচ হে (অহো) নু (বিতর্কে) যৎ [ত্বম্] গায়ত্রীবিদ্ [ভবসীতি] তদ্ (তাদৃশং বাক্যং) অব্রূথাঃ; অথ কথং [গায়ত্রীবিৎ ত্বম্] হস্তীভূতঃ (হস্তিদেহং প্রাপ্তঃ সন্) [মাং] বহসি [পৃষ্ঠেন] ইতি। [হস্তিরূপী বুড়িলঃ] উবাচ [হে] সম্রাট্! অস্যাঃ (গায়ত্র্যাঃ) মুখং হি (এব) ন বিদাঞ্চকার (ন জ্ঞাতবান্) ইতি (হেতোঃ) হ (কিল) [হস্তীভূতঃ ভবামি]। [জনকঃ উবাচ] তস্যাঃ (গায়ত্র্যাঃ) অগ্নিঃ এব মুখম্; যদি অপি হ বৈ (যদ্যপ্যেব) বহু ইব (অনেকমেব ইন্ধনম্) অগ্নৌ অভ্যাদধতি (প্রক্ষিপন্তি), [জনাঃ], তৎ সর্বং এব সন্দহতি [অগ্নিঃ যথা]; এবং হ এব (এবমেব) এবংবিৎ (গায়ত্রীবিৎ) যদ্যপি বহু ইব পাপং কুরুতে, তৎ সর্বমেব

সংগ্রায় (ভক্ষয়িত্বা) শুদ্ধঃ (পাপরহিতঃ) পূতঃ অজরঃ অমৃতঃ [চ সঃ গায়ত্রীবিদ্] সম্ভবতি ।

অনুবাদ। বিদেহরাজ জনক অশ্বতরাশ্বের পুত্র বুড়িলকে সম্বোধন করিয়া গায়ত্রীবিজ্ঞান-সম্বন্ধে জিজ্ঞাসা করিলেন, হে অশ্বতরাশ্বপুত্র! তুমি নিজকে গায়ত্রীবিদ্ বলিতেছ; তাহা হইলে তুমি হস্তিরূপ ধারণ করিয়া আমাকে বহন করিতেছ কেন? হস্তিরূপধারী বুড়িল বলিলেন—হে সম্রাট্! আমি গায়ত্রীর মুখ অবগত হইতে না পারিয়া, হস্তিদেহ ধারণ করিয়াছি। জনক বলিলেন—সেই গায়ত্রীর অগ্নিই মুখ; লোক যদ্যপি অগ্নিতে বহু ইন্ধনও প্রক্ষেপ করে; তাহা যেমন ভস্মসাৎ হইয়া যায়; সেই রূপ গায়ত্রীবিদ্ ব্যক্তি বহু পাপকর্ম্ম করিলেও গায়ত্রীমুখ-বিজ্ঞানের ফলে তাহা ভস্মসাৎ হয় এবং তিনি নিজে পাপসংস্পর্শ হইতে বিমুক্ত হন এবং পবিত্রতালাভে অজর এবং অমর হইয়া থাকেন।

পঞ্চদশং ব্রাহ্মণম্।

১। হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখং।

তত্ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্মায় দৃষ্টয়ে। পূষন্নেকর্ষে যমসূর্য প্রাজাপত্য ব্যূহরশ্মীন্। সমূহ তেজো যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি। যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি। বায়ুরনিলমমৃতথেদং ভস্মান্তং শরীরম্। ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ক্রতো স্মর কৃতং স্মর। অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্। যুযোধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে নম-উক্তিং বিধেম॥

ইতি পঞ্চমাঽধ্যায়স্য পঞ্চদশং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। হিরণ্ময়েন পাত্রেণ (আদিত্যমণ্ডলেন) সত্যস্য (সত্যসংজ্ঞকস্য ব্রহ্মণঃ) মুখম্ অপিহিতম্ (আচ্ছাদিতম্) [অস্তি]; [হে] পূষন্ (হে আদিত্য!) ত্বং সত্যধর্মায় [মম] দৃষ্টয়ে (দর্শনায় সত্যধর্মস্য-স্বরূপোপলব্ধয়ে), তৎ (দর্শন-প্রতিবন্ধককারণং) অপাবৃণু (অপনয়)। [হে] পূষন্ [হে] একর্ষে [হে] যম। [হে] সূর্য্য [হে] প্রাজাপত্য! তে রশ্মীন্ ব্যূহ (বিগময়), তেজঃ [চ] সমূহ (সঙ্ক্ষিপ), তে যৎ কল্যাণতমং রূপং, তৎ (রূপং) পশ্যামি [অহমিতি শেষঃ]। যঃ অসৌ (ভূর্ভুবঃ স্বরাহৃত্যবয়বঃ) পুরুষঃ, সঃ অমৃতম্, অসৌ (পুরুষঃ) অহম্ অস্মি। অথ [মম শরীরপাতে] বায়ুঃ অনিলং

(বায়ুঃ বায়ুঃ) [প্রতি গচ্ছতু]; ইদং শরীরং [চ] ভস্মান্তং [সৎ] [পৃথিবীং যাতু; অন্যেঽপি দেহাবয়বাঃ স্বং স্বং কারণং প্রতিগচ্ছতু]। ওঁ ক্রতো (হে সঙ্কল্পাত্মকং মনঃ) [যৎ ত্বয়া] কৃতং [তৎ] স্মর, (যন্ময়া কর্ত্তব্যং তদপি) স্মর; [হে] ক্রতো (হে মনঃ)! (পূর্বপূর্বজন্মনি ময়া যৎ) কৃতং [তদপি] স্মর। (হে) অগ্নে! রায়ে (ধনায় কর্ম-ফলপ্রাপ্তয়ে ইত্যর্থঃ) সুপথা অস্মান্ নয় (প্রাপয়); (হে) দেব! [ত্বং] বিশ্বানি (সর্বাণি) বয়ুনানি (প্রজ্ঞানানি) বিদ্বান্ জুহুরাণং (কুটিলং) এনঃ (এনৎ পাপজাতং) অস্মৎ (অস্মত্তঃ) যুযোধি (অপনয়); [বয়ম্ অন্যৎ কর্ত্তুমশক্তাঃ সন্তঃ] তে (তব) ভূয়িষ্ঠাং (বহুতমাং) নমউক্তিং (নমস্কারবচনং) বিধেম (কুর্মঃ)।

অনুবাদ। [জ্ঞানপ্রতিপাদক এবং স্বর্গাদিপ্রতিপাদক কর্ম্মানুষ্ঠাতা মৃত্যুকালে গায়ত্রীর দর্শতসংজ্ঞক আদিত্যস্বরূপ চতুর্থ পাদকে মনে মনে চিন্তা করিয়া এইরূপ প্রার্থনা করেন] হে সূর্য্য! তোমার জ্যোতির্ম্ময় আদিত্যমণ্ডল দ্বারা সত্যসংজ্ঞক ব্রহ্মের মুখ্যস্বরূপ আচ্ছাদিত রহিয়াছে; অতএব হে জগৎপোষক! আমি সত্যস্বরূপ ব্রহ্মের শরণাপন্ন হইয়াছি; আমার দর্শনের নিমিত্ত তদীয়

দর্শনপ্রতিবন্ধক কারণসমূহ অপনয়ন কর। হে সংসারপোষক! হে জগচ্চক্ষুঃস্বরূপ! হে জগৎ-সংযমনকারক! হে সূর্য্য! হে প্রজাপতি-তনয়! তুমি তোমার রশ্মিসকল আমার দৃষ্টিপথ হইতে দূরীভূত কর এবং তেজঃসকল সঙ্কুচিত কর। তোমার যে রূপটী অতি কল্যাণদায়ক, আমি সেই রূপটী দর্শন করিব। ভূরাদি অবয়ব দ্বারা যিনি অবয়বী, তিনিই অমৃত; আমিও তাঁহার স্বরূপ বলিয়া অমৃত হইয়াছি। আমার দেহপাতের পর শরীরস্থিত প্রাণবায়ু বাহ্য বায়ুতে মিলিত হউক, এই দেহও ভস্মীভূত হইয়া পৃথিবীতে মিশিয়া যাউক; দেহস্থ ইন্দ্রিয়াদিও স্ব স্ব কারণে বিলীন হইয়া যাউক।

হে সঙ্কল্পাত্মক মনঃ! এ জন্মে যাহা তুমি করিয়াছ, তাহা স্মরণ কর; এখন আমার যাহা কর্ত্তব্য, তাহাও স্মরণ কর; হে মনঃ! পূর্ব্ব পূর্ব্ব জন্মে যাহা করিয়াছ, তাহাও স্মরণ কর। হে অগ্নে! কর্ম্মফললাভের জন্য তুমি আমাদিগকে সুপথে লইয়া চল। হে অগ্নিদেব! তুমি সকলের হৃদয়স্থিত বিজ্ঞানাদি

অবগত আছ; অতএব আমাদের হৃদয় হইতে কুটিল-স্বভাবসম্পন্ন পাপসমূহ অপনয়ন কর। [আমাদের কিছুই করিবার ক্ষমতা নাই] সুতরাং কেবল তোমার উদ্দেশে বার বার নমস্কার করিতেছি।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

প্রথমং ব্রাহ্মণম্॥

১। ওঁ যো হ বৈ জ্যেষ্ঠং চ শ্রেষ্ঠং চ বেদ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ স্বানাং ভবতি প্রাণো বৈ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভূষতি য এবং বেদ॥ ২। যো হ বৈ বসিষ্ঠাং বেদ বসিষ্ঠঃ স্বানাং ভবতি বাগ্বৈ বসিষ্ঠা বসিষ্ঠঃ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভূষতি য এবং বেদ॥ ৩। যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ প্রতিতিষ্ঠতি সমে প্রতিতিষ্ঠতি দুর্গে চক্ষুর্বৈ প্রতিষ্ঠা চক্ষুষা হি সমে চ দুর্গে চ প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি সমে প্রতিতিষ্ঠতি দুর্গে য এবং বেদ॥ ৪। যো হ বৈ সম্পদং বেদ সং হাস্মৈ পদ্যতে যং কামং কাময়তে। শ্রোত্রং বৈ সম্পচ্ছ্রোত্রে হীমে সর্বে

বেদা অভিসম্পন্নাঃ সঙ্ হাস্মৈ পদ্যতে যং কামং কাময়তে য এবং বেদ ॥ ৫। যো হ বা আয়তনং বেদায়তনঙ্ স্বানাং ভবত্যায়তনং জনানাং মনো বা আয়তনমায়তনঙ্ স্বানাং ভবত্যায়তনং জনানাং য এবং বেদ ॥ ৬। যো হ বৈ প্রজাপতিং বেদ প্রজায়তে হ প্রজয়া পশুভিঃ। রেতো বৈ প্রজাপতিঃ প্রজায়তে হ প্রজয়া পশুভির্য এবং বেদ ॥

ব্যাখ্যা। ১ ॥ ওঁ ইতিশব্দেন প্রাণঃ গায়ত্রী ইতি স্মারয়তি। যঃ হ বৈ (অবধারণে) জ্যেষ্ঠং চ শ্রেষ্ঠং চ (জ্যেষ্ঠত্বশ্রেষ্ঠত্বগুণযুক্তং প্রাণং) বেদ; [সঃ] স্বানাং (জ্ঞাতীনাং) জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠঃ চ ভবতি। প্রাণঃ বৈ (এব) জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠঃ চ (ভবতি)। যঃ এবং বেদ; (সঃ) স্বানাং (জ্ঞাতীনাং) (বয়সা) জ্যেষ্ঠঃ চ (গুণেন) শ্রেষ্ঠঃ চ ভবতি; (অপিচ) যেষাং (স্বজনভিন্নানাং) (মধ্যে বুভূষতি) অহমেষাং জ্যেষ্ঠঃ চ শ্রেষ্ঠঃ চ ভবিষ্যামীতি ইচ্ছতি (সঃ তেষামপি জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠশ্চ ভবতি)। ২ ॥ যঃ হ বৈ বসিষ্ঠাং (বসিষ্ঠগুণযুক্তাং প্রাণদেবতাং) বেদ, (সঃ) স্বানাং (জ্ঞাতীনাং) বসিষ্ঠঃ ভবতি। (বাগ্ বৈ বসিষ্ঠা [বাসয়তি অতিশয়েন, বস্তে বা ইতি বসিষ্ঠা) [বাগ্মিনঃ এব ধনবন্তঃ অতিশয়েন বসন্তি, অভিভবন্তি চ বাচা বাগ্মিনঃ অপরান্; তেন তস্যাঃ বসিষ্ঠত্বম্]। যঃ এবং বেদ; [সঃ]

স্বানাং (জ্ঞাতীনাং) বসিষ্ঠঃ ভবতি; অপি চ যেষাং (জ্ঞাতিভিন্নানাং) বুভূষতি (অহং বসিষ্ঠঃ ভবিষ্যামীতি বসিষ্ঠঃ ভবিতুমিচ্ছতি); (তেষামপি বসিষ্ঠঃ ভবতি)। ৩। যঃ হ বৈ প্রতিষ্ঠাং বেদ; [সঃ] সমে দেশে কালে চ [প্রতিতিষ্ঠতি, দুর্গে (বিষমে চ) প্রতিতিষ্ঠতি চক্ষুঃ বৈ প্রতিষ্ঠা; হি (যতঃ) চক্ষুষা সমে চ দুর্গমে চ প্রতিতিষ্ঠতি। যঃ এবং বেদ; [সঃ] সমে প্রতিতিষ্ঠতি, বিষমে [চ] প্রতিতিষ্ঠতি। ৪। যঃ হ বৈ সম্পদং বেদ; [সঃ] যং কামং (কাম্যং বিষয়ং) কাময়তে [সঃ কামঃ] অস্মৈ (উপাসকায়) সম্পদ্যতে হ। শ্রোত্রং (বৈ সম্পৎ); হি (যতঃ) ইমে সর্বে বেদাঃ শ্রোত্রে (কর্ণে) অভিসম্পন্নাঃ [প্রতিপাদিতাঃ)। যঃ এবং বেদ; [সঃ] যং কামং কাময়তে; অস্মৈ (সাধকায়) [সঃ এব কামঃ] সম্পদ্যতে হ। ৫। যঃ হ বৈ আয়তনং বেদ; [সঃ] স্বানাম্ (জ্ঞাতীনাম্) আয়তনম্; জনানাং [চ] আয়তনং ভবতি। মনঃ বৈ আয়তনং; যঃ এবং বেদ; [সঃ] স্বানাম্ আয়তনং ভবতি; [তথা] জনানাম্ আয়তনম্ [ভবতি]। ৬। সঃ হ বৈ প্রজাতিং বেদ; [সঃ] প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ [চ] প্রজায়তে (সম্পন্নঃ ভবতি)। [কা অসৌ প্রজাতিঃ ইত্যাহ]—রেতঃ (শুক্রং) বৈ প্রজাতিঃ; যঃ এবং বেদ; [সঃ] প্রজয়া পশুভিঃ [চ] প্রজায়তে (সম্পন্নঃ ভবতি) হ।

অনুবাদ। ১। ওঁ এই শব্দদ্বারা গায়ত্রীই

প্রাণ ইহা স্মরণ করাইতেছেন; যিনি জ্যেষ্ঠ এবং শ্রেষ্ঠকে জানেন; তিনি স্বীয় জ্ঞাতির মধ্যে বয়সে জ্যেষ্ঠত্ব এবং গুণে শ্রেষ্ঠত্ব লাভ করেন। প্রাণই ইন্দ্রিয়াদি অপেক্ষা বয়সে জ্যেষ্ঠ এবং গুণে শ্রেষ্ঠ। যিনি তাহা জানেন, তিনি স্বীয় জ্ঞাতিগণের মধ্যে জ্যেষ্ঠত্ব এবং শ্রেষ্ঠত্ব লাভ করেন। আর যদি তিনি এইরূপও ইচ্ছা করেন যে, আমি অপরের মধ্যেও জ্যেষ্ঠ এবং শ্রেষ্ঠ হইব; তাহা হইলে তিনি তাহাপেক্ষা জ্যেষ্ঠত্ব এবং শ্রেষ্ঠত্ব লাভ করিতে পারেন। ২॥ যিনি বসিষ্ঠগুণযোগে প্রাণদেবতাকে অবগত হয়েন, তিনি জ্ঞাতিগণের মধ্যে বসিষ্ঠ হন, অর্থাৎ জ্ঞাতিগণ তাঁহার বশীভূত থাকে। বাগ্‌দেবতাই বসিষ্ঠ [কারণ বাক্‌পটুব্যক্তি স্বীয় বাক্যকৌশলে ধনাদির উপার্জ্জনে অন্যকে বাস করান এবং বাক্যদ্বারাও অপরকে পরাভূত করেন, সুতরাং বাক্‌কেই বসিষ্ঠ বলা হইয়াছে]। যিনি উক্তগুণযোগে প্রাণদেবতাকে জানেন, তিনিও জ্ঞাতিদের মধ্যে বসিষ্ঠ হয়েন; আর অন্য লোকের মধ্যেও যিনি

বসিষ্ঠ হইবার প্রার্থনায় উপাসনা করেন, তিনিও বসিষ্ঠত্বলাভ করিয়া থাকেন। ৩॥ যিনি প্রতিষ্ঠা গুণযোগে প্রতিষ্ঠার উপাসনা করেন, তিনি (উপদ্রববিহীন) বিষম (বিপদাপন্ন)দেশে এবং কালে প্রতিষ্ঠিত হয়েন। চক্ষুই প্রতিষ্ঠা; কারণ চক্ষুদ্বারাই নিরাপৎও আপৎ হয়। 'সঙ্কটদেশে এবং কালে প্রতিষ্ঠা লাভ' যিনি ইহা জানেন; তিনি নিরাপদ ও আপদাপন্ন দেশে এবং কালে প্রতিষ্ঠা লাভ করিয়া থাকেন। ৪ ॥ যিনি সম্পদ্-গুণযোগে সম্পদ্‌কে জানেন, তিনি যাহা কামনা করেন, তাঁহার সেই কামনাই পূর্ণ হয়। শ্রোত্রই সম্পদ্; কারণ, বেদসমুদায়, শ্রোত্রদ্বারাই প্রকাশিত হয়,শ্রোত্রের সাহায্যভিন্ন বেদসকল প্রকাশিত হইতে পারে না। যিনি উক্ত গুণযোগে উপাসনা করেন; তিনি যাহা যাহা কামনা করেন, তাহাই তাঁহার সম্পন্ন হইয়া থাকে। ৫ ॥ যিনি আয়তনকে জানেন; তিনি জ্ঞাতিগণের এবং অপরাপর লোকের আয়তন (আশ্রয়স্বরূপ) হইয়া থাকেন। মনই আয়তন (আশ্রয়); যিনি উক্ত গুণযোগে ইহাকে অবগত

হয়েন ; তিনি জ্ঞাতি এবং অপরাপর লোকের মধ্যে আশ্রয়স্বরূপ হইয়া থাকেন। ৬॥ যিনি প্রজাতিকে জানেন, তিনি সন্তান ও পশুগণে পরিবৃত হয়েন। রেতঃই প্রজাতি; যিনি এইরূপে ইহাকে জানেন; তিনি সন্ততি এবং পশুযুক্ত হইয়া বাস করেন॥

৭। তে হেমে প্রাণা অহংশ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুস্তদ্ধোচুঃ কো নো বসিষ্ঠ ইতি। তদ্ধোবাচ যস্মিন্ ব উৎক্রান্ত ইদং শরীরং পাপীয়ো মন্যতে, স বো বসিষ্ঠ ইতি॥ ৮। বাগ্ঘোচ্চক্রাম সা সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি। তে হোচুর্যথা কলা অবদন্তো বাচা প্রাণন্তঃ প্রাণেন পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ বিদ্বাংসো মনসা প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ বাক্॥

৭। ব্যাখ্যা। তে (পূর্বোক্তাঃ) হ ইমে প্রাণাঃ (ইন্দ্রিয়াদয়ঃ) অহংশ্রেয়সে (অহং শ্রেয়ান্ ইতি স্বস্ব শ্রেষ্ঠত্বপ্রতিপাদনায়) বিবদমানাঃ [সন্তঃ] ব্রহ্ম জগ্মুঃ (গতবন্তঃ)। [গত্বা চ] তৎ (বিবাদাস্পদং বাক্যং) হ ব্রহ্ম (প্রজাপতিম্) উচুঃ নঃ (অস্মাকম্) কঃ বসিষ্ঠঃ? ইতি। [তচ্ছ্রুত্বা] তৎ (ব্রহ্ম) হ উবাচ— বঃ (যুষ্মাকং মধ্যে; যস্মিন্ উৎক্রান্তে (দেহাদ্ বহির্গতে সতি)

ইদং শরীরং পাপীয়ঃ মন্যতে [লোকঃ] ; বঃ (যুষ্মাকং মধ্যে) সঃ বসিষ্ঠঃ ইতি ।৮॥ [তেষু প্রাণেষু মধ্যে] বাক্ হ [অস্মাৎ দেহাৎ প্রথমম্] উচ্চক্রাম (উৎক্রান্তবতী) ; সা (বাক্) সংবৎসরং [ব্যাপ্য] প্রোষ্য (প্রোষিতা ভূত্বা) [পুনঃ] আগত্য উবাচ— মদৃষ্কতে (মাং বিনা). কথং জীবিতুম্ অশকত (শক্তবন্তঃ) [যূয়মিতি শেষঃ]। তে (প্রাণাঃ) হ উচুঃ (উক্তবন্তঃ)— যথা অকলাঃ (মূকাঃ) বাচা (বাগিন্দ্রিয়েণ) অবদন্তঃ (বাক্যম্ অকথয়ন্তঃ), প্রাণেন প্রাণন্তঃ (প্রাণব্যাপারং কুর্বন্তঃ), চক্ষুষা পশ্যন্তঃ, শ্রোত্রেণ শৃণ্বন্তঃ, মনসা বিদ্বাংসঃ (কার্য্যাকার্য্যাদি- বিষয়ং জানন্তঃ), রেতসা প্রজায়মানাঃ (বীর্য্যেণ পুত্রান্ উৎ- পাদয়ন্তঃ) [জীবিতাঃ তিষ্ঠন্তিঃ] ; এবম্ (ইত্থম্) [বাগি- ন্দ্রিয়াভাবেন বয়ম্] অজীবিষ্ম (জীবিতাঃ ভবামঃ) ইতি [বাগ্ব্যতিরিক্তাঃ সর্বে প্রাণাঃ উচুঃ]। [তৎ শ্রুত্বা] বাক্ হ প্রবিবেশ [দেহে ইতি শেষঃ]।

অনুবাদ। ৭॥ কোনও একসময় বাগাদি ইন্দ্রিয়গণ নিজ নিজ প্রধান্যসংস্থাপনের জন্য পরস্পর বিবাদ করিয়া প্রজাপতির নিকটে যাইয়া প্রজাপতিকে জিজ্ঞাসা করিলেন—আমাদের, মধ্যে কে বসিষ্ঠ? তদুত্তরে প্রজাপতি বলিলেন, তোমাদের মধ্যে যে বহির্গত হইলে এই দেহ অত্যন্ত অস্পৃশ্য বলিয়া

লোকে মনে করিবে; সেই তোমাদের মধ্যে বসিষ্ঠ। ৮॥ [উক্ত ইন্দ্রিয়দিগের মধ্যে] বাগিন্দ্রিয় প্রথমে এই দেহ হইতে বহির্গত হইয়া এক বৎসর যাবৎ অন্য স্থানে থাকিয়া পুনরায় ফিরিয়া আসিলেন, আসিয়া অপরাপর ইন্দ্রিয়দিগকে জিজ্ঞাসা করিলেন, বল দেখি, আমার অভাবে তোমরা কিরূপে জীবিত থাকিতে সমর্থ হইলে? তাহারা বলিল, যেরূপ মূক ব্যক্তি কথা বলিতে না পারিলেও, প্রাণদ্বারা প্রাণন, চক্ষুদ্বারা দর্শন, শ্রোত্রদ্বারা শ্রবণ, মনঃ দ্বারা মনন এবং বীর্য্যদ্বারা সন্তান সমুৎপাদন করিয়া জীবিত থাকে; আমরাও সেইরূপেই জীবিত ছিলাম। ইহা শুনিয়া বাগিন্দ্রিয় নিজকে উক্তগুণবিহীন মনে করিয়া দেহমধ্যে প্রবেশ করিলেন॥

৯। চক্ষুর্হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি। তে হোচুর্যথা অন্ধা অপশ্যন্তশ্চক্ষুষা প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ বিদ্বাংসো মনসা প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ চক্ষুঃ॥ ১০। শ্রোত্রং

হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশ-
কত মদৃতে জীবিতুমিতি তে হোচুর্যথা বধিরা অশৃ-
ণ্বন্তঃ শ্রোত্রেণ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্ত-
শ্চক্ষুষা বিদ্বাংসো মনসা প্রজায়মানা রেতসৈবমজী-
বিষ্মেতি প্রবিবেশ হ শ্রোত্রম্। ১১॥ মনো হোচ্চক্রাম
তৎ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে
জীবিতুমিতি তে হোচুর্যথা মুগ্ধা অবিদ্বাংসো মনসা
প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ
শ্রোত্রেণ প্রজায়মানা রেতসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ
হ মনঃ॥ ১২। রেতো হোচ্চক্রাম তৎ সংবৎসরং
প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি তে
হোচুর্যথা ক্লীবা অপ্রজায়মানা রেতসা প্রাণন্তঃ প্রাণেন
বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ বিদ্বাংসো
মনসৈবমজীবিষ্মেতি প্রবিবেশ হ রেতঃ॥

ব্যাখ্যা। (স্পষ্টম্)। ৯—১২

অনুবাদ। ৯। অতঃপর চক্ষুঃ দেহ হইতে
বহির্গত হইয়া সংবৎসরকাল স্থানান্তরে বাস করিয়া
পুনরায় অপরাপর ইন্দ্রিয়গণের নিকটে আসিয়া

বলিলেন—আমার অভাবে তোমরা কিরূপে বাঁচিয়াছিলে? অপরাপর প্রাণগণ বলিলেন, যেরূপ অন্ধ ব্যক্তি চক্ষুদ্বারা দেখিতে না পাইলেও, প্রাণদ্বারা প্রাণন, বাগিন্দ্রিয় দ্বারা কথন, শ্রোত্রদ্বারা শ্রবণ, মনঃদ্বারা মনন এবং শুক্রদ্বারা সন্তান উৎপাদন করিয়া জীবিত থাকেন; সেইরূপ আমরাও জীবিত ছিলাম; তাহা শুনিয়া চক্ষুঃ নিজকে উক্ত গুণবিহীন মনে করিয়া পুনরায় দেহে প্রবেশ করিলেন। ১০॥ অতঃপর দেহ হইতে শ্রোত্রেন্দ্রিয় বহির্গত হইলেন। তিনিও সংবৎসরকাল বহির্দেশে অবস্থানপূর্ব্বক ফিরিয়া আসিয়া অপরাপর ইন্দ্রিয়গণকে জিজ্ঞাসা করিলেন,আমাকে ব্যতীত তোমরা কিরূপে জীবিত ছিলে? অপরাপর ইন্দ্রিয়গণ বলিলেন—যেরূপ বধির শ্রবণশক্তিবিহীন হইয়াও, প্রাণদ্বারা প্রাণন, বাগিন্দ্রিয়দ্বারা কথন, চক্ষুঃদ্বারা দর্শন, মনঃদ্বারা মনন এবং শুক্রদ্বারা সন্তান উৎপাদন করিয়া জীবন ধারণ করেন; সেইরূপ আমরাও জীবিত ছিলাম। তাহা শুনিয়া শ্রবণেন্দ্রিয় সেই দেহে প্রবেশ করিলেন॥

১১ ॥ অতঃপর মনঃ দেহ হইতে বহির্গত হইলেন। তিনও সংবৎসর বহির্দেশে থাকিয়া পুনঃ আগমনপূর্ব্বক অপরাপর প্রাণকে জিজ্ঞাসা করিলেন; আমাকে ব্যতীত তোমরা কিরূপে জীবন ধারণ করিয়াছিলে? তাহা শুনিয়া তাঁহারা বলিলেন, যেরূপ মননশক্তিবিহীন ব্যক্তি মনঃদ্বারা মনন করিতে না পারিলেও, প্রাণদ্বারা প্রাণন, বাগিন্দ্রিয়দ্বারা কথন, চক্ষুঃদ্বারা দর্শন, শ্রোত্রদ্বারা শ্রবণ এবং শুক্রদ্বারা পুত্রোৎপাদন করিয়া জীবিত থাকেন, আমরাও সেইরূপ ছিলাম। তখন মনঃ পূর্ব্বোক্ত দেহে প্রবেশ করিলেন ॥ ১২। অতঃপর শুক্র দেহ হইতে বহির্গত হইলেন এবং একবৎসর বহির্দেশে অবস্থানপূর্ব্বক ফিরিয়া আসিয়া ইন্দ্রিয়গণকে জিজ্ঞাসা করিলেন—তোমরা আমি ব্যতীত কিরূপে জীবিত রহিলে? তাহা শুনিয়া তাঁহারা বলিলেন, যেরূপ ক্লীব ব্যক্তি শুক্র দ্বারা সন্তান উৎপাদন করিতে না পারিলেও, প্রাণদ্বারা প্রাণন, বাগিন্দ্রিয়দ্বারা কথন, চক্ষুঃদ্বারা দর্শন, শ্রোত্রদ্বারা শ্রবণ এবং মনঃদ্বারা মনন করিয়া জীবিত থাকে,

আমরাও সেইরূপ জীবিত ছিলাম। তাহা শুনিয়া শুক্র পূর্ব্ব দেহে প্রবেশ করিলেন॥

১৩। অথ হ প্রাণ উৎক্রমিষন্ যথা মহাসুহয়ঃ সৈন্ধবঃ পড়্বীশশঙ্কূন্ সংবৃহেদেবং হৈবেমান্ প্রাণান্ সংববর্হ তে হোচুর্মা ভগব উৎক্রমীর্ন বৈ শক্ষ্যামস্ত্বদৃতে-জীবিতুমিতি তস্যো মে বলিং কুরুতেতি তথেতি॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) প্রাণঃ (মুখ্যঃ প্রাণঃ) হ উৎক্রমিষন্ যথা সৈন্ধবঃ মহাসুহয়ঃ (বৃহদাকারঃ শোভনঃ হয়ঃ) পড়্বীশশঙ্কূন্ (পাদবন্ধনকীলকান্) সংবৃহেৎ (উদ্যচ্ছেৎ এবং হ এব। এবমেব) ইমান্ (ইন্দ্রিয়সংজ্ঞকান্) প্রাণান্ সংববর্হ (উদ্যতবান্, স্বস্থানাৎ ভ্রংশিতবান্ ইত্যর্থঃ)। [ততশ্চ] তে (প্রাণাঃ) হ উচুঃ—ভগবঃ (হে ভগবন্)! [ত্বম্] মা উৎক্রমীঃ ত্বদৃতে (ত্বাম্ অন্তরেণ) জীবিতুং ন শক্ষ্যামঃ [বয়মিতি শেষঃ] ইতি। [প্রাণঃ তচ্ছ্রুত্বা আহ]—তস্য (পূর্ব্বোক্তস্য) মে (মম) বলিম্ (করম্) উ কুরুত (প্রযচ্ছ); ইতি। তথা [তব ভবতু] ইতি [তে প্রাণাঃ উচুঃ ইত্যর্থঃ]।

অনুবাদ। অতঃপর মুখ্য প্রাণ দেহ হইতে বাহির হইবার উদ্যোগ করিলে সিন্ধুদেশীয় বৃহৎকায় সুন্দর সুন্দর অশ্বসকল যেরূপ পাদবন্ধনের খুঁটীগুলি

উৎপাটন করিয়া ফেলে, সেইরূপ অপরাপর প্রাণকে উৎখাত করিয়াছিল। তখন সেই বাগাদি ইন্দ্রিয়গণ বলিলেন,হে ভগবন্। তুমি বাহির হইও না। তোমাকে ব্যতীত আমরা জীবিত থাকিতে পারিব না। তাহা শুনিয়া মুখ্য প্রাণ অপর প্রাণসকলকে সম্বোধন করিয়া বলিলেন,তোমরা (আমার শ্রেষ্ঠতার জন্য) কর প্রদান কর। প্রাণসমূহ বলিলেন তাহাই হইবে।

১৪। সা হ বাগুবাচ যদ্বা অহং বসিষ্ঠাস্মি ত্বং তৎ বসিষ্ঠোহসীতি যদ্বা অহং প্রতিষ্ঠাস্মি ত্বং তৎ প্রতিষ্ঠোহসীতি চক্ষুর্যদ্বা অহং সম্পদস্মি ত্বং তৎ সম্পদসীতি শ্রোত্রং যদ্বা অহমায়তনমস্মি ত্বং তদায়তনমসীতি মনো যদ্বা অহং প্রজাতিরস্মি ত্বং তৎ প্রজাতিরসীতি রেতস্তস্যো মে কিমন্নং কিং বাস ইতি যদিদং কিঞ্চাশ্বভ্য আক্রমিভ্য আকীটপতঙ্গেভ্যস্তত্তেহন্নমাপো বাস ইতি ন হ বা অস্যানন্নং জগ্ধং ভবতি নান্নং পরিগৃহীতং য এবমেতদনস্যান্নং বেদ তদ্বিদ্বাংসঃ শ্রোত্রিয়া অশিষ্যন্ত আচামন্ত্যশিত্বাচামন্ত্যেতমেব তদনমনগ্নং কুর্বন্তো মন্যন্তে॥

ইতি ষষ্ঠাহধ্যায়স্য প্রথমং ব্রাহ্মণম্॥

ব্যাখ্যা। [বলিপ্রদানায় প্রবৃত্তা সতী] সা বাক্ হ (কিল) উবাচ—অহং বৈ যৎ বসিষ্ঠা অস্মি; ত্বং তদ্ বসিষ্ঠঃ অসি ইতি। অহং বৈ যৎ প্রতিষ্ঠা অস্মি, ত্বং তদ্ প্রতিষ্ঠা অসি ইতি (এবম্) চক্ষুঃ [উবাচ]। অহং বৈ যৎ সম্পদ্ অস্মি, ত্বং তৎ সম্পদ্ অসি ইতি শ্রোত্রম্ [উবাচ] অহং বৈ যদ্ আয়তনম্ অস্মি; ত্বং তদ্ আয়তনম্ অসি ইতি মনঃ [উবাচ]; অহং বৈ যৎ প্রজাতিঃ অস্মি; ত্বং তৎ প্রজাতিঃ অসি ইতি (এবং) রেতঃ (শুক্রম্) [উবাচ]। [মুখ্যঃ প্রাণঃ আহ]—তস্য (এবংগুণযুক্তস্য) উ মে [মম) কিম্ অন্নম্ [ভবতি], মে কিং [বা] বাসঃ [ভবতি] ইতি। [ইতরে প্রাণাঃ আহুঃ]—আশ্বভ্যঃ আকৃমিভ্যঃ আকীটপতঙ্গেভ্যঃ যদ্ ইদং কিঞ্চ [লোকসিদ্ধমন্নং], তৎ (সর্বমেব) তে (তব) অন্নং [ভবেৎ]; [তথা] আপঃ (পানীয়াঃ আপঃ) [তব] বাসঃ (আচ্ছাদনস্থানীয়াঃ) [ভবেয়ুঃ] ইতি। যঃ অনস্য (প্রাণস্য) এতৎ (সর্বম্) অন্নম্ [ভবতি), এবং বেদ; অস্য (সর্বপ্রাণস্য অন্নমিত্যেবংবিদঃ) ন হ বৈ (নৈব) অনন্নং (অনদনীয়ং) জগ্ধং (ভক্ষ্যং) ভবতি; অনন্নং (অনদনীয়ং) [চ] ন পরিগৃহীতং [ভবতি; যতঃ অন্নভক্ষণগ্রহণজনিতদোষেণ সঃ ন লিপ্যতে]। [যস্মাৎ আপঃ বাসঃ প্রাণস্য] তৎ (তস্মাৎ) শ্রোত্রিয়াঃ (অধীতবেদাঃ) বিদ্বাংসঃ [ব্রাহ্মণাঃ] অশিষ্যন্তঃ (ভোক্ষ্যমাণাঃ) [অপঃ] আচামন্তি; অশিত্বা (ভুক্ত্বা),

চ [উত্তরকালম্ অপঃ] আচামন্তি (ভক্ষয়ন্তি) ; তৎ (তত্র) [কোঽভিপ্রায় ইত্যাহ]—এতমেব অনম্ (প্রাণম্) অনগ্নম্ [কুর্মঃ বয়ং বাসঃপ্রদানেন ইতি] মন্যন্তে [তে ইতি শেষঃ]।

অনুবাদ। তাহার পর বাগিন্দ্রিয় বলিলেন, আমার যে বসিষ্ঠত্ব গুণ আছে, তুমি সেই গুণসম্পন্ন হও ; চক্ষুঃ বলিলেন, আমি যে প্রতিষ্ঠাগুণে গুণী, তুমি সেই প্রতিষ্ঠাগুণসম্পন্ন হও ; শ্রবণেন্দ্রিয় বলিলেন—আমি যে সম্পদ্গুণে গুণী, তুমি সেই সম্পদ্গুণসম্পন্ন হও ; মনঃ বলিলেন—আমি যে আয়তনত্বগুণে গুণী, তুমি সেই আয়তনত্বগুণযুক্ত হও, রেতঃ বলিলেন—আমার যে সন্তানোৎপাদকত্বগুণ আছে, তুমি তৎসম্পন্ন হও। অতঃপর মুখ্য প্রাণ বলিলেন—আমার অন্নই বা কি এবং বস্ত্রই বা কি ? তদুত্তরে অপরাপর ইন্দ্রিয়গণ বলিলেন—কুক্কুর, কৃমি কীট, পতঙ্গপ্রভৃতি সমুদায় প্রাণীর ভোজনের জন্য যাহা কিছু আছে, সেই সমুদায়ই তোমার অন্ন হইবে ; আর পানীয় জলসকল তোমার বস্ত্রস্থানীয় হইবে। যিনি উক্তরূপে প্রাণের অন্নসকল বিদিত

হন, তাঁহার কোনও অন্ন অভক্ষ্য বলিয়া ভক্ষিত হয় না; কিংবা কোনও অন্ন অভক্ষ্য বলিয়া পরিগৃহীত হয় না। [জলই প্রাণের বস্ত্রস্থানীয়] এই জন্য বেদজ্ঞ ব্রাহ্মণগণ ভোজনের পূর্ব্বে এবং পরে আচমন করিয়া জলপান করিয়া থাকেন। তাঁহারা আচমন-কালে ইহাই মনে করিয়া আচমন করেন যে, আমরা এই আচমনের জলদ্বারা মুখ্য প্রাণের অনগ্নতা সম্পাদন করিতেছি॰।

ষষ্ঠ অধ্যায়ে প্রথম ব্রাহ্মণের অনুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

১। শ্বেতকেতুর্হ বা আরুণেয়ঃ পঞ্চালানাং পরিষদমাজগাম স আজগাম জৈবলিং প্রবাহণং পরিচারয়মাণং তমুদীক্ষ্যাভ্যুবাদ কুমার ৩ ইতি স ভো ৩ ইতি প্রতিশুশ্রাবানুশিষ্টোঽন্বসি পিত্রেত্যোমিতি হোবাচ॥

ব্যাখ্যা। শ্বেতকেতুঃ (এতন্নামকঃ) হ (ঐতিহ্যে) বৈ (এব) আরুণেয়ঃ পঞ্চালানাং পরিষদম্ (সভাম্) আজগাম।

সঃ (শ্বেতকেতুঃ) পরিচারয়মাণং (স্বভৃত্যৈঃ পরিচরণং কারয়ন্তং) জৈবলিং প্রবাহণম্ (তন্নামকং রাজানম্) আজগাম। [রাজা] তম্ (শ্বেতকেতুম্) উদীক্ষ্য (অবলোক্য) অভ্যুবাদ (অভ্যুক্তবান্)—[হে] কুমারা ইতি [সম্বোধয়ামাস, প্লুতিঃ ভর্ৎসনার্থা]; সঃ (শ্বেতকেতুঃ) [অনাদরজ্ঞাপনায়] ভোঃ ইতি (শব্দেন) প্রতিশুশ্রাব (প্রত্যুত্তরং দদৌ) [অত্রাপি প্লুতিঃ অবজ্ঞার্থা]। [রাজা উবাচ]—পিত্রা [ত্বম্] অনুশিষ্টঃ অসি ? [শ্বেতকেতুঃ] হ উবাচ- ওম্ (স্বীকারে) অনু (অনুশিষ্টঃ) [অস্মি]।

অনুবাদ। আরুণির পুত্র শ্বেতকেতু পঞ্চালদেশের সভায় গমন করিয়াছিলেন। তিনি সেখানে গিয়া দেখিলেন, জীবালতনয় প্রবাহণ নামক রাজা স্বীয় ভৃত্যগণদ্বারা অঙ্গমর্দ্দনাদি করাইতেছেন; রাজা শ্বেতকেতুকে অভিমানী বলিয়া জানিতেন, তজ্জন্য অবজ্ঞাপ্রদর্শনের ছলে "কুমারাঃ" বলিয়া আহ্বান করিলেন। শ্বেতকেতু তাহা বুঝিয়া অবজ্ঞাসূচক "ভোঃ" শব্দদ্বারা রাজাকে প্রত্যুত্তর প্রদান করিলেন। [অতঃপর রাজা জিজ্ঞাসা করিলেন] হে কুমার! তোমার পিতার নিকট সম্যক্‌রূপে

শিক্ষা লাভ করিয়াছ কি? তাহা শুনিয়া শ্বেতকেতু "ওঁ" শব্দদ্বারা সম্মতি জ্ঞাপন করিলেন।

২। বেত্থ যথেমাঃ প্রজাঃ প্রযত্যো বিপ্রতিপদ্যন্তা৩ ইতি নেতি হোবাচ বেত্থো যথেমং লোকং পুনরাপদ্যন্তা৩ ইতি নেতি হৈবোবাচ বেত্থো যথাসৌ লোক এবং বহুভিঃ পুনঃ পুনঃ প্রযদ্ভির্ন সম্পূর্যতা৩ ইতি নেতি হৈবোবাচ বেত্থো যতিথ্যামাহুত্যাং হুতায়ামাপঃ পুরুষবাচো ভূত্বা সমুত্থায় বদন্তী৩ ইতি নেতি হৈবোবাচ বেত্থো দেবযানস্য বা পথঃ প্রতিপদং পিতৃযাণস্য বা যৎ কৃত্বা দেবযানং বা পন্থানং প্রতিপদ্যন্তে পিতৃযাণং বাপি হি ন ঋষের্বচঃ শ্রুতং। দ্বে সৃতী অশৃণবং পিতৃণামহং দেবানামুত মর্ত্যানাং। তাভ্যামিদং বিশ্বমেজৎ সমেতি যদন্তরা পিতরং মাতরং চেতি নাহমত একঞ্চন বেদেতি হোবাচ॥

ব্যাখ্যা। [রাজা শ্বেতকেতুং পৃচ্ছতি]—ইমাঃ (উৎপাদ্যমানাঃ) প্রজাঃ (লোকাঃ) প্রযত্যঃ (মৃত্যুম্ আপন্নাঃ সত্যঃ) যথা (যেন প্রকারেণ) বিপ্রতিপদ্যন্তাঃ (বিভিন্নমার্গং গচ্ছন্তি ইত্যর্থঃ) [তৎ কিং] বেত্থ (জানাসি)? ইতি। [শ্বেত-

কেতুঃ] হ উবাচ—ন [জানামি] ইতি। উ (হে শ্বেত-কেতো !) যথা (যেন রূপেণ) ইমং লোকং পুনঃ আপদ্যন্তা (আপদ্যন্তে) [জীবাঃ], ইতি [কিম্] বেত্থ ? ন [জানামি অহম্] ইতি এব হ উবাচ [শ্বেতকেতুঃ]। উ (হে শ্বেত-কেতো !) এবং (ইত্থং) পুনঃ পুনঃ প্রযদ্ভিঃ (গচ্ছদ্ভিঃ) বহুভিঃ (জীবৈঃ) অসৌ লোকঃ (গন্তব্যঃ পরলোকঃ) যথা ন সম্পূর্য্যতা (ন সম্পূর্য্যতে) ইতি [কিম্] বেত্থ ? ন [বেদ্মি অহম্] ইতি এব হ উবাচ [শ্বেতকেতুঃ] ; উ (হে শ্বেতকেতো !) যতিথ্যাম্ (যৎসংখ্যকায়াম্) আহুত্যাম্ হুতায়াম্ [সত্যাম্] আপঃ (জলোপলক্ষিতানি আহুতিজনিতানি পঞ্চ ভূতানি) পুরুষবাচঃ ভূত্বা সমুত্থায় বদন্তী ইতি [কিম্] বেত্থ ? ন [জানামি] ইতি এব হ উবাচ [শ্বেতকেতুঃ] ; উ (হে শ্বেত-কেতো !) দেবযানস্য পিতৃযানস্য বা পথঃ (মার্গস্য) প্রতিপদম্ বেত্থ (জানাসি) ? যৎ (যাং প্রতিপদং ক্রিয়াং বিদ্যাং বা) কৃত্বা দেবযানং বা পিতৃযানং বা পন্থানং হি অপি (নিশ্চিতমেব) প্রতিপদ্যন্তে ; [শ্বেতকেতুঃ উবাচ ন জানামি ইতি]। নঃ (অস্মাকম্) ঋষেঃ (মন্ত্রস্য) বচঃ (বাক্যম্) [এবম্] শ্রুতম্ [অস্মাভিঃ ইতি শেষঃ] ; মর্ত্ত্যানাম্ (মরণশীলানাং প্রাণি-নাম্) [পরলোকগমনায়] দেবানাম্ উত (অপি) পিতৄণাং দ্বে স্রুতী (দ্বৌ পন্থানৌ) [স্তঃ ইতি শেষঃ] অহম্ অশৃণবম্ ; যদ্ ইদং বিশ্বং পিতরং মাতরং চ অন্তরা (দ্যাবাপৃথিব্যোর্মধ্যে) তাভ্যাম্

(দেবযান-পিতৃযানসংজ্ঞকাভ্যাং মার্গাভ্যাম্) এতৎ (গচ্ছৎ সৎ) সমেতি (সঙ্গচ্ছতে) [স্বকর্মানুরূপং ফলং ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ]। [শ্বেতকেতুঃ] হ উবাচ—অহম্ অতঃ (অস্মাৎ প্রশ্নসমুদায়াৎ) একঞ্চন (একমপি) ন বেদ ইতি।

অনুবাদ। [রাজা প্রবাহণ শ্বেতকেতুকে নিম্নোক্ত পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিতেছেন] উৎপন্ন প্রজাগণ মৃত্যুর পর কি জন্য বিভিন্ন পথ অবলম্বন করে, তাহা কি তুমি বলিতে পার? শ্বেতকেতু বলিলেন—না, আমি তাহা জানি না। রাজা পুনরায় জিজ্ঞাসা করিলেন - প্রজাগণ পরলোক হইতে কি প্রকারে ইহলোকে প্রত্যাগমন করে, তাহা কি তুমি জান? শ্বেতকেতু বলিলেন—না, আমি জানি না। পুনরায় রাজা শ্বেতকেতুকে সম্বোধন করিয়া বলিলেন, প্রজাগণ বার বার মৃত্যুমুখে পতিত হইয়া এই স্থান হইতে চলিয়া যায়, যে স্থানে গমন করে, সেই স্থানটী প্রজাগণদ্বারা কি জন্য পরিপূর্ণ হয় না, তাহা কি তুমি বিদিত আছ? শ্বেতকেতু বলিলেন—না, আমি সে বিষয় বিদিত নহি। পুনরায় রাজা শ্বেত-কেতুকে জিজ্ঞাসা করিলেন—যে আহুতি প্রদান

করিলে, জলোপলক্ষিত আহুতিজনিত পঞ্চভূতগণ সমুৎপন্ন হইয়া পুরুষসংজ্ঞা লাভকরতঃ বাগাদি ইন্দ্রিয়ের ব্যবহার সম্পাদন করেন, তাহা কি তুমি জান? শ্বেতকেতু বলিলেন—না জানি না। পুনরায় রাজা শ্বেতকেতুকে জিজ্ঞাসা করিলেন—দেবযান এবং পিতৃযাননামক পথের যে ক্রিয়া, অথবা যে বিদ্যাদ্বারা ঐ পথদ্বয়ের একটী পথ প্রাপ্ত হওয়া যায়, সেই উপায় কি তুমি অবগত আছ? [শ্বেতকেতু বলিলেন, না, আমি সে বিষয় বিদিত নই]। রাজা বলিলেন, এ বিষয়ে আমরা মন্ত্রবাক্যও শুনিয়াছি যে, মরণশীল মর্ত্ত্যবাসী লোকদিগের পরলোকে গমন করিবার জন্য একটী পথ দেবলোকপ্রাপক এবং এবং অপরটী পিতৃলোকপাপক; পিতৃমাতৃস্থানীয় ভূর্লোক এবং দ্যুলোকের মধ্যে এই বিশ্বসংসারস্থিত জীবগণ দেবযান এবং পিতৃযাননামক পথদ্বারা গমন করিয়া নিজ নিজ কর্ম্মানুরূপ ফলভোগ করেন; শ্বেতকেতু বলিলেন—এই প্রশ্ন সকলের মধ্যে আমি একটী প্রশ্নেরও উত্তর জানি না।

৩। অথৈনং বসত্যোপমন্ত্রয়াঞ্চক্রেঽনাদৃত্য বসতিং কুমারঃ প্রদুদ্রাব স আজগাম পিতরং তং হোবাচেতি বাব কিল নো ভবান্ পুরানুশিষ্টানবোচাদিতি কথং সুমেধ ইতি পঞ্চ মা প্রশ্নান্ রাজন্যবন্ধুরপ্রাক্ষীত্ততো নৈকঞ্চন বেদেতি কতমে ত ইতীম ইতি হ প্রতীকান্যুদাজহার ॥

ব্যাখ্যা। অথ [রাজা] এনং (শ্বেতকেতুং) বসত্যা (বাসার্থেন) উপমন্ত্রয়াঞ্চক্রে (বসন্তু ভবন্তঃ ইতি উপমন্ত্রণং কৃতবান্): সঃ কুমারঃ (শ্বেতকেতুঃ) বসতিম্ (রাজপ্রদত্তং বাসস্থানম্) [অনাদৃত্য] প্রদুদ্রাব (প্রতিগতবান্)। [প্রতিগত্য চ] পিতরম্ আজগাম; [তৎ সকাশমাগত্য চ] তং (পিতরং) হ উবাচ—ভবান্ কিল পুরা (প্রাক্) নঃ (অস্মান্) অনুশিষ্টান্ ইতি (এবম্) বাব (এব) অবোচঃ (উক্তবান্) ইতি। [পিতা পুত্রস্য বচঃ শ্রুত্বা আহ]—সুমেধঃ! কথম্ (কেন প্রকারেণ) [তব দুঃখমুপজাতম্] ইতি। [শ্বেতকেতুঃ আহ]—রাজন্যবন্ধুঃ (রাজন্যাঃ বন্ধবঃ যস্য সঃ,) মা (মাং) পঞ্চ প্রশ্নান্ অপ্রাক্ষীৎ (পৃষ্টবান্); ততঃ (তস্মাৎ প্রশ্নসমূহাৎ) একঞ্চন (একমপি) ন বেদ (ন জানামি) ইতি। পিতা আহ] কতমে (কে কে) তে (প্রশ্নাঃ)? ইতি। [শ্বেতকেতুঃ

আহ]—ইমে ইতি [প্রশ্নস্ত] প্রতীকানি (মুখ্যানি) [উক্ত্বা, সর্বান্ প্রশ্নান্] উদাজহার (উদাহৃতবান্)।

অনুবাদ। অতঃপর রাজা শ্বেতকেতুকে তথায় বাস করিবার জন্য অনুরোধ করিলেন। কিন্তু শ্বেতকেতু তাঁহার অনুরোধ উপেক্ষা করিয়াই চলিয়া আসিলেন; আসিয়া পিতাকে বলিলেন—পিতঃ! আপনি পূর্ব্বে আমাদিগকে সম্পূর্ণ শিক্ষা না দিয়াও বলিয়াছিলেন যে, তোমাদিকে সমস্ত শিক্ষা দিলাম! পিতা বলিলেন—হে সুমেধঃ! কিরূপে তোমার এই-রূপ দুঃখ হইল; তাহা বল। শ্বেতকেতু বলিলেন—যাহার রাজন্যগণ বন্ধু, অথচ যে ব্যক্তি রাজন্যপদ-বাচ্য নহে; সেই রাজন্য বন্ধু প্রবাহণ আমাকে পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল; আমি তাহার একটী প্রশ্নেরও উত্তর করিতে পারি নাই! পিতা জিজ্ঞাসা করিলেন—সেই পাঁচটী প্রশ্ন কি কি? শ্বেত-কেতু সেই প্রশ্নগুলির সারাংশ বলিয়া প্রশ্ন প্রারম্ভের কথাটী উল্লেখপূর্ব্বক সমুদায় প্রশ্নের বিষয় বলিলেন।

৪। স হোবাচ তথা নস্ত্বং তাত জানীথা যথা

যদহং কিঞ্চ বেদ সর্বমহং তত্তুভ্যমবোচং প্রেহি তু তত্র প্রতীত্য ব্রহ্মচর্যং বৎস্যাব ইতি ভবানেব গচ্ছত্বিতি স আজগাম গৌতমো যত্র প্রবাহণস্য জৈবলেরাস তস্মা আসনমাহৃত্যোদকমাহরয়াঞ্চকারাথ হাস্মা অর্ঘ্যং চকার তং হোবাচ বরং ভগবতে গৌতমায় দদ্ম ইতি ॥

ব্যাখ্যা। সঃ (পিতা) হ [স্বঃপিতং পুত্রং প্রবোধয়ন্] উবাচ—[হে] তাত ত্বং নঃ (অস্মান্) তথা (তাদৃশান্ অনভিজ্ঞান্) জানীথাঃ; অহং যথা যৎকিঞ্চ বেদ; অহং তৎ সর্বং তুভ্যম্ অবোচম্; [ত্বম্] তু প্রেহি (আগচ্ছ), তত্র প্রতীত্য (গত্বা) ব্রহ্মচর্য্যং বৎস্যাব [আবামিতি শেষঃ] ইতি। [তচ্ছ্রুত্বা শ্বেতকেতুঃ আহ]—ভবান্ এব গচ্ছতু ইতি। সঃ গৌতমঃ যত্র প্রবাহণস্য জৈবলেঃ আস (আসনম্) [আসীৎ, তত্র] আজগাম। তস্মৈ (আগতায় গৌতমায়) আসনম্ আহৃত্য (সংগৃহ্য) [তয়োঃ পাদপ্রক্ষালনার্থম্] উদকম্ আহরয়াঞ্চকার (আনয়ামাস) [রাজা ইতি শেষঃ]। অথ অস্মৈ (গৌতমায়) হ অর্ঘ্যম্ (পূজনং) চকার [রাজা], তং (গৌতমং) হ উবাচ—ভগবতে গৌতমায় বরং দদ্মঃ (প্রযচ্ছামঃ) [বয়ম্] ইতি।

অনুবাদ। পিতা স্বীয় পুত্রকে প্রবোধ

দিয়া বলিলেন—হে বৎস! তুমি আমাদিগকেও ঐ বিষয় তোমার ন্যায় অনভিজ্ঞ জানিবে; আমি যেরূপে যাহা কিছু বিদিত হইয়াছিলাম, সে সমস্তই তোমাকে বলিয়াছি; অতএব তুমি এস, আমরা দুই-জনে রাজার নিকট গিয়া ব্রহ্মচর্য্য অবলম্বনপূর্ব্বক বাস করিব। তাহা শুনিয়া শ্বেতকেতু বলিলেন, আপনিই গমন করুন। পুত্র গমন করিবে না, ইহা বুঝিতে পারিয়া, গৌতম ঋষি নিজেই যেখানে জীবলপুত্র প্রবাহণ উপবিষ্ট ছিলেন, তথায় উপস্থিত হইলেন। রাজা প্রবাহণ তাঁহাকে সমাগত দেখিয়া আসন প্রদানপূর্ব্বক পাদপ্রক্ষালনের নিমিত্ত জল আনাইলেন এবং তাঁহাকে যথাবিধি পূজা করিলেন; অতঃপর তাঁহাকে বলিলেন—হে ভগবন্! আপনাকে বর প্রদান করিতে ইচ্ছা করি।

৫। স হোবাচ প্রতিজ্ঞাতো ম এষ বরো যাং তু কুমারস্যান্তে বাচমভাষথাস্তাং মে ব্রূহীতি ॥

৬। স হোবাচ দৈবেষু বৈ গৌতম তদ্বরেষু মানুষাণাং ব্রূহীতি ॥

ব্যাখ্যা। ৫। সঃ (গৌতমঃ) হ উবাচ—মে (মম) [বরং প্রতিগৃহীতবতঃ] এবঃ বরঃ প্রতিজ্ঞাতঃ [ত্বয়া]; তু (কিন্তু) কুমারস্য (শ্বেতকেতোঃ) অন্তে (সমীপে) যাং (প্রশ্নরূপাং) বাচম্ অভাষথাঃ, তাং (বাচং) [এব] মে (মহ্যম্) ব্রূহি (কথয় ইতি। ৬। সঃ (রাজা) হ উবাচ—[হে] গৌতম! তৎ (সঃ বরঃ) দৈবেষু বরেষু বৈ [অন্তর্ভূতঃ ভবতি; অতঃ] মানুষাণাম্ (বরাণাম্) একং বরম্] ব্রূহি ইতি।

অনুবাদ। ৫॥ গৌতম বলিলেন—আপনি আমাকে বর প্রদান করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন, অতএব আপনি আমার পুত্রের নিকট যে প্রশ্নগুলি করিয়াছিলেন, সেই সকল প্রশ্নের উত্তরগুলিই আমাকে বরস্বরূপ প্রদান করুন। ৬॥ রাজা বলিলেন, হে গৌতম! সেই বরটী দৈব বরের অন্তর্গত; অতএব ঐ বর প্রার্থনা না করিয়া, মনুষ্যসম্বন্ধী কোন বর প্রার্থনা কর।

৭। স হোবাচ বিজ্ঞায়তে হাস্তি হিরণ্যস্যাপাত্তং গোঅশ্বানাং দাসীনাং প্রবারাণাং পরিদানস্য মা নো ভবান্ বহোরনন্তস্যাপর্য্যন্তস্যাভ্যবদান্যো ভূদিতি স বৈ

গৌতম তীর্থেনেচ্ছাসা ইত্যুপৈম্যহং ভবন্তমিতি বাচা হ স্মৈব পূর্ব উপযন্তি স হোপায়নকীর্ত্ত্যোবাস ॥

ব্যাখ্যা। সঃ (গৌতমঃ) হ উবাচ—[ভবতা যঃ বরঃ] বিজ্ঞায়তে [তেন মানুষেণ বরেণ মম প্রয়োজনং নাস্তি; বরলভ্যং মানুষং বিত্তং মমাপি] অস্তি হ (অস্ত্যেব)। [মমাপি] হিরণ্যস্য গোঅশ্বানাং দাসীনাং প্রবারাণাং (পরিবারাণাং) পরিধানস্য (পরিধানস্য বসনাদেঃ) [চ] অপাত্তম্ (প্রাপ্তম্) [অস্তি]। ভবান্ অনন্তস্য (অনন্তফলস্য) অপর্যান্তস্য (অপরিসমাপ্তস্য) বহোঃ (প্রভূতস্য ধনাদেঃ) [দাতা ভূত্বা নঃ (অস্মান্) অভি (লক্ষীকৃত্য) অবদান্যঃ (অদাতা) মাভূৎ [ভবান্ ঈদৃশস্য ধনস্য দাতা ভূত্বা মাং প্রতি অদাতা ন ভবেঃ ইত্যর্থঃ] ইতি। [রাজা উবাচ]—হে গৌতম! সঃ [ত্বম্] তীর্থেন (শাস্ত্রবিহিতেন ন্যায়েন) বৈ [মত্তঃ বিদ্যাম্] ইচ্ছাসৈ (প্রাপ্তুমিচ্ছ)? ইতি। [গৌতম আহ]—অহং [শিষ্যত্বেন] ভবন্তম্ উপৈমি (উপগচ্ছামি) ইতি। পূর্বে (পূর্বতনাঃ ব্রাহ্মণাদয়ঃ উত্তমবর্ণাঃ) [নীচবর্ণে গুরৌ] বাচা হ এব উপযন্তি স্ম (শিষ্যবৃত্ত্যা উপগচ্ছন্তি স্ম) [ন তু শুশ্রূষাদিভিঃ]। [অতঃ] সঃ (গৌতমঃ) হ (কিল) উপায়নকীর্ত্ত্যা (উপগমনকীর্ত্তনমাত্রেণৈব) উবাস (উষিতবান্) [ন তু উপায়নং চকার]

অনুবাদ। গৌতম বলিলেন—রাজন!

তুমি যে আমাকে লৌকিক ধনপ্রাপ্তির বর প্রদান করিবে বলিয়া জানাইতেছ; তাহাতে আমার প্রয়োজন নাই; কারণ লৌকিক সে সকল ধন আমারও আছে। সুবর্ণ, গো, অশ্ব, দাসী, পরিজন এবং পরিধেয় বস্ত্রাদি এ সকলই আমার আছে। রাজন্! তুমি প্রভূতপরিমিত অসংখ্য ধন বিতরণ করিয়া অনন্ত ফল লাভ করিয়াছ; অতএব আমার প্রতি অদাতা হইও না। [রাজা বলিলেন]—হে গৌতম! তুমি শাস্ত্রবিধিঅনুসারে আমার নিকট হইতে বিদ্যালাভ করিতে ইচ্ছা করিও [শাস্ত্রবিধির বহির্ভূতভাবে বিদ্যালাভ করিতে ইচ্ছুক হইও না]। [গৌতম বলিলেন]—হাঁ আমি বিধি-অনুসারে শিষ্যভাবে তোমা[illegible]নিকট উপস্থিত হইয়াছি। পূর্ব্ববর্ত্তী উচ্চবর্ণের লোকেরা উপায়ন, শুশ্রূষা প্রভৃতি ব্যতীতই কেবল বাক্যদ্বারা শিষ্যত্ব স্বীকার করিয়া নীচ বর্ণের গুরুর নিকট শিষ্যভাবে উপস্থিত হইতেন; অতএব তিনিও কেবল উপগমন কীর্ত্তনদ্বারাই বিদ্যাশিক্ষার্থী হইয়া বাস করিতে লাগিলেন।

৮। স হোবাচ তথা নস্ত্বং গৌতম মাপরাধাস্তব চ পিতামহা যথেয়ং বিদ্যেতঃ পূর্বং ন কস্মিংশ্চন ব্রাহ্মণ উবাস তাং ত্বহং তুভ্যং বক্ষ্যামি কো হি ত্বৈবং ব্রুবন্তমর্হতি প্রত্যাখ্যাতুমিতি॥

ব্যাখ্যা। সঃ (রাজা) হ উবাচ—হে (গৌতম! ত্বং নঃ (অস্মান্) [প্রতি] তথা অপরাধাঃ (অপরাধং মাকার্ষীঃ, যথা চ তব পিতামহাঃ পূর্বপুরুষাঃ) [অস্মাৎ পিতামহাদিষু অপরাধং ন জগৃহুঃ]। ইতঃ পূর্বম্ (ইতঃ প্রাক্) কস্মিংশ্চন (কস্মিন্নপি) ব্রাহ্মণে ইয়ং বিদ্যা ন উবাস (ন উষিতবতী স্থিতবতী ইত্যর্থঃ); তু (কিন্তু) অহং তুভ্যং তাং (পঞ্চাগ্নিবিদ্যাং) বক্ষ্যামি। তু (পুনঃ) এবং ব্রুবন্তং (কথয়ন্তং) হি ত্বা (ত্বাং) কঃ (জনঃ) প্রত্যাখ্যাতুম্ অর্হতি (সমর্থঃ ভবতি) [ন কোঽপীতি ভাবঃ]।

অনুবাদ। ইহা শুনিয়া রাজা বলিলেন—হে গৌতম! তোমার পূর্ব্বপুরুষগণ, যেরূপ আমাদের পূর্ব্বপুরুষগণের অপরাধ গ্রহণ করিতেন না; সেইরূপ তুমিও আমাদের অপরাধ গ্রহণ করিও না। ইহার পূর্ব্বে ব্রাহ্মণজাতির মধ্যে কেহই এই পঞ্চাগ্নিবিদ্যা অবগত ছিলেন না; কিন্তু সম্প্রতি আমি তোমাকে

সেই বিদ্যা উপদেশ দিতেছি। আর তুমি এইরূপ ভাবে অনুরোধ করিলে কে তোমার বাক্য প্রত্যাখ্যান করিতে পারে?

৯। অসৌ বৈ লোকোঽগ্নির্গৌতম তস্যাদিত্য এব সমিদ্রশ্ময়ো ধূমোঽহরর্চির্দিশোঽঙ্গারা অবান্তরদিশো বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি তস্যা আহুতৈ্য সোমো রাজা সম্ভবতি॥

ব্যাখ্যা। হে গৌতম! অসৌ লোকঃ (অসৌ দ্যুলোকঃ) বৈ (অবধারণে। অগ্নিঃ (অগ্নিরূপেণ চিন্তনীয়ঃ), তস্য (দ্যুলোকাগ্নেঃ) আদিত্যঃ (সূর্য্যঃ) এব সমিৎ (সমিৎস্থানীয়ঃ), রশ্ময়ঃ (কিরণসমূহাঃ) ধূমঃ, অহঃ (দিনম্) অর্চ্চিঃ (শিখা), দিশঃ অঙ্গারাঃ, অবান্তরদিশঃ বিস্ফুলিঙ্গাঃ; তস্মিন্ (প্রসিদ্ধে) এতস্মিন্ (গুণবিশিষ্টে দ্যুলোকাগ্নৌ) দেবাঃ ইন্দ্রাদয়ঃ; শ্রদ্ধাম্ (আহুতিদ্রব্যস্থানীয়াং) জুহ্বতি (প্রক্ষিপন্তি); তস্যৈ আহুতৈ্য (তস্যাঃ আহুতেঃ) [পিতৄণাং ব্রাহ্মণানাঞ্চ] রাজা (রাজস্থানীয়ঃ) সোমঃ সম্ভবতি (উৎপদ্যতে)।

অনুবাদ। [অতঃপর অপরাপর প্রশ্নগুলি সহজে বুঝিতে পারিবেন মনে করিয়া রাজা প্রথমেই চতুর্থ প্রশ্নের উত্তর দিতেছেন] হে গৌতম! দ্যুলোক

অগ্নিস্থানীয়, এই দ্যুলোককে অগ্নিরূপে কল্পনা করিবে; পরে আদিত্যকে ইন্ধনরূপে, তদীয় রশ্মিসমূহকে ধূমরূপে, তদীয় শিখাকে দিবসরূপে, সমুদায় দিক্‌কে অঙ্গাররূপে এবং অবান্তর দিক্‌গুলিকে বিস্ফুলিঙ্গ-রূপে কল্পনা করিয়া উপাসনা করিবে। ইন্দ্রাদি দেবগণ পূর্ব্বোক্ত গুণসম্পন্ন অগ্নিতে আহুতিদ্রব্য-স্থানীয় শ্রদ্ধাশব্দবাচ্য অগ্নিহোত্রাহুতিজনিত অপ্-উপলক্ষিত পঞ্চভূতকে আহুতিরূপে প্রদান করেন; সেই আহুতি হইতে পিতৃগণ এবং দেবগণের তৃপ্তি-দায়ক সোমরাজ সমুৎপন্ন হন।

১০। পর্জ্জন্যো বা অগ্নির্গৌতম তস্য সংবৎসর এব সমিদভ্রাণি ধূমো বিদ্যুদর্চিরশনিরঙ্গারা হ্রাদুনয়ো বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ সোমং রাজানং জুহ্বতি তস্যা আহুত্যৈ বৃষ্টিঃ সম্ভবতি॥

ব্যাখ্যা। হে গৌতম! পর্জ্জন্যঃ বৈ (এব) [দ্বিতীয়ঃ] অগ্নিঃ [ভবতি] তস্য (পর্জ্জন্যরূপাগ্নেঃ) সংবৎসরঃ এব সমিদ্ (কাষ্ঠস্থানীয়ম্), অভ্রাণি (জলোৎসর্জ্জনোন্মুখাঃ মেঘাঃ) ধূমঃ, বিদ্যুৎ অর্চ্চিঃ (শিখা), অশনিঃ (বজ্রম্)

অঙ্গারাঃ, হ্রাদুনয়ঃ (স্তনয়িত্নু শব্দাঃ)। বিস্ফুলিঙ্গাঃ; তস্মিন্ (প্রসিদ্ধে) এতস্মিন্ (পর্জ্জন্যরূপে) অগ্নৌ দেবাঃ সোমং রাজানং জুহ্বতি; তস্যৈ আহুত্যৈ (তস্যাঃ আহুত্যাঃ) বৃষ্টিঃ সম্ভবতি।

অনুবাদ। [সম্প্রতি দ্বিতীয় প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন]—হে গৌতম! পর্জ্জন্য (বৃষ্টির উপকরণস্বরূপ পদার্থসমূহের অভিমানিনী দেবতাই) অগ্নিরূপে পরিকল্পিত; সংবৎসর তাহার কাষ্ঠ-স্থানীয়, অভ্র (জলোৎসর্জ্জনোন্মুখ মেঘসকল) তাহার ধূমস্থানীয়, বিদ্যুৎ তাহার শিখাস্থানীয়; বজ্র তাহার অঙ্গারস্থানীয়, স্তনয়িত্নুর শব্দসকল তাহার বিস্ফুলিঙ্গস্থানীয়; সেই পর্জ্জন্যরূপ অগ্নিতে দেবগণ সোমরাজকে আহুতি প্রদান করেন; সেই আহুতি হইতে বৃষ্টি সমুৎপন্ন হয়

১১। অয়ং বৈ লোকোঽগ্নির্গৌতম তস্য পৃথিব্যেব সমিদগ্নির্ধূমো রাত্রিরর্চিশ্চন্দ্রমাঽঙ্গারা নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা বৃষ্টিং জুহ্বতি তস্যা আহুত্যা অন্নং সম্ভবতি। ১২॥ পুরুষো বা অগ্নি-

গৌতমতস্য ব্যাত্তমেব সমিৎপ্রাণো ধূমো বাগর্চিশ্চক্ষু-রঙ্গারাঃ শ্রোত্রং বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা অন্নং জুহ্বতি তস্যা আহুত্যৈ রেতঃ সম্ভবতি। ১৩॥ যোষা বা অগ্নির্গৌতম তস্যা উপস্থ এব সমিল্লোমানি ধূমো যোনিরর্চির্যদন্তঃ করোতি তেঽঙ্গারা অভিনন্দা বিস্ফুলিঙ্গাস্তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা রেতো জুহ্বতি তস্যা আহুত্যৈ পুরুষঃ সম্ভবতি স জীবতি যাবজ্জীবত্যথ যদা ম্রিয়তে॥

ব্যাখ্যা ১১। [হে গৌতম! অয়ং (প্রাণিজন্মভোগাশ্রয়ঃ) লোকঃ বৈ অগ্নিঃ (তৃতীয়ঃ অগ্নিস্থানীয়ঃ) [ভবতি]; তস্য (তৃতীয়াগ্নেঃ) পৃথিবী এব সমিৎ (সমিৎস্থানীয়ঃ); অগ্নিঃ (ভৌতিকাগ্নিঃ) ধূমঃ, রাত্রিঃ অর্চিঃ, চন্দ্রমাঃ অঙ্গারাঃ, নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ; তস্মিন্ (প্রসিদ্ধে) এতস্মিন্ (তৃতীয়ে) অগ্নৌ দেবাঃ বৃষ্টিং জুহ্বতি (প্রক্ষিপন্তি); তস্যৈ আহুতৌ অন্নং সম্ভবতি। ১২। [হে] গৌতম! পুরুষঃ বৈ [চতুর্থঃ] অগ্নিঃ; তস্য (পুরুষরূপাগ্নেঃ) ব্যাত্তম্ (বিবৃতং মুখম্) এব সমিৎ প্রাণঃ ধূমঃ, বাক্ অর্চিঃ, চক্ষুঃ অঙ্গারাঃ, শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ; তস্মিন্ এতস্মিন্ (চতুর্থে) অগ্নৌ দেবাঃ অন্নং জুহ্বতি, তস্যৈ আহুত্যৈ রেতঃ সম্ভবতি। ১৩। [হে] গৌতম! যোষা

(যোষিৎ) বৈ [পঞ্চমঃ] অগ্নিঃ [ভবতি]। তস্যাঃ (অগ্নি-স্থানীয়ায়াঃ স্ত্রিয়ঃ) উপস্থঃ এব সমিৎ, লোমানি ধূমঃ, যোনিঃ অর্চ্চিঃ, যদ্ অন্তঃকরোতি (যদ্ মৈথুনং করোতি) তে অঙ্গারাঃ, অভিনন্দাঃ (মৈথুনজনিতসুখলবাঃ) বিস্ফুলিঙ্গাঃ। তস্মিন্ এতস্মিন্ (চতুর্থে স্ত্রীরূপে) অগ্নৌ দেবাঃ রেতঃ জুহ্বতি। তস্যৈ আহুত্যৈ [হস্তাদিযুক্তঃ] পুরুষঃ সম্ভবতি। সঃ (পুরুষঃ) (জাতঃ সন্] জীবতি ; যাবৎ [দেহনিমিত্তং কর্ম্ম বিদ্যতে তাবৎ] জীবতি। অথ (কর্ম্মক্ষয়াদনন্তরম্) যদা ম্রিয়তে।

অনুবাদ। ১১॥ হে গৌতম ! প্রাণিগণের জন্ম এবং ভোগের নিমিত্ত যে স্থান নির্দ্দিষ্ট আছে, সেই স্থানই তৃতীয় অগ্নিরূপে পরিকল্পিত হইয়াছে ; সেই তৃতীয় অগ্নির পৃথিবীই সমিৎ, ভৌতিক অগ্নি তদীয় ধূম, রাত্রি তাহার শিখা, চন্দ্র তাহার অঙ্গার, নক্ষত্রগণ তাহার বিস্ফুলিঙ্গস্থানীয় ; এই তৃতীয় অগ্নিতে দেব-গণ বৃষ্টিকে আহুতিরূপে প্রদান করেন ; এই আহুতি হইতে অন্ন সমুৎপন্ন হয়। ১২॥ হে গৌতম ! পুরুষই চতুর্থ অগ্নিস্থানীয় ; তাহার বিবৃত মুখমণ্ডলই সমিৎস্থানীয়, প্রাণপঞ্চক তাহার ধূমস্থানীয়, বাক্ (মুখনিঃসৃত শব্দ) তাহার শিখাস্থানীয়, চক্ষুঃ তাহার অঙ্গারস্থানীয়,

কর্ণ তাহার বিস্ফুলিঙ্গস্থানীয়। এই চতুর্থ অগ্নিতে দেবগণ অন্নসকল আহুতিরূপে প্রদান করেন; এই আহুতি হইতে শুক্র সমুৎপন্ন হয়। ১৩॥ হে গৌতম! স্ত্রীই পঞ্চম অগ্নি বলিয়া পরিকল্পিত। তাহার উপস্থ সমিৎস্থানীয়; লোমসকল ধূমস্থানীয়, যোনি শিখা-স্থানীয়, মৈথুনব্যাপার অঙ্গারস্থানীয় এবং মৈথুন-জনিত সুখ বিস্ফুলিঙ্গস্থানীয়। সেই স্ত্রীরূপ অগ্নিতে দেবগণ বীর্য্য আহুতিরূপে প্রদান করেন। সেই আহুতি হইতে হস্তাদিবিশিষ্ট পুরুষ সমুৎপন্ন হয়। যে পর্য্যন্ত তদীয় দেহনিমিত্তক কর্ম্ম থাকে, সেই পর্য্যন্ত সেই পুরুষ জীবিত থাকে; ইহার পর মৃত্যুমুখে পতিত হয়।

১৪। অথৈনমগ্নয়ে হরন্তি তস্যাগ্নিরেবাগ্নির্ভবতি সমিৎ সমিদ্ধূমো ধূমোহর্চিরর্চিরঙ্গারা বিস্ফুলিঙ্গাস্তস্মি-ন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ পুরুষং জুহ্বতি তস্যা আহুত্যৈ পুরুষো ভাস্বরবর্ণঃ সম্ভবতি॥

ব্যাখ্যা। অথ (মরণানন্তরম্) এনম্ (মৃতং পুরুষম্) অগ্নয়ে (অগ্নিসংস্কারার্থম্) হরন্তি (প্রাপয়ন্তি) [ঋ-

জাতীয়াঃ ইতি শেষঃ]। তস্য (মৃতস্য পুরুষস্য) অগ্নিঃ (ভূতাগ্নিঃ) এব অগ্নিঃ, সমিৎ [এব] সমিৎ; ধূমঃ [হি] ধূমঃ, অর্চ্চিঃ [এব] অর্চ্চিঃ, অঙ্গারাঃ [এব] অঙ্গারাঃ, বিস্ফু-লিঙ্গাঃ [এব] বিস্ফুলিঙ্গাঃ; তস্মিন্ এতস্মিন্ (পঞ্চমে) অগ্নৌ দেবাঃ পুরুষং জুহ্বতি তস্যৈ আহুত্যৈ ভাস্বরবর্ণঃ (অতিশয়-দীপ্তিমান্) পুরুষঃ সম্ভবতি।

অনুবাদ। তাহার মৃত্যুর পর, অগ্নিসংস্কার করিবার জন্য স্বজাতীয় ব্যক্তিগণ শ্মশানে লইয়া যায়; অগ্নিই তাহার অগ্নি ধূমই ধূম, অর্চ্চিই তাহার অর্চ্চি, অঙ্গারসমূহই তাহার অঙ্গার, বিস্ফুলিঙ্গই তাহার বিস্ফুলিঙ্গ। এই অগ্নিতে দেবগণ মৃতপুরুষকে আহুতিরূপে প্রদান করিয়া থাকেন; সেই আহুতি হইতে ভাস্বরবর্ণ পুরুষ সমুৎপন্ন হইয়া থাকে।

১৫। তে য এবমেতদ্বিদুর্যে চামী অরণ্যে শ্রদ্ধাং সত্যমুপাসতে তেঽর্চিরভিসম্ভবন্ত্যর্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্ যান্ ষণ্মাসানুদঙ্ঙাদিত্য এতি মাসেভ্যো দেবলোকং দেবলোকাদাদিত্যমাদিত্যা-দ্বৈদ্যুতং তান্ বৈদ্যুতান্ পুরুষো মানস এত্য ব্রহ্ম-

লোকান্ গময়তি তেষু ব্রহ্মলোকেষু পরাঃ পরাবতো বসন্তি তেষাং ন পুনরাবৃত্তিঃ ॥

ব্যাখ্যা। যে গৃহস্থাঃ এবম্ (উক্তরূপেণ) এতৎ) (পঞ্চাগ্নিদর্শনং) বিদুঃ (জানন্তি) ; যে চ অমী (বানপ্রস্থাঃ, অরণ্যনিষ্ঠাঃ পরিব্রাজকাঃ চ) অরণ্যে [অবস্থায়] শ্রদ্ধাং (শ্রদ্ধাযুক্তাঃ সন্তঃ) সত্যম্ (হিরণ্যগর্ভরূপং ব্রহ্ম উপাসতে তে (পঞ্চাগ্নিবিদঃ গৃহস্থাঃ) তে (বানপ্রস্থাঃ পরিব্রাজকাঃ চ,অর্চ্চিঃ (উত্তরমার্গলক্ষণাম্ অর্চ্চিরভিমানিনীং দেবতাম্) অভিসম্ভবন্তি (প্রাপ্নুবন্তি) [আয়ুষঃ ক্ষয়ে ইতি শেষঃ]। অর্চ্চিষঃ (অর্চ্চিঃসঙ্গমানন্তরম্) অহঃ (অহরভিমানিনীং দেবতাং) [প্রাপ্নুবন্তি অহ্নঃ (দিবসাৎ পরং) আপূর্য্যমাণপক্ষং (শুক্লপক্ষাভিমাননীং:দেবতাং [প্রাপ্নুবন্তি] ; আপূর্য্যমাণপক্ষাৎ আদিত্যঃ যান্ ষড়্মাসান্ [ব্যাপ্য] উদঙ্ (উত্তরাং দিশম্) এতি (গচ্ছতি) [তান্ মাসান্ প্রাপ্নুবন্তি] মাসেভ্যঃ দেবলোকং (দেবলোকাভিমানিনীং দেবতাং) [প্রতিপদ্যন্তে] ; দেবলোকাৎ আদিত্যং [প্রতিপদ্যন্তে] ; আদিত্যাৎ বৈদ্যুতং [প্রতিপদ্যন্তে] ; তান্ বৈদ্যুতান্ (বিদ্যুদ্দেবতাং প্রাপ্তান্) মানসঃ [ব্রহ্মলোকবাসী কশ্চিৎ] পুরুষঃ এত্য (আগত্য) ব্রহ্মলোকান্ গময়তি। [তে পুরুষাঃ] তেষু ব্রহ্মলোকেষু পরাঃ (প্রকৃষ্টাঃ) [সন্তঃ] পরাবতঃ (প্রকৃষ্টান্ অনেকান্ সংবৎসরান্,

[ব্যাপ্য] বসন্তি ; তেষাম্ [চ ইহলোকে] পুনরাবৃত্তিঃ (পুনরাগমনং) ন [অস্তি]।

অনুবাদ। [সম্প্রতি প্রথম প্রশ্নের উত্তর প্রদান করিবার জন্য বলিতেছেন]—যে গৃহস্থগণ উক্তরূপে পঞ্চাগ্নিবিদ্যা অবগত হন অথবা যাঁহারা বানপ্রস্থ, পরিব্রাজক, তাঁহারা যদি শ্রদ্ধাযুক্ত হইয়া অরণ্যে বাসকরতঃ হিরণ্যগর্ভসংজ্ঞক ব্রহ্মের উপাসনা করেন ; তবে তাঁহারা সকলেই দেহপতনের পর প্রথমে অর্চ্চিরভিমানিনী দেবতাকে প্রাপ্ত হন; পরে অহরভিমানিনী দেবতা সমীপে গমন করেন; অহরভি-মানিনী দেবতা হইতে আপূর্য্যমাণপক্ষে (শুক্লপক্ষে) ; তাহার পর সূর্য্যদেব যে ছয় মাস উত্তর দিক্ দিয়া গমন করেন, সেই উত্তরায়ণ ছয় মাসে গমন করেন, সেখান হইতে দেবলোকে, দেবলোক হইতে সূর্য্যলোকে এবং সূর্য্যলোক হইতে বৈদ্যুত পুরুষকে প্রাপ্ত হন ; তথায় মানস ব্রহ্মলোকবাসী কোন পুরুষ আসিয়া, তাঁহাদিগকে লইয়া, ব্রহ্মলোকে গমন করেন। তাঁহারা ব্রহ্মলোকে গমন করিয়া

অসংখ্য বৎসর তথায় বাস করেন; তাঁহাদের কদাচ ইহলোকে ফিরিয়া আসিতে হয় না।

১৬। অথ যে যজ্ঞেন দানেন তপসা লোকান্ জয়ন্তি তে ধূমমভিসম্ভবন্তি ধূমাদ্রাত্রিꣳ রাত্রেরপক্ষীয়মাণপক্ষমপক্ষীয়মাণপক্ষাদ্ যান ষণ্মাসান্ দক্ষিণামাদিত্য এতি মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাচ্চন্দ্রং তে চন্দ্রং প্রাপ্যান্নং ভবন্তি তাꣳস্তত্র দেবা যথা সোমꣳ রাজানমাপ্যায়স্বাপক্ষীয়স্বেত্যেবমেনাꣳস্তত্র ভক্ষয়ন্তি তেষাং যদা তৎপর্য্যবৈত্যথেমমেবাকাশমভিনিষ্পদ্যন্ত আকাশাদ্বায়ুং বায়োর্বৃষ্টিং বৃষ্টেঃ পৃথিবীং তে পৃথিবীং প্রাপ্যান্নং ভবন্তি তে পুনঃ পুরুষাগ্নৌ হূয়ন্তে ততো যোষাগ্নৌ জায়ন্তে লোকান্ প্রত্যুত্থায়িনস্ত এবমেবানুপরিবর্ত্তন্তেঽথ য এতৌ পন্থানৌ ন বিদুস্তে কীটাঃ পতঙ্গা যদিদং দন্দশূকম্॥

ইতি ষষ্ঠোঽধ্যায়ে দ্বিতীয়ং ব্রাহ্মণম্।

ব্যাখ্যা। অথ (পুনঃ) যে [নৈবংবিদঃ কেবলকর্ম্মিণঃ কেবলং] যজ্ঞেন তপসা লোকান্ জয়ন্তি (প্রাপ্নুবন্তি);

তে (জনাঃ) [প্রথমমেব] ধূমম্ (ধূমদেবতাম্) অভিসম্ভবন্তি; ধূমাৎ রাত্রিম্ (রাত্রিদেবতাম্), রাত্রেঃ অপক্ষীয়মাণপক্ষম্ (কৃষ্ণপক্ষং) অপক্ষীয়মাণপক্ষাৎ আদিত্যঃ যান্ ষট্ মাসান্ [ব্যাপ্য] দক্ষিণাম্ (দিশম্) এতি (গচ্ছতি) [তান্ মাসান্], মাসেভ্যঃ পিতৃলোকং দেবতাং), পিতৃলোকাৎ চন্দ্রম্ [অভিসম্ভবন্তি ইতি ক্রিয়া সর্ব্বেষু সম্বধ্যতে]। তে (ধূমাদিমার্গগামিনঃ জনাঃ) চন্দ্রং প্রাপ্য [দেবানাম্] অন্নং (ভোগ্যঃ) ভবন্তি; যথা [অত্র] "আপ্যায়স্ব অপক্ষীয় স্ব" ইতি [যজ্ঞে] সোমং রাজানং ভক্ষয়ন্তি [ঋত্বিজঃ ইতি শেষঃ], এবং তত্র দেবাঃ তান্ (চন্দ্রলোকগতান্) এতান্ (পুরুষান্) ভক্ষয়ন্তি (ভৃত্যবৎ উপভুঞ্জতে)। তেষাং (কর্ম্মিণাং) যদা তৎ (সোমলোকপ্রাপকং কর্ম্ম) পর্য্যবৈতি (পরিক্ষীয়তে ইত্যর্থঃ); অথ (তদা) ইমম্ (প্রসিদ্ধম্) এব আকাশম্ অভিনিষ্পদ্যন্তে [শ্রদ্ধাশব্দবাচ্যাঃ সোমাকারেণ পরিণতাঃ দ্যুলোকাগ্নৌ হুতাঃ আপঃ ইতি শেষঃ]; [তাঃ চ] আকাশাৎ বায়ুম্, বায়োঃ বৃষ্টিম্, বৃষ্টেঃ পৃথিবীম্ [অভিনিষ্পদ্যন্তে]। তে (কর্ম্মিণঃ) [তচ্ছরীরাঃ সন্তঃ] পৃথিবীং প্রাপ্য অন্নং ভবন্তি; তে (কর্ম্মিণঃ) [পুনঃ অন্নরূপেণ] পুরুষাগ্নৌ হূয়ন্তে [ততঃ রেতঃ জায়তে; রেতভূতাঃ তে কর্ম্মিণ] যোষাগ্নৌ [হূয়ন্তে] ততঃ জায়ন্তে; লোকান্ (স্থানবিশেষান্) প্রত্যুত্থায়িনঃ (প্রত্যুত্তিষ্ঠন্তঃ) তে (জনাঃ) [পুনঃ অগ্নিহোত্রাদি-

কর্ম অনুতিষ্ঠন্তি] ; এবম্ এব [তে কর্মিণঃ ঘটীযন্ত্রবৎ] অনুপরিবর্ত্তন্তে (চক্রীভূতাঃ সন্তঃ ; বংভ্রমন্তি) । অথ (পুনঃ) যে এতৌ (দক্ষিণায়নোত্তরায়ণলক্ষণৌ) পন্থানৌ ন বিদুঃ ; তে (জনাঃ) কীটাঃ পতঙ্গাঃ [ভবন্তি]. যদ্ ইদং দন্দশূকম্ (দংশ-মশকম্) [অন্যচ্চ ক্ষুদ্রশরীরং ; তদপি ভবন্তি।

অনুবাদ। পুনরায়, যাঁহারা কেবল যজ্ঞ, দান এবং তপস্যা দ্বারা স্বর্গাদিলোক লাভ করেন ; তাঁহারা প্রথমে ধূমাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়েন পরে ধূম হইতে রাত্রি, রাত্রির পর কৃষ্ণ পক্ষ, কৃষ্ণপক্ষ হইতে সূর্য্য যে ছয়মাস ধরিয়া দক্ষিণদিক্ দিয়া গমন করেন, সেই ছয় মাস, ছয়মাসের পর পিতৃ-লোক এবং পিতৃলোকের পর চন্দ্রকে প্রাপ্ত হয়েন। ধূমাদিমার্গগামী ব্যক্তিরা চন্দ্রকে প্রাপ্ত হইয়া দেবতা-গণের ভোগ্য হইয়া থাকেন ; যেমন যজ্ঞাবসানে ঋত্বিক্‌গণ "সোমরসপানে তৃপ্ত হও এবং উহা পান করিয়া নিঃশেষ কর" এই বলিয়া সোমরস পান করেন ; সেইরূপ চন্দ্রলোকগত পুরুষদিগকে দেবগণ ভৃত্যের ন্যায় উপভোগ করেন। যে সময় তাঁহাদের কর্ম্ম শেষ হয় ; তখন সেই শ্রদ্ধা-

শব্দবাচ্য, সোমরূপে পরিণত, জীবদেহের কারণস্বরূপ অপের দ্বারা উপলক্ষিত পঞ্চভূত, সূক্ষ্ম আকাশকে প্রাপ্ত হয়েন; পরে আকাশ হইতে বায়ুকে, বায়ু হইতে বৃষ্টিকে এবং বৃষ্টি হইতে পৃথিবীকে প্রাপ্ত হয়েন; এইরূপ অবস্থায় পৃথিবীকে প্রাপ্ত হইয়া অন্নরূপী হন; অন্নরূপে পরিণত হইয়া শুক্ররূপে পুরুষদেহ প্রবেশ করেন; [প্রবিষ্ট হইয়া, স্ত্রীপুরুষের সহবাসে] স্ত্রীদেহে প্রবেশকরতঃ জন্ম গ্রহণ করেন, পুনরায় অগ্নিহোত্রাদির অনুষ্ঠান করেন। এইরূপে ঘটীযন্ত্রের ন্যায় চিরকাল গমনাগমন করিতে থাকেন। যাহারা দক্ষিণায়ন এবং উত্তরায়ণনামক পথদ্বয় জানে না; তাহারা কীট, পতঙ্গ, দংশ, মশকপ্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র শরীর ধারণ করিয়া নিয়ত জন্ম ও মৃত্যু-মুখে পতিত হয়।

ষষ্ঠাধ্যায়ে দ্বিতীয়-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥

১। স যঃ কাময়েত মহৎ প্রাপ্নুয়ামিত্যুদগয়ন আপূর্য্যমাণপক্ষস্য পুণ্যাহে দ্বাদশাহমুপসদ্‌ব্রতী ভূত্বৌ-

ডুম্বরে কংসে চমসে বা সর্বৌষধং ফলানীতি সম্ভৃত্য পরিসমূহ্য পরিলিপ্যাগ্নিমুপসমাধায় পরিস্তীর্যাবৃতাজ্যং সংস্কৃত্য পুংসা নক্ষত্রেণ মন্থং সন্নীয় জুহোতি যাবন্তো দেবাস্ত্বয়ি জাতবেদস্তির্যঞ্চো ঘ্নন্তি পুরুষস্য কামান্। তেভ্যোঽহং ভাগধেয়ং জুহোমি তে মা তৃপ্তাঃ সর্বৈঃ কামৈস্তর্পয়ন্তু স্বাহা। যা তিরশ্চী নিপদ্যতেঽহং বিধরণী ইতি। তাং ত্বা ঘৃতস্য ধারয়া যজে সংরাধনীমহং স্বাহা॥

ব্যাখ্যা। যঃ (জনঃ) [অহং] মহৎ (মহত্বং) প্রাপ্নুয়াম্ ইতি (এবং) কাময়েত; সঃ (জনঃ) উদগয়নে (উত্তরায়ণে) আপূর্যমাণপক্ষস্য (শুক্লপক্ষস্য) পুণ্যাহে দ্বাদশাহম্ (পুণ্যাহদিনাৎ প্রাক্ দ্বাদশদিনং) [ব্যাপ্য] উপসদ্ব্রতী (পয়োব্রতী, দুগ্ধভক্ষণরূপব্রতাচারী) ভূত্বা, কংসে (কংসাকারে) চমসে (চমসাকারে) বা ঔডুম্বরে (উডুম্বরবৃক্ষনির্ম্মিতে পাত্রে) সর্বৌষধং ফলানি ইতি [চ যথাশক্তি] সম্ভৃত্য (আহৃত্য) পরিসমূহ্য (মন্ত্রাদিভিঃ স্থানং বিশোধ্য), পরিলিপ্য (গোময়াদিনা ভূমিশুদ্ধিং কৃত্বা) অগ্নিম্ উপসমাধায় (প্রজ্বাল্য), [দর্ভান্] পরিস্তীর্য, আবৃতা (স্থালীপাককর্ম্মণা) আজ্যম্ (ঘৃতং) সংস্কৃত্য পুংসা (পুংনাম্না) নক্ষত্রেণ (সংযুক্তেন)

[পুণ্যাহে] মন্থং (সর্ব্বৌষধিফলবিশিষ্টং) [মধুনি ঘৃতে চ উপসিচ্য] সন্নীয় (অগ্নিম্ আত্মানং চ অন্তরা স্থাপয়িত্বা) [এতৈঃ মন্ত্রৈঃ] জুহোতি -[হে] জাতবেদঃ ! ত্বয়ি [অধীনাঃ ত্বদায়ত্তাঃ ইত্যর্থঃ] যাবন্তঃ দেবাঃ তির্য্যঞ্চঃ (বক্রমতয়ঃ) [সন্ত.] পুরুষস্য (মম) কামান্ (প্রার্থিতান্ অর্থান্) ঘ্নন্তি (প্রতিবধ্নন্তি) ; অহং তেভ্যঃ (দেবেভ্যঃ) ভাগধেয়ং (আজ্যভাগং) জুহোমি। তে (দেবাঃ) তৃপ্তাঃ [সন্তঃ] মা (মাং) সর্বৈঃ (পুরুষার্থৈঃ) কামৈঃ তর্পয়ন্তু স্বাহা [ইতি ত্যাগার্থকেন অব্যয়েন দেবেভ্যঃ হবিরাদিকং দদ্যাৎ]। [প্রথমমন্ত্রমুক্ত্বা দ্বিতীয়মন্ত্রমাহ]—যা (দেবতা) তিরশ্চী (কুটিলমতিঃ) [ভূত্বা] অহং [সর্বস্যৈব] বিধরণী (বিধারণকারিণী) ইতি (মত্বা] ত্বা (ত্বাম্) [আশ্রিতা] নিপদ্যতে (বর্ত্ততে) ; অহং তাং সংরাধনীং (সর্বসাধনীং) [দেবতান্] ঘৃতস্য ধারয়া যজে স্বাহা।

অনুবাদ। যিনি এই কামনা করেন যে, আমি মহত্ত্ব লাভ করিব ; তিনি উত্তরায়ণের শুক্লপক্ষীয় পুংনক্ষত্রযুক্ত পুণ্যাহে দ্বাদশদিনব্যাপী দুগ্ধভক্ষণরূপ ব্রতাচারী হইয়া, যজ্ঞডুম্বুরবৃক্ষনির্ম্মিত কংসাকার কংস-পাত্রবিশেষ কিংবা চমসাকার পাত্রে ওষধি এবং ফল-

সমূহের যথাশক্তি আহরণপূর্ব্বক মন্ত্রাদিদ্বারা ভূমি সংশোধন ও গোময়াদিদ্বারা তৎস্থান বিলেপন করিয়া অগ্নি প্রজ্জ্বলন করিবেন; পরে কুশসকল বিস্তীর্ণ করিয়া স্থালীপাক সম্পাদনে আজ্যসংস্কারপূর্ব্বক ওষধি ও ফলসমূহবিশিষ্ট মথিত দ্রব্যসমুদায়কে ঘৃতদ্বারা উপসিক্ত করিয়া অগ্নি ও নিজের মধ্যস্থলে রাখিয়া বক্ষ্যমাণ মন্ত্র পাঠে হোম করিবেন—হে অগ্নে! তোমার অধীন দেবতাগণ, ক্রূর বুদ্ধির বশবর্ত্তী হইয়া আমাদিগকে প্রার্থিত বিষয়সকল হইতে বঞ্চিত করেন; অতএব আমি তাঁহাদের উদ্দেশ্যে আজ্য দ্বারা হোম করিতেছি। তাঁহারা তৃপ্ত হইয়া আমার সকল কামনা পূর্ণ ও তৃপ্তি সম্পাদন করুন। [প্রথম মন্ত্রটী বলিয়া দ্বিতীয় মন্ত্র বলিতেছেন] যে দেবতা ক্রূর বুদ্ধির বশে "আমিই সকলের বিধারণ-কারিণী" এই মনে করিয়া তোমাকে আশ্রয় করিয়া বিদ্যমান আছেন; আমি সেই সর্ব্বার্থসাধিনী দেবতার উদ্দেশে ঘৃতাদিদ্বারা হোম করিতেছি॥

২। জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহেত্যগ্নৌ হুত্বা

মন্থে সংপ্রবমবনয়তি প্রাণায় স্বাহা বসিষ্ঠায়ৈ স্বাহে-ত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি বাচে স্বাহা প্রতি-ষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি চক্ষুষে স্বাহা সম্পদে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি শ্রোত্রায় স্বাহাঽঽয়তনায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সং-প্রবমবনয়তি মনসে স্বাহা প্রজাত্যৈ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি রেতসে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি॥৩। অগ্নয়ে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি সোমায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সং-প্রবমবনয়তি ভূঃস্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি ভুবঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি স্বঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি ভূর্ভুবঃস্বঃ স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি ব্রহ্মণে স্বাহেত্য-গ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি ক্ষত্রায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি ভূতায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি ভবিষ্যতে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি বিশ্বায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্রবমবনয়তি সর্বায় স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংপ্র-

বমবনয়তি প্রজাপতয়ে স্বাহেত্যগ্নৌ হুত্বা মন্থে সংস্রব-
মবনয়তি ॥

ব্যাখ্যা। স্পষ্টার্থা।

অনুবাদ। [সম্প্রতি হোম বলিতেছেন] "জ্যেষ্ঠায় স্বাহা," "শ্রেষ্ঠায় স্বাহা" এইমন্ত্র পাঠ করিয়া অগ্নিতে দুইবার আহুতি প্রদানপূর্ব্বক স্রুবলগ্ন ঘৃত মন্থে অর্থাৎ পূর্ব্বোক্ত ওষধি ও ফলসমূহ পষ্টদ্রব্যে সংস্থাপন করিবে; এইরূপ "প্রাণায় স্বাহা," "বসিষ্ঠায়ৈ স্বাহা" "বাচে স্বাহা," "প্রতিষ্ঠায়ৈ স্বাহা," "চক্ষুষে স্বাহা," "প্রতিষ্ঠায়ৈ স্বাহা", "শ্রোত্রায় স্বাহা," "আয়তনায় স্বাহা," "মনসে স্বাহা," "প্রজাত্যৈ স্বাহা" এই সকল মন্ত্রে দুইবার এবং "রেতসে স্বাহা", "অগ্নয়েস্বাহা" "সোমায় স্বাহা," "ভূঃ স্বাহা," "ভুবঃ স্বাহা" "ভূর্ভুবঃস্বঃ স্বাহা," "ব্রহ্মণে স্বাহা," "ক্ষত্রায় স্বাহা" "ভূতায় স্বাহা," "ভবিষ্যতে স্বাহা," "বিশ্বায় স্বাহা," "সর্ব্বায় স্বাহা ও "প্রজাপতয়ে স্বাহা" এই সকল মন্ত্র উচ্চারণ করিয়া প্রত্যেক মন্ত্র দ্বারা অগ্নিতে এক একটী আহুতি প্রদান-পূর্ব্বক প্রতিবারে স্রুবলগ্ন ঘৃত মন্থে সংস্থাপন করিবে।

৪। অথৈনমভিমৃশতি ভ্রমদসি জ্বলদসি পূর্ণমসি

প্রস্তব্ধমস্তেকসভমসি হিংকৃতমসি হিংক্রিয়মাণমস্যুদ্গীথ-মস্যুদ্গীয়মানমসি শ্রাবিতমসি প্রত্যাশ্রাবিতমস্যার্দ্রে সন্দীপ্তমসি বিভূরসি প্রভূরস্যন্নমসি জ্যোতিরসি নিধন-মসি সংবর্গোঽসীতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [ভ্রমদসীতি মন্ত্রেণ বক্ষ্যমাণ-মন্ত্রেণ] এনম্ (মন্থম্) অভিমৃশতি (স্পৃশতি) [হে মন্থ! ত্বং [সর্বেষু দেহেষু প্রাণরূপেণ] ভ্রমৎ (চলনশীলঃ) অসি। [তথা অগ্নিরূপেণ) জ্বলৎ (জ্বলনস্বভাবঃ) অসি; [ব্রহ্ম-রূপেণ] পূর্ণম্ অসি; [নভোরূপেণ] প্রস্তব্ধম্ (নিষ্কম্পম্) অসি; [জগদাত্মকরূপেণ] একসভম্ (ব্যাপকম্) অসি; [যজ্ঞারম্ভে প্রস্তোত্রাকরণীয়ম্] হিঙ্কৃতম্ অসি; [যজ্ঞমধ্যে প্রস্তোত্রা] হিংক্রিয়মাণম্ অসি; [যজ্ঞারম্ভে উদ্গাত্রা গীয়-মানম্] উদ্গীথম্ অসি; [যজ্ঞমধ্যে উদ্গাত্রা] উদ্গীয়মানম্ অসি; [অধ্বর্য্যুণা] শ্রাবিতম্ অসি; [অগ্নীধ্রেণ] প্রত্যা-শ্রাবিতম্ অসি; আর্দ্রে (মেঘোদরে) [বিদ্যুদ্রূপেণ] সন্দীপ্তম্ (সম্যক্ দীপ্তম্) অসি; [প্রাণরূপেণ] বিভুঃ (বিবিধং ভবতি); [প্রাণিরক্ষকরূপেণ] প্রভুঃ অসি; [ভোগ্যসোম-রূপেণ] অন্নম্ অসি; [ভোক্তৃরূপেণ অগ্ন্যাত্মনা] জ্যোতিঃ অসি; [বাগাদীনাং সংহারকরূপেণ] নিধনম্ অসি; [অগ্ন্যা-দীনাং সংহারকরূপেণ] সংবর্গঃ অসি ইতি।

অনুবাদ। অতঃপর কর্ম্মকর্ত্তা এই মন্ত্র পাঠ করিতে ক'রতে মন্থদ্রব্য স্পর্শ করিবে; [হে মন্থ! তুমি সমুদায় প্রাণীর দেহে প্রাণরূপে থাকিয়া] চঞ্চল [অগ্নিরূপে থাকিয়া] প্রজ্বলনস্বভাব [ব্রহ্মরূপে অবস্থান করিয়া] পূর্ণ; [আকাশরূপে অবস্থান করিয়া] নিশ্চল [জগদ্রূপে অবস্থান করিয়া] ব্যাপক [যজ্ঞারম্ভে প্রস্তোতাকর্ত্তৃক গীয়মানরূপে] হিংকার [যজ্ঞমধ্যে উক্ত প্রস্তোতাকর্ত্তৃক গীয়মানরূপে হিংক্রিয়মাণ; [যজ্ঞারম্ভে উদ্গাতৃকর্ত্তৃক গায়মানরূপে উদ্গীথ, যজ্ঞমধ্যে উক্ত উদ্গাতৃকর্ত্তৃক গীয়মানরূপে উদ্গীয়মান, [অধ্বর্য্যুপাঠারূপে শ্রাবিত; [অগ্নীধ্রের পাঠারূপে] প্রত্যাশ্রাবিত [মেঘোদরে বিদ্যুদ্রূপে] সম্যক প্রদীপ্ত [প্রাণরূপে] নানারূপ ধারণ করিতেছ। প্রাণিগণের রক্ষকরূপে প্রভূ; [সোমাদি ভোগাপদার্থরূপে] অন্ন; [অগ্নি-প্রভৃতি ভোক্তৃরূপে] জ্যোতিঃ [বাগাদি ইন্দ্রিয়গণের সংহারকর্ত্তা বলিয়া] নিধন এবং [অগ্ন্যাদির সংহারকর্ত্তা বলিয়া] সংবর্গ সংজ্ঞাযুক্ত হইয়াছ।

৫। অথৈনমুদ্যচ্ছত্যামংস্যামংহি তে মহি স হি রাজেশানোঽধিপতিঃ স মাং রাজেশানোঽধিপতিং করোত্বিতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [উদ্যচ্ছতীত্যনেন মন্ত্রেণ] এনম্ (মন্থম্) উদ্যচ্ছতি (পাত্রেণ সহ হস্তে গৃহ্ণাতি) [হে মন্থ! ত্বং সর্বম্] আমংসি (বিজানাসি); [বয়ং] তে (তব) মহি (মহত্তরং রূপম্) আমং হি (মন্যামহে)। সঃ হি রাজা অধিপতিঃ, ঈশানঃ [ভবতি]: রাজা, অধিপতিঃ, ঈশানঃ, [রাজাদিগুণযুক্তঃ] সঃ (প্রাণঃ) মাম্ অধিপতিং করোতু ইতি।

অনুবাদ। অতঃপর "উদ্যচ্ছ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া এই মন্থদ্রব্য পাত্রের সহিত হস্তে তুলিয়া লইবে; [হে মন্থ! তুমি সকলই অবগত আছ; আমরাও তোমরাও তোমার সেই মহত্তর রূপ চিন্তা করি]। প্রাণরূপী তুমিই সকলের রাজা, সকলের অধিপতি এবং সকলের ঈশ্বর। তুমি রাজাদিগুণ-সম্পন্ন বলিয়া আমাকে অধিপতি কর—এই আমার প্রার্থনা।

৬। অথৈনমাচামতি তৎসবিতুর্বরেণ্যং। মধুবাতা

ক্ষরতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ ভূঃ স্বাহা। ভর্গো দেবস্য ধীমহি। মধু নক্তমুতোষসো মধুমৎ-পার্থিবংরজঃ মধুদ্যৌরস্তু নঃ পিতা। ভুবঃ স্বাহা। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। মধুমান্নো বনস্পতির্মধুমাং ৩ অস্তু সূর্য্যঃ মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। স্বঃ স্বাহেতি। সর্বাং চ সাবিত্রীমন্বাহ সর্বাশ্চ মধুমতীরহমেবেদং সর্বং ভূয়াসং ভূর্ভুবঃ স্বঃ স্বাহেত্যন্তত আচম্য পাণী প্রক্ষাল্য জঘনে-নাগ্নিং প্রাক্‌শিরাঃ সংবিশতি প্রাতরাদিত্যমুপতিষ্ঠেত দিশামেকপুণ্ডরীকমস্যহং মনুষ্যাণামেকপুণ্ডরীকং ভূয়া-সমিতি যথেতমেত্য জঘনেনাগ্নিমাসীনো বংশং জপতি॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) [বক্ষ্যমাণমন্ত্রেণ] এনম্ (মন্থম্) আচামতি (ভক্ষয়তি); গায়ত্র্যা মধুমত্যা ব্যাহৃত্যাশ্চ একৈকপাদেন একৈকভাগং ভক্ষয়িত্বা, তাভিঃ সমস্তাভিঃ গায়ত্রী-মধুমতীব্যাহৃতিভিঃ চতুর্থং ভাগং ভক্ষয়েৎ যথা নিঃশেষতা ভবেৎ; যদি কিঞ্চিদপি অবশিষ্টং, তর্হি তৎ তুষ্ণীং ভক্ষয়েৎ]। সবিতুঃ (জগৎ-প্রসবিতুঃ) তৎ (প্রসিদ্ধং) বরেণ্যং (বরণীয়ং শ্রেষ্ঠং পদং) [বামহীত সম্বন্ধঃ]; বাতাঃ (বায়ুভেদাঃ) মধু (সুখং) [যথা স্যাৎ তথা] ঋতায়তে (বহন্তি); সিন্ধবঃ

(সন্তু:) মধু (মধুররসং) ক্ষরন্তি (স্রবন্তি); ওষধী: (সর্বা:) ন: (অস্মান্) [প্রতি] মাধ্বী: (মধুররসা:) সন্তু; ভূ: স্বাহা [ইতি ব্যাহৃত্যন্তেন মন্ত্রেণ বারমেকং ভক্ষয়েৎ]। দেবস্য (দ্যোতমানস্য সবিতু:) ভর্গ: (তেজ:) ধীমহি (চিন্তয়াম:), নক্তম্ (রাত্রি:) উত (অপি) উষস: (দিবসা:) মধু (প্রীতি-করা:) [সন্তু]; পার্থিবং রজ: (ধূলি:) মধুমৎ (সুখকরম্) [অস্তু], ন: (অস্মাকম্) পিতা দ্যৌ: (দ্যুলোক:) [চ] মধু (সুখকর:) অস্তু; ভুব: স্বাহা [ইতি ব্যাহৃত্যন্তেন মন্ত্রেণ দ্বিতীয়ং বারং ভক্ষয়েৎ]। য: (জগৎপ্রসবিতা) ন: (অস্মাকং) ধিয়: (বুদ্ধী:) প্রচোদয়াৎ (প্রেরয়েৎ) [তস্য সবিতু: তদ্-বরেণ্যমিত্যনেন সম্বন্ধ:]; বনস্পতি: (সোম:) ন: (অস্মান্ প্রতি) মধুমান্ [অস্তু], সূর্য্য: [অপি অস্মান্ প্রতি] মধুমান্ অস্তু, গাব: (দিশ: সূর্য্যরশ্ময়: বা) ন: (অস্মান্ প্রতি) মাধ্বী: (সুখকরা:) ভবন্তু। স্ব: স্বাহা ইতি [মন্ত্রেণ তৃতীয়বারং ভক্ষয়েৎ] সর্বাং চ সাবিত্রীং সর্বা: চ মধুমতী: [উক্ত্বা] "অহম্ এব ইদং সর্বং ভূয়াসম্" [ইতি] অন্ততঃ (পশ্চাৎ বদতি) [অন্তে চ] ভূর্ভুব: স্ব: স্বাহা ইতি [মন্ত্রেণ সর্বং ভক্ষয়েৎ]। অন্তত: (অন্তে) পাণী (হস্তদ্বয়ম্) প্রক্ষাল্য, আচম্য (আচমনং কৃত্বা) [চ] অগ্নিং জঘনেন (অগ্নে: পশ্চাৎ) প্রাক্‌শিরা: [ভূত্বা] সংবিশতি (শেতে); প্রাত: (প্রভাতসময়ে) [সন্ধ্যামুপাস্য] আদিত্যম্ উপতিষ্ঠতে [হে আদিত্য! ত্বম্] দিশাং একপুণ্ডরীকং

(অদ্বিতীয়পঙ্কজস্বরূপঃ) অসি ; অহং [চ] মনুষ্যাণাম্ একপুণ্ডরীকং ভূয়াসম্ ইতি [কথয়িত্বা] যথেতম্ (যথাগতম্) এত্য (আগত্য) অগ্নিং জঘনেন (অগ্নেঃ পশ্চাৎ) আসীনঃ [ভূত্বা] বংশং (বংশব্রাহ্মণং) জপতি।

অনুবাদ। অতঃপর বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিয়া মন্থদ্রব্য ভোজন করিবে ; [গায়ত্রী, মধুমতী এবং ব্যাহৃতির এক এক ভাগ পাঠ করিয়া মন্থদ্রব্যের এক এক ভাগ ভক্ষণ করিবে, পরে সম্পূর্ণ গায়ত্রী, মধুমতী এবং ব্যাহৃতি পাঠ করিয়া চতুর্থ ভাগ ভোজন করিবে ; যদি কিছু অবশিষ্ট থাকে তাহা অমন্ত্রক ভক্ষণ করিবে] সেই জগৎপ্রসবিতার বরণীয় শ্রেষ্ঠ পদকে আমি চিন্তা করি ; বায়ুসকল সুখে প্রবাহিত হউক, নদীসকল হইতে মধুর রস ক্ষরিত হউক, ওষধিসকল আমাদিগকে মধুর রস প্রদান করুক, গায়ত্রী এবং মধুমতীর এই প্রথম পাদ পাঠ করিয়া "ভূ স্বাহা" বলিয়া একবার ভক্ষণ করিবে। দ্যোতমান জগৎপ্রসবিতার তেজকে আমরা চিন্তা করি ; রাত্রি এবং দিবসসকল আমাদের প্রীতিকর

হউক, পার্থিব ধূলিসকল আমাদের সুখকর হউক, আমাদের পিতা এবং স্বর্গলোক আমাদিগকে সুখী করুন, গায়ত্রী এবং মধুমতীর এই দ্বিতীয় পাদ পাঠ করিয়া "ভুবঃ স্বাহা" এই মন্ত্রে আবার মন্থদ্রব্য ভক্ষণ করিবে যে জগৎপ্রসবিতা আমাদের বুদ্ধিবৃত্তিসকল ধর্ম্মার্থ-কাম-মোক্ষে পরিচালনা করেন, [সেই জগৎপ্রসবিতার তেজকে চিন্তা করি]; সোমরস আমাদের প্রীতিদায়ক হউক, সূর্য্যও আমাদের প্রতি অনুকূল থাকুন, দিক্‌সকল আমাদের প্রতি সুখকর হউক,, গায়ত্রী এবং মধুমতীর এই তৃতীয় পাদ পাঠ-করিয়া "স্বঃস্বাহা" এইমন্ত্রে আবার ভক্ষণ করিবে। অতঃপর সমুদায় গায়ত্রী এবং সমুদায় মধুমতী পাঠ করিয়া "অহং এব ইদং সর্ব্বং ভূয়াসম্" ইহা বলিয়া "ভূর্ভুবঃ স্বঃ স্বাহা এই মন্ত্রে সমস্ত ভক্ষণ করিবে। তাহার পর হস্তদ্বয় প্রক্ষালন করিয়া আচমনপূর্ব্বক অগ্নির পশ্চাদ্ভাগে পূর্ব্বশিরাঃ হইয়া শয়ন করিবে। প্রাতঃকালে সন্ধ্যাবন্দনাদি সমাপন করিয়া আদিত্যের নিকট এই মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে—হে

সূর্য্য! তুমি দিক্‌সকলের অদ্বিতীয় পঙ্কজস্বরূপ; আমিও মনুষ্যগণের মধ্যে অদ্বিতীয় পঙ্কজস্বরূপ হইব, ইহা বলিয়া যথাগত পথে আগমন করিয়া অগ্নির পশ্চাদ্ভাগে অবস্থানপূর্ব্বক উপবেশন করিয়া বংশ-ব্রাহ্মণ জপ করিবে ॥

৭। তং হৈতমুদ্দালক আরুণির্ব্বাজসনেয়ায় যাজ্ঞবল্ক্যায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥৮। এতমু হৈব বাজসনেয়ো যাজ্ঞবল্ক্যো মধুকায় পৈঙ্গ্যায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৯। এতমু হৈব মধুকঃ পৈঙ্গ্যশ্চূলায় ভাগবিত্তয়েহন্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ১০। এতমু হৈব চূলো ভাগবিত্তির্জানকয় আয়স্থূণায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনং শুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ১১। এতমু হৈব জানকিরায়স্থূণঃ সত্যকামায়

জাবালায়ান্তেবাসিন উক্ত্বোবাচাপি য এনংশুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি॥ ১২। এতমু হৈব সত্যকামো জাবালোঽন্তেবাসিভ্য উক্ত্বোবাচাপি য এনংশুষ্কে স্থাণৌ নিষিঞ্চেজ্জায়েরঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি তমেতং নাপুত্রায় বানন্তেবাসিনে বা ব্রূয়াৎ॥

ব্যাখ্যা। আরুণিঃ (অরুণস্য পুত্রঃ) উদ্দালকঃ তম্ (প্রসিদ্ধং) এতৎ (মন্থং) হ (প্রসিদ্ধৌ) বাজসনেয়ায় অন্তেবাসিনে যাজ্ঞবল্ক্যায় উক্ত্বা উবাচ অপি যঃ (জনঃ) এনং (মন্থং) শুষ্কে (গতপ্রাণে) স্থাণৌ নিষিঞ্চেৎ (প্রক্ষিপেৎ); [তস্য স্থাণোঃ] শাখাঃ জায়েরন্ (উৎপদ্যেরন্) পলাশানি (পত্রাণি) [চ] প্ররোহেয়ুঃ (অঙ্কুরিতাঃ ভবেয়ুঃ) ইতি। ৮—১২ স্পষ্টা॥

অনুবাদ। অরুণপুত্র উদ্দালক যজুর্ব্বেদীয় শিষ্য যাজ্ঞবল্ক্যকে এই মন্থবিষয়ক উপদেশ প্রদান করিয়া বলিয়াছিলেন—যদি কোন ব্যক্তি এই সংস্কৃত মন্থ শাখাদিবিহীন শুষ্ক বৃক্ষে প্রক্ষেপ করে, তাহা হইলে তাহাতেও শাখাপল্লবাদি উৎপন্ন হইয়া থাকে॥ যজুর্ব্বেদীয় যাজ্ঞবল্ক্য ঋষি মধুবংশীয় পৈঙ্গ্যনামক

শিষ্যকে এই উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ এই সংস্কৃত মন্থদ্রব্য শুষ্ক বৃক্ষে প্রক্ষেপ করে; তাহা হইলে সেই শুষ্ক বৃক্ষেও শাখাপল্লবাদি বহির্গত হইয়া থাকে। মধুগোত্রজাত পৈঙ্গ স্বীয় শিষ্য ভাগবিত্তিকে এই উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যদি কোন ব্যক্তি সেই সংস্কৃত মন্থদ্রব্যকে শুষ্ক বৃক্ষে প্রক্ষেপ করে, তবে এই শুষ্ক বৃক্ষ হইতে ও শাখাপল্লবাদি সমুৎপন্ন হইয়া থাকে॥ চূণভাগবিত্তি, আয়স্থূণসংজ্ঞক স্বীয় শিষ্য জনকঋষি-পুত্রকে এই উপদেশ দিয়া বলিয়াছিলেন—যদি কেহ এই সংস্কৃত মন্থদ্রব্যকে শুষ্ক বৃক্ষে প্রক্ষেপ করে; তবে সেই শুষ্ক বৃক্ষ হইতে শাখা এবং পত্রাদি বিনির্গত হইয়া থাকে॥ জনক-ঋষিপুত্র আয়স্থূণ, জবালার পুত্র সত্যকামনামক শিষ্যকে এই উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যদি কোন ব্যক্তি এই সংস্কৃত মন্থদ্রব্যকে শুষ্ক বৃক্ষের উপরে প্রক্ষেপ করে; তবে তৎক্ষণাৎ সেই বৃক্ষের শাখা এবং পত্রাদি বহির্গত হইবে॥ জবালাপুত্র সত্যকাম স্বীয় শিষ্যদিগকে এই উপদেশ

প্রদান করিয়া বলিয়াছিলেন—যদি কোন ব্যক্তি এই সংস্কৃত মন্থ দ্রব্য শুষ্ক বৃক্ষের উপর প্রক্ষেপ করে; তবে তৎক্ষণাৎ সেই স্থাণুর শাখা এবং পত্রাদি বহির্গত হইবে। আর শিষ্যগণকে ইহাও বলিয়াছিলেন যে কুপুত্র এবং কুশিষ্যকে কদাচ এই উপদেশ প্রদান করিও না।

১৩। চতুরৌদুম্বরো ভবত্যৌদুম্বরঃ স্রুব ঔদুম্বরশ্চমস ঔদুম্বর ইধ্ম ঔদুম্বর্যা উপমন্থন্যৌ দশ গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি ব্রীহিযবাস্তিলমাষা অণুপ্রিয়ঙ্গবো গোধূমাশ্চ মসূরাশ্চ খল্বাশ্চ খলকুলাশ্চ তান্ পিষ্টান্ দধনি মধুনি ঘৃত উপসিঞ্চত্যাজ্যস্য জুহোতি ॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য তৃতীয়ং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। চতুরৌদুম্বরঃ ভবতি (এতে চত্বারঃ ঔদুম্বরাঃ ভবন্তীত্যর্থঃ) ঔদুম্বরঃ স্রুবঃ, ঔদুম্বরঃ চমসঃ ঔদুম্বরঃ ইধ্মঃ, ঔদুম্বর্যৌ উপমন্থন্যৌ ব্রীহিযবাঃ (ব্রীহয়ঃ চ যবাঃ চ), তিলমাষাঃ তিলাঃ চ মাষাশ্চ); অণুপ্রিয়ঙ্গবঃ গোধূমাঃ, মসূরাঃ চ, খল্বাঃ (নিষ্পাবাঃ) খলকুলাঃ (কুলত্থাঃ) চ [এতে] দশ (দশসংখ্যকানি) গ্রাম্যাণি ধান্যানি ভবন্তি। পিষ্টান্ তান্ (ব্রীহ্যাদীন্) দধনি,

মধুনি, ঘৃতে [চ] উপসিঞ্চতি। [ততঃ] আজ্যস্ত (ঘৃতস্ত) [যোগেন] জুহোতি।

অনুবাদ। উডুম্বর-বৃক্ষদ্বারা অর্থাৎ যজ্ঞডুমুর বৃক্ষদ্বারা স্রুব, চমস, ইধ্ম এবং মন্থনীদ্বয় এই চারিটি পাত্র নির্ম্মাণ করিতে হইবে। ব্রীহি, যব, তিল, মাস, গোধূম, মসূর, নিষ্পাব, কুলথ, অণু এবং প্রিয়ঙ্গু এই দশবিধ গ্রাম্য ধান্য; এই সকল ধান্য এবং যজ্ঞের উপযোগী অন্যান্য ওষধিসকল পেষণ করিয়া দধি, মধু এবং ঘৃতের দ্বারা সেচন করিবে; পরে ঘৃতের সহযোগে পূর্ব্বোক্ত পাত্র দ্বারা হোম করিবে।

চতুর্থং ব্রাহ্মণম্॥

১। এষাং বৈ ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপোঽপামোষধয় ওষধীনাং পুষ্পাণি পুষ্পাণাং ফলানি ফলানাং পুরুষঃ পুরুষস্ত রেতঃ॥

ব্যাখ্যা। [যথা অঁ স্বনঃ গুণৈঃ বিশিষ্টঃ পুত্রঃ উৎপাদিতঃ ভবতি তদর্থোঽয়মারভ্যতে] এষাং (চরাচরাণাম্) ভূতানাং

(প্রাণিনাং) বৈ (এব) পৃথিবী রসঃ (সারভূতঃ) [ভবতি] পৃথিব্যাঃ আপঃ [রসঃ ভবতি] অপাম্ ওষধয়ঃ [রসঃ ভবতি]; ওষধীনাং পুষ্পাণি [রসঃ ভবতি]; পুষ্পাণাং ফলানি [রসঃ ভবতি]; ফলানাং পুরুষঃ [রসঃ ভবতি]; পুরুষস্য রেতঃ [সারঃ ভবতি]।

অনুবাদ। [যেরূপে আত্মগুণবিশিষ্ট পুত্র উৎপন্ন হইতে পারে, তাহা প্রদর্শন করিবার নিমিত্ত এই ব্রাহ্মণ আরব্ধ হইতেছে]—এই পৃথিবী চরাচর সমুদায় প্রাণীর রস (সার), এইরূপ জল পৃথিবীর রস; ওষধিসকল জলের রস; পুষ্পসকল ওষধির রস; ফলসকল পুষ্পের রস; পুরুষসকল ফলের রস; আবার ঐ পুরুষের রস শুক্র।

২। স হ প্রজাপতিরীক্ষাংচক্রে হন্তাস্মৈ প্রতিষ্ঠাং কল্পয়ানীতি স স্ত্রিয়ং সসৃজে তাং সৃষ্ট্বাহধ উপাস্ত তস্মাৎ স্ত্রিয়মধ উপাসীত স এতং প্রাঞ্চং গ্রাবাণমাত্মন এব সমুদপারয়ত্তেনৈনামভ্যসৃজৎ ॥

ব্যাখ্যা। [যতঃ সর্বভূতানাং সারতমমেতদ্রেতঃ অতঃ কা অস্য রেতসঃ প্রতিষ্ঠা ভবিষ্যতীতি] সঃ (স্রষ্টা) প্রজাপতিঃ হ

প্রসিদ্ধৌ) ঈক্ষাঞ্চক্রে (সঙ্কল্পং কৃতবান্) , হন্ত (অনুকম্পায়াম্) [অহং] অস্মৈ (রেতসঃ) প্রতিষ্ঠাং (আশ্রয়স্থানং) কল্পয়ানি (প্রতিপাদয়ানি) [ইতি মনসি বিচিন্ত্য] সঃ (প্রজাপতিঃ) স্ত্রিয়ং (রমণীং) সসৃজে (সৃষ্টবান্) তাং (স্ত্রিয়ং) সৃষ্ট্বা অধ উপাস্ত (অধউপাসনং নাম মৈথুনাখ্যং কর্ম কৃতবান্) ; তস্মাৎ স্ত্রিয়ম্ অধউপাসীত (মৈথুনাখ্যং কর্ম কুর্বীত) ; [যঃ এতন্মৈথুনাখ্যং কর্ম কর্ত্তুমিচ্ছতি স্ম] সঃ (জনঃ) এতং প্রাঞ্চম্ (প্রকৃষ্টগতিযুক্তম্) আত্মনঃ (স্বস্য) এব গ্রাবাণং (সোমনিষ্পবণোপলস্থানীয়ং প্রজননেন্দ্রিয়ং) সমুদপারয়ৎ (সমুৎ পূরিতবান্) [স্ত্রীযোনিং প্রতি] ; তেন এনাং স্ত্রিয়ং অভ্যসৃজৎ (অভিসংসর্গং কৃতবান্) ।

অনুবাদ। [সমস্ত ভূতের সারভূত শুক্রকে কোথায় সংস্থাপন করিতে হইবে, এই বিষয়ে প্রজাপতি আলোচনা করিয়া ছিলেন ; আলোচনা করিয়া ইহা স্থির করিলেন যে, আমি এই শুক্রের আশ্রয় স্থান নির্ম্মাণ করিব ; অতঃপর তিনি স্ত্রীর সৃষ্টি করিয়াই তদীয় যোনিদেশে অধউপাস্তনামক মৈথুনাখ্য কর্ম্মের সৃষ্টি করিলেন। এইজন্য স্ত্রীর অধউপাসনা করিবে অর্থাৎ অধঃস্থিত যোনি প্রদেশে

মেথুনাখ্য কর্ম্ম করিবে। [যিনি স্ত্রীর অধউপাসনা করিতে অভিলাষী হইবেন] তিনি সোমনিষ্পেষণ-প্রস্তরসদৃশ স্বকীয় জননেন্দ্রিয়কে স্ত্রীযোনিতে সমুৎপূরিত করিয়া স্ত্রীর সহিত সংসর্গ করিবেন।

৩। তস্যা বেদিরুপস্থো লোমানি বর্হিশ্চর্ম্মাধিষবণে সমিদ্ধো মধ্যতস্তৌ মুষ্কৌ স যাবান্ হ বৈ বাজপেয়েন যজমানস্য লোকো ভবতি তাবানস্য লোকো ভবতি য এবং বিদ্বানধোপহাসং চরত্যাসাং স্ত্রীণাং সুকৃতং বৃঙ্‌ক্তেঽথ য ইদমবিদ্বানধোপহাসং-চরত্যাস্য স্ত্রিয়ঃ সুকৃতং বৃঞ্জতে॥

ব্যাখ্যা। তস্যাঃ (স্ত্রিয়ঃ) উপস্থঃ বেদিঃ, লোমানি বর্হিঃ, চর্ম্ম সমিদ্ধঃ (প্রদীপ্তঃ অগ্নিঃ), মধ্যতঃ (যোনিমধ্যভাগাৎ স্থিতৌ প্রসিদ্ধৌ) মুষ্কৌ (যোনিপার্শ্বয়োঃ কঠিনৌ মাংসখণ্ডৌ) অধিষবণে (সোমাহত্যাধারফলকে); যজমানস্য বাজপেয়েন সঃ (প্রসিদ্ধঃ) যাবান্ (লোকঃ) হ বৈ (এব) ভবতি, তস্য (মৈথুনকারিণঃ বিদুষঃ) তাবান্ (লোকঃ) ভবতি [মৈথুন-দৃষ্ট্যা যঃ স্ত্রিয়ম্ উপাসতে তস্য তাবান্ লোকঃ ভবতীত্যর্থঃ] যঃ জনঃ) এবং বিদ্বান্ অধোপহাসম্ (মৈথুনাখ্যং কর্ম্ম) চরতি (কুরুতে), [সঃ] আসাং স্ত্রীণাং সুকৃতম্ (পুণ্যম্)

বৃঙ্‌ক্তে (আবর্জ্জয়তি প্রাপ্নোতীত্যর্থঃ); যঃ (জনঃ) ইদম্‌ (বাজপেয়দর্শনম্‌) অবিদ্বান্‌ (অজানন্‌) অধোপহাসং (মৈথুনাখ্যং কর্ম) চরতি; অস্য (পুরুষস্য) সুকৃতং বৃঞ্জতে (প্রাপ্নুবন্তি) স্ত্রিয়ঃ।

অনুবাদ। তদীয় উপস্থই বেদি, লোম-সকল কুশচর্ম্ম, প্রদীপ্ত অগ্নি এবং যোনিপার্শ্বস্থিত কঠিন মাংসখণ্ডদ্বয়ই অধিষবণ অর্থাৎ সোমাহুতির আধারফলক। বাজপেয়-কর্ম্মাভিজ্ঞ ব্যক্তি যে লোক লাভ করেন, স্ত্রীতে মৈথুন দৃষ্টিদ্বারা উপাসনাকারী ব্যক্তি ও সেই লোক লাভ করিয়া থাকেন। যিনি উক্তরূপে মৈথুনক্রিয়ার আচরণ করেন, তিনি স্ত্রীদিগের পুণ্য গ্রহণ করেন; আর যিনি স্ত্রীতে বাজপেয় দর্শন না করিয়া মৈথুন ক্রিয়া করেন, তিনি স্বীয় পুণ্যরাশি স্ত্রীদিগকে সমর্পণ করেন॥

৪। এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানুদ্দালক আরুণিরা-হৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্নাকো মৌদ্গল্য আহৈতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্‌ কুমারহারিত আহ বহবো মর্য্যা ব্রাহ্মণায়না নিরিন্দ্রিয়া বিসুকৃতোঽস্মাল্লোকাৎ প্রযন্তি য ইদমবিদ্বাং-

সোঽধোপহাসং চরন্তীতি বহু বা ইদংং স্বপ্তস্য বা জাগ্রতো বা রেতঃ স্কন্দতি ॥

ব্যাখ্যা। আরুণিঃ উদ্দালকঃ হ বৈ (প্রসিদ্ধো) তৎ (প্রসিদ্ধম্) এতৎ (মৈথুনাখ্যং কর্ম বিদ্বান্ (জানন্ সন্) আহ স্ম; নাকঃ মৌদ্গল্যঃ হ বৈ (প্রসিদ্ধো) তৎ (পূর্বোক্তম্) এতৎ (মৈথুনাখ্যং কর্ম) বিদ্বান্ (জানন্ সন্) আহ স্ম; কুমারহারিতঃ হ বৈ প্রসিদ্ধো) তৎ (পূর্বোক্তং মৈথুনাখ্যং কর্ম) বিদ্বান্ (জানন্ সন্) এতদ্ আহ স্ম [কিমাহেত্যত আহ] যে (জনাঃ) ইদং অবিদ্বাংসঃ (অজানন্তঃ) অধোপহাসং চরন্তি ইতি [তে] বহবঃ মর্য্যাঃ (মরণধর্মিণঃ), ব্রাহ্মণায় (ব্রাহ্মণজাত্যভিমানিনঃ), নিরিন্দ্রিয়াঃ (বিশ্লিষ্টেন্দ্রিয়াঃ), বিসুকৃতঃ (বিগতসুকৃতকর্মাণঃ) [মৈথুনকর্মাসক্তাঃ অবিদ্বাংসঃ লোকাঃ পরলোকাৎ পরিভ্রষ্টাঃ সন্তঃ পুনরপি] অস্মাৎ লোকাৎ [নরকাদিলোকং] প্রযন্তি। [যদি কোঽপি ব্রহ্মচর্য্যং গৃহীত্বা পত্ন্যাঃ ঋতুকালং প্রতীক্ষতে, ততশ্চ তস্য] স্বপ্তস্য বা জাগ্রতঃ বা বহু বা অল্পং বা রেতঃ (শুক্রং) স্কন্দতি (স্খলতি); [তর্হি তেন প্রায়শ্চিত্তং করণীয়ম্]।

অনুবাদ। অরুণ-তনয় উদ্দালক, নাক-মৌদ্গল্য এবং কুমারহারিত পূর্ব্বোক্ত মৈথুনাখ্য

কর্ম্ম অবগত হইয়া বলিয়াছিলেন যে, যাঁহারা এই রূপে মৈথুনাখ্য কর্ম্ম অবগত নহেন; তাঁহারা বহুবার মৃত্যুকে আলিঙ্গন করিয়া ব্রাহ্মণজাত্যভিমানে অভি-মানী হইয়া নিরিন্দ্রিয়ভাগভপূর্ব্বক সুকৃতি-সম্পদে বঞ্চিত হওয়ায় পরলোক হইতে পরিভ্রষ্ট হয়েন; পরন্তু উক্ত মৈথুনকর্ম্মাসক্ত পুরুষেরা ইহলোকে বসতি করিবার অযোগ্য বলিয়া নরকাদি স্থানে গমন করিয়া থাকেন। যদি কোন ব্যক্তি ব্রহ্মচর্য্য গ্রহণ করিয়া পত্নীর ঋতুকালের অপেক্ষা করিতে করিতে তন্মধ্যে সুপ্ত অথবা জাগরিত অবস্থায় অল্প অথবা বহু পরিমাণে তাহার বীর্য্য স্খলিত হয়; তাহা হইলে তাঁহার প্রায়শ্চিত্ত অবশ্য করণীয়॥

৫। তদভিমৃশেদনু বা মন্ত্রয়েত যন্মেঽদ্য রেতঃ পৃথিবীমস্কান্‌সীদ্‌যদোষধীরপ্যসরদ্‌ যদপ। ইদমহং তদ্রেত আদদে পুনর্মামৈত্বিন্দ্রিয়ং পুনস্তেজঃ পুনর্ভগঃ। পুনর-গ্নির্ধিষ্ণ্যা যথাস্থানং কল্পন্তামিত্যনামিকাঙ্গুষ্ঠাভ্যামা-দায়ান্তরেণ স্তনৌ বা ভ্রুবৌ বা নিমৃজ্যাৎ॥

ব্যাখ্যা। তৎ (স্খলিতং রেতঃ) অভিমৃশেৎ, অনুমন্ত্রয়েত

(অনুজপেৎ) বা (চার্থে) [ইমং বক্ষ্যমাণং মন্ত্রম্ অনুজপে চ ইত্যর্থঃ] অদ্য মে (মম) [অপ্রাপ্তকালে] যদ্ রেতঃ পৃথিবীং [প্রতি] অস্কানৎসীৎ (স্কন্নমাসীৎ), যদ্ অপি ওষধীঃ [প্রতি] অসরৎ (অগমৎ) যৎ [চ] অপঃ (জলীয়ভাগস্য) [স্বযোনিং প্রতিগতম্ অভূৎ]; অহং তৎ (প্রসিদ্ধম্) ইদং (রেতঃ) [সম্প্রতি] আদদে (গৃহ্ণামি) ; পুনঃ [তৎ রেতোরূপেণ বহির্নির্গতম্] ইন্দ্রিয়ং মাম্ [প্রতি] ঐতু (সমাগচ্ছতু), পুনঃ তেজঃ (ত্বগ্‌গতা কান্তিঃ) [মাং প্রতি সমাগচ্ছতু], পুনঃ [চ] ভগঃ সৌভাগ্যং) [মাং প্রতি সমাগচ্ছতু] । পুনঃ অগ্নির্ধিষ্ণ্যাঃ (অগ্নিঃ ধিষ্ণ্যং স্থানং যেষাং তে অগ্নির্ধিষ্ণ্যাঃ দেবাঃ) [তত্রেতঃ] যথাস্থানং কল্পন্তাম্ ইতি [মন্ত্রমুচ্চার্য্য] অঙ্গুষ্ঠানামিকাভ্যাং [তত্রেতঃ] আদায় ভ্রুবৌ বা (ভ্রুবোর্বা) স্তনৌ বা (স্তনয়োর্বা) অন্তরেণ (মধ্যে) বিমৃজ্যাৎ (মার্জয়েৎ) ।

অনুবাদ। সেই স্খলিত বীর্য্য স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে—আজ আমার যে রেতঃ অপ্রাপ্তকালে ভূমিতে স্খলিত হইয়া ওষধিসমূহে এবং সলিলে গমন করিয়াছে; আমি সেই রেতঃ গ্রহণ করিতেছি; রেতোরূপে পরিণত হইয়া মদীয় ইন্দ্রিয়, পুনরায় আমাকে প্রাপ্ত হউক; পুনরায় পূর্ব্ববৎ

কান্তি ফিরিয়া আসুক; আবার সেইরূপ সৌভাগ্য আমায় পরিতৃপ্ত করুক; দেবগণ পুনরায় মদীয় রেতঃ যথাস্থানে স্থাপন করুন; এই মন্ত্র উচ্চারণ করিয়া অঙ্গুষ্ঠ এবং অনামিকা অঙ্গুলিদ্বারা সেই রেতঃ ভ্রূদ্বয় অথবা স্তনদ্বয়ের মধ্যে মার্জ্জনা করিবে ॥

৬। অথ যদ্যুদক আত্মানং পরিপশ্যেত্তদভিমন্ত্রয়েত ময়ি তেজ ইন্দ্রিয়ং যশো দ্রবিণꣳ সুকৃতমিতি শ্রীর্হ বা এষা স্ত্রীণাং যন্মলোদ্বাসাস্তস্মান্মলোদ্বাসসং যশস্বিনীমভিক্রম্যোপমন্ত্রয়েত ॥

ব্যাখ্যা। [ইদানীং রেতোযোনাবুদকে রেতঃ সিঞ্চন্ তত্রৈব ছায়াদর্শনে প্রায়শ্চিত্তমাহ]—অথ যদি উদকে আত্মানং (আত্মছায়াং) পশ্যেৎ, তৎ (তদা) [অনেন মন্ত্রেণ] অভিমন্ত্রয়তে [দেবাঃ] ময়ি তেজঃ, ইন্দ্রিয়ম্, যশঃ, দ্রবিণং (ধনং) সুকৃতম্ [চ স্থাপয়ন্তু] ইতি। স্ত্রীণাম্ (মধ্যে) এষা (পত্নী) শ্রীঃ হ বৈ (এব) [ভবতি]; যৎ (যস্মাৎ) [সা] মলোদ্বাসাঃ (উদ্গতমলবদ্বাসাঃ) তস্মাৎ মলোদ্বাসসং যশস্বিনীম্ (শ্রীমতীম্) অভিক্রম্য (অভিগত্য) উপমন্ত্রয়েত [ইদং, যবদ্য আবাভ্যাং পুত্রোৎপাদনং কার্য্যমিতি]।

অনুবাদ। [সম্প্রতি রেতের কারণীভূত

জলে রেতঃসেক করিয়া ছায়াদর্শন করিলে প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করিবে—ইহাই শ্রুতি বলিতেছেন]—যদি রেতঃসিক্ত জলে নিজের ছায়া অবলোকন করে, তাহা হইলে এই মন্ত্র পাঠ করিবে,—দেবগণ আমাকে তেজঃ, ইন্দ্রিয়, যশঃ, ধন এবং সুকৃতি এই সকল প্রদান করুন। স্ত্রীগণের মধ্যে এই পত্নী স্ত্রীসদৃশী; ঐ স্ত্রী মলিনবসনা বলিয়া উত্তম শ্রীমতী স্ত্রীর সমীপে গমন করিয়া বলিবেন, আজ আমরা দুইজনে পুত্রোৎপাদন করিব॥

৭। সা চেদস্মৈ ন দদ্যাৎ কামমেনামবক্রীণীয়াৎ সা চেদস্মৈ নৈব দদ্যাৎ কামমেনাং যষ্ট্যা বা পাণিনা বোপহত্যাভিক্রামেদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদদ ইত্যযশা এব ভবতি॥

ব্যাখ্যা। চেৎ (যদি) সা (পত্নী) অস্মৈ (স্বামিনে) কামং (মৈথুনং) [কর্ত্তুং] ন দদ্যাৎ; [তর্হি] এনাম্ (পত্নীম্) অবক্রীণীয়াৎ (আভরণাদিকং দদামীতি জ্ঞাপয়েৎ); [তথাপি] চেৎ (যদি) অস্মৈ (স্বামিনে) কামং ন দদ্যাৎ; [তর্হি] যষ্ট্যা বা পাণিনা (হস্তেন) বা এনাম্ (পত্নীম্) উপহত্য অভি-

ক্রামেৎ (উপগচ্ছেৎ) ; [তাং দুর্ভগাং করিষ্যামীতি প্রখ্যাপ্য অমনেন মন্ত্রেণ] ইন্দ্রিয়েণ [উপগচ্ছেৎ]—যশসা তে (তব) যশঃ আদদে [অহমিতি শেষঃ] ইতি ; [তেন চ অভিশাপেন,। সা দুর্ভগা বন্ধ্যেতি খ্যাতা] অযশা এব ভবতি।

অনুবাদ। যদি সেই পত্নী স্বীয় স্বামীকে মৈথুন ক্রিয়া করিতে না দেয়; তাহা হইলে, আভরণাদি প্রদান করিব,—এই প্রলোভন দেখাইয়া বাধ্য করিবে; যদি তাহাতেও সম্মত না হয়; তাহা হইলে যষ্টি অথবা হস্ত দ্বারা প্রহার করিয়া উপগত হইবে এবং তাহাকে বলিবে আমি তোমাকে দুর্ভগা করিব, অতঃপর এই মন্ত্র পাঠ করিতে করিতে ইন্দ্রিয়দ্বারা তাহাতে উপগমন করিবে, আমার যশের দ্বারা তোমার যশঃ গ্রহণ করিলাম। এই অভিশাপে সেই নারী দুর্ভগা এবং বন্ধ্যারূপে অযশা হইবে।

৮। সা চেদস্মৈ দদ্যাদিন্দ্রিয়েণ তে যশসা যশ আদধামীতি যশস্বিনাবেব ভবতঃ॥

ব্যাখ্যা। চেৎ (যদি) সা [পত্নী অস্মৈ (স্বামিনে) [কামং] দদ্যাৎ ; [তর্হি অনেন মন্ত্রেণ]—ইন্দ্রিয়েণ (উপস্থে-

স্ত্রিয়েণ) তে (তব) যশসা যশঃ আদধামি (গৃহ্ণামি) ইতি [উভৌ] এব যশস্বিনৌ ভবতঃ।

অনুবাদ। আর যদি পত্নী স্বেচ্ছাপূর্ব্বক স্বামীকে মৈথুনক্রিয়া সম্পাদন করিতে দেয়; তাহা হইলে স্বামী, "ইন্দ্রিয়েণ্ তে" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া ইন্দ্রিয়দ্বারা তাহাতে উপগত হইবেন; উভয়ে একচিত্ত হইয়া উপগত হওয়ায় উভয়েই যশস্বী হইবেন।

৯। স যামিচ্ছেৎ কাময়েত মেতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সংধায়োপস্থমস্যা অভিমৃশ্য জপেদঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে। স ত্বমঙ্গকষায়োঽসি দিগ্ধবিদ্ধমিব মাদয়েমামমূং ময়ীতি॥

ব্যাখ্যা। সঃ (স্বামী), [ইয়ং মদীয়া ভার্য্যা] মা (মাং) কাময়েত ইতি যাম্ (স্বভার্য্যাম্) ইচ্ছেৎ তস্যাম্ (ভার্য্যায়াম্) অর্থং (প্রজননেন্দ্রিয়ং) নিষ্ঠায় (নিক্ষিপ্য), মুখেন মুখং সন্ধায়, তস্যাঃ (ভার্য্যায়াঃ [যোনৌ] উপস্থম্ অভিমৃশ্য [অঙ্গাদঙ্গাদিতিমন্ত্রম্] জপেৎ—[হে রেতঃ ! ত্বং মদীয়াৎ] অঙ্গাৎ (সর্ব্বস্মাৎ অঙ্গাৎ) সম্ভবসি (সমুৎপদ্যসে) [বিশেষতশ্চ]

হৃদয়াৎ [অন্নরসদ্বারেণ] অভিজায়সে; স ত্বম্ অঙ্গকষায়ঃ (অঙ্গানাং রসঃ) অসি; [অতঃ দিগ্ধবিদ্ধাম্ (বিষলিপ্তশরবিদ্ধাম্) [মৃগীম্] ইব ইমাম্ মদীয়াং অমূম্, (মদীয়াং স্ত্রিয়ং) ময়ি মাদয়ঃ (মদ্বশাং কুরু)।

অনুবাদ। স্বামী যদি আপন পত্নীকে আপনাতে কামাসক্তা করিতে ইচ্ছা করেন, তবে তিনি ভার্য্যায় জননেন্দ্রিয় সঞ্চালনপূর্ব্বক উহার মুখে মুখ সংযোজিত করিবেন; পরে তদীয় যোনিদেশে উপস্থেন্দ্রিয় প্রেরণ করিয়া এই মন্ত্রপাঠ করিবেন—হে রেতঃ! তুমি আমার সমুদায় অঙ্গ হইতে সমুৎপন্ন হইয়াছ, বিশেষতঃ অন্নরসাদি দ্বারা হৃদয় হইতে জন্মিয়াছ; সুতরাং তুমিই সমুদায় অঙ্গের সারভূত; তুমি, বিষলিপ্তশরাহতামৃগীর ন্যায় আমার পত্নীকে আমাতে বশীভূতা কর।

১০। অথ যামিচ্ছেন্ন গর্ভং দধীতেতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াভিপ্রাণ্যাপান্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদ ইত্যরেতা এব ভবতি॥

ব্যাখ্যা। অথ গর্ভং ন দধীত (ন ধারয়েৎ) ইতি (এবং)

যাম্ (ভার্য্যাম্) ইচ্ছেৎ স্বামীতি শেষঃ) তস্যাম্ (ভার্য্যায়াম্) অর্থং (জননেন্দ্রিয়ম্) নিষ্ঠায় (নিক্ষিপ্য), মুখেন মুখং সংধায়, অভিপ্রাণ্য (প্রথমং অভিপ্রাণনং কৃত্বা), [পশ্চাৎ] অপান্যাৎ (উপাদানাভিমানং কুর্য্যাৎ) "ইন্দ্রিয়েণ তে (তব) রেতসা রেতঃ আদদে" ইতি [মন্ত্রেণ] অরেতাঃ এব ভবতি (ন গর্ভিণী ভবতীত্যর্থঃ)।

অনুবাদ। আর যিনি স্বীয় স্ত্রীর গর্ভ না হয়, এই প্রকার ইচ্ছা করেন, তিনি স্বীয় ভার্য্যায় প্রজননেন্দ্রিয় সংস্থাপন করিয়া মুখে মুখ সংযোজিত করিবেন, অতঃপর প্রথমে অভিপ্রাণণ করিয়া উভয়-শুক্র গ্রহণ করিয়া "ইন্দ্রিয় দ্বারা আমার রেতের সহিত তোমার রেতঃ অর্থাৎ শুক্র গ্রহণ করিতেছি" এই মন্ত্র পাঠ করিলে গর্ভিণী হইবে না।

১১। অথ চ যামিচ্ছেদ্দধীতেতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায়াপান্যাভিপ্রাণ্যাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদধামীতি গর্ভিণ্যেব ভবতি ॥

ব্যাখ্যা। অথ (পক্ষান্তরে) [অস্যাঃ গর্ভঃ] দধীত (ধারয়েৎ) ইতি (এবম্) যাম্ (স্ত্রিয়ম্) ইচ্ছেৎ [স্বামীতি

শেষঃ] তস্যাম্ (ভার্য্যায়াম্) অর্থম্ (জননেন্দ্রিয়ম্) নিষ্ঠায় (নিক্ষিপ্য) মুখেন মুখং সংধায়, অপান্যা (স্বরেতসা অস্যাঃ শুক্রমাদায়) অভিপ্রাণ্যাৎ (উভয়শুক্রমেকীকৃত্য অস্যাং সিঞ্চামীতি ভাবয়েৎ) [অনেন মন্ত্রেণ]—ইন্দ্রিয়েণ (প্রজননেন্দ্রিয়েণ) [মম] রেতসা (শুক্রেণ সহ) তে (তব) রেতঃ আদধামি (নিক্ষিপামি) ইতি (এবং রেতঃ সেচনে কৃতে) [সা নারী] গর্ভিণী এব ভবতি।

অনুবাদ। এই স্ত্রীকে গর্ভধারণ করাইব, এইরূপ ইচ্ছা করিলে, স্বামী স্বীয় ভার্য্যায় জননেন্দ্রিয় সংস্থাপন করিয়া মুখে মুখ সংযোজিত করিবেন; পরে স্বকীয় শুক্রের সহিত ভার্য্যার শুক্র গ্রহণ করিয়া, উভয় শুক্র এই পত্নীতে সেচন করিতেছি, ইহা ভাবনা করতঃ "ইন্দ্রিয়দ্বারা আমার শুক্রের সহিত তোমার শুক্র একত্র করিয়া তোমাতে নিক্ষেপ করিতেছি" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক ভার্য্যায় রেতঃ সেচন করিলে, পত্নী অবশ্যই গর্ভিণী হইবে।

১২। অথ যস্য জায়ায়ৈ জারঃ স্যাত্তং চেদ্দ্বিষ্যাদামপাত্রেঽগ্নিমুপসমাধায় প্রতিলোমণ্ড শরবর্হিস্তীর্ত্বা তস্মিন্নেতাঃ শরভৃষ্টীঃ প্রতিলোমাঃ সর্পিষাক্তা জুহুয়া-

মম সমিদ্ধেঽহৌষীঃ প্রাণাপানৌ ত আদদেঽসাবিতি মম সমিদ্ধেঽহৌষীঃ পুত্রপশূংস্ত আদদেঽসাবিতি মম সমিদ্ধেঽহৌষীরিষ্টাসুকৃতে ত আদদেঽসাবিতি মম সমিদ্ধেঽহৌষীরাশাপরাকাশৌ ত আদদেঽসাবিতি স বা এষ নিরিন্দ্রিয়ো বিসুকৃদস্মাল্লোকাৎ প্রৈতি যমেবং বিদ্বান্ ব্রাহ্মণঃ শপতি তস্মাদেবংবিচ্ছ্রোত্রিয়স্য দারেণ নোপহাসমিচ্ছেদুত হ্যেবংবিৎ পরো ভবতি ॥

ব্যাখ্যা। অথ যস্য (জনস্য) জায়ায়ৈ (জায়ায়াঃ) জারঃ (উপপতিঃ) স্যাৎ; চেৎ (যদি) তং (উপপতিং) দ্বিষ্যাৎ (অভিচরিষ্যামি এনমিতি মন্যেত)। [তর্হি তস্যেদং কর্ম]— আমপাত্রে (অপক্বপাত্রে) অগ্নিম্ উপসমাধায় (অগ্নিং সংস্থাপ্য) [সর্বং] প্রতিলোমং (বিপরীতক্রমং) [কুর্যাৎ]; শর-বর্হিঃ স্তীর্ত্বা (শরবর্হিঃ বিস্তার্য) তস্মিন্ [অগ্নৌ] এতাঃ সর্পিষাক্তাঃ (ঘৃতসিক্তাঃ) প্রতিলোমাঃ শরভৃষ্টীঃ (শরেষীকাঃ) জুহুয়াৎ [বক্ষ্যমাণৈঃ চতুর্ভিঃ মন্ত্রৈঃ]—মম [যোষাগ্নৌ যৌবনা-দিনা] সমিদ্ধে (সতি) [তস্মিন্ ত্বং রেতঃ অহৌষীঃ (হুতবান্ অসি), [ততঃ, অপরাধিনঃ] তে (তব) প্রাণাপানৌ আদদে [অহমিতি শেষঃ কড়িতুাক্ত।] হোমঃ নির্বর্ত্তয়িতব্যঃ; ততশ্চ] অসৌ [ইতি সর্বনামস্থানে আত্মনঃ নাম প্রযোক্তব্যম্] ইতি।

মম [যোষাগ্নৌ যৌবনাদিনা] সমিদ্ধে (সতি) [তস্মিন্ ত্বং রেতঃ] অহৌষীঃ (হুতবান্ অসি) [ততঃ, অপরাধিনঃ] তে (তব) পুত্রপশূন্ (পুত্রান্ পশূংশ্চ) আদদে [অহমিতি শেষঃ ; ফড়িত্যুক্ত্বা হোমঃ নির্বর্ত্তয়িতব্যঃ, ততশ্চ] অসৌ [ইতি সর্বনামস্থানে আত্মনঃ নাম প্রয়োক্তব্যম্]। মম [যোষাগ্নৌ যৌবনাদিনা] সমিদ্ধে (সতি) [তস্মিন্ ত্বম্ রেতঃ] অহৌষীঃ [ততঃ, অপরাধিনঃ] তে [তব] ইষ্টাসুকৃতে (ইষ্টং শ্রৌতং কর্ম সুকৃতং স্মার্ত্তংকর্ম এতদুভয়ম্) আদদে [অহমিতি শেষঃ, ফড়িতি উক্ত্বা হোমং সমাপ্য] অসৌ [ইতি স্থানে আত্মনঃ নাম প্রয়োক্তব্যম্] ইতি। মম [যোষাগ্নৌ যৌবনাদিনা] সমিদ্ধে (সতি) [তস্মিন্ ত্বং রেতঃ] অহৌষীঃ [ততশ্চ, অপরাধিনঃ] তে (তব) আশাপরাকাশৌ (আশা প্রার্থনা, বাচা যৎ প্রতিজ্ঞাতং কর্মণা ন প্রতিপাদিতং তস্য প্রতীক্ষা পরাকাশঃ এতৌ দ্বৌ) আদদে [অহমিতি শেষঃ ; ফড়িত্যুক্ত্বা হোমং সমাপ্য] অসৌ [ইতি স্থানে আত্মনঃ নাম প্রয়োক্তব্যম্] ইতি। যং শপতি, সঃ বৈ এষঃ নিরিন্দ্রিয়ঃ বিসুকৃতঃ (বিগতসুকৃতঃ, [চ সন্] অস্মাৎ লোকাৎ প্রৈতি। তস্মাৎ (হেতোঃ) এবংবিচ্ছ্রোত্রিয়স্য দারেণ (ভার্য্যয়া সহ) উপহাসং ন ইচ্ছেৎ উত [কিমুত অধোপহাসম্]। হি (যস্মাৎ) এবংবিদ্ [অপি] পরঃ (শত্রুঃ) ভবতি।

অনুবাদ। যদি কাহারও পত্নী উপপতিতে

আসক্তা হয়; আর তাহার স্বামী যদি ঐ উপপতির উপর অভিচার করিতে ইচ্ছুক হয়েন; তাহা হইলে তিনি তাহাকে দমন করিবার জন্য নিম্নোক্ত কর্ম্ম করিবেন—প্রথমে কাঁচা মৃণ্ময় পাত্রে অগ্নি সংস্থাপন করিয়া সমুদায় কার্য্যই বিপরীত নিয়মে করিবেন। বিস্তৃত দর্ভে উপবেশন করিয়া কতিপয় দর্ভের অগ্রভাগ ঘৃতসিক্ত করতঃ বক্ষ্যমাণ মন্ত্রদ্বারা পূর্ব্বস্থাপিত অগ্নিতে বিপরীতনিয়মে "মম সমিদ্ধে অহৌষীঃ প্রাণাপানৌ তে আদদে অসৌ" ইত্যাদিক্রমে হোম করিবেন। উক্ত হোমজ্ঞ ব্রাহ্মণ যাহাকে অভিশাপ প্রদান করিবেন; তিনি ইন্দ্রিয়বিহীন এবং সুকৃতিহীন হইয়া ইহলোক হইতে গমন করিবেন। এইজন্য এতাদৃশ তত্ত্বজ্ঞ ব্যক্তির ভার্য্যার সহিত মৈথুনকর্ম্ম করা ত দূরের কথা, উপহাসও করিবে না। কারণ এই ব্যক্তি শত্রু হইতে পারে।

১৩। অথ যস্য জায়ামার্তবং বিন্দেৎ ত্র্যহং কংসেন পিবেদহতবাসাঃ নৈনাং বৃষলো ন বৃষল্যুপহন্যাৎ ত্রিরাত্রান্ত আপ্লুত্য ব্রীহীনবঘাতয়েৎ॥

ব্যাখ্যা। অথ যস্য (জনস্য) জায়াম্) ভার্য্যাম্ আর্ত্তবং (ঋতুভাবং) বিন্দেৎ (প্রাপ্নুয়াৎ); [সা] ত্র্যহং কংসেন [জলাদিকম্] পিবেৎ, অপহতবাসাঃ (অচ্ছিন্নবসনা) [চ স্যাৎ]; বৃষলঃ (শূদ্রঃ) বৃষলী [বা] এনাং (স্ত্রিয়ং) ন উপহন্যাৎ (উপস্পৃশেৎ); ত্রিরাত্রান্তে (ত্রিরাত্রব্রতসমাপ্তৌ) আপ্লুত্য (স্নাত্বা) [তাম্] ব্রীহীন্ অবঘাতয়েৎ (ব্রীহ্যাদীনাং অবঘাতায় বিনিযুঞ্জ্যাৎ)।

অনুবাদ। যে ব্যক্তির পত্নী ঋতুমতী হয়েন; তাঁহার স্ত্রী কংসপাত্রে তিনদিন জলপান করিবেন এবং অচ্ছিন্ন বস্ত্র পরিধান করিয়া থাকিবেন। তিনি শূদ্র অথবা শূদ্রপত্নীকে স্পর্শ করিবেন না। তিন দিন অতীত হইলে স্নান করাইয়া তণ্ডুলাদি প্রস্তুতের জন্য তাহাকেই নিয়োগ করাইবেন।

১৪। স য ইচ্ছেৎ পুত্রো মে শুক্লো জায়েত বেদমনুব্রুবীত সর্বমায়ুরিয়াদিতি ক্ষীরৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ॥ ১৫। অথ য ইচ্ছেৎ পুত্রো মে কপিলঃ পিঙ্গলো জায়েত দ্বৌ বেদাবনুব্রুবীত সর্বমায়ুরিয়াদিতি দধ্যোদনং পাচয়িত্বা

সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৬। অথ য ইচ্ছেৎ পুত্রো মে শ্যামো লোহিতাক্ষো জায়েত ত্রীন্ বেদাননুব্রুবীত সর্বমায়ুরিয়াদিত্যুদোদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৭। অথ য ইচ্ছেদ্ দুহিতা মে পণ্ডিতা জায়েত সর্বমায়ুরিয়াদিতি তিলৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবৈ ॥ ১৮। অথ য ইচ্ছেৎ পুত্রো মে পণ্ডিতো বিগীতঃ সমিতিংগমঃ শুশ্রূষিতাং বাচং ভাষিতা জায়েত সর্বান্ বেদাননুব্রুবীত সর্ব্বমায়ুরিয়াদিতি মাংসৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তমশ্নীয়াতামীশ্বরৌ জনয়িতবা ঔক্ষেণ বার্ষভেণ বা ॥

ব্যাখ্যা। সঃ যঃ ইচ্ছেৎ—মে (মম) পুত্রঃ শুক্লঃ জায়েত, [সঃ চ] বেদম্ অনুব্রুবীত, সর্বম্ আয়ুঃ ইয়াৎ (প্রাপ্নুয়াৎ) ইতি; [তে পতিপত্ন্যৌ] ক্ষীরৌদনং পাচয়িত্বা সর্পিষ্মন্তম্ [চ কৃত্বা] অশ্নীয়াতাম্; [ক্ষীরৌদনে ভক্ষিতে সতি তাদৃশং পুত্রম্] জনয়িতবৈ (জনয়িতুম্) ঈশ্বরৌ (সমর্থৌ) [ভবতঃ]। ১৫—১৮ স্পষ্টার্থা।

অনুবাদ॥ যিনি ইচ্ছা করিবেন যে,

আমার পুত্র শুক্লবর্ণ, একবেদাধ্যায়ী এবং দীর্ঘায়ুঃ প্রাপ্ত হউক। তিনি ক্ষীরদ্বারা চরু পাক এবং তাহাতে ঘৃত সংযুক্ত করাইয়া স্বীয় স্ত্রীর সহিত সেই ক্ষীর ভক্ষণ করিলে, তাদৃশ পুত্রোৎপাদন করিতে সমর্থ হইবেন। ১৪। আর যদি এইরূপ ইচ্ছা করিবেন যে, আমার পুত্র কপিলবর্ণ অথবা পিঙ্গলবর্ণ হইয়া জন্মগ্রহণ করুক এবং সেই পুত্র বেদদ্বয়বিদ্ হইয়া শতায়ুঃ লাভ করুক; তিনি দধি দ্বারা অন্ন পাক করাইয়া ঘৃতমিশ্রিত করত স্বীয় পত্নীর সহিত ভক্ষণ করিবেন; উক্তরূপে ভক্ষণ করিলে তাঁহারা তাদৃশ পুত্রলাভ করিতে সমর্থ হইবেন। ১৫॥ যদি আর কেহ শ্যামবর্ণ লোহিতনয়ন পুত্র লাভ করিতে ইচ্ছুক হয়েন এবং সেই পুত্র বেদত্রয়বিদ্ ও শতায়ুঃ হউক এই কামনা করেন; তিনি কেবল জলদ্বারা অন্ন পাক করাইয়া তাহাতে ঘৃত মিশ্রিত করত পত্নীর সহিত ভক্ষণ করিবেন; উক্তরূপে ভোজন করিলে তাদৃশ পুত্র লাভ করিতে সমর্থ হইবেন। ১৬॥ আর যদি কেহ গৃহকর্ম্মে চতুর

এবং শতায়ুঃসম্পন্না কন্যা লাভ করিতে ইচ্ছুক হয়েন ; তাহা হইলে তিনি তিলান্ন পাক করাইয়া তাহাতে ঘৃত মিশ্রিত করত পত্নীর সহিত ভোজন করিবেন। উক্তরূপে তিলান্ন ভোজন করিলে তাদৃশী কন্যা উৎপাদন করিতে সমর্থ হইবেন। ১৭॥ যদি কোন ব্যক্তি, মিষ্টভাষী, বিখ্যাত, প্রগল্‌ভ এবং পাণ্ডিত্যপরিপূর্ণ পুত্রলাভ করিতে ইচ্ছুক হয়েন ; আর সেই পুত্র সর্ব্ববেদবিদ্‌ হইয়া শতবর্ষ পরমায়ুঃ লাভ করে—এইরূপ ইচ্ছা করেন, তাহা হইলে তিনি মাংসমিশ্রিত অন্ন পাক করাইয়া ঘৃতসিক্ত করত পত্নীর সহিত ভোজন করিবেন। [উক্ত মাংসের নিয়ম নির্দ্ধারণ করিবার জন্য বলিতেছেন] পুংজাতীয় তরুণবয়স্ক গোবৎস, অথবা তাহার কিছু অধিকবয়স্ক পুংজাতীয় গোবৎস-এই দ্বিবিধ মাংসদ্বারা অন্ন পাক করাইয়া ভক্ষণ করিলে তাদৃশ পুত্র সমুৎপাদন করিতে সমর্থ হইবেন। [দেশবিশেষ, কালবিশেষ এবং আচারবিশেষকে অপেক্ষা করিয়াই এই মাংস বিহিত হইয়াছে ; কিন্তু ইহা যে সার্ব্বজনীন নহে, তাহা বুঝিতে হইবে]।১৮॥

১৯। অথাভিপ্রাতরেব স্থালীপাকাবৃতাজ্যং চেষ্টিত্বা স্থালীপাকস্যোপঘাতং জুহোত্যগ্নয়ে স্বাহানুমতয়ে স্বাহা দেবায় সবিত্রে সত্যপ্রসবায় স্বাহেতি হুত্বোদ্ধৃত্য প্রাশ্নাতি প্রাশ্যেতরস্যাঃ প্রযচ্ছতি প্রক্ষাল্য পাণী উদপাত্রং পূরয়িত্বা তেনৈনাং ত্রিরভ্যুক্ষত্যুত্তিষ্ঠাতো বিশ্বাবসোঽন্যামিচ্ছ প্রপূর্ব্যাং সং জায়াং পত্যা সহেতি ॥

ব্যাখ্যা। অথ অভিপ্রাতঃ এব (প্রত্যূষসময়ে এব) [অবঘাতনির্বৃত্তান্ তণ্ডুলান্ আদায়] স্থালীপাকাবৃতা (স্থালীপাকবিধিনা) আজ্যং চেষ্টিত্বা (আজ্যসংস্কারং কৃত্বা) [চরুং শ্রপয়িত্বা] স্থালীপাকস্য উপঘাতম্ [কৃত্বা, আহুতীঃ] জুহোতি অগ্নয়ে স্বাহা, অনুমতয়ে স্বাহা, দেবায় [স্বাহা], সবিত্রে [স্বাহা], সত্যপ্রসবায় [স্বাহা] ইতি হুত্বা উদ্ধৃত্য প্রাশ্নাতি (ভক্ষয়তি), প্রাশ্য ইতরস্যাঃ (ভার্য্যায়াঃ ভার্য্যায়ৈ ইত্যর্থঃ) প্রযচ্ছতি। ততশ্চ পাণী (হস্তৌ) প্রক্ষাল্য, উদপাত্রং পূরয়িত্বা, তেন (উদপাত্রস্থজলেন) এনাং (পত্নীং) ত্রিঃ (বারত্রয়ম্) অভ্যুক্ষতি [অনেন মন্ত্রেণ] হে বিশ্বাবসো (গন্ধর্ব) [ত্বম্] অতঃ (মদ্ভার্য্যাতঃ) উত্তিষ্ঠ; অন্যাম্ (অপরাম্) [চ] প্রপূর্ব্যাং (তরুণীং) ভার্য্যাং পত্যা সহ (সংক্রীড়মানাং) ইচ্ছ [অহং পুনঃ স্বামিমাং জায়াং সমুপেমি] ইতি।

অনুবাদ। প্রাতঃকালে অবঘাত দ্বারা সম্পাদিত তণ্ডুল গ্রহণ করিয়া স্থালীপাকবিধি-অনুসারে আজ্যসংস্কারকরত, চরু পাক করিবে; পরে পাত্রান্তর দ্বারা উপঘাত করিতে করিতে বক্ষ্যমাণ মন্ত্রোচ্চারণপূর্ব্বক ঐ চরু গ্রহণকরত আহুতিসকল প্রদান করিবে—"অগ্নয়ে স্বাহা," "অনুমতয়ে স্বাহা" "দেবায় স্বাহা" "সবিত্রে স্বাহা," "সত্যপ্রসবায় স্বাহা"। এই সকল আহুতি প্রদান করিয়া চরুশেষ নিজে ভোজন করিবে; ভোজনাবশিষ্ট চরু স্বীয় পত্নীকে প্রদান করিবে। অতঃপর হস্ত প্রক্ষালন করিয়া জলপাত্রপূর্ণপূর্ব্বক ঐ জলপাত্রস্থিত জল দ্বারা বক্ষ্যমাণ মন্ত্রপাঠে পত্নীকে তিনবার সেচন করিবে; বলিবে—হে বিশ্বাবসো গন্ধর্ব্ব! তুমি আমার পত্নীর নিকট হইতে চলিয়া যাও, চলিয়া গিয়া পতির সহিত ক্রীড়মানা অপরের তরুণী ভার্য্যার অভিলাষী হও। [আমি স্বকীয়া পত্নীতে উপগত হইব]।

২০। অথৈনামভিপদ্যতেঽমোঽহমস্মি সা ত্বং সা ত্বমস্যমোঽহং সামাহমস্মি ঋক্ ত্বং দ্যৌরহং পৃথিবী ত্বং

তাবেহি সংরভাবহৈ সহ রেতো দধাবহৈ পুংসে পুত্রায় বিত্তয় ইতি ॥

ব্যাখ্যা। অথ [পতিঃ] এনাং (স্ত্রিয়ং) [অভিমন্ত্র্য ; সংবেশনকালে "অমোহহমস্মী"ত্যাদিমন্ত্রেণ] অভিপদ্যতে (আলিঙ্গতি)। অহং (পতিঃ) অমঃ (প্রাণঃ) অস্মি ; ত্বং সা (প্রাসদ্ধা) বাগ্ অসি ; [কথং পুনঃ মম প্রাণত্বং তব চ বাক্ত্বমিত্যাশঙ্ক্য পুনরাহ] ত্বং সা বাগ্ [অসি], অহম্ অমঃ [অস্মি ; বাচঃ প্রাণাধীনত্ববৎ তব মদধীনত্বমিতি ভাবঃ]। [তথা] অহং সাম অস্মি ; ত্বম্ ঋক্ [অসি] ; অহম্ [পুনঃ] দ্যৌঃ (দ্যুলোকঃ) [অস্মি], ত্বং পৃথিবী [অসি]। এহি (আগচ্ছ) [ত্বমিতি শেষঃ] ; তৌ (আবাম্) পুংসে পুত্রায় বিত্তয়ে (পুংস্বযুক্তপুত্রলাভায়) সংরভামহে (উদ্যমং করবাবহৈ), সহ (যুগপৎ) রেতঃ (শুক্রং) দধাবহৈ।

অনুবাদ। অতঃপর পতি স্বীয় পত্নীকে সম্বোধন করিয়া শয়নকালে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ-করত আলিঙ্গন করিবে—আমি তোমার পতি, সুতরাং আমি তোমার প্রাণস্বরূপ ; তুমি আমার পত্নী; অতএব তুমি আমার বাক্স্বরূপা ; [তুমি বাক্

এবং আমি প্রাণ, ইহা কিরূপে সঙ্গত হইতে পারে, এই আশঙ্কা করিয়া পুনরায় বলিতেছেন যে, বাক্ যেরূপ প্রাণাধীন, সেইরূপ তুমিও আমার অধীন]। তোমার অনধীনভাবে আমি সামবেদ, তুমি অধীন-ভাবে ঋগ্বেদ; আমি শ্রেষ্ঠ বলিয়া দ্যুলোক-পদবাচ্য, আর তুমি অপ্রধান বলিয়া মর্ত্ত্যলোক-পদবাচ্য। অতএব তুমি আমার নিকট এস; আমরা দুইজনে পুত্র লাভ করিবার নিমিত্ত উদ্যমের সহিত জরায়ুতে যুগপৎ শুক্র নিক্ষেপ করি।

২১। অথাস্যা ঊরূ বিহাপয়তি বিজিহীথাং দ্যাবাপৃথিবী ইতি তস্যামর্থং নিষ্ঠায় মুখেন মুখং সন্ধায় ত্রিরেনামনুলোমামনুমার্ষ্টি বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে। গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি পৃথুষ্টুকে। গর্ভং তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্কর-স্রজৌ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) বিজিহীথামিত্যনেন মন্ত্রেণ] অস্যাঃ (পত্ন্যাঃ) ঊরূ (ঊরুদ্বয়ম্) বিহাপয়তি (বিভাগং

করোতি) [স্বামীতি শেষঃ]। দ্যাবাপৃথিবী (হে দ্যাবা-পৃথিবীরূপে উরুদ্বয়ে) [যুবাম্] বিজিহীথাম্ (বিশ্লিষ্টে ভবেতাম্) ইতি [মন্ত্রেণ] তস্যাম্ (পত্ন্যাম্) অর্থং (উপস্থেন্দ্রিয়ং) নিষ্ঠায় (নিক্ষিপ্য) মুখেন মুখং সন্ধায় এনাম্ (পত্নীম্) অনুলোমাং (শিরঃপ্রভৃত্যানুলোমাং) ত্রিঃ (বারত্রয়ম্) অনুমার্ষ্টি [অনেন মন্ত্রেণ] বিষ্ণুঃ (ব্যাপনশীলঃ ভগবান্) [ভবত্যাঃ যোনিং] কল্পয়তু (পুত্রোৎপত্তিসমর্থাং করোতু) ত্বষ্টা (সবিতা) [তব] রূপাণি পিংশতু (বিভাগেন দর্শন-যোগ্যানি করোতু); প্রজাপতিঃ (বিরাড়াত্মা) [মদাত্মন স্থিত্বা ত্বয়ি রেতঃ] আসিঞ্চতু; ধাতা (সূত্রাত্মা) [মদাত্মনা স্থিত্বা] তে (তব) [গর্ভং] দধাতু (ধারয়তু)। [হে] পৃথুষ্টুকে (বিস্তীর্ণস্তুতিশালিনি) সিনীবালি (দর্শাহদেবতে) [ত্বম্ অস্যাঃ] গর্ভং ধেহি (ধারয়); [ত্বমস্যাঃ] গর্ভং ধেহি (ধারয়)। পুষ্করস্রজৌ (স্বকীয়রশ্মি মালিনৌ) অশ্বিনৌ দেবৌ (সূর্য্যাচন্দ্রমসৌ) তে (তব) গর্ভম্ আধত্তাম্ (সমাধত্তাম্)

অনুবাদ। অতঃপর "বিজিহীথাম্" ইত্যাদি মন্ত্র দ্বারা পত্নীর উরুদ্বয় বিভাগ করিবে। পরে "হে দ্যাবা পৃথিবীরূপ উরুদ্বয়, তোমরা বিশ্লিষ্ট হও" এই মন্ত্র পাঠ করত পত্নীর যোনিদেশে স্বীয় উপস্থে-ন্দ্রিয় সংস্থাপন করিয়া মুখে মুখ সংযোজনপূর্ব্বক

পত্নীর শিরঃপ্রভৃতি সর্ব্বাঙ্গে অনুলোমভাবে বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা তিনবার মার্জ্জন করিবে। ব্যাপনশীল ভগবান্ তোমার যোনিকে পুত্রোৎপাদন সমর্থ করুন; সূর্য্যদেব তোমার রূপসকল বিভাগ করিয়া দর্শনযোগ্য করুন; বিরাট্ আত্মা আমার স্বরূপে অবস্থান করিয়া তোমাতে রেতঃসেক করুন। সূত্রাত্মা তোমার স্বরূপে অবস্থিত থাকিয়া তোমাকে গর্ভধারণ করান, হে স্তুতিশালিনি দর্শাহদেবতে তুমি ইহার গর্ভ ধারণ করাও, তুমি ইহার গর্ভধারণ করাও। রশ্মি-মালা চন্দ্র এবং সূর্য্য তোমার গর্ভ প্রদান করুন।

২২। হিরণ্ময়ী অরণী যাভ্যাং নির্ম্মন্থতামশ্বিনৌ। তং তে গর্ভং হবামহে দশমে মাসি সূতয়ে। যথাহগ্নি-গর্ভা পৃথিবী যথা দ্যৌরিন্দ্রেণ গর্ভিণী। বায়ুর্দিশাং যথা গর্ভ এবং গর্ভং দধামি তেহসাবিতি॥

ব্যাখ্যা। [অনেন মন্ত্রেণ গর্ভাধানং কুর্য্যাৎ] হিরণ্ময় (জ্যোতির্ম্ময়ী) অরণী (আররণী) [আস্তাং]; [অরণীদ্বয়স্য বিবক্ষিতত্বাৎ; দ্বিবচনস্থানে একবচনেন তস্যাঃ দ্বিত্বং জ্ঞেয়ং, তেন হিরণ্ময়্যরণীদ্বয়মাসীদিতি প্রত্যেতব্যম্]। অশ্বিনৌ

যাভ্যাং (অরণীভ্যাং) [গর্ভম্] নির্মন্থতাং (নির্মথিতবন্তৌ) ; [আবাং] তে (তব) [জঠরে] তং (তথাভূতং) গর্ভং দশমে মাসি সূতয়ে (দশমে মাসি প্রসবার্থং) হবামহে (দধাবহৈ)। যথা অগ্নিগর্ভা পৃথিবী ; যথা দ্যৌঃ ইন্দ্রেণ (সূর্য্যেণ) গর্ভিণী ; যথা বায়ুঃ দিশাং গর্ভঃ (গর্ভধারকঃ ;) এবং [অহং] তে (তব) গর্ভং দধামি (ধারয়ামি) অসৌ ইতি [সর্বনামস্থানে পত্ন্যা নামনির্দ্দেশঃ করণীয়ঃ]।

অনুবাদ। [বক্ষ্যমাণ মন্ত্রদ্বারা গর্ভাধান করিবে] পূর্ব্বে জ্যোতির্ম্ময় আবরণীদ্বয়ের কথা বলা হইয়াছে ; সেই আবরণীদ্বয় দ্বারা সূর্য্য এবং চন্দ্র যেরূপ গর্ভ সম্পাদন করেন, সেইরূপ আমি এবং তুমি আমরা দুইজনে দশম মাসে প্রসব হয়,—এরূপ ভাবে গর্ভাধান করিব। যেরূপ পৃথিবী অগ্নির গর্ভধারিণী, দ্যুলোক সূর্য্যদ্বারা গর্ভযুক্ত এবং বায়ু দিক্‌সকলের গর্ভধারক, সেইরূপ আমি তোমাকে গর্ভ ধারণ করাইয়া গর্ভধারক হইব।

২৩। সোষ্যন্তীমদ্ভিরভ্যুক্ষতি। যথা বায়ুঃ পুষ্করিণীং সমিঙ্গয়তি সর্বতঃ। এবা তে গর্ভ এজতু সহাবৈতু

জরায়ুণা। ইন্দ্রস্যায়ং ব্রজঃ কৃতঃ সার্গলঃ সপরিশ্রয়ঃ। তমিন্দ্রনির্জহি গর্ভেণ সাবরাং সহেতি ॥

ব্যাখ্যা। [ততশ্চ "বায়ুঃ পুষ্করিণী"মিত্যাদি মন্ত্রেণ] অদ্ভিঃ সোষ্যন্তীম্ (আসন্নপ্রসবাং পত্নীম্) অভ্যুক্ষতি। যথা বায়ুঃ সর্বতঃ (সর্বেষু স্থানেষু) পুষ্করিণীং সমিঙ্গয়তি (স্বরূপোপঘাতমকৃত্বা এব চালয়তি) ; এবা (এবমেব) তে (তব) গর্ভঃ [স্বরূপোপঘাতমকৃত্বাএব] এজতু (চলতু), জরায়ুণা (গর্ভবেষ্টনমাংসখণ্ডেন) সহ অবৈতু (নির্গচ্ছতু। ইন্দ্রস্য (প্রাণস্য) [সর্গকালে] অয়ং সার্গলঃ [ইত্যস্য ব্যাখ্যা] সপরিশ্রয়ঃ (পরিশ্রয়ঃ গর্ভপরিবেষ্টনং তেন সহিতঃ, জরায়ুণা সহিতঃ ইত্যর্থঃ) ব্রজঃ (মার্গঃ) কৃতঃ [বিধাত্রা ইতি শেষঃ]। [হে] ইন্দ্রঃ [ত্বং] তং [মার্গং) (প্রাপ্য] গর্ভেণ সহ নির্জহি (নির্গচ্ছতু) ; [গর্ভনিঃসরণানন্তরং যা মাংসপেশী নির্গচ্ছতি সা সাবরাতাম্ সাবরাম (মাংসপেশীং) [চ নির্গময়] ইতি।

অনুবাদ। [অতঃপর "বায়ুঃ পুষ্করিণীম্" ইত্যাদি মন্ত্রে জলদ্বারা আসন্নপ্রসবা পত্নীকে সেচন করিবে। বায়ু যেরূপ পুষ্করিণীর সকল স্থান ব্যাপিয়া তাহার স্বরূপ নষ্ট না করিয়া তাহাকে পরিচালিত করে, সেইরূপ আমার পত্নীর স্বরূপ নষ্ট না করিয়া

গর্ভ পরিচালিত হউক এবং গর্ভবেষ্টিত মাংসখণ্ডের সহিত গর্ভ বহির্গত হউক। বিধাতা সৃষ্টি সময়েই জরায়ুর সহিত এই পথ নির্ম্মাণ করিয়াছেন। হে ইন্দ্র! তুমি সেই পথ অবলম্বন করিয়া গর্ভের সহিত বহির্গত হও; গর্ভ নিঃসৃত হইলে মাংসপেশীসকলকেও নির্গমন কর।

২৪। জাতেঽগ্নিমুপসমাধায়াঙ্ক আধায় কংসে পৃষদাজ্যং সন্নীয় পৃষদাজ্যস্যোপঘাতং জুহোত্যস্মিন্ সহস্রং পুষ্যাসমেধমানঃ স্বে গৃহে। অস্যোপসন্দ্যাং মা চ্ছৈৎসীৎ প্রজয়া চ পশুভিশ্চ স্বাহা। ময়ি প্রাণাংস্ত্বয়ি মনসা জুহোমি স্বাহা। যৎকর্ম্মণাত্যরীরিচং যদ্বা ন্যূনমিহাকরম্। অগ্নিষ্টৎস্বিষ্টকৃদ্বিদ্বান্ স্বিষ্টং সুহুতং করোতু নঃ স্বাহেতি॥

ব্যাখ্যা। [অথ জাতকর্ম্ম উচ্যতে]—[পুত্রে] জাতে [সতি] অগ্নিম্ উপসমাধায়; অঙ্কে (ক্রোড়ে) পুত্রম্ আধায় কংসে পৃষদাজ্যং (ঘৃতমিশ্রিতং দধি) সন্নীয় (সংযোজ্য) পৃষদাজ্যস্য (ঘৃতমিশ্রস্য দধ্নঃ) উপঘাতং জুহোতি (অন্নম্ অন্নমাদায় পুনঃ পুনঃ জুহোতি ইত্যর্থঃ) অস্মিন্ (স্বগৃহে

এধমানঃ) (পুত্ররূপেণ বর্দ্ধমানঃ) [মনুষ্যাণাং] সহস্রং পুষ্যা'-
সং (অনেকমনুষ্য-পোষকঃ। [ভূয়াসম্]; অস্য (মৎপুত্রস্য)
উপসন্দ্যাম্ (সন্ততৌ) প্রজয়া চ পশুভিঃ চ [শ্রীঃ] মাচ্ছেৎসীৎ
(মা বিচ্ছিন্না ভূয়াৎ। স্বাহা [ইত্যনেন আহুতিং দদ্যাৎ] ময়ি
(পিতরি) [যে] প্রাণাঃ [সন্তি; তান্] ত্বয়ি (পুত্রে) মনসা
জুহোমি (সমর্পয়ামি। স্বাহা [ইত্যনেন অপরামাহুতিং দদ্যাৎ];
[অহং] কর্মণা যৎ অত্যরীরিচম্ (অতিরিক্তং কৃতবান্
অস্মি), ইহ (কর্মণি) ন্যূনং বা যদ্ অকরম্ (অকরণম্);
[তৎ সর্বং] বিদ্বান্ অগ্নিঃ নঃ (অস্মাকং) তৎ স্বিষ্টম্
(অনধিকং মঙ্গলং। [করোতি, স চ] স্বিষ্টকৃৎ [ভূত্বা
অস্মাকং] স্বিষ্টং (অনধিকং) সুহুতম্ (অন্যূনম্) [চ
ইষ্টং] করোতু; স্বাহা [ইতি মন্ত্রেণ অপরামাহুতিং দদ্যাৎ]।

অনুবাদ। পুত্র জন্মগ্রহণ করিলে পিতা
অগ্নিস্থাপন করিয়া পুত্রকে ক্রোড়ে গ্রহণপূর্ব্বক
কাংসপাত্রে ঘৃতমিশ্রিত দধি লইবেন; পরে তাহা
অল্প অল্প গ্রহণ করিয়া বক্ষ্যমাণ মন্ত্রদ্বারা হোম করি-
বেন—আমার গৃহে পুত্ররূপে সমুৎপন্ন বালক যেন
অসংখ্য মনুষ্যের পোষক হয়, আর কখনও যেন ইহার
সন্ততিগণ প্রজা এবং পশু দ্বারা শ্রীভ্রষ্ট না হয়; এই

প্রার্থনা করি। আমি ইহার পিতা, আমার যে সকল প্রাণ আছে, সেই প্রাণসকলকে পুত্ররূপী তোমাতে মনঃদ্বারা সমর্পণ করিতেছি। আমি কর্ম্মদ্বারা অতিরিক্ত যাহা কিছু করিয়াছি, আর এই কর্ম্মে ন্যূন বা যাহা করিতেছি; আপনি অগ্নি, আপনি তাহা সকলই জানেন; আপনি সর্ব্বদা আমাদের মঙ্গল বিধান করিতেছেন; আপনি আমাদের মঙ্গল-বিধায়ক বলিয়া আমাদের অনধিক এবং অন্যূন ইষ্ট-সাধন করুন।

২৫। অথাস্য দক্ষিণং কর্ণমভিনিধায় বাগ্‌বাগিতি ত্রিরথ দধি মধু ঘৃতং সন্নীয়ানন্তর্হিতেন জাতরূপেণ প্রাশয়তি। ভূস্তে দধামি ভুবস্তে দধামি স্বস্তে দধামি ভূর্ভুবঃ স্বঃ সর্ব্বং ত্বয়ি দধামীতি॥

ব্যাখ্যা। অথ অস্য (জাতবালকস্য) দক্ষিণং কর্ণম্ অভিসন্ধায় (স্বমুখেন সহ সংযোজ্য) "বাক্ বাক্" ইতি ত্রিঃ [জপেৎ]; অথ দধি-মধু-ঘৃতং সন্নীয় অনন্তর্হিতেন (অব্যবহিতেন) জাতরূপেণ (সুবর্ণেন) প্রাশয়তি [অনেন মন্ত্রেণ]—তে (তুভ্যং) ভূঃ দদামি, তে (তুভ্যং) ভুবঃ দদামি, তে (তুভ্যং) স্বঃ

দদামি, ত্বয়ি ভূর্ভুবঃ স্বঃ [এতৎ] সর্বং দদামি (অর্পয়ামি) [অহামতি শেষঃ] ইতি।

অনুবাদ। অতঃপর জাতবালকের দক্ষিণ কর্ণে স্বীয় মুখ সংলগ্ন করিয়া "বাক্ বাক্" এই মন্ত্র তিন বার জপ করিবেন। পরে দধি, মধু এবং ঘৃত মিশ্রিত করিয়া নিকটস্থ হিরণ্ময় পাত্রে স্থাপনপূর্ব্বক ভূস্তে" ইত্যাদি মন্ত্রদ্বারা বালকের মুখে প্রদান করিবেন। তোমাকে ভূঃ (ভূর্লোক) দান করিলাম, তোমাকে ভুবঃ (অন্তরিক্ষলোক) দান করিলাম, তোমাকে স্বঃ (স্বর্গলোক) দান কারলাম; সুতরাং তোমাতে ভূরাদি সমস্ত লোকই অর্পিত হইল, [অর্থাৎ তোমার শক্তি প্রভাবে এই তিন লোকই তুমি আয়ত্ত করিতে পারিবে]।

২৬। অথাস্য নাম করোতি বেদোঽসীতি তদস্য তদ্ গুহ্যমেব নাম ভবতি ॥

ব্যাখ্যা। অথ অস্য (বালকস্য) নাম করোতি [পিতা-ইতি শেষঃ]; [ত্বম্] বেদঃ অসি (ত্বং বেদনামা ভবসি) ইতি (এবং) তদ্ (নাম) [শ্রাবয়েৎ]; অস্য (বালকস্য) তদ্ (নাম) গুহ্যম্ (গোপনীয়ম) এব ভবতি।

অনুবাদ। অতঃপর জাতবালকের নামকরণ করিবেন। তুমি বেদনামে অভিহিত হইবে,এইরূপে উক্ত নাম বালককে শুনাইবেন। এই বালকের উক্ত নাম অতি গোপনীয়ভাবে থাকিবে।

২৭। অথৈনং মাত্রে প্রদায় স্তনং প্রযচ্ছতি যস্তে স্তনঃ শশয়ো যো ময়োভূর্যো রত্নধা বসুবিদ্যঃ সুদত্রঃ। যেন বিশ্বা পুষ্যসি বার্য্যাণি সরস্বতি তমিহ ধাতবে করিতি॥

ব্যাখ্যা। অথ মাত্রে এনং (বালকং) প্রদায়; [বালকায়] স্তনং প্রযচ্ছতি [অনেন মন্ত্রেণ]—[হে] সরস্বতি! তে (তব) যঃ শশয়ঃ (শয়ঃ ফলং তেন সহ বর্ত্তমানঃ শশয়ঃ সর্ব্বফলভুজ্যমানঃ ইত্যর্থঃ), যঃ [চ] ময়ো ভূঃ (ময়ঃ সর্ব্বপ্রাণিনাং স্থিতিকারণম্ অন্নং তদ্ভাবেন জাতঃ), যঃ [চ] রত্নধা (রত্নং পয়ঃ তস্য ধাতা). [যশ্চ] বসুবিদ্ (বসু কর্ম্মফলং তদ্ বিন্দতীতি বসুবিৎ) যঃ [চ] সুদত্রঃ (সুষ্ঠু দদাতীতি সুদত্রঃ); যেন (স্তনেন) বিশ্বা (বিশ্বানি) বার্য্যাণি (বরণীয়ানি দেবাদীনিভূতানি) পুষ্যসি [ত্বমিতি শেষঃ]; তম্ (স্তনম্) ইহ (অস্য মদীয়পুত্রস্য) ধাতবে (পানায়) [মদীয়ভার্য্যাস্তনে প্রবিষ্টম্] কর্ (কুরু) ইতি।

অনুবাদ। অতঃপর এই বালককে মাতার নিকটে প্রদানপূর্ব্বক বক্ষ্যমাণ মন্ত্র-পাঠ করিয়া স্তন-প্রদান করিবেন—হে সরস্বতি! তোমার যে স্তন-সকল প্রাণীর উপভোগরূপ ফলযুক্ত, যে স্তন সকল প্রাণীর অন্ন হইতে সমুৎপন্ন, যে স্তন পয়োরূপ রত্নের বিধায়ক, যে স্তনপানের দ্বারা জীবিত রাখিয়া কর্ম্মফল প্রদান করেন, যে স্তনপানে অতিশয় প্রীতি দান করে; যে স্তন বরণীয় দেবাদি ভূতগণকে পোষণ করে; তুমি সেই স্তনকে আমার পুত্রের পানের জন্য মদীয় ভার্য্যার স্তনে প্রবেশ করাও।

২৮। অথাস্য মাতরমভিমন্ত্রয়তে। ইলাসি মৈত্রাবরুণী বীরে বীরমজীজনৎ। সা ত্বং বীরবতী ভব যাস্মান্ বীরবতোঽকরদিতি। তং বা এতমাহুরতিপিতা বতাভূরতিপিতামহো বতাভূঃ পরমাং বত কাষ্ঠাং প্রাপচ্ছ্রিয়া যশসা ব্রহ্মবর্চসেন য এবংবিদো ব্রাহ্মণস্য পুত্রো জায়ত ইতি ॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য চতুর্থং ব্রাহ্মণম্ ॥

ব্যাখ্যা। অথ অস্য (বালকস্য) মাতরম্ [ইলাঽসীত্যনেন মন্ত্রেণ] অভিমন্ত্রয়তে। মৈত্রাবরুণী (মিত্রাবরুণাভ্যাং সম্ভূতঃ মৈত্রাবরুণঃ বশিষ্ঠঃ তস্য ভার্য্যা মৈত্রাবরুণী, সা চ অরুন্ধতী) [তদ্বৎ ত্বং তিষ্ঠসি ; অতঃ] ইলা (স্তুত্যা ভোগ্যা) অসি ; বীরে (বীরপুরুষে ময়ি নিমিত্তভূতে) [ভবতী] বীরম্ (পুত্রম্) অজীজনৎ। যা (ভবতী) বীরবতঃ (বীরপুত্রসম্পন্নান্) অস্মান্ অকরৎ (কৃতবতী), সা ত্বং বীরবতী (বীরপুত্রবতী) ভব। তম্ (পূর্বোক্তম্) এতং (বালকং) বৈ (এব) [সম্বোধ্য] আহুঃ [লোকা ইতি শেষঃ]—বত (অহো) [ত্বম্] অতিপিতা (পিতরমতীত্য) অভূঃ ; বত (অহো) [ত্বম্] অতিপিতামহঃ (পিতামহম অতীত্য) অভুঃ বত (অহো) পরমাং কাষ্ঠাম্ (অতিমহত্বম্) প্রাপৎ (প্রাপ্তবান্ অসি) ; এবংবিদঃ ব্রাহ্মণস্য যঃ পুত্রঃ জায়তে, [সঃ পুত্রঃ] যশসা, ব্রহ্মবর্চসেন (ব্রহ্মতেজসা), শ্রিয়া [চ যুক্তঃ সন্ সর্বেষাং স্তুতিভাজনং ভবতি]।

অনুবাদ। অতঃপর জাতবালকের মাতাকে সম্বোধন করিয়া "ইলাঅসি" ইত্যাদি মন্ত্র পাঠ করিবেন। তুমি মৈত্রাবরুণী অর্থাৎ বশিষ্ঠপত্নী অরুন্ধতীসদৃশী, এইজন্য তুমি স্তবনীয়া ; বীরপুরুষ আমি, তোমার নিমিত্ত থাকায় তুমি বীর,

পুত্রবতী হইয়াছ। তুমি আমাকে বীরপুত্রবান্ করিয়াছ; তাহাতে তুমিও বীরপুত্রবতী হইয়াছ। সকল লোক জাতবালককে সম্বোধন করিয়া বলিয়া থাকেন যে, অহো! তুমি তোমার পিতা, পিতামহ-প্রভৃতিকে অতিক্রম করিয়া অত্যন্ত মহত্ত্ব লাভ করিয়াছ। উক্ত তত্ত্বাভিজ্ঞ ব্রাহ্মণের যে পুত্র জন্ম-গ্রহণ করে; সেই পুত্র যশঃ, শ্রী এবং ব্রহ্মতেজঃ-সম্পন্ন বলিয়া সকলের স্তুতিভাজন হইয়া থাকেন।

পঞ্চমং ব্রাহ্মণম্।

১। অথ বংশঃ। পৌতিমাষীপুত্রঃ কাত্যায়নী-পুত্রাৎ কাত্যায়নীপুত্রো গৌতমীপুত্রাদ্গৌতমী-পুত্রো ভারদ্বাজীপুত্রাদ্ভারদ্বাজীপুত্রঃ পারাশরীপুত্রাৎ পারাশরীপুত্র ঔপস্বস্তীপুত্রাদৌপস্বস্তীপুত্রঃ পারাশরী-পুত্রাৎ পারাশরীপুত্রঃ কাত্যায়নীপুত্রাৎ কাত্যায়নী-পুত্রঃ কৌশিকীপুত্রাৎ কৌশিকীপুত্র আলম্বীপুত্রাচ্চ-বৈয়াঘ্রপদীপুত্রাচ্চ বৈয়াঘ্রপদীপুত্রঃ কাণ্বীপুত্রাচ্চ কাপী-পুত্রাশ্চ কাপীপুত্রঃ।

অনুবাদ। অতঃপর বংশব্রাহ্মণ কথিত

হইতেছে। পৌতিমাষীপুত্র হইতে পৌতিমাষী-পুত্র, কাত্যায়নীপুত্র হইতে কাত্যায়নী-পুত্র, গৌতমী-পুত্র হইতে গৌতমী-পুত্র, ভারদ্বাজীপুত্র হইতে ভারদ্বাজী-পুত্র, পারাশরীপুত্র হইতে পারাশরী-পুত্র, ঔপস্বস্তী-পুত্র হইতে ঔপস্বস্তীপুত্র, অপর পারাশরী-পুত্রা হইতে অপর পারাশরীপুত্র, অপর কাত্যায়নীপুত্র হইতে অপর কাত্যায়নী-পুত্র, কৌশিকীপুত্র হইতে কৌশকীপুত্র, আলম্বীপুত্র হইতে এবং বৈয়াঘ্রপদী-পুত্র হইতে বৈয়াঘ্রপদী-পুত্র, কাণ্বীপুত্র হইতে এবং কাপীপুত্র হইতে কাপী-পুত্র।

২। আত্রেয়ীপুত্রাদাত্রেয়ীপুত্রো গৌতমীপুত্রাদ্ গৌতমীপুত্রো ভারদ্বাজীপুত্রাদ্ভারদ্বাজীপুত্রঃ পারাশরী-পুত্রাৎ পারাশরীপুত্রো বাৎসীপুত্রাদ্বাৎসীপুত্রঃ পারাশরী-পুত্রাৎ পারাশরীপুত্রো বার্কারুণীপুত্রাদ্বার্কারুণীপুত্রো বার্কারুণীপুত্রাদ্বার্কারুণীপুত্র আর্তভাগীপুত্রাদার্তভাগী-পুত্রঃ শৌঙ্গীপুত্রাচ্ছৌঙ্গীপুত্রঃ সাংকৃতীপুত্রাৎ সাংকৃতী-পুত্র আলম্বায়নীপুত্রাদালম্বায়নীপুত্র আলম্বীপুত্রা-দালম্বীপুত্রো জায়ন্তীপুত্রাজ্জায়ন্তীপুত্রো মাণ্ডূকায়নী-

পুত্রান্মাণ্ডূকায়নীপুত্রো মাণ্ডূকীপুত্রান্মান্দূকীপুত্রঃ শাণ্ডিলীপুত্রাচ্ছাণ্ডিলীপুত্রো রাথীতরীপুত্রাদ্রাথীতরী-পুত্রো ভালুকীপুত্রাদ্ভালুকীপুত্রঃ ক্রৌঞ্চিকীপুত্রাভ্যাং ক্রৌঞ্চিকীপুত্রৌ বৈদভৃতীপুত্রাদ্বৈদভৃতীপুত্রঃ কার্শকেয়ী-পুত্রাৎ কার্শকেয়ীপুত্রঃ প্রাচীনযোগীপুত্রাৎ প্রাচীন-যোগীপুত্রঃ সাঞ্জীবীপুত্রাৎ সাঞ্জীবীপুত্রঃ প্রাশ্নীপুত্রাৎ প্রাশ্নীপুত্র আসুরিবাসিনঃ আসুরায়ণাদাসুরায়ণ আসু-রেরাসুরিঃ॥

অনুবাদ। অত্রেয়ীপুত্র হইতে অত্রেয়ী-পুত্র, গোতমীপুত্র হইতে গোতমী-পুত্র, ভারদ্বাজী-পুত্র হইতে ভারদ্বাজী-পুত্র, অপর পারাশরীপুত্র হইতে অপর পারাশরী-পুত্র, বাৎসীপুত্র হইতে বাৎসী-পুত্র, অপর পারাশরী-পুত্র হইতে অপর পারা-শরী-পুত্র, বার্কারুণীপুত্র হইতে বার্কারুণীপুত্র, অপর বার্কারুণীপুত্র হইতে অপর বার্কারুণী-পুত্র, আর্তভাগীপুত্র হইতে আর্তভাগী-পুত্র, শৌঙ্গীপুত্র হইতে শৌঙ্গী-পুত্র, সাঙ্কৃতীপুত্র হইতে সাঙ্কৃতী-পুত্র, আলম্বায়নীপুত্র হইতে আলম্বায়না-পুত্র, আলম্বীপুত্র

হইতে আলম্বী পুত্র, জায়ন্তী-পুত্র হইতে জায়ন্তীপুত্র, মাণ্ডূকায়নী-পুত্র হইতে মাণ্ডূকায়নী পুত্র, মাণ্ডূকী পুত্র হইতে মাণ্ডূকী-পুত্র, শাণ্ডিলীপুত্র হইতে শাণ্ডিলী পুত্র. রাথীতরীপুত্র হইতে রাথীতরী-পুত্র, ভালুকীপুত্র হইতে ভালুকী-পুত্র, ক্রৌঞ্চিকীপুত্রদ্বয় হইতে ক্রৌঞ্চিকী-পুত্রদ্বয়, বৈদভৃতীপুত্র হইতে বৈদভৃতী-পুত্র, কার্শকেয়ী-পুত্র হইতে কার্শয়েকীপুত্র, প্রাচীনযোগীপুত্র হইতে প্রাচীনযোগী-পুত্র, সাঞ্জীবীপুত্র হইতে সাঞ্জীবী পুত্র, আসুরিবাসী-প্রাশ্নীপুত্র হইতে প্রাশ্নী পুত্র, আসুরায়ণ হইতে আসুরায়ণ এবং আসুরি হইতে আসুরি।

৩। যাজ্ঞবল্ক্যাদ্ যাজ্ঞবল্ক্য উদ্দালকাদুদ্দালকো-ঽরুণাদরুণ উপবেশেরুপবেশিঃ কুশ্রেঃ কুশ্রির্বাজ-শ্রবসো বাজশ্রবা জিহ্বাবতো বাধ্যোগজ্জিহ্বাবান্ বাধ্যোগোঽসিতাদ্বার্ষগণাদসিতো বার্ষগণো হরিতাৎ কশ্যপাদ্ধরিতঃ কশ্যপঃ শিল্পাৎ কশ্যপাচ্ছিল্পঃ কশ্যপঃ কশ্যপান্নৈধ্রুবেঃ কশ্যপো নৈধ্রুবির্বাচো বাগম্ভিণ্যা

অম্ভিণ্যাদিত্যাদাদিত্যানীমানি শুক্লানি যজূংষি বাজসনেয়েন যাজ্ঞবল্ক্যেনাখ্যায়ন্তে ॥

অনুবাদ। যাজ্ঞবল্ক্য হইতে যাজ্ঞবল্ক্য, উদ্দালক হইতে উদ্দালক, অরুণ হইতে অরুণ, উপবেশি হইতে উপবেশি, কুশ্রি হইতে কুশ্রি, বাজশ্রবা হইতে বাজশ্রবা, জিহ্বাবান্‌বাধ্যোগ হইতে জিহ্বাবান্‌বাধ্যোগ, অসিতবার্ষগণ হইতে অসিতবার্ষগণ, হরিতকশ্যপ হইতে হরিতকশ্যপ, শিল্পকশ্যপ হইতে শিল্পকশ্যপ, কশ্যপনৈধ্রুবি হইতে কশ্যপনৈধ্রুবি, বাক্ হইতে বাক্, অম্ভিনী হইতে অম্ভিনী, আদিত্য হইতে আদিত্য, এই শুক্লযজুর্ব্বেদীয় শ্রুতিসকল যজুর্ব্বেদী যাজ্ঞবল্ক্যকর্ত্তৃক শিষ্যদিগকে উপদিষ্ট হইয়াছে।

৪। সমানমা সাঞ্জীবীপুত্রাৎ সাঞ্জীবীপুত্রো মাণ্ডূকায়নের্মাণ্ডূকায়নির্মাণ্ডব্যান্মাণ্ডব্যঃ কৌৎসাৎ কৌৎসো মাহিত্থের্মাহিত্থির্বামকক্ষায়ণাদ্বামকক্ষায়ণঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যো বাৎস্যাদ্বাৎস্যঃ কুশ্রেঃ

কুশ্রির্যজ্ঞবচসো রাজস্তম্বায়নাদ্ যজ্ঞবচা রাজস্তম্বায়নস্তু-রাংকাবষেয়াত্তুরঃ কাবষেয়ঃ প্রজাপতেঃ প্রজাপতি-র্ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভু ব্রহ্মণে নমঃ ॥

ইতি ষষ্ঠাধ্যায়স্য পঞ্চমং ব্রাহ্মণম্ ॥

ইতি বৃহদারণ্যকোপনিষৎ সমাপ্তা ॥

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎপূর্ণমুদচ্যতে ।

পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

অনুবাদ। প্রজাপতি হইতে সাঞ্জীবীপুত্র-পর্য্যন্ত আচার্য্যক্রম সমান। সঞ্জিবীপুত্র হইতে সঞ্জিবীপুত্র, মাণ্ডুকায়নি হইতে মাণ্ডুকায়নি, মাণ্ডব্য হইতে মাণ্ডব্য, কৌৎস হইতে কৌৎস, মাহিত্থি হইতে মাহিত্থি, বামকক্ষায়ণ হইতে বামকক্ষায়ণ, শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য, বাৎস হইতে বাৎস, কুশ্রি

হইতে কুশ্রি, যজ্ঞবচা রাজস্তম্বায়ণ হইতে যজ্ঞবচা রাজস্তম্বায়ণ, তুরকাবষেয় হইতে তুরকাবষেয়, প্রজাপতি হইতে প্রজাপতি, ব্রহ্ম যইতে ব্রহ্ম, যিনি আদি গুরু, সেই স্বয়ম্ভূ ব্রহ্মকে নমস্কার করি।

ষষ্ঠাধ্যায়ে পঞ্চম-ব্রাহ্মণানুবাদ সমাপ্ত।

সমাপ্তোঽয়ং গ্রন্থঃ।